OOK OF PRACTIC HERAPE TICS.

OR

BHAISHAJYA BYABUSTH PRANALI.

BY

SASI BHUSAN BAGCHI C. H A

DEMONSTRATOR OF ANATOMY

MEDICAL SCHOOL

Dacca.

হেণ্ডবুক্ অব্ প্রেক্টিকেল্ থিরাপিউটিক্স

বা

ভৈষজ্য ব্যবস্থা প্রণালী।

শ্রীশশিভূষণ বাক্‌চি সি. এইচ্.এ.

কর্ত্তৃক প্রণীত ও প্রকাশিত।

সূচীপত্র।

ভূমিকা।

কল্‌ স্কু। স্থাপন হইতে একাল পর্য্যন্ত যে

ত্রবার্ষিক পরিক্ষোত্তীর্ণ হ্য। চিকিৎসা ব্যবসায়ে

ন, বাঙ্গালা ভাষায় নিয়মি রূপে স্কুলের পাঠো

। থিরাপিউটিক্‌স্‌ না থাকায় তাঁহাদের প্রায় অধিকাংশ-

অপরিসীম অসুবিধা ভোগ করিতে হইয়াছে। সুযোগ্য

ষ্টাণ্ট্‌ সার্জন্‌ বাবু দুর্গা দাস কর ভৈষজ্য রত্নাবলী নামক যে

খানা প্রনয়ণ করিয়া চিকিৎসক সমাজে অদ্বিতীয় যশস্বী হইয়া

লোক পরিত্যাগ করিয়াছেন, তদনুরূপ প্রতিপত্তি লাভ করা

আমার ন্যায় ক্ষুদ্র জনের সম্পূর্ণ অসম্ভব। যাহাহউক বিগত

বৈশাখ মাস হইতে অত্র মেডিকেল স্কুলের থর্ড্‌ ইয়ার ক্লাশের

অনেকানেক ছাত্র থিরাপিউটিক্‌স্‌ নামক বহিখানা বঙ্গভাষায় প্রকাশ

করিতে আমায় অনুরোধ করেন এবং অর্থ সম্বন্ধে ও তাঁহারা

প্রত্যেকেই সাহায্য করিবে বলিয়া প্রতি শ্রুত হয়। আমি তাহা-

দিগের উৎসাহে প্রোৎসাহিত হইয়া কিয়দ্দিবশ আমার

ভবিষ্যৎ চিন্তা করিয়া হতাশ হইতে ছিলাম। এত বড় বৃহৎ ব্যাপারে

হস্তক্ষেপ করা আমার ন্যায় লোকের নিতান্ত অপরিনাম দর্শিতার

পরিচায়ক মনে করিয়া অন্তঃকরণে প্রতি নিয়ত বিবিধ ভাবের

য় হইতেছিল, প্রথমতঃ ভাষায় অনধিকার, দ্বিতীয়তঃ অর্থের

টন, তৃতীয়তঃ ৩। ৪ মাস মধ্যে এরূপ একখানা চিকিৎসা গ্রন্থ

র্ণ করা, ইত্যাদি নানা কারণে একবার অগ্রসর, পুনরায় অকৃত

জনিত মর্ম্মস্পর্শী ঘৃণিত লজ্জা, এই দ্বিবিধ বন্ধনে জড়ীভূত হইয়া

অতঃপর প্রাক্‌টিস্‌ অব্‌ মেডিসিন্‌ ও মিডওয়াইফেরি

নিপুন অভিজ্ঞ এসিষ্টাণ্ট্‌ সার্জন্‌ শ্রীযুক্ত বাবু

সুশিক্ষিত শিক্ষক এসিষ্টাণ্ট

আমার যথোপযুক্ত

চন্দ্র বসু মহাশয়ের মেডিসিনের ক্লাসে।
তাঁহার অকৃত্রিম সহানুভুতিতে বহিখানা সঙ্কলিত
আজীবন তাঁহার নিকট ঋণী থাকিলাম।

ডাক্তার ওয়ারিং কৃত ১৮৮৩ খৃঃ অব্দের নির্দ্দেশে নূতন মেন্যুয়েল অব্ প্রেক্টিকেল্ থিরাপিউটিক্স্ হইতে বহিখানা মুদ্রিত হইল। ইহার ভাষা সম্বন্ধে বিশ্ববিদ্যালয়ের শিক্ষিত ২।১ টী বন্ধু আমায় বিস্তর সাহায্য করিয়াছেন।

অতি অল্প সময় মধ্যে বহিখানা প্রকাশ করায় আমাকে যথোপযুক্ত আয়াস স্বীকার করিতে হইয়াছে, এবং বিশেষ বিবেচনার সহিত প্রুফ্ দেখিয়া উঠিতে পারি নাই সুতরাং সহৃদয় পাঠকগণের নিকট বর্ণাশুদ্ধি, ভাষাগত, কিম্বা অপর ... র ত্রুটী ক্ষমা করিতে প্রার্থনা।

এসিষ্টান্ট্ সার্জ্জন শ্রীযুক্ত বাবু অম্বিকা চরণ বাক্ষত কৃত ভারত ভৈষজ্যতত্ত্ব নামক বহিখানা হইতে দেশীয় কয়েকটী ঔষধ বিশেষ আবশ্যকীয় বিবেচনায় উদ্ধৃত করা হইল।

ইহা অতীব সন্তোষের বিষয় এবং বঙ্গবাসীদের নিত্য গৌরবের বিষয় যে অত্র্ মেডিকেল স্কুলের থার্ড ইয়ার, সেকে ইয়ার ও ফাষ্ট ইয়ার ক্লাশ হইতে প্রায় একশত ছাত্র বিশেষ ... সহকারে বহিখানা গ্রহন করিতে স্বীকৃত হইয়া কিছু কিছু অ টাকা দানে মুদ্রাঙ্কণ কার্য্যে আমায় যথেষ্ট সাহায্য করায় চি ...নের জন্য তাহা দিগের নিকট কৃতজ্ঞ রহিলাম।

উপসংহারে বক্তব্য এই যে, ছাত্র দিগের স্কুলে অং... সুবিধার্থে প্রিস্কিপ্শন্ গুলি ও অপরাপর অনেকানেক অবিকল্ ইংরেজীতে রাখা হইয়াছে, তজ্জন্য ... ... চিকিৎসা ব্যবসায়ি অনেকের পড়িবার পক্ষে ... ঘটিতে পারে কিন্তু সেসকল বিষয় ... নয়নে যথা সাধ্য প্রয়াস ...

পরিবর্ত্তক শ্রেণীবিভাগ।

রজোনিঃসারক শ্রেণী।

গ্রাহ্যাগ্রাহ্যতাসাধক ঔষধশ্রেণী। ১৭৭

বলকারক ঔষধ শ্রেণী।

HAND BOOK OF PRACTICAL THERAPEUTICS

INTRODUCTION

থিরাপিউটিক্স Therapeutics—আদৌ "আমি আরোগ্য করি" হইতেই থিরাপিউটীক্স্ শব্দ উৎপন্ন হইয়াছে এবং কোন রোগ আরোগ্য করা, নিবারণ করা, কি পীড়া হ্রাস করা ইত্যাদি প্রত্যেকেই থিরাপিউটীক্ শব্দ বাচ্য। বিশেষরূপে নিরীক্ষণ করিলে শুধু ঔষধের ব্যবহার ব্যতীত ও amputation, Lethotomy ইত্যাদি সার্জ্জিকেল্ operation গুলিও এই শ্রেণীভুক্ত হইতে পারে। মেটেরিয়া মেডিকা সম্পর্কে বিবেচনা করিলে পূর্ব্বপ্রদর্শিত ঔষধ ব্যবহারকেই এই অর্থে নির্দ্দেশ করা যায় বটে, কিন্তু সম্যকরূপ চিন্তা করিয়া দেখিলে থিরাপিউটীক্স্ সম্পর্কে এত বুঝায় যে, সামান্য কথাদ্বারা কিছুতেই তদ্বিষয় ব্যক্ত করা যায় না। যদ্যপি মেটেরিয়া মেডিকার বিষয় নিয়া কোন প্রবন্ধ লিখা যায়, তবে ইহা নিতান্ত সংকীর্ণ ও দোষপূর্ণ হইয়া পড়ে; তন্নিবন্ধন সার্জ্জরী সম্পর্কে অপরিহার্য্য কতগুলি বিষয় ও (ব্লাড্‌লেটিং, সিটন্, একিউপাংচার, ও ইস্যুজ) থিরাপিউটীক্সের সহযোগে নির্দ্দেশ করা গেল। ইলেক্‌ট্রিসিটী ও গ্যাল্‌ভেনিজম্ যদিও থিরাপিউটীক্সের শ্রেণী বিভাগে সন্নিবেশিত না হউক, তথাচ জীবনের কোন কোন পতনাবস্থা হইতেও এই দুই ঔষধদ্বারা সাক্ষাৎ প্রতিকার লাভ করা যায় বলিয়াই ইহারাও থিরাপিউটীক্সের অঙ্গভুক্ত।

থিরাপিউটীক্স Therapeutics ও প্যাথলজি Pathology এই উভয়ে এত নৈকট্য সম্পর্ক যে, Pathology না জানিলে থিরাপিউটীক্সে কখনই সুচারুরূপ জ্ঞান লাভ হইতে পারেনা প্যাথলজি বা নিদান সম্পর্কে সম্যক জ্ঞান না থাকিলেও যদিও শুধু থিরাপিউটীক্স দ্বারা রোগ আরোগ্য করা যায় বটে কিন্তু প্যাথলজি থিরাপিউটীক্স অভিজ্ঞ ব্যক্তি যেমন কোন পীড়া আরোগ্য

বিষয়ে অপরিহার্য্যরূপে নানাপ্রকার নূতন নূতন উপায় উদ্ভাবন করিতে পারেন, শুধু একবিষয়ে অভিজ্ঞতায় কদাপি তদনুরূপ হইতে পারেনা। Pathology বা নিদান শব্দ দ্বারা পীড়ার কারণ, নিদান সংঘটিত লক্ষণালক্ষণ ও আভ্যন্তরিক যন্ত্র সকলের অস্বাভাবিক পরিবর্ত্তনের সম্পূর্ণ জ্ঞান ও মরবিড্ এনাটমির সহিত নৈকট্য সম্বন্ধ বুঝায় কিন্তু থিরাপিউটীক্স সম্বন্ধে যথোচিত জ্ঞান লাভ করিতে যে যে বিষয়ের আবশ্যক, তাহার সমস্ত ইহাতে নাই সুতরাং থিরাপিউটীক্স জ্ঞানবান হইতে মেডিসিনের ধর্ম্মাধর্ম্ম, রীতি, নীতি রাসায়নিক পরিবর্ত্তন, ব্যবহারে সম্যক জ্ঞান, ঔষধ সকলের ঐতিহাসিক ঘটনা, সুস্থ শরীরে তাহাদের ক্রিয়া, ও শারীরিক শোচনীয় অবস্থায় তাহাদিগের কার্য্যপ্রণালী এবং অধিক মাত্রায় উহাদের ক্রিয়া বিপ্লব অর্থাৎ বিষক্রিয়ার রীতিনীতি বিষয়ে সুন্দররূপ অধিকার থাকা আবশ্যক।

উপরোক্ত বিষয় সকলে অভিজ্ঞতা লাভ করিতে বহুদিনের শিক্ষা নানাপ্রকার বহুদর্শিতা, ও বিশেষ মনোযোগের সহিত পরীক্ষার আবশ্যক।

যদিও নিদান সম্বন্ধে বহুল বিষয় আবিষ্কৃত হইয়াছে বটে, তথাপি জলাতঙ্ক বা Hydrophobia, বসন্ত বা small pox ইত্যাদি পীড়া সকলের নিদান সম্বন্ধে চিন্তা করিলেই বোধগম্য হইবে যে নৈদানিক অনেকানেক বিষয় এখনও ঘোর তমসাচ্ছন্ন রহিয়াছে।

এমন অনেকানেক ঘটনা আছে যে রোগীর নিকট কোন লক্ষণ সামান্য বোধ হইলেও সুচিকিৎসকের হাতে পড়িয়া, তাহাই আবার নিতান্ত আবশ্যক বলিয়া বিবেচিত হয়। সুতরাং যৎসামান্য লক্ষণকেও উপেক্ষা না করিয়া পূর্ব্বাপর বিবেচনা করতঃ ঔষধ ব্যবহার করিলে কোন বিপদের সম্ভাবনা থাকেনা, নতুবা যৎসামান্য লক্ষণও পরিণামে কষ্টকর রোগে পরিণত হইতে পারে।

প্রত্যেক রোগের লক্ষণালক্ষণের প্রতি বিশেষ দৃষ্টি না করিয়া চিকিৎসা করিলে যদিও সামান্যরূপে কোন কোন লক্ষণ দূরীভূত করা যায় বটে, কিন্তু সম্যক প্রতিকার করা নিতান্ত আয়াসসাধ্য।

রোগের প্রত্যেকটী কারণের প্রতি দৃষ্টি রাখিয়া চিকিৎসা করাই কর্ত্তব্য। এমন কি এই নিয়মের বশবর্ত্তী হইয়া অনেক সময় আমরা নানাপ্রকার

দুরারোগ্য পীড়াদিও আরোগ্য করিতে পারি যথা—এপিলিপ্সি Epilepsy রোগ নিম্নলিখিত নানাপ্রকার কারণে উৎপন্ন হয়

CAUSES OF EPILEPSY.

১। নার্ভাস্ সেণ্টারের কোন বৈধানিক পীড়া।

২। মস্তিষ্কের উপর কোন ভগ্ন অস্থিখণ্ডের পরিচাপ।

৩। পরিপাক যন্ত্রের (বা digestive organs) কোন প্রকার পরিবর্ত্তন।

৪। জরায়ু বা uterus সম্পর্কে কোন প্রকার পরিবর্ত্তন।

৫। রক্তাল্পতা বা anæmia হইতে।

৬। রক্ত প্রধান ধাতু প্রকৃতি।

৭। কোন প্রকার নৈতিক কারণ হইতে যথা—ভয়।

৮। পরিপাক-প্রণালীর ভিতর ক্রিমির বর্ত্তমানতা। from the presence of intestinal worms

কেবল একটী রোগের উৎপত্তির উপরোক্ত ভিন্ন ভিন্ন কারণ দ্বারাই প্রতিপন্ন হইবে যে, স্বধু একটী লক্ষণের প্রতি লক্ষ্য রাখিয়া চিকিৎসা করা নিতান্ত অপরিণামদর্শীর পরিচয় মাত্র।

রোগের ১টী উদ্দীপক কারণের প্রতি দৃষ্টি করিয়া চিকিৎসা করিলে অপরাপর কারণজনিত উদ্দীপনা কখনই দূরীভূত হইতে পারে না; নিম্নলিখিত নিদর্শনই তাহার প্রমাণ স্থল যথা—

এানিমিয়া Anæmia জনিত কারণে এপিলেপ্সি হইলে লৌহঘটিত ঔষধ দ্বারা যে উপকার হইবে, অপরাপর ঔষধ দ্বারা কখনই সে আশা করা যাইতে পারে না। অথবা মস্তিষ্কের প্লেথরিক বা রক্তাধিক্য নিবন্ধন Epilepsy পীড়া উদ্ভব হইলে অপর পক্ষে লৌহঘটিত ঔষধদ্বারা মহৎ অনিষ্টই সম্ভব।

কোন ঔষধ ব্যবহার কালে চিকিৎসকদিগের ইহা স্মরণ রাখা কর্ত্তব্য যে, রোগ প্রতিকারার্থে স্বাভাবিক নৈসর্গিক শক্তিই আমাদিগকে বহুল সাহায্য করিতে থাকে। Hygiene হাইজিন্ অর্থাৎ পরিষ্কৃত স্থানে বাস, কি পরিষ্কার জলবায়ু ব্যবহার দ্বারাও অনেক সময় পীড়া আরোগ্য হইয়া থাকে। ঔষধ ব্যবহারে কোন রোগীর প্রতিকার না হইলে অনেক সময় আমরা স্থান পরিবর্ত্তন, সমুদ্রতটে ভ্রমণাদি ব্যবস্থা করিয়া থাকি।

কোন রোগী চিকিৎসাধীন হইলে আদৌ হাইজিনিক অবস্থার প্রতি দৃষ্টি রাখাই চিকিৎসকের প্রধান কর্ত্তব্য। অতঃপর সাধরণ উপায়দ্বারা রোগের বিনাশ সম্পাদন করিতে পারিলে চিকিৎসক মাত্রকেই তদ্বিষয়ে সাধ্যানুসারে যত্ন করা উচিত। প্রকৃতপক্ষে বিবেচনা করিয়া দেখিলে, স্বাভাবিক নিরাময়িক শক্তি অন্তরালে থাকিয়া আমাদিগকে এত সাহায্য করে যে, অনেক সময় সামান্য ২।১টী ঔষধদ্বারা উপকার লাভ করিলেই নিরাময়িক শক্তিকে উপেক্ষা করিয়া ঔষধেরই গুণব্যাখ্যা করিয়া থাকি, বাস্তবিক তাহা আমাদের ভ্রমমাত্র; নিম্নলিখিত একটী বিষয় স্মরণ রাখিলে সহজে বোধগম্য হইবে। যথা——কোন এক সময় ডাঃ ওয়ারিংস, ক্যাটামের্নিয়া গ্রস্থ একটী স্ত্রীলোকের চিকিৎসার জন্য তাঁহার এসিষ্টাণ্টের উপর ঔষধ আদেশ করেন, এসিষ্টাণ্ট তাঁহার আদিষ্ট কার্য্য সম্পাদনের পূর্ব্বেই উক্ত স্ত্রীলোকটী যথারীতি ঋতুরক্তপাতদ্বারা পীড়া হইতে মুক্তিলাভ করে। অতএব উপরোক্ত ঘটনা দ্বারাই নিশ্চয় প্রতিপন্ন হইতেছে যে, স্বাভাবিক নিরাময়িক শক্তিই রোগ প্রতিকারের প্রধানতম অবলম্বন।

জীবিত শরীরে ঔষধ সকল সাক্ষাৎ ও পরম্পরিত (Direct and indirect) এই দুই নিয়মের বশবর্ত্তী হইয়া কার্য্য করে। বেলাডোনা আইরিসে, আর্গট অব্ রাই জরায়ুর পৈশিক বিধানে, কেন্থেরাইডিস্ মূত্রাশয়ের গ্রিবাদেশে Neck of the bladder এবং কষ্টিক পেন্সিল ক্ষত প্রদেশে ulcerations কার্য্য দর্শানই সাক্ষাৎ ক্রিয়ার নিদর্শন। এতদ্ব্যতীত অন্যান্য সকলই পরম্পরিত ক্রিয়ার নিদর্শন। স্নায়ুশূল Neuralgia রোগে এলকেলিজদ্বারা আরোগ্য করাই পরম্পরিত ক্রিয়ার নিদর্শন স্থল।

ON THE ART OF PRESCRIBING MEDICINES.

চিকিৎসক দিগকে নিয়মিত মত ঔষধ—ব্যবস্থাপত্র বা Prescriptions করিতে মনোনিবেশ করা কর্ত্তব্য; এবং বিবেচনা করিয়া দেখিলে ব্যবসায়ে উৎকর্ষ লাভার্থে ইহাই আমাদের প্রধানতম্ অবলম্বন। Prescription সম্বন্ধে মনোযোগীতাই থিরাপিউটীক্সের বিশেষ বিবেচ্য বিষয়। ব্যবহারানুসারে প্রত্যেক প্রিসক্রিপ্শন্ চারি অঙ্গে বিভক্ত হইতে পারে।

১। বেসিস্ Basis বা মূল অর্থাৎ ইহাই প্রিসক্রিপ্শনের প্রধানতম বিষয়।

২। এড্জুভান্স Adjuvans ইহাদ্বারা বেসিসের সাহায্য করা হয়।

৩। করিজেন্স Corrigens ইহাদ্বারা বেসিসের কার্য্যকে সংশোধিত করে।

৪। ভিহিকেল্‌স্ Vehicles ইহাদ্বারা ঔষধ সকলের ক্রিয়ার সমতা রক্ষা করে যথা—

Re.

Extracti Colocynthidis Co.—gr. xxx Basis

Pil. Hydrargyri——gr. x Adjuvan.

Extracti Hyoscyami——gr. v Corrigens.

Syrupi q. s. m. Vehicle.

Ft. Pil. xii

Re.

Vin Colchici fl. drm ii Basis.

Spt. Etheris Nitrosi fl. drm 1ss Adjuvan.

Tinct Hyoscyami fl drm i Corregens.

Aqua fl. oz. vss M. ... ... vehicle.

Ft. mist.

ব্যবস্থাপত্র উপরের লিখিত নিয়মানুসারেই যে সর্ব্বদা প্রস্তুত হইবে, এমত আশা কখনই করিবেন না। কিন্তু সাধারণ রীত্যনুসারেই Prescription করা কর্ত্তব্য। চিকিৎসক মাত্রকেই সর্ব্বদা স্পষ্টরূপে Prescriptions লিখা কর্ত্তব্য এবং ঔষধের পরিমাণ ও মিশ্রিত প্রণালী স্মরণ রাখিয়া ঔষধ সেবনের নিয়মাদি অতি স্পষ্টরূপে সহজ ভাষায় প্রকাশ করিবে। ডাঃ টম্‌সন্ বলেন, চিকিৎসক Prescription ডিস্‌পেন্‌সেরিতে প্রেরণ করার পূর্ব্বেই স্বকীয় সন্দেহ ভঞ্জন জন্য উপরোক্ত Prescription বিশেষ মনোযোগের সহিত পাঠ করিয়া প্রেরণ করিবেন। নতুবা সাধারণ ১টী ভুল জন্য একটী লোকের প্রাণ হানি পর্য্যন্তও সম্ভবনীয়।

অবস্থা বিশেষে নানাবিধ কারণে ঔষধ সকলের ক্রিয়ার পরিবর্ত্তন ঘটে। নিম্নলিখিত উদাহরণই তাহার প্রামাণিক স্থল।

Idiocyncrasy—কোন কোন ব্যক্তি কোন কোন ঔষধের কার্য্যে স্বভা-বতঃই আসক্ত থাকে। সাধারণতঃ কয়েক গ্রেণ mercurial salt সেবন দ্বারা মাত্র বিলিয়ারি সিক্রীশনের উত্তেজনা বৃদ্ধি করে বটে, কিন্তু কোন কোন Idiocyncrasy গ্রস্ত ব্যক্তির পক্ষে ঐ মাত্রাতেই Salivation হইয়া থাকে। হয়ত উহার উপর আর ৩৷৪ গ্রেণ ব্লুপীল ব্যবহার করিলে, এমনি কি পতন অবস্থা পর্য্যন্তও হইতে পারে। কোন এক সময় ৩ড্রাম পারদের মলম ব্যবহারে ৮ দিনে একটী লোকের প্রাণনাশ করিয়াছিল। অল্পমাত্রায় opium ব্যবহারে ও কোন কোন সময় প্রলাপ, স্নায়বীয় ও মাস্তিষ্কের বিপ্লব উৎপাদন করতঃ সাংঘাতিক ঘটনা ঘটিতে পারে। সময় সময় ইপিকাকুয়ানার আঘ্রাণেও কোন কোন ব্যক্তির শ্বাস রোধের উপক্রম হয়। সেইপ্রকার কোপেবার ব্যবহারে Inflammation ofthe kidney, squill এবং oil of Turpentine ব্যবহারে সমস্ত শরীরে পূয় পূর্ণ দানা বহির্গত হইয়া থাকে।

চিকিৎসক মাত্রকেই, mercury ও opium ব্যবহার কালে কোন রোগীর Idiocyncrasy আছে কি না, তৎপ্রতি বিশেষ মনোযোগ রাখা উচিত।

Sex—স্ত্রীজাতিগণ তাহাদের স্বাভাবিক কোমলতা নিবন্ধন পুরুষেরন্যায় মাত্রা সহ্য করিতে পারে না। একটী যুবকের প্রতি যে মাত্রা ব্যবহার করিলে কোন দুর্ঘটনার সম্ভাবনা নাই, কোন কোন সময় তদনুরূপ মাত্রার একটী যুবতীর সাংঘাতিক অবস্থা হইতে পারে। ঋতুমতী, ও গর্ভাবস্থায় ঔষধ ব্যবহার করিতে (Aloes) অত্যন্ত সতর্কতার আবশ্যক। শিশুদিগের স্তন্যপান কালীন মাতাকে Sulphuric Acid ব্যবহার করিবে না, কারণ উহারা হঠাৎ দুগ্ধ নিঃসরণ রোধ করে এবং স্তন্যপায়ী শিশুর সাধারণ হস্ত সংস্পর্শেও স্তন প্রদেশে নিরতিশয় যন্ত্রণা অনুভব হয়।

Age—বয়সের ন্যূনা ধিক্যানুসারে ঔষধ সকলেরও ক্রিয়ার ইতর বিশেষ হইয়া থাকে। বালক ও বৃদ্ধদের অপেক্ষা যুবকদের ঔষধের ফল অতি দ্রুত প্রকাশিত হয়। ব্যবহার কালে ঔষধ সকলের মাত্রার প্রতি বিশেষ দৃষ্টি রা-খিবে। যুবক হইতে বালক দিগের mercury অধিক সহ্য হয়।

Dr. Clerk তাঁহার কুড়ি বৎসরের বহুদর্শিতায় নিশ্চয় করিয়াছেন যে, তিনি কখনই বালকের True Salivation নিরীক্ষণ করেন নাই। *Pro-*

Professor graves বিবেচনা দ্বারা স্থির করিয়াছেন যে বালক দিগের সেলিভেরি গ্রেণ্ডের অসম্পূর্ণতাবশতঃ ও বৃদ্ধদিগের উক্ত গ্রেন্থের পতন অবস্থাজন্য পারদ-দ্বারা প্রকৃত রূপ Salivation হয় না। অতঃপর বাল্যাবস্থায় opium ব্যবহার কালে অত্যন্ত স্বতর্কতার দরকার। ১টী ৩দিন বয়স্ক বালক ২॥০ ফোটা লডেনম্ দ্বারা, ১৪ মাস বয়স্ক বালক ৩ ফোটা দ্বারা ও কয়েক সপ্তাহ বয়স্ক বালক ৪ ফোটা লডেনম্ দ্বারা বিষাক্ত হইয়া ইহলোক পরিত্যাগ করিয়াছিল। শৈশবাবস্থায় চর্ম্মে Blister লাগাইয়া অধিকক্ষণ রাখিলে ulceration ও gangrin পর্য্যন্ত হইতে পারে। প্রাপ্ত বয়স্ক হইতে বালক দিগের শরীরে জোঁক লাগাইয়া কিছুক্ষণ রাখিলেই অত্যন্ত রক্তপাত হইতে থাকে ও রক্ত রোধ করিতে সময় সময় বড়ই আয়াস স্বীকার করিতে হয়।

Temperament and diathesis—ধাতু প্রকৃতি দ্বারা ও ঔষধ সকলের ক্রিয়ার অনেক পরিবর্ত্তন লক্ষিত হয়। opium দ্বারা রক্ত প্রধান ধাতু হইতে মেলাঙ্কলিক লোকদিগের অধিক উপকার দর্শে।

Phlegmatic ধাতু প্রকৃতিক লোকদিগের Bowels complains থাকিলে Scammony, gamboge এবং Aloes যে প্রকার সহ্য হইবে রক্ত প্রধান ধাতু বা Sanguine হইলে, ভয়ানক ভেদ ও দুর্ব্বলতা উৎপাদন করিবে। Antispasmodics বা আক্ষেপ নিবারক ঔষধ সকল রক্ত প্রধান ধাতু অপেক্ষা Nervous temperaments অধিক সহ্য করিতে পারে অর্থাৎ স্নায়বিক ধাতু প্রকৃতিতে উপকারী।

Habits ond mode of life—সাধারণ অভ্যাস এবং জীবন যাপনের রীত্যানুসারে ঔষধ সকলের ক্রিয়ার ও সাহায্য করে। অধিক জনপূর্ণ নগর বাসী, কি অধিক লোক একত্রিতাবস্থায় কোন পরিস্কার বায়ু বিরহিত স্থান বাসী, অথবা রীতিমত খাদ্যদ্রব্যের অভাব জনিত মানসিক উদ্বেগ বিশিষ্ট বা অর্থাভাব বিরহিত আমোদ লুলোপ লোকদিগের ধাতু প্রকৃতি হইতে সাধারণ গ্রামবাসী দরিদ্রদিগের শারীরিক রীতি নীতিতে অনেক অসাদৃশ্য পরিলক্ষিত হয়। সাধারণ পরিশ্রমপটু গ্রাম্য লোকদিগের চিকিৎসায় যাহা প্রয়োগ করা যায় কি যাহা সহ্য হয় পূর্ব্বোক্ত সুখী ও আমোদপ্রিয় লোকদিগের কখনই তাহা সহ্য হইবেনা। এমন কি কখন কখন মৃত্যু পর্য্যন্ত ও সম্ভবনীয়।

কোন কোন ব্যক্তির বিষাক্ত ঔষধ অভ্যাস দ্বারাও অনেক সময় আশ্চর্য্যান্বিত হইতে হয় যথা—(১) স্মীর্ণাবাসী মোস্তাফা সাতুর নামক একব্যক্তি প্রত্যেক রোজ Drm iii opinm সেবন করিত। (২) কনষ্টান্টিনোপলবাসী একব্যক্তি প্রত্যেকরোজ একড্রাম পরিমান Corrosibe Sublimate প্রায় ৩০ বৎসর পর্য্যন্ত সেবন করিয়াছে। Mr. Baker তাঁহার চিরাগত বহুদর্শিতা দ্বারা লিখিয়াছেন যে, উত্তর ভারতবর্ষবাসী কোন কোন লোক প্রত্যহ ½ গ্রেণ হইতে আরম্ভ করিয়া ২০ গ্রেণ পর্য্যন্ত Nux vomica সেবন করিয়াছে।

উপরোক্ত বিষপায়ী লোকদিগের প্রতি সাধারণ রীত্যানুসারে মাত্রা নির্দ্ধারণ করিলে কোন কার্য্যই দর্শেনা। সুতরাং উহাঁদিগের চিকিৎসায় বিশেষ সতর্কতাসহ ঔষধের মাত্রা নির্দ্ধারণ করিবে। পক্ষান্তরে কোন কোন মদ্যপায়ীদের হঠাৎ অভ্যাসিক জিনিস ত্যাগ করাইলে অনিষ্ট ঘটিবার সম্ভাবনা আছে কাজেই, তাহাদের চিকিৎসায় অল্পপরিমাণ Stimulants দ্বারাই প্রথম চিকিৎসা করিবে।

Race—বিভিন্ন জাতিতেও ঔষধ সকলের মাত্রা এবং ব্যবহারের তারতম্য হইয়া থাকে। ভারতবর্ষও ইউরোপ বাসীদের শারীরিক প্রকৃতিতে অশেষ প্রকার অসাদৃশ্য রহিয়াছে। বলিষ্ঠকায় ইউরোপ বাসীদের একিউট্ ডিজিজে ব্লাড্‌লেটিং (blood-letting)ও প্রদাহ নিবারক চিকিৎসা যে প্রণালীতে করা যায়, সে প্রকার চিকিৎসায় ভারত বাসীদের পক্ষে প্রাণহানী পর্য্যন্তও হইতে পারে। এমন কি বড় বড় মেডিকেল অফিসারকেও ভারত বাসীদের প্রতি blood-letting আদেশ করিয়া পরিণামে কখন কখন যথেষ্ট পরিতাপ সহ্য করিতে হইয়াছে।

Passions and offections of the mind—

মানসিক ভাবগতিক—মানসিক অবস্থার ইতর বিশেষে, ঔষধ সকলের কার্য্যকারিতার ও অনেক তারতম্য হইয়া থাকে। মানসিক ভাব খারাপ থাকিলে কোন কোন অবস্থায় একডোজ্ ওপিয়ামদ্বারাও কোন কার্য্য প্রকাশ পায়না। চিকিৎসক ও রোগীদের বিশ্বাসের উপর শত শত বাধা বিপত্তিও দূরীভূত হইয়া পড়ে, সুতরাং মানসিক বিশ্বাস দ্বারা অনেকানেক সময় আশীর্ব্বাদিণ ফল লাভ করা যায়।

Cambination—একটী ঔষধ যত কেন বিবেচনার সহিত প্রয়োগ হউক না কিন্তু বিবেচনার সহিত ২। ৩টী ঔষধ সংযোগ-ব্যবহারে অধিক ফলপ্রদ। চিকিৎসকমাত্রকেই ঔষধ সকলের মিশ্রণের প্রতি স্মরণ রাখা কর্ত্তব্য, বিশেষতঃ মূত্রকারক ও ক্রিমিনাশক ঔষধ সকল মিকচাররূপে প্রয়োগেই অধিক কার্য্যকারী হয়। ডিজিটেলিসের মূত্রকারক ক্রিয়া আছে বটে, কিন্তু কার্ব্বনেট্ অব্ এমোনিয়া ও স্কুইল সংযোগে যেরূপ ফলদায়ক, একক প্রয়োগে কখনই হইবে না।

জ্যালাপ, স্কেমনি ও কলোসিন্থ ইত্যাদি বিবেচক ঔষধ সকল প্রত্যেকেই কেলোমেল্ সহ প্রয়োগে অধিক কার্য্য হয়। ঘর্ম্মকারক ঔষধ সকল ইপিকাকুয়ানা ও ওপিয়ম সংযোগে অধিক কার্য্যকর। পক্ষান্তরে এলোজের বিবেচন শক্তি ইপিকাকুয়ানা সংযোগে মৃদু হইয়া পড়ে এবং হেন্বেন বা হায়োসায়েমাস সংযোগে উদরের বেদনা কি অপর যন্ত্রণা নিবারণ করে। বিবেচক ঔষধ সকলের ক্রিয়া সোপ বা সাবান, সুগন্ধ তৈল এবং এল্‌কেলিক্‌সহ অনেক পরিবর্ত্তিত হয়। নানা প্রকার আক্ষেপিক পীড়া সকলে বিবেচনার্থ ওপিয়ম সহ ব্যবস্থা বড়ই উপকারজনক। আইওডাইড অব্ পটাসিয়ম্, ওপিয়ম সহ ব্যবহার করিলে সর্দ্দি কি অপরাপর যন্ত্রণার অনেক মৃদুতা জন্মায়। বিমিশ্রণ সময়ে ঔষধ সকলের পরস্পর বিপরীত ক্রিয়ার প্রতি চিকিৎসক মাত্রকেই দৃষ্টি রাখা কর্ত্তব্য। যদিও সল্যুশন অব্ ক্লোরাইড সহ নাইট্রেট্ অব্ সিল্‌ভার একত্রিত করিলে ক্রিয়ার বিশেষ কোন পরিবর্ত্তন হয়না বটে কিন্তু রাসায়নিক পরিবর্ত্তনে দেখিতে দধিবৎ সাদা হইয়া পড়ে।

Regulation of doses বা মাত্রার নিয়মাবলী।

প্রায় অধিকাংশ ঔষধই অল্প বা অধিক মাত্রায় ভিন্ন ভিন্ন ক্রিয়া প্রকাশ করে। যথা—টারটার এমিটিক্ ১/২৪—১/৬ গ্রেণ মাত্রায় স্বেদজনক ও কফ নিঃসারক। কিন্তু ১/২—১ গ্রেণ মাত্রায় বমনোদ্রেক হয়।

এতদপেক্ষাধিক আরও ২। ৩ গ্রেণ মাত্রা বৃদ্ধি করিলে ভয়ানক বমি হইতে থাকে। এই প্রকার ইপিকাকের ক্রমিক মাত্রার তারতম্যানুসারে ক্রিয়ার ও ইতর বিশেষ হইয়া পড়ে। আধুনিক নিয়মানুসারে দেখা যায় যে এই ঔষধ সকল পুনরায় অল্প মাত্রায় বমন নিবারক ক্রিয়া প্রকাশ করে। নিউ-

টার্পি সাল্‌ট্ সম্বন্ধে অধিক মাত্রায় বিরেচক এবং অল্প মাত্রায় মূত্রকারক জন্য। ওপিয়ম অল্প মাত্রায় উত্তেজক, অধিক মাত্রায় মাদক। টার্পিণ তৈল ১—২ ড্রাম মাত্রায় জনিটো ইউরিনেরি অর্গ্যান ও মূত্রযন্ত্রের ভয়ানক উত্তেজনা প্রকাশ করে, পক্ষান্তরে আবার ১ আং মাত্রায় কেষ্টার অয়েল সহ মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে কিড্‌নি কি ব্লাডারের কোন প্রকার উত্তেজনা প্রকাশ না করিয়া সুন্দর বিরেচন ক্রিয়া প্রকাশ করে।

আমরা সাধারণ আভ্যাসিক অনুমানদ্বারা নিম্নলিখিত কতকগুলি মাত্রা ব্যবহার করিয়া থাকি যথা--

a Tea spoonful fd dim বা এক টী স্পুনফুল (চা খাবার পূর্ণ চামচ)	৩° ১ ড্রাম
a Dessert-spoonful এক ডেজার্ট স্পুনফুল	৩° ২ ড্রাম
a table-spoonful এক টেবিল স্পুনফুল	৩° ৪ ড্রাম
a wine-glassful এক ওয়াইন গ্লাস্‌ফুল্	১॥—২ আউন্স।
a tea-cupful এক টি কাপফুল	৫ আ°।
a break fast cupful এক ব্রেক ফাষ্ট্ কাপ্‌ফুল	৮ আ°।
a tumblerful এক টাম্বলার ফুল	১০—১২ আ°।

The influence of diet—অর্থাৎ পথ্যের কার্য্যকারিতা। পথ্যের সহিত ঔষধ নির্বাচনের কার্য্যকারিত্বের অনেক নিকট সম্বন্ধ রহিয়াছে। যে সকল চিকিৎসক শুধু ঔষধ ব্যবস্থা করিয়া পথ্যের প্রতি দৃষ্টি না রাখেন, তাঁহারা নিশ্চয় জানিবেন যে, সহায্যকারী একটী বান্ধবকে উপেক্ষা করিয়া তাঁহারা প্রধানতম

একটী শত্রুকে প্রশ্রয় দেন এবং যাহাদ্বারা পরিণামে প্রিসক্রিপশনের উপকারিত্বকেও নিষ্ফল করিতে প্রস্তুত থাকেন।

যখন যে ঔষধ ব্যবস্থা করা যায় তাহাদের কার্য্যের সুবিধার জন্য বিবেচনা পূর্ব্বক আহারের ব্যবস্থা করাও কর্ত্তব্য। পক্ষান্তরে আহারের অনিয়মাদিও ঔষধ মধ্যে পরিগণিত। সন্তোষের বিষয় এই যে বর্ত্তমান চিকিৎসকমাত্রকেই পথ্য ব্যবস্থার প্রতি বেশ মনোনিবেশ করিতে দেখা যায় এবং ঔষধের উপকারিত্ব সম্বন্ধে পথ্যদ্বারা যে মহান উপকার দর্শে, তদ্বিষয় সুন্দর বুঝিতে পারিয়াছেন। চিকিৎসকদিগের ব্যবস্থার বিরুদ্ধে এবং রোগীদের স্বেচ্ছাচারিতা দোষে খাদ্যাখাদ্যের পরিবর্ত্তনদ্বারা অনেক রোগী ভাল ভাল ঔষধ সকলের গুণলাভে বঞ্চিত হইয়া পড়ে। অতএব চিকিৎসকদিগকে রোগীর পথ্যের ব্যবস্থা করিয়া তৎপর তাহাদের কার্য্যাদির প্রতিও দৃষ্টি রাখা উচিত।

The period of the day at which medicines are administred বা ঔষধ ব্যবহারের সময়ানুসারে গুণাগুণের বিভিন্নতা। মাদক ঔষধ সকল সাধারণতঃ বিশ্রাম নিবার ১ কি ২ ঘণ্টা পূর্ব্বে ব্যবহার করিলে বিশেষ ফলপ্রদ। ঘর্ম্মকারক ঔষধ সকল রাত্রিতে ব্যবহার করাই সুবিধাজনক। উত্তপ্ত বিছানা, সবলভাবে শয়ন এবং উত্তাপের সমতাবস্থায় তাহাদের কার্য্যের সাহায্য করে। পক্ষান্তরে মূত্রকারক ঔষধনিচয় দিবাভাগেই ব্যবহার কর্ত্তব্য। এলোজ ও রেজিনাস্ বিরেচক সকল কাঠিন্যবশতঃ আচোষিত হইতে বিলম্ব হয় বলিয়া রাত্রিতে শয়নের পূর্ব্বে ব্যবহার করিলে পরদিন প্রাতে ক্রিয়া প্রকাশ করে কিন্তু লাবণিক বিরেচক, সেনা ও কেষ্টরঅয়েল শূন্যোদরে প্রত্যুষে বিধান কর্ত্তব্য। আহারের পূর্ব্বাপর ঔষধ প্রয়োগে, কার্য্যকারিতা সম্বন্ধে যে যে ইতর বিশেষ হয় তৎপ্রতি ও চিকিৎসকদিগকে মনোযোগ রাখা উচিত। যথা— কুইনাইন্ শূন্যোদরে অধিক কার্য্যকরে, আরসেনিক, কড্লিভার্অয়েল্ পূর্ণ আহারের পরই উপকারী। antacid বা অম্ল নাশক ঔষধ সমূহ আহারের ৩। ৪ ঘণ্টাপর যখন আহার্য্য বস্তু প্রায় পরিপাক হইয়া যায়, তখন ব্যবহার্য্য। এরারুট্ কি সাগু সেবনের অব্যবহিত পরই আইওডিন্ প্রয়োগ উচিত নয়। ডোভার্সপাউডার, ইপিকাক্, কি এণ্টিমণি ঘটিত কোন ঔষধ সেবনের অনতি পরক্ষণেই চা কি অন্য কোন তরলদ্রব্য সেবন করিলে বমন হইবার নিতান্ত

সম্ভাবনা অথচ উক্ত ঔষধ সকল যদ্যপি বমন ব্যতীত অন্য অন্ত্র প্রভৃতি প্রাবে ব্যবহৃত হইয়া থাকে, তবে কার্যকারী হইবে না।

LIGHT AIR AND EXERCISE বা আলো, বায়ু ও শারীরিক পরিশ্রম।

ইহারা সকলেই বলকারক ঔষধ সকলের ক্রিয়ার সাহায্য করে। আলো, বায়ু ও শারীরিক পরিশ্রমদ্বারা শরীর বলিষ্ঠ হয়, ক্ষুধা বৃদ্ধি পায়, এবং স্নায়ুমণ্ডলের বলবিধান করে। বিশুদ্ধ বায়ুরহিত অন্ধকার স্থানে আবদ্ধ রোগীর অন্যত্র বলকারক ঔষধদ্বারা উপকার হইলেও এরূপাবস্থায় কোন সুফলের আশা নাই। ডাক্তার রেঙ্কিন্ নির্দ্দেশ করিয়াছেন যে, যে সমস্ত গণ্ডমালাগ্রস্ত রোগী চলাফিরা করিতে অক্ষম, তাহারাও পরিষ্কার বায়ু প্রবাহিত স্থানে বসিয়া থাকিবে।

দিবসের অধিকাংশ সময় কোন হাস্পিটাল্ ওয়ার্ডে কি পীড়িত ব্যক্তির ঘরের আবদ্ধ বায়ুতে অতিবাহিত করা অপেক্ষা অন্য যে কিছু তাহাই ভাল। কোন স্ক্রাফিউলাগ্রস্ত রোগীকে অনেক সময় আইওডিন প্রয়োগ করিয়াও যে উপকার প্রাপ্ত হওয়া যায় না, অপরিষ্কার বায়ু, ও শ্রমবিমুখতাই যে তাহার প্রধানতম কারণ, তদ্বিষয়ে সুচিকিৎসকমাত্রকেই স্বীকার করিতে হইবে। মাদক ঔষধ সকল পরিশ্রমদ্বারা ক্রিয়া দর্শাইতে বিরত থাকার একটী বিবরণ লক্‌হার্ট কৃত সার ওয়েল্টার স্কটের জীবনীতে বিবৃত হইয়াছে।

CATHARTICS OR PURGATIVIS.

বিরেচক ঔষধ সম্বন্ধে ভূমিকা।

যে সমস্ত ঔষধদ্বারা অন্ত্রের কৃমিবৎ গতি বৃদ্ধি করে, মলের তরলত্ব জন্মায়, ও বারে অধিক হইয়া পড়ে, তাহাদিগকে বিরেচক বলা যাইতে পারে।

বিরেচক ঔষধ সকলের ক্রিয়ার তারতম্য অনুসারে তাহারা তিন শ্রেণীতে বিভক্ত হইতে পারে।

(১) যে সমস্ত ঔষধদ্বারা অত্যন্ত অধিক পরিমাণে দাস্ত হইতে থাকে, তাহাদিগকে ড্রাষ্টিক্ পার্গেটীব্ বলে, এই শ্রেণীস্থ ঔষধ সকল ডেরিভেশন (Derivation) ক্রিয়ার জন্য ব্যবহৃত হয়।

(২) কতকগুলি ঔষধ আছে যে, তাহাদের সেবনান্তে প্রচুর পরিমাণে জলীয় ভেদ হয়, তাহাদিগকে হাইড্রেগগস্ পার্গেটিব্ বলে।

(৩) যে সমস্ত ঔষধদ্বারা অল্প পরিমাণে দাস্ত হয় তাহাদিগকে ল্যাক্-সেটিব্, এপিরিয়েনস বা মৃদু বিরেচক বলে।

THE OBJECT FOR WHICH THEY ARE EMPLOYED.

বিরেচক ঔষধ সকলের ব্যবহারের উদ্দেশ্য।

(১) অন্ত্র হইতে অপরিপক্ক দ্রব্যাদি ও গুটল প্রাপ্ত মল নির্গত করণার্থ।

(২) অন্ত্র হইতে জলীয় পদার্থ বহির্গমন জন্য।

(৩) বিলিয়ারি সিক্রিষনের উত্তেজনা বৃদ্ধি করিয়া লিভার হইতে পিত্ত, প্যান্‌ক্রিয়াস্ হইতে প্যানক্রিয়েটিক জুস নিঃসরণ করা।

(৪) সমস্ত শরীরের শোষণকারী পদার্থের ক্রিয়া উত্তেজিত করণ।

(৫) ইণ্টেষ্টাইনেল্ মিউকাস্ মেম্ব্রেনের ক্রিয়ার আধিক্য করতঃ উহা-দের নিঃসরণ বাড়াইয়া কিড্‌নি ও অন্যান্য আভ্যন্তরিক যন্ত্রাদির রক্তাধিক্য দূরীভূত করণ।

(৬) শরীরের অন্যান্য সিক্রিশনের বৃদ্ধি করা যথা—মূত্রকরণার্থ কোন ঔষধ ব্যবহারের পূর্ব্বে বিরেচকাদি প্রয়োগ।

(৭) ডেরিভেটিব নিয়মের বশবর্ত্তী হইয়া দূরবর্ত্তী আভ্যন্তরিক যন্ত্রাদির উপসর্গক্রিয়া প্রকাশ করা। যথা—ক্রোটন অয়েল ব্যবহারে সন্ন্যাস রোগের প্রতিকার এবং দূষিত জ্বরে অত্যন্ত প্রলাপ বর্ত্তমানে ঘাড়ের পশ্চাৎদিকে ব্লিষ্টার প্রয়োগ।

(৮) রক্ত নিঃসারক ঔষধ সকলের ন্যায় নানা প্রকার পেল্‌ভিক্ ভেসে-লস্ ও নার্ভের প্রতি উত্তেজনা প্রকাশ করিয়া পরম্পরিত কার্য্য করা।

OBSERVATIONS ON THEIR USE

(১) অধিকাংশ বিরেচক, ব্যবহারের পর বিরেচনান্তে অল্প বা অধিক পরিমাণে কোষ্ঠ কাঠিন্য জন্মায়, যথা—

Rhei রিয়াই—ব্যবহারের পর অধিক পরিমাণে, এবং ক্যাষ্টার অয়েল

ও লাবণিক বিরেচক ব্যবহারের পর অল্প পরিমাণে কোষ্ঠ কঠিন হইয়া থাকে।

(২) অধিকাংশ বিরেচকই অন্ত্রের কোন নির্দ্দিষ্ট অংশের উপর ক্রিয়া প্রকাশ করে, যথা—কেলমেল, জেলাপ্, কলচিকম সকলেই ডিওডিনমকে উত্তেজিত করিয়া পিত্তকোষ হইতে, পিত্তনিঃসরণ বৃদ্ধি করে। এলোজ ও সেন্নার ক্রিয়া কোলন ও রেক্টমের উপর প্রভাবিত হয়। লাবণিক ও তৈলাক্ত বিরেচক সকল সমস্ত অন্ত্রের উপর কার্য্য করে।

(৩) কোন ২ বিরেচক সেবন ব্যতীত চর্ম্ম প্রদেশে মর্দ্দন বা চর্ম্মের নিম্নে পিচকারিদ্বারা প্রয়োগ করিলে সম্পূর্ণ না হইলেও কথঞ্চিৎ কার্য্য দর্শায়, যথা—গ্যাম্বোজ, ক্রোটন অয়েল, করাল্ল ইত্যাদি।

(৪) মৃদু বিরেচক ব্যবহারের পূর্ব্বে রোগীর শারীরিক অবস্থা, ধাতু প্রকৃতি, ও ইডিওসিনক্রেসি, আছে কিনা তৎপ্রতি লক্ষ্য রাখা কর্ত্তব্য। দুর্ব্বল, বৃদ্ধ ও শিশুবস্থায় বিরেচক অবিধেয়, পাইলস বা অর্শরোগ বর্ত্তমানে এলোজ, এবং স্ক্রফিউলা বা গণ্ডমালা প্রপীড়িত ব্যক্তিকে পারদঘটিত বিরেচক কখনই বিধান কর্ত্তব্য নয়।

সাধারণতঃ স্মরণ রাখা কর্ত্তব্য যে, মৃদু বিরেচকদ্বারা অভিপ্রায় সংসাধিত হইলে ক্রোটন অয়েল, ইলাটিরিয়ম্, অথবা অন্যান্য ড্রাষ্টিক্ পার্গেটিব কদাপিও ব্যবস্থেয় নয়।

(৫) উষ্ণ প্রধান দেশে* লাবণিক বিরেচক বিশেষতঃ সালফেট অব ম্যাগ-নেসিয়া অধিক পরিমাণে ক্রিয়া দর্শায়।

(৬) বিরেচক ঔষধ সকল রক্তপ্রধান ধাতু হইতে ম্যালাঙ্কলিক্ দিগেতে এবং পুরুষ জাতি অপেক্ষা স্ত্রীজাতিতে কিছু অধিক মাত্রায় ফলপ্রদ।

(৭) স্ত্রীলোকদিগের ঋতুর সময় বিরেচক নিতান্ত নিষিদ্ধ, এবং গর্ভা-বস্থায় দিতে হইলে অত্যন্ত সতর্কতাসহকারে বিধেয়। এতদবস্থায় মলদ্বার, জরায়ুর নিকটবর্ত্তী বলিয়া, এলোজ অপেক্ষা ক্যাষ্টার অয়েল ব্যবহারোপযোগী অথবা কনফেকশন অব্ সেনা ও ব্যবহৃত হইতে পারে।

---

* বিষুব রেখা হইতে, উত্তর দক্ষিণে উভয় পার্শ্বে ২৩ ডিগ্রী পরিমাণ স্থান উষ্ণ প্রধান বলিয়া পরিগণিত, ইহাকে ইংরেজীতে Tropics ট্রপিক্স্ কহে।

(৮) কুবার্ব্ব প্রভৃতি উত্তেজক বিরেচক সকল, বৃদ্ধ ও বালকদিগের পক্ষে ফলদায়ক, পক্ষান্তরে লাবণিক বিরেচক সর্ব্বথা পরিত্যাজ্য।

(৯) বিরেচক ঔষধ, আভ্যাসিক রূপে ব্যবহার করা বড়ই অন্যায়, এমন কি পরিণামে ইহাদ্বারা ডিস্‌পেপ্‌সিয়া বা অগ্নিমান্দ্য প্রভৃতি দুরারোগ্য রোগ সকলের উৎপত্তির ভিত্তি সংস্থাপিত হয়।

(১০) প্রত্যেক প্রকার কোষ্ঠ বদ্ধতায় বিরেচক ঔষধ ব্যবহার যুক্তি যুক্ত নয়। এমন কি অনেকানেক লোক আছে যে স্বভাবতঃই তাহাদের কোষ্ঠ কাঠিন্য থাকে। যে সমস্ত লোকের শারীরিক সুস্থতায় কোন দোষ নাই তাহাদের পক্ষে বিরেচক হানি জনক, এবং যে সমস্ত স্ত্রীলোকের হিষ্টিরিয়া রোগ আছে তাঁহা দিগকে আক্ষেপ নিবারক ঔষধ ব্যবহার না করিয়া বিরেচক ব্যবহারে কোনত ফল প্রাপ্তির আশা নাই।

(১১), কোন রোগীকে চিকিৎসাকরার পূর্ব্বে বিরেচক ব্যবহারের পর বাহ্যের বর্ণাদি ও অবস্থা পরিজ্ঞাত না হইয়া, অন্যান্য ঔষধ প্রয়োগ করা কর্ত্তব্য নয়। এলোজ ব্যবহারের পর অন্ত্র হইতে যে মিউকাস নিসৃত হয়, তাহা আমাশয়ের সহিত এবং সালফার ব্যবহারের পর মলের বর্ণ দেখিলে পিত্ত নিঃসরণের সাতক ভ্রম হয়।

(১২) বিরেচক ঔষধ সকল ব্যবহারে, কত সময় পর কোন্ কোন্ ঔষধের ক্রিয়া প্রকাশিত হয়, তদ্বিষয় চিকিৎসক মাত্রকেই স্মরণ রাখা কর্ত্তব্য। যথা—লাবণিক বিরেচকের ক্রিয়া ৩। ৪ ঘণ্টায় প্রকাশিত হয় বলিয়া নানা প্রকার জ্বরাদিতে ও একুটির ডিজিজে ব্যবহৃত হয়। ক্রোটনঅয়েল ২। ৩ ঘণ্টায় ক্রিয়া প্রকাশ করে। জ্যালাপ, স্কেমনি গেম্বোজ, সেনা, ৩। ৪ ঘণ্টার মধ্যে কার্য্যকারী হয়, রুবার্ব্ব ক্যাষ্টার অয়েল ৪ অথবা ৬ঘণ্টান্তর; এলোজ স্বকীয় কাঠিন্য বশতঃ শীঘ্র দ্রবীভূত হয় না বলিয়া সেবনের কয়েক ঘণ্টাপর কার্য্য দর্শায়।

(১৩) ঔষধ সকলের পরস্পর বিমিশ্রতার তারতম্য অনুসারে বিরেচন ক্রিয়ারও ইতরবিশেষ হইয়া পড়ে, যথা—কলোসিন্থ কর্পূর সহ প্রয়োগ করিলে তাহার বিরেচন শক্তি বৃদ্ধি পায়। কিন্তু কর্পূর সহ এলোজ ব্যবহার করিলে এলোজের ক্রিয়া মৃদু ও অনুগ্র হইয়া পাকে। কেলি পাম্বর

আক্ষেপিক রোগাদিতে বিরেচক বিধান করিতে ওপিয়ম বা আফিং সংযুক্ত করিয়া প্রয়োগ করাই উপকার জনক। অন্যান্য পীড়ায় অপরাপর বিরেচক সকল সেনা কি লাবণিক বিরেচক ও কেলমেল সহিত রেজিন ঘটিত বিরেচক একযোগে ব্যবহার করিলে বিশেষ উপকারী হয়। অপর পক্ষে কোন বিরেচক ঔষধ সহ এরোমাটিকস্ অয়েল অথবা সাবান মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে অধিকাংশেরই বিরেচন শক্তি শিথিল হইয়া পড়ে। বিরেচক সহ সামান্য পরিমাণে এক্সট্রাক্ট হায়োসাইমাস্ মিশ্রিত করিলে কুন্থন ও শূল বেদনা নিবারিত হয়।

(১৪) এপোপ্লেক্সি বা সন্ন্যাস, মেনিয়া বা বাতুলতা এস্ফেক্সিয়া বা শ্বাস কষ্টাবস্থায় রোগী যখন বিরেচক পীল, মিক্চার সেবনে অপারগ কি অনিচ্ছুক থাকে, তদবস্থায় ক্রোটন অয়েল ২।১ বিন্দু জিহ্বার মূলে সংস্থাপিত করিলেই অভিপ্রায় সিদ্ধ হয়।

(১৫) চিকিৎসক যখন বিবেচনাদ্বারা জানিতে পারিবেন যে, রেক্টম অথবা কোলন্ কতক পরিমাণে মলপূর্ণ রহিয়াছে, তখন অন্ত্র পরিষ্কার করণার্থ এনিমা বা পিচকারী দ্বারাও বিরেচক ব্যবহার করিতে পারেন। এরূপাবস্থায় দুই কি এক আউন্স কেষ্টার অয়েল বিশ আউন্স পরিমাণ উষ্ণ জলে ফেলিয়া তৎসহ কিছু টার্পিণ তৈল মিশ্রিত করতঃ রেক্টমে প্রবেশ করাইলে উদ্দেশ্য সিদ্ধ হয়।

(১৬) বিরেচক ঔষধ সকল ব্যবহারের পর রোগীকে অধিক পরিমাণে শৈত্য সেবন করিতে নিষেধ করিবে।

(১৭) পূর্ণ আহারের অব্যবহিত পরেই বিরেচক অবিধেয়। গর্ভাবস্থায়, ক্যাটামেনিয়া রোগে, নিতান্ত দুর্ব্বলাবস্থায়, কি নিরক্তাবস্থায়, পরিপাক প্রণালীর ইন্‌ফ্লামেশনে অথবা পেরিটোনাইটীস রোগে বা দুর্ব্বল ও বৃদ্ধদিগের হাইড্রোথোরাক্স্ রোগে বিরেচক ঔষধ কখনই ব্যবহার কর্ত্তব্য নয়।

বিরেচক শ্রেণী বিভাগ

বা

PURGATIVES CLASS.

নিম্নলিখিত ঔষধ সকল বিরেচনার্থ ব্যবহৃত হয়।

১। সাল্‌ফার্।
২। মেগ্নেশিয়া ধাতু।
৩। কার্বনেট্ অব্ মেগ্নেশিয়া।
৪। সাইট্রেট অব্ মেগ্নেশিয়া।
৫। টার্‌টারেট অব্ সোডা।
৬। এসিডটারট্রেইট্ অব্ পটাস।
৭। টারট্রেট্ অব পটাস।
৮। সাল্‌ফেইট্ অব্ পটাস।
৯। ফস্ফেট্ অব্ সোডা।
১০। মেনা।
১১। কেশিয়া।
১২। কেষ্টর অয়েল্।
১৩। রুবার্ব।
১৪। জ্যালাপ্।
১৫। সেনা।
১৬। সাল্‌ফেট্ অব্ মেগ্নেশিয়া।
১৭। এলোজ।
১৮। সাল্‌ফেট্ অব্ সোডা।
১৯। পবডো ফাইলম্।
২০। কলোসিন্থ্।
২১। স্কেমোনি।
২২। গ্যাম্বোজ।
২৩। ক্রোটন্ অয়েল।
২৪। ইলেটেরিয়ম্।
২৫। বাগনাই কেথার্টিক্স।
২৬। সোক্রেডবার্ক।
২৭। কালাদানা।
২৮। ট্যামারিণ্ড্।

গন্ধক।

SULPHUR.

১। সাল্‌ফার সাব্লিমেটম্। — ১। সাব্‌লাইমড্ সালফার্।
২। সাল্‌ফার প্রিসিপিটেটম্। — ২। প্রিসিপিটেড্ সাল্‌ফার্

প্রয়োগরূপ।

কনফেক্সন্ অব্ সালফার্— মাত্রা ১—২ ড্রাম।

অয়েণ্টমেণ্ট অব্ সাল্ফার—

সাল্ফারের মাত্রা ১০—৬০ গ্রেণ।

ক্রিয়া। লেক্সেটিব্, অলটারেটিব্, ডায়েফরেটিক্, এক্সপেক্টোরেণ্ট এবং এণ্টিসেপ্টিক। ইহা মৃদু বিরেচক এবং সেবন করিলে যে বাহ্য হয় তাহা দেখিতে শক্ত অথচ কোমল। উহাতে সাল্ফিউরেটেড্ হাইড্রোজেনের গন্ধ পাওয়া যায়। সাল্ফার সেবন করাইলে উহার কিয়দংশ রক্তে আচোষিত হয় ও কতকাংশ মলের সহিত বাহির হইয়া যায় এবং অপর কতকাংশ সাল্ফিউরিক এসিড্ রূপে পরিণত হইয়া মূত্রের সহিত শরীর হইতে বহির্গত হইয়া যায়, যদি অপর কিছু থাকে, তবে স্বেদকণা সহ মিলিত হইয়া বহির্গত হয়। কন্ফেক্শন্ অব্ সেনা সহ অথবা এসিড্ টারট্রেট্ অব্ পটাস সহ মিলিত করিয়া ব্যবহার করিলে ইহার বিরেচন ক্রিয়া বৃদ্ধি পায়। গোয়েকম্ ও দুগ্ধের সহিত মিশ্রিত করতঃ ব্যবহারে, সেবনে দুর্গন্ধ হয়না অথচ পরিবর্ত্তক ও ঘর্ম্মকারক হইয়া উপকার করে। কিন্তু অয়েল্ অব্ বর্গেমেট্ সহ ব্যবহারেও ইহার দুর্গন্ধ নিবারিত হয়।

আময়িক প্রয়োগ। চর্ম্মরোগ সম্বন্ধে—গন্ধক, নানাপ্রকার চর্ম্মরোগে ব্যবহৃত হইতে পারে, কিন্তু তন্মধ্যে স্কেবিস্ বা পাঁচড়া রোগে ইহার বাহ্য ও আভ্যন্তরিক প্রয়োগ বড়ই উপকার জনক। ইহার বাহ্য প্রয়োগ দ্বারা একেরাস্ স্কেবিয়াই নামক কীট নষ্ট হয়। পাঁচড়া রোগে ইহার ব্যবহার সম্বন্ধে নিম্নলিখিত ২ ৪টী নিয়ম স্মরণ রাখা কর্ত্তব্য। ডাং টীলবারি, ফক্স বিবেচনা দ্বারা নিশ্চয় করিয়াছেন যে গন্ধকের সাধারণ মলম কিঞ্চিৎ উগ্র বিধায় এরোগে একটুকু মৃদু করিয়া ব্যবহার কর্ত্তব্য (গ্রেণ ৩০ —মলম ১ আং) গন্ধক ব্যবহারের পূর্ব্বে সাবান দ্বারা ক্ষতস্থান বেশ পরিষ্কার করিয়া ফেলিবে। এককালীন শরীরের সর্ব্বস্থানে প্রয়োগ করিবে না। এই ঔষধ দ্বারা উপকার প্রাপ্ত হইয়া অধিক দিন ব্যবহার করার কোন পয়োজন নাই। পাঁচড়া রোগে গন্ধক ব্যবহারের পর একেরাস্ স্কেবিয়াই নামক কীট নষ্ট হওয়ার পর অক্সাইড্ অব্ জিঙ্ক লোশন দ্বারা ধৌত করিলেই শীঘ্র প্রতিকার লাভ হইবে। অতঃপর স্মরণ রাখা কর্ত্তব্য যে (১) উগ্র মলম ব্যবহার অনুচিত, (২) পীড়ার প্রারম্ভাবস্থায় ইহা বিস্তৃতরূপে লাগাইবে না, এবং (৩) ইহা

এককালীন অধিক দিন পর্য্যন্ত ব্যবস্থা করিবে না। উপযুক্ত নিয়মানুসারে গন্ধক ব্যবহার করিলে ইহা দ্বারা কোন অনিষ্ট ঘটিবার সম্ভাবনা নাই। অতঃপর পাঁচড়া কি অন্যান্য চুলকনা রোগে গন্ধক ১ পাউণ্ড, সাধারণ চুন ১ পাউণ্ড এবং জল ৮ পাইণ্ট মিশ্রিত করিয়া অগ্নি সন্তাপে ফুটাইবে, যখন উহার বর্ণ আরক্ত হইয়া আসিবে তখন নামাইয়া শীতল হইলে ছাঁকিয়া লইবে। এই কৌশল বাহ্য প্রয়োগার্থ অতি চমৎকার উপকারী; এমন কি ২৪ ঘণ্টা কি ৪৮ ঘণ্টায় রোগ আরোগ্য হইতে পারে।

একনি Acne, একজিমা Eczema, ইরিথিমা Erythema ইম্পিটাইগো Impetigo, ফেবাস পিটিরায়েসিস এবং অন্যান্য প্রকার চর্ম্মরোগের পুরাতন অবস্থায় ইহা দ্বারা উপকার হয়। একনি বা বয়স ব্রণ, সাধারণতঃ যুবতী দিগের ঋতুর সময় ডাঃ রিংগার নিম্নলিখিত ব্যবস্থা দিয়াছেন এবং দিনে ২।৩ বার ব্যবহারে, ইহা দ্বারা সন্তোষ জনক উপকারলাভ করা যায় যথা—

সালফার	১	ড্রাম।
গ্লিসরীণ	১	আং।
একোয়া	১০	আং লোশন।

হাঁপানি কাশি Asthma, পুরাতন কাশি Chronic Bronchitis, থাইসিস্ Phthisis (যক্ষ্মা) ইত্যাদি রোগে ব্যবহৃত হয়।

গন্ধক, দুর্গন্ধ নিবারণ জন্য জ্বালান যাইতে পারে। কোন রোগ এপিডেমিক রূপে প্রকাশিত হইলে ব্যবহৃত হয়। যেমন কলেরা রোগে ডাঃ ব্লেকুলক ১৮৪৮ খৃঃ অব্দে প্রথমতঃ ব্যবহারের ব্যবস্থা যাহির করেন। এতদ্ব্যতীত গন্ধক জ্বালাইলে তাহার ধূম দ্বারাও ঐ ক্রিয়া সম্পন্ন হইতে পারে।

পাইল্‌স্ বা অর্শ রোগে গন্ধক ২০ গ্রেণ কনফেকশন্ অব্ সেনা ১ আং একত্র মিলাইয়া ব্যবহার করা যায়। বাত রোগে ফ্লেনেল কাপড়ে গন্ধক ছড়াইয়া সন্ধীস্থান বান্ধিবে। টিনিয়া বা টেপ্ ও বার্ম্মে; গণ্ডমালা, পেয়ানিসিয়া ও ডিপ্‌থিরিয়া রোগে ইহার গুঁড়া ব্যবহৃত হয়।

ষ্ট্রিকচার অব্ দি রেক্টম, ফিসার অব্ দি এনাস্ রোগে গন্ধক, ক্রিমঅব্ টার্টার সহ ব্যবহার করিয়া বেশ ফল প্রাপ্ত হওয়া যায়।

কর্ণিক্‌ক্লকুটোনাস্ এবং সীস ধাতু ঘটিত অন্যান্য প্রকার বিষাক্ত তার

সালফার বাথস্ ও আভ্যন্তরিক রূপে সালফিউরিক এসিড মহৎ উপকারী। পারদ সেবন বশতঃ মুক্ত আস্রে গন্ধক আভ্যন্তরীক প্রয়োগ করা যায় কিন্তু এতদপেক্ষা আইয়োডাইড্ অব পটাসিয়ম্ সর্ব্বপ্রধান। পারদ সেবন বশতঃ শরীর অবস হইলে সালফার শরীর হইতে পারদ নির্গত করিয়া উপকার করে। প্রোস্থালার কনজন টাইবা রোগে গন্ধকের মলম বিশেষ উপকারী। ইহা রেড্ প্রিসিপিটেড্ অয়েণ্ট মেণ্টের ন্যায় ব্যবহার করিবে।

MAGNESIA.

মেগ্নেশিয়া ধাতু।

মেগ্নেশিয়া লেবিস। লাইট্ মেগ্নেশিয়া।

Magnesia Levis Light Magnesia.

ক্রিয়া—১০—২০ গ্রেণ এণ্টাসিড; ৩০—৯০ লেক্সেটিব্; বালক দিগের পক্ষে ২—১০ গ্রেণ। ইহা কতক দিবস ব্যবহার করিলে, অশোষিত হইয়া প্রস্রাব ক্ষারাক্ত করিয়া ফেলে। সুতরাং প্রস্রাবে ইউরিক এসিড্ ও ইউরেটস্ অধিক হইলে ব্যবহার করা যায়। ইহার ক্রিয়া মৃদু বিধায় বালক দিগের পক্ষে বেস উপযোগী। ইহা কিয়ৎ পরিমাণে দুগ্ধ অথবা জলার্বিসহ দেওয়া যায়। মিনারেল এসিড দ্বারা বিষাক্ত হইলে বিষনাশার্থ ইহা ব্যবহার হয়।

আময়িক প্রয়োগ—অম্লাধিক্য রোগে Cardialgia কারডিয়েল জিয়া, Vomiting ভমিটিং এবং পাকস্থলির উত্তেজনায় ১৫—২০ গ্রেণ মাত্রায় বেস উপকারী।

In the Heart burn of Pregnency বা গর্ভাবস্থায় বুকজ্বালা রোগে ডাং সিমস্ নিতান্ত উপকারী মনে করেন।

Magnesia Carbonas Levis Light carbonate of magnesia.

মেগ্নেশিয়া কার্ব্বনাস্ পণ্ডরেসাম্। ১। হেবি কার্ব্বনেট অব্ মেগ্নেশিয়া।

মেগ্নেশিয়া কার্ব্বনাস লেবিস। ২। লাইট্ কার্ব্বনেট অব্ মেগ্নেশিয়া।

প্রয়োগরূপ

১। লাইকর মেগ্নেশিয়া কার্ব্বনেটিস্—মাত্রা ১—২ আং বা ফ্লুইড মেগ্নেশিয়া।
২। লাইকর মেগ্নেশিয়া সাইট্রেটিস্ মাত্রা ৫—১০ আং
মাত্রা—১০—৬০ গ্রেণ উভয় প্রকার।

ক্রিয়া। ২০-৬০ গ্রেণ মাত্রায় বিরেচক ক্রিয়া প্রকাশ করে। ১০—২০ গ্রেণ অম্লনাশক। বালক দিগের বিরেচনার্থ ইহা বিশেষ রূপে ব্যবহৃত হয় এবং ২-৫ গ্রেণ মাত্রায় একোয়া এমিনির সহিত অথবা সামান্য পরিমাণ রুবার্ব্বসহ বিধান করিবে। ইহার সহিত দুগ্ধ মিশ্রিত করিয়া ব্যবহার কর্ত্তব্য। ইহা অন্ত্রে সঞ্চিত হইয়া খারাপ ফল প্রসব করে। কোন এক ব্যক্তির মৃত্যুর পর তাহার শবদেহ কর্ত্তিত হইলে, কয়েক পাউণ্ড পরিমাণ কার্ব্বনেট্ অব্ মেগ্নেসিয়া কোলনে সঞ্চিত দেখা গিয়াছিল।

আময়িক প্রয়োগ। কার্ব্বনেট্ অব্ মেগ্নেসিয়া, কিঞ্চিত এরোমেটিকস ওয়াটার ও বিটার ইনফিউশনসহ ব্যবহার করিলে অম্লাধিক্য নিবারণ করে। গর্ভাবস্থায় বমিত পদার্থ সহ এসিডের ভাগ অধিক থাকিলে, ইহা ব্যবহারে নিশ্চয়প্রতিকার লাভ করিবে। গর্ভাবস্থায় কার্ডিয়েলজিয়া রোগে অন্যান্য ঔষধাপেক্ষা ইহা বেশ উপকারী। আহারের অব্যবহিত পরই ব্যবহার কর্ত্তব্য। পাইরোসিস্ রোগেও কখন কখন ইহাদ্বারা উপকার করে।

বালকদিগের ডায়েরিয়া রোগে Diarrhœa অল্প পরিমাণ সুগন্ধি দ্রব্য ও রুবার্ব্বসহ ব্যবহৃত হইতে পারে। মুখের Apthus ulcerations বা এপথাস আল্সারেশন রোগেও প্রায়োজ্য। প্রস্রাবে লিথিক এসিড্ ও ইউরীক এসিড্ সঞ্চিত হইয়া পাথরি রোগ উৎপাদন করিলে নিম্নলিখিত ব্যবস্থা অন্যান্য ঔষধাপেক্ষা উপকারী।

R.

Magnesia carb—*gr.* vi

Potass Bicarb—*gr.* xii

Potassæ Tart—*gr.* xv

m. ft. Pulv.

ক্রনিক গাউট্ রোগে বেশ উপকারী। ছেলেদের উদরাধ্মান রোগের এরোমেটিকওয়াটার সহ বেশ উপযোগী।

অক্জ্যালিক এসিড ও অন্যান্য প্রকার উগ্র মিনারেল এসিড্ দ্বারা বিষাক্ত হইলে, বিষনাশার্থ কার্ব্বনেট্ অব্ মেগ্নেশিয়া মূল্যবান ঔষধ

Diabites বা বহুমূত্র রোগে ডাং উইলিস কার্ব্বনেট্ অব্ মেগ্নেশিয়াকে অতি শ্রেষ্ঠ বিবেচনা করেন। মিঃ পি ফিলিপস্ ২টী বহু মূত্র গ্রস্থ রোগীর চিকিৎসা করিয়া বেশ উপকার লাভ করিয়াছেন। অল্পদিন মধ্যেই প্রস্রাব হইতে শর্করা দূরীভূত হইয়া, পিপাসা ও অন্যান্য লক্ষণ তিরোহিত হইয়াছিল। যদিও ইহা দ্বারা কোন কোন সময় বেশ উপকার হয়বটে কিন্তু আরোগ্য পক্ষে নিশ্চয়জনক ঔষধ নয়।

Herpes zoster বা হার্পিজ্ জোষ্টার রোগে ডাং এ, টি, টমশন্ নিম্ন লিখিত ব্যবস্থা দেন। যথা—

Re.

Mag. carb gr. xr

Vin. colchici

Tinct opii aa f ℥ ss

Mist Camphor oz i haust

Magnesia Citras — Citrate of magnesia.

মেগ্নেশিয়া সাইট্রাস। — সাইট্রেট্ অব্ মেগ্নেশিয়া।

মাত্রা—২—৪ ড্রাম পর্য্যন্ত।

ক্রিয়া। ইহা বেশ মৃদু বিরেচক ইহার ক্রিয়া সল্‌ফেট্ অব্ মেগ্নেশিয়া অপেক্ষা অনেক মৃদু।

আময়িক প্রয়োগ। সূতিকা জ্বরে কি সূতিকাবস্থায় প্রাদাহিক জ্বরে ও ব্যবহার্য্য। ইহার সহিত ফ্লুইড্ মেগ্নেশিয়া ১০ ড্রাং মিশ্রিত করিয়া উচ্ছলিত অবস্থায় সেবন করিবে। ইহা হাইড্রোকিফেলাস্, স্নায়বিক ও আঘাত জনিত শিরঃপীড়ায় ব্যবহার হয়।

Sodæ Tartarata — Tartarated
সোডা টারটারেটা। — টারটারেটেড

সাধারণ নাম রোসেলি সাল্ট

নামান্তর। সোডিএট্ পটাসি টারট্রাস্।

মাত্রা—২—৪ ড্রাম পর্য্যন্ত বিরেচক।

ক্রিয়া। ৩০—৬০ গ্রেণ মাত্রায় মূত্রকরণার্থ ব্যবহৃত হয় এবং ২—৪ ড্রাম মাত্রায় কেথারটিক্স। *dr.* ii

ইহা সিড্ লিজ্ পাউডার প্রস্তুত করনার্থ বিশেষ আদরের সহিত সর্ব্বদা ব্যবহৃত হইয়া থাকে যথা—

Re. Seidlitz Powders

Sodi et Pot. Tart. *gr* 120

Sodi Bicarb. *gr*. 40

উপরোক্ত ২টী ঔষধ দ্বারা

১টী পুরিয়া প্রস্তুত করিবে।

Re.

Acid Tartaric gr. 30

উপরোক্ত ১টী ঔষধ দ্বারা

১টী পুরিয়া প্রস্তুত কবিবে।

উপরের লিখিত প্রত্যেকটী পাউডার স্বতন্ত্র পাত্রে ২ আং জলের সহিত বেশ মিশাইয়া তৎপর একটী পাত্রের ঔষধ অপর পাত্রে ঢালিলে যখন উচ্ছ-লিত হইয়া উঠিবে, তখন সেবন করিবে। সাধারণতঃ ইহা দ্বারাই ২। ১ বার বেশ তরল বাহ্য হইয়া যায়।

ইহা অল্প মাত্রায় ব্যবহারে প্রস্রাবে ক্ষারদোষ জন্মায় কিন্তু অধিক মাত্রায় বিরেচনার্থ ব্যবহারে, তৎপ্রতি দৃষ্টি করা হয় না। গাউট্ ও রিউমেটিজম রোগে যখন ইউরিক্ এসিড্ ও ইউরেটস্ সঞ্চিত হইতে থাকে, তখন টার টারেটেড্ সোডা বিশেষ উপযোগী। কিন্তু ফস্ফেটস্ বর্ত্তমান থাকিলে ব্যবহার্য্য নহে।

এতদ্ব্যতীত নানা প্রকার জ্বরের অবস্থায় অথবা সুতিকা-জ্বরে, রিফ্রেজারি বিশেষ আদরের সহিত ব্যবহৃত হয়।

Potassæ Tartras acida — Acid Tartrate of Potash.

পটাসিঙ টারট্রস্ এসিডা। — এসিড্ টারট্রেট্ অব্ পটাস্।

অন্যনাম—বাইটারট্রেট অব্ পটাস্ ও ক্রিম্ অব্ টারটার।

মাত্রা—২০—৬০ গ্রেণ।

ক্রিয়া। ২০—৬০—গ্রেণ মাত্রায় বেস জলের সহিত বারম্বার প্রয়োগ করিলে ইহার ক্রিয়া রিফ্রিজারেণ্ট ও ডাইওরেটিক। ৬০—১২০ গ্রেণ মাত্রায় মৃদু বিরেচক কিন্তু এতদপেক্ষা অধিক মাত্রায় জলবৎ ভেদ আরম্ভ হয় হাইড্রেগগস একশন আছে বলিয়া শোথআদি রোগে ব্যবহৃত হইতে পারে। ইহা অধিক দিন সেবন করিলে ক্ষুধা মান্দ্য ও শরীর শীর্ণ হইয়া পড়ে। ইহাদ্বারা বিষাক্ত হইয়া মৃত্যু হইলে পাকস্থলি ও অন্ত্রের নানা স্থানে Inflammation বা প্রদাহের চিহ্ন পাওয়া যায়। জ্বরাদি রোগে অধিক জলের সহিত মিশ্রিত করিয়া প্রয়োগে, শরীরের জ্বালা নিবারিত হয়।

আময়িক প্রয়োগ। শোথরোগে—এসিড টারট্রেট্ অব্ পটাস্ একক অথবা ডিজিটেলিস স্কুইল ইত্যাদি সহ প্রয়োগ করিলে অত্যন্ত উপকার লাভ করা যায়। ইহা দ্বারা প্রস্রাবের পরিমাণ বৃদ্ধি করে, জলবৎ বাহ্যি হইয়া অল্প দিনের মধ্যেই সুন্দররূপে ফল লাভ করা যায়। অন্ততর পক্ষে ইহাও বলা যায় যে, ২। ৩ সপ্তাহের পূর্ব্বে অবশ্যই বিশেষ উপকার উপলব্ধি হয় না। স্কার্ লেটিনা পীড়ার জন্য শোথ উপস্থিত হইলে ইহার সহিত টারট্রেট অব্ আয়রণ ব্যবস্থেয়, এই বিবেচনায় এনিমিনোরিয়া রোগেও ব্যবহার্য্য।

জ্বরাদি রোগে প্রদাহ বর্ত্তমানে নিম্ন লিখিত মতে বেশ আদরের সহিত শৈত্যকারক রূপে ব্যবহার করা যায়। ১—২ড্রাম পরিমাণ এসিড্ টারট্রেট অব্ পটাস্ এক পাইণ্ট গরম জলে দিয়া তাহার সহিত কিছু লেমন সিরাপ বা সাধারণ পরিষ্কার চিনি মিশ্রিত করিলে উপাদেয় পানীয় প্রস্তুত হয়।

In Bereberi বা বেরিবেরি নামক শোথ রোগে Dr. Malcolmson

দেখিয়াছেন যে এপর্য্যন্ত কত প্রকার মূত্রকারক ব্যবহৃত হইয়াছে ক্রিম্ অব্ টার টারের ন্যায় কোন ঔষধই সন্তোষ জনক ফল প্রদর্শন করিতে পারে নাই।

পাইলস্, ও প্রলাপ্সিস্ রেক্টাই রোগে ক্রিম অব্ টার টার সহ সম পরিমাণ সল্ফার মিশ্রিত করিয়া দুগ্ধ অথবা কন্ফেকশন্ সেনার সহিত বিশেষ উপকারী। একিউট্ রিউমেটিজম্ রোগে টিংচারে সায়মাস্ সহ এসিড্ টারট্রেট্ বেশ ব্যবহারোপযোগী।

Potassœ Tartras. — Tartrate of Potash.

পটাসি টার ট্রাস। — টারট্রেট অব্ পটাস।

মাত্রা। ৬০—২৪০ গ্রেণ।

ক্রিয়া ও আময়িক প্রয়োগ। ১—৪ ড্রাম মাত্রায় ইহা জলীয় ভেদ উৎপাদন করতঃ বিরেচন ক্রিয়া প্রকাশ করে। ৬০—১২০ গ্রেণ মাত্রায় মূত্রকারক। উদরে কোন প্রকার বেদনা উদ্ভব না করিয়া, সমস্ত ইন্টেষ্টাইনেল্ ক্যানেল্ মধ্যে ক্রিয়া প্রকাশ করতঃ অবিলম্বে বাহির হইয়া যায়। ডিস্পেপসিয়া, ও হিপেটিকস্ ডিজিজে কিঞ্চিৎ জ্বরের অবস্থা বর্তমান থাকিলে, ইহা বিরেচনার্থ ব্যবহেয়। গনরিয়ার প্রারম্ভে এবং একিউট অবস্থাগত হইলে, তৎপর টারট্রেট্ অব্ আয়রণ সহ বিধেয়।

Potassœ Sulphas. — Sulphate of Potash

পটাসি সালফাস্। — সাল্ফেইট্ অব্ পটাস্।

মাত্রা।—১৫—৬০ গ্রেণ।

ক্রিয়া। ইহা ১৫—৬০ গ্রেণ মাত্রায় বিয়াই সহ বেশ নির্দ্দোষীত অবস্থায় মৃদু ক্রিয়া প্রকাশ করে। কিন্তু ১—২ আং মাত্রায় ভয়ানক বিষক্রিয়া করে। এমন কি কোন স্থলে মৃত্যু পর্য্যন্তও ঘটিয়া উঠে। ফ্রেন্সদেশে ইহা গর্ভপাত জন্য ব্যবহৃত হয়। ইহা দ্বারা দুগ্ধ উৎপাদন রোধ করে।

আময়িক প্রয়োগ। ডিস্পেপসিয়া ও হিপেটিকস্ পীড়ায়, জণ্ডিস্ ও রক্ত প্রধান ধাতু প্রকৃতিতে বেশ ব্যবহার করা যায়।

বালকদিগের বিরেচনার্থ ইহা নিম্নলিখিত ব্যবস্থানুসারে প্রয়োগ করা যায় যথা—

Re.

Potass Sulphas dr. I

Syrup Rhei dr. IV

Aqr. Carui ad oz. II

m.

Dose—a tea spoonful for a child age 6 years.

Sodæ Phosphas. Phosphate of Soda.

সোডিফস্ফাস্। ফস্ফেইট্ অব্ সোডা।

মাত্রা।—২— ৮ ড্রাম বা ১ আং পর্য্যন্ত।

ক্রিয়া। ½ —১ আং মাত্রায় ইহা বিরেচক। ইহার আস্বাদ লবণের ন্যায়, সুতরাং ইহা ব্রথ ও সুপের সহিত লবণ রূপে ব্যবহৃত হইয়াছে। মাতৃশূন্য বালকদের পানীয় দুগ্ধে ২ গ্রেণ মাত্রায় মিলাইয়া ব্যবহার করিলে দুর্ব্বলতা নিবারণ করে।

আময়িক প্রয়োগ। ইহা লিথিক এসিড্ দ্রব করনার্থ, ডাং গোলডিং বার্ড প্রয়োগ করিয়া বড়ই সন্তোষ জনক উপকার প্রাপ্ত হইয়াছেন। অন্যান্য নানাপ্রকার ঔষধ ব্যর্থ হইলে, তিনি ইহা ব্যবহার করেন এবং অতি সামান্য সময় মধ্যেই উপকার লাভ করিয়া ছিলেন। ক্রনিক Gout গাউট রোগে ইহা ব্যবহৃত হয় এবং গাউট রোগে কাহারও মতে বাহ্যিক ব্যবস্থেয়।

শিশুদিগের জণ্ডিস্ ও সাদা মলযুক্ত উদরাময় রোগে ব্যবহৃত হইতে পারে। কোন কোন সময় গ্রে পাউডার সহ বিশেষ উপকারী।

ডায়বিটিস্ রোগে ডাং লেথাম, ডাং প্রাউট, ও অন্যান্য ডাক্তারগণ ব্যবহার করিতে অনুমতি দেন।

মেনা।

MANNA.

মাত্রা। ১ ড্রাম হইতে ১ আং পর্য্যন্ত।

ক্রিয়া। ইহা মৃদু বিরেচক। ইহার আস্বাদ মিষ্ট ও ক্রিয়া মৃদু বিধায় বালক দিগের পক্ষে বিশেষ উপযোগী; কিন্তু ইহা দ্বারা উদরে বায়ু উৎপাদন করিয়া পেট কামড়ানি উপস্থিত করে।

Cassiæ Pulpa. Cassia pulp.

কেসিয়া পাল্পা। কেসিয়া পাল্পা।

মাত্রা। ১—২ ড্রাম মাত্রায় লেক্সেটীব।
২—৪ ড্রাম মাত্রায় কেথারটীক্স।

ক্রিয়া। ইহা ব্যবহারে বমনোদ্রেক, পেটফাঁপা ও পেট কামড়ানি উৎপাদন করে, তন্নিবারণার্থ কোন সুগন্ধি বায়ুনাশক ঔষধ বা নিউট্রেল সালট্ সহ বিধান করা যায়।

ইহার পত্র এবং বীজ ও বিরেচনার্থ ব্যবহৃত হইতে পারে। ইহা কন্‌ফেক্‌শন্ অব্ সেনা প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

ক্যাষ্টের অয়েল্।

Olium Ricini. Castor oil.

মাত্রা। ১ ড্রাম হইতে ১ আউন্স বা ততোধিক।

ক্রিয়া। সমস্ত বিরেচক ঔষধের মধ্যে কেষ্টর অয়েলকেই আমরা অত্যন্ত আদরের সহিত প্রতিনিয়ত ব্যবহার করিয়া থাকি। শিশুদিগের পক্ষে, সুতিকাবস্থায়, অন্নবহা নালীর কোন প্রকার প্রদাহে, জেনিটো ইউরিনেরি অর্গেন্সের কোন কোন অবস্থায় অথবা অস্ত্রোপচারের পর বিরেচনার্থ ৩ড্রাম হইতে ৮ ড্রাম মাত্রায় প্রয়োগ করিলে ৩।৪ ঘণ্টার মধ্যে বিনাকষ্টে ৪।৫ বার বাহ্যি হইয়া যায়। কেষ্টর অয়েল সেবনে নিতান্ত বিস্বাদ ও বমনোদ্রেক হয় বলিয়া অধিকাংশ রোগীই ইহা সেবনে অস্বীকৃত হয়, তন্নি-

বারণার্থ ইহারা সহিত ষ্ট্রংকফি, দুগ্ধ অথবা সুগন্ধি জলের সহিত মিশ্রিত করিয়া ব্যবহার করা যায়। গ্লিসিরিন, লিমনজুস ও টীং কার্ডেমম্ কম্পাউণ্ড সহ ইমলসন্ রূপে ব্যবহার করিলে দুর্গন্ধ নিবারিত হয়। কোন কোন সময় ক্যাপসূল্ আকারে ব্যবহৃত হইতে পারে। ইহার ক্রিয়া অন্ত্রের মিউ-কাস্ মেম্ব্রেনের উপর প্রকাশ করে, পিচকারী দ্বারা ভেইনে ইনজেক্‌ট্ করিলে অথবা উদরোপরি মর্দ্দন করিলে বিরেচন ক্রিয়া প্রকাশ পায়। সাধারণতঃ শিশুদের বিরেচনার্থ উদরোপরি মর্দ্দন করা হয়।

আময়িক প্রয়োগ। ডিস্‌পেপশিয়া সহযোগে প্রদাহলক্ষণ ও ডিউডিনমে এবং পাই লোরাসে নাড়ী সম্বন্ধীয় কোন প্রকার উত্তেজনা বর্ত্তমান থাকিলে ব্যবহার্য্য। এটনিক ডিস্‌পেপসিয়া রোগে বমনোদ্রেক ও বমি হইয়া বড়ই কষ্ট দায়ক হয়, সুতরাং না দেওয়া কর্ত্তব্য। গ্যাষ্ট্রিক আলসারে অল্প মাত্রায় ব্যবহার করা যায়।

ইন্‌টেষ্টাইনেল্ কলিক বর্ত্তমানে কখন ২ ইহা ব্যবহারে কোন প্রকার উত্তেজনা না জন্মিয়া সহ্য হয়, তখন ১—২ ড্রাম মাত্রায় ১০—২০ ফোটা টিংওপিয়ম ও অয়েল অফ্ মেন্থা পিপসহ বিধানকরিলে বেশ উপশম বোধহয়।

দূষিত মলের জন্য কলেরা হইলে কি অন্ত্রের কোন উত্তেজনা বর্ত্তমানে ডায়েরিয়া হইলে এবং অতিসার রোগের প্রথমাবস্থায় যখন অন্ত্রে সঞ্চিত মল নির্দ্ধারণ হয় তদবস্থায় টিংওপিয়ম্ সহ অত্যন্ত উপকারী। হেবিচুয়েল কনষ্টি পেশনে কেষ্টর অয়েলের তুল্য উপকারী বুঝি আর নাই। ইহা দ্বারা কোন প্রকার যন্ত্রণা না হইয়া উদ্দেশ্য সিদ্ধ হয়। ক্রিয়ার মাধুর্য্য বিধায় বালক ও গর্ভবতী স্ত্রীলোক দিগের পক্ষে বেশ উপযোগী।

টাইফাস্ কি অন্যান্য জ্বরে Bedsore বা শয্যাক্ষত উৎপন্ন হইলে অংশ কেষ্টর অয়েল ১ অংশ বাল্ সাম্ অব্ পিক মিশ্রিত করতঃ এক খানা ন্যেকড়ায় মাখাইয়া, ক্ষতোপরি স্থাপন পূর্ব্বক তদুপরি তিসির পুল্‌টিস্ দিবসে ২। ৩ বার পরিবর্ত্তন করিয়া দিলে, অতি দ্রুত আরোগ্যোন্মুখ হয়।

কেষ্টের অয়েল্ নিম্নলিখিত মতে ইমলশন্ রূপে ও ব্যবহার্য্য।

℞.
Oil Ricini—℥ iv
Sugar—dr. i
Pulv acacia—dr. i
Aq. anithi ad—dr. x
℞.
Oil Ricini dr. iv
Glycerine dr. ii
Syrup dr ii
Tinct Lavnd co. m. xx

Rhei Radix. — Rheubarb Root.
রিয়াই রেডিক্স্ — রুবার্ব্ব।

রেউচিনি,

প্রয়োগ রূপ ৭ টী যথা—

১।	ইন্‌ফিউজনরুবার্ব্।	মাত্রা—১—২ আং।
২।	কম্পাউণ্ড রুবার্ব্ পিল।	মাত্রা—৫—১০ গ্রেণ।
৩।	কম্পাউণ্ড্ রুবার্ব্ পাউডার্।	মাত্রা—২০—৬০ গ্রেণ।
৪।	টিংচার্ অব্ রুবার্ব্।	মাত্রা—৪—৮ ড্রাম।
৫।	সিরপস্ অব্ রুবার্ব্।	মাত্রা—১—৪ ড্রাম।
৬।	ওয়াইন্ অব্ রুবার্ব্।	মাত্রা—১—২ ড্রাম।
৭।	একষ্ট্রাকট্ অব্ রুবার্ব্।	মাত্রা—৫—১৫ গ্রেণ।

মাত্রা—৫—২০ গ্রেণ।

ক্রিয়া। ষ্টমাকিক। প্রথমতঃ বিরেচক, তদনন্তর সঙ্কোচক। ইন্‌টেষ্টাইনের মাস্‌কিউলার একশন্ বাড়াইয়া বিরেচন ক্রিয়া প্রকাশ করে। ইহা সাধারণতঃ ইন্‌টেষ্টাইনের সমস্ত অংশের উপরই ক্রিয়া দর্শায় বিশেষতঃ ডিউ-ডিনমেই অধিক। কেহ কেহ বিবেচনা করেন যে ইহা দ্বারা বিলিয়ারি সিক্রিশন্ বৃদ্ধি করে কিন্তু তদ্বিষয়ে অনেক সন্দেহ রহিয়াছে। ইহা ষ্টমাকের বল বিধান করিয়া পরিপাক শক্তি ও ক্ষুধা বৃদ্ধি করে। রেউচিনি ব্যবহার করিলে প্রস্রাব রক্তবর্ণ ধারণ করে এমন কি সময় সময় হিমেটিউরিয়ার সহিত ভ্রম হইতে পারে কিন্তু উত্তাপ প্রয়োগ করিলে রক্ত জমিয়া গিয়া বর্ণ

দূরীভূত হইয়া যায়। কার্ব্বনেটেড্ এল্কেলিস্ সহ ইহার বিরেচন শক্তি বৃদ্ধি করে ও বিরেচনান্তর সঙ্কোচন দূর করে। নব প্রসূতিকে সেবন করাইলে স্তন্যপায়ী শিশুরও বিরেচন হয়। ক্রিয়ায় মাধুর্য্য বিধায় ইহা বালক ও সুতিকাগ্রস্থ স্ত্রী লোক দিগকে দেওয়া যায়।

আময়িক প্রয়োগ। ডিসপেপ্‌শিয়া রোগে অনেকানেক বিজ্ঞ চিকিৎসক ইহার প্রতি অনুরাগ প্রকাশ করেন।

বালকদের কোষ্ঠবদ্ধে রিয়াই সহ মেগ্নেশিয়া মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে বিশেষ উপকার দর্শে কিন্তু একটুকু সঙ্কোচক শক্তি আছে বলিয়া ব্যবহারে মত ভেদ রহিয়াছে।

হেবিচুয়েল কনষ্টিপেশন্ রোগে নিয়মিত মাত্রায় যথা (Pil Rhei co. Pill colocynth co Aloes grs. 3–2 Pulv capsici gr. i) খাদ্য দ্রব্য সহিত ব্যবস্থেয় অথবা প্রত্যহ রোগে দরকার অনুসারে দিবে।

সুতিকাবস্থায় ২০—৩০ গ্রেণ মাত্রায় কিঞ্চিৎ এরমেটিক ওয়াটার সহ অথবা যে অবস্থায় কেষ্টর অয়েল নিষিদ্ধ, তদবস্থায় বেস দেওয়া যায়। স্ত্রী লোক-দিগের কোষ্ঠবদ্ধ হইলে, নিরক্তাবস্থায় মন্দনয়।

ডাইরিয়া রোগে রেউচিনি নিতান্ত উপকারী। ইহা দ্বারা ২ প্রকার উদ্দেশ্য সাধিত হয় যথা (১) অন্ত্র হইতে কোন প্রকার দূষিত ও উত্তেজক মল নির্গত করন (২) বিরেচনান্তর সঙ্কোচক শক্তি দ্বারা পীড়া দূরীভূত করা।

উপরোক্ত পক্ষে ব্যবহারের পর বিরেচনানন্তর চক মিকচার কি ওপিয়ম ব্যবহার কর্ত্তব্য।

বালক দিগের উদরাময় রোগে অন্যান্য ঔষধাপেক্ষায় নিম্ন লিখিত ঔষধ বিশেষ উপকারী।

Re.

Tinit Rhei dr. II
Mag sulph dr. I
Syrup zinger dr. I
Aqua carui dr. IX
M. doses—dr. I, three times a day for a child 1 year.

উপরোক্ত ঔষধ ১ ড্রাম মাত্রায় ১ এক বৎসর বয়স্ক বালককে দিনে তিন-বার দেওয়া যায়।

Gout গাউট রোগে রেউচিনি, পীড়ার বিশ্রাম অবস্থায় অথবা পেরক্সিজম আসার পূর্ব্বে উপকার জনক। সার এইচ্ হ্যালফরড্ বলেন রেউচিনি সহ অল্প পরিমাণ কার্ব্বনেট অব্ মেগ্নেশিয়া ব্যবহার করিলে বিশেষ উপকার হয়; ইহা প্রত্যেক রোজ প্রাতে অথবা রাত্রিতে শয়নাবস্থায় ব্যবস্থেয়।

যুবতী স্ত্রীলোক দিগের আর্টিকেরিয়া বা আমবাত রোগে ইহা বেস উপকারী। ছেলেদের মুখের এপ্থা রোগে ও ব্যবহার করাযায়। ড্রপসি ও ডায়েবিটিস্ রোগে ব্যবহারে বেশ উপকার হয়।

সাধারণ কোষ্টবদ্ধ অবস্থায় বালক ও স্ত্রীলোক দিগের পক্ষে নিম্নলিখিত রেড্ মিক্শ্চার অত্যন্ত উপকারী যথা—পালভঃ রিয়াই ১০ গ্রেণ, মেগ্নেসিয়া কার্ব্বনেট ১০ গ্রেণ, স্পীট্ এমোন এরোমেট ২০ ফোটা; একোয়া সিনেমন ১ আং বাহ্যি নাহওয়া পর্য্যন্ত ব্যবহার্য্য।

Jalapa | Jalap
জ্যালাপা। | জ্যালাপ।

ইহার প্রয়োগ রূপ ৪ টী।

১। একষ্ট্রাক্ট অব্ জালাপ—মাত্রা—৫—১৫ গ্রেণ।

২। কম্পোণ্ড জালাপ পাউডার—মাত্রা—২০—৬০ গ্রেণ।

৩। টিংচার অব্ জালাপ—মাত্রা—½—২ ড্রাম।

৪। রেজিন্ অব্ জালাপ—মাত্রা—২—৫ গ্রেণ।

মাত্রা—১০—৩০ গ্রেণ যুবক দিগের জন্য। ২—৫ গ্রেণ বালক দিগের জন্য।

ক্রিয়া। বিরেচক। ইহা ব্যবহারে অতি সিঘ্র বিরেচণ ক্রিয়া প্রকাশ করে এবং জলবৎ বাহ্যি হইয়া পরে কোষ্ট বদ্ধকরে। ইহার বিরেচন শক্তি রেজি-নের উপর নির্ভরকরে। জেলাপ ব্যবহারে কাহারো কাহারো বমি বা বমনো-দ্রেক প্রকাশ পায় এবং গ্রাইপিং পেইন উৎপাদন করে। এসিড্ টারট্রেট অব্ পটাসসহ ইহার বিরেচন সক্তি বৃদ্ধিকরে। পালভ জেলাপ কম্পাউণ্ড

ব্যবহারার্থ বিশেষ উপযোগী। জেলাপ্ পাউডার ব্যবহার সময় কেম্ফার সহ মিশ্রিত করিয়া বিধান করিলে গ্রাইপিং পেইন্ কমায় অথচ বিরেচন বৃদ্ধি করে।

আময়িক প্রয়োগ। In dropsical affections অর্থাৎ ড্রপসিকেল এফেকশনে পালভ জেলাপ কম্পাউণ্ডের ন্যায় উপকারী বুঝি আর নাই, ইহা ৬০ গ্রেণ মাত্রায় ব্যবহার করা হয়। অথবা নিম্নলিখিত ব্যবস্থামত ও প্রয়োগ করা যায়। যথা—

Re.

Palv Jalap co gr XX to XXX.

Potass Bitart gr. V—X—XV.

Oil carui—m. II

Aqua— oz ½

উপকার না হওয়া পর্য্যন্ত ব্যবহার করা যায়।

In constipation বা কোষ্ঠ বদ্ধাবস্থায়। ইন্‌টেষ্টাইনের এটনি অবস্থায় কোষ্টবদ্ধ হইলে জেলাপ, কেলোমেল্‌সহ ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শে। গাউট রোগ বশতঃ কোষ্টবদ্ধ রোগে নিম্নলিখিত ব্যবস্থা বেশ উপকার জনক যথা—

Re.

Palv Jalap ℈ ss

Tinct Hyosciam

Spt. Lavend aa ʒ ss

Vin Colchi—ʒ ss

Aq—ad oz. 1

ft. m. hust.

প্রায় অধিকাংশ বিরেচকেরই ক্রিমিনাশক গুণ আছে। জেলাপ, কেলোমেল সহ বিধান করিলে ক্রিমিনাশক হইয়া উপকার করে। বালক দিগের পক্ষে ইহা সম্পূর্ণ নিষিদ্ধ।

Sennæ Folia | **Senna Leaves**

সেনা ফোলিয়া। | সেনা লিভস্।

ইহার প্রযোগ রূপ ৬টী।

১।	কন্‌ফেক্‌শন্ অব্ সেনা।	মাত্রা—১—২ ড্রাম।
২।	ইন ফিউশন অব্ সেনা।	মাত্রা—১—২ আং।
৩।	মিশ্‌চুরা সেনা কম্পজিটা।	মাত্রা—১—১২ আং।
৪।	পাল্‌বিস্ গ্লিসরিজা কম্পঃ।	মাত্রা—॥০—১ ড্রাম।
৫।	সিরাপ্ অব্ সেনা।	মাত্রা—১—৪ ড্রাম।
৬।	টিংচার অব্ সেনা।	মাত্রা—১—৪ ড্রাম।

ক্রিয়া। সেনা অতি উৎকৃষ্ট উত্তেজক-বিরেচক। ইহার বিরেচন ক্রিয়া স্মলইন্ টেষ্টাইনে সম্যক প্রকাশ পায়। অগ্রে মিউকাস্ সিক্রিশন বৃদ্ধি করতঃ ও তৎপর পেরিষ্টল্টিক্ শক্তি বৃদ্ধি করিয়া বিরেচন ক্রিয়া প্রকাশ করে। ইহা দ্বারা মল তরল হইয়া বহির্গত হয়। সেনা ব্যবহারের পর কোষ্ঠ কাঠিন্যতা বিশেষ দেখা যায় না। গ্রাইপিংপেইন দূরীভূত করণার্থে পরিষ্কার চিনির সহিত মিশ্রিত করিয়া প্রয়োগ করা হয়। বিটার টনিকস্, কেম্ফার, গোয়েকম, সালফেট্ অব্ সোডা ও মেগ্‌নেশিয়া সহ বিধান করিলে ইহার বিরেচন শক্তি বৃদ্ধি প্রাপ্ত হয় এবং কার্ব্বনেটস্ অব্ এলকেলিস্ ও বেউ চিনি সহ ইহার ক্রিয়া মৃদু হইয়া পড়ে। ষ্ট্রংকফি, দুগ্ধ ও চিনি সহ ইহার বমনোদ্রেক দোষ নিবারিত হয়। কেহ ২ বিবেচনা করেন ইহার পত্র দ্বারা উদরোপরি ফোমেণ্ট করিলেও বিরেচন ক্রিয়া প্রকাশিত হয়। স্তন্য পানে, ইহার ক্রিয়া প্রসূতি হইতেও শিশুতে প্রভাবিত হয়।

আময়িক প্রয়োগ। Habitual constipation বা হেবিচুয়েল কনষ্টিপেশন্, Constipation of Pregnency বা কনষ্টিপেশন্ অব্ প্রেগ্‌নেন্‌সি এবং পিউয়ার পারেল ষ্টেটে কন ফেক্‌শন অব সেনা (The old Lenitive Electuary) বিশেষ উপকারি। অর্শ ঘটিত উপদ্রবেও কন্ ফেক্‌শন্ অব্ সেনা বা লেনিটিব্ ইলেক্‌চুয়েরি ব্যবহার করা যায়।

এটনিক ডিস্‌পেপশিয়া সহ কনষ্টিপশন থাকিলে ইনফিউশন্ অব সেন.

ওজেনৃশিয়েন সমপরিমাণে মিল্যাইয়া ব্যবহার করিলে সন্তোষ জনক উপকার লাভ করা যায়।

Magnesæ Sulphas — মেগ্নেশিয়া সালফাস।

Sulphat of Magnesia — সাল্‌ফেট অব্ মেগ্নেশিয়া।

General name *Epsomsalt.*

ইহার প্রযোগরূপ মাত্র ১টী।

সামান্য নাম এপ্‌সম্ সাল্ট্।

১। এনিমা অব্ সালফেট্ অব্ মেগ্‌নেশিয়া। ইহাকে সাধরণতঃ কেথাটিক্‌স এনিমা কহে।

মাত্রা ১—৪ ড্রাম।

ক্রিয়া। ১২০ গ্রেণ হইতে ১ আং পর্য্যন্ত ইহা বিরেচক। জলের সহিত কি ইন্‌ফিউসন অব্ সেনা সহ ব্যবহার কর্ত্তব্য। ইহার ১টী ক্রিয়া রিফ্রিজারেণ্ট। ব্যবহার করিলে নাড়ীর গতি মৃদু করে, এবং সামান্য পরিমাণে দুর্ব্বলতা আনয়ন করে। ইহাদ্বারা উদরে বায়ু জন্মে, তন্নিবারণার্থ কার্ম্মিনেটিব সহ বিধেয়। ব্যবহারে বমি হইবার সম্ভাবনা, তজ্জন্য কয়েক ফোটা ডাইলিউট্ সাল্‌ফিউরিক এসিড্ সহ বিধান করিবে, এবং ইহা দ্বারা মেগনেশিয়ার বিরেচন শক্তিও বৃদ্ধি করে। সামান্যতঃ ইহা সেনা সহ মিশ্রিত করিয়াই ব্যবহার্য্য; ইহাতে গ্রাইপিং টেণ্ডেন্‌সিও দূরীভূত হয়। ইহা কম্পাউণ্ড্ ইন্‌ফিউশন্ অব্ রোজ সহ উত্তমরূপ ব্যবহার হইতে পারে। ইহার ক্রিয়া ডিউ'ডনমের উপরই বিশেষরূপ প্রকাশ করে। সেবনানন্তর বায়ুতে বাহির হইলে বিরেচন কম হয় ও মূত্র কারক ক্রিয়া বৃদ্ধি পায়।

অনেকানেক বিজ্ঞ চিকিৎসকদিগের মতে ইহা কলরার ব্যাপকতা সময় প্রয়োগ সম্পূর্ণ নিষিদ্ধ। তাঁহারা বলেন, ইহাদ্বারা পরিণামে কলরায় পরিণত হইতে পারে। আমাদের দেশবাসী ও বিষুব রেখা হইতে উত্তর দক্ষিণে ২৩ ডিগ্রি পরিমাণ স্থানবাসীগণ ইহা ব্যবহারে একটুকু অধিক পরিমাণ দুর্ব্বল হইয়া পড়ে। নানাবিধ জ্বরিয় অবস্থায় ও প্রাদাহিক পীড়াদিতে সবলকায় ও বলিষ্ঠ লোকদিগের পক্ষে ইহা সুন্দর ব্যবহার্য্য। অল্প মাত্রায়

ইহা অল্প পরিমাণ জলের সহিত ব্যবহার করিলে মূত্রকারক। কখন কখন এনিমা আকারেও ব্যবহৃত হয়। সীস ও বেরুইটা ধাতু দ্বারা বিষাক্ত হইলে ইহা বিষঘ্ন হইয়া উপকার করে।

আময়িক প্রয়োগ। নানাবিধ জ্বর ও প্রাদাহিক পীড়ার তরুণাবস্থায় এপ্‌সম্ সাল্ট্ বিশেষ উপযোগী।

কোষ্ঠবদ্ধ রোগে ইহা ইন্‌ফিউশন্ অব্ সেনা বা টিং জিঞ্জার সহ বিধান কর্ত্তব্য।

মেনোরেজিয়া, হিমেটেমেসিস্, মেলিনা, এবং জণ্ডিস্ রোগে বিবেচনা সহ প্রয়োগ করা যায়।

Black draught—সোণামুখীর ফান্ট্ সহ অল্প পরিমাণ সাল্‌ফেট্ অব্ মেগ্নেশিয়া মিশ্রিত করিয়া ব্যবহার করিলে তাহাকে সামান্যতঃ সেনা মিক্‌চার বা ব্লেকড্রাফট্ ব্যবস্থা করিয়া থাকি।

এলোজ।

১। Aloe Barbadensis. Barbadoes loses.
এলোই বারবেডেন্সিস্। বারবেডোজ এলোজ।
মাত্রা—২—৬ গ্রেণ।

২। Aloe socotrina. Socotrine Aloes.
এলোই সকট্রাইনা। সকট্রাইন্ এলোজ।
মাত্রা—২—৬ গ্রেণ।

প্রয়োগরূপ। বার্বেডোজ এলোজের ৪টি।

১। এনিমা এলোজ।
২। এক্‌ষ্ট্রাকট্ এলোজ। মাত্রা—২—৬ গ্রেণ।
৩। পাইলিউলা এলোজ। মাত্রা—৫—১০ গ্রেণ।
৪। পিল্ এলোজ এট্ ফেরি। মাত্রা—৫—১০ গ্রেণ।

সকট্রাইন্ এলোজের ৭টি।

১। এনিমা এলোজ।
২। কম্পাউণ্ড ডিকক্‌শন্ অল্ এলোজ মাত্রা—॥০—২ আং।
৩। এক্‌ষ্ট্রাক্ট এলোজ। মাত্রা—২—৬ গ্রেণ।

৪।	পিল্ এলোজ।	মাত্রা—৫—১০ গ্রেণ।
৫।	পিল্ এলোজ এট এসাফিটিডা।	মাত্রা—৫—১০ গ্রেণ।
৬।	পিল্ এলোজ এট মার।	মাত্রা—৫—১০ গ্রেণ।
৭।	ভাইনাম্ এলোজ।	মাত্রা—১—২ ড্রাম।
৮।	টিংচুবা এলোজ।	মাত্রা—১—২ ড্রাম।

ক্রিয়া। ষ্টিমিউলেটিং-পার্গেটিব্, এমিনেগগস্, ষ্টমাকিক্, কোলেগগস্, এবং এন্থাল মেন্টিকস্। ২—৬ গ্রেণ ষ্টিমিউলেটিং পার্গেটিব্। ইহার বীর্য্য এলোইন্ মাত্রা—॥০—২ গ্রেণ পর্যন্ত। এলোজের বিরেচন শক্তি এলোইনের প্রতি নির্ভর করে, সুতরাং ইহার ক্রিয়াকে ইন্ ডাইরেক্ট এমিনেগগস্ কহে। কেহ কেহ বলেন ইহা রেক্টাম ও কোলনের উপর ক্রিয়া প্রকাশ করিয়া কার্য্য দর্শায় কারণ বাহ্য ক্ষতে প্রয়োগ করিলেও ক্রিয়া প্রকাশিত হয়। বিরেচনার্থ ইহা ক্লোরোসিস্, এমিনোরিয়া, জরায়ুর দুর্ব্বলতা বশতঃ রজোঃ লোপ রোগে, নিম্ন অন্ত্র ও রেক্টমেগুটলি যুক্ত মল সঞ্চিত থাকিলে, ও শ্লেষ্মা প্রধান ধাতুতে বিশেষ যোগ্যতার সহিত ব্যবহৃত হয়। পোর্টেল সিষ্টেমের উপর ক্রিয়া প্রকাশ করিয়া পিত্ত নিসৃত করে। অধিকদিন সেবন করিলে শরীর কৃশ হইয়া পড়ে এবং অর্শ ও রেক্টামে উগ্রতা প্রকাশ পায়। অল্পমাত্রায় পাকাশয়ের বলবিধান করে এবং অধিক মাত্রায় গ্রাইপিং পেইন ও জেনিটো ইউরিনেরি অর্গেন্সের প্রদাহ উৎপাদন করে। ইহা ব্যবহারে গ্রাইপিং হয় বিধায় কিয়ৎ পরিমাণে একষ্ট্রাকট্ হায়ে মাইমাস্ সহ বিধেয়। কেম্ফারের সহিত মিশ্রিত করিয়া দিলে, ইহার উত্তেজনা দূরীভূত হয়। এলোজ, জরায়ুর উপর ক্রিয়া প্রকাশ করিয়া রজো নিঃসরণ করে।

নিম্নলিখিত অবস্থায় ইহা নিষিদ্ধ।

(১) গর্ভাবস্থায়। (২) স্ত্রীলোকদিগের ডিসমেনোরিয়া (বাধক বেদনা), মেনোরেজিয়া অথবা জরায়ুর কোন বৈধানিক পীড়ায় (৩) অর্শ-পীড়া গ্রস্থ রোগীকে ইপিকাক কি হায়েসায়েমাস্ ব্যতীত (৪) কেটামেনিয়া থাকিলে।

আময়িক প্রয়োগ। Habitual constipation, বা হেবিচুয়েল কনষ্টিপেশনে, কোলনের এটনি বর্ত্তমান থাকিলে, কুইনাইন, নাক্সভমিকা, ইপিকাক

ক্লোন স্থগন্ধি সহ বিধান করিলে যথেষ্ট উপকার হয়। Constipation of Hysteria হিষ্টিরিয়া রোগে কনষ্টি পেশন থাকিলে পিলএলোজ এট্ এসাফিটেডা উপকারী। Constipation of anæmia and chlorosis বর্ত্তমানে পিল অব্ এলোজ এট্ আয়রণ বা পিল অব এলোজ এট্ মার্ অত্যন্ত মূল্যবান। Constipation of Chronic mania বা কনষ্টি পেশন অব্ ক্রনিক মেনিয়া রোগে ইহা বেস আদরের সহিত ব্যবহৃত হয়।

এমিনোরিয়া রোগে Amenorrhœa ঋতু হইবার প্রারম্ভ সময় ১০ গ্রেণ পরিমাণ এলোজ জলে দ্রব করিয়া ছোট একটী পিচকারী দ্বারা মলদ্বারে প্রয়োগ করিলে প্রায় নিষ্ফল হয় না।

এপোপ্লেকসি বা সন্ন্যাস, কন্‌জেস্‌টিব হেডেক, এবং অর্শ হইতে রক্তপাত বন্ধ হইয়া অন্যান্য প্রকার মাস্তিষ্কিয় পীড়ায় এলোজ বিশেষ উপকারী।

ক্রনিক আরটিকেরিয়া রোগে মিঃ উইল্‌শন্ বলেন এলোজ, সাইট্রেট অব্ আয়রণ বা নাইট্রোহাইড্রো ক্লোরিক এসিড অথবা বিটার ইন্‌ ফিউশন্ সহ উপকারী।

লাইকেন্, একজিমা আদি চর্ম্ম রোগে ও ব্যবহার হইতে পারে। বেড-সোর ও ইন্‌ডোলেণ্ট্ আল্‌সারে ১ অংশ এলোজ ২ অংশ এল্‌কোহল সহ মিশ্রিত করিয়া বাহ্যপ্রয়োগ করা যায়।

Sodæ Sulphas. — **Sulphate of Soda**

সোডি সালফাস্। — **সালফেইট অব্ সোডা।**

সামান্য নাম—গ্লবার্স সাল্ট।

মাত্রা। ৪—৮ ড্রাম বিরেচক। ১—২ ড্রাম পর্য্যন্ত মূত্র কারক.

ক্রিয়া। ইহার আস্বাদ খারাপ বলিয়া ব্যবহারে লিমুনজুস সহ দিবে। ইহা জ্বর, ও ইনফ্লামেটরি ডিজিজে ক্রিমঅব টারটার সহ মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে উপকার দেয়। অল্প মাত্রায় অধিক জলের সহিত মিশ্রিত করিয়া ব্যবহার করিলে মূত্র কারক। ইহার ক্রিয়া ও ব্যবহার সলফেট অব্ মগ্নেশিয়ার অনুরূপ।

আময়িক প্রয়োগ। Opacities of the cornea বা ওপাসিটী অব্ দি

কর্ণিয়া রোগে ইহার বাহ্য প্রয়োগ বেশ উপকারী। ১—২ গ্রেণ একবারে চক্ষে প্রয়োগ করা যায়। ইহা প্রয়োগে চক্ষের জলপড়াও নিবারিত হয় (Re. Sulphate of soda gr. V. Aq. oz iv) ইহার সহিত কিঞ্চিৎ সল্ট মিলাইয়া প্রয়োগ কর্ত্তব্য।

Pharbitis Semina. Kaladana Seed.

ফার্বাইটিস্ সেমিনা। কালাডানা সীড।

প্রয়োগরূপ—

১। এক্‌ষ্ট্রাক্ট অব্ কালাডানা। মাত্রা ৫—১০ গ্রেণ।

২। টিংচার অব্ কালাডানা। মাত্রা ২—৪ ড্রাম।

৩। কম্পৌণ্ড পাউডার অব্ কালাডানা। মাত্রা ৩০—৬০ গ্রেণ।

৪। রেজিন্ অব্ কালাডানা। মাত্রা ৫—১০ গ্রেণ।

ক্রিয়া।—ব্যবহারে অত্যন্ত সুবিধা বিধায়, দেশীয় ডিস্পেন্সেরিতে সর্ব্বদা ব্যবহৃত হয়। ইহার চূর্ণ ৩০—৬০ গ্রেণ মাত্রায় বিরেচক; অল্প পরিমাণ চিনির সহিত মিশ্রিত করিয়া ব্যবহার করা যায়। কালাদানা ব্যবহারে সময় সময় উদরে সামান্য কামড় উপস্থিত হয়। ইহার সহিত অল্প পরিমাণ কর্পূর মিলাইলে প্রায় ঐ দোষ তিরোহিত হয়। ইহা জ্যালাপের অনুরূপ। সিনেমন পাউডার সহও দেওয়া যায়।

আময়িক প্রয়োগ। জ্বরাদি রোগের প্রারম্ভাবস্থায়, বিরেচনার্থ অনেক সময় ব্যবহৃত হয়। শোথ ও উদরী রোগে অনেকে ইহার ব্যবহার করিয়া থাকেন। প্রাদাহিক জ্বরে অথবা মস্তিস্কের অনেকানেক পীড়ায় দেওয়া যায়।

তিন্তিড়ী বা তেঁতুল্।

Tamarindus. Tamarind.

ট্যামারিণ্ডস্। ট্যামারিণ্ড্।

ক্রিয়া।—মৃদু বিরেচক। শৈত্য করনার্থ, জ্বরাদি রোগে অনেকে ইহার পানীয় প্রস্তুত করিয়া ব্যবহার করিয়া থাকেন। পানীয় প্রস্তুত করিতে অল্প পরিমাণ চিনি মিশ্রিত করা মন্দ নয়। ইহা দ্বারা জ্বরের বেগ

সৃষ্য করে। বিবেচনার্থ তেঁতুল জলের সহিত গুলিয়া সরলান্ত্রে পিচকারি দেওয়া যাইতে পারে। সর্ব্বদা প্রাপ্য বলিয়া ব্যবহারের বিশেষ সুবিধা। ডিসেন্টিরি রোগে পুরাতন তেঁতুল উপকারী।

Podophylli Radix. — Root of Podophyllum

পডোফাইলাই রেডিক্স। — রেজিন্ অব্ পডোফাইলাম।

প্রয়োগরূপ।

১। রেজিন অব্ পডফাইলাম। মাত্রা ¼—১ গ্রেণ।

২। টিংচার অব্ পডোফাইলাম। মাত্রা ১৫—৬০ মিনিম।

ক্রিয়া।—বিরেচক, পিত্তনিঃসারক, অল্প মাত্রায় পরিবর্ত্তক, শোষক। বাহ্য প্রয়োগে উগ্রতা সাধন করিয়া চর্ম্মে পূয় পূর্ণ দানা নির্গত করে, এই দানা শীঘ্র শুষ্ক হয় না। অধিক মাত্রায় সেবন করিলে অত্যন্ত ভেদ হয়।

ল্যাক্টীক্ এসিড্দ্বারা ইহার ক্রিয়ার হানি জন্মায় অতএব মাত্রাধিক্য বশতঃ কোন খারাপ লক্ষণ প্রকাশ পাইলে ল্যাকটিক এসিড ব্যবহার কর্ত্তব্য। বিরেচনার্থ ক্রিম্ অব্ টারটার ও জিঞ্জার সহ বিধেয়। পিত্ত নিঃসারণ ও বিরেচনার্থ হেনবেন্ বা বেলাডোনার সহ প্রযোজ্য। ইহা ব্যবহারে কখন কখন মুখআসেও রক্তো নিঃসারণ হয়। পাকাশয় ও অন্ত্রে উত্তেজনা বর্ত্তমান থাকিলে ইহা নিষিদ্ধ। ইহাদ্বারা টাইলিজম্ হয় বলিয়া ইহাকে ভেজিটেবল মার্কুরি কহে।

মাত্রা।—পডোফিলাম রেজিনের মাত্রা ¼—১ গ্রেণ পর্য্যন্ত, পিল আকারে ব্যবহার্য্য। ⅛—¼ গ্রেণ মাত্রায় পিত্তনিঃসারক, দিবসে ২। ৩ বার বিধেয়। ইহার মূল চূর্ণ ব্যবহারে সুবিধা নয়।

আময়িক প্রয়োগ। In Liver affection বা যাকৃতিক পীড়া সকলে। Jaundice বা জনডিস্ রোগে ডাঃ গার্থার বলেন যখন মলে পিত্ত দেখা না যায়, চর্ম্ম ও চক্ষুর বর্ণ যখন অত্যন্ত পিতাক্ত দেখায়, তদবস্থায় ইহা ব্যবহারে আশ্চর্য্য উপকার প্রাপ্ত হওযা যায। যকৃতে রক্তাধিক্য ও নানাপ্রকার ক্রিয়ার বৈষম্যাবস্থায় ব্যবহার্য্য। জ্বর, কাশি ও মাথা বেদনাদিতে লিভারকে উত্তেজিত করিয়া অত্যন্ত সন্তোষজনক কার্য্য করে।

কোষ্ঠবদ্ধ রোগে ডাং গর্ডেনীর ১/৪—১/২ গ্রেণ মাত্রার পিলরিয়াই কম্পাউণ্ড সহ ব্যবহার করিতে অনুমতি দেন। পাইলস রোগে ও কোষ্ঠবদ্ধ থাকিলে ব্যবহার্য্য।

গাউটরোগে পডোফিলাম অল্প পরিমাণ বেলাডোনা কি হেনবেন্ সহ বিধান করা যায়। এই প্রকার একিউটরিউমেটিজম্ Acute Rheumatism রোগেও প্রযোজ্য।

সেকেণ্ডরি সিফিলিস্ রোগে ডাং মার্শটন ও আমেরিকাবাসী চিকিৎসকগণ ১/২ গ্রেণ মাত্রায় কিঞ্চিৎ অবসাদক ঔষধ সহযোগে, পারদের পরিবর্ত্তে ব্যবহার করিতে অনুমতি দেন ডিঅবষ্ট্রুয়েণ্ট Deobstruent জন্য স্ক্রুফিউলা, সিফিলিস, রিউমেটিজম ও অন্যান্য প্রকার পুরাতন পীড়াদিতে বিধেয়।

Colocynthidis Pulpa. Colocynth.

কলসিন্থিডিস পাল্‌পা। কলসিন্থ।

প্রয়োগরূপ ৩টী।

১। কম্পোণ্ড একষ্ট্রাক্ট্ অব কলোসিন্থ। মাত্রা ৩—১০ গ্রেণ।

২। কম্পোণ্ড পিল অব কলোসিন্থ। মাত্রা ৫—১০ গ্রেণ।

৩। পিল্ অব্ কলোসিন্থ এণ্ড হায়োসায়েমাস্। মাত্রা ৫—১০ গ্রেণ।

মাত্রা।—কলোসিন্থ পালপের মাত্রা ২—৮ গ্রেণ কিন্তু এরূপ অব্যবহার্য্য।

ক্রিয়া।—অতি বিরেচক। ইহা ব্যবহারার্থে কম্পোণ্ড একষ্ট্রাক্ট ব্যবহার কর্ত্তব্য। অধিক মাত্রায় অন্ত্রস্থ মিউকাস্ মেম্ব্রেণে প্রদাহ লক্ষণ প্রকাশ করিয়া বিষ ক্রিয়া করে। অরফিলা কোন একটী লোকের উরুদেশস্থ সেলিউলার টিস্থতে ১২০ গ্রেণ প্রবেশ করাইয়া ২৪ ঘণ্টায় জীবন নষ্ট হইতে দেখিয়াছেন। ক্ষতপ্রদেশে লাগাইলেও কার্য্য দর্শায়।

আময়িক প্রয়োগ। কনষ্টিপেশন রোগে কম্পোণ্ড একষ্ট্রাক্ট বা পিল, ব্লুপিল, ইপিকাকুয়ানা, পডোফিলাম, বা নক্সভমিকা সহ ব্যবহার্য্য।

ড্রপ্‌সিকেল একেকশনে অর্থাৎ লিভারের দোষঘটিত শোথরোগে ইহা ব্যবহার্য্য কিন্তু এতদপেক্ষা ইলেটেরিয়াম শ্রেষ্ঠ।

ডিস্‌পেপশিয়া, গেষ্ট্রডিনিয়া, এপোপ্লেক্‌সি, মেনিয়া এবং নানা প্রকার মস্তিষ্কের পীড়ায় কর্পূর কি হেনবেন্‌ সহ দেওয়া যায়।

Scammonium			Scammony.
স্কেমোনিয়ম্‌।			স্কেমোনি।

স্কেমনি হইতে রেজিন প্রাপ্ত হওয়া যায়।

মাত্রা। ৩—৮ গ্রেণ পর্য্যন্ত।

রেজিন হইতে প্রয়োগরূপ ৪টী।

১।	কনফেকশন্‌ অব্‌ স্কেমোমি।	মাত্রা	১০—৩০ গ্রেণ।
২।	মিকচার অব্‌ স্কেমোনি।	মাত্রা	১—৩ আং।
৩।	কম্পোণ্ড পাউডার অব্‌ স্কেমোনি।	মাত্রা	১০—২০ গ্রেণ।
৪।	কম্পোণ্ড স্কেমোনি পিল।	মাত্রা	৫—১৫ গ্রেণ।
মাত্রা।	পিযর স্কেমোনির	মাত্রা	৫—১০ গ্রেণ।

ক্রিয়া। ড্রাষ্টিক্‌ পার্গেটিব। শ্লেষ্মা প্রধান ধাতু প্রকৃতিক লোক দিগেতে ব্যবহার্য্য এবং কোলনের ক্রিয়ামান্দ্য নিবন্ধন কোষ্টবদ্ধ রোগেও ইহা ব্যবহার হয়। ইহা ব্যবহারে সময় সময় অত্যন্ত গ্রাইপিং উপস্থিত হয়, সমস্ত অন্ত্রের উপর ইহার ক্রিয়া প্রকাশিত হয় অন্নবহা নালীতে প্রদাহ লক্ষণ থাকিলে ইহা অব্যবহার্য্য।

আময়িক প্রয়োগ। শোথ ও উদরী রোগে ইহা এসিড্‌ টারট্রেট অব পটাস কি এসিটেট্‌ অব্‌ পটাস সহ দেওয়া যায়।

মাস্তিস্কিয় রোগাদিতে ডেরিভেটিব্‌ ক্রিয়া প্রকাশ করিয়া উপকার করে।

এসকেরিডাস্‌ ভার্মিকিউলারিস্‌, এবং লাম্ব্রিকেলিস্‌ আদি কৃমি রোগে কেলোমেল সহ ব্যবহার্য্য।

Cambogia.	Gamboge.
ক্যাম্বোজিয়া।	গ্যাম্বোজ

প্রয়োগরূপ ১টী।

১। কম্পোজিট পিল অব গ্যাম্বোজ। মাত্রা ৫—১০ গ্রেণ।

মাত্রা। প্যউডার ১—৪ গ্রেণ।

ক্রিয়া। ইহা অতি বিরেচক, ও কৃমিনাশক। সেবনের পর অত্যন্ত জলবৎ ভেদ হয়, পেটে বেদনা, বমনোদ্রেক বা বমন হয় এজন্য সোপ, কার্ব্বনেট অব্ পটাস্ স্কবার্ব্ব, বা কেলোমেল সহ বিধেয়। আভ্যন্তরিক ব্যবহারে ইহা শরীরে অচোষিত হইয়া প্রস্রাবের পরিমাণ ও বর্ণ বৃদ্ধি করে। ব্যবহারার্থ ইহার পিল বেশ ব্যবহার্য্য।

আময়িক প্রয়োগ। শোথ ও উদরী রোগে ডাংক্রিষ্টিশন ইহার প্রতি বিস্তর অনুরাগ প্রকাশ করেন।

কঠিন কোষ্ঠ বদ্ধ রোগে ও কোলনের ক্রিয়া মান্দ্য নিবন্ধন কোষ্ঠ কাঠিন্য জন্মিলে ইহা ব্যবহার্য্য।

মাস্তিষ্কিয় রোগে ইহা ক্যালোমেল সহ বিধান করিলে ডেরিবেটিব্ কার্য্য করিয়া উপকার সাধন করে।

টিনিয়া বা টেইপ ওয়ার্ম্মে অল্পমাত্রায় প্রয়োগ করিলে উপকার দেয়।

Crotonis olium. Croton oil

ক্রোটনিস্ ওলিয়াম্। ক্রোটন্ অয়েল।

১। লিনিমেণ্ট্ অব ক্রোটন্ অয়েল্।

মাত্রা। ½—১ মিনিম।

ক্রিয়া। ॥—২ বা ৩ মিনিম্ মাত্রায় অতি বিরেচক। ইহা রুটীরশস্থিত শাঁস সহযোগে পিল আকারে প্রয়োগ করা যায়। রোগী পিল গলাধ করিতে অক্ষম হইলে ॥—১ কি ২ বিন্দু, চিনির সহিত মিশ্রিত করিয়া জিহ্বার মূলে স্থাপন করিলে বিনা ক্লেশে দাস্ত হইয়া যায়। শীঘ্র ক্রিয়া প্রকাশার্থে অল্পমাত্রায় বিধেয়। ইহা অব্যর্থ বিরেচক বলিয়া সন্ন্যাস ও অপরাপর মাস্তিষ্কিয় পীড়াদিতে দেওয়া যায়। ইন্টেষ্টাইনের মিউকাস্ মেম্ব্রেনের উপর বিশেষ রূপে ক্রিয়া প্রকাশ করে। কোন্ কোন ব্যক্তি অল্প মাত্রায় অত্যন্ত আসক্ত হয়, শিশু মধ্যে

পিচকারী দ্বারা প্রয়োগ করিলে মৃত্যু পর্য্যন্ত সম্ভবে, সমস্ত ইনটেষ্টাইনের মিউকাস্ মেম্ব্রেন প্রদাহিত হয়। ব্যবহারের ১ হইতে ২ ঘন্টার মধ্যে কখন কখন এতদপেক্ষা অল্প মাত্রায় বিরেচন ক্রিয়া প্রকাশ পায়।

ক্রোটন্ অয়েল এল কেলিস সহ বিধান করিলে বিরেচন ক্রিয়ার সমস্তা রক্ষা করিয়া ইহার উগ্রতা নিবারণ করে এবং ওপিয়ম সহযোগে প্রয়োগ করিলে ক্রিয়া মৃদু হয়। ইহাদ্বারা অধিক পরিমাণ ভেদ হইলে, দমনার্থ লাইম বা লিমন জুস প্রয়োগ করিলেই শিঘ্র উদ্দেশ্য সিদ্ধ হইবে। অধিক মাত্রায় ইহা অত্যন্ত প্রাদাহিক বিষক্রিয়া করে। বাহ্য প্রয়োগে ইহাদ্বারা পূয় পূর্ণ দানা নির্গত হয়। কখন কখন বাহ্য প্রয়োগে ও আচোষিত হইয়া কার্য্য করে।

নিশেধ। দৌর্ব্বল্যাবস্থায়, পাকাশয় ও অন্ত্রের প্রদাহ লক্ষণ বর্ত্তমানে নিষিদ্ধ।

আময়িক প্রয়োগ। ব্রেইনের ইনফ্ল্যামেশন জন্য উন্মত্ততা, কি মস্তিষ্কের অপরাপর রোগজন্য কঠিন কোষ্ঠ কাঠিন্যে ইহা ব্যবহার্য্য।

কলিকা পেকটোনাস Appoplexy এপোপ্লেকসি ইত্যাদি রোগে ব্যবহৃত হইতে পারে।

Tubercular meningitis বা টিউবারকিউলার মেনিন্ জাইটিস্ রোগে ১ ভাগ ক্রোটন অয়েল ৩ ভাগ ওলিব অয়েল বাহ্য প্রয়োগ এবং পটাস আইওডাইড্ আভ্যন্তরিক বিধেয়। শোথ, উদরী, টিক্‌ডলক্স, সায়েটিকা রোগে দেওয়া যায়।

পুরাতন বাত, স্নায়ুশূল, অবশতা, কি পুরাতন রোগ সকলে ইহার বাহ্য প্রয়োগ বেশ উপযোগী অধিক পরিমানে উত্তেজনা প্রকাশ পাইলে সামান্য পরিমান সোপ লিনিমেণ্ট্ মিশ্রিত করিয়া মর্দ্দন করিবে।

থাইসিস, ক্রনিক ব্রণ্ কাইটিস্, ক্রনিক নিউমোনিয়া ইত্যাদি রোগে ইহার বাহ্য প্রয়োগ মন্দনয়।

ইলেটেরিয়ম্।

Elaterium.

প্রয়োগরূপ।

ইলেটেরিন। মাত্রা $\frac{1}{40}$—$\frac{1}{5}$ গ্রেণ।

২। কম্পাউণ্ড্ পৌডার্ অব্ ইলেটেরিণ্। মাত্রা ৷৽—৫ গ্রেণ।

মাত্রা। ১/১৬—১/২—গ্রেণ।

ক্রিয়া। হাইড্রোগগ্ কেথারটিক। অল্পমাত্রায় বার বার প্রয়োগ করা উচিত এবং কখন কখন ইহা দ্বারা উদরে কামড়, বমনোদ্রেক, বমন উপস্থিত হয় সুতরাং তন্নিবারণার্থে জিঞ্জার ও ক্যাপসিকম সহ বিধান করিবে। ইহা ব্যবহারের পর অত্যন্ত ভেদ হইতে থাকে, মুখ শুষ্ক ও পিপাসা বলবতী হইয়া পড়ে, শরীর ক্রমে দুর্ব্বল হয়, বাহির বর্ণমাংস-সিদ্ধবৎ হইয়া উঠে। সাধারণ কোষ্ঠ বদ্ধে ইহা ব্যবহার কর্ত্তব্যনয়। ইলিটেরিয়ম্ ও হইর বীর্য্য উভয়ই অধিক মাত্রায় উগ্রপ্রাদাহিক বিষক্রিয়া করে।

আময়িক প্রয়োগ। ইডিমা, এনাসার্কা, ইত্যাদি হার্টের পীড়া জন্য উৎপত্তি হইলে ব্যবহার করাযায়। ব্রাইটস্ ডিজিজ জন্য ড্রাপসি উৎপন্ন হইলে এবং নানাপ্রকার কিড্নি ডিজিজে বেশ যোগ্যতার সহিত হায়োসাইমাস সহ ব্যবহৃত হইতে পারে।

নানাপ্রকার মাস্তিষ্কিয় পীড়া দিতে সুন্দর রূপ ব্যবহার করাযায়।

বামনাই কেথার্টিকস।

Rhamnus catharticus.

প্রয়োগরূপ।

১। সিরপ্ অব্ বক্ থর্ন মাত্রা—১ ড্রাম।

ক্রিয়া। অতি বিরেচক। ইহাদ্বারা পেটে কামড় উপস্থিত করে।

আময়িক প্রয়োগ। রিউমেটিজম, গাউট, শোথ, ও উদরী রোগে পূর্ব্বে ব্যবহৃত হইত কিন্তু ইদানিক ইহা পরিত্যক্ত হইয়াছে।

Rhamni Purshianicortex. Sacred Bark.

রামনাই পার্শিয়েনাই কর্টেক্স্। সেক্রেড্ বার্ক।

প্রয়োগরূপ।

১। একষ্ট্রাক্ট অব কেস্কারি স্যাগ্রাডি। মাত্রা—২—৮ গ্রেণ।

২। লিকুইড্ এক্সট্রাক্ট অব কেসকেরা সেগ্রাডা। মাত্রা ৷৽—২ ড্রাম।

ক্রিয়া। টনিকস্, পার্গেটিব, আভ্যাসিক কনষ্টিপেশনে উত্তম। অন্ত্রে কোন প্রকার উত্তেজনা হয় না।

রামনাই ফ্রানগুলি বার্টেবস।

Rhamni franguloe cortox, frangula Bark.

প্রয়োগরূপ।

১। একষ্ট্রাক্ট অব্ রামনাই ফ্রাঙ্গুলি। মাত্রা ১৫—৬০ গ্রেণ।

২। একষ্ট্রাক্ট অব্ রামনাই ফ্রাঙ্গুলি লিকুইড। মাত্রা—১—৪ ড্রাম।

ক্রিয়া। কাঁচা ছাল উগ্র বিষ ক্রিয়া করে। ইহা দ্বারা অধিক পরিমাণ বাহ্য হয়। ইহা ক্রনিক কনষ্টিপেশনে ব্যবহার্য্য।

ANTHELMENTICS CLASS.

এন্থেল্ মেণ্টিকস্ ক্লাস

বা

কৃমি নাশক ঔষধ শ্রেণী।

যে সকল ঔষধ দ্বারা অন্ত্রের ক্রিমি দিগকে নষ্ট করে, ও বহির্গত করিয়া ফেলে তাহা দিগকে কৃমি নাশক Vermifuges অর্থাৎ ভার্মি ফিউজ্ ও বলে।

কৃমি নাশক ঔষধ সকল ৪ শ্রেণীতে বিভক্ত।

১। Specific anthelmentics

স্পেসিফিক্ এন্ থেল মেণ্টিকস।

২। Mechanical anthelmentics

মিকানিকেল এন্থাল মেণ্টিক্স্।

৩। Purgative anthelmentics

পার্গেটিব্ এন্থাল মেণ্টিক্স্।

৩। Corroborant or Preventive anthelmentics

করোবোরেণ্ট বা প্রিভেণ্টিভ এন্থেল মেণ্টিক্স।

১। স্পেসিফিক্ এন্ থাল্ মেণ্টিকস্—যে সমস্ত ঔষধ স্বকীয় লুকায়িত বিষাক্ত শক্তি দ্বারা অন্ত্রস্থ কৃমি দিগকে নষ্ট করে তাহা দিগকে স্পেসিফিক ভার্মিফিউজ্ কহে যথা—কেমেলা, কুসো, ফিলিকস্মাস্, সেণ্টোনিন্, পোমগ্রেনেট, টার্পেনটাইন, ইত্যাদি ঔষধ দ্বারা কৃমি সকলের জীবন বিনষ্ট করিয়া বহির্গত করে। ইহাদের প্রয়োগ করার পর বিরেচক ঔষধ ব্যবহার কর্ত্তব্য।

২। মিকানিকেল এন্থাল মেণ্টিক—এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা কৃমি দিগকে উত্তেজিত ও ক্ষত বিক্ষত করিয়া তাহাদের স্থান পরিবর্ত্তন করতঃ অন্য স্থানে যাইতে বাধ্য করায়। এই শ্রেণীর মধ্যে মাত্র ২টি ঔষধ যথা—টিন্‌ফাইলিংস ও কাউহিজ। ইহাদের ব্যবহারে কৃমি সকল জীবিতাবস্থায় বহির্গত হয় এবং ইহাদের প্রয়োগে ও বিরেচক ব্যবহার্য্য।

। পার্গেটিব এন্থাল মেণ্টিক—যে সমস্ত বিরেচক ঔষধ দ্বারা অন্ত্র

প্রণালীর কৃমি সকল মলের সঙ্গে ২ বহির্গত হইয়া পড়ে তাহা দিগকে পার্গেটিব এন্থাল মেণ্টিক কহে। ইহা দিগের দ্বারা পরিপাক প্রণালীর পেরিষ্টাল্টিক একশন্ বৃদ্ধি করিয়া ও অন্তস্থিত সঞ্চিত মিউকাস সকল পরিষ্কার করতঃ এককালীন বহির্গত হইয়া যায়। ইহাদের ব্যবহারে যে সমস্ত কৃমি বহির্গত হয়, সাধারণতঃ তাহারা জীবিত থাকে, বিরেচক ঔষধ সকল প্রায় এই শ্রেণী-ভুক্ত কিন্তু তন্মধ্যে স্কেমনি, জ্যালাপ ইহারাই প্রধান।

৪। করোবোরেণ্ট বা প্রিভেনটিব এন্থাল মেণ্টিক—এই শ্রেণীস্থ ঔষধ; ব্যবহার করার পূর্ব্বে ইন্‌টেষ্টাইন ও সিষ্টেমের যে যে অবস্থায় পেরেসাইড্ সকল পরিবর্দ্ধিত হয় তদ্বিষয় পরিজ্ঞাত হওয়া কর্ত্তব্য; তৎপর চিকিৎসক দিগকে ইন্‌টেষ্টাইনের সেই সেই অবস্থাকে দূরীভূত করিতে হইবে। সম্প্রতিক দেখা যায় যে দুর্ব্বলতা, ও অস্বাস্থ্যকর খাদ্য জনিত ইনটেষ্টাইনের সিক্রিশনের দোষিত অবস্থায় পেরেসাইড দিগের উৎপত্তি সম্বন্ধে সাহায্য করে। উপরোক্ত অবস্থাকে দূর করিতে হইলে বলকারক ও লঘু আহার, ফেরোজিনাস ঔষধ সকল এবং বিটার ইনফিউশন্ ইত্যাদি বিধেয়। যথেষ্ট পরিমাণ সাধারণ লবণ আহার, ও ঔষধ রূপে সর্ব্বদা ব্যবহার, বড়ই উপকারী। লবণের অনুপস্থিতিতে পেরেসাইড সকল উৎপন্ন হইতে সাহায্য করে। ডাংপেসির আদেশ করেন হাইড্রোক্লোরিক এসিড ডাইলিউট সহ ইনফিউশন কোয়াশিয়া বেস উপকারী।

নিম্নলিখিত ঔষধ সকল কৃমিনাশার্থ ব্যবহৃত হন।

১। অয়েল্ অব্ টার্পেন্‌টাইন।

২। মেলফর্ণ।

৩। কেমালা।

৪। সেণ্টোনিন।

৫। কুশো।

৬। পোমগ্রেনেট্।

Terebinthinæ oleum — Oil of Turpentine.

টেরিবিস্থিনা অলিয়ম্। — অয়েল অব্ টার্পেণ টাইন্।

প্রয়োগরূপ ৫টী।

১। কন্ফেক্শন্ অব্ টার্পেণ্টাইন্। মাত্র —১—২ ড্রাম।

২। এনিমা অব্ টার্পেণ্টাইন্।

৩। লিনিমেণ্ট অব্ টার্পেণ্টাইন্।

৪। লিনিমেণ্ট অব্ টার্পেণ্টাইন্ এণ্ড্ এসেটিক্ এসিড্।

৫। অঙ্গুয়েণ্টম্ অব্ টার্পেণ্টাইন্।

মাত্রা। ১০ মিনিম—৪ ড্রাম্।

ক্রিয়া। ষ্টিমিউলেণ্ট, কার্মিনেটিব্, ডায়েরেটিক্, ডায়ে ফরেটিক, ষ্টিপ-টিক্, এণ্টিস্পেজ্মডিক্, এস্ট্রিন্ জেণ্ট, এন্থাল্ মেণ্টিক্ এবং কেথারটিক্। বাহ্য প্রয়োগে রুবিফেসিয়েণ্ট ও কাউন্টার ইরিটেণ্ট। ৮-৩০ মিনিম মাত্রায় ডাইউরেটিক্ এস্ট্রিন্জেণ্ট ও ষ্টিপ্টিক্।

২ ড্রাম হইতে ১ আউন্স মাত্রায় এন্থাল্ মেণ্টিক্ ও কেথারটিক। ইহা গম ও অণ্ডের কুসুম সহ মিশ্রিত করিয়া ইমলশন্ রূপে ব্যবহার করা যায় এবং ডাং কোপলণ্ড তৈলের খারাপ আস্বাদ নিবন্ধন বমনোদ্রেক নিরাধনার্থ টিংচার কেপ্সিকম্ সহ বিধান করিতে অনুমতি দেন। টার্পেন টাইন সেবনের অব্যবহিত পরই পাকস্থলিতে ঈষৎ উষ্ণ বোধ হয়, তৎপর প্রথমতঃ উত্তেজনা অনুভব অতঃপর ধামনিক অবসাদন উৎপন্ন করে। ইহা রক্ত স্রোতে মিশ্রিত হইয়া মূত্র ঘর্ম্ম ও শ্বাস প্রশ্বাস পথে নির্গত হয়।

অধিক মাত্রায় ব্যবহার করিলে বিবমিষা শিরোঘূর্ণন, তৎপর ভেদ বা পারজিং হইতে থাকে। ক্রমে অস্থিরতা ও মত্ততার লক্ষণ উপস্থিত হইয়া প্রলাপ বকিতে থাকে, কোমা, মূত্রকৃচ্ছ ও কিউটেনিয়াস্ ইরাপশন সকল বহির্গত হয়। ইহা ইউরিনেরী অরগেন্সের উপর কার্য্যকরে কেহকেহ নিতান্ত অসুস্থ হইয়া পড়ে, এবং প্রস্রাবের সহিতে রক্ত বাহির হইতে থাকে।

Fomentation বা স্বেদ দেওয়া। ইহা দ্বারা২ প্রণালীতে স্বেদ দেওয়া যায়, যাহাকে সাধারণতঃ টার্পেনটাইন্ ষ্টুপ "Turpentine Stupes" কহে। নিম্নলিখিত ২ প্রণালীতে বাহ্য প্রয়োগ বিশেষ উপকারী যথা—১। কৃত

টুক্রো ফ্লেনেল্ বেশ গরম জলে ভিজাইয়া নিংড়াইয়া ফেলিবে, তৎপর উহার উপরের অল্প পরিমাণ টার্পিন তৈল ছিটাইয়া রোগস্থানে প্রয়োগ করিবে। ২। একটুকরো নেকড়া টার্পিণ তৈলে সিক্ত করিয়া পীড়িত স্থানে স্থাপন করতঃ একখানা ফ্লেনেল উত্তাপে গরম করিয়া উক্ত নেকড়ার উপরে দিয়া চাপিয়া রাখিলে উদ্দেশ্য সিদ্ধি হইবে।

আনয়িক প্রয়োগ। টাইফয়েড ফিবারে ইহা যদিও পীড়া আরোগ্য পক্ষে অমোঘ ঔষধ না হউক, তথাচ যখন উদর ফাঁপিয়া উঠে এবং তৎসঙ্গে যথেষ্ট বেদনা থাকে তদবস্থায় উদরোপরি ইহার স্বেদ অত্যন্ত উপকারী। টিম্পানাইটিস্ বর্ত্তমানে ইহার এনিমা মলদ্বারে প্রয়োগ করিলে যথেষ্ট উপকার দর্শে। Intestinal Hæmorrhage বা অন্ত্রাদি হইতে রক্তস্রাব নিবারণার্থে ৫—১৫ বিন্দুমাত্রায় প্রত্যেক অর্দ্ধ বা এক ঘণ্টান্তর ব্যবহারে আশ্চর্য্য প্রতিকার লাভ করা যায়। টাইফয়েড ফিবারে যখন রোগী নিতান্ত অজ্ঞান হইয়া পড়ে, প্রলাপ বকিতে থাকে, হাত পায়ের মাসল্স্ গুলি ঘন ঘন কম্পিত হইতে থাকে (Subsultus Tendinum বা সবসল্টস্ টেণ্ডিনম্) তদবস্থায় টার্পেনটাইন আভ্যন্তরিক কি এনিমা আকারে বাহ্য প্রয়োগ করিলে কোন কোন সময় যেন মৃত দেহে জীবনোৎপাদন করে।

কিউয়ার পারেল ফিবার বা সূতিকা জ্বরে বর্লিন নগরস্থ ডাং বেরেন্স, ডাং ট্রাটিউস আদি অনেকানেক চিকিৎসক ইহা প্রয়োগ করিতে অনুমতি দেন। কিন্তু বিশেষরূপে স্মরণ রাখা কর্ত্তব্য যে যখন উদরে বায়ু জন্মিয়া কষ্ট দায়ক হইয়া উঠে, তদবস্থায় ইহার এনিমা বা উদরোপরি স্বেদ ব্যবহার করিলে কাউণ্টার ইরিটেণ্ট হইয়া আশ্চর্য্য উপকার করে।

আভ্যন্তরিক যন্ত্রাদির প্রাদাহিক অবস্থায় টার্পেন্টাইন ষ্টুপ্ বিশেষ ফলপ্রদ। নিউমোনিয়া, প্লুরাইটীস্, ব্রন্‌কাইটীস্, পেরিকার্ডাইটিস্, গ্যাষ্ট্রাইটীস্, মিট্রাইটীস্, পেরিটোনাইটিস্, ওভেরাইটীস্, এবং সিষ্টাইটীস্, ইত্যাদি নানা স্থানের ইন্‌ফ্লামেশনে টার্পেণটাইন fomentation দ্বারা বহুল উপকার দর্শে। ব্রেইনের ইনফ্লামেশনে টার্পিণ তৈলের এনিমা বেশ উপকারী মিনিঞ্জাইটীস রোগে টার্পিণ তৈলের ফোমেণ্ট্ ব্যবহার করিয়া তৎপর

পুলটীস লাগাইলে উপকার হইবে। কেহ কেহ বক্ষের প্রষ্টাইটিস্ রোগে ইহা ইন্টার্নেলী ব্যবহার করায় বটে কিন্তু বিকৃত আস্বাদ নিবন্ধন রোগীর পক্ষে বড়ই অসুবিধা হইয়া পড়ে এবং ইহা হইতে উপকারী আরও অনেক ঔষধ আছে সুতরাং উক্ত ব্যবহার্য্য নয়। ব্রেইনের ইন্‌ফ্লামেশনে মস্তকে ইহার লিনিমেণ্ট মর্দ্দন করিলে উপকার দর্শে।

লাংস ওলিভারের কন্‌জেস্‌শন্ রোগে—টার্পেনটাইন ফোমেন্‌টেশন্ অত্যন্ত উপকারী। স্পাইনের মেনিঞ্জসাতে কন্‌জেস্‌শন হইলে এই প্রকারে বিধেয়।

আভ্যন্তরিক রক্তরোধার্থে বহুকাল হইতে টার্পেনটাইন ব্যবহৃত হইয়া আসিতেছে। হিমপ্‌টিসিস্, হিমেটেমেসিস্, হিমেটিউরিয়া রোগে ১০—২০কি ৩০ ফোটা মাত্রায় ইহা বারম্বার প্রয়োগ করা যায় কিন্তু যখন এসিটেট্ অব্ লেড্ কিম্বা পারক্লোরাইড্ অব্ আয়রণ কার্য্যদর্শাইতে অপারগ হয়, তদবস্থায় ইহা বেশ আদরের সহিত ব্যবহৃত হইতে পারে।

ইউট্রাইন্ হেমোরেইজ, ব্লিডিং ফ্রম্‌পাইলস্, ইপিস্‌টেক্‌সিস্ এবং আঘাতিত স্থান হইতে রক্তস্রাব, জোকদষ্ট স্থান হইতে ও দন্ত উৎপাটনের পর রক্তপাত হইলে আভ্যন্তরিক ও বাহ্যিক উভয় প্রকারেই ব্যবহৃত হয়।

স্নায়বীয় ও আক্ষেপিক পীড়া সকলে যথা হিষ্টিরিয়া, হিষ্টিরিয়ার কারণ জন্য কি স্নায়ুবিক কারণজন্য মাথা বেদনা উপস্থিত হইলে ইহা ব্যবহৃত হয়।

এপিলেপ্‌সিস, কোরিয়া, পিউয়ার পারেল কনভলশন, কন্‌ভল্‌শন্ অব্ চিল্‌ড্রেন্, টেটেনাস্, এপোপ্লেক্‌সি আদি রোগ সকলে দেওয়া যায়।

সায়েটিকা রোগে বেশ আদরের সহিত ব্যবহৃত হইতে পারে। লম্বেগো রোগে ইহার ব্যবহার সন্দনয়। চূণ ও টার্পেনটাইন লিনিমেণ্ট্ মর্দ্দন করিলে যথার্থ উপকার দর্শে।

ক্রনিক রিউমেটিজম্ (Chronic Rheumatism) রোগে ইহা ॥—১ ড্রাম মাত্রায় আভ্যন্তরিক ব্যবহার করা যায়, কিন্তু ইহার সহিত বার্ক মিশ্রিত করিলে আরও উপকারী। বাহ্য প্রয়োগার্থে যথেষ্ট ব্যবহৃত হইয়া থাকে এবং ইহা দ্বারা শীঘ্রই পীড়ার যন্ত্রণা নিবারিত হয়।

উদরাধ্মান ও আধ্মান জনিত শূল বেদনায় ইহার এনিমা প্রয়োগ করিলে এবং উদর প্রদেশে মর্দ্দন করিয়া ফোমেণ্টেশন করিলে আশ্চর্য্য উপ-

ক্ষার প্রাপ্ত হওয়া যায়। কলিকৎপেক্‌টোনীয় যোগেও ইহা ব্যবহৃত হয়।

কলেরা রোগে উদরোপরি টার্পেন টাইন্ ষ্টুপ, হস্ত ও পদে উত্তেজনার্থ পালভ্‌ জিঞ্জার ও টার্পিণ মিশ্রিত করিয়া যথেষ্ট পরিমাণ ব্যবহার করিলে জীবনি শক্তি উদ্দীপ্ত হয়।

এক্‌কিউট্ ডিসেণ্টি রোগ এবং ডিসেণ্টির শেষাবস্থায় যখন শরীর নিস্তেজ হইয়া পড়ে, রোগী প্রলাপ বকিতে থাকে, জীবনের আশা আর থাকে না, তদবস্থায় উদরোপরি টার্পিন টাইন ষ্টুপ, প্রয়োগ করিলে যথার্থ উপকার দর্শে। রোগী যতদূর সহ্য করিবে সেইরূপই ব্যবহার করিবে।

পিত্তশিলা দ্রবীভূত করণার্থ অনেকানেক বিজ্ঞচিকিৎসকগণ অনুমতিদেন কিন্তু ইহার উপকারীত্ব বিষয়ে বিশেষ রূপ নিশ্চয়তা নাই। তাঁহারা বলেন ২ অংশ সাল্‌ফিউরিক ইথার ও ৩ অংশ অয়েল অব্ টার্পেণটাইন মিশ্রিত করিয়া দিবসে ২। ৩ বার অর্দ্ধ ড্রাম মাত্রায় বিধেয়।

পুরাতন আল্‌সার অব্ দিষ্টমাক্ রোগে উদরোপরি মাষ্টার্ড প্লাষ্টার ও টার্পেন টাইন ফোমেণ্টেশন উপকারী। কিন্তু নূতনাবস্থায় লিষ্টার প্রয়োগ করিলে এবং রোগী যখন সর্ব্বদাবমন ও অসহ্য বেদনা জন্য নিতান্ত দুর্ব্বল হইয়া পড়ে, তদবস্থায় টার্পেন হইতে ড্রাই কপিং মহৎ উপকারী।

নানাপ্রকার কৃমি রোগে বিশেষতঃ লম্ব্রিকয়ডিস্, টিনিয়া বা টেপ ওয়র্ম্মে অয়েল্ অব্ টার্পেন টাইন অত্যন্ত উপকারী। ইহা পূর্ণ আহারের ২ ৩ ঘণ্টান্তর ২—৩ ড্রাম মাত্রায় ১ আং কেষ্টর অয়েল সহিত সেবন করিলে উদরস্থ কৃমি সকল ইহার স্পেসিফিক্ এক্‌শন দ্বারা মৃত হইয়া বহির্গত হয়। কেহ কেহ বলেন শিশুদিগের জন্য ৩০—৬০ ফোটা অল্প দুগ্ধের সহিত, ১০। ১১ বৎসর বয়স্ক বালকের জন্য ১ আং এবং যুবকদিগের জন্য ২ আং মাত্রা নির্দ্দেশ কিন্তু অন্যান্যে বলেন এত মাত্রা বাড়াইয়া কোন প্রয়োজন নাই।

থ্রেড্ ওয়ার্ম্মস বা সূত্রবৎ কৃমিরোগে মলদ্বারে ইহার পিচকারী প্রযোজ্য।

কোন গভীর অপরিষ্কৃত ক্ষতে কি কোনস্থান দগ্ধ হইয়া গেলে ফোস্কার নিম্নে অনেকানেক সময় পোকা উৎপন্ন হয়, তদবস্থায় টার্পিন অত্যন্ত উপকারী। ইহা কার্ব্বলিক অয়েলের সহিত মিশ্রিত করিয়া কি উগ্র তৈল তুলি দ্বারা ক্ষত প্রদেশের চারিদিকে লাগাইলে ২। ১ দিন মধ্যেই পোকাসকল বিনষ্ট হইয়া যায়।

এমিনোরিয়া, ইউট্রাইন কেন্সার, গর্ভবধা, গ্লিট, এবং লিউকোরিয়া আদি রোগের পুরাতনী অবস্থায় ব্যবহৃত হয়।

সাপ্রেশন অব্ ইউরিন, কিড্নিও ব্লাডারের পীড়াদিতে অথবা ব্লাডারের ভিতর ষ্টোন্ থাকিলে টার্পিণ বিধেয়।

ব্রন্কাইটিস্ রোগের চরমাবস্থায়, এন্জাইনাপেক্টোরিস আদি রোগে ইহার বাহ্য প্রয়োগ বিশেষ উপকারী।

শোথ ও উদরী রোগে টার্পিন ২।১ বিন্দু মাত্রায় বারম্বার প্রয়োগ করিলে অনেকানেক সময় আশ্চর্য্য উপকার প্রাপ্ত হওয়া যায়।

আইরাইটিস, এমোরোসিস, হেমিরলোপিয়া, নেকট্রোলোপিয়া আদি রোগও কখন কখন ব্যবহৃত হয়।

পিউয়ার পারেল হেমোরেইজ, মেলিনা, এরিসিপেলাস ক্রনিক এনলার্জমেন্ট অব্দি জয়েন্টস্, ক্রজ ও স্প্রেইনে, টার্পেনটাইন্ ষ্টুপরা লিনিমেণ্ট ইত্যাদি নানাপ্রকারে ব্যবহৃত হইতে পারে।

Filix mas. — Male fern.

ফিলিক্স মাস্। — মেল্ফর্ণ।

প্রয়োগরূপ।

১। লিকুইড্ এক্ষ্ট্রাক্ট অব মেলফর্ণ্। মাত্রা ১৫—৩০ মিনিম।

ক্রিয়া। এন্থেলমেণ্টিক্। ইহার ভিতর ১টী ভলেটাইল অয়েল্, রেজিন, ও ফিক্সড অয়েল আছে। ইহার ইথরিয়েল এক্ষ্ট্রাক্ট নামক প্রয়োগটী অয়েল্ অব্ মেলফর্ণ্ নামে পরিচিত। ইহা টিনিয়া বা টেইপ্ ওয়ার্ম্মে বিশেষ রূপ ব্যবহৃত হয়। শূন্যোদরে প্রয়োগ করিয়া তৎপর ২।১ ঘণ্টান্তর কেষ্টর-অয়েল বিধেয়।

Kamala. — Kamala.

কেমেলা। — কেমেলা।

মাত্রা। ½—২ ড্রাম।

ক্রিয়া। প্রবল কৃমিনাশক, ও বিরেচক।

আময়িক প্রয়োগ। টিনিয়া বা টেপ ওয়ার্ম্মে অত্যন্ত উপকারী ইহা ব্যবহার করিয়া তৎপর কেষ্টর অয়েল বিধান করিবে।

সেণ্টোনিন।

Santonica. Santonine.

প্রয়োগরূপ।

সেণ্টোনিন্ মাত্রা ২—৬ গ্রেণ।

১। ট্রোসিসাই সেণ্টোনিকা মাত্রা ১—৬

ক্রিয়া। কৃমিনাশক। সেণ্টোনিন কিছু অধিক মাত্রায় ব্যবহার না করিলে ফিজিয়লজিকেল্ একশন কিছুই বুঝিবার সুবিধা নাই। বিষমাত্রার চক্ষেরদৃষ্টবস্তুগুলি পীতাভ দেখায়। ইহা দ্বারা বিষাক্ত হওয়া প্রায় দৃষ্টি গোচর হয় না কিন্তু বেলজিয়মে নগরস্থ কোন একটী বালক ইহা দ্বারা বিষাক্ত হওয়ার বিবরণ পাওয়া যায়। ইহা চিনি কি সোডার সহিত একত্র পুরিয়া বান্ধিয়া দিবসে ২।৩ বার কি রাত্রিতে শয়নের পূর্ব্বে ব্যবহার করিয়া পরদিন বিরেচক দেওয়া উচিত এবং কেষ্টর অয়েলের সহিত মিশ্রিত করিয়া ও সময় সময় ব্যবহার হয়। ইহার ব্যবহারে প্রস্রাব হরিৎ বর্ণ হয় এবং কাপড়ে দাগ পড়ে।

আময়িক প্রয়োগ। এস্ কেরিডস্ লম্ব্রিকয়ডিস্ নামক কৃমিতে ইহা অমোঘ ঔষধ। যিনি একবার এই রোগে সেণ্টোনিন ব্যবহার করিয়াছেন তিনি মুক্ত কণ্ঠে ইহার উপকারীতা স্বীকার করিবেন। এসকেরিডস্ ভার্মিকিউলারিস অর্থাৎ থ্রেড্ ওয়ার্ম্মে ও ব্যবহৃত হয় কিন্তু ইহা দ্বারা সম্যক আরোগ্য হয় না বিধায় তৎপর লৌহ ঘটিত কোন ঔষধ ব্যবহার করা কর্ত্তব্য।

কোরিয়া, এপিলেপ্সি, হিষ্টিরিয়া এবং নানা প্রকার স্নায়ুবীয় ও আক্ষেপিক পীড়াসকলে (স্ত্রীলোক ও ছেলেদের) কৃমি জনিত কারণ বর্ত্তমান থাকিলে বিশেষ আদরের সহিত ব্যবহৃত হইয়া থাকে।

কসো।

Cusso Kusso

প্রয়োগরূপ।

১। ইন্‌ফিউশন্ অব্ কুসো। মাত্রা ৪—৮ আং।

মাত্রা। ¼—½ আং।

ক্রিয়া। কৃমিনাশিক। ইহা টেপ ওয়ার্ম্ম নষ্টকরে বিধায় ইহাকে টিনিয়া সাইড্ (Tœniacide) কহে। ইহার কোন বিরেচন শক্তি নাই সুতরাং ব্যবহারের পরমৃদু বিরেচক বিধেয় কিন্তু ইহার আস্বাদ তিতাক্ত জঘন্য ও অধিক মাত্রায় কার্য্যকারী হয় বলিয়া ব্যবহার বিরল। ইহা সেবনের পর কখন কখন পাক স্থলিতে উত্তেজনা বোধ হয়। আবিসিনিয়া দেশে ১৮৪১ খৃ অব্দে টেপ্ওয়ার্ম্মের জন্য ব্যবহৃত হয়।

পোমগ্র্যানেট্ বা দাড়িম্ব।

Punica Granatum Pomegranate

প্রয়োগরূপ।

১। ডিককৃশন অব্ পোম্ গ্রেণেট্। মাত্রা ২—৪ আং।

ক্রিয়া। ইহার পুষ্প সংকোচনার্থ ভারতের নানাস্থানে ব্যবহৃত হয়। ইহার ফলের উপরিস্থ বল্কল সুন্দর সঙ্কোচক, এবং উক্ত বল্কল ২ আং জল ১০ আং ও গরমজল ২০ আং একত্র করিয়া ডিককৃশন্ রূপে ব্যবহার করিলে মাত্রা ১—১॥ আং। ইহার মূলের বল্কল বিশুদ্ধ কৃমি নাশক বলিয়া সর্ব্বদা ব্যবহৃত। মুখগহ্বর ও ইনটেষ্টাইনের মিউকাস মেম্ব্রেনের শিথিল অবস্থায় ইহা সংকোচন জন্য ব্যবস্থেয়। ইহাতে টেনিন আছে।

আময়িক প্রয়োগ। টিনিয়া বা টেইপ্ ওয়ার্ম রোগে যদ্যপি ইহার মূলস্থ বল্কল দ্বারা ডিককৃশন প্রস্তুত করিয়া টাট্‌কা ব্যবহার করাযায় তাহা হইলে এরোগে ইহা অতি উত্তম ঔষধ। এরোগে ইহার উপকারীত্ব বিষয়ে ১৮০৫ খৃঃ অব্দে কলিকাতার একটী সুযোগ্য ডাক্তার নির্দ্ধারণ করেন, তৎপর সকলেই ইহার গুণ ব্যাখ্যা করিয়া ছেন। ইহার ডিককৃশন্ ২ আং পরিমাণ শূন্যোদরে প্রয়োগ করিবে এবং ৪ ডোজ সেবন না হওয়া পর্য্যন্ত প্রত্যেক অর্দ্ধঘণ্টান্তর সেব্য, অতঃপর ১ ডোজ কেষ্টর অয়েল প্রদান করিবে। Dr Elliotson বলেন ইহার মূলের বল্কল চূর্ণ ২০—৬০ গ্রেণ মাত্রায় প্রত্যেক ২ ঘণ্টান্তর ৩ বার দিবে, তৎপর দিবস ঐ প্রকার মাত্রায় ২ বার ব্যবহার

করিয়া ১ ডৌজ কেট্টর অয়ণ বিধান করিলে বেশ উপকার দর্শে।

পুরাতন ডায়েরিয়া ও ডিসেণ্টি রোগে যখন ইনফ্লামেশন কমিয়া যায় তৎপর ইহার ফলের উপরিস্থ বক্কল দ্বারা ডিককশন প্রস্তুত করিয়া ব্যবহার করিলে সময় সময় আশ্চর্য্য উপকার প্রাপ্ত হওয়া যায়। উদরাময় ঘটিত দুর্ব্বলতাতে ও ব্যবহৃত হয়।

লিউকরিয়া রোগে ডাং ক্লার্কবলেন ডিককশন্ গ্রেণেটাই কর্টেক্স ২০ আং এলম ॥ আং বা কিছু কম মাত্রায় ইন্‌জেকশন ব্যবহার করিলে অত্যন্ত উপকার দর্শে। ইহা ইউট্রাইন কেন্‌সার রোগেও ব্যবহার হয়।

মুখ গহ্বরস্থ শিথিল ক্ষতাদিতে ইহার ডিককশন্ এলমের সহিত একত্রিত করিয়া গার্গিল gargle অত্যন্ত উপকারী।

EMETICS CLASS.

বা বমনকারক ঔষধ বিভাগ।

যে সমস্ত ঔষধ দ্বারা বমি উৎপাদন করে এবং পাকাশয় পরিষ্কার করিয়া ফেলে তাহাদিগকে Emetics বলা যায়। ইহারা ২ শ্রেণীতে বিভক্ত। ১। স্পেসিফিক্। ২। ইরিটেন্ট্। স্পেসিফিক শ্রেণী সেবনানন্তর রক্ত স্রোতে বিমিশ্রিত হইয়া স্বকীয় কার্য্য প্রকাশ করে। ইহারা ভেগাস্ নার্ভ বা নিউমোগেষ্ট্রীক্ নার্ভের উপর ক্রিয়া দর্শাইয়া বমন ব্যতীত ও হৃদপিণ্ডের কার্য্য দুর্ব্বল করিতে পারে। দ্বিতীয় বা ইরিটেন্ট, স্থানিক উত্তেজনা প্রকাশ করিয়া বমন উৎপাদন করে যথা—সালফেট অব্ জিঙ্ক, কপার, মাষ্টার্ড, কমন সল্টস্ এই সকল দ্বারা কদাচিৎ বিবমিষা উৎপাদন করে। ইহারা ষ্টমাকের উপর বিপরীত কার্য্য করিয়া একটুকু অসুখ উৎপন্ন করে এবং যথেষ্ট পরিমাণ গ্যাষ্ট্রীক্ জুস্ বহির্গত করিয়া ফেলে। কোন বিষাক্ত বস্তু সেবনের পর সর্ব্বদা আমরা ইরিটেন্ট শ্রেণীস্থ ঔষধই ব্যবহার করিয়া থাকি।

হৃদ পিণ্ডের ক্রিয়ার দুর্ব্বলতা, বিবমিষা উৎপন্ন করা এবং পেশাদিগের শিথিল সম্পাদনার্থ স্পেসিফিক্ এমেটিক ব্যবহার করা কর্ত্তব্য।

ব্যবহারের উদ্দেশ্য।

১। পাকস্থলী হইতে কোন বিষাক্ত কি অপাক বস্তু নির্গত করণ।

২। পেশীমণ্ডলী ও রক্ত বহা নাড়ীদিগের শিথিলতা সম্পাদনার্থ।

৩। ব্রঙ্কিয়াল, কিউটেনিয়াস্ ও পাল্মোনেরী সিক্রেশন বৃদ্ধিকরণ অভিপ্রায়ে।

৪। যে সমস্ত ঔষধ আভ্যন্তরিক ব্যবহৃত হয় তাহাদের ক্রিয়ার সবলতা সম্পাদন জন্য।

৫। আভ্যন্তরিক রক্তস্রাব দূরিকরণার্থ।

৬। শ্বাস নালী কি তাহার নিকটবর্ত্তী স্থানে কোন আগন্তুক বস্তু থাকিলে, তাহাদিগের স্থানচ্যুতি অভিপ্রায়ে।

ব্যবহার সম্বন্ধে নিষেধ।

১। বড় বড় রক্তবহানাড়ীর ও হৃদপিণ্ডের পীড়া।

২। এওরটাতে অর্ব্বুদ থাকিলে।

৩। মস্তিষ্কের লিপ্সা বিশেষতঃ সন্যাস রোগের পূর্ব্ব লক্ষণে।

৪। হারনিয়া বা অন্ত্রবৃদ্ধি।

৫। রেক্টাম ও ইউট্রাস বহির্গত হইয়া পড়া।

৬। গর্ভাবস্থার শেষ ভাগে।

৭। পাকাশয়ের উত্তেজিত অবস্থায়।

৮। অত্যন্ত দৌর্ব্বল্যাবস্থায়।

৯। শ্রীকেন্তালের প্রাদাহিক অবস্থায়।

ব্যবহারে অশুভ ঘটনা।

১। গর্ভপাত।

২। হার্নিয়া বা অন্ত্রবৃদ্ধি।

৩। সন্যাস রোগ।

৪। রক্তোৎ কাশ পীড়া।

৫। শ্বাস রোধ।

৬। জরায়ু ও মলাধারের বহির্গমন।

৭। উদর গহ্বরীয় পেশী সকল ফাঁটিয়া যাওয়া। উপরোক্ত অশুভ ঘটনা যদি ও সর্ব্বদা না হউক তথাচ জানিয়া সতর্ক থাকাই কর্ত্তব্য।

বমন কারক ঔষধ সকলের কার্য্য, গরম জলীয় পদার্থ দ্বারা ও পালক দ্বারা গলায় সুড়সুড়ী দিলে বৃদ্ধি পায় কিন্তু ওপিয়ম দ্বারা কার্য্যের বাধা জন্মায়।

নিম্নলিখিত ঔষধ সকল বমন করণার্থ ব্যবহৃত হয়ঃ

১। টারটারেটেড এণ্টিমণি।

২। ইপিকাকুয়ানা।

৩। পাল্ বিস্ ইপিকাকুয়ানা কম্পজিটা।

৪। সাল্‌ফেট অব্ জিঙ্ক্।

৫। ক্লোরাইড্ অব্ সোডিয়ম।

৬। মাষ্টার্ড।
৭। অম্লকন্দ্ কটি।
৮। হাইড্রোক্লোরেট অব এপোমর্ফিয়া।

Ipecacuanha. Ipecacuanha
ইপিকাকুয়ানা। ইপিকাকুয়ানা।

প্রয়োগরূপ।

১। কম্পোও পাউডার অব্ ইপিকাকুয়ানা। মাত্রা ৫—১৫ গ্রেণ।
২। পিল্ অব্ ইপিকাকুয়ানা উইথ স্কুইল। মাত্রা ৫—১০ গ্রেণ।
৩। ইপিকাকুয়ানা লোজেঞ্জ। ১—৩ লোজেন্স।
৪। ওয়াইন্ অব্ ইপিকাকুয়ানা। মাত্রা ৫—৪০ ফোটা কফনিঃসারক
৩—৬ ড্রাম বমনকারক।

মাত্রা। ½—২ গ্রেণ কফনিঃসারক ও ১৫—৩০ গ্রেণ বমনকারক।

ক্রিয়া। এমেটিক, এক্সপেক্টোরেণ্ট, ডায়েফরেটিক, অলটারেটীব্, কোলেগগ্ ও এণ্টি এমেটিক্। বাহ্য প্রয়োগে কাউণ্টার ইরিটেণ্ট। মূল চূর্ণের মাত্রা ২০—৩০ গ্রেণ বমনকারক। ১—২ গ্রেণ মাত্রায় একস্পেক্টোরেণ্ট্ ও ডায়েফরেটিক। ⅛—½ গ্রেণ অল্টারেটিব্। এমিটিনা নামক ইহার একটী বীর্য্য আছে এবং ইহা দ্বারা যথেষ্ট পরিমাণ দুর্ব্বলতা উৎপাদন করে। বমন করণার্থ ইপিকাক বেশ মৃদু নির্দ্দোষী, অথচ অব্যর্থ কার্য্যকারী। টারটার এমেটিক আদি ঔষধের ন্যায় শীঘ্র কার্য্য প্রকাশ করে না এবং তত দূর দুর্ব্বলতা আনয়ন করে না। ইহা অল্প মাত্রায় ব্যবহার করিলে নসিয়া উৎপাদন করে, মধ্যম মাত্রায় বমনকারক, ইহা ব্যতীত লিভার হইতে অধিক বাইল উৎপন্ন করিয়া ও এলিমেণ্টেরি কেনেলস্থিত মিউকাস্ মেম্ব্রেনের অবস্থা পরিবর্ত্তিত করিয়া বিরেচন ক্রিয়া প্রকাশ করে। বমন করণার্থে ২½ ফোটা হইতে ১ ড্রাম মাত্রায় ভাইনম ইপিকাক, ব্যবহার্য্য।

আময়িক প্রয়োগ। নানাবিধ কাশরোগে ইহা সর্ব্বদা ব্যবহৃত হইয়া থাকে এবং একস্পেক্টোরেণ্ট্ হইয়া কাশ দমন করে। এমিনা, কুপিংকফ

কেপিলারি ব্রন্‌কাইটিস্, নিউমো নয়া আদি রোগে বিশেষ আদরের সহিত বহুদিন হইতেব্যবহার্য্য। নিউমোনিয়া রোগে ইহা এক্‌স্‌পেক্‌টোরেন্ট ও ডায়েফরেটিক উদ্দেশ্যে বিশেষ যোগ্যতা সহকারে ব্যবহার করা যায়। এই রোগে ব্যবহার কালে কোন কোন সময় ইহা দ্বারা বমনোদ্রেক হইতে দেখা যায় এবং তদ্দ্বারা রোগী কোন বলকারক খাদ্য উদরস্থ করিতে পারে না, এমতাবস্থায় ইহা বন্ধ করাই উপযুক্ত। ব্রনকাইটিস রোগেও ঠিক নিউ-মোনিয়ার ন্যায় অভিপ্রায়ে প্রয়োগ করা যায়। রোগী যখন ক্রমে আরোগ্য লাভ করিতে থাকে তখন ইহা ব্যবহার করাই কর্ত্তব্য কিন্তু যখন ক্রমে ক্রমে খারাপ অবস্থায় পরিণত হইতে থাকে তখন সেনেগা, স্কুইল, সিউবিয়েট অব্ এমোনিয়া, ব্রাণ্ডি ইত্যাদি উত্তেজক অথচ কফনিঃসারক হইয়া উপকার করে।

বালকদিগের ব্রন্‌কাইটিস্ রোগে ইহা এক্‌সপেক্‌টোরেন্ট্ অভিপ্রায়ে সর্ব্বদা ব্যবহার্য্য। ডাং রিঙ্গিয়ার্থ নিম্নলিখিত ব্যবস্থা দেন যথা—

R.

Soda bicarb gr xvi

Spt Æth nit ʒ i

Tinct opii m viii

Vin Ipecac m xxxii

Syrup ℥ ii

Aq. anithi ad. ℥ ii

m. ft.

Dose, two teaspoonful for a child two years old

ওপিয়ম ব্যবহার কালে বালকদিগের প্রতি বিশেষ সতর্কতার আব-শ্যক সুতরাং নিম্নলিখিত মতেও ব্যবহার্য্য। যথা—

R.

Vin Ipecac m xxiv

Potas citrat ʒ i

Syrup Tolu ʒ ii

Dict. Hordei ad. ℥ ii

Dose—one or two teaspoonful.

Dysentery ডিসেণ্ট্রি রোগে ইহা অতি ব্যবহার্য্য ঔষধ। একিউট ডিসেণ্ট্রির প্রারম্ভাবস্থায় ইহা ১৫—৩০ গ্রেণ মাত্রায় ব্যবহার করিবে। রোগীকে শয্যা হইতে উঠিতে নিষেধ করিবে, কারণ নড়াচড়া করিলে অধিক বমন হইবার আশঙ্কা। পেটে অত্যন্ত বেদনা থাকিলে এপিগ্যাষ্ট্রীয়মে ১ টী মাষ্টার্ড প্লাষ্টার লাগাইবে বা তৎপর ফোমেণ্ট ব্যবস্থা করিবে। পুরাতন অবস্থায় বিস্‌মথ, ওপিয়ম, আদি নানা প্রকার ঔষধ সহ ব্যবহার করা যায়। ডিসেণ্ট্রি নিবারণার্থ ইহা অমোঘ বলিয়া ইহাকে "রেডিক্স এণ্টিডিসেণ্ট্রিকা" বলে। অধিক মাত্রায় ইপিকাক্ ব্যবহারকালে ১। বা ২ গ্রেণ ওপিয়ম ১৫ মিনিট পূর্ব্বে ব্যবহার কর্ত্তব্য।

Diarrhœa ডায়েরিয়া বা উদরাময় রোগে অন্যান্য ঔষধ বীর্য হইলে ইহা দ্বারা আশ্চর্য্য উপকার দর্শে। কোন প্রকার দোষিত খাদ্য জন্য কি দন্তোদ্গম সময়ে শিশুদিগের ডায়েরিয়া হইলে কোন কোন মহাত্মা কখন কখন এরোগে ভাইনম ইপিকাক, টিংকলম্বা সলুশন অব্ সাইট্রেট্ অব্ পটাস অথবা ইপিকাক সহ গ্রে পাউডার প্রত্যহ প্রাতে দিয়েন। কোন কোন সময় ½ গ্রেণ মাত্রায়, কেলোমেল, সোডাবাই কার্ব্ব ও এরোমেটিকচক্ পাউডার ব্যবস্থা করিলেও অব্যর্থ হইয়া উপকার করে।

বিলিয়ারি সিক্রিশনের ন্যূনতা কি দোষিত অবস্থাজনিত এটনিক ডিস্‌পেপ্‌শিয়া রোগে ইপিকাক ½-১ গ্রেণ, রুবার্ব ৩—৪ গ্রেণ মাত্রায় পিল প্রস্তুত করিয়া আহারের পূর্ব্বে ব্যবস্থা করিলে অত্যন্ত উপকার দর্শে।

গর্ভাবস্থায়, মদ্যপানজনিত প্রাতঃবমন অথবা অন্যান্য প্রবল পীড়াদি নিবন্ধন নানা প্রকার বমন নিবারণার্থ ডাং রীঙ্গার ১ মিনিম মাত্রায় ভাইনম্ ইপিকাক প্রত্যেক ঘণ্টা অন্তর অথবা রোগী বিবেচনায় দিবসে ৩ বার বিধান করিলে অতি আশ্চর্য্য উপকার লাভ করা যায়।

হিমপটিসিস, হিমেটিউরিয়া, হিমেটেমেসিস, এপিস্ট্যাক্‌সিস্, মেলিনা, অথবা পাইলস্ রোগের প্রারম্ভাবস্থায় রক্তপাত হইলে নানাবিধ বহুদর্শী চিকিৎসকগণ ইহার প্রতি অনুরাগ প্রকাশ করেন। ইউট্রাইন হেমোরেইজ মেনোরেজিয়া রোগে অনেকে ব্যবহার করিয়াছেন।

জ্বরা রোগে নানা প্রকার উদ্দেশ্যে ব্যবহৃত হইতে পারে।

হাইড্রোকেফেলাস্ এবং ছোপদের কনভলশান্ রোগে ডাং হেনি অত্যন্ত আদরের সহিত ব্যবস্থা করিতে অনুমতি দেন; ইহা কাউণ্টার ইরিটেণ্ট উদ্দেশ্যে বিধায়।

নানাবিধ ফিব্রাইল বা জ্বরিয় পীড়াদিতে প্রথমাবস্থায় উদরস্থ অপাক বস্তু নির্গত করণার্থ বমনকারক মাত্রায় বিধেয়।

Antimonium. Tartaratum. — Tartarated antimony.

এণ্টিমণিয়ম টারটারেটম। — টারটারেটেড এণ্টিমণি।

প্রয়োগ রূপ ২টী।

১। এণ্টিমনিয়েল্ ওয়াইন। মাত্রা ৫ মিনিম—১ ড্রাম্।

২। অয়েণ্টমেণ্ট অব্ টারটারেটড্ এণ্টিমণি।

মাত্রা। $\frac{1}{16}$—$\frac{1}{6}$ গ্রেণ ঘর্ম্মকারক ও ১—২ গ্রেণ বমনকারক।

ক্রিয়া। এমেটিক, অল্টারেটিব্, নসিয়েটিং, আর্টিরিয়েল্ সিডেটিব্ ডায়েফরেটিক ডাইউরেটিক্, এক্স পেক্টোরেণ্ট্ বিক্রিজারেণ্ট। $\frac{1}{16}$—$\frac{1}{6}$ গ্রেণ মাত্রায়, ডায়েফরেটিক ও এক্স পেক্টোরেণ্ট, $\frac{1}{8}$—$\frac{1}{4}$ গ্রেন মাত্রায় বিবমিষাজনক ও স্নুডোরিফিক্; ১—৪ গ্রেণ মাত্রায় (দ্রবীভূত অবস্থায়) এমেটিক্। ইপিকাকুয়ানা ও ভেজিটেবল্ এসিড্ সহযোগে ইহার বমন করা শক্তি বৃদ্ধি পায়, সালফেট্ অব্ পটাস বা নাইট্রেট্ অব্ পটাস সহ ইহার ঘর্ম্ম করণ শক্তির ক্ষমতা বৃদ্ধি হয়। অধিক মাত্রায় ইহা উগ্র বিষ ক্রিয়া করে, ৪০ গ্রেণ মাত্রায় প্রাণনাশ করে। ইহা আভ্যন্তরিক, কি এব্রেডেড্ সারফেইসে বাহ্য প্রয়োগ করিলে শরীরে শোষিত হয় এবং রক্ত প্রস্রাব, ও আভ্যন্তরিক যন্ত্রণাদিতে পাওয়া যায়। ইহার ক্রিয়া ষ্টমাক ও এলিমেণ্টেরী কেনেলের সকল স্থানেই অধিক প্রভাবিত হয়; ভেইনে, কি রেকটমে ইন্জেক্ট্ করিলেও বমনোদ্রেক বা বমন হইয়া থাকে। অপিচ শ্বাস প্রশ্বাসিক যন্ত্রের উপর ও টারটার এমেটিকের ক্রিয়া সুন্দররূপ প্রকাশ পায়, নাড়ীর গতিও মৃদু হইয়া পড়ে। কোন এক মহাত্মা ৫৫টী রোগীকে টার টার এমেটিক দ্বারা পরীক্ষা করিয়া; ৪টী রোগীর মাত্র বমন হইতে দেখিয়াছেন। ইহা অল্পমাত্রায় বারম্বার প্রয়োগ করিলে

এন্টিফ্লোজিষ্টিক, বা প্রদাহ নিবারক ক্রিয়া দর্শায়। টার টার এমেটিক রক্তে আচোষিত হইলে ইহা দ্বারা প্রস্রাবে ইউরিয়ার ভাগ অধিক হয়, এবং ইউরিক এসিড্ ও পিগমেন্টের অংশও কিঞ্চিৎ পরিমাণে বৃদ্ধি পায়; শরীর হইতে ঘর্ম্ম হওয়া বশতঃ প্রস্রাবের জলীয় ও ক্লোরাইড্ অব্ সোডিয়ম্ বা লবণের ভাগ ন্যূন হইয়া পড়ে। সম্ভবতঃ টিংচার ওপিয়াই সহ মিশ্রিত করিয়া ব্যবহার করিলে ইহার ক্রিয়া হ্রাস হয়, অধিকদিন ব্যবহার করিলে পেটে, ও ফুসফুসে উগ্রতার লক্ষণ প্রকাশ পায়, মুখগহ্বরে ঘা হয়. এবং টাইলিজম্ বা লালা নির্গত হইয়া থাকে সুতরাং ঔষধ ব্যবহারে পূর্ব্বোক্ত অবস্থা প্রকাশ পাইলে শীঘ্র ঔষধ বন্ধ করিবে। শিশুদিগকে ইহা ব্যবহার না করাই যুক্তি সঙ্গত, কারণ সাধারণ মাত্রাতেই ভয়ানক অবস্থা প্রকাশিত হয়।

বাহ্য প্রয়োগে টার টার এমিটিক, কাউন্টার ইরিটেন্ট। অধিক দিন ব্যবহার করিলে উগ্রবিষ ক্রিয়া করে।

ইহা দ্বারা বিষাক্ত হইলে, ট্যানিন, গ্যালিক এসিড, ওকবার্ক, গলনাট ইত্যাদি মিশ্রিতপদার্থ বিধেয়।

টার টার এমিটিকের মলম বাহ্য প্রয়োগ করিলে অত্যন্ত কাউন্টার ইরিটেন্ট, এমন.কি চর্ম্ম পূয পূর্ণ দানা নির্গত হয় ও চারিদিক আরক্তিম হইয়া উঠে। উহা প্রয়োগ করিতে নিম্নলিখিত কয়েকটী কথা স্মরণ রাখা কর্ত্তব্য।

১। মলমের সহিত টার টার এমেটিকের গুঁড়া গুলি যথেষ্টরূপ মিশ্রন আবশ্যক।

২। কোন স্থান ক্ষত, কি চর্ম্ম উঠিয়া গেলে, অথবা জোঁকলাগাইয়া তাহার উপর কখনই প্রয়োগ কর্ত্তব্য নয়।

৩। ইহা আচোষিত হইয়া বিষক্রিয়া করিতে পারে।

৪। বালক ও শিশু দিগের পক্ষে ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।

আময়িক প্রয়োগ। সাধারণ ইনটার মিটেন্ট ফিবারে কোন কম্প্লিকেশন অর্থাৎ খারাপ লক্ষণ অবর্ত্তমানে ⅛—⅙ গ্রেণ মাত্রায় প্রত্যেক ২ ঘণ্টান্তর প্রয়োগ করিলে উপকার দর্শে। ইহা ব্যবহারে বমনাদি প্রকাশিত হইয়া জ্বর বিরাম হয়। এরূপ ধরনের চিকিৎসা উত্তর ভারত বর্ষবাসীদের পক্ষে বেশ উপকার জনক বুঝিয়া ডাঃ মুর নির্দ্দেশ করেন।

নিউমোনিয়া রোগে টার টার এমেটিক দ্বারা চিকিৎসা ৫০ বৎসর পূর্ব্বে

সুরে এখনও কোন কোন সময় ব্যবহার হইতে পারে। রোগী বলিষ্ঠ ও স্থূলকায় হইলে এবং জ্বর অত্যন্ত প্রবল থাকিলে ১/১৬ - ১/৮ গ্রেণ মাত্রায় ব্যবহারে সময় সময় বেশ উপকার প্রাপ্ত হওয়া যায় শরীর হইতে ঘর্ম্ম নির্গত হইয়া জ্বরীয় লক্ষণ বিরাম হইতে থাকে, এবং রোগী কথঞ্চিৎ আরাম মনেকরে। এপ্রকার চিকিৎসাকে প্রদাহ নিবারক বা এণ্টিফ্লজিষ্টিক ট্রিটমেণ্ট বলে। বর্ত্তমান সময়ে এপ্রকারেচিকিৎসা প্রায় পরিত্যক্ত। ছেলে দের নিউমোনিয়া রোগে এ প্রকার চিকিৎসা না করাই কর্ত্তব্য, যদ্যপি টার টার এমেটিক নিতান্তই ব্যবহার করিতে হয়, তবে রোগীর শারীরিক অবস্থা, নাড়ীর পূর্ণতা, জ্বরের প্রাবল্য, চর্ম্ম ও মিউকাস মেম্ব্রেনের অবস্থা বিশেষ রূপ পরিজ্ঞাত হইয়া পীড়ার প্রারম্ভাবস্থায় অল্পমাত্রায় ব্যবহার করিবে। এক্ষ নিউমোনিয়া রোগে বমন করণ অভিপ্রায়ে এণ্টিমনি হইতে ইপিকাক বহুল পরিমাণে শ্রেয় এবং ইপিকাক দ্বারা রোগী প্রায় নিস্তেজ হয় না। এরিউট প্লুরাইটিস ও ব্রঙ্কাইটিস্ রোগে যখন রোগী অত্যন্ত বলিষ্ঠ ও যুবক হইবে, অথচ জ্বরীয় লক্ষনাদির প্রবলতা প্রচুর-পরিমাণ বর্ত্তমান থাকিবে তদবস্থায় ১/১০ — ১/৪ গ্রেণ মাত্রায় উপকার হইতে পারে। বিবেচনা করিয়া দেখিলে ইহা দ্বারা সুফলের আশা হউক না কেন কিন্তু মন্দফল হঠাৎ হইতে পারে। থাইসিস্, এজমা, ও লেরিঞ্জাইটিস্ রোগে বক্ষে মর্দ্দনার্থ ইহার মলম কেহকেহ বাহ্য প্রয়োগ করিয়া থাকেন কিন্তু এতদপেক্ষা টিং আইওডিন্ ও অয়েণ্টম্ পটাসি আইওডাইড্ শ্রেষ্ঠ।

ক্রুপ রোগে (ট্রেকিয়ার প্রদাহে) ভাইনাম এণ্টিমনি ও ভাইনম্ ইপিকাক একত্রিত করিয়া ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শে। এবং ইহার সহযোগে কার্ব্বনেট অব্ পটাস ও ক্লোরেট্ অব্ পটাস মিশ্রিত করিলে আরও উপকার দর্শে। বাহ্যপ্রয়োগার্থে টার্পিণটাইন ফোমেণ্টেশন্ ও পুলটীস বিধান করিবে। অপর লেরিঞ্জাইটীস্ ডিপথিরিয়া আদি রোগেও উপকারী।

একিউট্ ইডিওপেথিক ম্যানিয়া ক্রনিক্ মেনিয়া, পিউয়ার পারেল মেনিয়া, পিউয়ার পারেল কনভল্শন্, ডিলিরিয়াম ট্রিমেন্স, এপিলেপ্সি, একিউট্ কোরিয়া আদি রোগে ইহা রোগ আরোগ্য পক্ষে বহুল সাহায্য করে। ক্রনিক মেনিয়া রোগে এণ্টিমনি দ্বারা সময় সময় আশ্চর্য্য উপকার দর্শে

একিউট্ হাইড্রোকেফেলাস্ রোগে একক বা ওপিয়াম্ ও কেলোমেল্ সহ বিধান করিলে উপকার হয়। বাহ্য প্রয়োগে ইহার মলম ব্যবহার করিলে কাউন্টার ইরিটেন্ট্ হইয়া উপকার করে।

একিউট রিউমেটিজম্ রোগে অনেকানেক বিজ্ঞ চিকিৎসক টারটার এমেটিকের প্রতি বিস্তর অনুরাগ প্রকাশ করেন। অপর একিউট আর্টিকিউলার রিউমেটিজম্, হাইড্রার্থোসিস্, ক্রনিক সাইনোভাইটিস্ রোগে উপকার জনক কিন্তু স্মরণ রাখা কর্ত্তব্য যে আইয়োডিন্, ও আইয়োডাইড্ অব্ পটাসিয়ম দ্বারা যতদূর উপকার সম্ভবে, ইহা দ্বারা তদনুরূপ কখনই হইবে না।

এরিসিপেলাস্ রোগে সকল অবস্থাতেই ইহা ব্যবহৃত হইয়াছে কিন্তু টিংচিল দ্বারা চিকিৎসাই সর্ব্বাপেক্ষা অমোঘ ঔষধ। প্রসবের পর স্তন প্রদেশে ইনফ্লামেশনের লক্ষণ প্রকাশ পাইলে বিবমিষা জনক মাত্রায় টারটার এমেটিক শিঘ্র কার্য্যকারী। হুইটলো, বিউবো, একিউট্ অর্কাইটিস্ রোগে বিবেচনা সহ অতি অল্প মাত্রায় ব্যবস্থার প্রয়োগে যথেষ্ট উপকারী।

নিভাস্ রোগে ১ অংশ এণ্টিমনি, ২ অংশ রেজিন প্লাস্টার মিশ্রিত করিয়া ১টী চামড়ার উপর উক্ত প্লাষ্টার লাগাইয়া নিভাসের উপর বান্ধিয়া রাখিবে এবং স্লাফ্ না হওয়া পর্য্যন্ত ইহা ব্যবহার করিলে ক্ষত উৎপন্ন হইয়া আরোগ্য হইবে কিন্তু এতদপেক্ষা টিংচিল, নাইট্রিক এসিড্ শ্রেষ্ঠ।

ইনফ্লুয়েঞ্জা রোগে ডাং পার্কাস্ ইহার ব্যবহার করিতে অনুমতি দেন, কিন্তু সময় সময় রোগী নিতান্ত দুর্ব্বল হইয়া পড়ে। একিউট্ এল্বিমিনোরিয়া রোগে ডাংবার্লো ইহাকে ভাল বিবেচনা করেন।

অব্‌ষ্টিনেইট্ কনষ্টিপেশন্ রোগে কোন কোন সময় টারটার এমেটিক দ্বারা বেশ উপকার দর্শে।

ষ্ট্রাঙ্গুলেটেড্ হার্নিয়া, ও বহুদিনের ডিস্‌লোকেশন্ থাকিলে, পূর্ব্বে ইহা শারীরিক অবসাদন জন্মাইয়া, স্থানচ্যুত অস্থি যথাস্থানে স্থাপিত করা হইত কিন্তু সম্প্রতিক ক্লোরোফর্ম্ম ও অন্যান্য স্পর্শ হারক ব্যবহৃত হইতেছে।

পিউরুলেন্ট্ অপ্‌থাল্মিয়া ও নানা প্রকার চক্ষু প্রদাহে ইহার বাহ্য প্রয়োগ উপকারজনক কিন্তু আর্জেণ্টাই নাইট্রাস্ অধিক উপকারী। চর্ম্মিয়ার ও

পাংসিটি রোগে ১ গ্রেণ্ টার্টার এমেটিক্ ২ ড্রাম্ পরিষ্কার জলদ্বারা ধৌত করিবে।

সাব্ একিউট্ ওভেরাইইটিস্ রোগে ইহার মলম বাহ্যপ্রয়োগার্থ মন্দনয়।

অস্ ইউট্রায়ের কাঠিন্যবশতঃ বিলম্ব প্রসবে ডাবলিন নগরস্থ ডাং কেনেডি, ও অন্যত্র ডাং চর্চ্চি'ল নিম্নলিখিত ব্যবস্থা প্রদান করেন। যথা।

R.

Mag sulphus ℥ i

Amt. Tartarate gr. iii

Syrup ℥ i

In senna ℥ vii ss

Dose, one teaspoonful every half an hour or 2 hours.

ইউট্রাইন্ হেমোরেজ, টিকডলক ও অন্যান্য প্রকার নিউরালজিয়া রোগেও ইহা ব্যবহৃত হয়।

Zinci Sulphus. Sulphate of zinc.

জিন্সাই সাল্ফাস্। সাল্ফেট অব্ জিঙ্ক।

মাত্রা। ১—৩ গ্রেণ বলকারক এবং ১০—৩০ গ্রেণ বমন কারক।

ক্রিয়া। নার্ভাইন্ টনিক্, এস্ট্রিন্জেণ্ট্, এণ্টিস্পেজ মডিক্, অধিক মাত্রায় এমেটিক্, তদপেক্ষা অধিক মাত্রায় ইরিটেণ্ট্ পয়জেন্। ১ গ্রেণ মাত্রায় স্নায়ুবীয় বলকারক, সঙ্কোচক, ও আক্ষেপ নিবারক। ১০—২০—৩০ গ্রেণ মাত্রায় বমন কারক। মাদক বিষ দ্বারা বিষাক্ত হইলে বমন করনার্থ ইহা প্রায় ব্যবহৃত হয়।

বাহ্যপ্রয়োগে ইহা এস্ট্রিন্জেণ্ট্, ষ্টিমুলেণ্ট, ও ইরিটেণ্ট্। বাহ্য প্রয়োগার্থ ১—১০ গ্রেণ মাত্রায় ১ আং পরিষ্কার জলের সহিত চক্ষু ধৌতরূপে ব্যবহার করাযায়।' ইহা পেষ্ট্ আকারে ১ গ্রেণ ও গ্লিস্রিণ্ ১ ড্রাম মিশ্রিত করিয়া ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ। কোরিয়া রোগে ইহার উপকারিতা বিষয়ে ডাং

বেদিংটন্, গ্রোণ্‌ডিং বার্ড, বার্লো, প্রভৃতি চিকিৎসক গণ বহু গবেষণা দ্বারা স্থির করিয়াছেন। এইরোগে কোষ্ঠ পরিষ্কার করাইয়া তৎপর ১ গ্রেণ হইতে ক্রমে ১২—১৫—২০ গ্রেণ পর্য্যন্ত মাত্রা বৃদ্ধি করিলে প্রায় নিষ্ফল হয় না।

এপিলেপ্‌সি, হিষ্টিরিয়া আদি নার্ভাস পীড়াতে সল্‌ফেট্ অব্ জিঙ্ক ১গ্রেণ্ এক্‌ষ্ট্রাক্ট ভেলিরিয়েন্ ৩। ৪ গ্রেণ মিশ্রিত করিয়া পিল আকারে দিবসে ২। ৩ বার দিলে যথেষ্ট উপকার দর্শে।

এন্‌জাইনা পেক্টোরিস্, স্পেজমডিক্ এজমা, হুপিংকফ্ ইত্যাদি রোগে গ্রেণ সল্‌ফেট্ অব্ জিঙ্ক ½—½ গ্রেণ মাত্রায় এক্‌ষ্ট্রাক্ট্ বেলাডোনা সহ পিল দিবসে ৩। ৪ বার দেওয়া যায়।

যক্ষারোগে অধিক ঘর্ম্ম নিবারণার্থ সল্‌ফেট অব্ জিঙ্ক ১ গ্রেণ এক্‌ষ্ট্রাক্ট-হায়োসাইমাস্ ৪ গ্রেণ একত্র করিয়া ব্যবহার করিবে। ক্রনিক ব্রঙ্কাইটিস্ রোগ ও হৃদ পিণ্ডের ভালবউলার ডিজিজে সল্‌ফেট্ অব্ জিঙ্ক এক্‌ষ্ট্রাক্ট লপুলাই, কেম্ফার, হাইসাইমাস ইত্যাদি নানা প্রকার ঔষধ সহ প্রয়োগ করা যায়।

ইনটারমিটেণ্ট ফিবার বা টাইফয়েড ফিবারেও ব্যবহার করা যায়।

মেনোরেজিয়া রোগে ১ – ২ গ্রেণ মাত্রায় দিবসে ২। ৩ বার পীল আকারে দেওয়া যায়।

কনষ্টিপেশন্‌জনিত কলিক, ফ্লেটুলেন্স আদি রোগে ডাংট্রং নিম্নলিখিত ব্যবস্থা দেন।

R.

Zinc Sulphas gr xviii,

Pulv opii gr . iii,

Mucilage gr q.s

ft. Pill 6 only.

One pill to be given 3 or 4 times a day.

উপরোক্ত ঔষধ দ্বারা ৬টী পিল প্রস্তুত করিয়া দিবসে ৩। ৪ বার দেওয়া যায়। ইহা আহারের অব্যবহিত পরই ব্যবহেয়। সহ্য হইলে তৎপর ওপিয়ম পরিত্যাগ করিয়া জেন্‌শিয়েন বা বেউচিনি সহ ব্যবহার করা যায়।

ক্রনিক ডিসেণ্ট্রি রোগে ডাঃ ইম্পে ইহা ইপিকাক, ও ওপিয়াম সহ ব্যবহার করিয়া বিশেষ ফল লাভ করিয়াছেন কিন্তু এতদপেক্ষা নাইট্রেট্ অব্ সিলভার অধিক ফলপ্রদ। ডায়েরিয়া রোগেও ব্যবহার হয়।

সাইনেন্‌কটন্‌সিলারিস্ রোগে যখন অস্ত্রোপচার নিতান্ত কঠিন হইয়া পড়ে, তদবস্থায় বমন কারক মাত্রায় ইহা প্রয়োগ করিলে আপনা হইতে ফাটিয়া পুয় নির্গত হইয়া যায়।

ছেলেদের অপ্‌থালমিয়া রোগে সল্‌ফেট্ অব জিঙ্ক ১ গ্রেণ জল ১ কি ২ আং মিশ্রিত করিয়া এবং যুবক দিগের অপথাল্‌মিয়া বা চক্ষু প্রদাহে ১—৪ গ্রেণ মাত্রায় ১ আং জল সহ মিশাইয়া চক্ষে ব্যবহার প্রয়োগ করিলে অত্যন্ত উপকার দর্শে। ইহার সহিত লাইকর প্লম্বাই মিশ্রিত করিলে গুণ অধিও বৃদ্ধি হয়।

Gonorrhœa বা প্রমেহ রোগের তৃতীয় অবস্থায় সলফেট্ অব্ জিঙ্ক ১০ গ্রেণ লাইকর প্লম্বাই ॥—১ ড্রাম একোয়া ৮ আং মিশ্রিত করিয়া মূত্র নালী মধ্যে ইন্‌জেকশন্ করিলে অন্যান্য ঔষধাপেক্ষা উপকারী। লিউকোরিয়া ও গ্লিট্ রোগে ও উপরোক্ত নিয়মানুসারে পিচকারী অত্যন্ত উপকার জনক। স্ত্রীলোকদিগের ক্রনিক ইউরিথ্রাইটিস্ রোগে ইহার ইন্‌জেকশন্ ব্যবহৃত হয়।

মুখ মধ্যস্থক্ষতে ১—৫ গ্রেণ সল্‌ফেট্ অব্ জিঙ্ক ১ আং জলে মিলাইয়া বাহ্যক ব্যবহৃত হয়।

নানাপ্রকার চর্ম্মরোগেও হাইড্রোসিল রোগে সময় সময় ব্যবহৃত হইয়া থাকে।

সামান্য লবন।

Sodii Chloridum, Chloride of Sodium

সোডিয়াই ক্লোরাইডম্ ক্লোরাইড্ অব্ সোডিয়ম্।

মাত্রা। ২০—৬০ গ্রেণ কৃমিনাশক। ½—১ আং বমনকারক।

ক্রিয়া। অল্পমাত্রায়ষ্টমাকিক্, টনিক, ও অল্‌টারেটিব, অধিক মাত্রায় এমেটিক্, কেথার্টিক ও এন্থালমেন্টিক্। শরীরের উপাদান মধ্যে সাধারণ লবণ

একটী প্রধানতম বস্তু; ইহা রক্ত, প্রস্রাব, ও অপরাপর পদার্থে যথেষ্ট পরিমাণ বিদ্যমান আছে। পাকস্থলির গ্যাষ্ট্রিক জুসের মধ্যস্থ মিউরিয়েটিক্ এসিড্ রক্তস্থ সোডাদি, লবন হইতে উৎভব হয়। অল্পমাত্রায় ১০-২০ গ্রেণে ইহা দ্বারা ক্ষুধা বৃদ্ধি করে, অধিক মাত্রায় পিপাসা বর্দ্ধিত হয়, এতদপেক্ষা ২ কি ৩ টেবল স্পুন ফুল মাত্রায় ভয়ানক বমি উপস্থিত করে। ৩—৮ ড্রাম মাত্রায় বিবেচক ও বমন কারক এবং বিবেচনার্থে এনিমা আকারে ও প্রয়োগ করাযায়। অত্যন্ত অধিক মাত্রায়, উগ্রবিষের ন্যায় কার্য্য করে, ষ্টমাক ও ইন্‌টেষ্টাইনে প্রদাহের চিহ্ন বর্ত্তমান থাকে। নাইট্রেট্ অব্ সিলভার দ্বারা বিষাক্ত হইলে বিষনাশার্থ ক্লোরাইড্ অব্ সোডিয়ম ব্যবহার হয়। বাহ্যপ্রয়োগে ইহা রুবিফেসিয়েণ্ট; কৃত্রিম বা অকৃত্রিম লবনজল অধিক দিন ব্যবহার করিলে সার্ব্বাঙ্গিক বল বিধান করে।

আময়িক প্রয়োগ। কলরা বা বিসূচিকা রোগে নানাবিধ বহুদর্শী চিকিৎসক পূর্ব্বে ইহা ব্যবহার করিয়াছেন। তাঁহাদের মতানুসারে এরোগে রক্তস্থ লবণের ভাগ ন্যূন হওয়াতে, ইহা দ্বারা উপকার দর্শে কিন্তু আধুনিক চিকিৎসকগণ ব্যবহার করেন না।

ডাক্তার ডিউইস্ বলেন শৈশবাবস্থার কলরায় গরম জলের সহিত লবন মিশ্রিত করিয়া পিচকারি প্রয়োগ করিলে আশ্চর্য্য উপকার করে। এমন কি ইহা ব্যবহারে প্রায় একশত বার সুখী হইয়াছেন।

ডাং মার্চিসন বলেন লিভারের ফেটিডিজনারেশনে যথেষ্ট পরিমাণে ব্যবহার করিলে অত্যন্ত উপকার হয়।

টাইফয়েড্ জ্বর ও অন্যান্য নিস্তেজকারী জ্বরে ডাং কোম্পলাণ্ড্ আহারের সহিত লবন ব্যবস্থা করেন। এই প্রকার পীড়ায় রক্তের অবস্থা নিতান্ত নিকৃষ্ট হইয়া পড়ে সুতরাং লবণ অবশ্য প্রযোজ্য।

স্কার্লেট্ ফিবারের জন্য কোরাইজা coryza হইলে লবণ ১ আং গরমজল ১ পাইণ্ট্ মিশ্রিত করিয়া নাষ্ট্রিলে প্রয়োগ করিলে মন্দনয়। গ্রেট্ ব্রিটনের কোন কোন্ স্থলে হেমোরেজ রোগে ইহা আদরের সহিত ব্যবহৃত হয়। অপরু পাইসিস্ রোগে বলকরনার্থ ডাং কটন প্রয়োগ করিতে অনুমতি দেন।

অপ্ থাল্মিয়া ophthalmia রোগে ডাং হে ইহার সেচুরেটেড্ সলুশন্ (যে পরিমান জলে যত লবন দ্রবীভূত হয়) যথেষ্ট উপকারী বলিয়া নির্দ্দেশ করেন। ক্রনিক গ্রেন্যুলার অপ্থালমিয়া রোগেও ইহা ব্যবহার্য্য।

নানাবিধ ক্রমিরোগে ইহা ব্যবহৃত হয়। অর্দ্ধড্রাম মাত্রায় শূন্যোদরে ব্যবহেয়।

বমন করনার্থ জ্বরাদি রোগের প্রাবস্থা বস্থায় ইহা মন্দনয়।

জলৌকা বা জোঁক, যদ্যপি রেকটাম্, ষ্টমাক, কি ভেজাইনা ইত্যাদি গহ্বরে প্রবেশ করে, ইহার বাহ্য প্রয়োগ দ্বারা জলৌকা বিনষ্ট হয়। জলের সহিত মিশ্রিত করিয়া পিচকারি প্রযোগ করিবে।

সর্ষপ।

Sinapis. Mustard

সিনাপিস্। মাষ্টার্ড্।

প্রযোগরূপ।

১। মাষ্টার্ড্ পুল্‌টিস্।

২। অয়েল্ অব্ মাষ্টার্ড্।

৩। কম্পোণ্ড্ লিনিমেন্ট্ অব্ মাষ্টার্ড্।

মাত্রা। ২—৪ ড্রাম, উষ্ণ জলের সহিত বমন কারক।

ক্রিয়া। অল্প মাত্রায় ষ্টিমুলেন্ট্ ষ্টমাকিক, ডাইউরেটিক্, এমেটিক্। ইহা ব্যবহারে পরিপাক যন্ত্রের শক্তি বৃদ্ধি হয়, ও ক্ষুধা উৎপাদন করে। অধিক দিন ব্যবহার করিলে মূত্রের পরিমাণ বৃদ্ধিকরে সুতরাং মূত্র কারক ও অধিক মাত্রায় বমন কারক বা এমেটিক্। ইহা দ্বারা বমন করাইলে কোন প্রকার যন্ত্রণা হয় না। বাহ্যপ্রয়োগে চর্ম্মের উগ্রতা সাধক ও ফোস্কাকারক। এল্‌কোহল, ভিনিগার, কি গরম জলের সহিত প্রয়োগ অনুচিত।

আময়িক প্রয়োগ। ডিস্পেপসিয়া, ড্রপসিকেল্ এফেক্‌শন্, এমিনোরিয়া, ডিস্‌মেনোরিয়া ইত্যাদি পীড়ায় নানাপ্রকারে ব্যবহৃত হয়। এমিনোরিয়া ও ডিস্‌মেনোরিয়া রোগে শর্ষপের হিপ্ বাথ্ যথেষ্ট উপকারী।

ইনসেনিটি বা বাতুলতায় যখন মস্তিষ্কে রক্তাধিক্য নিবন্ধন রোগী নিতান্ত

অস্থির, নিদ্রাহীনা আদি লক্ষণযুক্ত হয়, তদবস্থায় অক্ষাধারেও উদর প্রদেশে শর্ষপের পটী লাগাইবে।

Sinapism or mustard poultice বা মাষ্টার্ড পোল্‌টিস্। ইহা বাহ্যিক ব্যবহৃত হয়। অত্যন্ত উত্তেজক, এবং অতি সহজে ফল প্রকাশ করে। সাধারণতঃ শর্ষপের গুড়া দ্বারাই জল অথবা ভিনিগার সংযোগে প্রস্তুত হয়। সহজে ফল প্রকাশার্থে শীতল জলে মিশ্রিত করিয়া ব্যবহৃত হয়। বাস্তব এল্‌কোহলে কি অন্যান্য জিনিসাপেক্ষা শীতল জলে মিশাইয়া সর্ব্বদা ব্যবহার্য্য ও ফলপ্রদ। ডাং পেরিস বলেন সিনা পিজমের ক্রিয়া দ্রুত প্রকাশার্থে অয়েল অব্ টার্‌পেন্ টাইন কি ক্যাপসিকম বা লঙ্কা মরীচ সংযোগে ব্যবহার্য্য। স্ত্রীলোক ও বালকাদিগের চর্ম্ম অত্যন্ত কোমল বিধায়,সাধারণ চর্ম্ম ও সিনাপিজম এতদুভয়ের মধ্যে মস্‌লিন Muslin সংস্থাপন করিয়া ব্যবহার করিবে। সিনাপিজম ব্যবহার করিয়া যখন অত্যন্ত জ্বালা ও অসহ্য যন্ত্রণা বোধ হইবে সেই অবস্থায় পরিত্যাগ করা কর্ত্তব্য, যদ্যপি নিয়মিত সময় অতিক্রম করিয়া অধিক সময় রাখা যায় তাহা হইলে হয়ত গ্যাংগ্রিন্ পর্য্যন্ত হইতে পারে।

নানা প্রকার ইন্‌ফ্লামেশন Inflammation বা প্রদাহে অথবা সিরাস কি মিউকাস মেম্ব্রেনের প্রদাহে, প্রদাহিত স্থান অত্যন্ত উত্তেজিত না হইলে সিনাপিজম ও লিন্‌সিড্ পুল্‌টিস্ দ্বারা অত্যন্ত উপকার দর্শে। Apoplexy (এপোপ্লেক্সি) Delirium (ডিলিরিয়ম) Coma (কোমা) Paralysis (পেরালিসিস্) congestive headache (কন্‌জেস্‌টিব্ হেডেক্) এবং অরীয় অবস্থায় নানা প্রকার মাস্তিষ্কীয় উপদ্রবে সিনাপিজম্, টার্পিণটাইন বা কেপ্‌সিকম্ সহ মিশ্রিত করতঃ পদতলে, উরু প্রদেশে প্রয়োগ করিলে প্রত্যুগ্রতা সাধন করিয়া আশ্চর্য্য উপকার করে।

Cholera (কলরা) Colic (কলিক) Colica pectonum (কলিকাপেক্‌টোনাম্) এবং অন্ত্রস্থ নানা প্রকার আক্ষেপিক পীড়ায় সিনাপিজম্ দ্বারা আশ্চর্য্য উপকার দর্শে। ইহা সাধারণতঃ ইপিগ্যাষ্ট্রীয়ামে প্রয়োগ করিবে।

ক্রাউট, কাশীর সহিত অত্যন্ত শ্বাসকষ্ট থাকিলে, হুপিংকফ, টাইফস্

কিনাগে ব্রংকাইটিস্ হইলে, নিযোমোনিযা ও ব্রংকোনিযোমোনিয়া, টনসিলের ইনফ্লামেশন, নিউরালজিয়া ইত্যাদি রোগে স্থান ভেদে ব্যবহার করিলে যথেষ্ট উপকার প্রাপ্ত হওয়া যায়।

ইউট্রস্ বা জরায়ুর নানা প্রকার পীড়ায় বেদনা নিবারণার্থ সিনাপিজম-হাইপোগ্যাষ্ট্রীক বিজিয়নে কি কোমরে প্রয়োগ করিয়া বিশেষ ফল লাভ করা গিয়াছে।

ষ্টমাকের উত্তেজনা বশতঃ নানা প্রকার বমন কি হিক্কা নিবারণার্থে মাষ্টার্ড প্লাষ্টার অবশ্য ফলপ্রদ।

Hydrochlorate of apomorphia.

হাইড্রক্লোরেট অব এপোমর্ফিয়া।

ক্রিয়া। $\frac{1}{8}$ গ্রেণ মাত্রায় সেবন করাইলে অত্যন্ত বমনকারক এবং $\frac{1}{10}-\frac{1}{15}$ গ্রেণ মাত্রায় চর্ম্ম নিম্নস্থ বিধানে হাইপোডর্মিকরূপে প্রয়োগ করিলে যথেষ্ট বমন হইতে থাকে। উপরোক্ত মাত্রায় ৫ হইতে ১২ মিনিট মধ্যেই বিনা ক্লেশে বমি হইয়া যায়। বমণকরণার্থ নিউমোনিয়া, ডিপ্থেরিয়া, স্কার্লেটিনা এবং নানা প্রকার বিষ দ্বারা বিষাক্ত হইলে বিশেষ আদরের সহিত ব্যবহৃত হয়। স্ত্রীলোক ও বালকদিগের পক্ষে সলুশন ৫ মিনিম ও লিবেট $\frac{1}{10}$ গ্রেণ মাত্রায় ব্যবহার্য্য।

অসইউট্রাসের কাঠিন্য বশতঃ প্রসবে বিলম্ব হইলে বমন করণার্থ $\frac{1}{8}$ গ্রেণ মাত্রায় এপোমর্ফিয়া হাইপোডার্মিকেলি প্রয়োগ করিলে উদ্দেশ্য সিদ্ধ হয়। ১ বা অর্দ্ধ গ্রেণ ১০০ মিনিম জলে সলুশন প্রস্তুত হয়। মাত্রা ৪ – ৮ মিনিম।

EXPECTORANTS CLASS.

কফনিঃসারক শ্রেণী।

যে সমস্ত ঔষধ দ্বারা ব্রংকিয়েল মিউকাস্ মেম্ব্রেনের সিক্রেশন বৃদ্ধি হয় এবং উক্ত শ্লেষ্মাদিগকে বহির্গত করিয়া দেয়, তাহাদিগকেই এক্সপেক্টোরেণ্ট কহে।

ইহারা টপিকেল ও জেনেরল, এই দুই শ্রেণীতে বিভক্ত।

১। টপিক্যাল এক্সপেক্টোরেণ্টস — যে সমস্ত ঔষধের ফল, বাষ্পরূপে আঘ্রাণ করাইলে এয়ার পেসেজের মিউকাস্ লাইনিং মেম্ব্রেনে সাক্ষাৎ প্রকাশিত হয়।

২। জেনেরেল এক্স পেক্টোরেণ্টস্। যে ঔষধ সকল্ সেবন দ্বারা রক্ত স্রোতে আচোষিত হইয়া তদনন্তর শ্বাসযন্ত্র ও শ্বাসনালীস্থ মিউকাস্ মেম্ব্রেনে কার্য্য প্রকাশ করে।

নিম্নলিখিত অবস্থায় ইহাদের কার্য্য বৃদ্ধি হয়।

(১) শরীরকে নিয়মিত মত বস্ত্রাবৃত রাখা। (২) বমনকারক ঔষধ। (৩) সামান্য পরিমাণ তরলকারক ঔষধ মিশ্রিত করা। (৪) যে সকল ঔষধ দ্বারা প্রস্রাব ও বাহ্য বৃদ্ধি হয়, তাহা ব্যবহার না করা।

নিম্নলিখিত অবস্থায় উহাদের কার্য্যের হ্রাস জন্মায়।

(১) ওপিয়ম ঘটিত ঔষধ দ্বারা। (২) মূত্রকারক ঔষধ। (৩) বিরেচক ঔষধ। (৪) শরীর শীতল রাখা বা অনাবৃত রাখা।

ব্যবহার কালে নিম্নলিখিত কতকগুলি বিষয় স্মরণ রাখিবে।

(১) যে কোন কফনিঃসারক ঔষধই অল্প মাত্রাতেও খারাপ ফল উৎপন্ন করিতে পারে। (২) এস্থেনিক ইনফ্ল্যামেশনে ষ্টিমুলেণ্ট শ্রেণীস্থ কফ-নিঃসারক বিধেয় নয়। (৩) আইওডিনের জলীয় বাষ্প শ্বাস দ্বারা গ্রহণ করিলে, অধিক উত্তেজনা না হইতে সতত সতর্ক থাকা কর্ত্তব্য। (৪) নসিয়েটিং ঔষধ নার্ভাস এজমায় প্রয়োগ কর্ত্তব্য নয় এবং রোগী দুর্ব্বল ও টাইফয়েড লক্ষণযুক্ত থাকিলে তদবস্থায়ও অব্যবহার্য্য। গরম জলের বাষ্প শ্বাস দ্বারা গ্রহণ করিলে অত্যন্ত উপকার দর্শে এবং ইহা প্রায় সকল অবস্থায় ব্যবহার্য্য।

নিম্নলিখিত ঔষধ সকল কফনিঃসারণ জন্য ব্যবহৃত হয়।

১। এমোনায়েকম।

২। মর্ফিয়া।

৩। বাল সাম অব্ পিরু।

৪। বাল সাম অব টলু।

৫। ষ্টোরাক্স্।

। বেন্জোইন্।
৭। বেনজোইক্ এসিড।
৮। সেনেগা।
৯। লোবিলিয়া।

এমোনায়েকম্।

Ammoniacum. Gum ammoniacum.

প্রয়োগ রূপ।

১। এমপ্লাষ্ট্রম্ এমোনায়ে সাইকম্ হাইড্রার্জ্জিরাই।

২। মিক্‌চার অব্ এমোনায়েকম্। মাত্রা ২ — ১ আং।

মাত্রা। ১০—২০ গ্রেণ্, গম্ রেজিন্।

ক্রিয়া। ষ্টিমুলেণ্ট্, একস্ পেক্টোরেণ্ট্। যথন রোগী সঞ্চিত শ্লেষ্মা নির্গত করিতে অপারগ হয় অথচ মিউকাস্ সঞ্চিত হইয়া নিতান্ত অসুখের কারণ হইয়া উঠে তদবস্থায় এমোনায়েকম্ যথেষ্ট উপকারী। সাধারণতঃ ইহা মিক্‌চার রূপেই দেওয়া কর্ত্তব্য। বাহ্য প্রয়োগার্থ প্লাষ্টার প্রয়োজ্য; উত্তেজনা বৃদ্ধি করিয়া উপকার করে।

আময়িক প্রয়োগ। এজমা রোগে এমোনায়েকম দ্বারা সুন্দর উপকার দর্শে। টিং সিলা কি হায়ে সাইয়েমাস বা কোনায়ম সহ প্রয়োজ্য। বাহ্য ব্যবহারের জন্য প্লাষ্টার বক্ষস্থলে প্রয়োগ করিবে। ইহার সহিত সমপরিমাণ এসাফিটেডা মিশ্রিত করা কর্ত্তব্য।

যথন এয়ার পেসেজে মিউকাস্ সঞ্চিত হয় এবং ক্রণিক্ কেটার দ্বারা অত্যন্ত কষ্ট পাইতে থাকে তদবস্থায় ইহাদ্বারা বিশেষ উপকার প্রাপ্ত হওয়াযায়। রিউমেটিজম ও গাউট্ জনিত সন্ধি স্ফীত ও বেদনা যুক্ত হইলে, বাহ্য প্রয়োগার্থ এমপ্লাষ্ট্রম এমোনায়ে সাইকম্ হাইড্রার্জ্ বিশেষ ফলপ্রদ।

Myrrha. Myrrh.

মর্হা। মার্।

প্রয়োগ রূপ।

১। টিংচার্ অব্‌মার্। মাত্রা ২ — ১ড্রাম।

মাত্রা। ১০—৩০ গ্রেণ।

ক্রিয়া। ষ্টিমুলেণ্ট, এক্‌স্‌পেক্টোরেণ্ট, এমিনেগগ্‌, টনিক। ১০—২০ গ্রেণ মাত্রায় ষ্টিমুলেণ্ট এক্‌স্‌পেক্টোরেণ্ট ও এমিনেগগ্‌। এই মাত্রায় পরিপাক যন্ত্রের ক্রিয়া বৃদ্ধি করিয়া ক্ষুধা বর্দ্ধন করে। ½ আং মাত্রায় উদর প্রদেশে জালা ও ধার্মিনক উত্তেজনা বৃদ্ধি করে, ঘর্ম্ম প্রস্রাব বৃদ্ধি করে এবং মিউকাস নিঃসরণ রোধ করিতে থাকে। শ্লেষ্মা নিঃসরণ বৃদ্ধি করনার্থ স্কুইল ও রজো নিঃসরণ জন্য এলোজ অথবা আয়রণসহ প্রয়োগ করিবে। গার্গল (gurgle) করণ জন্য জলের সাহিত টিংচার ব্যবহার্য্য এবং ইহার সাহিত সংকোচক ইন্‌ফিউশন্‌ মিশ্রিত করা কর্ত্তব্য।

আময়িক প্রয়োগ। এমেনোরিয়া (Amenorrhœa) বা রজোঃলোপ রোগে মার, এলোজ বা মিকচার অব্‌ ফেরি অথবা পিলফেরি সহ উপকারিক কিন্তু স্বয়ং ইহা দ্বারা বিশেষ প্রতিকারের আশা নাই। ক্লোরোসিস্‌ এবং লিউকোরিয়া রোগে ও ইহা দ্বারা যথেষ্ট উপকার দর্শে।

ব্রংকাইটীস পীড়া অধিক দিন বর্ত্তমান থাকিলে অন্যান্য কফনিঃসারক ঔষধ সহ যোগে মর্হা বিশেষ উপকারক এবং পাকাশয়ে বল বিধান করিয়া ক্ষুধা ও পরিপাক শক্তি বৃদ্ধিকরে।

বৃদ্ধদের এজমা পীড়ায় মার দ্বারা উপকার দর্শে।

Sponginess of the gum বা মাঢ়ির শিথিলতা, মুখ মধ্যস্থ ক্ষত কি টাইলিজম রোগে টিংচার ২—৪ ড্রাম এবং ইন্‌ফিউশন্‌ সিন্‌কোনা মিশ্রিত করিয়া যথেষ্ট উপকারক।

ইন্‌ডোলেণ্ট আল্‌সারে ইহার টিংচার জল মিশ্রিত করিয়া ব্যবহার্য্য।

Balsamum Peruvianum.	Balsam of Peru.
বাল্‌সাম্‌ পিরুভিয়েনাম্‌।	বাল্‌সাম্‌ অব্‌ পিরু।

মাত্রা। ১০—১৫ মিনিম্‌।

ক্রিয়া। ষ্টিমুলেণ্ট, এক্‌স্‌পেক্টোরেণ্ট্‌ সাধারণতঃ প্রায় সমস্ত মিউকাস মেম্ব্রেইনকে উত্তেজিত করে কিন্তু ফুস্‌ ফুসের অভ্যন্তরস্থ মিউকস্‌ প্রদেশে অধিক কার্য্যকারী; বাহ্য প্রয়োগে মৃদু উত্তেজক।

আময়িক প্রয়োগ। ক্রণিক ব্রংকাইটীস্ ও অন্যান্য কফ রোগে বালসাম অব্ টলু ও পিরু স্কুইল ও অপরাপর কফ নিঃসরিক ঔষধ সহ ব্যবহার করিলে উত্তেজক ও কফনিঃসারক হইয়া উপকার করে। ক্রণিক লেরিঞ্জাইটিস রোগে বাল সামের বাষ্প গ্রহণ করিলে উপকার দর্শে।

Otorrhœa (ওটরিয়া) বা কাণ পাকা রোগে ডাং টমসম্ ১ ড্রাম বালসাম অব পিরু ২ ড্রাম পরিষ্কার বৃষ পিত্ত মিশ্রিত করিয়া দিবসে ২ বার প্রয়োগ করিতে অনুমতি দেন। ঔষধ ব্যবহারের পূর্ব্বে পীড়িত স্থান গরম জল কি সোপ ওয়াটার দ্বারা ধৌত করতঃ ব্যবহার্য্য।

কেহ কেহ বলেন Cancrum oris (ক্যান্‌ক্রাম্‌অরিস্) রোগে ১ আং বাল্‌সাম ২ আং হনি বা মধু দ্বারা লিংটাস্ প্রস্তুত করতঃ বাহ্যিক প্রয়োগ করিলে উপকার দর্শে।

ইন্‌ডোলেণ্ট্ আলসার, ময়লা যুক্ত ক্ষত কি বেড সোরে ইহার স্থানিক প্রয়োগ মন্দ নয়; ঘায়ের অবস্থা পরিবর্ত্তিত করিয়া আরোগ্যোন্মুখ করে। মলম আকারে (বালসাম ২ ড্রাম লার্ড ১ আং) ব্যবহার্য্য।

ডাং কোপলাণ্ড টাক রোগে (মস্তক হইতে চুল উঠিয়া গেলে) ইহার স্থানিক প্রয়োগ আশ্চর্য্য উপকারী বলিয়া নির্দ্দেশ করেন। যথা—

R.

Adips ℥ ii

Ceræ Alb ℥ ss

Balsam of Peru ʒ ii

Oil Lavender m xii

প্রথমতঃ এডিপস্ ও সিরি অগ্নি উত্তাপে দ্রব করিয়া তৎপর বালসাম ও অপরাপর ঔষধ মিশ্রিত করিবে।

Balsamum Tolutanum. Balsam of Tolu,

বালসামম্ টলু টেনাম্। বাল্‌সাম্ অব্ টলু।

প্রয়োগ রূপ।

১। সিরপ অব টলু। ১ ড্রাম্।

২। টিঞ্চার অব টলু। ২০—৪০ মিনিম্।

মাত্রা। *১০—২০ গ্রেণ*।

ক্রিয়া ও ব্যবহার সম্পূর্ণ বালসাম্ অব্ পিরুর অনুরূপ।

ষ্টোরাক্স।

Styrax Præparatus. Prepared Storax.

ষ্টইরাক্স। ষ্টোরাক্স।

মাত্রা। ৫—২০ গ্রেণ্।

ক্রিয়া। পিল অথবা ঈমলশন্ রূপে ৫—২০ গ্রেণ মাত্রায় ষ্টিমুলেণ্ট ও এক্স্ পেক্টোরেণ্ট। মিউকাস্ মেম্ব্রেনের উপর সম্পূর্ণ ক্রিয়া প্রকাশ করে বিশেষতঃ শ্বাস প্রাশ্বাসিক যন্ত্রে ও জেনিটো ইউরিনেরী যন্ত্রে অধিক ক্রিয়া দর্শায়। কেহ কেহ বলেন ষ্টোরাক্স হইতে সিনেমিক এসিড্ প্রাপ্ত হওয়া যায়; প্রস্রাবে হিপিউরিক এসিড বৃদ্ধি করে।

আময়িক প্রয়োগ।

ক্রণিক ব্রঙ্কাইটীস, কেটার, এজমা, আদি রোগে কোন কোন সময় ব্যবহৃত হয়।

ইণ্ডোলেণ্ট্ ও অন্যান্য প্রকার দোষিত ক্ষতে বাহ্য প্রয়োগার্থে মলমনয়; ক্ষতের অবস্থা শীঘ্র সংশোধিত করিয়া উপকার করে।

লিউকোরিয়া, গণোরিয়া ও অন্যান্য প্রকার পীড়ায় আদরের সহিত ব্যবহৃত হয়।

Benzoinum, Benzoin.

বেঞ্জোইনাম্। বেঞ্জাইন্।

প্রয়োগ রূপ।

১। কম্পৌণ্ড্ টিংচার অব্ বেঞ্জোইন্। ½—১ ড্রাম্।

২। বেঞ্জোইক্ এসিড্। ১০—২০ গ্রেণ্।

মাত্রা। ১০—৩০ গ্রেণ্ (বাল্সামিক্রেজিন)।

ক্রিয়া। একস্ প্লাক্টৌরেণ্ট ও ষ্টিমুলেণ্ট। ইহার ক্রিয়া ব্রংকিয়েল ও ইউরিনেরী সিষ্টেমের মিউকাস্ প্রদেশে অধিক কার্য্যদর্শায়। ইহার বেঞ্জো-ইক এসিড সেবনান্তর হিপিউরিক এসিড্ রূপে পরিণত হইয়া কিড্নি দ্বারা বহির্গত হয়। বাহ্যিক ব্যবহারার্থে উণ্ড্ স্ ও আল্সারে প্রয়োজ্য।

আময়িক প্রয়োগ। ক্রনিক ডিসেণ্টি্, ও মিউকস্ ডায়েরিয়া রোগে ব্যবহার্য্য।

Pyrosis. (পাইরোসিস্) রোগে ১ ড্রাম টিংচার মিউসিলেজ সহ ব্যবহার করিলে অত্যন্ত উপকার হয়। অনেকানেক বিজ্ঞচিকিৎসক এ চিকিৎসায় অনুমোদন করেন।

ষ্ট্রুমাস লেরিঞ্জাইটীস সহ কফ বর্ত্তমান থাকিলে নিম্নলিখিত ব্যবস্থা মন্দ নয় যথা—

R.

Tinct Benzoin Co.	ʒ i
Mucelage accacia	ʒ i
Syrup Papavaris	ʒ i
Aq. Cinnamoni	ʒ vi

Mix, send such 6 marks, one mark to be given twice or thrice daily.

ব্লাডারের উত্তেজনা বর্ত্তমান থাকিলে কেহ কেহ বেন্জোইন ব্যবহার করিয়া সন্তোষ লাভ করেন।

স্ক্রোটমে অত্যন্ত চুলকণা থাকিলে, অথবা ক্রনিক আর্টিকেরিয়া বা পুরাতন আমবাত রোগে বেঞ্জোইক এসিড ১০—২০ গ্রেণ একোয়া ১০ আং দ্বারা সলুশন্ প্রস্তুত করিয়া বাহ্যিক ব্যবহার করিলে আশ্চর্য্য উপকার দর্শে। ডাং রিংগার, ডাং উইলশন্ আদি বিজ্ঞ চিকিৎসকগণ উক্ত বিষয়ে অনুমোদন করেন।

বেঞ্জোইক এসিড্।

Acidum Benzoicum. Benzoic acid.

প্রয়োগরূপ।

১। বেঞ্জোইক এসিড্‌লোজেঞ্জেস্। ১—৫ লোজেঞ্জ্।

২। বেঞ্জোয়েট্ অব্ সোডিয়াম্। ১০—৩০ গ্রেণ্।

৩। বেঞ্জোয়েটেড্ লার্ড।

মাত্রা। ১০—১৫ গ্রেণ্।

ক্রিয়া। শ্লৈষ্মিক ঝিল্লির উত্তেজক। ইহার ভেপার গ্রহণ করিলে শ্বাস নালীর অত্যন্ত উত্তেজনা প্রকাশ করে। সেবন করিলে হিপিউরিক এসিডে পরিনত হয়, তৎপর প্রস্রাব দ্বারা শরীর হইতে নির্গত হইয়া যায়। বেন্জো-য়েট্ অব্ এমোনিয়া রূপে আভ্যন্তরিক প্রয়োগ করা যায়।

আময়িক প্রয়োগ।

প্রস্রাবে এল্‌কেলাইন অধিক হইয়া ফস্‌ফেট্‌স অথবা ইউরিক এসিড্ জন্মিলে সংশোধনার্থ বেঞ্জোইক এসিড্ যথেষ্ট উপকারী। দ্রবীভূত করিয়া উপকার করে।

Gout গাউট রোগে অনেকানেক বিজ্ঞচিকিৎসক ব্যবহার করিতে অনুমতিদেন। শরীরে ইউরেট্ অব্ সোডা জন্মিলে দূরিকরনার্থ বেঞ্জোইক এসিড্ ব্যবহৃত হয়।

ক্রণিক সিষ্টাইটীস্ (Cystitis) রোগে ৩ হইতে ৪ গ্রেণ মাত্রায় বে-ঞ্জোইক এসিড্ অল্পপরিমাণ গ্লিস্‌রিন্ সহ পিল আকারে প্রযোগ করিলে যথেষ্ট উপকারী। প্রত্যেক রোজ ব্যবহার্য্য। ছেলেদের ইন্ কন্‌টিনেন্স অব্ ইউরিন রোগে বেঞ্জোইক এসিড্ বিশেষ উপকারী।

বিলিয়ারি সিক্রিশনের ন্যূনতা বশতঃ জণ্ডিস্ রোগে প্রথমাবস্থায় প্রযোগ করিলে সুন্দর উপকার করে।

সেনেগা রুট্।

Senegæ Radix. Senega Root

প্রয়োগরূপ।

১। ইন্‌ফিউশন্ অব্ সেনেগা। ১—২ আঃ।

২। টিংচার অব্ সেনেগা। ½—২ ড্রাম।

মাত্রা। ২০—৬০ গ্রেণ্।

ক্রিয়া। ১০—৬০ গ্রেণ মাত্রায় ষ্টিমুলেণ্ট, একস্ পক্‌টোরেণ্ট, ডাই-উরেটিক্ এবং এমিনেগগ্। ইহার উত্তেজন ক্রিয়া শ্বাস নালীস্থ শ্লৈষ্মিক ঝিল্লির উপর বিশেষরূপ প্রকাশ করিয়া কফনিঃসরণ বৃদ্ধি করে। অধিক মাত্রায় এমেটিক, ও কেথারটিক্। ইউরিন্ ও সেলাইভা ইহা দ্বারা অধিক হয়, অধিক দিন ব্যবহার করিলে কখন কখন যন্ত্রণা দায়ক সেলিভেশন্ উৎপাদন করে। সেনিগিন্ ও পোলিগ্যালিক এসিডের উপর ইহার ক্রিয়া নির্ভরকরে। পূর্ব্বে সর্পদংশন জনিত চিকিৎসায় ইহা ব্যবহৃত হইত, কিন্তু ইদানিং প্রায় রহিত হইয়াছে।

আময়িক প্রয়োগ।

নিউমোনিয়া, কি ব্রংকাইটিস্ রোগে, প্রদাহের অবস্থা কিঞ্চিৎ নিবারিত হইলে কার্ব্বনেট্ অব্ এমোনিয়া সহ সেনেগা ব্যবহার করিলে যথেষ্ট উপকার দর্শে। এভিন্ন ক্রণিক কেটার কি অন্যান্য কফ রোগে ও ইহার টিংচার, ইন্‌ফিউজন্ বিশেষ আদরের সহিত ব্যবহৃত হয়।

Croup (ক্রুপ) রোগে বা ডিপ থিরিয়া রোগে কি ব্রংকাইটীস্ রোগে স্কুইল, সেনেগা, কার্ব্বনেট্ অব্ এমোনিয়া, সিরপ টলুর সহিত মিশ্রিত করিয়া প্রয়োজ্য। অথবা বমন করণার্থে ও মন্দনয়।

গ্যাষ্ট্রো এণ্টিরাইটীস্, এসাইটীস্, হৃদ্‌পিণ্ডের কাপাটিক, হিষ্টিরিকেল্ পাল্‌পিটেশন্ অব্ দিহার্ট্, এবং এমিনোরিয়া ও ডিস্‌মেনোরিয়া রোগের প্রথমাবস্থায় সেনেগা ব্যবহার্য্য।

লোবিলিয়া।

Lobelia. Lobelia.

প্রয়োগ রূপ।

১। টিংচার অব্ লোবিলিয়া। ১০—৩০ মিনিম্।

২। ইথিরিয়েল টিংচার অব্ লোবিলিয়া। ১০—৩০ মিনিম্।

মাত্রা। চূর্ণ-২—৫ গ্রেণ্। ১০—২০ গ্রেণ্ বমন কারক।

ক্রিয়া ১—৫ গ্রেণ মাত্রায় সিডেটিব্, সুডরিফিক্, একস্ পেক্‌টোরেণ্ট।

১৫—২০ গ্রেণ মাত্রায় এমেটিক, কেপার টিক্। অধিক মাত্রায় এক্রোনার্কটিক বিষক্রিয়া করে।

আময়িক প্রয়োগ। এজমা, ক্রণিক ব্রংকাইটীস্, ও এম্পিসিমা রোগে শ্বাস কষ্ট থাকিলে লোবিলিয়া দ্বারা উপকার দর্শে কিন্তু হৃদ্‌পিণ্ডের পীড়া বর্ত্তমানে লোবিলিয়া নিষিদ্ধ।

ডাং রিংগার হুপিংকফ রোগে অধিক মাত্রায় ব্যবহার করিতে অনুমতি দেন। হে ফিবার রোগে মিঃ গরডন্ টিং লোবিলিয়া প্রয়োগ করিতে আদেশ করেন।

DIAPHORETICS CLASS.

বা

ঘর্ম্মোৎপাদক ঔষধ শ্রেণী।

প্রয়োজনার্থে কতগুলি ঔষধ এমত আছে যে, তাহাদের ব্যবহার দ্বারা, ইচ্ছানুসারে আমরা শরীরের স্বেদ গ্রন্থি সকলের কার্য্য সংশোধিত করিয়া থাকি এবং যথেষ্ট পরিমাণে ঘর্ম্ম উৎপন্ন করিয়া সময় সময় আমাদিগকে অত্যন্ত সুখী করিয়া থাকে।

স্বেদ জনক ঔষধ নিচয় ত্রিবিধ নিয়মে শরীরে কার্য্য সম্পন্ন করে। কতকগুলি ঔষধ এমত আছে যে, তাহাদের ব্যবহার দ্বারা চর্ম্ম বা স্বেদজ গ্রন্থি সকলের কার্য্য বৃদ্ধি হয়। ২। আর কতগুলি চর্ম্মস্থ রক্তবহা নাড়ী সকলে অধিক রক্ত বহন করে। ৩। অপর কতগুলি রক্তবহা নাড়ী সকলকে রিলাক্স্ বা শিথিল করিয়া স্বেদ নির্গত করে।

১। চিকিৎসক মাত্রকেই ইহা স্মরণ রাখা কর্ত্তব্য যে শরীরে কোন একটী নুতন কার্য্য উৎপন্ন করিতে হইলে অপরাপর যন্ত্রের কার্য্য স্থগিত রাখিতে হইবে। অর্থাৎ যদ্যপি ঘর্ম্ম করণ অভিপ্রায়ে কোন ঔষধ প্রয়োজিত হয়, তবে মূত্র যন্ত্র কি পরিপাক যন্ত্রাদির কার্য্য সামান্য পরিমাণে মৃদু করিতে হইবে। একটী ঔষধের ২। ৩ টী ক্রিয়া আছে, যদ্যপি একটী ক্রিয়া প্রকাশ মানসে ঔষধটী প্রয়োগ করা যায় কাজেই অপর ২টী ক্রিয়া যেন প্রকাশ না হয় সেই চেষ্টাই করিতে হইবে। যেমন, নাইট্রিক ইথার দ্বারা ঘর্ম্ম উৎপন্ন করিতে হইলে, শরীরে শীতল বায়ু লাগান কর্ত্তব্য নয় কারণ তাহা দ্বারা ঘর্ম্মোৎপাদক গ্রন্থি সকলের ক্রিয়া লোপ করে, কাজেই যদ্যপি ঘর্ম্ম না হইতে পারে তবে মূত্র যন্ত্রকে উত্তেজিত করিয়া অধিক মূত্র নিঃসরণ করিবে। কিন্তু নাইট্রিক ইথার ব্যবহার করিয়া শরীরকে বেশ বস্ত্রাবৃত রাখা এবং গরম জল, কি গরম চা ইত্যাদি উপকার জনক।

২। অনেকেই অবগত আছেন, কোন প্রকার শারীরিক পরিশ্রমের পর

কি উষ্ণ জলে স্নান করার পর শরীর হইতে প্রচুর পরিমাণে ঘর্ম্ম নির্গত হয়, ইহাই চর্ম্ম পথে অধিক রক্ত চলাচলের নির্ণায়ক। জ্বর রোগে যখন শরীর নিতান্ত শুষ্কথাকা নিবন্ধন চর্ম্ম গ্রন্থি সকল অবরুদ্ধ অবস্থায় থাকে, তন্নিবারণার্থ আমরা উষ্ণ জলের স্পানজিং ব্যবস্থা করি। কোন ইন্‌টারনেল্ অরগেন্সে, ডিটার্মিনেশন্ অব ব্লাড্ হইলে কি ইনফ্লামেশনের চিহ্ন প্রকাশ পাইলে; এই নিয়মের অধীনে চর্ম্মের ক্রিয়া বৃদ্ধি করিলেও উক্ত যন্ত্রের রক্তাধিক্য তিরোহিত হইতে পারে।

৩। ইপিকাকুয়ানা সেবনে, কি জ্বর রোগে অথবা কলরা রোগে অত্যন্ত বমন হইলে শরীর ঘর্ম্মাক্ত হয় এবং রোগী নিতান্ত নিস্তেজ হইয়া পড়ে। কোন রোগী অত্যন্ত দুর্ব্বল হইলে সামান্য নাড়া চাড়াতেই তাহাদের প্রচুর চর্ম্ম নির্গত হইতে দেখা যায়, ইহারাই রক্ত শিরা সকলের শিথিল সম্পাদনের দৃষ্টান্ত স্থল।

নিম্নলিখিত অবস্থায় ঘর্ম্ম কারক ঔষধের ক্রিয়া বৃদ্ধি পায় যথা——১। শরীর উষ্ণ বস্ত্রাবৃত রাখা। ২। উষ্ণ পানীয় সেবন। ৩। অপরাপর যন্ত্রের কার্য্য স্থগিত রাখিতে চেষ্টাকরা। ৪। বাহ্যিক বায়ুতে বহির্গত না হওয়া।

নিম্নলিখিত ঔষধ সকল ডায়েফরেটিক্স বা ঘর্ম্ম কারক শ্রেণী ভুক্ত।

১। অক্সাইড্ অব্ এণ্টিমনি।

২। সল্‌ফেট্ অব্ এণ্টিমনি।

৩। লাইকর এমোনিয়া এসিটেটিস্।

৪। লাইকর এমোনিয়া সাইট্রেটিস।

৫। পটাস্ সাইট্রাস্।

৬। গোয়েকম্।

৭। জেবরাণ্ডি।

[ক্স]াইড্ অব্ এণ্টি[মনি]

Antimonii oxidum. Oxid[e]

প্রয়োগরূপ।

১। এণ্টিমোনিয়েল্ পাউডার। মাত্রা—৩—৫ গ্রেণ।

(ইহা জেম্‌স্ পাউডারের অনুরূপ)।

James's powder.

মাত্রা। ১—৪ গ্রেণ।

ক্রিয়া। নসিয়েটিং, ডায়েফরেটিক, অল্‌টারেটিব্ জ্বরাদি রোগে বমনোদ্রেক এবং ঘর্ম্ম করণার্থে সর্ব্বদা ব্যবহৃত হয় ও পুরাতন রোগাদিতে পরিবর্ত্তন জন্য প্রযোজ্য। অক্‌সাইড্ অব্ এণ্টিমনির ক্রিয়া ঠিক টার্টার এমেটিকের ন্যায়। ডাং গেরড্ বলেন ইহার ব্যবহারে টার্টার এমেটিকের ন্যায় তত আশঙ্কা নাই এবং ক্রিয়া অনেকাংশে মৃদু। কেহ কেহ বলেন ৫ গ্রেণ পরিমাণ জেমস পাউডার দ্বারাও যথেষ্ট বমি ও বাহ্যি প্রকাশিত হইতে পারে অথচ অধিক মাত্রায় ব্যবহারেও কোন হানি হয় না। পাকস্থলির রসে ও জলে যৎসামান্য দ্রব হয়। পুরাতন চর্ম্ম রোগেও ব্যবহার্য্য।

Antimoneum Sulphuratum. Sulphurate of antimony.

এণ্টিমোনিয়াম্ সাল্‌ফিউরেটাম্। সাল্‌ফিউরেট্ অব্ এণ্টিমনি।

মাত্রা। ১—৫ গ্রেণ।

ক্রিয়া। অল্‌টারেটিব্ ও এমেটিক্। ইহার কার্য্য কারিতার নিশ্চয়তা নাই, অল্প মাত্রায় ডায়েফরেটিক।

আময়িক প্রয়োগ।

সিফিলিস ও সিফিলিটিক রিউমেটিজমে ব্যবহৃত হয়। পিল আকারে আভ্যন্তরিক ব্যবহার্য্য। সেবন করিলে প্রস্রাবের প্রায় সমস্ত উপাদান বৃদ্ধি প্রাপ্ত হয় বিশেষতঃ ইউরিয়া ও সাল্‌ফিউরিক এসিডের ভাগ অধিক হয়। অন্যান্য বিবরণ অক্‌সাইড্ অব্ এণ্টিমনির ন্যায়।

Ammoniæ Acitatis Liquor Solution of acitate of ammonia.

এমোনিয়া এসিটেটিস্ লাইকর। সলুশন্ অব্ এসিটেট্ অব্ এমোনিয়া।

মাত্রা। ১—৬ ড্রাম।

ক্রিয়া। ২—৬ ড্রাম মাত্রায় রিফ্রিজারেণ্ট্ ডায়েফরেটিক্। এই শ্রেণীস্থ

অন্যান্য ঔষধ সহ ইহার ক্রিয়া বৃদ্ধি পায়। স্প্রেইন্ বা মোচড় লাগিলে বাহ্য প্রয়োগার্থ লোশন্ প্রস্তুত করিয়া ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ। জ্বর ও প্রাদাহিক রোগা দিতে ইহার তুল্য ঔষধ কম আছে, প্রয়োজনানুসারে অপরাপর ঔষধ সহ বিশেষতঃ স্পীরিট্ ইথার নাইট্রিক, পটাসিনাইট্রাস, কি টার ট রএমেটিক্ সহ প্রয়োজ্য।

লাইকর এমোনিয়া এসিটেটিস্ সহ কোন এল্কেলাইন্ মিশ্রিত করিয়া ব্যবহার করিলে পিপাসা দমন হয়। কেটার, ইনফ্লুয়েঞ্জা Influenza, ছেলেদের কোরাইজা রোগে ইহার আভ্যন্তরিক ব্যবহারে আশ্চর্য্য উপকার দর্শে। মিজল্স্, স্কারলেটিনা, স্মল্পক্স ইত্যাদি রোগে ও অন্যান্য ঔষধ সহ ব্যবহার করা যায়। ছেলেদের কোরাইজা Coryza of childhood নিম্নলিখিত ব্যবস্থা মন্দনয় যথা—

R.

Liqr. Amn acit	ℨ i
Vin. Ipecac	m xvi
Pot nitras	gr. viii
Mist. Ameggd	ℨ vii

Dose—one drm every four hours for a child age six months.

সাধারণ জ্বরাধিকারে ঘর্ম্ম করনাভিপ্রায়ে নিম্নলিখিত ব্যবস্থা সর্ব্বদা ব্যবহার্য্য।

R.

Liqr. Am acit	ℨ vi
Vin. Ipecac	dm. i
Spt. Ether nit	dm. iii
Pot nitras	dm. i
Aqua Camphor ad	℥

Mix. Put 6 marks, one mark for a dose one dose to be taken every third hours.

স্প্রেইন্, ক্রুজ এবং মেডিষ্টিনার এন্লার্জমেন্ট রোগে ইহার বাহ্য প্রয়োগ অত্যন্ত উপকারী। ডাঃ উইল্সন এচিকিৎসায় আদেশ দেন।

Liquor Ammonii Citratis. Citrate of Ammonia solution
এমোনিয়া সাইট্রাস। সাইটেট্ অব এমোনিয়া সলিউশন।

মাত্রা। ২—৬ ড্রাম।

ক্রিয়া। ফেব্রিফিউজ, রিফ্রিজারেণ্ট, ডায়েফরেটিক, এবং ডাইউরেটিক। Effervescing draught (এফারভেসিংড্রাফ্ট্) প্রয়োগ করিতে সর্ব্বদা ব্যবহৃত হয়। অন্যান্য ঔষধ সহ্য না হইলেও ইহা নিশ্চয় ষ্টমাকে থাকিবে, সুতরাং বমন নিবারক।

আময়িক প্রয়োগ।

গ্যাষ্ট্রিক ইরিটেশনে এফারভেসিং ড্রাফট্ রূপে প্রয়োজ্য। গ্যাষ্ট্রিক আ-লসারে বমন নিবারণ জন্য ব্যবহৃত হয়।

ডায়েবিটিস্ রোগে ঘর্ম্মকরণার্থ ডোভার্স পাউডার অথবা পাল্ভ্ ইপি-কাক সহ প্রয়োগ করিলে অত্যন্ত উপকার দর্শে।

প্রাদাহিক জ্বরাদিতে অথবা স্কার্লেট্ ফিবারে এফার ভেসিং ড্রাফ্ট্ মন্দনয়।

Potassæ Citras. Citrate of Potash.
পটাসি সাইট্রাস্। সাইট্রেট্ অব্ পটাস্।

মাত্রা। ২০—৬০ গ্রেণ।

ক্রিয়া। সিডেটিব, ডায়েফরেটিক্, রিফ্রিজারেণ্ট। এবং চর্ম্ম, অন্ত্র ও মূত্র যন্ত্রের উপর ক্রিয়া প্রকাশ করিয়া ইহাদের সিক্রশন্ বৃদ্ধি করে। ইহা এসি-টেট্ ও টারট্রেট্ অব্ পটাস হইতে মৃদু। মূত্র করণ এবং স্কর্ভি রোগ নিবা-রণ করাও ইহার ক্রিয়া আছে।

আময়িক প্রয়োগ।

ষ্টমাক অত্যন্ত উত্তেজিত হইলে অথবা ডায়েরিয়া পীড়ার উপক্রম হইলে ওপিয়ম কি অন্যান্য ঔষধ সহ বিধান করা যায়। সেবনানন্তর ইহা কার্ব্ব-নেট্ রূপ ধারণ করিয়া মূত্র পথে বহির্গত হয় এবং প্রস্রাবে এসিডের ভাগ অধিক হইলে দূরীভূত করণার্থ সাইট্রেট্ অব্ পটাস মন্দনয়।

গোঁয়েকম্ উড এণ্ড্ রেজিন্।

Guaiaci Lignum Resina. Guaic wood and Resin

গোয়ে সাই লিগ্নম্ এট্ রেজিনা গোয়েক্ উড্ এণ্ড রেজিন্।

প্রয়োগরূপ।

১। গোয়েক মিকচার। মাত্রা ½—২ আং।

২। এমোনিয়েটেড টিংচার অব্ গোয়েক। মাত্রা ½—১ ড্রাম।

মাত্রা। ১০—৩০ গ্রেণ।

ক্রিয়া। ষ্টিমুলেন্ট্, ডায়েফরেটিক্, অল্টারেটিভ্ এবং এমিনেগগ, টনিক্। ইহার উড্ ডিককশন রূপেই ব্যবহার্য্য। রেজিন ব্যবহার কালে বেশ গুঁড়া করিয়া ব্যবহার করিবে। ঘর্ম্ম উৎপাদন অভিপ্রায়ে ইহা সেবনানন্তর শরীর বস্ত্রাবৃত করিয়া প্রচুর পরিমাণ গরম জল সেবন করাইবে। ওপিয়ম সহ ব্যবহার বিশেষ উপকার জনক। গোয়েকম ব্যবহারে ঘর্ম্ম না হইলে প্রস্রাব বৃদ্ধি হইবে। অল্প মাত্রায় (১০—৩০ গ্রেণ) রেজিন সেবন করিলে পাকস্থলিতে উষ্ণতা অনুভব হয় এবং মুখ গহ্বর শুষ্ক বোধ হইতে থাকে, তৎপর যথেষ্ট পরিমাণ ঘর্ম্ম হয়। অধিক মাত্রায় দাস্ত হয় ও উগ্র বিষক্রিয়া করে।

আময়িক প্রয়োগ। এমিনোরিয়া রোগে ডাং ডিউইস এমোনায়েটেড টিঙ্কার অব্ গোয়েক ব্যবহার করিয়া অতিআশ্চর্য্য উপকার লাভ করিয়াছেন। Dysmenorrhœa ডিসমেনোরিয়া, ক্রনিক ইন্‌ফ্লামেশন্ ও জরায়ুর উত্তেজনাবস্থায় প্রয়োজ্য।

ক্রনিক রিউমেটিজম্ রোগে নানাবিধ বহুদর্শী চিকিৎসকগণ একবাক্যে ইহার উপকারিতা স্বীকার করিয়াছেন। ব্যবহার কালে ইহার মিকচার বা অপরাপর ঔষধ সহ ইহার টিংচার ব্যবহার্য্য। অল্প পরিমাণ ওপিয়ম সংযুক্ত করিয়া সমধিক।

গাউট্ রোগে ডাং গেরড্ আদরের সহিত বহুকাল ইহা ব্যবহার করিয়াছেন, এমন কি ইহার নির্দ্দোষিতা নিবন্ধন তাঁহার একটী রোগী ক্রমে এক বৎসর পর্য্যন্ত সেবন করিয়া ছিল অথচ উপকার ব্যতীত কোন অপকার হয় নাই।

সাইনেন্‌কিটন্‌সিলাবিস্‌ রোগে বিবেচনা পূর্ব্বক প্রয়োগ করিলে ইহা দ্বারা যথেষ্ট উপকার দর্শে।

Diphtheria ডিপ্‌থিরিয়া রোগে ডাঃ ওয়াকার ইহাকে মহৌষধ বিবেচনা করেন। এবং বাহ্য প্রয়োগার্থ নাইট্রেট্‌ অব্‌ সিল্‌ভারের লোশন্‌ ক্ষতে লাগাইবে।

সিফিলিটিক এফেক্‌শনে পূর্ব্বে ইহা ব্যবহৃত হইত কিন্তু ইদানীন্তন চিকিৎসকগণ প্রায় ব্যবহার করেন না।

মূত্রযন্ত্রের গ্রেনিউলার রোগে এবং এমোরোসিস্‌ রোগেও কেহ কেহ ব্যবহার করেন।

Jaborandi	Jaborandi.
জেবরাণ্ডি।	জেবরাণ্ডি।

প্রয়োগরূপ।

১। একষ্ট্রাকট্‌ অব্‌ জেবরাণ্ডি। মাত্রা ২—১০ গ্রেণ।

২। নাইট্রেট্‌ অব্‌ পাইলোকার্পিন। মাত্রা $\frac{1}{২}$ – ১ গ্রেণ।

৩। ইন্‌ ফিউজন্‌ অব্‌ জেবরাণ্ডি। মাত্রা ১—২ আঃ।

৪। টিংচার অব্‌ জেবরাণ্ডি। মাত্রা ½—১ ড্রাম্‌।

মাত্রা। ৫—৬০ গ্রেণ্‌।

ক্রিয়া। ডায়েফরেটিক্‌ ও সায়েলেগগ্‌। অধিক মাত্রায় বমন কারক, হার্টের ক্রিয়া বৃদ্ধি প্রাপ্ত হয় এবং লালাগ্রন্থি সকল উত্তেজিত হইয়া অধিক পরিমাণে লালানিঃসৃত হয় ও প্রচুর ঘর্ম্ম বিনির্গত হইয়া রোগী দুর্ব্বল হইয়া পড়ে। ক্রমে পিউপীল বা কনীনিকা সঙ্কোচিত ও দৃষ্টিশক্তি বিলুপ্ত হইতে থাকে, ভাস্‌মোটার সিষ্টেমের অবসন্নতা উৎপন্ন হইয়া কখন কখন-হানিজনক লক্ষণ সকল প্রকাশিত হয়। অধিক পরিমাণ বমন হইয়া হঠাৎ পতনাবস্থা বা কোলাপ্স্‌ উপস্থিত হইতে পারে। সেলিভেরি গ্লেণ্ডস্‌ সকল স্ফীত ও টন্‌সিল্‌ বির্বদ্ধিত হয়। প্রস্রাব পরিমাণে কম ও রক্ত মিশ্রিত হইতে পারে এবং আণ্ডলালিক প্রস্রাব নির্গত হয়। জেবরাণ্ডির প্রধানতম বীর্য্য, পাইলোকার্পিণ। পাইলোকার্পিন দ্বারা বিষাক্ত হইলে বিষনাশার্থ হাইপোডার্মি-

কল্পে লাইকর এট্রোপিয়া প্রয়োগ করিবে। অধিক ঘর্ম্ম নিবারণ জন্য লাইকর মর্ফিয়া পিচকারী দ্বারা চর্ম্মনিম্নে প্রবেশ করান যায়।

পাইলোকার্পিণ অধিক মাত্রায় ঘর্ম্মোৎপাদক এবং অল্প মাত্রায় ঘর্ম্ম নিবারক। চক্ষে প্রয়োগ করিলে কনিনীকা কুঞ্চিত করে।

ইনজেকশন জন্য নিম্নলিখিত মতে প্রয়োগ করিবে।

Atropia gr i

Aqua Dislitata m xx

For Hypodermic injection.

আময়িক প্রয়োগ। ইনট্রাঅকুলার হেমরেজ, এল্‌বিমিনোরিয়া জনিত রেটিনাইটীস্, ক্রণিক কেটার রোগে ব্যবহৃত হয়।

জ্বররোগে ঘর্ম্মকরণার্থ, এবং ক্রনিক স্কিন্ ডিজিজে আভ্যন্তরিক প্রয়োগ করাযায়।

কেটার, ব্রংকাইটীস্, টন্‌সিলাইটীস্, ডিপ্‌থিরীয়া, এজ্‌মা, হুপিংকফ এবং রিউমেটিক এফেকশনে অল্পমাত্রায় মন্দনয়।

কিড্‌নির কোন বৈধানিক পীড়া জনিত ড্রপ্‌সি কি অন্যান্য উপদ্রবে অথবা ব্রাইট্‌স্ ডিজিসে ইউরীয়ার ভাগ খর্ব্ব করণার্থ ব্যবহৃত হয়। ইউরীমিয়া রোগে কন্‌ভল্‌শন্ উপস্থিত হইলে মন্দ নয়। ইহা ছেলেদের অধিক সহ্যহয়।

লেড্, আর্সিনিক, ও মার্ক্যুরী দ্বারা বিষাক্ত হইয়া বিষনাশার্থ পাইলোকার্পিন ব্যবহৃত হইতে পারে।

DIURETICS CLASS.

ডাইয়ুরেটিক্স।

বা

মূত্রকারক ঔষধ শ্রেণী।

যে সমস্ত ঔষধ দ্বারা মূত্রের পরিমাণ বৃদ্ধি হয় তাহাদিগকেই মূত্র কারক বলে। এই শ্রেণীস্থ ঔষধ সকল সেবনান্তর রক্তে আচোষিত হইয়া রিনেল সার্কুলেশনে নীত হয় এবং তথায় কিড্‌নি বা মূত্র যন্ত্রকে উত্তেজিত করিয়া তাহার ক্রিয়া বৃদ্ধি করতঃ অধিক প্রস্রাব উৎপন্ন করায়।

দুগ্ধ কি জল অধিক পরিমাণে পান করিলে যদ্যপি চর্ম্মের ক্রিয়া স্থগিত রাখা যায় অর্থাৎ চর্ম্মে শীতল বায়ু লাগাইলেই উক্ত জলীয় পদার্থ সকল চর্ম্ম পথে স্বেদ কনা সহ বাহির হইতে না পারিয়া কিড্‌নি বা মূত্র যন্ত্র দ্বারা বহির্গত হয় কিন্তু এ অবস্থায় কিড্‌নি তদনুরূপ উত্তেজিত হয় না।

মূত্র যন্ত্রের কোন প্রকার পীড়ায় যদ্যপি উক্ত যন্ত্রটীকে সুস্থির অবস্থায় রাখা বিহিত বোধ হয় তবে ঘর্ম্ম ও মলের পরিমাণ বৃদ্ধি করিতে যত্ন করিলেই কিড্‌নির কার্য্য অনেক শিথিল হইবে। সুতরাং মূত্র করণ উদ্দেশ্যে কোন ঔষধ প্রয়োজন হইলে ঘর্ম্ম কারক ও বিরেচক ঔষধ প্রয়োগ নিষিদ্ধ।

এই শ্রেণীস্থ ঔষধ ব্যবহারের উদ্দেশ্য।

১। প্রস্রাবের পরিমাণ কম হইলে, ইহাদের ব্যবহার দ্বারা মূত্রের পরিমাণ বৃদ্ধি করা।

২। শোষণ অভিপ্রায়ে, শরীর হইতে জলিযাংশ নির্গত করণ।

৩। শরীরের কোন স্থানে ইন্‌ফ্লামেশন্ হইলেও তাহার দমন করণ।

৪। কোন কারণ বশতঃ প্রস্রাবের বর্ণ আরক্ত হইলে এবং কটুত্ব সংহার করণ অভিপ্রায়ে। যথা—অধিক পরিমাণে জলীয় পদার্থ সেবন।

৫। রক্ত অপরিস্কৃত হইলে, পরিস্কার করণার্থ ও মূত্র কারক বিশেষ।

নিম্নলিখিত ঔষধ সকল ডাইউরেটিক্স বা মূত্রকারক শ্রেণীভুক্ত।

১। পটাসি এসিটাস্।

২। পটাসি নাইট্রাস্।
৩। বাইবোরেট্ অব্ সোডা বা বোরাক্স্।
৪। স্পীট্ ইথার্ নাইট্রীক।
৫। স্কুইল।
৬। কল্‌চিকুম্।
৭। বকু।
৮। পেরেরাব্রেভিক্স্।
৯। স্কোপেরিয়াই।
১০। জুনিপার।
১১। টেরিবেন্থিনা।
১২। কোপেবা।
১৩। গর্জ্জন্ অয়েল্।
১৪। কিউবেব্।
১৫। ডিজিটেলিস্।
১৬। সেণ্ডেল্ অয়েল্।

Potassæ Acetas — Acetate of Potash.

পটাসি এসিটাস্। — এসিটেট্ অব্ পটাস্।

মাত্রা। ১০—৬০ গ্রেণ।

ক্রিয়া। ২০—৬০ গ্রেণ মাত্রায় মূত্রকারক (ডাইউরেটিক্)। ২—৪ ড্রাম মাত্রায় বিরেচক (পার্গেটিব্) কিন্তু অন্যান্য লাবনিক বিরেচক হইতে ইহার ক্রিয়া অত্যন্ত মৃদু অথচ উদরে যন্ত্রনা ও স্ফীতভাব লক্ষণ প্রকাশিত হয়না। অধিক দিন ব্যবহার করিলে শরীরে আচোষিত হইয়া, হাইড্রোজেন্ এবং কার্ব্বনেট্ রূপ ধারণ করতঃ প্রস্রাব রূপে বহির্গত হয় এবং প্রস্রাবের পরিমাণ বৃদ্ধি করে। ডাঃ গোল্‌ডিং বার্ড্ বিবেচনা করেন রক্তের দোষিত অবস্থা দূরীভূত করণার্থ রিউমেটিজম্, ও নানাপ্রকার স্কিন্ ডিজিজে ও অন্যান্য পীড়ায় ব্যবহার্য্য; অথচ ল্যাক্টীক্ এসিড্ উৎপন্ন হওয়ার নিবারণ হয়। যথেষ্ট

পরিমাণ জলের সহিত ব্যবহার করিলে ইহার মূত্রকরণ ক্রিয়া বলবতী হয়। পরিষ্কার ষ্টপার্ড্ শিশিতে বদ্ধ করিয়া রাখা কর্ত্তব্য।

আময়িক প্রয়োগ। ড্রপ্সিকেল্ এফেক্শন, ইডিমা, এনাসার্কা আদি রোগে স্কুইল্ বা ডিজিটেলিস্ সহ মূত্রকরণার্থ যথেষ্ট ব্যবহৃত হয় কিন্তু ৩০গ্রেণ হইতে অধিক মাত্রায় দিবসে ২। ৩ বারের অধিক ব্যবহার অনুপযুক্ত;

Acute Rheumatism (একিউট্ রিউমেটিজম্) রোগে ডাং গৌল্ ডাং বার্ড ইহাকে অতি শ্রেষ্ট বিবেচনা করেন এবং চিনি, জল ও এসেনস্ অব্ লেমন্ সহ ব্যবহার করিতে অনুমতিদেন। অথচ রাত্রিতে ওপিয়ম ব্যবহার করিয়া ভেপার ব্যাথ্ ব্যবস্থা করিবে। লিভারে কোন দোষ বর্ত্তমান থাকিলে বিবেচনা পূর্ব্বক মার্কুরি ঘটিত ঔষধ মন্দ নয়।

Psoriasis (সোরায়েসিস্) Lepra (লেপ্রা) এবং Eczema (একজিমা) আদি চর্ম্মরোগে ইহার আভ্যন্তরিক ব্যবহার উপকার জনক।

Potassæ Nitras. | Nitrate of Potass
পটাসি নাইট্রাস্। | নাইট্রেট্ অব্ পটাস্।

মাত্রা। ১০—৩০ গ্রেণ।

ক্রিয়া। আর্টিরিয়েল্ সিডেটিব, ডাইউরেটিক্, রিফ্রিজারেণ্ট্, ডায়েফরেটিক্, অধিক মাত্রায় কেথার্টিক্। যথেষ্ট পরিমাণজলের সহিত মিশ্রিত করিয়া প্রয়োগে ইহার মূত্রকরণ ক্রিয়া বৃদ্ধিপায়, টারটার এমেটিকের সহিত ব্যবহারে ঘর্ম্মকরণশক্তি বর্দ্ধিত হয় এবং বাহ্য প্রয়োগার্থ ক্লোরাইড্ অব্ এমোনিয়ার সহিত প্রয়োগ করিলে শৈত্য করণ ক্রিয়া বৃদ্ধি পাইয়া প্রদাহিতস্থানে উপকার করে। অধিক মাত্রায় প্রাদাহিক বিষক্রিয়া করে। বিষাক্ত হইলে ইপিকাক দ্বারা বমন করাইবে, প্রয়োজনানুসারে অন্যান্য ঔষধ বিধান করিবে।

আময়িক প্রয়োগ। একিউট রিউমেটিজম রোগে নানা দেশীয় চিকিৎসক গণ ইহার উপকারীতা স্বীকার করিয়াছেন। আভ্যন্তরিক ও বাহ্যিক উভয় প্রকারেই প্রয়োজ্য। বাহ্য প্রয়োগের জন্য নাইটারের সেচ্যুরেটেড্ সলুশন্ ব্যবহার্য্য।

ক্রণিক রিউমেটিজম্ রোগে ২—৪ ড্রাম মাত্রায় গরম বার্লি ওয়াটার ৮ আং

মিশ্রিত করিয়া প্রয়োগে যথেষ্ট উপকারী হয়, এচিকিৎসায় ডাং কার্গেল অনুমতি দেন।

স্কার্ভি রোগে ডাং পেটারসন্ ডাং কেমিরণ আদি বিজ্ঞ চিকিৎসকগণ ইহার উপকারীতা বিষয়ে একবাক্যে স্বীকার করেন। এবং ভিনিগারের সহিত মিশ্রিত করিয়া প্রয়োগ করিতে অনুমতি দেন।

পার্পিউরা হেমোরেজিকা, পার পিউরা সিমপ্লেক্স, এবং পেসিব হেমোরেইজ রোগে সমপরিমাণ চিনি ও শীতল জলের সহিত উপকারী।

হিমপ্টিসিস্ ও অন্যান্য আভ্যন্তরিক রক্ত স্রাবে নাইটার দ্বারা উপকার পাওয়া যায়; ৮—১০ গ্রেণ মাত্রায় যথেষ্ট জলের সহিত ব্যবহার মন্দনয় এবং অভিমত হইলে ইহার সহিত ডিজিটেলিসও মিশ্রিত করিবে।

নানাপ্রকার জ্বরিয় ও প্রাদাহিক রোগে এবং ইন্ ফ্লুয়েঞ্জা নামক শর্দ্দি রোগে নাইটার আভ্যন্তরিক প্রয়োগ করিয়া যথেষ্ট উপকার প্রাপ্ত হওয়া যায়।

নানাপ্রকার শোথ রোগে মূত্রকরণ অভিপ্রায়ে অনেকানেক বিজ্ঞ চিকিৎসক ইহার প্রতি অনুরাগ প্রকাশ করেন; স্কুইল্ ও ডিজিডেলিস সহ ব্যবহার্য্য।

স্পেজমডিক এজ্ মা ও একিউট্ ব্রংকাইটীস, রোগে নানাপ্রকারে ব্যবহার্য্য।

বালকদের ইন্‌কনটীনেন্স অব্ ইউরিন্ রোগে ডাং ইয়ং ইহাকে অত্যন্ত উপকারী মনে করেন। ৭ বৎসর বয়স্ক বালকদের অর্দ্ধ ড্রাম পরিমাণ প্রত্যহ সেবন করাইবে।

মেনোরেজিয়া, ডিস্‌মেনোরিয়া ও লিউকোরিয়া বা শ্বেত প্রদর রোগে ইহার ব্যবহার মন্দনয়। শ্বেত প্রদর রোগে নাইটার ১০ গ্রেণ এলম ১০ গ্রেণ জল মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে অত্যন্ত ফল প্রদ। গনরিয়া রোগে ও কেহ কেহ ব্যবহার করেন।

সোহাগা।

Sodæ Biborus. — Biborate of Soda.

সোডি বাই বোরাস্। — বাই বোরেট্ অব্ সোডা।

প্রয়োগ রূপ।

১। বোরাক্স্ হানি।

২। গ্লাইসরীন্ অব্ বোরাক্স্।

মাত্রা। ৫—৪০ গ্রেণ্।

ক্রিয়া। রিফ্রিজারেণ্ট, ডাইউরেটিক্, ইউট্রাইন্‌মোটারষ্টিমুলেণ্ট্ এবং এম্মিনেগগ। ইহার ব্যবহারে এসিড্ নষ্ট হয় এবং ফাইব্রিন্, এল্‌বিউমেন, কেজিন্ ও ইউরিক এসিড্ দ্রবীভূত হয়।

অধিক মাত্রায় উদরে উত্তেজনা প্রকাশিত হয় এবং বমনোদ্রেক ও বমি হইতে থাকে। শরীরে আচোষিত হইয়া মূত্র পথে নির্গত হয় অথচ পোর্টেল্ ভেইনের রক্ত, বাইল, ও সেলাইভাতে পাওয়া যায়।

আময়িক প্রয়োগ।

এপ্‌থাস্ ও এপথাস্ আলসারেশনে মেল বোরাক্স্ ও সিরাপ্ অব্ পপিস মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে অতি আশ্চর্য্য উপকার দর্শে এবং আভ্যন্তরিক অম্লনাশ করিয়া উপকার করে। জিহ্বা ফাটিয়া গেলে বাহ্য প্রয়োগার্থ বোরাক্স্ ১ ড্রাম গ্লাইসরীন্ ১ আং জল ৪ আং মিলাইয়া ব্যবহার্য্য।

জরায়ু ঘটিত নানাপ্রকার পীড়ায় ইহার উপকারিত্ব বিষয়ে ডাং কোপলাণ্ড ও অন্যান্য বহুদর্শী চিকিৎসকগণ বহুকাল হইতে ব্যবহার করিয়া আসিতেছেন। Tedious Lavours, where there is deficiency of uterine Contraction বা জরায়ুর শিথিলতা প্রযুক্ত কষ্টকর প্রসবে আর্গট ২০—৬০ গ্রেণ, বোরাক্স্ ১০ গ্রেণ ও সিনেমন ওয়াটার ১॥ আউন্স ব্যবস্থেয়। ইউট্রাইন্ হেমোরেজ নিবারনার্থ ও ব্যবহার্য্য। এমিনোরিয়া রোগে নিম্নলিখিত পিল দ্বারা যথেষ্ট উপকার দর্শে—

Re.

Soda biborasis gr. xxx

Aloes Socot

Pulve Capcici. aa gr xx

Oil of Lavend. qs

ft 18 pills; two pills, thrice daily.

লিউকোরিয়া ডিস্‌মেনোরিয়া, পিউয়ারপারেল ডায়েরিয়া, ও পিউয়ার পারেল কনভল্‌শন্‌ রোগে ২০—৩০ গ্রেণ মাত্রায় অন্যান্য ঔষধ সহ ব্যবহার করা যায়।

প্রুরাইটীস্‌ প্লিউডিওাই, প্রুরাইটীস্‌ স্ক্রোটাই আদি চুলকনা রোগে ইহার ষ্ট্রং সলুশন দ্বারা বিশেষ উপকার লাভ করা যায় যথা——

Re

Soda bibor drm. iv

Morphia Hydrochlo. gr viii

Aq Rose oz. x

For extrenal application only.

ইউরিয়া ও লিথিক এসিড্‌ সঞ্চিত হইয়া পাথরিরোগ উৎপন্ন হইলে তাহা দ্রব করণার্থ ১০ গ্রেণ বোরাক্স্‌ জল ১ আং মাত্রায় ব্যবহার্য্য। সোডা পটাস আদি ক্ষার হইতে ইহার ক্রিয়া উচ্চ কিন্তু লিথিয়ম ইহা অপেক্ষা অধিক ফল প্রদ।

ক্রণিক সিষ্টাইটীস্‌ রোগে সোহাগা ১ আং গ্লিসরীন ২ আং মিশ্রিত করিয়া ইহার ২।৩ ড্রাম পরিমাণ ৪ আং গরম জলে মিশাইয়া ইন্‌জেক্‌শন্‌ জন্য দেওয়া যায়।

ডাং কোপল্যাণ্ড্‌ বলেন Ecthyma এক্‌থিমা এবং মস্তকে দদ্রু রোগ উৎপন্ন হইলে সোহাগার নিম্নলিখিত সলুশন অত্যন্ত উপকারী। যথা— বোরাক্স্‌ ১ ড্রাম, পরিস্কার ভিনিগার ২ আং।

স্তন প্রদেশে ক্ষত কি ফাটিয়া গেলে নিম্নলিখিত ধৌত উপকারী যথা—

Re

Soda bibor gr 60

Spt vin Rect ℥ ss

Aqua ad oz iv

It should be applied to the nipple before and after suckling the infant

কেহ কেহ মার্কুরিয়েল সেলিভেশনে ও ব্যবহার করিতে অনুমতি দেন। গার্গল্‌রূপে ব্যবহার্য্য।

স্পীট্ ইথার নাইট্রিক্।

Etheres nitrosi Spiritus — Spirit of nitrous Ether

মাত্রা। ½—২ ড্রাম।

ক্রিয়া। রিফ্রিজরেণ্ট, ডাইউরেটিক, ডায়েফরেটিক্। ইহা অন্যান্য মূত্র কারক সহ সর্ব্বদা ব্যবহার্য্য। লাইকর এমোনিয়া এসিটেটিস্ সহ ঘর্ম্ম করণ এবং স্কুইল্ সহ ইহার মূত্র করণ ক্রিয়া বৃদ্ধি প্রাপ্ত হয়।

আময়িক প্রয়োগ।

সামান্য জ্বর, কেটার, কোরাইজা, ইনফ্লুয়েঞ্জা এবং শোথ ও উদরী রোগে অন্যান্য ঔষধ সহ ইহা অত্যন্ত উপকারী, অথচ সর্ব্বদা ব্যবহার্য্য। ১—॥০ ড্রাম মাত্রায় উপকারক। এসিটেট্ অব্ পটাস, স্কুইল, এবং ডিজি-টেলিস হইতে ইহার শক্তি প্রবল।

Scilla — Squill.

সিলা। — স্কুইল।

প্রয়োগরূপ।

১। ভিনিগার অব্ স্কুইল্। মাত্রা ১৫—৪০ মিনিম।

২। কম্পোণ্ড্ স্কুইল্ পিল্। মাত্রা ৫—১০ গ্রেণ্।

৩। টিংচার অব্ স্কুইল। মাত্রা ১০—৩০ মিনিম্।

৪। সিরপস্ অব্ স্কুইল্। মাত্রা ½—১ ড্রাম।

৫। অক্সিমেল অব্ স্কুইল্। মাত্রা ½—১ ড্রাম।

মাত্রা। ১—৩ গ্রেণ্।

ক্রিয়া। এক্স্পেক্টোরেণ্ট, ডাইউরেটিক্, এমেটিক, এবং পার্গেটিব্। অল্প মাত্রায় (১ গ্রেণ্) কফ নিঃসারক, ও মূত্র কারক, অধিক মাত্রায় ভয়ানক ভেদ ও বমন উপস্থিত করে। ইহার ব্যবহারে ভেদ কি বমন উপস্থিত হইলে মূত্রকরণ ক্রিয়া বিলুপ্ত হয়। ব্যবহার করিতে করিতে যদ্যপি বিবমিষা প্রকা-শিত হয় তবে মাত্রা কমাইয়া দিবে। বমন করণ অভিপ্রায়ে স্কুইল প্রায় ব্যব-হার হয় না। অধিক মাত্রায় এক্রোনার্কটীক পয়জেনের ন্যায় কার্য্য করে।

২৪ গ্রেণ মাত্রায় ইহা দ্বারা প্রাণ হানি করে। স্থানিক প্রয়োগে চর্ম্মের উগ্রতা সাধক এবং ফোস্কা কারক।

আময়িক প্রয়োগ। এজ্‌মা, ক্রণিক ব্রংকাইটীস্, নানাপ্রকার কফ ও ক্রুপ রোগে অন্যান্য ঔষধের সহিত মিশ্রিত করিয়া প্রয়োগ করা যায়। ইহা দ্বারা শীঘ্র শ্লেষ্মা তরল হয় ও অবলীলাক্রমে নির্গত হইয়া যায়। কাশির প্রাবল্যাবস্থায় অধিক ফল প্রদ।

ড্রপ্‌সি, এনাসার্কা ও অন্যান্য শোথ রোগে স্কুইল স্বয়ং হইতে অপরাপর ঔষধ সহযোগেই অধিক ফলপ্রদ। নিম্নলিখিত ব্যবস্থা মন্দনয় যথা—

Re

Pulv Scilla gr i

Pill Hyderg gr iii

Pulv digitalis gr i

one pill to be taken twice or thrice daily

ডাইসিউরিয়া ও ছেলেদের হাইড্রসিল্ রোগে কেহ কেহ স্কুইল ব্যবহার করিয়া থাকেন।

Colchicum

কল্‌চিকম্।

Colchicum

কল্‌চিকম্।

প্রয়োগরূপ।

১। এক্‌ষ্ট্রাক্ট্ অব্ কলচিকম্। ½—২ গ্রেণ।

২। এসেটিক্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ কল্‌চিকম্। ½—২ গ্রেণ।

৩। টিংচার অব্ কল্‌চিকম সিড্‌স্। ১০—৩০ মিনিম।

৪। ওয়াইন্ অব্ কল্‌চিকম্। ১০—৩০ মিনিম।

মাত্রা। ২—৮ গ্রেণ।

ক্রিয়া। পার্গেটিব্, ডাইউরেটিক, কোলেগগ্, সিডেটিব্। ৩—৫ গ্রেণ মাত্রায় দিবসে ২।৩ বার প্রয়োগ করিলে ইহা বিরেচক, মূত্রকারক, পিত্ত-নিঃসারক, ও অবসাদক, অধিক মাত্রায় বমন কারক ও প্রদাহিক বিষক্রিয়া

করে। কল্‌চিসিন্ ও সিভেডিক্ এসিড্ নামক ২টী পদার্থ ইহাতে পাওয়া যায়। অল্পমাত্রায় কল্‌চিকম্ ব্যবহার করিলে স্রাবন ক্রিয়া সকল বৃদ্ধি প্রাপ্ত হয়, বিশেষতঃ যকৃত হইতে পিত্ত ও অন্ত্রস্থ মিউকস্ মেম্ব্রেন্ হইতে শ্লেষ্মা নিঃসরণ বর্দ্ধিত হয়। অধিকমাত্রায় তরল বাহ্য হয় এবং হৃদপিণ্ড ও ধমনির শক্তি মন্দ হইয়া পড়ে, কখন কখন নাড়ীরগতি বিরাম যুক্ত দেখা যায়। ইহা প্রায় লাবনীক বিরেচকের ন্যায় কার্য্য করে। প্রস্রাবে লিথিক এসিড্ থাকিলে তাহার ন্যূনতা জন্মায় কিন্তু লিথিক এসিড্ না থাকিলে বৃদ্ধি করে।

নিষেধ। রোগী দুর্ব্বল অথবা উদরাময় গ্রস্থ হইলে কল্‌চিকম্ ব্যবহার করা অনুচিত।

আময়িক প্রয়োগ।

নানাবিধ চিকিৎসকদিগের গবেষণা দ্বারা নিশ্চিত হইয়াছে যে, গাউট রোগে কল্‌চিকম ব্যবহার করিলে প্রায় নিস্ফল হয় না। এগিউ বা ইণ্টারমিটেণ্ট্ ফিবারে সিঙ্কোনা বা কুইনাইন্ ব্যতীত যেমন আমাদের আর উপায় নাই, অথচ অব্যর্থ হইয়া উপকার করে, সেইরূপ গাউট আদি বাত রোগে কল্‌চিকম্ দ্বারাও অতি আশ্চর্য্য উপকার প্রাপ্ত হওয়া যায়। ইহার সহিত পটাস ঘটিত লবণ, লিথিয়া ইত্যাদিও মিশ্রিত করা কর্ত্তব্য, কিন্তু কল্‌চিকম্ ব্যবহার কালে নিম্নলিখিত কতকগুলি বিধি স্মরণ রাখা কর্ত্তব্য যথা ১। ঔষধ ব্যবহারের পূর্ব্বে বিরেচক দ্বারা অন্ত্র পরিষ্কার করিয়া লইবে। ২। যদ্যপি প্রস্রাব হইতে লিথেইটস্ অদৃশ্য হয় কি নাড়ীর গতি অত্যন্ত ক্ষীণ হইয়া পড়ে অথবা রোগী হঠাৎ মূর্চ্ছিত, বিবমিষাযুক্ত বা উদরাময় যুক্ত হয় তবে তৎক্ষণাৎ ঔষধ রহিত করিবে অথবা অত্যন্ত অল্প মাত্রায় প্রয়োগ করিতে থাকিবে। ক্রণিক গাউট রোগে আইওডাইড্ অব্ পটাসিয়ম, গোয়েকম্, কুইনাইন্ আদি অন্যান্য ঔষধ সহ ব্যবহার করিবে। ইহা ওলাবগাউট রোগেও প্রযোজ্য।

একিউট্‌রিউমেটিজম্, ক্রণিকরিউমেটিজম্ রিউমেটিক্ কার্ডাইটীস্, রিউমেটিক আইরাইটীস, এবং গাউট রোগ গ্রস্থ ব্যক্তিদিগের সিষ্টাইটীস ও নিফ্রাইটীস রোগে অথবা প্রষ্টেইট গ্লেণ্ডের সিনাইল্ এন্‌লার্জমেণ্ট কি অর্কাইটীস পীড়ায় প্রয়োগ হয়। ইহার সহিত কেলোমেল্, ইপিকাকুয়ানা, নানাবিধ পটাসঘটিত লবন, ওপিয়ম্, পেরেরা অথবা বকু সহ মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে যথেষ্ট

উপকার করে। রিউমেটিজম্ রোগে সন্ধি স্থান স্ফীত হইলে বাহ্য প্রয়োগার্থ ও ইহা ব্যবহার করা যায়।

গাউট পীড়া গ্রস্ত লোকদিগের লিথিক এসিড কি ইউরিক এসিড ডায়েথিসিসে যদ্যপি লিভার সুস্থ অবস্থায় থাকে, তবে কল্‌চিকম্‌ ব্যবহার্য্য। ১৫ ফোটা হইতে ক্রমশঃ মাত্রা বৃদ্ধি করিবে। সাধারণতঃ ভাইনম্ কল্‌চিকম সর্ব্বদা উপযোগী, ইহা দিবসে ২। ৩ বার প্রয়োগ করিবে।

ক্রণিক ব্রংকাইটীস অথবা গাউটী ব্রঙ্কাইটীস রোগে নিম্নলিখিত ঔষধ দিবসে ২। ৩ বার ব্যবহার করিলে অত্যন্ত উপকার দর্শে। যথা—

Re

Pot Iodi

Am carb. aa gr iv

Vin. Colchici m x

Tinct Scilla

Hyoscyami aa m xx

Aqua Camphor qs

Ft. haust ter die.

কঠিন কোষ্ঠ বদ্ধ রোগে অল্প মাত্রায় কল্‌চিকম ব্যবস্থার প্রয়োগ করিলে অত্যন্ত উপকার দর্শে।

গনরিয়া, স্ত্রীলোক ও পুরুষ দিগের জননেন্দ্রিয়ের নানাপ্রকার পীড়ায় অথবা ব্লাডারের উত্তেজনায় অন্যান্য মূত্র কারক সহ ব্যবহার্য্য।

জণ্ডিস Jaundice বা কামলা রোগ অথবা যকৃতের পুরাতন প্রদাহে বা বিবর্দ্ধনাবস্থায় অন্যান্য ঔষধ সহ বিবেচনা পূর্ব্বক প্রয়োগ করিলে মন্দনয়।

নিউরালজিয়া অথবা ডিসমেনোরিয়া রোগে অনেকে কল্‌চিকম্ প্রয়োগ করিয়া সন্তোষ লাভ করিয়াছেন।

Buchu folia.	Buchu.
বকু ফোলিয়া।	বকু।

প্রয়োগরূপ।

১। ইন্ফিউশন্ অব্ বকু। ১—৪ আং।

২। টিংচার অব্ বকু। ১—২ ড্রাম।

ক্রিয়া। টনিক্ ডায়েফরেটিক, ডাইউরেটীক, ষ্টমাকিক্। ইহার ক্রিয়া জেনিটো ইউরিনেরি অরগেন্সে যথেষ্ট রূপে প্রকাশিত হয়।

আময়িক প্রয়োগ।

মূত্র যন্ত্র ও মূত্রাধারের নানাপ্রকার পীড়ায় যথা সিষ্টাইটীস, নিফ্রাইটীস গনরিয়া, ইত্যাদি রোগে এসিড অথবা এল্কেলিস সহ বিশেষ উপকারী।

রিউমেটীজম্ রোগে অন্যান্য ঔষধ সহ বকু সর্ব্বদা ব্যবহার্য্য অথচ অত্যন্ত উপকারী।

Pareiræ Radix — Pareira Root.

পেরেরি রেডিক্স্। — পেরেরা রুট্।

প্রয়োগরূপ।

১। ডিককশন অব্ পেরেরা। ১—২ আং।

২। একষ্ট্রাক্ট্ অব্ পেরেরা। ১০—৩০ গ্রেণ্।

৩। লিকুইড একষ্ট্রাক্ট অব্ পেরেরা। ½—২ ড্রাম।

ক্রিয়া। টনিক্, ডাইউরেটীক্ এবং জেনিটোইউরিনেরি সিষ্টেমের মিউকাস মেম্ব্রেনের ষ্টিম্যুলেণ্ট্ ও সিডেটীব।

আময়িক প্রয়োগ।

মূত্রাশয়ের নূতন অথবা পুরাতন প্রদাহে অনেকানেক চিকিৎসক ইহার প্রতি অনুরাগ প্রকাশ করেন এবং প্রয়োজনানুসারে টীং হাইওসাইয়েমাস্, এসিড হাইড্রোক্লোরিক ও নাইট্রিক্ ডাইলিউট্ সহ ব্যবহার করিতে অনুমতি দেন।

ভিসাইকেল কেটার্ রোগে অনেকে পেরেরার প্রতি অত্যন্ত সন্তোষ প্রকাশ করিয়াছেন।

Scoparii Cacumina — Broom tops

স্কোপেরাই কাকুমিনা। — ব্রুমটপস।

প্রয়োগরূপ।

১। ডিককশন্ ক্রুমটপস্। ২—৪ আং।

২। জুস অব্ ক্রুম। ১—২ ড্রাম্।

ক্রিয়া। ডাইউরেটীক্, কেথার্টিক্ ও এমেটীক। অল্প মাত্রায় মূত্রকারক অধিক মাত্রায় বিরেচক ও বমন কারক।

আময়িক প্রয়োগ।

ড্রপসি সহিত হার্ট ডিজিজ বর্ত্তমান থাকিলে ডাং পেরেরা আদি অনেকানেক চিকিৎসক ইহাকে উপযুক্ত মনে করেন। যদ্যপি উদরাময় বর্ত্তমান থাকে তবে টীং ওপিয়ম অথবা অত্যন্ত দুর্ব্বলতা থাকিলে লৌহ ঘটিত কোন ঔষধ বা কুইনাইন মিশ্রিত করিয়া দেওয়া মন্দনয় কিন্তু ওভেরিয়ান্ ড্রপ্সি কি হাইড্রোথোরাক্স্ পীড়ায়, স্কোপেরিয়াই দ্বারা উপকারের সম্ভাবনা নাই। ডাং বার্লো বলেন ব্রাইট্স্ ডিজিজে প্রস্রাবের ন্যূনতা উপলব্ধি হইলে ডিকশন অব্ ক্রুমটপস সহ নাইট্রিক্ ইথার মিশ্রিত করিলে বিশেষ উপকার দর্শে।

Oleum Juniperi	Oil of Juniper
ওলিয়ম্ জুনিপরাই।	অয়েল অব্ জুনিপর।

প্রয়োগরূপ।

১। স্পিরিট্ অব্ জুনিপর। ½—১ ড্রাম্।

মাত্রা। ১—৪ মিনিম্।

ক্রিয়া। বাহ্য প্রয়োগার্থ ইহা ইরিটেন্ট্, আভ্যন্তরিক ব্যবহারে ষ্টিমুলেণ্ট ও ডাইউরেটীক। পুরাতন চর্ম্ম রোগে ইহা বাহ্য প্রয়োগার্থ সময়২ ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ।

ক্রণিক একজিমা, লেপ্রা ও অন্যান্য কঠিন চর্ম্ম রোগে ইহার বাহ্য প্রয়োগ উপকার জনক।

শোথ ও উদরী রোগে মূত্র করণার্থ ব্যবহৃত হয়।

Terebinthinæ Oleum — Oil of Turpentine

টেরিবেস্থিনা ওলিয়াম। — অয়েল অব্ টার্পেনটাইন্।

ইহার বিবরণ কৃমিনাশক শ্রেণীতে সন্নিবেশীত হইয়াছে।

Copaiba — Copaiva

কোপেবা। — কোপেবা।

প্রয়োগরূপ।

১। অয়েল অব্ কোপেবা। ৫—২০ মিনিম্।

ক্রিয়া। ষ্টিমুলেণ্ট, ডাইউরেটীক, একস্‌পেক্টোরেণ্ট। ইহার উত্তেজন ক্রিয়া শরীরের সমুদয় মিউকস্ প্রদেশে প্রকাশিত হয় বিশেষতঃ জেনিটো ইউরিনেরি অর্‌গেন্সের মিউকস্ মেম্ব্রেনে অধিক ক্রিয়া দর্শায়। ইহা কয়েক মাত্রা প্রয়োগ করিলে অল্প পরিমাণে উত্তেজনা প্রকাশ করিয়া তৎপর বিরেচন ক্রিয়া প্রকাশিত হয়। প্রস্রাব পরিমাণে অধিক হয় ও প্রস্রাব কোপেবার গন্ধযুক্ত হইয়া পড়ে এবং শ্বাস প্রশ্বাস দ্বারাও কোপেবার গন্ধ বিনির্গত হয়। ইহার ক্রিয়া ভলেটাইল অয়েলের উপর সম্পূর্ণ নির্ভর করে।

ব্যবহার সম্বন্ধে মন্তব্য। (১) কোন কোন ব্যক্তি অল্প মাত্রায় কোপেবা ব্যবহার করিয়াই বমি ও বাহ্যি করিতে থাকে।

আময়িক প্রয়োগ।

Gonorrhœa বা প্রমেহ রোগে ইহার উপকারীত্ব বিষয়ে সকলেই অবগত হইয়াছেন এবং নিম্নলিখিত ব্যবস্থা অতি আশ্চর্য্য উপকারী।

কোন কোন চিকিৎসক কোপেবা অয়েলকে অত্যন্ত ব্যবহারোপযোগী মনেকরেন এবং নিম্নলিখিত ব্যবস্থা দেন যথা—

Re

Oil of Copaiba. ʒ i

Sweet Spirit of niter. ʒ iii

Oil of cubebs. ʒ i

Liqr Potas. ʒ

Mucilage. ʒ xii

Aqua camphor ad ℥ vi

Mix Put 6 marks, one mark to be given two or three times a day.

প্রমেহ রোগের পুরাতন অবস্থা আরম্ভ হইলে কোপেরা ব্যবহার করা কর্ত্তব্য।

লিউকোরিয়া রোগে ডাঃ [illegible] কোন কোন্ সময় ইহার প্রতি বিস্তর অনুরাগ প্রকাশ করেন এবং যদ্যপি কোপেরা সহজে সহ্য না হয় তবে মেগ্নে শিয়ার সহিত পিল্ আকারে ব্যবহার করিতে অনুমতি দেন। ডাঃ ডিউইস বলেন, কোন কোন সময় অন্যান্য চিকিৎসায় এরোগে বিশেষ ফল না দর্শিলে কোপেরা ব্যবহারে কৃতকার্য্য হওয়া যায় এবং তিনি ইহাও বলেন যে সেক্রমের উপর একটী ব্লিষ্টার দেওয়া কর্ত্তব্য।

ক্রণিক সিষ্টাইটীস রোগে বিশেষতঃ যাহারা গণ্ডমালা রোগগ্রস্থ তাহাদের পক্ষে ৫ মিনিম মাত্রায় কোপেরা মিউসিলেজের সহিত ব্যবহার করিলে বিস্তর উপকার দর্শে। ইহার সহিত কিউবেব মিশ্রিত করাও মন্দ নয়।

ক্রণিক ব্রংকাইটীস্ ও অন্যান্য কফ রোগে সিক্রিশন্ অত্যন্ত অধিক থাকিলে তাহা ন্যূনকরণার্থ কেহ কেহ কোপেরা প্রয়োগ করেন কিন্তু বৃদ্ধ ও জ্বর বর্ত্তমান না থাকিলে ব্যবহৃত হইতে পারে।

Dipterocarpi Balsamum. Gurjun Balsam ; Wood oil.

ডিপটেরোকার্পাই বাল্সামোমস্ গর্জ্জন্ বাল্সাম্ ; উড্ অয়েল্।

মাত্রা। ½—১ ড্রাম্। মিউসিলেজ্ সহ।

ক্রিয়া। মূত্র যন্ত্রের ও জনন যন্ত্রের মিউকস্ মেম্ব্রেনে ইহার ক্রিয়া অধিক প্রকাশ পায় সুতরাং ষ্টিমুলেণ্ট্ ও ডাইউরেটিক্। কেহ কেহ বলেন ইহার ক্রিয়া কোপেরার ন্যায়। লেপ্রসিরোগে সর্ব্বদা ব্যবহার্য্য।

Cubaba. Cubebs.

কিউবেবা। কিউবেবস্

প্রয়োগরূপ।

১। অয়েল্ অব কিউবেব। ৫—২০ মিনিম্।

২। ওলিয়োরেজিন্ অব্ কিউবেব্ ৫—৩০ মিনিম্।

কবাবচিনি চূর্ণের মাত্রা। ৩০—১২০ গ্রেণ্।

ক্রিয়া। কার্মিনেটিব্, ষ্টিমুলেন্ট্, ডাইউরেটিক্, ও এক্সপেক্টোরেন্ট্। ইহা দ্বারা পরিপাক যন্ত্রের শক্তি বৃদ্ধি করে। ১০—৬০ গ্রেণ মাত্রায় উত্তেজক ও বায়ু নাশক। অধিক মাত্রায় উদরে বেদনা ও দাস্ত আরম্ভ হইয়া জ্বরীয় ভাব আনায়ন করে। জননেন্দ্রিয় ও মূত্র যন্ত্রের উপর ক্রিয়া প্রকাশ করিয়া তাহাদের সিক্রেশন্ বাড়াইয়া দেয়, কিন্তু ক্রিয়া প্রায় সমস্ত মিউকস্ প্রদেশেই প্রকাশিত হয়। ভলেটাইল্ অয়েলের উপর ইহার ক্রিয়া নির্ভর করে এবং যাহা শতকরা ১০ অংশ বর্ত্তমান আছে। কিউবেবিক এসিড্ নামক একটী এসিড্ ও ইহার বীর্য্য কিউবেবিন্ ইহাতে পাওয়া যায়।

আময়িক প্রয়োগ।

গনরিয়া রোগে অনেকেই কিউবেবকে শ্রেষ্ঠ বিবেচনা করেন। প্রদাহের প্রাখর্য্য সামান্য পরিমাণে দূরীভূত হইলেই অধিক উপকারী। এলম্ ও কার্ব্বনেট্ অব্ সোডা সহযোগে ইহার ক্রিয়া বৃদ্ধি পায়। কেহ কেহ বলেন এ রোগে কিউবেব দ্বারা হঠাৎ অর্কাইটীস্ বা অণ্ড প্রদাহ জন্মে। লিউকোরিয়া রোগে ও বিশেষ আদরের সহিত ব্যবহৃত হয়।

ভেজেনাইটীস্, ও স্পার্মেটোরিয়া জনিত নাইট্পলিউশন্ নিবারণার্থ বিশেষ উপযোগী। ১ আং কিউবেব্ ১ পাইন্ট জল দ্বারা ইন্‌ফিউশন্ করিয়া ভেজেনাইটীস্ রোগে পিচকারী দিবে।

ক্রনিক্ ইন্ফ্লামেশন্ অব্ দি ব্লাডার্ ও প্রষ্টেইট্ গ্লেণ্ড্, পাইলস্, ব্রংকাইটিস্ আদি নানা প্রকার পীড়ায় ব্যবহার্য্য। ব্লাডারের ইন্ফ্লামেশনে ১০—১৫ গ্রেণ মাত্রায় দিবসে ২। ৩ বার দিবে।

Digitalis folia. — Digitalis leaves.

ডিজিটেলিস্ ফোলিয়া। — ডিজিটেলিস্ লিবস্।

প্রয়োগরূপ।

১। ইন্‌ফিউশন্ অব্ ডিজিটেলিস্। মাত্রা ২—৪ ড্রাম।

২। টিংচার অব্ ডিজিটেলিস্। মাত্রা ১০—৩০ মিনিম্।

পত্র চূর্ণের মাত্রা ½—১½ গ্রেণ্।

ক্রিয়া। ইরিট্যান্টব, ডাইউরেটিক, এবং কার্ডিয়েক টনিক। অল্প মাত্রায় প্রয়োগ করিলে প্রথমতঃ ইহার ক্রিয়া প্রস্রাবের উপর, তৎপর সার্কুলেশনের উপর প্রভাবিত হয়।

১। প্রস্রাব সম্পর্কে—হৃদপিণ্ডের পীড়া জনিত এনাসার্কা উৎপন্ন হইলে, সে অবস্থায় ইহা মূত্রকারক। কোন কোন সময় ঐ পীড়া না থাকিলেও মূত্রকারক ক্রিয়া প্রকাশ করে। ডিজিটেলিস সেবনান্তর যদ্যপি ভেদ, বমন অথবা নাড়ীর গতি বিরাম শীল হইয়া উঠে, তবে প্রস্রাবের পরিমাণ লাঘব হইবে। অধিক মাত্রায় প্রায় ৩ দিবস পর্য্যন্ত প্রস্রাব বন্ধ থাকে। প্রস্রাবের এসিড রিয়াকশন পরিবর্ত্তন হয় না। কিন্তু ইউরিয়া, ক্লোরাইড্ অব্ সোডিয়ম্ ফস্ফেইটস্, এবং সালফেইটের ভাগ কম হয় ও ইউরিক এসিডের ভাগ বৃদ্ধি পায়। ২। নাড়ীর উপর—অল্প মাত্রায় ডিজিটেলিস্ প্রয়োগ করিলে নাড়ীর গতি মৃদু হইয়া পড়ে কিন্তু বেগবান থাকে। হার্ট ক্রমে ঘনঘন স্পন্দিত হয় ও তৎপর নাড়ী নানা প্রকারের হইয়া পড়ে। শ্বাস প্রশ্বাসের উপর ঘোড়াদি ইতর জন্তুতে পরীক্ষা দ্বারা নিশ্চয় করা গিয়াছে, অধিক মাত্রায় নাড়ীর গতির ন্যায় অবস্থা প্রাপ্ত হয় তৎপর ক্রমে নানা প্রকার অবস্থায় পরিণত হয়। ৩। পরিপাক সম্বন্ধে—অল্প মাত্রায় ডিজিটেলিস্ প্রয়োগ করিলে ক্ষুধা বৃদ্ধি পায়, অধিক মাত্রায় বমন কারক ও বিরেচকের ন্যায় কার্য্য করে। বমি হইতে আরম্ভ হইলে অত্যন্ত ভয়ানক হইয়া পড়ে। ৪। নার্ভাস্ সিষ্টেমের উপর—সেন্সেরি ও মোটার এই উভয় বিধ পাওয়ারের উপরই ডিজিটেলিসের ক্রিয়া প্রকাশ পায় এবং ক্রমে স্পর্শ শক্তি লোপ হইয়া মাস্কিউলার উইক্নেস্ ও পেরালিসিস্ উৎপন্ন হইতে পারে। কিন্তু অধিক মাত্রায় ডিজিটেলিস ইতর জন্তু ব্যতীত কোন মনুষ্যে প্রয়োগ করিলে প্রথমতঃ শিরঃঘূর্ণন, শিরঃপীড়া, কর্ণে নানা প্রকার শব্দ, দৃষ্টির ব্যাঘাত, শারীরিক দুর্ব্বলতা, ডিলিরিয়ম্ আর অবশেষে একিউট্ মেনিয়ার ন্যায় লক্ষণ প্রকাশ পায়।

৫। জেনিটেল্ অর্গেন্সের উপর—ইহা জননেন্দ্রিয়ের উপর ক্রিয়া প্রকাশ করিয়া অস্থায়ী এনাফ্রোডাসিয়াক্ ক্রিয়া উৎপন্ন করে। সিক্রিটিংগ্রেণ্ডের উপর—ইহার ব্যবহার দ্বারা সেলিভেশন্ উৎপন্ন হয় কিন্তু কোন কোন সময় সামান্য পরিমাণ সেলিভেশন্ হইয়াই মুখাভ্যন্তর শুষ্ক বোধ হয়। নাসিকার মিউকাস

মেম্ব্রেনের সিক্রিশন্ বৃদ্ধি হয়। একটুকু অধিক মাত্রায় মূত্রাঙ্ক ঘর্ম্ম উৎপন্ন করিতে পারে। এবং শরীরের উত্তাপ লাঘব হয়। হার্টের কার্য্য লোপ হইয়া তৎপর নার্ভাস্ সেণ্টার নিয়মিতমত পরিপোষিত না হওয়ায় রোগীর মৃত্যু হয়।

বহুল পরীক্ষা দ্বারা স্থিরীকৃত হইয়াছে যে ডিজিটেলিসের ক্রিয়া প্রথমতঃ কার্ডিয়েক সিম্পেথেটিক্ প্লেক্সাসের উপর উত্তেজক। দ্বিতীয়তঃ ভেগাস্ নার্ভের ফাইবার্সের উপর অবসাদন ক্রিয়া উৎপন্ন করে। ডিজিটেলিস দ্বারা হৃদ পিণ্ড অত্যন্ত সবলে ও আস্তে আস্তে সঙ্কোচিত হইতে থাকে। হৃদ স্পন্দনের পরিমাণ বারে কম হয় বটে কিন্তু যথেষ্ট বেগবান হইয়া উঠে। সুতরাং করণারি আর্টেরি দ্বারা যথোপযুক্ত রক্তগমন করিয়া হার্টকে পোষিত করে, কাজেই কার্ডিয়েক টানক। কেপিলারি ব্লাড্ভেসেল্স্ সকল ক্রমে শিথিল ও রক্তশূন্য হইয়া পড়ে। হৃদ পিণ্ড সাধ্যানুসারে বল প্রয়োগ করিয়া যখন আর সঙ্কোচিত হইতে পারেনা সুতরাং অবশেষে এক কালে হার্টের কার্য্য লোপ হইয়া যায়। অপর ইহাও জ্ঞাত হওয়া যায় যে যদ্যপি ডিজিটেলিস্ প্রয়োগ করার পূর্ব্বে নিউমোগ্যাষ্ট্রীক নার্ভ ২টী ছেদন করা যায়, তাহা হইলে হৃদ পিণ্ড অবসাদিত হয় না। ইহা দ্বারা বিষাক্ত হইলে নানা বিধ মাস্তিষ্কেয় লক্ষণ উপস্থিত হইয়া পিউপিল্ প্রসারিত ও ক্রিয়া হীন হইয়া পড়ে এবং অবশেষে রোগীর মৃত্যু হয়।

ডিজিটেলিস্ প্রয়োগ কালে নিম্নলিখিত কয়েকটী কথা
স্মরণ রাখা কর্ত্তব্য।

১। কোন ব্যক্তিকে ডিজিটেলিস্ প্রয়োগ করিতে, সর্ব্বদা তাহার হৃদ পিণ্ডের কার্য্য পরীক্ষা করা কর্ত্তব্য।

২। নাড়ীর গতির প্রতি লক্ষ রাখাও উচিত।

৩। প্রস্রাবের পরিমাণ কি প্রকার চলিতেছে, তৎপ্রতি দৃষ্টি রাখা সঙ্গত এবং যদ্যপি ড্রপ্সি বর্ত্তমান থাকে তাহা হইলে প্রস্রাবের পরিমাণ বৃদ্ধি হওয়া মঙ্গলজনক বটে অথচ ড্রপ্সির পরিমাণ খর্ব্ব হইতেছে কিনা তাহাও স্মরণ রাখিবে।

। যদ্যপি হার্টের কার্য্য ক্রত, অসম, ও হার্ট নিয়মিতরূপে কাজ করিতে

অপারগ হয় এবং সেই সময় নাড়ীর গতি দুর্ব্বল থাকে, তবে ডিজিটেলিস্ প্রয়োগ করা নিতান্ত কর্ত্তব্য এবং ইহার ব্যবহারে হৃদপিণ্ডের কার্য্য নিয়মিত হইবে অথচ যদ্যপি কার্ডিয়েক রিজিয়নে অব্যক্ত অসুখ বর্ত্তমান থাকে, তাহাও দুরীভূত হইবে ; অপর নাড়ীর গতি ক্রমে উন্নতশীল, বলবান, পূর্ণ, সম, এবং দ্রুতত্বের পরিমাণ খর্ব্ব হইতে থাকিবে।

৫। কেহ কেহ বলেন হৃদপিণ্ডের কার্য্য ইণ্টারমিটেণ্ট্ বা অসম থাকিলে ডিজিটেলিস্ ব্যবহার কর্ত্তব্য নয় কিন্তু পরীক্ষা দ্বারা দেখা গিয়াছে যে, ইণ্টারমিটেণ্ট্ অবস্থায় যাহা কিছু উপকার হয়, তাহা শুধু ডিজিটেলিস্ দ্বারাই সম্ভবনীয়। এমন কি ফাদার্ জিল্ সাহেব বলেন, হার্টের কার্য্য ইণ্টারমিটেণ্ট থাকিলে কিছু অধিক মাত্রায় ডিজিটেলিস্ ব্যবহার করা যুক্তি সঙ্গত।

৬। হৃদপিণ্ডের পীড়া বর্ত্তমানে ড্রপ্সি থাকিলে, ইহা দ্বারা প্রস্রাবের পরিমাণ বৃদ্ধি হইবে। কিন্তু প্রস্রাবের পরিমাণ ন্যূন হইলে ডিজিটেলিস্ রহিত করা কর্ত্তব্য।

৭। অধিক দিন ব্যবহার করিতে করিতে শরীরে সংগ্রহ হইয়া হঠাৎ ইহা দ্বারা বিষক্রিয়া করিতে পারে।

৮। ডাং রিঙ্গার বলেন, ডিজিটেলিস প্রয়োগ করিলে হৃদপিণ্ডের শক্তি বৃদ্ধি হয়, এবং হৃদপিণ্ড সবলে কার্য্য করায় রিনেল্ আর্টেরীতে অধিক রক্ত গমন করিয়া কিড্নিতে অধিক পরিমাণ প্রস্রাব উৎপন্ন হয়। সুতরাং ডিজিটেলিস্ দ্বারা প্রস্রাব বৃদ্ধি হওয়ার ইহাই বিশেষ কারণ বলিতে হইবে। কেহ কেহ বলেন ডিজিটেলিসের ক্রিয়া কিড্নি বা মূত্র যন্ত্রের উপর বিশেষ রূপ প্রভাবিত হইয়া অধিক পরিমাণ প্রস্রাব উৎপন্ন করায়।

৯। ইহা সেবনের পর যদ্যপি কার্ডিয়েক্ রিজিয়নে অব্যক্ত অসুখ বোধ হয়, মস্তকে নানাবিধ শব্দ, বমন, এবং হঠাৎ মূর্চ্ছাপন্নের লক্ষণ প্রকাশ পায়, তাহা হইলে ইহা রহিত করা কর্ত্তব্য।

আময়িক প্রয়োগ। হৃদপিণ্ডের নানাবিধ পীড়ায় ডিজিটেলিস্ ব্যবহৃত হইতে পারে কিন্তু নানাবিধ ব্যক্তি ব্যবহার সম্বন্ধে নানাবিধ মত প্রকাশ করেন। যথা—

ডিজিটেলিসের বিশেষ ক্ষমতা এই যে, যদ্যপি হার্ট অত্যন্ত দ্রুত গমন করিতে থাকে, তবে অনতি বিলম্বে দ্রুতত্বের লাঘব করিয়া শক্তিবৃদ্ধি করিবে। হাইপার্ট্রফি অব্ দি হার্ট বা হৃদপিণ্ডের মাংশপেশী স্থূল হইলে এবং যদ্যপি তৎসহ হার্টের ভাল্ভিউলার পীড়া ও বর্ত্তমান থাকে তবে, ডিজিটেলিস্ দ্বারা উপকারের সম্ভাবনা। লেফট্ ভেণ্ট্রিকেল হইতে রক্ত নিয়মিতরূপে এওর্টাতে গমনের ব্যাঘাত জন্মিলে, ক্রমে হৃদপিণ্ড অতি ঘন ঘন সঙ্কোচিত হয় অথচ রক্ত যথোপযুক্ত নির্গমন করিতে না পারিয়া অল্প সময় মধ্যেই হৃদপিণ্ডের প্রাচীর স্থূল হইয়া উঠে; এরূপাবস্থায় ডিজিটেলিস্ ব্যবহার করিলে, অত্যন্ত বল পূর্ব্বক হৃদপিণ্ড কার্য্য করে, অতঃপর হঠাৎ উক্ত প্রাচীর রাপ্চার বা ফাঁটিয়া যাইতে পারে। মাইট্রেল্ ডিজিজে ডিজিটেলিস্ সর্ব্বদা ব্যবহৃত হয় কিন্তু কেহ কেহ অতি সাবধানে অল্প মাত্রায় প্রয়োগ করিতে অভিপ্রায় ব্যক্ত করেন। এওর্টিক ডিজিজে ডিজিটেলিস্ সম্পূর্ণ অযোগ্য।

হাইপারট্রফি অব্ দি হার্ট, ডাইলুটেশন্ অব্ দি হার্ট. এবং পালপিটেশন্ অব্ দি হার্ট রোগে ডিজিটেলিস্ দ্বারা বিস্তর উপকার দর্শে। প্রয়োজনানুসারে আয়রণ সহ ব্যবস্থেয়।

পেরিকার্ডাইটিস্ রোগে টিং ডিজিটেলিস সহ টিং হায়ে সাইমাস্ মিশ্রিত করিয়া ব্যবহার করা যায়। ফেটিডিজনারেশন্ অব্ দি হার্ট্ হইলেও কেহ ২ ব্যবহার করিতে বলেন।

প্রাদাহিক জ্বর রোগে ও প্রবল প্রদাহ রোগে হৃদপিণ্ড ও নাড়ীর গতি মৃদু করণ অভিপ্রায়ে এবং শরীর হইতে উত্তাপ দূরীকৃত করণ জন্য প্রদাহ নিবারক নিয়মানুসারে ডিজিটেলিস্ প্রয়োগ করা যায় কিন্তু নিউমোনিয়া রোগে ডিজিটেলিস্ অপেক্ষা এণ্টিমণি অথবা এই শ্রেণীস্থ অন্যান্য ঔষধ শ্রেষ্ঠ।

নানাপ্রকার জ্বরীয় অবস্থায় যথা—টাইফয়েড্ ফিবার, স্কার্লেট্ ফিবার, পিউয়ারপারেল ফিবার, ইণ্টারমিটেণ্ট্ ফিবার, ইত্যাদি পীড়ায় বিশেষ যোগ্যতার সহিত ব্যবহৃত হয়।

পেরিকার্ডাইটীস্ রোগে ডাং হোপ্ বলেন, পীড়ার প্রাথমিক অবস্থা দূরীভূত হইলে টিংডিজিটেলিস্ সহ টিং হায়ে সাইয়েমাস্ মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে উপকার হয়।

হৃদপিণ্ডের কাপাটিক রোগ জনিত পালপিটেশন্ রোগে টিংচার সহ ডিজিটেলিস্ বিশেষ ফলপ্রদ।

থাইসিস্ রোগে অনেকে ডিজিটেলিসকে শ্রেষ্ঠ মনে করেন, কিন্তু কড্‌লিভার অয়েল সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ, তৎপর হিমপ্‌টিসিস্, স্পেজমডিক্ ও ক্রনিক ব্রঙ্কাইটীস্, নিউমোনিয়া, স্পেজমডিক্ এজমা ইত্যাদি রোগে অনেকানেক চিকিৎসক ডিজিটেলিস্ ব্যবস্থা করেন। আভ্যন্তরিক প্রয়োগার্থ ইহার টিংচার ব্যবহার করাই কর্ত্তব্য।

Insanity বা বাতুলতা রোগে যখন রক্ত সঞ্চলনের প্রবলতা এবং মস্তক অত্যন্ত উত্তপ্ত হইয়া অনিদ্রা ইত্যাদি লক্ষিত হয়, তদবস্থায় টিং ডিজি-টেলিস কিছু অধিক মাত্রায় ব্যবহার করিলে সন্তোষ জনক উপকার লাভ করা যায়। একিউট্ ডিলিরিয়াস্ মেনিয়া রোগে ও ব্যবহৃত হয়।

ডাং জোন্স্, ডাং পিকক্, ডাং মেকেঞ্জি আদি বহুবিধ চিকিৎসক, ডিলি-রিয়ম্ ট্রিমেন্স্ রোগে ব্যবহার করিতে অনুমতি দেন।

শোথ ও উদরী রোগে ১৭৭৫ খৃঃ হইতে ইহার ব্যবহার চলিয়া আসি-তেছে। মারকিউরী, স্কুইল ও অন্যান্য ঔষধ সহ ইহার ফল অধিক হয়। সাধারণতঃ রোগী একটু বলিষ্টকায় ও শক্তিশালী হইলে অধিক ব্যবহার্য্য। ইহার সহিত প্রয়োজনানুসারে এমনিয়াকার্ব্বনাস্, টিংফেরি পারক্লোরাইড্ ইত্যাদি মিশ্রিত করা যায়।

ড্রপ্‌সি রোগে নিম্নলিখিত পিল্ মন্দ নয় যথা—পালব্ ডিজিটেলিস্ গ্রেণ ½, পালব্ সিলা গ্রেণ ১½, পিল্ হাইড্রার্জ্ গ্রেণ ২। কিন্তু মিক্‌চার্ রূপেই সর্ব্বদা ব্যবহার্য্য।

সাপ্রেশন্ অব্ ইউরিন্ বা প্রস্রাব বন্ধ রোগে ইহার পুল্‌টিস্ উদর প্রদেশে প্রয়োগ করা যায়, অথবা তিসির পুল্‌টিসের সহিত মিশ্রিত করিয়া ব্যবহার করা যায়। আভ্যন্তরিক প্রয়োগার্থ অন্যান্য মূত্রকারক সহ মিক্‌চার রূপে ব্যবহার্য্য।

পাইল্‌স্ বা অর্শ, জরায়ুর নানাপ্রকার পীড়া, এপিলেপ্‌সি, এবং বিবিধ নিউরাল্‌জিক্ রোগে নানাবিধ উপায়ে প্রয়োগ করা যায়।

কেহ কেহ কর্ণের ভিতর হঠাৎ অত্যন্ত বেদনা অনুভব করে, এমন কি

সময় সময় অসহ্য হইয়া উঠে, তদবস্থায় ইহার টিংচার ২। ১০বিন্দু কাণের ভিতর প্রয়োগ করিলে তৎক্ষণাৎ বেদনা দমন হয়।

স্পার্‌মেটোরিয়া রোগে ডাঃ রিংগার ১-২০ড্রাম পরিমাণে ইহার ইনফিউশন্ দিনে ২। ৩বার ব্যবহার করিয়া, স্ক্রোটমে শীতল জলের ধারা ব্যবহার করতঃ অত্যন্ত উপকার প্রাপ্ত হইয়াছেন।

একোনাইট দ্বারা বিষাক্ত হইলে ডিজিটেলিস্ ব্যবহৃত হয় এবং এতদ্‌সহ গেল্‌ভেনিজম প্রয়োগ করাও কর্ত্তব্য।

Santali oleum. Sandal-wood oil.

সেণ্টেলি ওলিয়ম্। সেণ্ডেল উড্ অয়েল।

মাত্রা। ১৫—৩০ মিনিম্।

ক্রিয়া ও ব্যবহার। ষ্টিমুলেণ্ট্। অল্প কতক দিন হইল গ্লেস্‌গো নগরের ডাঃ হেণ্ডারসন্ গণোরিয়া রোগে ব্যবহার করেন। এবং ক্রমে ১০০ রোগীর চিকিৎসা করিয়াছেন, কোপেরা, কি কিউবেব অপেক্ষা ইহার উপকারীতা স্বীকার করিয়াছেন। গণোরিয়া, গ্লীট্, লিউকোরিয়া, ক্রনিক ব্রংকাইটিস্ আদি রোগে প্রয়োজনানুসারে মিউসিলেজ, লাইকর পটাশ ইত্যাদি সহ ব্যবহার্য্য।

SIALAGOGUES CLASS.

সায়েলেগগস্

বা

লাল-নিঃস্রাবক শ্রেণী।

যে সমস্ত ঔষধ দ্বারা সেলিভেবিগ্লেণ্ডস্ (পেরোটিড্, সব্মেক্সিলেরি, সব্লিঙ্গুয়েল্) সকল উত্তেজিত হইয়া অল্প বা অধিক পরিমাণে সেলাইবা, বা লালা নিঃসৃত হয় তাহারা এই শ্রেণী ভুক্ত।

ইহাদের মধ্যে কতকগুলি ঔষধ সেবন দ্বারা রক্তস্রোতে মিলিত হইয়া উক্ত গ্লেণ্ডস্ সকলের ক্রিয়া বৃদ্ধি করে, এবং কতকগুলি স্থানিক ব্যবহার দ্বারা সেলিভারি গ্লেণ্ড্ উত্তেজিত হইয়া অধিক লালা বা থুথু উৎপন্ন করে। যথা—মার্কুারি, আইওডিন্, এবং পেলিটরি রুট্, জিঞ্জার, ক্যাপ্সিকম্ ইত্যাদি।

ব্যবহারের উদ্দেশ্য।

১। দন্তমাড়িতে বেদনা হইলে স্থানিক প্রয়োগ দ্বারা বেদনার হ্রাসকরা।

২। কর্ণবেদনা, কি চক্ষু রোগ ইত্যাদিতে ও ব্যবহার্য্য।

নিম্নলিখিত ঔষধসকল লাল-নিঃসরণ জন্য ব্যবহৃত হয়।

১। মার্কুারি।

২। রেড্ অক্সাইড্ অব্ মার্কুারি।

৩। ইয়লো অক্সাইড্ অব্ মার্কুারি।

৪। রেড্ আইওডাইড্ অব্ মার্কুারি।

৫। মার্কুারি উইথ্ চক্।

৬। এসিড্ সলুশন্ অব্ নাইট্রেট্ অব্ মার্কুারি।

৭। এমোনিয়েটেড্ মার্কুারি।

৮। মার্কুরিয়েল্ পিল্।

৯। মার্কুারিয়েল্ অয়েণ্ট্মেণ্ট।

১০। পার্ক্লোরাইড্ অব্ মার্কুারি।

১১। সাব্ ক্লোরাইড্ অব্ মার্কুরি।

১২। পেলিটরি রুট্।

Hydrargyrum. Mercury

হাইড্রার্জিরাম্। ইহাকে কুইক্ সিল্ভার্ ও বলে। মার্কুরি।

প্রয়োগী রূপ।

১। মার্কুরি উইথ্ চক্। মাত্রা ৩—৮ গ্রেণ্।

২। মার্কুরিয়েল্ পিল। মাত্রা ৩—৮ গ্রেণ্।

৩। অয়েণ্ট্ মেণ্ট্ অব্ মার্কুরি।

৪। কম্পোণ্ড্ অয়েণ্ট্মেণ্ট অব্ মার্কুরি।

৫। লিনিমেণ্ট্ অব্ মার্কুরি।

৬। মার্কুরিয়েল্ প্লাষ্টার্।

৭। এমোনায়েক্ এণ্ড মার্কুরি প্লাষ্টার।

৮। মার্কুরিয়েল্ সপো জিটরি।

ক্রিয়া। সায়েলোগগ্, অল্টারেটিব্ কোলেগগ্, পার্গেটিব্, ডাইউরেটিক্, এমিনেগগ্, এব্সারভেণ্ট্ ইত্যাদি। পারদ, নিয়মিত মাত্রায় সেবন করিলে প্রথমতঃ লালা গ্রন্থি সকল ঈষৎ উত্তেজিত হইয়া উহাদের ক্রিয়া ও অন্যান্য সিক্রেটিং গ্লেণ্ডের ক্রিয়া বিবর্দ্ধিত হইতে থাকে, তদনুসারে ঘর্ম্ম করণ, মূত্র করণ ইত্যাদি কার্য্য প্রকাশিত হয়।

ইহার ক্রিয়া, পাকাশয়, ও অন্ত্রস্থ নিস্থত রসের সহিত সংযুক্ত হইয়া প্রকাশিত হয়। ইহার ব্যবহারে শরীরের দূষিত অবস্থা পরিবর্ত্তিত হইয়া নিয়মিক অবস্থায় আনিত হয়। কি প্রকারে ইহার ক্রিয়া শরীরে প্রকাশিত হইয়া সুফল প্রসবকরে, এখন পর্য্যন্ত তদ্বিষয় নিশ্চিত হয় নাই। এককালীন অধিক পরিমানে কি অল্প মাত্রায় অধিক দিন পারদ ব্যবহার করিলে ইহাদ্বারা বিসময় লক্ষণ প্রকাশিত হইয়া ক্রমে দন্ত মাঢী স্ফীত ও বিবর্দ্ধিত, রক্তিম এবং বেদনাযুক্ত হইয়া পড়ে। রোগী আপনা হইতে এক প্রকার ধাতব আস্বাদ বোধ করিতে থাকে, মুখ হইতে কদর্য্য গন্ধ নির্গত হয় এবং সময় সময় এই অবস্থা বর্দ্ধিত হইয়া প্রাণ হানি পর্য্যন্ত ও হইতে পারে। ইহাকেই সেলিভেশন্ বা টাইলিজম্ অথবা মুখ আসা কহে।

ইদানীন্তন চিকিৎসক গণ পারদের চূড়ান্ত ক্রিয়া ঐ কাশিত হওয়া নিতান্ত হানিজনক মনে করেন। ঔষধার্থে দন্তমাঢ়ী অল্প আর্দ্রক্রিম, স্ফীত ও বেদনাযুক্ত হইলেই পারদ সেবন ক্ষান্ত রাখিবে।

পারদ দ্বারা লিভারের ক্রিয়া বৃদ্ধি প্রাপ্ত হয় সুতরাং অধিক পরিমাণে পিত্ত নিঃসৃত হয়। ডিউডিনমে ক্রিয়া প্রকাশ করে বলিয়াই লিভার পর্য্যন্ত পরিব্যাপ্ত হয় এবং এতৎ সহযোগে প্যান্‌ক্রিয়াস্ হইতে প্যান্‌ক্রিয়েটিক্ জুস নিঃসৃত হইতে থাকে।

পরীক্ষা দ্বারা স্থিরীকৃত হইয়াছে যে, পারদ ব্যবহারে শরীর ধ্বংশ প্রাপ্ত হয় এবং রক্তের লোহিত কণিকা, ফাইব্রিন্, ও অণ্ডলালিক পদার্থের ভাগ হ্রাস হইয়া যায় এবং তৎপর নানাপ্রকার পঁচা গন্ধযুক্ত পদার্থ সঞ্চিত হইয়া শরীর বিনষ্ট হইয়া পড়ে।

পারদ ব্যবহারে কখন কখন উদরে বেদনা ও কামড়, তৎপর ভেদ, মুখের ভিতর ক্ষত, টন্‌সিলের গলিত অবস্থা, ভয়ানক সেলিভেশন্, শরীরের স্থানাস্থানে আরক্ত চক্রাকার দাগ, বাত ঘটিত বেদনা, হস্তপদের অবশতা এবং শরীর নিতান্ত নিস্তেজ ও রোগ প্রবণ হইয়া পড়ে।

নিম্ন লিখিত অবস্থায় পারদ ব্যবহার অনুপযুক্ত বা হানিজনক যথা—(১) নানাপ্রকার টিউবার্কিউলার ডিজিজে বিশেষতঃ তৎসহ গণ্ডমালা পীড়া বর্ত্তমানে থাকিলে। (২) ফেজিডিনিক্ ক্ষত বর্ত্তমানে। (৩) গাউট্ ও আর্থ্রাইটীক্ ইন্‌ফ্লামেশন্ জন্য চক্ষের পীড়ায়। (৪) স্কর্ভি ও স্কর্ভিউটীক ধাতু প্রকৃতিতে। (৫) প্রদাহিক শোথ রোগে। (৬) মূত্রাশয়ের প্রাদাহিক অবস্থায়। (৭) বহুমূত্র পীড়ায় (৮) মূত্রযন্ত্রের গ্রেণিউলার ডিজিজে (৯) নাশিকার ভিতর ক্ষত বর্ত্তমান থাকিলে। (১০) প্লীহার বিবর্দ্ধন অবস্থায়। (১১) নিবক্তা বস্থায় ব্যবহার অনুপযুক্ত।

পারদ ব্যবহারের রীতি—

১। আভ্যন্তরিক ব্যবহৃত হয়।

২। মর্দ্দনাকারে, বাহ্যিক ব্যবহার্য্য।

উদ্দেশ্য সাধনার্থ পারদের মলম উরুদেশে মর্দ্দন করিলেও ক্রিয়া প্রকাশ করে। প্রথমত ½ ঘণ্টা পর্য্যন্ত মালিশ করিবে। কিন্তু শরীর অত্যন্ত অপরিষ্কৃত হয় বলিয়া এপ্রকার ব্যবহার তত প্রচলিত নয়। ইহাকে ইনুঙ্ক্‌শন্ ও বলে।

৩। ফিউমিগেশন্ বা ধূমগ্রহণ আকারে প্রয়োগ।

ইহার ক্রিয়া অতিদ্রুত প্রকাশিত হয় অথচ বিশেষ কোন কষ্ট স্বীকার করিতে হয়না।

অক্সাইড্ অব্ মার্কুরির ৬০ গ্রেণ, সাল্‌ফেট্ অব্ মার্কুরির ৩০ গ্রেণ, অথবা কেলোমেল্ ২০—৩০ গ্রেণ ব্যবহার করাযায়। ইহার প্রয়োগ ঠিক সাল্‌ফার ভেপারের অনুরূপ।

৪। সাবকিউটেনিয়াস্ ইন্‌জেক্শন্।

পারক্লোরাইড্ অব্ মার্কুরি gr. v

একোয়া m 250

গ্লাইস্ রীন্ m 250

Dose m x for injection

সিফিলিস্ বা উপদংশ পীড়ায় উপরোক্ত ইন্‌জেক্শন্ মঙ্গলনয়।

ইহার ব্যবহার ক্রমে২ করিবে।

অধিক দিন ব্যবহার করিলে অল্প পরিমান ওপিয়ম্ মিশ্রিত করিয়া প্রয়োগ করা কর্ত্তব্য। যতদিন পর্য্যন্ত পারদের ক্রিয়া প্রকাশিত না হয় ততদিন ইহা ব্যবহার করাযায় কিন্তু মন্দ লক্ষণ দৃষ্টিগোচর হইলেই প্রয়োগ রহিত করা উচিত।

পারদ ব্যবহার কালে নিম্ন লিখিত কতগুলি

বিষয় স্মরণ রাখা কর্ত্তব্য।

১। পারদ, অল্প মাত্রায় অধিক দিন ব্যবহার করিলে হঠাৎ বিষক্রিয়ার লক্ষণ প্রকাশ পায়।

২। শিশুরা, ইহা অধিক সহ্য করিতে পারে। বৃদ্ধ দিগের সেলিভেরি গ্লেণ্ডের দুর্ব্বল অবস্থা জন্য তাহারাও অধিক পরিমানে পারদ সহ্য করিতে পারে কিন্তু ইহার ক্রিয়া যুবক দিগের প্রতিই সহজে ও দ্রুত প্রকাশিত হয়।

৩। অতি সাধারণ কারণে কখনই পারদ-ব্যবহার কর্ত্তব্য নয়।

৭। পারদ ব্যবহার কালে রোগীকে মৎস্য, মাংস সেবন করিতে নিষেধ করা কর্ত্তব্য এবং লঘু আহার বিধেয়।

৫। শরীর সতত বস্ত্রাবৃতনারাখা ও অকারণ শৈত্য সেবন অপকারী।

অময়িকী প্রয়োগ।

Syphilis বা উপদংশ রোগেই পারদের ব্যবহার প্রচলিত। ইদানীন্তন চিকিৎসকগণ পারদ ব্যবহার কালে অত্যন্ত সতর্কতা গ্রহণ করেণ এবং যে সমস্ত ঔপদংশিক ক্ষতে চারিধারে প্রদাহ লক্ষণ না থাকে, ক্ষতের নিম্ন প্রদেশ মসৃণ হয় অথচ ক্রতবেগে বৃদ্ধি প্রাপ্ত না হয়, তদবস্থায় পারদ দ্বারা মহান উপকার দর্শে। যখন শরীরের নানাস্থানে চক্রাকার চিহ্ন বহির্গত হইতে থাকে এবং যে বাঘি হয় তাহা টিপিলে শক্ত বোধহয়, এপ্রকার অবস্থায় ও পারদ বিধেয়। পারদ ব্যবহার করিতে করিতে যদ্যপি ক্ষত স্থানের চারিদিক আরক্ত ও বেদনা যুক্ত হইয়া পড়ে এবং ক্রমে ক্ষতস্থান বিস্তৃত হইতে থাকে, তাহা হইলে পারদ ব্যবহার ক্ষান্ত রাখিয়া অবস্থানুযায়ী অন্যান্য চিকিৎসা করিবে।

নানা প্রকার ঔপদংশিক চর্ম্ম বিকারে পারদ মন্দ নয় কিন্তু যদ্যপি রোগ স্থান ক্ষতে পরিণত হয় তাহা হইলে পারদ না দেওয়াই কর্ত্তব্য। রোগ স্থানে পূয় না জন্মিলে অল্টারেটিব্ মাত্রায় অনন্ত মূলের ডিকক্শন্ অথবা সার্জার সহিত যথেষ্ট উপকারী।

নানাপ্রকার ইন্‌ফ্লামেশন্ বা প্রদাহ রোগে বহুকাল হইতে পারদ ব্যবহৃত হইয়া আসিতেছে। কিন্তু প্রদাহ রোগ পারদ দ্বারা কি প্রকারে প্রতিকার হয় তদ্বিষয় এখন পর্য্যন্তও সুনিশ্চিত হয় নাই। তবে এই মাত্র বলা যাইতে পারে যে পারদের আচোষণ শক্তি অত্যন্ত প্রবল থাকা নিবন্ধন প্রদাহে যে সমস্ত রক্ত রস সঞ্চিত হয়, তাহা অতি দ্রুত আচোষিত হইয়া যায়। তন্নিবন্ধন পেরিকার্ডাইটিস্, পেরিটোনাইটিস্ ইত্যাদি নানা স্থানের প্রদাহে প্রথমাবস্থায় ইহা ব্যবহার করা যায় এবং প্রয়োজনানুসারে ওপিয়ম্, এণ্টিমনি ঘটিত ঔষধ ও ইপিকাক্ সহ মন্দ নয়।

Hydrargyri oxidum Rubrum. Red Oxide of mercury

হাইড্রার্জিরাই, অক্সাইডম্ রুব্রাম্। রেড্ অকসাইড অব মার্কুরি।

প্রয়োগ রূপ।

১৭ অয়েন্ট্‌মেণ্ট্‌ অব্‌ রেড্‌ অক্‌সাইড্‌ অব্‌ মার্কুারি।

ক্রিয়া। ষ্টিম্যুলেণ্ট্‌ ও এক্‌স্‌ কেরোটিক। ইহার আভ্যন্তরিক প্রয়োগ নাই কিন্তু বাহ্য প্রয়োগার্থ মলম আকারে সচরাচর ব্যবহৃত হয়। ইহার প্রয়োগ রূপটী রেড্‌ প্রিসিটিটেট্‌ আয়েণ্ট্‌মেণ্ট্‌ বলিয়া বিখ্যাত।

ইণ্ডোলেণ্ট্‌, সিফিলিটিক্‌ আল্‌সারে ইহার মলম বাহ্য প্রয়োগের জন্য মন্দ নয়। ক্ষতের অবস্থা পরিবর্ত্তন করিয়া শীঘ্র আরোগ্য করে। এককালে বিস্তৃতরূপে লাগাইলে শরীরে আচোষিত হইয়া বিষক্রিয়া করিতে পারে। রেক্টমের ভিতর ক্ষত হইলে হাইঃ নাইট্রোঃ অক্সাইড ১ ড্রাম মোমের মলম ১ আং মিলাইয়া বাহ্য প্রয়োগ করা যায়।

প্রুরাইটিস্‌ পিউডেণ্ডাম্‌ রোগ বা যোনি কণ্ডুয়ন রোগে ইহার মলম ও কড্‌লিভার অয়েল মিশ্রিত করিয়া মন্দ নয়। এক্‌জিমা রোগের শুষ্কাবস্থায় মিঃ উইল্‌শন্‌ ইহার প্রতি বিস্তর অনুরাগ প্রকাশ করেন। অপর ফেবাস্‌, রিংওয়ার্ম্ম, আল্‌সারেশন্‌ অব্‌ রূপিয়া ইত্যাদি রোগে বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়।

অপ্‌থাল্‌মিয়া টার্সাই, ক্রনিক্‌ কঞ্জাংটিবাইটিস্‌, এবং নানাপ্রকার পুরাতন চর্ম্মরোগে ইহার মলম সন্ধ্যাবপর আইলিডের ধারে লাগাইলে বিস্তর উপকার হয়। পিরুলেণ্ট্‌ অপ্‌থাল্‌মিয়া ও ওটাইটিস্‌ রোগেও ব্যবহার্য্য।

Hydrargyri oxidum Flavum Yellow oxide of mercury

হাইড্রার্জিরাই অক্‌সাইডম্‌ ফ্লেভাম্‌। ইয়েলো অক্‌সাইড্‌ অব্‌ মার্কুারি

প্রয়োগ রূপ।

১৮ ওলয়েট্‌ অব্‌ মার্কুারি।

ক্রিয়া। ইহা রেড্‌ অক্‌সাইড্‌ অব্‌ মার্কুারির পরিবর্ত্তে ব্যবহৃত হয়। ইহার প্রয়োগ রূপটী বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হইতেছে। ওলিয়েটেড্‌ মার্কুারির বাহ্য প্রয়োগে প্রদাহিত জয়েণ্টস্‌ ও স্ফীত স্থান অনতি বিলম্বে আরোগ্য লাভ করে। অপর প্রয়োজনানুসারে অপরাপর ঔষধ ও মিশ্রিত করা যায়।

নানা প্রকার চর্ম্মরোগে ইহার বাহ্য প্রয়োগ মন্দ নয়।

Hydrargyri Iodidum Rubrum. Red Iodide of mercury

হাইড্রার্জিরাই আইওডাইডম্ রুব্রাম। রেড্ আইওডাইড্ অব্ মার্কুর্যারি

প্রয়োগ রূপ।

১। অঙ্গুয়েন্টম্ হাইড্রার্জিরাই আইওডিডাই রুব্রাই।

২। লাইকর্, আর্সেনিয়াই এট্ হাইড্রার্জিরাই আইওডিডাই। মাত্রা ১০—৩০ মিনিম্।

মাত্রা। ১/৩২—১/৮ গ্রেণ্।

ক্রিয়া। অল্টারেটিব্-টনিক্ এবং ষ্টিমুলেণ্ট্। ১/১৬—১/৮ গ্রেণ মাত্রায় ইহার ক্রিয়া উপরোক্ত প্রণালী মতে হয়। ব্যবহার সময়ে পিল্ আকারে অথবা এল্কোহলে দ্রবীভূত করিয়া প্রয়োজ্য, কিন্তু অত্যন্ত সতর্কতার দরকার। কিছুদিন ব্যবহার করিলে ভয়ানক সেলিভেশন্ উৎপন্ন করে এবং উগ্র প্রদাহিক বিষক্রিয়া করিতে পারে। ইহার মলম বাহ্য প্রয়োগে যথেষ্ট পরিমাণ জ্বালা যন্ত্রনা প্রকাশ করে।

আময়িক প্রয়োগ।

সার্ব্বাঙ্গিক উপদংশ ও ঔপদংশিক রোগের দ্বিতীয় অবস্থায় ডাং অকুটেরিয়াস্ রয়েল্ ইহাকে উৎকৃষ্ট বিবেচনা করেন, এবং কিঞ্চিৎ অধিক মাত্রায় জেন্সিয়েনের সার সহ প্রয়োগ করিতে অনুমতি দেন। অপর ঔপদংশিক চর্ম্মরোগেও ইহার বাহ্য প্রয়োগ মন্দনয়।

Bronchocele ব্রঙ্কসিল্ বা গলগণ্ড রোগে ইহার বাহ্য প্রয়োগ অতিশ্রেষ্ঠ। অনেক দিন হইতে আদরের সহিত ব্যবহার হইয়া আসিতেছে। প্রাতেঃ ইহার মলম পীড়িত স্থানে প্রায় ১০ মিনিট পর্য্যন্ত আস্তে আস্তে মালিশ করিয়া তদনন্তর সূর্য্যের উত্তাপ লাগাইবে এবং যতক্ষণ সহ্য হয় তত সময় পর্য্যন্ত উত্তাপ গ্রহণ করা কর্ত্তব্য। এই প্রকার ব্যবহারে অল্প দিন মধ্যেই রোগ দূরীকৃত হইবার সম্ভাবনা। *Elephantiasis* এলিফেন্টাইসিস্ বা গোঁদ রোগে কেহ কেহ ইহার ব্যবহারে সন্তোষ লাভ করিয়াছেন।

সোরায়েসিস্, পিটিরায়েসিস্, একজিমা, ল্যুপস্, আদি চর্ম্ম রোগে ডাং গিলিগেন্ ও অন্যান্য চিকিৎসক ইহার প্রতি অনুরাগ প্রকাশ করেন।

মেলেরিয়ার কারণ জনিত প্লীহা অথবা যকৃৎ বিবর্দ্ধন রোগে ইহার মলম

বাহ্য প্রয়োগ করিলে বিস্তর উপকার দর্শে। ডাঃ মেকৃলিয়ন্ বলেন, ইহার ব্যবহারে কোন অশুভ ফলের সম্ভাবনা নাই এবং নিশ্চয় উপকারী। এতদ্ব্যতীত গণ্ডমালা জনিত বিবর্দ্ধিতগ্লেণ্ডে ও ইহার বাহ্য ব্যবহার প্রচলিত।

ক্রনিক রিউম্যাটিজম, কি গাউট্ রোগ উপদংশ অথবা প্রমেহ নিবন্ধন উৎপন্ন হইলে ইহার আভ্যন্তরিক ব্যবহার, বার্ক, সালসা সহ যথেষ্ট উপকার জনক।

কঠিন আকারের অপ্‌আল্‌মিয়া টার্সাই রোগে অথবা ওপাসিটি অব্ দি কর্নিয়া পীড়ায় ইহার ব্যবহার উপকারী কিন্তু অন্যান্য ঔষধ ব্যর্থ হইলে ইহা কর্ত্তব্য।

Hydrargyrum Cum creta. Mercury with Chalk.

সাধারণ নাম গ্রে পাউডার্ (Gray powder)

মাত্রা।—৩—৮ গ্রেণ।

ক্রিয়া। অল্‌টারেটিব্, লেকসেটিব্, এণ্টাসিড্। ইহার সহিত চক্ মিশ্রিত থাকায় অম্লনাশক ক্রিয়া প্রকাশ করে। ইহার ক্রিয়ার মৃদুতা নিবন্ধন রিয়াই, সিনেমন্, অথবা এশ্‌কেলিজ সহব্যবহার্য্য। অনুগ্র বিধায় চিনি, ও সিরাপ্ আদি সহ বালক ও শিশুদিগের পক্ষে সর্ব্বদা ব্যবহার্য্য।

আময়িক প্রয়োগ।

ছেলেদের ডায়েরিয়া ও ডিসেণ্ট্রি রোগে যখন বাহ্যির বর্ণ কর্দ্দমবৎবা শ্লেষ্মা মিশ্রিত অথবা রক্ত সংযুক্ত থাকে তদবস্থায় ২।৩ গ্রেণ্ এরোমেটিক চক্ পাউডারসহ মিলাইয়া ও ২।৩ গ্রেণ গ্রেপাউডার মিলাইয়া সেবন করাইলে অতি আশ্চর্য্য উপকার দর্শে। এতদ্ব্যতীত অনেকানেক বহুদর্শী চিকিৎসক ইহার শ্রেষ্টতা বিষয়ে অভিমত প্রকাশ করেন। থাইসিস রোগে উদরাময় উপস্থিত হইলে ১/২ গ্রেণ মাত্রায় উপকারী।

পাকাশয়ের কারণ জনিত সল্পবিরাম জ্বরে ইপিকাকুয়ানা সহ গ্রেপাউডার মিশ্রিত করিয়া একদিন পর পর ব্যবহার করিলে সময় সময় বিশেষ উপকার করে। অতঃপর ছেলেদের জণ্ডিস্ রোগে ও ব্যবহার্য্য।

ইন্‌ফেণ্টাইলাসিফিলিস্ রোগে এবং যখন সর্ব্বাঙ্গে দাগ নির্গত হয়, তদবস্থায়

গ্রেপাউডার দ্বারা আশ্চর্য্য উপকার লাভ করাযায়। কেহ কেহ বলেন ইহার সহিত সিবিপ্ ফেরি আইওডাইড্ মিশ্রিত করিয়া ব্যবহার করিলে বিস্তর উপকার প্রাপ্ত হওয়া যায়। যুবকদিগের উপদংশ রোগেও পূর্ণমাত্রায় ব্যবহার উপকার জনক।

ডাইরিয়া অথবা ডিসেণ্ট্রি রোগে নিম্নলিখিত ব্যবস্থা মন্দনয় যথা—

R.

Hydrargyri Cum Creta gr i
Bismuth Sub nit gr ii
Pulv Ipecac gr $\frac{1}{4}$
Make a powder, one Powder to be given every 4 hours.

Hydrargyri Nitratis Liquor Acidus. Acid Solution of Nitrate of Mercury.

প্রয়োগরূপ।

১। অয়েণ্টমেণ্ট্ অব্ নাইট্রেট্ অব্ মার্কুরি।

পূর্ব্বনাম—সিট্রিন্ অয়েণ্ট্মেণ্ট্।

২। ডাইল্যুটেড্ অয়েণ্ট্মেণ্ট অব্ নাইট্রেট্ অব্ মার্কুরি।

ক্রিয়া। অত্যন্ত দাহক। ইহার আভ্যন্তরিক ব্যবহার নাই।

আময়িক প্রয়োগ।

নানাপ্রকার কঠিন চর্ম্মরোগে ক্ষতস্থান জ্বালাইবার জন্য বাহ্যিক ব্যবহার হয়। লুপাস্ আল্সারে দাহক আকারে প্রযোজ্য। লেপ্রা, সোরায়েসিস্, স্ক্রফিউলাস্ ও সিফিলিটিক ক্ষতে স্থানিক প্রয়োগ উপকারী। প্রাইমারি সেঙ্কার বা ঔপদংশিক আদ্যক্ষতে জ্বলাইবার জন্য ও ব্যবহার হইতে পারে

ইহার মলম, লেপ্রা, সোরায়েসিস্, একজিমা, ইম্পিটাইগো, ফেবাস্, রিংওয়ার্ম, প্রুরাইটাস্ স্ক্রোটাই, ইরিটেটিব্ আল্সারে ওপিয়ম্ সহ এবং অপ্থালমিয়া টার্সাই রোগে ব্যবহার্য্য।

Hydrargyrum Ammoniatum. Ammoniated Mercury.

১। অয়েণ্ট্মেণ্ট্ অব্ এমোনায়েটেড্ মার্কুরি।

ক্রিয়া। অতি তীব্র দাহক। আভ্যন্তরিক ব্যবহার কখনই হয় না। বাহ্য প্রয়োগার্থ একনিইন্‌ভিটরেটা, ইম্পিটাইগো, প্রুরাইগো, হার্পিজ এবং এক্‌জিমার শুষ্কাবস্থায় স্থানিক ব্যবহার্য্য। সাইকোসিস্‌ রোগে প্রথমতঃ রোগ স্থান বোরাক্ ওয়াস্‌ দ্বারা ধৌত করতঃ ইহার মলম লাগাইবে। পিটিরায়েসিস্‌ রোগে মিঃ উইলশন্‌ ঔষধ ছড়াইয়া দিতে অথবা ইহার মলম ব্যবহার করিতে অনুমতি দেন।

অপ্‌থালমিয়া টার্সাই রোগে হোয়াইট্‌ প্রিসিপিটেট্‌ অয়েন্ট্‌মেণ্ট্‌, আই-লিডের ধারে লাগাইলে উপকার দর্শে। সাধারণতঃ ইহা সন্ধ্যার পরই লাগাইবে।

Hydiargyri Pilula. Mercurial Pill.

মাত্রা। ৩—৮ গ্রেণ।

ক্রিয়া। ১—২ গ্রেণ আল্‌টারেটিব্‌ এবং ৫—১০ গ্রেণ পার্গেটিব্‌। *শরীরের ভিতর পারদের ক্রিয়া আস্তে আস্তে প্রবেশ করাইতে হইলে, ইহার* ব্যবহার অত্যন্ত শ্রেষ্ঠ। উপরোক্ত উদ্দেশ্যে, ৫ গ্রেণ পরিমাণ ব্লুপিল্‌ প্রাতে ও বৈকালে অথবা রাত্রিতে সামান্য পরিমাণ ওপিয়ম্‌ সহ ব্যবহার করিলে সুন্দর ফল প্রাপ্ত হওয়া যায়। কেলমেল সহ ইহার ক্রিয়া বৃদ্ধি পায়। সচরাচর আভ্যন্তরিক ব্যবহারার্থে ব্লুপিল্‌ বলিয়া প্রচলিত।

আময়িক প্রয়োগ। পৈত্তিক কারণে কোনপ্রকার উদ্বেগ অথবা কাইলো-কেটিব্‌-ভিসরার পীড়ায় এবং ডিসেণ্ট্রি রোগে পিত্তদোষ বর্ত্তমান থাকিলে ইহার ব্যবহার মন্দনয়।

Hydrargyri Unguentum. Mecurical Ointment.

পারদের মলম।

ক্রিয়া। বাহ্য প্রয়োগার্থ প্রচুর পরিমাণ ব্যবহৃত হইয়া থাকে। বিশেষতঃ পরিবর্ত্তন জন্য উরুদেশে ইহার মর্দ্দন যথেষ্ট উপকারী কিন্তু পিল্‌ আকারে আভ্যন্তরিক ও প্রয়োগ হইতে পারে। ক্রিয়া দ্রুত প্রকাশার্থ সপোজিটরি আকারেও ব্যবহার্য্য।

আময়িক প্রয়োগ। উপদংশ রোগে উরুদেশে ইহা মর্দ্দন করিলে কার্য্য প্রকাশিত হইয়া নিরাপদে উপকার করে কিন্তু এরূপ ব্যবহার নিতান্ত অতৃপ্তিকর বলিয়া রোগীদের পক্ষে অত্যন্ত কষ্টদায়ক।

স্মল্‌পক্‌স্‌ রোগের দাগ নিবারণার্থ ইহার বাহ্য প্রয়োগ মন্দনয়। সাব্‌ একিউট্‌ সাইনো ভাইটিস্‌ রোগেও মর্দ্দন জন্য স্থানিক প্রয়োগ করা যায়। ফ্লেগ্‌মেশিয়া ডোলেন্স্‌ রোগে ইহার সহিত একষ্ট্রাক্ট্‌ বেলাডোনা মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে উপকার করে। ইন্‌ডুরেশন্‌ এবং এন্‌লার্জমেণ্ট্‌ অব্‌ দি টেষ্টিকেল্‌ রোগে, সাব্‌ একিউট্‌ ও () ভেরাইটীস্‌ পীড়ায় বাহ্য প্রয়োগার্থ বেলা ডোনার সহিত বিশেষ উপকারী।

Hydrargyri Perchloridum. Perchloride of mercury.

নামান্তর॥ বাইক্লোরাইড্‌ অব্‌ মার্কুরি।

করোসিব্‌ সাব্‌লিমেট্‌।

প্রয়োগরূপ। মাত্রা। $\frac{1}{16}$—$\frac{1}{8}$ গ্রেণ।

১। সল্যুশন্‌ অব্‌ পার্‌ক্লোরাইড্‌ অব্‌ মার্কুরি। মাত্রা $\frac{1}{2}$—২ ড্রাম।

২। ইয়েলো মার্কুরিয়েল্‌ লোশন্‌।

ক্রিয়া। অল্‌টারেটিব্‌ সায়েলেগগ্‌ পার্গেটিব্‌। $\frac{1}{16}$—$\frac{1}{8}$ গ্রেণ মাত্রায় পরিবর্ত্তক, অধিক মাত্রায় অন্ত্রে বেদনা উৎপাদন করতঃ বিরেচন ক্রিয়া প্রকাশ করে এবং তৎপর প্রাদাহিক বিষক্রিয়া করে। অত্যন্ত অধিক মাত্রায় মুখাভ্যন্তর ও গলদেশে জ্বালা বোধহয়, ষ্টমাকে ইন্‌ফ্লামেশনের লক্ষণ প্রকাশ পাইতে থাকে মলাধারে যন্ত্রনা অনুভব হয় এবং কোন কোন সময় ফুস্‌ ফুস্‌ ও হৃদ পিণ্ড পর্য্যন্ত প্রদাহিত হয়। উদর প্রদেশে জ্বালা, বিবমিষা, বমন, ভেদ ইত্যাদি লক্ষণ উপস্থিত হইয়া নানা গ্রন্থি সকলে ইন্‌ফ্লামেশন্‌ প্রকাশ পায়। মানসিক অবসাদনে পরিনত হইয়া মস্তিষ্কের ক্রিয়া বিলুপ্ত হইয়া আসে। বিষাক্ত হইলে প্রস্রাবের পরিমাণ অল্প অথচ বর্ণযুক্ত হয়। শবচ্ছেদন করিলে মূত্রযন্ত্রে ভয়ানক প্রদাহ লক্ষণ পরিলক্ষিত হয় এবং মূত্রাশয় অত্যন্ত সঙ্কোচিত অবস্থায় দেখা যায়। ব্যবহারার্থে ইহার সহিত অল্প পরিমান ওপিয়াম্‌ মিশ্রিত করা কর্ত্তব্য।

ইহা দ্বারা বিষাক্ত হইলে বিষ নাশার্থ অণ্ডলাল, দুগ্ধ, জান্তব অঙ্গার অথবা প্রোটো সাল্‌ফিউরেট্ অব্ আয়রণ বিধান করিবে। অন্যান্য চিকিৎসা যথা রীতি করা কর্ত্তব্য।

আময়িক প্রয়োগ। সিফিলিস্ বা উপদংশ রোগের দ্বিতীয় অবস্থায় নানাবিধ চিকিৎসক ইহাকে শ্রেষ্ঠ বিবেচনা করেন এবং এক গ্রেণের মাত্রায় দিবসে ২ বার ব্যবহার্য্য। ইহা অনন্তমূল বা লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ সাল্‌সাব সহিত অধিক ফলপ্রদ। ব্যবহারার্থে ইহার লাইকর প্রয়োগ রূপটীই অধিক ব্যবহার্য্য।

গণরিয়া বা প্রমেহ রোগে ইহার পিচ্‌কারি (গ্রেণ ¼ - ½ একোয়া ১ আং) উপকারী। স্ত্রীলোক দিগের লিউকরিয়া বা শ্বেতপ্রদর রোগে (গ্রেণ ২ জল ১ আং) মাত্রায় দিবসে একবার পিচকারী ব্যবহার করাযায়। কিন্তু পুরাতন অবস্থায় ব্যবহার্য্য।

স্ক্রুফিউলা বা গণ্ডমালা জনিত চক্ষুঃপ্রদাহে লাইকর হাইড্রঃ পারক্লোরাইড ১ ড্রাম ডিককটম্ সিন্‌কোনা ১ আং মিশ্রিত করিয়া আভ্যন্তরিক ব্যবহার্য্য।

ক্যাটারেল্ অপ্‌থাল্‌মিয়া রোগে ডাং মেকেঞ্জি ইহার কলিরিয়ম্ চক্ষে প্রয়োগ করিতে বলেন।

হেমিরোলোপিয়া বা রাত্‌কানা রোগে (গ্রেণ ২ জল ১ আং) কলিরিয়ম রূপে ব্যবহার হয়। অপর টেম্পল্ বা কপালের দুই পার্শ্বে বিষ্টার দ্বারা ক্ষত করা কর্ত্তব্য এবং মৃদু বিরেচক দ্বারা কোষ্ঠ পরিষ্কার করিবে।

নানাপ্রকার চর্ম্মরোগে, বিশেষতঃ স্কেবিস্ রোগে (১—১½ গ্রেণ জল ১আং) বাহ্যপ্রয়োগার্থ প্রযোজ্য। এতদ্ব্যতীত প্রুরাইগো স্ক্রোটাই, প্রুরাইগো পিউডেণ্ডাই, আর্টিকেরিয়া রোগে অনেকেই ইহা ব্যবহার করেন। এক্‌জিমা, ফেবাস্, সোরায়েসিস্, ইত্যাদি রোগে ও বিলক্ষণ উপকারী। এরিসিপেলাস্ রোগে (গ্রেণ ১ জল ১ আং) বাহ্য প্রয়োগার্থ মন্দনয়।

হাইড্রকেফেলাস্ রোগে ১/৩০—১/১৬ গ্রেণ মাত্রায় ব্যবহার করিয়া কেহ কেহ উপকার লাভ করিয়াছেন। জরায়ুর বিবর্দ্ধন রোগে সিন্‌কোনা বা লৌহ ঘটিত ঔষধ সহ ব্যবহার্য্য এবং জরায়ুর অন্যান্য প্রকার পীড়ায় ইহার ব্যবহার হইতে পারে।

ডিসেণ্টি রোগের প্রথমা বস্থায় ইহার সলুশন্ ½ আং জল ৮আংমিশাইয়া ১—২—৩ ড্রাম মাত্রায় প্রত্যেক ৩।৪ ঘণ্টান্তর ব্যবহার করিলে কোন কোন সময় যথেষ্ট উপকার দর্শে।

Hydrargyri Subchloridum   Subchloride of mercury

নামান্তর—হাইড্রার্জিরাই ক্লোরাইডম্। কেলোমেল্।

প্রয়োগরূপ।

১। কম্পাউণ্ড্ পিল্ অব্ সাব্ ক্লোরাইড্ অব্ মার্কুর্য্যর।

মাত্রা ৫—১০ গ্রেণ্।

২। অয়েণ্টমেণ্ট্ অব্ সাব্ ক্লোরাইড্ অব্ মার্কুর্য্যর।

৩। ব্লেক্ মার্কুর্য্যিরেল্ লোশন্।

ক্রিয়া। অল্টারেটিব্, সায়েলেগগ্, পার্গেটিব্, সিডেটিব্। ½—১ গ্রেণ মাত্রায় গ্রামার্স্ পিল্, অথবা কেলমেল্ ব্যবহার করিলে পরিবর্ত্তন ক্রিয়া প্রকাশ করে। ২—৬ গ্রেণ মাত্রায় এলোজ্, স্কেমনি ও অন্যান্য বিরেচকের সহিত একত্র করিয়া ব্যবহারে বিরেচন ক্রিয়া প্রকাশ করে। পারদের প্রকৃত ক্রিয়া প্রকাশার্থে ১—২ গ্রেণ মাত্রায় সল্প পরিমান ওপিয়মের সহিত ব্যবহার কর্ত্তব্য। নিয়মিত মাত্রা হইতে অধিক প্রয়োগে অবসাদন উপস্থিত হয় এবং ব্যবহারার্থ ইহার পিল সর্ব্বদা ব্যবহার্য্য। অল্প মাত্রায় ব্যবহার করিলে লিভার-রের উপর কার্য্যদর্শাইয়া পিত্ত নিঃসরণ করে এবং মলেরবর্ণ পরিবর্ত্তন করিয়া ফেলে। ইহার ক্রিয়া অব্যর্থ। অপর ক্রিমিনাশক ও প্রদাহানবারণজন্য রিবার্ব, এণ্টিমনি, ইপিকাক্, জ্যালাপ্ সহ ব্যবহার করাযায়। কোন কোন ব্যক্তি ইহার কার্য্যে অত্যন্ত আসক্ত হইয়া পড়ে। বাহ্যপ্রয়োগার্থ ইহার ভেপার্ ও ব্লেক্ ওয়াস্ ব্যবহার্য্য।

আময়িক প্রয়োগ। সিরাস্ মেম্ব্রেনের প্রদাহে ও অন্যান্য আভ্যন্তরিক যন্ত্রাদির প্রদাহের প্রাবস্থাবস্থায় ইহার সহিত এণ্টিমনি, ইপিকাক্ ও ওপিয়ম্ সংযুক্ত করিয়া প্রয়োগ করিলে উপকার দর্শে।

নানাবিধ জ্বররোগে বিশেষতঃ রেমিটেণ্ট্ ফিবার্, ইণ্টার মিটেণ্ট ফিবারে ইপিকাক্, সোডা, ইত্যাদি সহ যথেষ্ট উপকারী এবং এতদ্ সহযোগে যকৃতের

ক্রিয়া বৈষম্য অথবা কন্‌ভল্‌শন্‌ লক্ষিত হইলেও কেলোমেল, আদরের ব্যবহার হয়। ইহার সহিত ইপিকাক্‌, ওপিয়ম্‌ ইত্যাদি মিশ্রিত করা রেমিটেণ্ট্‌ ফিবারে রোগী যখন অত্যন্ত খারাপ হইয়া পড়ে, টাইফয়েড উপস্থিত হইয়া আত্মীয় বন্ধু বান্ধবদিগকে উৎকণ্ঠিত করিয়া ফেলে তদব অন্ত্র পরিষ্কার করণার্থ কেহ কেহ কেলমেল্‌কে অমোঘ ঔষধ মনে ক কিন্তু ইণ্টারমিটেণ্ট্‌ ফিবারে, প্লীহা বিবর্দ্ধিত থাকিলে ইহা ব্যবহার নয়। টাইফয়েড্‌ ও টাইফাস্‌ ফিবারে, পূর্ব্বে অনেকেই ইহা ব্যবহার তেন কিন্তু ইদানীন্তন চিকিৎসকগণ প্রায় ইহা পরিত্যাগ করিয়াছেন।

প্লুরাইটিস্‌, নিউমোনিয়া, ক্রুপ্‌ আদি রোগে নানাবিধ অভিপ্রায়ে চিকিৎসক ব্যবহার করিয়া থাকেন। অনেকের বিশ্বাস যে প্লুরা রোগে যে এফিউশন্‌ নির্গত হয় ইহা দ্বারা ঐ সমস্ত আশোষিত হইয়া অথবা পোর্টেল্‌ সিষ্টেম্‌কে সংশোধিত করিয়া বিবেচনার্থ অনেকে ব করেন। ডিপ্‌থিরিয়া রোগেও অনেকে ইপিকাক্‌ ডোভার্স্‌ পাউডর অন্যান্য ঔষধ সহ প্রয়োগ করিয়া থাকেন।

মৃদু আকারের মেনিঞ্জাইটীস্‌ রোগে ইহার ব্যবহার অত্যন্ত উপ অল্প মাত্রায় বারম্বার প্রয়োগ করিবে এবং ইহার মলম উক অথবা লাতে মর্দ্দন করিলেও আশ্চর্য্য উপকার দর্শে, কিন্তু সেরিব্রাইটীস্‌ ইহা দ্বারা কোনই উপকার দর্শে না। ছেলেদের কন্‌ভল্‌শন্‌ রোগ হইলে মৃদু বিরেচক আকারে ইহার ব্যবহার মন্দ নয়।

পিত্তোৎপাদনের পরিবর্ত্তন জনিত কারণে অথবা অন্ত্রের ক্রিয়ার হেতু শিরঃপীড়া হইলে কেলোমেল্‌ অল্প মাত্রায় বিশেষ ফলপ্রদ।

নানা প্রকার চক্ষু প্রদাহে, গণ্ডমালা জনিত অপ্‌থাল্‌মিয়া, অব্‌ দি কর্ণিয়া, ইত্যাদি রোগে কেলোমেলের গুঁড়া চক্ষে প্রয়োগ এবং উষ্ণ জল দ্বারা চক্ষু ধৌত করিয়া ফেলিবে। রোগের অবস্থা প্রব দিবসে ৩। ৪ বার প্রয়োগ করিয়া অত্যন্ত উপকার লাভ করা যায়। লিটিক আইরাইটীস্‌, সিফিলিটিক্‌রেটিনাইটীস্‌ রোগে ওপিয়ম্‌ ও ঔষধ সহ কেলমেল্‌ মন্দ নয়।

লিভারের নানাপ্রকার পীড়ায় বিশেষতঃ কন্‌জেস্‌শন্‌ অব্‌ দি

জন্ডিস্, একিউট ও ক্রনিক্ হিপেটাইটীস্, টর্পিডিটি অব্ দি লিভার ইত্যাদি নানাপ্রকার অবস্থায় পিত্তনিঃসরণ, বিরেচন আদি বিবিধ উদ্দেশ্যে কেলোমেল প্রয়োগ করা যায়।

কলরা বা বিসূচিকা রোগে বহুকাল হইতে ইহাকে একমাত্র ঔষধ বলিয়া গণনা করা হয়। কেহ কেহ বলেন এরোগে যদি কিছু ঔষধ থাকে, তবে ইহাই আমাদের অবলম্বন। প্রয়োজনানুসারে নানাবিধ উত্তেজক, সোডা, ওপিয়ম্ সহ ব্যবহার করিবে। কেহ অল্প, কেহ বা অধিক মাত্রায় ব্যবহার করিতে অনুমতি দেন। কিন্তু আজ কাল সেলোল্ নামক ঔষধ প্রচলিত হওয়ার পর হইতে কেহ কেহ ইহার প্রতি ঘৃণা প্রকাশ করেন।

অবষ্টিনেট্ কনষ্টিপেশন্ ও কলিকা পেক্‌টোনাম্ রোগে পূর্ণ মাত্রায় কেলোমেল্, ওপিয়ম্ অথবা শুধু কেলোমেল্ প্রয়োগ করিয়া তৎপর ক্যাষ্টার অয়েল্ ও টার্পেনটাইন সংযোগ করিয়া মল দ্বারে পিচকারি দিলে অনেক সময় অতি আশ্চর্য্য উপকার করে।

ইহার কৃমিনাশক গুণ থাকা নিবন্ধন লম্বি্কয়ডিস্ রোগে ব্যবহৃত হয় এবং প্রয়োজনানুসারে অন্যান্য ঔষধ মিশ্রিত করা হয়। বাতজনিত সন্ধি বিবর্দ্ধনাদি অবস্থায় ইহার মলম মর্দ্দন জন্য বাহ্যিক উপকারী।

সাব্ একিউট্ ওভেরাইটিস্ রোগে কেম্ফার্ কি বেলাডোনার সহিত ইহার ব্যবহার মন্দনয়। কোন কোন সময় ২০। ২৫ দিন মধ্যেই প্রতিকার উপলব্ধি হয়।

অণ্ডকোষ স্ফীত ও প্রদাহিত হইলে স্থানিক ব্যবহারার্থে ইহার মলম ব্যবহৃত হয়।

Flegmasia Dolens বা ফ্লেগ্‌মেশিয়া ডোলেন্স্ রোগে ইহার মলম স্থানিক প্রয়োগ করিলে বিস্তর উপকার করে কিন্তু ইহার সহিত বেলাডোনা মিশ্রিত করিলে আরও উপকার হয়।

নানাপ্রকার চর্ম্ম রোগে বিশেষতঃ সোরাইসিস্, এক্‌জিমা, লেপ্রা, হার্পিজ্, ইম্পিটাইগো ইত্যাদি রোগে বাহ্যপ্রয়োগার্থ ইহার মলম যথেষ্ট উপকারী।

উপদংশীয় ক্ষতে ইহার লোশন্ বাহ্যপ্রয়োগ হইয়া থাকে।

Pyrethri Radix. Pellitory Root.

পাইরিথ্রাই রেডিক্স্। পেলিটরি রুট।

প্রয়োগ রূপ।

১। টিংচর অব্ পেলিটরি।

ক্রিয়া। ইরিটেন্ট্, সায়েলেগগ্। চর্ম্মোপরি ব্যবহার করিলে স্থানিক উগ্রতা সাধন করিয়া ঐ স্থান প্রদাহিত করে। চর্ব্বন করিলে প্রথমতঃ মুখাভ্যন্তরে একটুকু উত্তপ্ত বোধ হইতে থাকে, তৎপর জিহ্বা উষ্ঠ ইত্যাদিতে যেন টিস্‌মাবিয়া ক্রমে প্রচুর পরিমাণ সেলাইভা বা লালা নিঃসৃত হইতে থাকে। ইহার আভ্যন্তরিক ব্যবহার প্রায় হয় না।

আময়িক প্রয়োগ।

Toothache বা দন্ত বেদনায় চর্ব্বণ করণার্থ ইহার মূল ব্যবহৃত হয় অথবা ইহার টিংচারে কতটুকু তুলো শিক্ত করিয়া বেদনা স্থানে প্রয়োগ করিবে। জিহ্বার অবসন্নতা, বা গলার মাংশ পেশীর অবসন্নতায় অথবা নার্ভাস্ এফোনিয়াতে কোন সময় উপকার করিতে পারে। তালুর শিথিলতায় ইহার টিংচার ৩ ড্রাম জল ৮ আং মিশ্রিত করিয়া গার্গেল করিবে।

ALTERATIVES CLASS.

পরিবর্ত্তক শ্রেণী বিভাগ।

পরিবর্ত্তক ঔষধ দ্বারা, শরীরের অবস্থা সংশোধিত হয়, আময়িক অবস্থা দূরীভূত হইয়া নিরাময়িক অবস্থায় আনয়ন করে। এই পরিবর্ত্তন কার্য্য কি প্রকারে নির্ব্বাহ হয়, তদ্বিষয় এখনও অবধারিত হয় নাই। প্রায় অধিকাংশেই অবগত আছেন যে পারদ ব্যবহারের পর কতকদিন পর্য্যন্ত শরীর বড়ই সুন্দর হয়; দোষিত বস্তুসকল শরীর হইতে বহির্গত হইয়া যাওয়াই সুন্দরতার কারণ। কেহকেহ অনুমান করেন আভ্যন্তরিক কোন যন্ত্রের কার্য্য বৃদ্ধি করিতে হইলে ক্রমে তাহার ক্রিয়া বাড়াইতে হইবে। ক্রিয়া বাড়াইলে, উহাদের কিয়ৎপরিমাণ ক্ষয় প্রাপ্তি ও সম্ভবনীয়, সুতরাং উক্ত ক্ষয়িত পদার্থ সকল অপরাপর সংস্কারক যন্ত্রে নীত হইয়া, শরীর হইতে বহির্গত হইয়া যায়। পুনরায় পোষক পদার্থ সকলদ্বারা, ক্ষতি পুরন হইয়া অল্প পরিমাণ সঞ্চিত হয়। এই প্রকারে ক্রমে শরীর নিরাময়িক অবস্থায় পরিণত হয়।

নিম্নলিখিত ঔষধ সকল সাধরণতঃ পরিবর্ত্তনার্থ ব্যবহৃত হয়।

১। আইয়োডোফরম্।

২। আইওডিন্।

৩। আইয়োডাইড্ অব্ সাল্ফার্।

৪। আইয়োডাইড্ অব্ পটাস্।

৫। ব্রোমিন্।

৬। পটাসি ব্রোমাইড্।

৭। ব্রোমাইড্ অব্ এমোনিয়া।

৮। কেলবার্ বীন্।

৯। আর্সেনিক্ এসিড্।

১০। ডান ভান্স্ সলুশন্।

১১। আর্সেনিয়েট্ অব্ সোডা।

১২। আইওডাইড্ অব্ আর্সেনিক্।

১৩। আর্সেনিয়েট্ অব আয়রণ্।

১৪। সার্জাপেরিলা।

১৫। সাসাফ্রাস্।

১৬। কডলিভার অয়েল্।

১৭। আইওডাইড্ অব্ সোডিয়ম্।

১৮। ব্রোমাইড্ অব্ সোডিয়ম্।

১৯। ডাইলিউট্ হাইড্রোব্রোমিক্ এসিড্।

২০। ক্রাইসোবর্বিনম্ বা গোয়াপাউডার্।

২১। হেমিডেস্মিস্।

২২। টেবেক্সেসাইবোডিক্স্।

Iodoformum.	Iodoform.
আইওডোরমম্।	আইওডোরম্।

প্রয়োগ রূপ।

১। অঙ্গুয়েণ্টম্ আইওডোফরম্।

২। সপোজিটরি আইওডোফরম্।

মাত্রা। ½—৩ গ্রেণ।

ক্রিয়া। ডাং মরভার নিশ্চয় করিয়াছেন যে ইহার ক্রিয়া টনিক্, ষ্টিম্যুলেণ্ট, এবং অলটারেটিব্, এণ্টিসেপ্টিক্, ও লোকেল্ এনাস্থেটিক্। কোন কোন সময় অধিক মাত্রায় ইহার ব্যবহারে মত্ততার লক্ষণ উপস্থিত করিয়া ক্রমে ধনুষ্টংকার উৎপাদন করে। ক্রিয়া, স্নায়ু মণ্ডলকে আশ্রয় করে। অধিক মাত্রায় বিষলক্ষণ প্রকাশ পাইয়া মৃত্যু হয়। ডাং কগস্ ওয়েল্, ৫০ গ্রেণ আইওডোফরম্ সেবন করাইয়া একটী সবলকায় কুকুরের প্রাণ বিনষ্ট হইতে দেখিয়াছিলেন। এবং রক্ত, মাংশ, ও মস্তিষ্কে, আইওডিনের গন্ধ নির্গত হইয়াছিল। ১—২।৩ গ্রেণ মাত্রায় পিল্ আকারে আভ্যন্তরিক ব্যবহৃত হয়। বাহ্য প্রয়োগে সাধারণতঃ ইহার মলম (৩০—৬০ গ্রেণ, মোমের মলম ১ আং) সর্ব্বদা ব্যবহার্য্য কিন্তু সুধু ইহার গুঁড়া ও ক্ষত প্রদেশে প্রয়োগ করা যায়।

ইহার স্পর্শ হরণ শক্তি প্রায় ক্লোরোফরমের ন্যায়। এবং অনেকানেক

বিজ্ঞ চিকিৎসক পরীক্ষা করিয়া দেখিয়াছেন মৎস্য, জলৌকা বা জোঁক ইত্যাদির উপর সাক্ষাৎ ফলদর্শায়, কিন্তু মনুষ্যের উপর স্পর্শ কারক শক্তি, ক্লোরফরমের তুল্য কখনই নয়। মিঃ মার্টিন, সপোজিটরি আকারে রেক্টমে প্রবেশ করাইয়া স্থানিক স্পর্শ হারক শক্তি নিশ্চয় করিয়াছেন। এবং কেন্সার ও অন্যান্য প্রকার ক্ষত প্রদেশে বেদনা নিবারণ করিয়া উপকার করে। *Disinfectant* বা পচন নিবারক শক্তি অত্যন্ত প্রবল, সুতরাং নানাপ্রকার পঁচা ক্ষতে বাহ্য প্রয়োগার্থ অতি উৎকৃষ্ট। কখন কখন বিস্তৃত ক্ষতে, স্থানিক প্রয়োগ দ্বারা ও সার্ব্বাঙ্গিক বিষলক্ষণ উৎপাদন করিতে পারে, এবং ক্ষত প্রদেশে উত্তেজনা প্রকাশ করে।

আময়িক প্রয়োগ। বেদনাযুক্ত ফেজেডেনিক্ ও কেন্সারাস্ ক্ষতে ইহার স্থানিক প্রয়োগে বেদনা নিবারণ করিয়া উপকার করে। উপদংশ রোগেই সর্ব্বদা ব্যবহার্য্য এবং আশুফল প্রদ। ক্ষত প্রদেশে মলম আকারে অথবা গুঁড়া ছড়াইয়া দিলে কিম্বা গ্লিসরীণ্ সহ মিলাইয়া ব্যবহার করা যায়। রুটীর সহিত ২—৩ গ্রেণ পরিমাণ আইওডোফরম্ মিশাইয়া পিল্ আকারেও ইউট্রাইন্ কেন্সার রোগে ব্যবহার্য্য।

রেক্টমের কেন্সার ও ব্লাডারের নানাবিধ পীড়ায় বেদনা থাকিলে ইহার সপোজিটরি ব্যবহার করিলে বেদনা নিবারণ করিয়া বিস্তর উপকার করে। প্রষ্টেট্ গ্লেণ্ডের পুরাতন বিবর্দ্ধিত অবস্থায় ইহা ব্যবহৃত হয়।

নানাবিধ চর্ম্মরোগে বিশেষতঃ লেপ্রা, সোরায়েসিস্, ক্রনিক্ একজিমা, ইত্যাদি পীড়ায় ডাং গ্লবার, ইহাকে শ্রেষ্ঠ বিবেচনা করেন। বাঘির, ক্ষত, গণ্ড মালা জনিত ক্ষত, শয্যাক্ষত, এবং ঔপদংশীকক্ষতে অর্থাৎ সেঙ্কার্ রোগে স্থানিক প্রয়োগে ইহার তুল্য ঔষধ আর নাই।

যক্ষ্মা রোগে ময়দার সহিত আইওডোফরম মিশ্রিত করিয়া একখানি কাগজে মাখাইলে, তৎপর তাহার ধূম গ্রহণ করিলে উপকার হয়।

গাউট্ ও নিউরাল্জিয়া রোগে অনেকে ইহার ব্যবহার করিয়া থাকেন। ক্লোরোফরম সহ যথেষ্ট পরিমান আইওডোফরম্ মিশ্রিত করিয়া বাহ্যিক ব্যবহার্য্য।

Iodum. Iodine.

আইওডাম্। আইওডিন্।

প্রয়োগ রূপ ৫টী।

১। টিংচার্ অব্ আইওডিন্। মাত্রা—৫—২০ মিনিম্।

২। লিনিমেণ্ট্ অব্ আইও ডিন্।

৩। সল্যুশন্ অব্ আইও ডিন্।

৩। অয়েণ্ট্মেণ্ট্ অব্ আইওডিন্।

৫। ইন্ হেলেশন্ অব্ আইও ডিন্।

মাত্রা ১/৮—১/২—১/৪ গ্রেণ। পিল্ আকারে প্রযোজ্য।

ক্রিয়া। অল্প মাত্রায় অর্থাৎ ঔষধীয় মাত্রায়, অল্টারেটিব্-টনিক্, ডাইওরেটিক, সায়েলেগগ্, কোলেগগ্, এমিনেগগ্, এব্ সবৃবেণ্ট ও ডিস্ইন্ফেক্-টেণ্ট। ইহার বিশেষ শক্তি এই যে, কিছু দিন সেবন করিলে ক্ষুধা বৃদ্ধিপায়, ক্রমে শরীর পরিবর্ত্তিত হইয়া নূতন মূর্ত্তি ধারণ করিতে থাকে অথচ শরীর বলিষ্ঠ হইয়া উঠে। ইহার ব্যবহারে, সিক্রিটিং ও এক্স ক্রিটিং অর্গেন্সের কার্য্য অধিক পরিচালিত হয়। সাধারণতঃ প্রস্রাব, মরিমাণে আধিক্য হইয়া পড়ে। অপর আইও ডিন্ প্রয়োগ করিলে, অনতি বিলম্বেই প্রস্রাবের সহিত ইহার গন্ধ ও বর্ণ পাওয়া যায়। কেহ কেহ পরীক্ষা দ্বারা প্রমাণ পাইয়াছেন যে, ইহার ধূম ১ মিনিট্ কাল আঘ্রাণ করিলেও প্রস্রাবে গন্ধ বিনির্গত হয়। ব্যবহারের পর পার্জিং আরম্ভ হইলে, তৎক্ষণাৎ ঔষধ স্থগিত রাখিবে।

অধিক মাত্রায়, গ্যাষ্ট্রইন্ টেষ্টাইনেল্ মিউকাস্ মেম্ব্রেনে, উত্তেজনা উৎপন্ন করে, পাকাশয় প্রদেশ উষ্ণ, বেদনাযুক্ত, তৎপর বমি আরম্ভ হয়। পটাশিয়ম্ সহিত ব্যবহার করিলে, স্থানিক লক্ষণ তত অধিক হয় না। কোন কোন ইডিও সিন্ক্রেসি গ্রস্থলোক আইওডিন্, সামান্য মাত্রায় ও সহ্য করিতে পারেনা অর্থাৎ অনতি বিলম্বেই আইওডিজম্ দ্বারা আক্রান্ত হয়। ইহার ব্যবহারে যখন, শর্দ্দি, মাথাবেদনা, মাথার ভ্রমি, পরিপাক যন্ত্রের নানাপ্রকার পরিবর্ত্তন লক্ষিত হয় তাহাকেই আইও ডিজম্ কহে। কিন্তু ঔষধ ব্যবহার স্থগিত করিলেই পূর্ব্বোক্ত লক্ষণ সকল দূরীভূত হইয়া যায়।

বাহ্য প্রয়োগে, স্থানিক নানাপ্রকার লক্ষণ সকল প্রকাশ পায় বিশেষতঃ

স্থায়ীরূপে এক প্রকার উত্তপ্ত সেন্‌সেশন্ ও বিদ্ধনবৎ বেদনা উপস্থিত হয়। চর্ম্মে পরিমর্দ্দন করিলে, চর্ম্মপ্রদেশ আরক্ত ও পাটকিলা রং ধারণ করে এবং শরীরে আচোষিত হইয়া চর্ম্মপথে প্রকাশ পায়। উক্ত স্থানের চর্ম্মের উপরিস্থ পাতলা ইপিডারমিস্ সকল, শল্কাকারে পতিত হইতে থাকে। কোন ক্ষত প্রদেশের উপরিভাগে লাগাইলে, প্রথমতঃ অত্যন্ত জ্বালা অনুভব হয় কিন্তু তৎপর ক্ষতের অবস্থা পরিবর্ত্তিত হইয়া আরোগ্য পথে দাঁড়ায়। ইহাদ্বারা ক্ষত স্থানের বিশেষ অমঙ্গলের সম্ভাবনা নাই। ইহার ধূম, শ্বাস দ্বারা গ্রহণ করিলে প্রথমতঃ শ্লেষ্মা ও বায়ু নালীস্থ মিউকাস্ মেম্ব্রেন্ উত্তেজিত হয়। শ্বাস দ্বারা গ্রহণ অথবা এণ্ডর্মিকরূপে বাহ্যিক প্রয়োগে, ইহা প্রত্যেক অবস্থাতেই শরীরে আচোষিত হইয়া মূত্রপথে বিনির্গত হয়। এবং ষ্টার্চ্চ দ্বারা প্রস্রাব পরীক্ষা করিলে আইওডাইড্ অব্ ষ্টার্চ্চ হইয়া নীলাভ বর্ণ ধারণ করিবে।

আইওডিন্ প্রয়োগে, নিম্ন লিখিত কতগুলি অবস্থা উৎপন্ন হয়।

১। সাধারণতঃ ইহা ব্যবহারে শরীর কৃশ হইয়া পড়ে।

২। স্ত্রীলোক দিগের স্তন প্রদেশ, ও পুরুষ দিগের অণ্ডকোষ শুষ্ক হইয়া উঠে।

৩ ইহার ব্যবহারে সেলিভেশন্ বা মুখ আসে। কিন্তু পারদ দ্বারা যে প্রকার অবস্থা হয়, ইহাদ্বারা সে প্রকার খারাপ ফল প্রসব করেনা।

৪। ইহাদ্বারা, শর্দ্দির লক্ষণ, হিমপ্‌টিসিস্ বা রক্তোৎকাশ, গ্যাষ্ট্রিক ইরিটেশন্ এবং শারীরিক অন্যান্য লক্ষণ উদ্ভব হইতে পারে।

ব্যবহার কালে নিম্নলিখিত কতগুলি বিষয়
স্মরণ রাখা কর্ত্তব্য।

১। ইহার ব্যবহার সময়, এনিমেল্ ফুড্ অর্থাৎ মৎস্য, মাংশ ব্যবস্থা করিবে। শ্বেতসার যুক্ত বস্তু, যথা সাগু এরারুট্ ইত্যাদি প্রয়োগ নিষিদ্ধ।

২। বাহ্যিক পরিষ্কার বায়ুতে পরিভ্রমণ উপকারী। অপর, সংকোচিত স্থান, অন্ধকার ঘর, এবং পরিষ্কার বায়ু রহিত স্থানে বাস নিষিদ্ধ।

৩। আহারের এক কি দুইঘণ্টা পূর্ব্বে আইওডিন্ ব্যবস্থেয়। নতুবা ইহা দ্বারা পাকস্থলির উত্তেজনা উৎপন্ন হইতে পারে।

আইওডিন্ ব্যবহারে কোনপ্রকার গ্লানি উৎপন্ন হইলে মাত্রা কমাইয়া

সঙ্গে সারেমাস্ বা অল্প পরিমাণ ওপিয়ম্ মিশ্রিত করিয়া ব্যবহা করিবে। এবং সর্ব্বদা কোষ্ঠ পরিস্কার রাখা কর্ত্তব্য।

৫। উপরোক্ত রূপে আইওডিন প্রয়োগ করিলে ইহাদ্বারা কোন অনিষ্টের সম্ভাবনা নাই অথচ ইচ্ছানুসারে ফল লাভ করিতে পারা যায়। কিছু বেশী দিন প্রয়োগ করিতে হইলে মধ্যে মধ্যে প্রয়োগ ক্ষান্ত রাখা কর্ত্তব্য।

৬। পিচকারি ব্যবহার কালে, কাচ নির্ম্মিত পিচকারি দ্বারা আইওডিন ব্যবহার করা কর্ত্তব্য।

৭। লাইকর পটাস, এল্‌কোহল্, অথবা দুগ্ধ দ্বারা ধৌত করিলেই আইওডিনের দাগ দূরীকৃত হইবে।

আময়িক প্রয়োগ। স্ক্রফিউলা বা গণ্ডমালা জনিত কোন গ্লেণ্ড্ স্ফীত হইলে বিশেষতঃ নেকের নিকটবর্ত্তী লিম্ফেটিক্ গ্লেণ্ড্ বড় হইলেই আমরা সহজে গণ্ড মালা বলিয়া নির্দ্ধারণ করিয়া থাকি। কোন পুরাতন বিবর্দ্ধিত গ্লেণ্ড্ যথা—প্লীহা বিবর্দ্ধন, যকৃত্ বা লিভার বিবর্দ্ধন, টেষ্টিকেল্ ও ওভেরী বিবর্দ্ধন, ইউট্রাস্ বিবর্দ্ধন, অথবা টেবিজ মেসেণ্ট্রিকা রোগে, গণ্ডমালা জনিত কোন প্রকার ক্ষত হইলে, হাঁড়ের ভিতরে ও সন্ধিস্থানে কেরিজ বর্ত্তমানে বহুদিন হইতে ইহার আদর চলিয়া আসিতেছে। কোন কোন ব্যক্তির গণ্ডমালা জনিত কারণে নাকের ভিতর ক্ষত দেখা যায় এবং তথা হইতে সর্ব্বদা দুর্গন্ধ যুক্ত পূয় নির্গত হয়, তাহাদিগের বা শর্দ্দি হইলেও আভ্যন্তরিক ও বাহ্যিক উভয় প্রকারে আইওডিন্ ব্যবহার করা যায়। ডাং বিংগার বলেন ইহার শোষক শক্তি অত্যন্ত প্রবল বলিয়া এন্‌সেস্ মধ্যে পিচকারী দ্বারা (আইওডিন্ ৩ গ্রেণ, আইওডাইড্ অব্ পটাস্ ৬ গ্রেণ জল ১ পাইণ্ট্) প্রবেশ করাইলে যথেষ্ট উপকার দর্শে। স্ক্রফিউলাস্ অটরেজিয়া বা কানপাকা রোগেও ইহা ব্যবহৃত হয়।

স্ক্রফিউলাস্ অপ্‌থালমিয়া রোগে টিং আইওডিন ছোট একটী তুলিদ্বারা আইলিডে লাগাইলে, জলপড়া নিবারণ হয় অথচ রোগ শিঘ্র আরোগ্য হইতে থাকে। ওপাসিটি অর্ণি কর্ণিয়া রোগে ইহার ব্যবহার মর্দ্দনয়। আভ্যন্তরিক রূপে আইও ডিন ব্যবহার করিবে।

একিউট্ অথবা ক্রণিক্ টিউবাকুর্লার মেণিন্ জাইটীস রোগে ইহাদ্বারা

উপকার হইতে পারে। আইওডিনের মলম মস্তকে মালিস করিবে, এবং আভ্যন্তরিক সেবনার্থ আইওডিন প্রয়োগ করিবে,অথবা বিবেচনামত কড্‌লিভার অয়েল্, আইওডাইড্ অব্ আয়রণ্, ব্যবহার করিয়া আশাতিরিক্ত ফললাভ করা যায়।

থাইসিস্ রোগে ইহার ব্যবহার প্রচলিত আছে। কড্‌লিভার অয়েলের সহিত মিশ্রিত করিয়া ব্যবহার্য্য। বিশেষতঃ যদ্যপি, কফ স্রাব প্রবল থাকে তাহা হইলে ইহার ইনহেলেশন্ উপকারী অথবা ক্লাভিকেলের নিম্ন প্রদেশে টিংচার আইওডিন দ্বারা লেপ দিবে। ক্রণিক ব্রংকাইটিস রোগে ও ব্যবহৃত হয়।

প্লুরাইটিস রোগে যখন এফিউশন্ সঞ্চিত হইতে থাকে তদবস্থায়, ষ্ট্রং টিং আইওডিন্ রোগ স্থানে বাহ্য প্রয়োগ করিবে এবং আভ্যন্তরিক রূপে আইওডাইড্ অব্ পটাসিয়ম্ ব্যবহার করিলে অত্যন্ত উপকার উপলব্ধি হইবে। তৎপর ইহার দুর্ব্বল সলুশন্ (আইওডিন্ ৪ গ্রেণ, আইওডাইড্ অব্ পটাস্ ৪ গ্রেণ, জল ১ পাইন্ট) পিচকারী দ্বারা প্লুরাল্ কেভিটিতে প্রবেশ করাণ যায়।

নিউমোনিয়া রোগেও পীড়িত প্রদেশে ইহার অয়েণ্ট্‌মেণ্ট্ বা টিংচার বাহ্য প্রয়োগ করা যায়।

লিভারের নানাপ্রকার অবস্থায় বিশেষতঃ ক্রণিক্ এন্‌লার্জমেন্ট্ অব্ লিভার, ওয়াক্সি এন্‌লার্জমেন্ট্ অব্ লিভার, সিম্পল্ হাইপাট্রফি ও ক্রণিক্ কন্জেস্‌শন্, এবং হাইডেটিড্ আদি পীড়ায় ইহার বাহ্য ও আভ্যন্তরিক প্রয়োগ উপকার জনক। বাহ্য প্রয়োগার্থ টিং আইওডিন্ বা লিনিমেন্ট্ ব্যবহার্য্য।

প্লীহা বিবর্দ্ধন রোগে ইহার বাহ্য প্রয়োগার্থ টিংচার বা লিনিমেণ্ট্ সর্ব্বদা ব্যবহৃত হয় এবং অত্যন্ত উপকারী।

গর্ভাবস্থায় বমন নিবারণার্থ কেহ কেহ বলেন, অন্যান্য ঔষধ ব্যর্থ হইলে ফোটা মাত্রায় ইহার টিংচার প্রয়োগে করিবে। কার্ডিয়েল্‌জিয়া রোগেও ব্যবহৃত হয়।

হার্ণিয়া রোগে মিঃ জুবার্ট্ টিংচার আইওডিন্. হার্ণিয়েল্ সেক্‌মধ্যে পিচকারী দ্বারা প্রবেশ করাইতে অনুমতিদেন কিন্তু সেঁক্ হইতে পিচকারী

দ্বারা পুনরায় ঔষধগুলি বাহির করিতে হইবে নতুবা অত্যন্ত প্রদাহের লক্ষণ উপস্থিত হইয়া অনিষ্ট ঘটিবার সম্ভাবনা।

ফিশ্চ্যুলা ইন্ এনো রোগে মেঞ্চেস্টার্ নগরের ডাং ক্লে ইহার ইন্জেক-শন ব্যবহার করিতে অনুমতি দেন। (আইওডিন্ ৮ গ্রেণ, আইওডাইড্ অব্ পটাসিয়ম্ ৪ গ্রেণ, জল ১ ড্রাম) এই প্রকারে নিয়মে স্পাইনা বাই ফিডা রোগে ইন্জেক্শন্ দেওয়া যায়।

সাব্ ইন্ বলিউশন্ অব্ দি ইউট্রাস্, সার্ভিকস্ ইউট্রাসের পুরাতন বিবর্দ্ধন অবস্থায় এবং ক্রনিক্পেল্ভিক্ সেল্যুলাইটিস্. হিমেটোসিল, প্লুরাইটিস্ আদি রোগে ইহার প্রয়োগ উপকারী। জরায়ু অথবা ওভেরি বিবর্দ্ধিত হইলে আই-ওডিনের মলম স্থানিক মর্দ্দন করা যায়। জরায়ু হইতে পুরাতন রক্তস্রাব রোগে আইওডিন ১ ভাগ জল ৩ ভাগ মিলাইয়া পিচকারী প্রযোগ করিলে উপকার হয়। মেনোরেজিয়া, ডিস্মেনোরিয়া ইত্যাদি উভয় প্রকার রোগেই ব্যবহার্য্য।

ইণ্টার মিটেণ্ট্ ফিবারে আজ কাল অনেকেই ব্যবহার করিতে আদেশ করেন।

এমিনোরিয়া, লিউ কোরিয়া, ক্লোরোসিস্ এবং গ্লিট রোগে ইহার ব্যব-হার মন্দনয়। কিন্তু ইহা ব্যতীত উপকারী আরও অনেক ঔষধ আছে। ওভে-রিয়ান্ ড্রপ্সি রোগে ইহার পিচকারী এবং প্রষ্টেট্ গ্লেণ্ডের বিবর্দ্ধিত অবস্থায় মৃদু মলম ব্যবহার হইতে পারে।

হাইড্রোসিল্ রোগে টিউনিকা ছিদ্র করতঃ একটী পরিস্কার কাচ নির্ম্মিত পিচকারি দ্বারা (টিং, আইওডিন্ ১ অংশ জল ২ অংশ) এই হারে ১ ড্রাম পরিমাণ সলুশন্, সেক্ মধ্যে প্রবেশ করাইবে। ইহা দ্বারা এক প্রকার প্রদাহ উৎপন্ন হইয়া সম্যক আরোগ্য হয়।

ব্রংকসিল বা গলগণ্ড রোগে, যদ্যপি রোগ সামান্য আকারের হয়, তাহা হইলে ইহার টিংচার স্বচ্ছ প্রয়োগ অথবা ১ ভাগ টিংআইওডিন্ ও জল ৮ ভাগ মিলাইয়া পিচকারি দ্বারা পীড়িত স্থানের চর্ম্ম-নিম্নে প্রবেশ করাইবে।

একিউট্ অথবা ক্রনিক জয়েণ্টস্ ডিজিজে ইহার বাহ্যিক ব্যবহার হয় কিন্তু ক্রনিক অবস্থায়ই সর্ব্বদা ব্যবহার্য্য। একিউট্ অবস্থায় ইহার ব্যবহারে-

সময়-সময় পীড়া বৃদ্ধি হইয়া উঠে। কোন সন্ধী স্থান স্ফীত ও বেদনা যুক্ত হইলে টিং আইওডিন্ ব্যবহার করিলে যথেষ্ট উপকার দর্শে। কিন্তু প্রদাহ লক্ষণ থাকিলে নিষিদ্ধ।

বাঘি বসাইবার জন্য টিং আইওডিন্ প্রতি নিয়ত ব্যবহৃত হইতেছে কিন্তু বাঘিস্থানে অত্যন্ত বেদনা, স্ফীতি, আরক্ততা ও উত্তপ্ত থাকিলে কষ্টিক সলুশন অমোঘ। ইহাদ্বারা শিঘ্র প্রদাহ লক্ষণ দূরীকৃত হব। এই নিয়মানুসারে নানা-প্রকার প্রদাহিক পীড়ার শেষভাগে আইওডিন্ প্রয়োজ্য।

মুখ মধ্যস্থ দোষিত ক্ষতে টিং আইওডিন্ স্থানিক প্রয়োগ করা যায় অথবা টিং আইওডিন্ ৭ আং জল ১০ আং মিশ্রিত করিয়া গার্গেলস্ বা কুলি করিলে রোগ দমন করিয়া উপকার করে। পারদ সেবন বশতঃ মুখ আসিলে, টিং আইওডিন্ ২—৪ আং জল ৮ আং মিশ্রিত করিয়া কুল্যার্থা ব্যবহৃত হয়।

রেনিউলা বা জিহ্বার নিম্ন প্রদেশে সিষ্টিক টিউমার্ হইলে, উহার সেক মধ্যে উপরোক্ত নিয়মানুসারে আইওডিন্ সলুশন্, পিচকারি দ্বারা প্রবেশ করাইলে আরোগ্য হইতে পারে।

লেপ্রা, সোরায়েসিস্, একজিমা, সাইকোসিস্, ইম্পিটাইগো, পিটিরায়েসিস্, রিংওয়ার্ম আদি নানাবিধ পুরাতন চর্ম্মরোগে ইহার আভ্যন্তরিক ও বাহ্যিক, উভয় ব্যবহারেরই উপকার জনক। ইহার সহিত অল্প পরিমাণ লাইকর্, আর্সেনিকেলিস মিশ্রিত করিয়া আভ্যন্তরিক ব্যবহৃত হয়।

এরিসি পেলাস্ রোগে কেহ কেহ বলেন, টিং আইওডিন্ বা লিনিমেট্ আইওডিন্ বাহ্যিক ব্যবহার করিলে নাইট্রেট্ অব্ সিল্ভার হইতে ও উপকার করে। সন্ধী মাধ্যে জল সঞ্চয় হইল, আইওডিন্ পিচকারি দ্বারা অতি সাবধানে সন্ধী মধ্যে প্রবেশ করাণ যায়।

নানাবিধ আল্সারে বিশেষতঃ ঔপদংশীক শেঙ্কারে ইহার ব্যবহার প্রশস্ত। সিফিলিটিক্ গর্মেটা ও নোড্স্ উৎপন্ন হইলে টিং আইওডিন্ প্রাতে ও সন্ধ্যার সময় বাহ্যিক ব্যবহার করিলে প্রতিকার হয়। সর্ব্বাঙ্গে ঔপদংশীক চিহ্ন বহির্গত হইলে, আইওডিন্ আভ্যন্তরিক ব্যবহার্য্য। ইণ্ডোলেণ্ট বিওবো হইলে আইওডিন বাহ্যপ্রলেপ করিবে।

অনিকিয়া (Onychia) রোগে ইহার উগ্র অরিষ্ট বাহ্যিক ব্যবহৃত

হয়। আইওডিন্ ৬০ গ্রেণ রেক্টিফায়েড্ স্প্রীট্ ১ আং ৮ বশক রোগে আইও-ডিন্ দ্বারা পীড়ার সংক্রামকতা নিবারিত হয়।

অধিক দিন নাইট্রেট্ অব্ সিল্ভার্ ব্যবহার করিলে, চর্ম্ম কৃষ্ণবর্ণ ধারণ করিতে পারে, তদবস্থায় ডাং পিটারসন্ বলেন আভ্যন্তরিক ও বাহ্যিক, উভয় প্রকারে আইওডিন ব্যবহার করিলে বর্ণ পরিবর্ত্তিত হইয়া উপকার হয়। আইও-ডাইড্ অব্ পটাসিয়ম্ ও ব্যবহার করা যায়। ভেরিকোজ ভেইন্ রোগে টিং-আইওডিন্ অথবা অঙ্গুয়েণ্টম্ আইওডিন লাগাইয়া তৎপর বেণ্ডেজ দ্বারা ঐ স্থান সুন্দররূপ বান্ধিয়া রাখিবে।

ওপাসিটিও আল্সারেশন্ অব্ কর্ণিয়া রোগে বিশেষতঃ গণ্ডমালা ও উপ-দংশ পীড়াগ্রস্থ লোকদিগের হইলে ইহার ব্যবহার উপকারী। (আইওডিন্ ১ গ্রেণ, পটাস আইওডাইড্ ২ গ্রেণ একোয়া ৬ ড্রাম) এই নিয়মে চক্ষে কলিরিয়ম ব্যবহার করিবে।

প্রাতে নিদ্রা হইতে উঠিলেই অনেকের অত্যন্ত হাঁচি ও চক্ষু দিয়া জল পড়িতে থাকে, তদবস্থায় ইহার ধূম শ্বাস দ্বারা গ্রহণ করিলে উপকার হয়।

Sulphuris Iodidum — **Iodide of Sulphur.**

সাল্ফিউরাস্ আইওডিডম্ — আইওডাইড্ অব্ সাল্ফার্।

প্রয়োগরূপ।

১। অয়েণ্ট্মেণ্ট্ অব্ আইওডাইড্ অব্ সাল্ফার্।

ক্রিয়া অল্টারেটীব্। ইহার ক্রিয়া আইওডিনের ন্যায়। ইহার মলম বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত।

আময়িক প্রয়োগ। নানাবিধ কিউটেনিয়াস্ ডিজিজ্, বিশেষতঃ স্কোয়ে-মাস্ ও টিউবার্কুলার আকারের পীড়ায় অধিক কার্য্যকর। একনি, সোরা-য়েসিস্, লেপ্রা টিনিয়া ক্যাপিটিস্ এবং সাইকোসিস্ আদি চর্ম্ম রোগে মলম রূপে বাহ্যিক ব্যবহৃত হয়।

Potassii Iodidum. — **Iodide of Potassium.**

পটাসি আইওডিডাম্। — আইওডাইড্ অব্ পটাসিয়ম্।

নামান্তর। আইওডিউরেট্ অব্ পটাসিয়ম্ বা হাইড্রিউডেট্ অব্ পটাস্।

প্রয়োগরূপ-২ দুটী।

১। লিনিমেণ্ট্ অব্ পটাশিয়ম এণ্ড্ সোপ্।

২। আইওডাইড্ অব্ পটাসিয়ম্ অয়েণ্ট্মেণ্ট্।

মাত্রা। ৪—২০ গ্রেণ।

ক্রিয়া। ইহার ক্রিয়া প্রায় আইওডিনের অনুরূপ। ইহার ব্যবহারে, কোন কোন সময় মাথা বেদনা, মুখের বর্ণ পরিবর্ত্তিত, ও পাকাশয়ের উগ্রতার লক্ষণ প্রকাশ পায়; কিন্তু যখন অধিকমাত্রায় ব্যবহৃত হয়, তখন অত্যধিক শর্দ্দি, কাশরও বা সেলিভেশন্ অথবা স্তনদ্বয় ও অণ্ডকোষ শুষ্ক হইয়া উঠে, বাস্তব, এরূপ লক্ষণ অতি বিরল। শরীরের সমস্ত সিক্রিটিং গ্লেণ্ডের ক্রিয়া বৃদ্ধিপায় বিশেষতঃ পেরোটিড্, সব্মেক্সিলারি, সব্লিঙ্গুয়েল, লিভার, কিড্নি, এবং স্বেদগ্রন্থি সকলও ক্রিয়া প্রকাশ করিতে প্রস্তুত থাকে। সেবনান্তর ইহা শরীরস্থ হইয়া মুখের অবস্থা পরিবর্ত্তিত হয় এবং রক্ত, প্রস্রাব, ও অন্যান্য শারীরিক রসে ইহা প্রকাশিত হয়; অন্নবহানালীর মিউকাস মেম্ব্রেন্, ও পেন্ক্রিয়াস্ অধিক ক্রিয়া করিতে থাকে। সেবনের পর, শরীরস্থ রসে অতি দ্রুত প্রকাশিত হয়।

কিন্তু অধিকাংশ প্রস্রাব সহ, অপর কতকাংশ সেলাইভা, স্বেদকণা ও চক্ষের জলের সহিত বহির্গত হইতে পারে। ইহার লেক্টিফিউজ্ (Lactifuge) ক্রিয়া আছে বলিয়া প্রসবের ২।১ দিন পর পূর্ণমাত্রায় ব্যবহার করা যায়। বাহ্য প্রয়োগে সামান্য পরিমাণ উগ্রতা সাধন করিয়া পরে শোষণ ক্রিয়া প্রকাশ করে।

কোন কোন ব্যক্তি অল্পমাত্রায় আইওডাইড্ ব্যবহার করিয়াই, আইওডিজম্ বা পুনঃ পুনঃ হাঁচি, নাকদিয়া জলপড়া, মাথা বেদনা, চক্ষু আরক্তিম আদি লক্ষণ দ্বারা আক্রান্ত হয়, অথচ অনেকে অধিক মাত্রায় ও বিশেষ কোন অসুখবোধ করে না। ওপিয়ম্ দ্বারা ইহার ক্রিয়া মৃদু হইয়া পড়ে।

আময়িক প্রয়োগ। স্ক্রফিউলা ও স্ক্রফিলা জনিত অন্যান্য পীড়ায় বিশেষতঃ স্ক্রফিলাস্ অপ্থাল্মিয়াতে ও ইহার ব্যবহার প্রচলিত।

দাঁত উঠিবার সময় ছেলেদের কন্ভল্শন্ হইলে,—২।৩ গ্রেণ মাত্রায় কোন প্রকার কার্মিনেটিব সহ বিধেয়।

Syphilis বা সিফিলিস্ রোগে ইহার ব্যবহার অমোঘ। সেকেণ্ডরি, টার্শিয়েরি, ও কনষ্টিটিউশনেল্ উপদংশ রোগে, নিরতিশয় উপকারী। কিন্তু প্রাইমারী সিফিলিস্ রোগে আইওডাইড্ অব্ পটাশিয়ম্ দ্বারা বিশেষ কোন্ ফল প্রাপ্তির আশা নাই। প্রাথমিক অবস্থায় ইহা হইতে মার্কুরি অধিক আদরের। ঔপদংশিক বিষ শরীর মধ্যে প্রবেশ করিয়া ক্রমে বোন্স্ বা হাড় সকলে নোড্স্, কেরিজ্, নিক্রোসিস্, এবং পেরিওষ্টাইটিস্ বা হাড়ের সংলগ্ন উপরিস্থিত পরদা প্রদাহিত হইলে, আমাদের যত প্রকার ঔষধ আছে, তন্মধ্যে আইওডাইড্ অব্ পটাশিয়মকেই প্রধান আসন প্রদান করিয়া থাকি। সিফিলিটিক্ স্কিন্ ডিজিজে, সিফিলিটিক্ কেক্জেক্শিয়া (*Cachexia*) রোগে লৌহ ঘটিত ঔষধ, কুইনাইন্, বার্ক, কড্লিভার অয়েল্ আদি বল কারক ঔষধ এবং দুগ্ধ, ঘৃতপক্ক খাদ্য দ্রব্যাদি ব্যবহার করিবে। কেহ কেহ টর্শিয়েরি সিফিলিস্ রোগে ৩০। ৪০ অথবা ৬০। ৭০ গ্রেণ মাত্রায় প্রত্যেক বারে ব্যবহার করেন কিন্তু এরূপ ব্যবহার আমাদের দেশে প্রচলিত নয়।

ঔপদংশিক কারণে নাকের ভিতর ক্ষত হইলে আইওডাইড্ অব্ পটাশিয়ম্ অত্যন্ত উপকারী। সাধারণ চিন্তা দ্বারা অনুমিত হইতে পারে, আইওডাইড্ অব্ পটাশিয়ম্ অধিক মাত্রায় ব্যবহার করিলে শরীরের মাংশপেশী পর্য্যন্ত দুর্ব্বল ও শুষ্ক হইবার সম্ভব কিন্তু তাহা আমাদের ভ্রম। রোগ আরোগ্য হইলে রোগী অবশ্যই শক্তিবাণ হইয়া উঠিবে।

নানাবিধ নিউরাল্জিক্ এফেক্শনে বিশেষতঃ ব্রেইনের আবরণ-পরদায়, হেমিক্রেনিয়া, নষিয়া, ভার্টিগো, অথবা হেমিপ্লিজিয়া, অপটিক্ নিউরাইটিস্, জেনেরেল পেরালিসিস্ এবং ডিমেন্সিয়া, এক অথবা অধিক ক্রেনিয়েল্ বা স্পাইনেল্ নার্ভের পেরালিসিসে এবং লোকমোটারএটাক্সি রোগে যদি রোগ সকল সিফিলিটিক্ কারণ জন্য উৎপন্ন হয় তবে আইওডাইড্ অব্ পটাশিয়ম্ অতি শ্রেষ্ঠ ঔষধ। কিন্তু যদ্যপি দুর্ব্বলতা প্রচুর পরিমাণে থাকে, তবে মিনারেল্ এসিড্স্ ও আয়রণ সহ বিধান কর্ত্তব্য।

গাউট, রিউমেটিক গাউট, এবং তাহার সহিত শারীরিক দুর্ব্বলতা বর্ত্তমান থাকিলে পটাসি আইওডাইড্ ৫—১০ গ্রেণ, লাইকর পটাশ ১৬ মিনিম্, টিং-

সিন্‌কোনা কোঃ ১½ ড্রাম ডিককটম সার্জা কোঃ ৩ ড্রাং মিশাইয়া ২ কাচ্চা পরিমাণ দিবসে ২।৩ বার সেবন বিধেয়। প্রথরিয়েল্‌ রিউমেটিজম সিফি-লিটিক্ রিউমেটিজম্‌ ও ছেলেদের কোরিয়া হইলে ইহা দ্বারা বহুল উপকার দর্শে।

সায়েটিকা, লম্বেগো ফেইস্‌এক্‌ আদি পীড়া সকলে অন্যান্য ঔষধ সহ পটাস আইওডাইড্‌ মন্দ নয়।

Hemiplegia বা হেমিপ্লিজিয়া রোগে অনেকানেক বিজ্ঞলোক ইহার প্রতি বিস্তর অনুরাগ প্রকাশ করেন। এক ব্যক্তি লিখিয়াছেন, কোন এক রোগী ২ বৎসর হেমিপ্লিজিয়া দ্বারা আক্রান্ত ছিল, শরীরের অবশাঙ্গে স্পর্শ শক্তি ছিল না; ১০—১৮ গ্রেণ পরিমাণ আইওডাইড্‌ প্রত্যেক বারে সেবন করিয়া ২ মাসে যথেষ্ট উপকার লাভ করিয়া ছিল। পেরালিসিস্‌, মাস্কিউলার এট্রফি আদি রোগেও ব্যবহৃত হয়।

ডাং কোপ্‌লাণ্ড বলেন পিরিয়ডিকেল্‌ ফিবারের পর লিভার বিবর্দ্ধিত হইলে কি লিভারের পুরাতন ইন্‌ফ্লামেশনে, যকৃতের ক্রিয়া নিস্তেজ হইয়া পড়িলে টেরেক্সিকম্‌ সহ আইওডাইড্‌ প্রয়োগ করিলে বিস্তর উপকার দর্শে। অথবা আভ্যন্তরিক, বাহ্যিক উভয় প্রকারেই প্রয়োগ করা যায়। মিঃ বেক্‌-ফোর্ড প্রকাশ করেন লিভারের হাইডেটীর্‌ টিউমারে, প্রত্যহ ৩০ গ্রেণ্‌ পরি-মাণ আইওডাইড্‌ প্রয়োগ করিয়া একটী রোগীকে রোগ হইতে মুক্তি দান করিয়াছিলেন। লিভারের কারণজনিত ড্রপসি রোগে অথবা স্কার্লেট্‌ ফিবা-রের জন্য ড্রপ্‌সি উৎপন্ন হইলে আইওডাইড্‌ মন্দ নয়।

ডাং মেকেঞ্জি নির্দ্দেশ করিয়াছেন যে লিভারের কোন কারণে মসিন্টারি টেন্টিস অবস্থায় আইওডাইড্‌ অব্‌ পটাশিয়ম্‌ দ্বারা পীড়া আরোগ্য হইতে পারে। টেবিস্‌মেসেন্টেরীকা রোগে অনেকে ইহাকে সমাদরে ব্যবহার করিয়াছেন। ক্রনিক্‌ ব্রাইট্‌স্‌ ডিজিজে অনেকে ইহাকে প্রয়োগ করিতে অনুমতি দেন।

নিউমোনিয়া, প্লুরিসি, ব্রঙ্কাইটিস্‌ আদি প্রদাহিক পীড়া সকলে, প্রদা-হের অবস্থা তিরোহিত হইলে, তৎপর আইওডাইড্‌ প্রয়োগ করিলে অত্যন্ত উপকার দর্শে, এবং নিস্রুত রস আচোষিত করিয়া উপকার করে। ফুসফুসের

এম্ফিসিমা (Emphysema) রোগে ও আইওডাইড্ দ্বারা উপকার দর্শে। থাইসিস্ রোগে ঔপদংশিক বিষ শরীরে বর্ত্তমান থাকিলে ইহা ব্যবহার্য্য।

এজমা রোগে অনেকেই আইওডাইড্‌কে উপকারী মনে করেন, এবং অল্প বা অধিক মাত্রায় ব্যবহার করিয়া থাকেন।

ক্রনিক পেরিকার্ডাইটিস্ রোগে যখন ইন্‌ফ্লামেটরি লিম্ফ্ সকল ঘনীভূত হইতে থাকে, তদবস্থায় আইওডাইড্ প্রয়োগ করিলে, উক্ত লিম্ফ্ সকল আচোষিত করিয়া উপকার করে, এবং হাইপারট্রফি অব্ দি হার্ট হইলে, ৩—৫ গ্রেণ মাত্রায় আইওডাইড্ দিবসে ৩ বার সেবন করাইলে যথেষ্ট উপকার দেয়। (Aneurism of the aorta) বা এওর্টা মধ্যে এনিউরিজম হইলে অনেকানেক বিজ্ঞ চিকিৎসক ইহাকে সমাদর করেন এবং প্রত্যহ ১৫ গ্রেণ হইতে ৩০ গ্রেণ পর্য্যন্ত ব্যবহার করিতে অনুমতি দেন। এডিন্‌বর্গ নিবাসী ডাং বেল্‌ফোর্ ১৫ জন রোগীকে চিকিৎসা করিয়া ১২ জনকে প্রায় আরোগ্য করিয়া ছিলেন, কিন্তু ডাং ওয়াটাস্ ইহা ব্যবহারে বিশেষ সন্তোষ লাভ করিতে পারেন নাই।

সীস ধাতু দ্বারা বিষাক্ত হইলে বিষনাশার্থ অল্প মাত্রায় আইওডাইড্ ব্যবহার করা কর্ত্তব্য। অপর মার্কুরিয়েল্ পালজি ও ট্রিমার্, মার্কুরিয়েল্ সেলিভেশন আদি রোগে আইওডাইড্ অব্ পটাশিয়ম্ সহ সিন্‌কোনা মিশ্রিত করতঃ ব্যবহার করিলে অত্যন্ত উপকার দর্শে।

ডিস্‌পেপ্‌শিয়া ও ডিপ্‌থিরিয়া, আদি রোগেও আইওডাইড্ ব্যবহৃত হয়।

সিফিলিটিক্ আইরাইটিস রোগে পারদের তুলনায় ইহার ক্রিয়া মৃদু বটে, কিন্তু কোন কোন কঠিন ধরনের পীড়ায়, আইওডাইডের ব্যবহার বড়ই উপকারজনক। কেটারেল্ অপ্‌থাল্‌মিয়া অথবা এমোরোসিস রোগে ও ইহার ব্যবহার মন্দ নয়। ওপাসিটি অব্ দি কর্নিয়া ও আল্‌সারেশন্ অব্ দি কর্নিয়া রোগে ও ইহা হানিজনক নয়, কিন্তু অবস্থা বিবেচনায় নানাবিধ ঔষধের সহিত প্রযোজ্য।

এলিভিওলার প্রদেশের পরিওষ্টাইটিস্ জন্য দন্তমাড়ী স্ফীত হইলে, বা যে দন্ত যুক্ত হইয়া শিথিল হইয়া গেলে কখন্ কখন ইহার ব্যবহারে উপকার হয়।

প্রসবের পরেই অত্যধিক দুগ্ধ নিঃসরণ জন্য অস্ত্রোক্তাকে প্রসূতি অতিশয় যাতনা সহ্য করে, তদবস্থায় ইহার ৯ গ্রেণ পরিমাণে ব্যবহার জন্য করিলে লেকটিফিউজ হইয়া উপকার করে।

যখন সিফিলিটিক্ বা স্ক্রুফিউলাস্ ডায়েথিসিস্ জন্য নানাবিধ চর্ম্মরোগ উৎপন্ন হয়, তদবস্থায় ইহার আভ্যন্তরিক ব্যবহার দ্বারা মহান উপকার দর্শে। সাইকোসিস্, পেম্ফিগাস্ এরিথিমা আদিতেও ব্যবহার্য্য।

স্কেবিস্ বা পাঁচড়া রোগে মলম ও লোশন আকারে (আইওডাইড্ গ্রেণ ৬০ একোয়া—৮ আং) ব্যবহার্য্য কিন্তু এরোগে আভ্যন্তরিক প্রায় ব্যবহার করা হয় না।

Bromum. — **Bromine.**

ব্রোমাম। — ব্রোমিন্।

ক্রিয়া। প্রকৃতাবস্থায়, ইহা উত্তেজক ও দাহক। অল্প মাত্রায় যথেষ্ট জল মিশ্রিত করিয়া ব্যবহার করিলে ইহা, টনিক, ডাইউরেটিক্, ও রিজল্‌ভেণ্ট এবং লিম্ফেটিক্ সিষ্টেমের ক্রিয়া বৃদ্ধি করে। ইহার ভেপার শ্বাস দ্বারা গ্রহণ করিলে অত্যন্ত উৎকাশি উৎপন্ন করে ও শ্বাস রোধের উপক্রম হয় এবং তৎপর এলিমেণ্টেরি ক্যানেল্ পর্য্যন্ত উত্তেজনা ব্যপ্ত হয়। অধিক মাত্রায় ব্যবহার করিলে শরীরে আচোষিত হইয়া, রক্ত ও প্রস্রাবে প্রকাশিত হয়। অধিক দিন ব্রোমিন্ ব্যবহার করিলে ইহা দ্বারা এক প্রকার বিশেষ লক্ষণ উৎপন্ন হয়, তাহাকে ব্রমিজম্ বা Bromism কহে। যথা—

শ্বাস প্রশ্বাস দ্বারা ব্রোমিনের গন্ধ নির্গত হয়, সফ্ট্ পেলেট্ আরক্তিম হইয়া উঠে, লালা গ্রন্থি সকলের কার্য্য ন্যূন বা অধিক হইতে পারে অতঃপর সফ্ট্ পেলেট্ জিহ্বার মূল, এবং ইপিগ্লটিসের, ক্রিয়া নষ্ট হয়, স্পর্শ বোধ প্রায় তিরোহিত হয়, এবং উক্ত স্থান সকলে বেদনা অনুভব হয়। ক্ষুধা বৃদ্ধি করে, জনন যন্ত্রের ক্রিয়া অবসাদিত হইয়া পড়ে, স্মৃতি শক্তি মৃদু ও চর্ম্মোপরি একনির ন্যায় এক প্রকার ইরাপ্‌শন্ বহির্গত হয়। এবং মাংস পেশীদিগের শিথিল অবস্থা পরিলক্ষিত হয়। বাহ্য প্রয়োগে এসকল লক্ষণ প্রায় উৎপন্ন হয় না। ৪ আং ব্রোমিনে ৪০ আং জল মিশ্রিত করিয়া সল্যুশন্ আকারে বাহ্যিক

প্রয়োগ করা যায়। কখন কখন ১০—১৫ মিনিম্ ব্রোমিন্, লার্ড ১ আং মাত্রায় মলম আকারে ও প্রয়োজ্য।

আময়িক প্রয়োগ। স্ক্রফিউলা রোগে ডং গ্লভার ইহার প্রতি বিস্তর অনুরাগ প্রকাশ করেন; এবং তিনি ইহাও প্রকাশ করেন যে, কড্লিভার অয়েলের মধ্যে আইওডিন্ ও ব্রোমিন্ আছে বলিয়াই, এরোগে কড্লিভার অয়েল দ্বারা এত উপকার হয়। মিঃ বার্নেট্ ১৮৩৭ খৃঃ অব্দে এমতের পোষকতা নির্দ্ধারণ করেন এবং তাঁহার একটী রোগী প্রায় ৭ বৎসর হইতে গণ্ডমালা পীড়া দ্বারা প্রতিনিয়ত কষ্ট পাইতে ছিল এবং ৩ মাস তাঁহার অধীনে চিকিৎসিত হইয়া রোগ হইতে নিষ্কৃতি পায়। তিনি ব্রোমিনের আভ্যন্তরিক, বাহ্যিক উভয় প্রকারেই প্রয়োগ করিয়া ছিলেন।

হস্পিটাল্ গ্যাংগ্রিন্, এরিসিপেলাস্, স্লাফিং আল্সার্ আদিতে ব্রোমিন ব্যবহৃত হয়।

ডিপ্থিরিয়া রোগে ইহার ভেপার দ্বারা উপকার হয়।

অন্যান্য দাহক ঔষধ হইতে ডাঃ রৌফ্ ইহাকে শ্রীটের সহিত ইউট্রাইন্ ক্যান্সার্ রোগে ব্যবহার করিতে অনুমতিদেন।

Potassii Bromidum, Bromide of Potassium.

পটাসি ব্রোমাইডম্। ব্রোমাইড্ অব্ পটাসিয়ম্।

মাত্রা। ৫—৩০ গ্রেন্।

ক্রিয়া। সেরিব্রোস্পাইনেল্ সিডেটিব্ ও এণ্টিস্পাজ্মডিক্, এনাফ্রোডিসিয়াক্, হিপ্নটিক্, অল্টারেটিব্ এবং এনাস্থেটিক্। আভ্যন্তরিক প্রয়োগ করিলে, শরীরে আচোষিত হইয়া রক্ত ও প্রস্রাবে বহির্গত হয়। ইহার কার্য্য প্রণালী এখন পর্য্যন্ত ও সুনিশ্চিত হয় নাই।

১। অধিক মাত্রায় কিছুদিন ব্যবহার করিলে ইহাদ্বারা নাড়ীর সাধারণ গতির কোন তারতম্য হয় না।

২। শরীরের স্বাভাবিক উত্তাপের ইতর বিশেষ হয় না। কিন্তু কোন কোন সময় সামান্য পরিমাণ ন্যূন হইতে পারে।

৩। নিয়মিত মাত্রায়, ইহাদ্বারা কোন সিক্রেশনের পরিবর্ত্তন দৃষ্ট হয় না কিন্তু কখন কখন সামান্য পরিমাণে, প্রস্রাবের আধিক্য জন্মায়।

৪। স্ত্রী ও পুরুষ ভেদে ক্রিয়া সম্বন্ধে বিশেষ কোন বিভিন্নতা লক্ষিত হয় না।

৫। ঔষধীয় মাত্রায়, প্রায় ব্রোমিজম্ হইতে দেখা যায় না কিন্তু অধিক মাত্রায় অনেক সময় ব্রোমিজম্ প্রকাশ পায়।

ইহার ক্রিয়া ভাসমোটার্ নার্ভের উপর প্রভাবিত হইয়া, তাহার অবসাদন উৎপন্ন করে। সম্ভবতঃ কামনাশক শক্তি, ইহার অতি প্রবল। সমস্ত মিউকস্ সারফেইসের স্পর্শ হারক বিশেষতঃ ফেরিংস্, ও লেরিংসে অধিক কার্য্য দর্শায়। ইহার ব্যবহারে কনজন্‌টাইভা সম্পূর্ণ রূপ স্পর্শ বিলুপ্ত হইতে পারে, অথচ এস্‌ক্লোরেটিকের স্পর্শ শক্তি ও থাকে না। স্পর্শ লোপ অভিপ্রায়ে ১৫—৩০ গ্রেণ্ মাত্রায় ১ ঘণ্টান্তর ২। ৩ বার ব্যবহার কর্ত্তব্য। বাহ্য প্রয়োগার্থ ২০—১২০ গ্রেণ ১ আং মলম সহ ব্যবহার্য্য।

১। আপাততঃ ব্রোমাইড্ অব্ পটাসিয়ম্, ব্রোমাইড্ অব্ সোডিয়ম্ ও ব্রোমাইড্ অব্ এমোনিয়ম সম্বন্ধে কার্য্য কারিত্বের অনেক পার্থক্য লক্ষিত হয় অথচ ইহাদের প্রত্যেকেই ব্রোমিন্ হইতে উৎপন্ন হয়। ব্রোমাইড অব পটাসিয়ম্, নার্ভাস্ সেণ্টারের (ব্রেইন্, স্পাইনেলকর্ড) উপর সিডেটিব এ্যকশন্ প্রকাশ করে, এবং মাস্‌কুলার সিষ্টেমে ডিপ্রেসিব ক্রিয়া জন্মায়।

২। সোডিয়ম্ ব্রোমাইড্ শুধুনার্ভাসসেণ্টারে কার্য্য দর্শায় কিন্তু মাস্‌কুলার সিষ্টেমকে আশ্রয় করেনা।

৩। এমোনিয়ম্ ব্রোমাইড্ অপর ২টীর ন্যায় নার্ভাস্ সেণ্টারের সিডেটিব্ বটে কিন্তু সাক্ষাৎ সম্বন্ধে সার্কুলেটরি সিষ্টেমে ষ্টিমুলেণ্ট এ্যকশন্ প্রকাশ করে।

আময়িক প্রয়োগ। নানাপ্রকার নার্ভাস্ পীড়ায় বিশেষতঃ এপিলেপ্‌সি রোগে ইহাদ্বারা মহান উপকার দর্শে। সামান্য আকারের পীড়া হইলে সহজেই আরোগ্য লাভ করে, কিন্তু অধিক দিনের কঠিন হইয়া উঠিলেও বহুল উপকার দর্শে। এপিলেপ্‌টিক্ কন্‌ভল্‌শন্, হিষ্টিরিকেল্ কন্‌ভল্‌শন্, কোরিয়া ইত্যাদি নানাবিধ নার্ভাস্ ডিজিজে, অত্যন্ত সমাদরে প্রয়োগ করা হয়।

ভাসমোটার সিষ্টেমের কোন প্রকার পরিবর্ত্তনে নানাবিধ উপদ্রব যথা—হঠাৎ কোন স্থানে স্পর্শ লোপ, শীতবোধ, শরীরের এক বা অধিক স্থানে ঝন্ ঝনান অনুভব, উদর প্রদেশে এক প্রকার অব্যক্ত যন্ত্রণা বোধ করা, মনের ভিতর পরিতাপ উপস্থিত হওয়া অথবা হার্ট বা হৃদপিণ্ড অনিয়মিতরূপ বিকম্পিত হইলে ব্রোমাইড্ দ্বারা যথেষ্ট উপকার দর্শে। ডাং রসেল্স্ বলেন, ৫—১০ গ্রেণ মাত্রায় ব্রোমাইড্, দিবসে ২। ৩ বার ব্যবহার করিবে।

অধিক পরিমাণ শারীরিক অথবা মানসিক পরিশ্রম দ্বারা অনেক সময় নিয়মিত রূপ নিদ্রার ব্যাঘাত জন্মে (sleeplessness) অথচ যখন ওপিয়ম্ কি অন্যান্য মাদক ঔষধ অব্যবহার্য্য বলিয়া বিবেচিত হয়, তদবস্থায় ব্রোমাইড্ অব্ পটাশিয়ম, দ্বারা অত্যন্ত উপকার দর্শে। অপর, অস্ত্রোপচারের পর, কি জ্বরের পর কন্ ভলশন্ উৎপন্ন হইলে, ব্রোমাইড্ আমাদের যথেষ্ট সাহায্য করে। অপিচ একিউট্ মেনিয়া রোগে যখন মস্তক অত্যন্ত উত্তপ্ত থাকে, চক্ষের কন্ জন্ টাইভা আরক্ত দেখায়, তদবস্থায় ডাং রিপল্ড্স্ ইহার অত্যন্ত প্রশংসা করেন। অন্যান্য নানাপ্রকার ঔষধাপেক্ষা হাইপোকণ্ড্রায়সিস্ রোগে (Hypochondriasis) ব্রোমাইড্ শ্রেষ্ঠ। ডাং রাসেল্স্, ডাং রিপল্ড্স্ আদি চিকিৎসকগণ এল্কহলিজম্ রোগে ইন্সাম্নিয়া নিবারণার্থ ওপিয়ম আদি নানা প্রকার ঔষধ হইতে, ইহাকে শ্রেষ্ঠ মনে করেন।

ডিলিরিয়ম্ ট্রিমেন্স্ রোগে ডাং রিংগার ও অন্যান্য ডাক্তারগণ ইহার প্রশংসা করেন এবং প্রলাপ বৃদ্ধি হওয়ার পূর্ব্বেই বিধান করা কর্ত্তব্য। নিদ্রা না হওয়া পর্য্যন্ত ২০—৩০ গ্রেণ মাত্রায় বারম্বার ব্যবহার করা যায়।

শিশুদিগের দুর্ব্বলতা, ও দন্তোৎগমন সময় কন্ ভল্শন রোগে (Convulsion) ডাং হাগলিংস্ জ্যাক্সন্ আদি চিকিৎসকগণ ইহার প্রতি বিস্তর অনুরাগ প্রকাশ করেন। এবং ৩ মাসের ন্যূন বয়স্কের জন্য ¼ গ্রেণ মাত্রায়, ৬ মাসের ন্যূন হইলে ½ গ্রেণ মাত্রায়, এবং ইহার অতিরিক্ত বয়স্কের প্রতি ১ গ্রেণ মাত্রা বাড়াইয়া তৎপর প্রত্যেক বৎসর অধিকের প্রতি ক্রমে এক এক গ্রেণ মাত্রা বৃদ্ধি করতঃ ব্যবহার কর্ত্তব্য। এতদ্ব্যতীত ক্রনিক কন্ভাল্সন্ রোগেও প্রযোজ্য। ডাং রেণল্ড্স্ বলেন, Vertigo বা ভার্টিগো রোগে ব্রোমাইড্ দ্বারা বহুল উপকার হয় এবং মস্তিষ্কের যে কোন কারণে শিরঃপীড়া উৎপন্ন হউক

অথবা ভার্টিগোতে মাথাবেদনা স্থায়ী কি অস্থায়ী রূপে হউক প্রত্যেক অবস্থায়ই ব্রোমাইড্ দ্বারা উপকার হইবে।

নানা প্রকারের নিউরাল্জিয়া রোগে, অন্যান্য ঔষধ ব্যর্থ হইলে ব্রোমাইড্ দ্বারা উপকার হয় কিন্তু ইদানীন্তন চিকিৎসকগণ এণ্টিপাইরীণ্কে নিউরেল্জিয়া রোগের অব্যর্থ ঔষধ মনেকরেন এবং ৫—১০ গ্রেণ মাত্রায় ব্যবহার করিয়া থাকেন।

হিষ্টিরিয়া ও হিষ্টিরিকেল্ পীড়াদিতে অনেকে ইহার ব্যবহার করিয়াথাকেন এবং সময় সময় ইহাদ্বারা অবসাদন করিয়া উপকার করে।

জেনিটো ইউরিনেরি অর্গেন্সের নানাবিধ পীড়ায় বিশেষতঃ নিম্ফোমেনিয়া, সেটিরায়েসিস, স্পার্মেটোরিয়া, রোগে বিশেষ। গণরিয়া রোগে কর্ডি বর্ত্তমান থাকিলে ব্রোমাইড্ দ্বারা উপকার হয়।

মেনোরেজিয়া ও ইউট্রাইন হেমোরেজ নিবারণার্থ অনেকে ইহার প্রশংসা করেন। মেনোরেজিয়াতে অত্যন্ত রক্তপাত হইলে, ঋতুর পূর্ব্বে প্রায় ৭ দিন পর্য্যন্ত ইহার ব্যবহার করা কর্ত্তব্য

জরায়ুর ফাইব্রাস টিউমার রোগে ব্রোমাইড্ সহ আইওডিন মিশ্রিত করিয়া আভ্যন্তরিক প্রয়োগ করা কর্ত্তব্য এবং বাহ্যিকরূপে আইওডিন্ অয়েণ্ট্মেণ্ট্ তলপেটে মালিস করিবে।

গর্ভাবস্থায় বমন নিবারণার্থে অনেকানেক চিকিৎসক ইহার প্রশংসা করেন এবং ১৫ হইতে ২০ গ্রেণ মাত্রায় ২ বা ৩ ঘণ্টান্তর ব্যবহার করাযায়।

স্পেজ্মডিক্ এজ্মা রোগে অনেক দিন হইতে ব্রোমাইড্ ব্যবহৃত হইতেছে কিন্তু ছেলেদের উক্ত পীড়া উৎপন্ন হইলে ৬ গ্রেণ মাত্রায় নিরাপদের সহিত প্রত্যেক ২ ঘণ্টা পর পর ব্যবহার করাযায়। লেরিঞ্জিস্মাস্ ষ্ট্রিডিউলাস্ ও স্পেজ্মডিক ক্রুপ্ রোগে ব্রোমাইড, বাহ্য প্রয়োগ করাযায় এবং ইহার স্প্রে ব্যবহার মন্দনহে। হুপিংকফ রোগে ডাং রেগ্রি ইহাকে অপরাপর ঔষধ অপেক্ষা মন্দ বিবেচনা করেন না।

অন্ত্রের নানাপ্রকার আক্ষেপিক পীড়ায় ও ছেলেদের কলিক রোগে ব্রোমাইড্ ব্যবহার্য্য। শয্যা হইতে নিদ্রিতাবস্থায় পরিভ্রমনাদি নানাবিধ উপদ্রবে ইহাই আমাদের অবলম্বন। কোন কোন গর্ভবতী, গর্ভের শেষভাগে অত্যন্ত ভীতা ও বিমর্ষা দেখায় তদবস্থায় ব্রোমাইড্ বেশ উপকারী।

এন্লার্জমেণ্ট্ অব্ স্পিন্ রোগে ডাক্তার [illegible] ইহা ব্যবহার করিয়া উপকার স্বীকার করিয়াছেন ; তিনি ১ গ্রেণ হইতে আরম্ভ করিয়া ৪ গ্রেণ পর্য্যন্ত দিবসে তিনবার প্রয়োগ করিয়া সন্তোষলাভ করিয়াছেন। এন্লার্জমেণ্ট্ অব্ লিভার্ হইলেও ইহাকে ব্যবহার্য্য বলিয়া অনেকে স্বীকার করেন।

একিউট্ ও ক্রণিক অর্কাইটীস্ রোগে ব্রোমাইড্ ২ ড্রাম ভিনিগার ৬ আং মিশ্রিত করিয়া রোগস্থানে বাহ্যিক ব্যবহার করিলে উপকার হয়।

কষ্ট জনক অর্শরোগে অথবা প্রোল্যাপ্সাস অব্ দি রেক্টম্, ফিশার অব্ দি এনাস্, আদি নানাবিধ কষ্টদায়ক রোগে ব্রোমাইড্ ব্যবহৃত হয়। ইহার সেচ্যুরেটেড্ সলুশন্ ৪ ভাগ, গ্লীসিরিন্ ২০ ভাগ একত্র করিয়া বাহ্য প্রয়োগ করিলে অবিলম্বে যন্ত্রণা নিবারিত হয়।

স্ক্রফিউলা রোগে কেহ কেহ ব্রোমাইড্ ব্যবহার করিতে আদেশ করেন কিন্তু ইহার ক্রিয়া, আইওডিন্ ও কড্লিভার অয়েল্ হইতে অনেক মৃদু। সিফিলিটিক্ সোরায়েসিস্, ও অপরাপর ঔপদংশীক চর্ম্মরোগে ব্রোমাইড্ দেওয়া যায়।

ডায়েবিটিস্, কলরা, এমিনোরিয়া, ছেলেদের ইন্কণ্টিনেন্স্ অব্ ইউরিন্ হাইপার্ট্রফি অব্ দি ভেণ্ট্রিকেল্ ও অরিকোল, এবং নানাবিধ প্রাদাহিক পীড়া জনিত চক্ষুর উপদ্রবে ব্যবহার্য্য।

অনেকানেক শিশু, রাত্রিতে নিদ্রিতাবস্থায় হঠাৎ চিৎকার করিয়া চমকিয়া উঠে, এরূপাবস্থায় ব্রোমাইড দ্বারা যথেষ্ট উপকার হয়। সাম্নাম্বলিজম্ অর্থাৎ পরিধরা রোগে ইহাকেই শ্রেষ্ঠ বিবেচনা করেন, অনেকে পরিপাক কার্য্যের ব্যতিক্রম বশতঃ পীড়ার উৎপত্তি গণনা করেন, কিন্তু যে কারণেই হউক ইহা দ্বারা উপকার হইবে।

রেমিটেণ্ট্ ফিবারে, সময় সময় নানাবিধ টাইফয়েড্ লক্ষণ প্রকাশিত হইয়া রোগী নিতান্ত উত্তেজিত হইয়া পড়ে, সর্ব্বদা প্রলাপ বকিতে থাকে, জীবনের আশা প্রায়থাকে না. এমতাবস্থায় ব্রোমাইড্ দ্বারা মস্তিষ্কের রক্ত সঞ্চালনের বেগ সাম্যকরিয়া প্রলাপ বা ডিলিরিয়ম্ তিরোহিত করিবে। কেহ কেহ অল্প পরিমাণ বেলেডোনা মিশ্রিত করিতে বলেন।

Ammonii Bromidum, Bromide of Ammonium.

এমোনি ব্রামইডম্। ব্রোমাইড্ অব্ এমোনিয়াম্।

মাত্রা। ২—২০ গ্রেণ।

ক্রিয়া। পরিবর্ত্তক, ও শোষক। এব্‌সর্বেন্ট্ অভিপ্রায়ে ইহা ব্রোমাইড্ অব্ পটাসিয়ম্ হইতে ন্যূন নয়। অধিক মাত্রায় ব্যবহারে, ইহা দ্বারা ভয়ানক নিদ্রা বেগ উৎপন্ন হয় এবং সিক্রিশনের বৃদ্ধি করে।

আময়িক প্রয়োগ। হুপিং কফরোগে কেহ কেহ ইহার অত্যন্ত প্রশংসা করেন এবং ইহাদ্বারা এককালীন পীড়া আরোগ্য হইতে পারে। যদ্যপি নি-য়োমোনিয়ার লক্ষণ বর্ত্তমান থাকে, তবে ইপিকাকুয়ানাভাইনম্ সহ বিধেয়। ছোট বালক দিগের জন্য ২—৩ গ্রেণ্ মাত্রায় ও তদপেক্ষা বড় হইলে ১০ গ্রেণ পর্য্যন্ত দেওয়া যায়।

এপিলেপ্‌সি, ভার্টিগো, ডিলিরিয়ম্ ট্রিমেন্স্ ও মেনিয়া আদি নানাবিধ স্নায়ুবীয় পীড়ায়, রোগের প্রাবর্য্য দমনার্থ অনেকেই ইহার ব্যবহার করিয়া থাকেন। মেনিয়া রোগে, রোগী যখন ঔষধ সেবন করিতে অস্বীকৃত হয়, অথচ নিরন্তর নিস্তেজ হইয়া পড়ে, তদবস্থায় ইহার এনিমা মলদ্বারে প্রয়োগ করিলেও বিস্তর উপকার হয়।

ট্রুমাস্ অপ্ আল্‌মিয়া, কন্‌জন্‌টিভাইটিস্, কর্ণিয়াইটীস্, লিউকোমা, এবং ওপাসিটিস্ রোগে ব্রোমাইড্ ব্যবহৃত হইতে পারে।

গ্রেণ্ডিউলার এন্‌লার্জমেণ্ট্, এথিরোমা, এবং ক্রুরাইগো রোগে ইহা আভ্যন্তরিক প্রয়োগ করিয়া, গ্লীস্‌রিন্ অব্ বোরাক্স্ বাহ্যিক ব্যবহার্য্য।

Physostigmatis Semen. Calabar Bean.

ফাইসষ্টিগ্ মেটিস্ সিমেন্। কেলেবার্‌বিন্।

প্রয়োগ রূপ।

১। এক্‌ষ্ট্রাক্ট অব্ ফাইসষ্টিগ্ মেটিস্। $\frac{1}{16}-\frac{1}{4}$ গ্রেণ।

২। ফাইসষ্টিগ্‌মিন্ বা এসেরিন্।

৩। ডিস্ক্ অব্ ফাইসষ্টিগ্ মিন্।

কাইগষ্টিগ্ মিন্ বা এসেরিন্ চক্ষুরোগে সচরাচর ব্যবহৃত হইতেছে। ই-হার সল্যুশন্ প্রস্তুত করিয়া নানাবিধ চক্ষু রোগেব্যবহার্য্য।

মাত্রা। চূর্ণাকারে ১—৪ গ্রেণ।

ক্রিয়া। সিডেটিব্ ও অল্টারেটিব্। কেলেবারবিন্ একটী ভয়ানক বিষ। প্রফেসর্ ক্রিষ্টিশন্ তাঁহার নিজের প্রতি ১২ গ্রেণ কেলেবারবিন্ প্রয়োগ করিয়া নিম্নলিখিত লক্ষণ সকল দৃষ্টি কবিয়া ছিলেন। যথা—প্রথমতঃ শিরোঃঘুর্ণন বা ভার্টিগো, তৎপর ক্রমে শরীর দুর্ব্বল, মুর্চ্ছার লক্ষণ, হৃদপিণ্ড ও রক্ত সঞ্চালক প্রণালী, নিবতিশয় শক্তি হীন, অথচ অনিয়মিত হইয়া পড়ে। সাধাবণতঃ অনেক বিষাক্ত ব্যক্তির সাংঘাতিক অবস্থা উৎপন্ন হয় বিশেষতঃ পিউপিল্ বা কণিনীকা সংকোচিত ও নিম্ন শাখাদ্বয়েব পক্ষাঘাত প্রাপ্ত হয় এবং শবীবের অন্যান্য স্থানেব অল্প বা অধিক পরিমাণে স্পর্শ শক্তি বিলুপ্ত হয়। কোন এক সুবিজ্ঞ ডাক্তার পবীক্ষাদ্বারা নিশ্চয় করিয়াছেন যে অধিক মাত্রায় বমনোদ্রেক, বমন, ভেদ, এবং ইপিগ্যাষ্ট্রিক বিজিয়নে এক প্রকার বিভিন্ন সেন্‌সেশন্ উৎপন্ন হইযা পুনবায় উদ্গার দ্বাবা বিলুপ্ত হয়। সব্‌কিউ-টেনিয়াস্ ইন্‌জেকশন্ ব্যবহারের পর সময় সময় অত্যন্ত ঘর্ম্ম উৎপন্ন হয়। মস্তিষ্কেব উপর সাক্ষাৎ সম্বন্ধে কোন ক্রিয়া না করিলেও, কশেরুকা মজ্জার প্রতি ইহার শক্তি প্রবল, তন্নিবন্ধন অধ শাখায় পেবালিসিস্ উৎপন্ন করে। ইহা দ্বারা ষ্ট্রাইপ্‌ড্ ও আনষ্ট্রাইপড্ মাসল্ সকলের পেরালিসিস্ উদ্ভব হয়। ইহার বাহ্য প্রয়োগ দ্বারা মসল্‌স্ সকলের সংকোচিত শক্তি লোপ হয় এবং যখন চক্ষে প্রয়োগ করা যায়, তখন পিউপিল বা কণিনীকা কুঞ্চিত হয়। কেলেবাববিন্ সিলিয়ারি নার্ভের উপব ষ্টিমুলেণ্ট্ একশন্ করিয়া, আইরিসেব সার্কুলারি ফাইবার্সেব উপব ক্রিয়া দর্শায় সুতরাং পিউপিল্ কুঞ্চিতহয়। এবং এইরূপে সিলিয়াবি মাসলের উপর কার্য্য করতঃ মাইওপিয়া উৎপন্ন করে।

১। নানাবিধ কারণে আইরিসের পেরালিসিস্ উৎপন্ন হইলে ইহার বাহ্য প্রয়োগ মঙ্গলময়।

২। এট্রোপিয়াও বেলাডোনা দ্বারা প্রসারিত পিউপিল্ সঙ্কোচন জন্য ব্যবহৃত হয়।

৩। কোরয়েড ও রেটিনার একিউট ইন্‌ফ্লামেশনে অধিক পরিমাণে আলোক গমনের নূন্যতার জন্য ও ইহা ব্যবহার্য্য।

৪। কর্ণিয়ার পেরিফেরেল্ পার্টে, কোন প্রকার উণ্ডস্ বা আলসারস্ বর্ত্তমানেও মন্দ নয়। কোন এক সুবিজ্ঞ ডাক্তার পরীক্ষা দ্বারা অবধারণ করিয়াছেন যে এট্রোপিয়া সিম্পেথেটিক্ সিষ্টেমের উত্তেজনা ও কেলেবারবিন্ থার্ড নার্ভের উত্তেজনা উদ্ভব করে। এট্রোপিয়া আর্টেরী দিগকে কনট্রাক্ট করে, কেলেবারবিন্ ভেইনদিগকে কনট্রাক্ট করে।

আময়িক প্রয়োগ।—এডিনবার্গ নগরস্থ ডাং ফ্রেসার ক্রমে ১২টী টেটেনাস্গ্রস্থ রোগীর প্রতি পরীক্ষা দ্বারা অবধারণ করিয়াছেন যে এ রোগে ইহা দ্বারা যথেষ্ট উপকার হয় এবং যুবকদিগকে সেবন দ্বারা ১ গ্রেণ অথবা সাব্-কিউটেনিয়াস্ ইন্জেকশন্ দ্বারা ⅓ গ্রেণ চর্ম্ম নিম্নে প্রবেশ করাইবে অথবা ২ ঘণ্টান্তর পুনরায় প্রয়োগ করিতে থাকিবে, (যত সময় না উপকার অনুভব করা যায়।) হাইপোডার্ম্মিকেলি ব্যবহারার্থে এলকেলিন সহযোগে, ইহার এসিডিটি দূরীকৃত করিয়া লইবে।

ষ্ট্রিক্নিয়া দ্বারা বিষাক্ত হইলে বিষ নাশার্থ কেলেবারবিন্ প্রযোজ্য। যখন স্পাইনেল্ কার্ডের উপর কার্য্য করিয়া টেটেনিক্ স্পেজম্ উৎপন্ন করে, তদবস্থায় হাইপোডার্ম্মিকেলি ব্যবহার করা যায়।

নানাবিধ স্নায়ুবিক্ পীড়ায় বিশেষতঃ কোরিয়া, পেরালিসিস্ এজিটেন্স্, রাইটার্স পেরালিসিস্, লোকোমোটার এটাক্সি আদি নানাবিধ রোগে ব্যবহার্য্য।

LOTION FOR SUBCUTANIOUS INJECTION.

Calabar Bean. gr. $\frac{1}{3}$

Aqua————————mxv

Acidum Arseniosum. | Arsenious Acid.

এসিডম্ আর্সেনিওসাম | আর্সেনিয়াস্ এসিড্।

প্রায়োরূপ ৩টী।

১। আর্সেনিক্যাল সল্যুশন্। মাত্রা-২-৮ মিনিম্।

২। হাইড্রোক্লোরিক্ সল্যুশন্ অব্ আর্সেনিক্। মাত্রা-২-৮ মিনিম্।

৩। আইওডাইড অব্ আর্সেনিক্। মাত্রা—$\frac{1}{১৬}$ গ্রেণ।

আইডাইড্ অব্ আর্সেনিক্ হইতে একটী প্রয়োগরূপ প্রস্তুত হয়। তাহাকে সল্যুশন্ অব্ আর্সেনিক এণ্ড মার্ক্যুরি কহে। সামান্যতঃ ইহাকে ডনভান্স সল্যুশন্ কহে। মাত্রা ১০—৩০ মিনিম।

আর্সেনিয়াস্ এসিডের মাত্রা। $\frac{1}{60}$—$\frac{1}{12}$ গ্রেণ পর্য্যন্ত।

ক্রিয়া। অল্টারেটিব্ টনিক, এণ্টিপিরিওডিক্, এণ্টিসেপ্টিক একস্কেরোটিক্। আর্সেনিয়াস্ এসিড্ $\frac{1}{60}$—$\frac{1}{12}$ গ্রেণ মাত্রায় প্রয়োগ করিলে ইহার ক্রিয়া বলকারক, ক্ষুধাবৃদ্ধি এবং সিক্রিশনের গুণ ও পরিমাণ পরিবর্ত্তিত করে। এতদপেক্ষা কিঞ্চিৎ অধিক মাত্রায় এণ্টিপিরিওডিক। শরীরে আচোষিত হইয়া ইহা রক্ত, প্রস্রাব, লিভার, এস্প্লীন্, কিড্নিস্, ষ্টমাক্ ও মাসলস্ সকলে প্রকাশিত হয়। পচন নিবারণ শক্তি ইহার যথেষ্ট প্রবল। অধিক মাত্রায় উগ্রপ্রদাহিক ও দাহক বিষ ক্রিয়া করে। বিষ মাত্রায় সেবন করিলে অনতি বিলম্বেই লক্ষণ সকল প্রকাশিত হয়; তখন পাকস্থলিতে উষ্ণতা ও জ্বালা অনুভব হয়, এবং হস্ত চাপিলে বেদনা বোধ হয়, তৎপর বমনোদ্রেক, বমন, এবং ভেদ আরম্ভ হয়। কখন কখন ভেদ ও বমনের সহিত রক্ত ও মিউকাস্ নিসৃত হয়। ওষ্ঠ হইতে উদর প্রদেশ পর্য্যন্ত অত্যন্ত জ্বালা বোধ হইতে থাকে। উদর প্রদেশ স্ফীত হইয়া বেদনা বৃদ্ধি হইতে থাকে, এমনকি হস্ত স্পর্শেও নিরতিশয় যন্ত্রণা অনুভব হয়। শরীর উষ্ণ হইতে ক্রমে শীতল ঘর্ম্মাভিষিক্ত হইয়া পড়ে। রেস্পিরেশন্ ডিফিকাল্ট, পেল্পিটেশন্ অব্ দি হার্ট্, পালস্—থ্রেডি, কুইক্, ইণ্টারমিটেণ্ট্, এবং ফিবল্ হইয়া পড়ে। ক্রমে অবসাদনের লক্ষণ উপস্থিত হইয়া অবশেষে মৃত্যু আসিয়া সকল যন্ত্রনা নিবারণ করে।

পোষ্টমার্টম্ বা মৃতদেহ পরীক্ষা—ষ্টমাক, ডুওডেনম্ ও রেক্টমের বিশেষ বিশেষ স্থানে প্রদাহ লক্ষণ ও ক্ষত সকল দৃষ্টিগোচর হয় অথবা ক্কচিৎ গ্যাংগ্রীন্ পর্য্যন্ত ও হইতে পারে। এবং ফসেস্ ও শ্বাসনালী পর্য্যন্ত প্রদাহ লক্ষণ দৃষ্ট হয়। অন্যান্য বিশেষ বিশেষ পরীক্ষা জুরীস্ প্রুডেন্সের অধীন।

ইহা অধিক দিন ব্যবহার করিলে জীবন শক্তিকে নিস্তেজ করিয়া ফেলে এবং তৎসহ পরিপাক ও স্নায়ুমণ্ডলীর রোগাদি উপস্থিত হয়; নাড়ী ক্ষীণ, দ্রুত, ও বৈষম্য দোষ যুক্ত, নিদ্রা, তন্দ্রা, এবং মুখ ও হস্ত স্ফীত হয়।

যখন আর্সেনিক্ অত্যন্ত অধিক দিন পর্য্যন্ত ব্যবহৃত হয়, তদবস্থায় উপরোক্ত লক্ষণ সকল প্রকাশ পাইতে পারে। অধিক দিন ব্যবহার করিলে প্রস্রাব হরিদ্রাবর্ণ ধারণ করিতে পারে অথবা কোন কোন সময় সেলিভেশন্ উৎপন্ন হয়।

ব্যবহার সম্বন্ধে নিষেধ।

১। নানা প্রকার এস্থেনিক্ পীড়া সকলে এবং তৎসহ ধামণিক কার্য্য প্রবল থাকিলে। যথা—তরুণ জ্বর ও তরুণ প্রদাহ থাকিলে।

২। ষ্টমাক বা পাকাশয়, এবং এলিমেণ্টরিকেনেল বা পরিপাক প্রণালীর কোন প্রকার উত্তেজনা বর্ত্তমানে।

৩। লাংস বা ফুসফুসের প্রদাহিক অবস্থায়।

৪। শৈশবাবস্থায় ব্যবহার নিষিদ্ধ।

আর্সেনিক্ ব্যবহার সম্বন্ধে নিয়ম।

১। আর্সেনিক ব্যবহার কালে বিবেচক দ্বারা অন্ত্র পরিস্কার করিয়া লওয়া উচিত।

২। শূন্যোদরে আর্সেনিক্, কথনই ব্যবহার কর্ত্তব্য নয়; আহারের অনতি বিলম্বে ব্যবহার করিবে। কেহ কেহ বলেন আহারের পর আর্সেনিক সেবন করিলে ইণ্টেষ্টাইনে যাইয়া ল্যাক্টিয়াল্স্ দ্বারা আচোষিত হইয়া রিসেপ্টিকিউলম্ কাইলিতে যাইয়া তৎপর ক্রমে রক্তের সহিত মিশ্রিত হইয়া যায়।

৩। ব্যবহার আরম্ভ করার সময় সামান্য মাত্রায় আরম্ভ করিবে এবং সর্ব্বদা দৃষ্টি রাখিবে।

৪। আর্সেনিক ব্যবহারের সময় প্রত্যেক দিন রোগীর চক্ষু পরীক্ষা করা কর্ত্তব্য এবং যদ্যপি চক্ষের পাতা ও কনজান্টাইভা নামক চক্ষের মিউকাস্ মেম্ব্রেনে প্রদাহ লক্ষণ প্রকাশ পায় তবে, তৎক্ষণাৎ প্রয়োগ রহিত করিবে।

৫। আর্সেনিক্ ব্যবহার করিতে করিতে প্রস্রাব পরিমাণে অল্প হইলে বা বর্ণ গাঢ় হইলে বা প্রস্রাব পরীক্ষায় লিথেট্ অব্ এমোনিয়া প্রাপ্ত হইলে মাত্রা ন্যূন করিবে বা প্রয়োগ এক কালীন ক্ষান্ত করিয়া দিবে।

৬। ইহার প্রয়োগ সময় যদ্যপি ব্রংকাইটিস্ কি কফ লক্ষণ প্রকাশ পায় তবে ঔষধ স্থগিত করিবে।

৭। ব্যবহারের ২ কি ৩ সপ্তাহ পর পর ২।১ দিবস ঔষধ স্থগিত রাখিয়া মৃদু বিরেচক দ্বারা অন্ত্র পরিষ্কার করিয়া লওয়া কর্ত্তব্য সুতরাং তাহা হইলে আর্সেনিক দ্বারা কোন অনিষ্টের সম্ভাবনা থাকে না।

৮। সামান্য পরিমাণ লাডনম্ সহিত ব্যবহার করিলে ইহা দ্বারা শীঘ্র নবিয়া বা বমনোদ্রেক অথবা বমন হইবার আশঙ্কা নিবারিত হয়।

আময়িক প্রয়োগ। ইন্টার মিটেণ্ট ও নানাপ্রকার পিরিয়ডিকেল্ ফিবারে বহুকাল হইতে ইহার ব্যবহার চলিয়া আসিতেছে। মহানগরী ইংলণ্ডস্থ সুযোগ্য ডাং ফৌলার্, এর্নল্ড্, উইদারিং, ব্রাউন্আদি বহুবিধ চিকিৎসক ইহার পরীক্ষা করিয়াছেন এবং আস্বাদ বিহীন এগিউড্রাপ্‌ট্ নামক যে ঔষধ বহুদিন হইতে প্রচলিত আছে আর্সেনিক তাহার প্রধান উপাদান। ইন্টারমিটেণ্ট্ ও পিরিওডিকেল্ ফিবারে কুইনাইনের পরই, ইহাকে নির্দ্দেশ করা যায়। যখন জ্বরের সহিত অন্য বিশেষ কোন কম্প্লিকেশন্ না থাকিবে অথচ জ্বরীয় অবস্থা পুরাতন হইয়া দাঁড়াইবে তদবস্থায় মিঃ রিনল্ড্, মর্টিন্, আদি চিকিৎসকগণ কুইনাইনের অনুরূপ বিবেচনা করেন এবং ইহার এণ্টিপিরিয়ডিক শক্তি কুইনাইন্ অপেক্ষা কোন অংশে ন্যূনবিবেচনা করেন না। ডাং এডামশন বলেন, কার্ব্বনেট্ অব্ এমোনিয়া সহ মিশ্রিত করিলে ইহার উপকারিতা বর্দ্ধিত হয় সুতরাং এমন্ কার্ব্ব্ ৫ গ্রেণ, হাইকর্ আর্সেনিকেলিস্ ৬ মিনিম্ জল ১ আং মিশ্রিত করিয়া প্রয়োজনানুসারে আহারের পর ব্যবস্থা করিবে।

নানাবিধ নিউরাল্জিয়া ও আক্ষেপিক পীড়া সকলে অনেকে আর্সেনিক ব্যবহার করিতে অনুমতি দেন। নিউরেল্জিয়া রোগে প্রথমতঃ কিছু অধিক মাত্রায় ব্যবহার কর্ত্তব্য। এন্জাইনা পেকটোরিস্ Angina Pectoris রোগে ডাং এলেকজেণ্ডার ও এনেষ্টি, আর্সেনিক ব্যবস্থা করেন।

সার্‌টি ওয়াট্শন্, হেমি ক্রেণিয়া রোগে লাইকর্ আর্সেনিককে বড়ই প্রশংসা করেন। ৪—৫ মিনিম্ মাত্রায় দিবসে ৩।৪ বার ব্যবহার করিলে নিশ্চয় আরোগ্য হইবে, অথবা সম্পূর্ণ আরোগ্য না হইলেও নিশ্চয় অনেক

প্রতিকার হইবে সন্দেহ নাই। কিন্তু রোগীর অবস্থার প্রতি সর্ব্বদা দৃষ্টিরাখা কর্ত্তব্য।

রিউমেটিজম্ রোগে, অনেকানেক চিকিৎসক বলেন, যদ্যপি বিবেচনার সহিত আর্সেনিক ব্যবহার করাযায় তাহা হইলে ইহা দ্বারা বহুল উপকার দর্শে। রিউমেটিক গাউট্ রোগে আর্সেনিয়েট্ অব সোডা।—১৫ গ্রেণ, কার্ব্বনেট্ সোডা ৩॥ আং একত্র করিয়া বাথ্স্ প্রয়োগ করিলে উপকার হইবে।

Toothache বা টুথ্যেক্ রোগে আর্সেনিক অতি সামান্য মাত্রায়, কেবিজ টুথের মধ্যে সংলগ্ন করিয়া রাখিলে অতি শীঘ্র বেদনা নিবারিত হয় কিন্তু ইহার সহিত অল্পমাত্রায় মার্ফিয়া মিশ্রিত করিলে আরও উপকার হয়। এবং ইহাতে চুরট প্রস্তুত করিয়াও ব্যবহার করা যায়। কোরিয়া রোগে ইহা ব্যবহৃত হয়, অনেকে কোরিয়া রোগে ইহাকে অতি শ্রেষ্ঠ বলিয়া গণনা করেন।

এজ্মাও হুপিংকফ রোগে কেহ কেহ লাইকর আর্সেনিক ব্যবহার করিতে অনুমতি দেন।

লেপ্রা, সোরায়েসিস্, একজিমা, ইম্পিটাইগো, একনি, প্রুরাইগো, পেম্ফিগাস্, লাইকেন্, সাইকোসিস্, অর্টিকেরিয়া, কোলেজ্মা, এলোপেশিয়া আদি বহুবিধ চর্ম্মরোগে ইহার ব্যবহার অতি আশ্চর্য্য জনক। বিবেচনার সহিত ব্যবহার করিলে প্রায় ব্যর্থ হয় না। বিশেষ কথা এইসে, যদ্যপি একুটির্ কিউটেনিয়াস্ ইনফ্লামেশন্ বর্ত্তমান থাকে, তবে ইহা ব্যবহার অনুচিত। প্রয়োজনানুসারে ইহার সহিত সোডা, চিরতা, কুইনাইন্ আদি নানাবিধ ঔষধ মিশ্রিত করিতে হানি নাই। এলকেন্ টাইটিস্ গ্রেকোরাম্ রোগে আর্সেনিক দ্বারা উপকার হয়।

ক্যান্সার্ রোগে পূর্ব্বে ইহার প্রতি অনেকেরই অনুরাগ ছিল, কিন্তু বাহ্য প্রয়োগ দ্বারা অনেক সময় খারাপ ফল ফলিয়াছে বলিয়া সম্প্রতিক প্রায় পরিত্যক্ত হইয়াছে।

১৮১৬ অব্দে একটী ডাক্তার কোন এক রেজিমেণ্টে বিষাক্ত সর্পদংশত কতগুলি রোগীর চিকিৎসা করিয়া সম্পূর্ণ প্রতিকার করিয়াছিলেন। ২ ড্রাম মাত্রায় লাইকর আর্সেনিকেলিস্ ১০ মিনিম্ টিং ওপিয়ম্, এবং একোয়া

মেষ্টাপিস ১২ আং মাত্রায় ব্যবস্থায় ব্যবহার করিয়াছিলেন। ইহার সহিত ২ আং লাইম্ জুস্ মিশ্রিত করা মন্দ নয়। এতদ্ব্যতীত অয়েল টার্পেন্টাইন্, লাইকর এমোনিয়া, এবং ওলিভ অয়েল প্রত্যেকে ২. আং মাত্রায় মিশ্রিত করিয়া মালিশ করিতে দিয়াছিলেন।

কার্সিনোমা অব্ দি ইউট্রাস্, ইরিটেবল্ ইউট্রাস্, মেনোরেজিয়া, ক্রনিক্ এবং সাব্ একিউট্ ইন্ ফ্লামেশন্ অব্ ইউট্রাস্, লিউকোরিয়া, ইউট্রাইন্ হে-মোরেজ্ আফ্টার্ এবর্ শন্ অব্ ডিলিভারি, ইত্যাদি নানাবিধ ইউট্রাইন্ ডি-জিজে ডাং বারল্স্ ও অন্যান্য চিকিৎসক ইহার ব্যবহারে অনুমোদন করেন।

অনেকে, প্যাষ্ট্রডিনিয়া রোগে ১—২ কিংবা ৩ মিনিম্ মাত্রায় লাইকর আর্সে-নিক ব্যবহার করিতে অনুমতি দেন। নানা প্রকারের পুরাতন ডিস্ পেপ্-শিয়া, ক্রণিক্ ডায়েরিয়া, আলসারেশন অব্ দি ষ্টমাক্ আদি রোগে লাইকর আর্সেনিক দ্বারা মহান উপকার দর্শে। ডাং রিংগার বলেন ১—২ মিনিম্ মাত্রায় আহারের অনতি পূর্ব্বে বিধেয়। অপিচ অত্যধিক মদ্যপান দ্বারা বমন আরম্ভ হইলে তাহাতেও ইহা মন্দ নয়।

সাধারণ কেটার রোগে, ও কেটারেল্ অপ্ থালমিয়া রোগে কোন কোন মহাত্মা আর্সেনিক্ প্রয়োগ করিতে ব্যবস্থা দেন। ষ্ট্রুমাস্ অপ্থাল্মিয়া রোগে ব্যবহার্য্য।

Liquor Arsenii Et Hydrargyri Iodidi. — Solution of Iodide of Arsenic and mercury.

লাইকর্ আর্সেনিয়াই এট্ হাইড্রার্জিরাই আইওডিডাই। — সলুশন্ অব্ দি আইওডাইড্ অব্ আর্সেনিক্ এণ্ড্ মার্কুরি।

সাধারণ নাম—ডনভান্স্ সলুশন্ (Donovan's Solution)

মাত্রা—১০—৩০ মিনিম্।

ক্রিয়া। ৩০ মিনিম্ মাত্রায় ইহার ক্রিয়া অল্টারেটিব্, দিবসে ২। ৩ বার ব্যবহার করা যায়। মিঃ উইলশন্ বলেন ৩০ মিনিম্ মাত্রায় ব্যবহার করিলে ইহা দ্বারা মাথা বেদনা, বমনোদ্রেক অথবা কখন কখন সেলিভেশন্

উৎপন্ন হয়। ব্যবহার সম্বন্ধে ইহা অতি মূল্যবান ঔষধ। ডাব্লিন্ নগরস্থ ডাং ডনভান্, ইহার প্রস্তুত কর্ত্তা বলিয়া তাঁহার নামানুসারে এই নাম হইয়াছে।

আময়িক প্রয়োগ। নানাপ্রকারের চর্ম্মরোগে বিশেষতঃ সোরায়েসিস্, লেপ্রা, পিটিরায়েসিস্, লিউপাস্, ইম্পিটাইগো, সাইকোসিস্ আদি কষ্টকর পীড়ায় ডাং বারবণ্, ডাং গ্রেভ্স্ মিঃ ডনভান আদি চিকিৎসকগণ অত্যন্ত প্রশংসা করেন।

R.

Donovan's solution m xx

Syrup Gingib ʒ i

Aqua Dest ad ℥ i

Make a dose, send such 12 doses, one dose to be given two or three times a day

Re.

Donovan's Solution m xx,

Dict. Hemidesmus—℥ i

Mist. one oz for a dose, one dose to be taken twice daily.

আর্টিকেরিয়া রোগে ৬ মিনিম্ মাত্রায় দিবসে ৩ বার প্রয়োগ করা যায়।

Sodæ Arsenias. Arseniate of Soda.

সোডি আর্সেনিয়াস্। আর্সেনিয়েট্ অব্ সোডা।

প্রয়োগ রূপ ১টী।

১। সলুশন্ অব্ আর্সেনিয়েট্ অব্ সোডা।

মাত্রা—৫—১০ ফোটা।

আর্সেনিয়েট্ অব্ সোডার মাত্রা। $\frac{1}{16}$—$\frac{1}{8}$ গ্রেণ।

ক্রিয়া। ইহার ক্রিয়া ফাউলার সলুশন্ বা লাইঃ আর্সেনিকেলিস্ ও আর্সেনিয়াস্ এসিডের ন্যায় কিন্তু তদপেক্ষা মৃদু ও অনুগ্র। ইহার সলুশন্ পিয়ারশন্স্ সলুশন্ বলিয়া প্রচলিত (*Person's Solution*)।

আময়িক প্রয়োগ। ইণ্টার মিটেণ্ট্ ফিবার, কোরিয়া, নিউরালজিয়া, গ্যাষ্ট্রডিনিয়া, ও নানাপ্রকার চর্ম্ম রোগে ব্যবহৃত হইতে পারে।

Arsenici Iodidum. Iodide of arsenic.

আর্সেনিসাই আইওডাইডম্। আইওডাইড্ অব্ আর্সেনিক্।

মাত্রা। এক গ্রেণের $\frac{1}{16}$।

ক্রিয়া। অলটারেটিব্ টনিক্। আভ্যন্তরিক ব্যবহার করিলে ইহা শরীরে আচোষিত হইয়া মূত্র, লালা, ও ঘর্ম্মের সহিত প্রকাশ পায়। ইহার ব্যবহারে অত্যন্ত সতর্কতার দরকার এবং বাহ্য প্রয়োগার্থ মলম আকারে ব্যবহার্য্য। (আইওডাইড্ অব্ আর্সেনিক ২—৩ গ্রেণ লার্ড ১ আং) বিস্তৃত ক্ষতে কখনই লাগাইবে না।

আময়িক প্রয়োগ। কেন্সার্, লেপ্রা, সোরায়েসিস্, ইম্পিটাইগো আদি রোগে ডাং নেলিগেন্‌বলেন লাইকর্ আর্সেনিকেলিস্ ২ ড্রাম, পটাসি আইয়োডাইড্ $\frac{1}{2}$ ড্রাম, সিরাপ ২ ড্রাম, জল ৪ ড্রাম মিশ্রিত করতঃ উহার ১ কি ২ ড্রাম পরিমাণে জলের সহিত দিবসে ২। ৩ বার বিধেয়।

টিনিয়া কেপিটিস্ রোগে ডাং নেলিগেন্ ইহা অল্পমাত্রায় ব্যবহার করিতে অনুমতি দেন।

Ferri Arsenias. Arseniate of Iron.

ফের্রি আর্সেনিয়াস্। আর্সেনিয়েট্ অব্ আয়রণ্।

মাত্রা। $\frac{1}{16}$—$\frac{1}{2}$ গ্রেণ।

ক্রিয়া। আলটারেটিব্, টনিক্। চর্ম্মরোগ সকলে রক্তাল্পতা বর্ত্তমান থাকিলে ইহা দ্বারা উপকার হয়।

আময়িক প্রয়োগ। এলিফেন্‌টাইসিস্, একজিমা, সোরায়েসিস্, লেপ্রা, লুপাস্ লাইকেন্ আদি বহুবিধ চর্ম্মরোগে ব্যবহৃত হইতে পারে।

Calcii phosphas. Phosphate of Lime.

ক্যাল্সিয়াই ফস্ফাস্। ফস্ফেট্ অব্ লাইম্।

মাত্রা। ১০—২০ গ্রেণ।

ক্রিয়া। অল্টারেটিব্ ও এন্টাসিড্।

আময়িক প্রয়োগ। স্ক্রফিউলা ও স্ক্রফিউলা জনিত আল্সার্ এবং ডাইরিয়া রোগে ৬—১০গ্রেণ মাত্রায় প্রত্যহ সেবন করিলে যথেষ্ট উপকারদর্শে। ইহা আহারীয় বস্তুর সহিত মিশ্রিত করিয়া ব্যবহার্য্য।

ক্রণিক্ সিফিলিটিক্ আল্সারে, ৮—২০ গ্রেণ মাত্রায় খাদ্য বস্তুর সহিত মিশ্রিত করিয়া প্রত্যহ বিধান কর্ত্তব্য।

সাধারণতঃ ছেলেদের রিকেট্স্ (Rickets) নামক পীড়ায় শরীর হইতে লাইমের ভাগ ন্যূন হইয়া যায়, তদবস্থায় ফস্ফেট্ অব্ লাইম্ ব্যবহার করা যায়। কেহ কেহ বলেন, ইহার ফল নিশ্চয়রূপে নির্দ্ধারণ করা যায় না কিন্তু ডাং বার্ড্ তাঁহার চিকিৎসায় ইহার প্রশংসা করিয়া থাকেন এবং ৫—১০ গ্রেণ মাত্রায় চক্ মিক্‌চারের সহিত ব্যবহার করেন। ইহার সহিত কড্লিভার, অয়েল মিশ্রিত করিয়া ব্যবহার করিলে আরও উপকার দর্শে। অস্থির কোন স্থান ভগ্ন হইয়া গেলে, সেই ভগ্ন স্থানে শীঘ্র জোড়া লাগান অভিপ্রায়ে অর্থাৎ কেলাস্ নির্ম্মাণ জন্য প্রযোজ্য।

শরীরের দৌর্ব্বল্যাবস্থায় ও অধিক দুগ্ধ নিঃসরণ হেতু দুর্ব্বলতায় ডাংবিংগার অত্যন্ত প্রশংসা করেন। যে সমস্ত লোক সর্ব্বদা অধিক জনাকীর্ণ স্থানে বাস করিয়া, কিম্বা অধিক পরিমাণ পরিশ্রমে নিস্তেজ হইয়া পড়ে, ইহা তাহাদের জন্য বিশেষ উপকারী এবং ফস্ফেট্ অব্ লাইম্ ১ গ্রেণ, ফস্ফেট্ অব্ আয়রণ ১ গ্রেণ, কার্ব্বনেট্ অব্ লাইম্ ১ গ্রেণ মিশ্রিত করিয়া ব্যবহার করিবে।

লিউকোরিয়া, ক্রনিক্ ব্রংকাইটিস্, ও বৃহৎ এব্সেস্ (Large abscess) হইতে অধিক নিঃসরণ লাঘবার্থে সর্ব্বদা ব্যবহার্য্য।

Sarsæ Radix. Jamaica Sarsaparilla.

সার্জ্জিরেডিক্স্। জ্যামেকা সার্জা পেরিলা।

প্রয়োগরূপ ৩ টী।

১। ডিককশন্ অব্ সার্জা পেরিলা। মাত্রা ২—১০ আং।

২। কম্পৌণ্ড্ ডিক্কক্শন অব্ সার্জা পেরিলা। মাত্রা ২—১০ আং।

৩। লিকুইড্ একষ্ট্রাক্ট্ অব্ সার্জা পেরিলা। মাত্রা ২—৪ ড্রাম্।

ক্রিয়া। অল্টারেটিব্ টনিক, ডায়েফরেটিক্। ব্যবহারার্থে ইহার সিম্পল্ ও কম্পৌণ্ড্ ডিককশনটী সর্ব্বদা ব্যবহার্য্য কিন্তু একষ্ট্রাক্ট্ ও ব্যবহারার্থ মন্দ নয়। কেহ কেহ বলেন, পূর্ব্বে ইহার উপকারিত্ব বিষয়ে অনেকেরই দৃঢ় বিশ্বাস ছিল; কিন্তু ইদানীন্তন তাহা দূরীভূত প্রায়, তথাচ সে বিশ্বাস বোধ হয় অন্ধ বিশ্বাস। সিফিলিটিক্ কেকেক্শিয়া, অথবা অধিক দিন পারদ ব্যবহার বশতঃ শরীর নিস্তেজ হইয়া পড়িলে সার্জা পেরিলা, অধিকাংশ সময় আমাদের অবলম্বন।

আময়িক প্রয়োগ। সিফিলিস্ (Syphilis) বা উপদংশ রোগে, পূর্ব্বে ইহাকে স্পেসিফিক্ ঔষধ বলিয়াই গণনা করিত কিন্তু ইদানীন্তন চিকিৎসক গণ তত মূল্যবান বলিয়া স্বীকার করিতে চান না কিন্তু সার্ব্বাঙ্গিক উপদংশ জনিত, কি সর্ব্বদা পারদ ব্যবহারের জন্য শরীর নষ্ট হইলে সর্জা, অতি যোগ্যতার সহিত ব্যবহৃত হয়। প্রয়োজনানুসারে ইহার সহিত পটাসি আইওডাইড্, এসিড্ নাইট্রিক্ ডিল্ আদি ঔষধ মিশ্রিত করা যায়। সিফিলিটিক্ সোর্থ্রোট্ কি অন্যান্য সিফিলিটিক আল্সারে ও প্রয়োগ করাযায়। অনেকে বলেন ইহা দ্বারা বিলিয়ারি ও ডাইজেষ্টিব্ অর্গেন্সের সুস্থ অবস্থা আনয়ন করে।

বৃদ্ধলোক দিগের অধশাখায় মর্টিফিকেশন্ উৎপন্ন হইলে, যখন সিঙ্কোনা সহ্যনা হয়, তদবস্থায় ডিকক্শন্ সার্জার সহিত ডাইলিউট্ নাইট্রিক্ এসিড্ ব্যবহার করা যায়।

ডাং উইল্শন্ ও ডাং ফিলিপ্স্ আদি চিকিৎসকগণ পুরাতন যাকৃতিক পীড়া সকলে অত্যন্ত সমাদরে ব্যবহার করিয়া থাকেন। ইহার লিকুইড্ একষ্ট্রাক্ট ব্যবহার্য্য।

সিফিলিটিক্ কারণে পুরাতন বা ক্রনিক্ রিউমেটিজম্ রোগে, অথবা তৎসহ অত্যন্ত দুর্ব্বলতা থাকিলে, নাইট্রিক্ এসিড্, পটাসি আইওডাইড্, ও ওপিয়ম্ সহ ব্যবহার করিলে পরিবর্ত্তক, বলকারক, ও ঘর্ম্মকারক হইয়া উপকার করে।

পুরাতন চর্ম্ম রোগ ও কফ রোগে, কম্পৌণ্ড ডিকক্‌শন্ বা একষ্ট্রাক্ট্ ব্যবহার করিলে উপকার দর্শে। বিশেষতঃ তৎসহ উপদংশ পীড়া থাকিলে আরও উপকার করে।

R

Liqd Ext. of Sarsapari—ʒ ii

Pot. Iodide—gr. iv.

Spt. Rectified—*m* xx

Dict Hemedesmus ad—℥ i

Mix. send 12 such, *one chatack for a dose,* one dose thrice daily.

Sassafras Radix. Sassafras Root.

সাসাফ্রাস্ রেডিক্স। সাসাফ্রাস্ রুট্।

ক্রিয়া। অল্টারেটিব্ টনিক্ এবং ডায়েফরেটিক্। ইহার ক্রিয়া ও ব্যবহার প্রায় সার্জাপেরিলার ন্যায়। ভলেটাইল্ অয়েলের উপর ইহার ক্রিয়া নির্ভর করে। সাসাফ্রাস ১ আং জল ২০ আং দ্বারা ইহার ইন্‌ফিউশন্ প্রস্তুত করিয়া ব্যবহার করা যায়।

প্রায় সর্ব্বদা সার্জার সহিত একত্র করিয়া ব্যবহার করা হয়। ইহার ভিতর শতকরা প্রায় ৯ ভাগ সাসাফ্রিণ্, ৫ ভাগ ট্যানিন্ আছে।

আময়িক প্রয়োগ। কনষ্টিটিউশনেল্ সিফিলিস্, স্কর্‌ভি, এবং নানা প্রকার স্কিন্ ডিজিজে, ক্রণিক রিউমেটিজম্ আদি নানাবিধ পীড়ায় ব্যবহার্য্য। একক প্রায় দেওয়া হয় না।

Morrhuœ Ollium. Cod-liver oil.

মর্হি ওলিয়ম্। কড্‌লিভার্ অয়েল্।

মাত্রা। ১—৮ ড্র

ক্রিয়া। টণিক্, অল্টারেটিব্, নিউট্রিয়েন্ট্। বহুকাল হইতে জার্ম্মেনি ও হলণ্ড দেশে, বাত এবং গণ্ডমালা পীড়ার জন্য ব্যবহৃত হইয়া আসিতেছে।

১৭৭১ খৃঃ অব্দে ডাং পার্সিভেল্ প্রথমতঃ পুরাতন বাতের জন্য ইংলণ্ডে প্রচার করেন এবং তৎপর মাঞ্চেষ্টার নগরেও প্রয়োগ প্রচলিত হইয়া উঠে। ১৮৪১ খৃঃ অব্দেঃ ডাং বেনেট্ দ্বারা ইহার ক্রিয়া সম্বন্ধে বিশেষরূপ নির্দ্ধারণ হয়, ও তাহার পর হইতেই টিউবাকুলার ডিজিজে বিশেষ যোগ্যতার সহিত ব্যবহৃত হইতেছে। এমন কি ১৮৫৩ খৃঃ অব্দ, সুধু একবৎসরে অন্যূন ছয়শত গেলন্ কড্‌লিভার্ অয়েল্, কন্‌জাম্প্‌শন্ ও চেষ্ট্ ডিজিজ জন্য মাত্র লণ্ডন হস্‌পিটালে প্রয়োগ হইয়া ছিল।

একটী সুবিজ্ঞ ডাক্তার পরীক্ষা দ্বারা পেল্ কড্‌লিভার্ অয়েলের ভিতর প্রত্যেক ১০০ ভাগে নিম্নলিখিত জিনিস সকল পাইয়াছিলেন—গেডিউইন্, ৭৪; মারগেরিক্ এসিড্, ১১·৭৫, গ্লাইসিরিন্, ১০·১৭; বিউটিরিক্ এডিস্, ·০৭; এসিটিক্ এসিড্ ·০৪; নানাপ্রকার পৈত্তিক পদার্থ প্রায়, ·৩২; আইওডিন্, ·০৩৭; ক্লোরিণ্ ও ব্রোমিন্, ·১৪৮, ফস্‌ফরাস্, ফস্‌ফেরিক্ এসিড্, সাল্‌ফিউরিক্ এসিড্, মেগ্নেশিয়া, লাইম্, সোডা ইত্যাদি, ·০২১;

ব্যবহারার্থ সাধারণতঃ ৩ প্রকারের কড্‌লিভার অয়েল্ ব্যবহৃত হইতে পারে। (১) পেইল্ কড লিভার অয়েল্। (২) লাইট্ ব্রাউন্ কড্‌লিভার অয়েল্। (৩) ডার্ক ব্রাউন্ কড্ লিভার্ অয়েল, কিন্তু পেইল্ কড্ লিভারই অধিক উপকারী ও ব্যবহারার্থে সর্ব্বদা ব্যবহার্য্য। ইদানীন্তন চিকিৎসকগণ মল্‌টিন্ কড্‌লিভার অয়েলকে যথেষ্ট প্রশংসা করিয়া থাকেন।

কড্ লিভার অয়েল ব্যবহার করিলে ক্ষুধা বৃদ্ধি হয়, পরিপাক শক্তি বর্দ্ধিত হয়, অথচ আহার্য্য বস্তু দ্বারা অতি সহজে শরীরের কার্য্য বৃদ্ধি হইতে থাকে। ক্রমে শরীর হৃষ্টপুষ্ট ও বলিষ্ট হইয়া উঠে, রক্তের সারাংশ সকল সংশোধিত ও বিবর্দ্ধিত হয়। অল্প কাল মধ্যেই কলেবর, নূতন মূর্ত্তি ধারণ করে অথচ শরীরের ভার বৃদ্ধি হয়। কড্‌লিভার অয়েল্ দ্বারা কি প্রকারে উপরোক্ত মহৎ কার্য্য সকল সুসম্পন্ন হয়, এখন পর্য্যন্ত তদ্বিষয় পরিজ্ঞাত হওয়া যায় নাই। ডাং বেনেট্ বিবেচনা করেন, ইহা দ্বারা লিম্ফেটিক্ গ্লেণ্ড্ ও লিম্ফাটিক্ ভেসলস্ সকল উত্তেজিত হইয়া কেপিলারি সিষ্টেমের কার্য্য বৃদ্ধি করে; সুতরাং অল্পকাল মধ্যেই শরীর তৈলপূর্ণ ও বলীষ্ঠ হইয়া পড়ে। লাইকর পটাস্ সংযোগ করিলে ক্রিয়া মৃদু হয়। কিন্তু ক্রমে প্রায় ৬ মাস পর্য্যন্ত ইহা ব্যবহার না করিলে বিশেষ গুণ উপলব্ধি হয় না।

কড্‌লিভার প্রয়োগের পর, বাহ্যি পরিষ্কার হয়, ক্ষুধা বৃদ্ধি পায়, শরীর গরম ও ঘর্ম্মযুক্ত হয় এবং কোন কোন সময় মূত্র কারক ক্রিয়া ও প্রকাশিত হয়।

(১) ইহার কদর্য্য আস্বাদ নিবন্ধন অধিকাংশ রোগী কড্‌লিভার অয়েল সেবন করিয়া বিবমিষা অথবা বমন দ্বারা দুর্ব্বল হয়, তন্নিবারণার্থ অরেঞ্জ ওয়াইন্, অরেঞ্জ্, লিমন্‌জুস্, বা টিং অরেন্সিযাই সহিত অল্প পরিমাণ নাইট্রিক্ এসিড্ ও সিরাপ্ মিশ্রিত করা কর্ত্তব্য। (২) কোন প্রকার সুগন্ধি জলের সহিত ও ব্যবহার্য্য। (৩) টিং কার্ডেমম্ ও অন্যান্য ঔষধ সহইমলশন রূপে ও ব্যবহৃত হয়। (৪) গরম দুগ্ধের সহিতই সর্ব্বদা ব্যবহার্য্য। (৫) প্রথমতঃ ১ ড্রাম পরিমাণে মাত্রা নির্দ্ধারণ করতঃ, তৎপর ক্রমে ৪ ড্রাম পর্য্যন্ত বৃদ্ধি করা ও কোন হানি জনক নয়। (৬) আহারের অব্যবহিত পরই বিধান কর্ত্তব্য এবং তৎপর সুন্দররূপ বিশ্রাম নেওয়া যুক্তি সঙ্গত। ইহা ব্যবহারে কখন কখন ডায়েরিয়ার লক্ষণ প্রকাশ পায়।

ওলিভ্ অয়েল্, কোকনাট্ অয়েল্ গ্লীসরিন, ও অন্যান্য মৎস্যের তৈল ও কড্‌লিভার অয়েলের পরিবর্ত্তে ব্যবহার করা যায় কিন্তু ইহার একটী ও কড্‌লিভারের তুল্য নয়।

আময়িক প্রয়োগ। স্ক্রফিউলা, স্ক্রফিউলাস্ ডায়েথিসিস্ এবং অন্যান্য প্রকার যথা—স্ক্রফিউলাস্ গ্লেণ্ডুলার্ এন্‌লার্জমেণ্ট্স্, স্ক্রফিউলাস্ ডিজিজেস্ অব্ দি স্কীন্, স্ক্রফিউলাস্ এফেক্‌শন্ অব্ দি জয়েণ্টস্ এণ্ড্ বোন্স্, এব্‌সেসেস্, স্ক্রফিউলাস্ ওজিনা, অটরিয়া, এবং অপ্‌থাল্‌মিয়া ইত্যাদি গণ্ডমালা জনিত নানাবিধ উপদ্রবে এ পর্য্যন্ত কড্‌লিভার অয়েলের তুল্য আর কিছুই নয়।

Phthisis বা থাইসিস্ রোগে এপর্য্যন্ত যত প্রকার ঔষধ ব্যবহৃত হইতেছে উপকারিতা বিষয়ে কড্‌লিভার অয়েল, প্রায় সকল কেই অপদস্থ করিয়াছে। নানা দেশীয় বহুদর্শী চিকিৎসকগণ একবাক্যে ইহার উপকারিতা স্বীকার করিয়াছেন। যখন ফুস ফুস মধ্যে গহ্বর উৎপন্ন ও প্রদাহ লক্ষণ উৎভব হইয়া রোগী নিতান্ত জড়ীভূত হইয়া পড়ে, অথবা হিম্প্‌টিসিস্, বা উৎকাশির সহিত রক্ত বহির্গত হইতে থাকে, জ্বরের লক্ষণ সহজে তিরোহিত হইতে চায় না।

অবস্থায় উক্ত লক্ষণ সকল দূরীকৃত করিয়া তৎপর কড্‌লিভার অয়েল ব্যবহার কর্ত্তব্য।

টেবিস্ মেসিন্টি্কা রোগে ইহার ব্যবহার বড়ই আশ্চর্য্য উপকারী। প্রথমতঃ মর্দ্দন রূপে উদর প্রদেশে ব্যবহার করিবে। তৎপর আভ্যন্তরিক ব্যবহার করিতে থাকিবে, অতি অল্পসময় মধ্যেই শরীর নিরোগ হইয়া আসিবে।

রিকেট্‌স্ রোগে কড্‌লিভার অয়েল দ্বারা মহান উপকার দর্শে। ডাং বেনেট্ বলেন ইহা ব্যবহারের ১০। ১২ দিন পর হইতেই, শরীর পরিবর্তিত হইয়া উঠে এবং রোগের প্রার্থর্য্য বিবেচনায় ৫। ৬ সপ্তাহ মধ্যেই আরোগ্য পথে পঁহুছে। প্রথমতঃ ½ ড্রাম হইতে ২ ড্রাম মাত্রায় ব্যবহার কর্ত্তব্য।

ক্রণিক্ হাইড্রোকিফেলাস্, কোরিয়া, এপিলেপ্‌সি, পেরালিসি এজিটেন্স, মার্ক্যুরিয়েল্ ট্রিমার্, এবং নানা প্রকারের নিউরালজিয়া রোগেও ইহার ব্যবহার উপকার জনক।

ক্রণিক রিউমেটিজম্ ও অপ্‌থাল্‌মিয়া রোগে বহুকাল হইতে কড্‌লিভার্ অয়েল ব্যবহৃত হইতেছে এবং ইহার উপকারিত্ব প্রায় অধিকাংশ চিকিৎসক স্বীকার করিয়াছেন।

নানা প্রকার কারণ জনিত এট্রাফি, লেরিঞ্জিস্মাস্ ট্রিডিউলাস; হুপিং কফ্, ও অন্যান্য প্রকারের আক্ষেপিক কফরোগে ও অনেকানেক চিকিৎসক কড্‌লিভার অয়েল ব্যবহার করিতে অনুমতি দেন।

এনিমিয়া রোগে, রোগ যে কারণ বশতঃই উৎপন্ন হউক, কড্‌লিভার্ অয়েল দ্বারা রক্ত সৃজন করিয়া উপকার করে, কিন্তু আইওডাইড্ অব্ আয়রণ বা সিরপ্ ফেরি আইওডাইড্ মিশ্রিত করিলে ক্রণিক কনষ্টিপেশন্ অব্ চিল্‌ড্রেন্, ডায়েবিটিস্, এক্‌জিমা, লেপ্রা, সোরায়েসিস্, রিংওয়ার্ম্ম্, পেম্ফিগাস্, প্রুরাইগো, লুপাস্ আদি নানাবিধ চর্ম্ম রোগ সকল যে কোন কারণে উৎপন্ন হউক, কড্‌লিভার অয়েল্ দ্বারা যথেষ্ট উপকার হয়।

Sodii Iodidum. | Iodide of Sodium.

সোডি আইওডাইডম্। | আইওডাইড্ অব্ সোডিয়ম্।

মাত্রা। ৩—১০ গ্রেণ্।

ক্রিয়া ও ব্যবহার। ইহার ক্রিয়া ও ব্যবহার প্রায় আইওডাইড্ অব্ পটাসিয়মের ন্যায়। কিন্তু তদপেক্ষা অনেক মৃদু অথচ অধিক মাত্রায় কোন অসুখ উৎপন্ন করে না। নানা প্রকারের উপদংশীক পীড়ায় ব্যবহৃত হইতে পারে।

লেড্ পয়জেনিং রোগে ইহা আইওডাইড্ অব্ পটাশিয়ম্ অপেক্ষা ব্যবহারে সুবিধা ও অনুপকারী নয়।

Sodii Bromidum. — Bromid of Sodium.

সোডা ব্রোমাইডম্। — ব্রোমাইড্ অব্ সোডিয়ম্।

মাত্রা। ১০ ৩০ গ্রেণ।

ক্রিয়া। ইহার ক্রিয়া ও ব্যবহার ব্রোমাইড্ অব্ পটাসিয়মের ন্যায় কিন্তু তাহা হইতে অনেক অনুগ্র ও সুবিধাজনক হইতে পারে। ব্রোমাইড্ অব্ সোডিয়ম্ ব্যবহারে পাকাশয়ে বিশেষ উগ্রতা প্রকাশ করে না।

Acidum Hydrobromicum Dilutum. — Dilute Hydrobromic. Acid.

এসিডম্ হাইড্রো ব্রোমিকম্ ডাইলিউটম্। — ডাইলিউট্ হাইড্রোব্রোমিক্ এসিড্।

মাত্রা। ১৫—৫০ মিনিম্।

ক্রিয়া। অল্টারেটিব্ ও নার্ভাস্ সিডেটিব্। ফলতঃ ইহার ক্রিয়া অধিকাংশই ব্রোমাইড্ অব্ পটাশিয়মের ন্যায়। কুইনাইন্ দ্রবকরণার্থ ও ব্যবহৃত হয়। কুইনাইন্ সেবন করিয়া, মাথা বেদনা, মাথা ঘূর্ণনাদি উপদ্রব উপস্থিত হইলে হাইড্রো ব্রোমিক এসিড্ দ্বারা তাহা উপসমিত হয়।

আময়িক প্রয়োগ। এপিলেপ্সি, হিষ্টিরিয়া, নিউর‍্যাল্জিয়া, নার্ভাস্ একজাস্শন্, পাল্পিটেশন্ অব্ দি হার্ট, এনিমিয়া, এবং গর্ভাবস্থায় বমন নিবারণার্থ ব্যবহৃত হয়।

Chrysarobinum. — Chrysarobin.

ক্রাসরোবিনাম্। — ক্রাইসোরবিন।

সিনোনিমস্। এরারোবা পাউডার্, গোয়া পাউডার্।

মাত্রা। ½—২ গ্রেণ্।

প্রয়োগ রূপ।

১। অঙ্গুয়েণ্টম ক্রাইসোরোবিন্।

২০ গ্রেণে বেঞ্জোয়েটেড্ লার্ড ৪৮০ গ্রেণ।

ক্রিয়া ও ব্যবহার। পরিবর্ত্তক। বাহ্য প্রয়োগার্থ সর্ব্বদা ব্যবহৃত হয়। ব্যবহারে চর্ম্মে উত্তেজনা উদ্ভব হয় এবং পেরাসাইড্ বিনষ্ট করে। বিস্তৃতরূপে লাগান কি মস্তকে ব্যবহার করা কর্ত্তব্য নয়। চর্ম্ম ও বস্ত্রাদি বিবর্ণ করিয়া অর্থাৎ কালোবর্ণ ধারণ করে কিন্তু তাহা স্থায়ী নয়। একজিমা সোরায়েসিস্, রিংওয়ার্ম্ম, একনি আদি বিবিধ চর্ম্মরোগে মলম আকারে বাহ্যিক ব্যবহার্য্য। কিন্তু রিংওয়ার্ম্মে ইহা অমোঘ।

Hemidesmi Radix. Hemidesmus Root.

হেমি ডেস্মাই রেডিক্স্। হেমিডেস্মাস্ রুট।

সাধারণতঃ ইহাকে ইণ্ডিয়ান সার্জাপেরিলা বলে। বা অনন্ত মূল।

প্রয়োগ রূপ।

১। সিরাপ অব্ হেমিডেস্মিস। মাত্রা—১ ড্রাম।

ক্রিয়া। অল্টারেটিব্-টনিক্, ডাইউরেটিক্, ডায়েফরেটিক্। ইহাকে দেশীয় সাল্সা নামে পরিচয় দেওয়া যায়। এদেশীয় ডিস্-পেন্সেরিতে সুলভ বলিয়া সর্ব্বদা ব্যবহৃত হইতেছে। সাধারণতঃ ডিককৃশন্ রূপেই প্রয়োজ্য (হেমিডেস্ মাস্ ২½ আং জল ১ পাইণ্ট সিদ্ধ করিবে) অনেকানেক চিকিৎসক ইহার ব্যবহারে সুখী হইয়াছেন। শরীরে বল বিধান করিয়া ক্রমে ক্ষুধা বৃদ্ধি করে, কিন্তু হেমিডেস্মিস্ ও একটী ভলেটাইল্ অয়েলের উপর ইহার কার্য্য নির্ভর করে। সার্জা শীতঋতু অপেক্ষা, গরম সময়ে অধিক কার্য্যকারী হয়।

আময়িক প্রয়োগ। ক্রণিক রিউমেটিজম্ ও সিফিলিটিক্ পীড়ায়, ইহার ইনফিউশন্ প্রতি নিয়ত অত্যন্ত সমাদরে ব্যবহার করিয়া থাকি। (হেমিডেস্ মাস ১ আং জল এক পাইণ্ট; ফুটিত জলে ভিজাইয়া রাখিলেই প্রস্তুত হইতে পারে।) আইওডাইড্ অব্ পটাশিয়মের সহিত ব্যবহৃত হইতে

পারে। প্রাইমারি সিফিলিস্ রোগেও নিম্নলিখিত মতে অনেকে ব্যবহার করিয়া থাকেন যথা—লাইকর হাইড্রর্জ্জিরাই পারক্লোরিডাই ১ বা ২ ড্রাম ডিক-কৃটম্ হেমিডেস্ সিস্ ১ আং; ১ আউন্স্ মাত্রায় দিবসে ২। ৩বার বিধেয়। অথবা পটাসি আইওডাইড্ ৫ গ্রেণ, একষ্ট্রাক্ট সার্জ্জালিকুইড্ ১ ড্রাম ইন্‌ফিউজম্ হেমিডেস্ মিস্ ৯ আং, ১ আং মাত্রায় দিবসে ২। ৩ বার প্রায়োজ্য। অত্যন্ত শর্দ্দির লক্ষণ হইলে স্প্রীট্ এমোন্ এরোমেট্ সহ অথবা সামান্য পরিমাণ টিংওপিয়ম্ বা বেলা ডোনার সহিত মিলাইলে শর্দ্দির যাতনা তিরোহিত হইবে।

নানাবিধ চর্ম্মরোগেও সর্ব্বদা ব্যবহার করা যায়। ডনভান্স্ সল্যুশন্ ২০ কি ২৫ ফোটা ডিককৃশন হেমিডেস্ মাস্ ১ আং মিলাইয়া দিবসে ব্যবহার করিলে অত্যন্ত উপকার দর্শে। ইহার মধ্যে পারদ ও আইওডিন উভয়ই আছে বলিয়া রোগীকে লঘু আহার ব্যবস্থা করিবে। আমিস সেবন করিতে নিষেধ করা কর্ত্তব্য এবং লবণ অল্পপরিমাণে ব্যবহার করিতে বিশেষ ক্ষতির সম্ভাবনা নাই, অর্থাৎ সার্জ্জাপেরিলা ব্যবহার করিতেও ঠিক এই প্রকারের নিয়মানুসারে ব্যবহার করা কর্ত্তব্য।

আমাদের দেশীয় বহুল শিশুদিগকে ক্ষীণ ও দুর্ব্বল অবস্থায় অনেক দিন অতিবাহিত করিতে দেখা যায়, সুতরাং তাহাদের জন্য ইহার ইন্‌ফিউশন্ ২। ৩ আং বেশ উষ্ণ অবস্থায় চিনি ও দুগ্ধের সহিত মিশ্রিত করিয়া ঠিক টি বা চায়ের ন্যায় প্রত্যহ প্রাতে সেবন করাইলে মহান্ উপকার দর্শে। সেবনে বেশ্ রুচিকর বলিয়া সর্ব্বসাধারণ পক্ষেও বিশেষ ফলপ্রদ।

সার্জ্জার সহিত অনন্ত মূল ব্যবহার করিয়া কিছু অধিক দিনের ঔষধ প্রস্তুত করিতে অল্প পরিমাণে স্প্রীটের সহিত মিশ্রিত না করিলে অতি সহজে পঁচিয়া উঠে ও সেবনে দুর্গন্ধ হয়।

Taraxaci Radix — Dandelion Root.

টেরাক্‌সেস্ সাইরেডিক্‌স্ — ডেণ্ডেলিয়ন্ রূট্।

প্রয়োগরূপ ৪ টী।

১। ডিককৃশন্ অব্ ডেণ্ডেলিয়ন্। মাত্রা। ২—৪ আং।

২। লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ ডেণ্ডেলিয়ন্। মাত্রা। ৫—৩০ গ্রেণ্।

৩। একষ্ট্রাক্ট্ অব্ ডেণ্ডেলিয়ন্। মাত্রা। ½—২ ড্রাম্।

৪। জুস্ অব্ ডেণ্ডেলিয়ন্। মাত্রা। ১—২ ড্রাম।

ক্রিয়া। অল্‌টারেটিব-টনিক্, ডাইউরেটিক্, ডায়েফরেটিক্, ষ্টমাকিক কোলেগগ্, কেথার্টিক্। ইহার কার্য্য সাধারণতঃ লিভারকেই অধিক আশ্রয় করে, এবং যথেষ্ট পরিমাণ পিত্ত নিস্থত করিয়া প্রায় মার্ক্যুরির অনুরূপ কার্য্য করে। কেহ কেহ বলেন, লিভারের উপর ইহার বিশেষ ক্রিয়া নাই কিন্তু সে বিষয়ে এখনও মতভেদ রহিয়াছে। যাহা হউক বহুদর্শিতা দ্বারা এই মাত্র জ্ঞাত হওয়া যায় যে লিভারের নানা প্রকার অবস্থায় নিয়মিত মত পিত্ত নিঃসরণ লাঘব হইলে ব্যবহার করিয়া যথেষ্ট উপকার প্রাপ্ত হওয়া যায়। টেরাক্‌সেসিন্ নামক একটী তিক্ত পদার্থের উপর ইহার কার্য্য নির্ভর করে।

আময়িক প্রয়োগ।—লিভারের কার্য্য ব্যতিক্রম বশতঃ ডিস্‌পেপশিয়া উৎপন্ন হইলে টেরাক্সিকম দ্বারা বিশেষ উপকার দর্শে। ছেলেদের ডিস্‌পেপশিয়া বা অগ্নিমান্দ্য রোগেও আদরের সহিত ব্যবহৃত হয় যথা—সোডা বাইকার্ব্ব ২৫ গ্রেণ, একষ্ট্রাক্ট টেরেক্সিসাই ৬০ গ্রেণ, টিং বিয়াই ১ ড্রাম ইন্‌ফিউশন্ কলম্বা ১১ ড্রাম একোয়া কারুই ৬ ড্রাম, মাত্রা ২ ড্রাম পর্য্যন্ত। টেবিস্ মেসেণ্টেরিকা রোগে অনেকে ব্যবহার করিতে অনুমতি দেন।

লিভারের ক্রণিক্ ইন্‌ফ্লামেশনে টেরাক্সিকম্ অত্যন্ত প্রশংসনীয় এবং ডাং উইল্‌শন্,ফিলিপ্‌স্ আদি বহুবিধ চিকিৎক ইহার গুণ গান করিয়াছেন। লিভারের ইণ্ডোলেণ্ট্ এন্‌লার্জমেণ্ট্ অবস্থায়, নিম্নলিখিত মতে পিল্ প্রস্তুত করিয়া ব্যবহার কর্ত্তব্য—এক্‌ষ্ট্রাক্ট টেরাক্সি ৩৪ গ্রেণ; এক্‌ষ্ট্রাক্ট এলোজ ১২ গ্রেণ, একষ্ট্রাক্ট কলোসিন্থ ৬ গ্রেণ, পাল্ভ্ ইপিকাক ৬ গ্রেণ, একত্র মিশ্রিত করিয়া ১২ টী পিল্ প্রস্তুত করিবে এবং দিবসে ২ কি ৩ বার ব্যবহার করা যায়। এবং এতদ্ব্যতীত লিভারের উপরে লাইকর লিটি দ্বারা একটী ব্লিষ্টার উৎপাদন করাইয়া কিছু দিন রাখা কর্ত্তব্য।

নানাপ্রকার ক্রনিক এফেক্‌শন অব্ দি লিভার, এবং জণ্ডিস রোগে, এমনকি ½ ড্রাম মাত্রায় দিবসে ২। ৩ বার ব্যবহার করিয়া অত্যন্ত উপকার

লাভ করা যায় কিন্তু প্রয়োজনানুসারে প্রত্যেক ডোজে ১০ কি ১৫ ফোটা ডাইলিউট নাইট্রো মিউরিয়েটিক্ এসিড্, ১০ কি ১৫ গ্রেণ ক্লোরাইড্ অব্ এমোনিয়া অথবা ১ কি দেড় ড্রাম মাত্রায় একষ্ট্রাক্ট কেস্কেরিলা সেকাবেটা মিশ্রিত করিলে আরও উপকার হইবে। পিত্ত নিঃসরণ এবং লিভারের ক্রিয়া পরিবর্ত্তন করিয়া উপকার করে।

ক্রণিক্ রিউমেটিক্ গাউট্ রোগে অনেকে ইহার সমাদর করেন এবং প্রাতে আহারের পূর্ব্বে ব্যবহার্য্য। অথবা প্রয়োজন মত ইহাতে ইনঃ জেন্শিয়েন্, টিং রিয়াই, ডিঃ এলোঃ এবং এল্ কেলিজ্ মিশ্রিত করা কর্ত্তব্য।

থাইসিস্, ডিস্মেনোরিয়া, ক্রনিক কিউটেনিয়াস্ ডিজিজ্ সকলে নানাবিধ উদ্দেশ্যে ব্যবহৃত হয়।

Mezerei Cortex	Mezereon Bark.
মেজিরিয়াই, কর্টেক্স্।	মেজিরিয়েন্ বার্ক।

প্রয়োগরূপ ১ টী।

১। ইথরিয়েল্ একষ্ট্রাক্ট অব্ মেজরিয়ন্।

ক্রিয়া। অল্টারেটিব্, ষ্টিমুলেন্ট, ডায়েফরেটিক্, ডাইউরেটিক্, বাহ্য প্রয়োগে ইরিটেন্ট্ ও ভেসিকেন্ট্। সার্জ্জাপেরিলার সহিত মিশ্রিত করিয়াই প্রায় ব্যবহৃত হয়। (মেজিরিয়ন ২ ড্রাম, লিকরিস্ রুট্ ৪ ড্রাম, একোয়া ২ পাইন্ট্ একত্র করিয়া উত্তাপে ফুটাইলে এবং ½ পাইন্ট্ থাকিতে নামাইলে ডিককৃশন্ হইবে।) ইহার কার্য্যের স্থিরতা নাই, কোন কোন সময়, সহজে কোন লক্ষণ প্রকাশ হয় না, পুনবার অন্য সময় সেরিব্রো স্পাইনেল্ সিষ্টেম্ আক্রান্ত হয়, ষ্ট্রেঙ্গুরি উৎপন্ন হয়। অধিক মাত্রায় বমন ও ভেদ উৎপন্ন করে প্রস্রাব অতিশয় কষ্টেরসহিত নির্গত হয়। ফোস্কা করণ অভিপ্রায়ে ইহার ছাল উত্তপ্ত ভিনিগারে ভিজাইয়া চর্ম্মের উপর স্থাপন করতঃ একটী বেণ্ডেজ্ দ্বারা বান্ধিয়া রাখিবে। ফোস্কার ঘা অধিক দিন রাখিতে হইলে সেভাইন্ অয়েন্ট্. মেন্টের পটি ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ। সিফিলিস্, ক্রণিক্ রিউমেটিজম্, লেপ্রা, সোরায়েসিস্ বিশেষতঃ সিফিলিটিক ক্রণিক্ রিণ্ ডিজিজে শরীরের আময়িক অবস্থা পরিবর্ত্তিত করিয়া উপকার করে।

EMMENAGOGUES CLASS.

এমিনেগগস্ ক্লাস্

বা

রজো নিঃসারক ঔষধ শ্রেণী।

যে সমস্ত ঔষধ দ্বারা মেনষ্ট্রুয়েল্ সিক্রিশন্ বা রজো স্রাব উৎপন্ন করে, অথচ তাহাদের বিশোধিত অবস্থাকে সংশোধিত অবস্থায় আনয়ন করে কিম্বা তাহাদের নিশ্রবন অল্প থাকিলে পরিমাণে আধিক্য জন্মায়, সেই সেই ঔষধ দিগকেই এমিনেগগ্ মেডিসিন্স্ বলে।

রজো নিঃসারক ঔষধ সকল স্ব স্ব কার্য্য কারীত্বের তারতম্যানুসারে তিন শ্রেণীতে বিভক্ত। যথা—ডাইরেক্ট্ এমিনেগগ, ইন্‌ডাইরেক্ট্ এমিনেগগ্ ও কনষ্টিটিউশনেল্ এমিনেগগ।

১। ডাইরেক্ট এমিনেগগস্। যে সমস্ত ঔষধ সাক্ষাৎ সম্বন্ধে জরায়ুর উপর কার্য্য প্রকাশ করে যথা-ইলেক্‌ট্রিসিটি, জরায়ুস্থ নার্ভের উপর ষ্টিম্যুলেণ্ট একশন্ করিয়া এবং আর্গট্ অব্ রাই জরায়ুর মাস্‌ক্যুলার ফাইবার্সের উপর ক্রিয়া প্রকাশ করিয়া রজো নিঃসরণ করে। এতদ্ব্যতীত, সেভিন্, বোরাক্স ও সিনেমন্ ইহারাও মৃদু ধরণের এমিনেগগ্ ঔষধ।

২। ইন্ ডাইরেক্ট্ এমিনেগগ্‌স্। সাধারণতঃ অতি বিরেচক ঔষধ সকল, রেক্‌টমের উপর কার্য্য প্রকাশ করিতে, জরায়ু রেক্টমের নিকটস্থ বলিয়া উহার উপর পরম্পরিতরূপে কার্য্য করতঃ রজো নিঃসরণ করে। যথা এলোজ্ ও জ্যালাপ্ ইত্যাদি।

৩। কনষ্টি টিউশনেল্ এমিনেগগ্‌স্। যে সমস্ত স্ত্রীলোক স্বভাবতঃ অত্যন্ত দুর্ব্বল, অথবা এনিমিয়া বা রক্তাল্পতা নিবন্ধন নিয়মিত সময়ে মাসিক ঋতু না হয়, এই শ্রেণীস্থ ঔষধ দ্বারা শরীরে বল বিধান করিয়া, তাহাদের জরায়ু নিয়মিত রূপে কাজ করিতে থাকে। আয়রন্ বা লৌহঘটিত ঔষধ মাত্রেই এই শ্রেণীস্থ।

অনেকানেক বালিকা, সার্ব্বাঙ্গিক দুর্ব্বলতা বশতঃ অনেক সময় উপযুক্ত সময়েও ঋতুমতী হয় না অথবা ইম্‌পার্ফোরেট্ হাইমেন্ জন্যও অনেক সময়

মেন্সিস্ আরম্ভ না হইতে পারে ; এরূপাবস্থায় অত্যন্ত বিবেচনার সহিত বল-কারক আহার, ঔষধ ও হাইমন্ ছিন্ন করিয়া দিলেই নিয়মিত রূপে জরায়ুর কার্য্য আরম্ভ হয়।

সাধারণতঃ ১২। ১৪ কি ১৫ বৎসর হইতে প্রায় ৪০ কি ৪৫ বৎসর বয়স পর্য্যন্ত ঋতু কাল নির্দ্ধারিত আছে। সুতরাং যথাসময়ে ঋতু বন্ধ হইয়া গেলে, অপরিনামদর্শির স্রাব, রজোনিঃসারণার্থ ঔষধ ব্যবহার করিলে, জরায়ু সম্বন্ধে অনেকানেক পীড়া উৎপন্ন হইতে পারে

নিম্নলিখিত ঔষধ সকল রজোনিঃসরণজন্য ব্যবহৃত হয়।

১। আর্গট্।
২। সোভিন্ টপ্‌স্।
৩। রূটা গ্রেভিউলেন্স্।

Ergota. আর্গটা। — Ergot. আর্গট্।

মাত্রা—২০—৩০ গ্রেণ।
প্রয়োগরূপ ৫ টী।

১। লিকুইড্ একষ্ট্রাক্ট অব্ আর্গট। মাত্রা ১০—৩০ মিনিম্।
২। ইন্ ফিউজন্ অব্ আর্গট। মাত্রা ১—২ আং।
৩। টিংচার অব্ আর্গট। মাত্রা ৫—৩০ মিনিম্।
৪। আর্গটিন্। মাত্রা ২—৫ গ্রেণ্।

আর্গটিন্ হইতে

৫। হাইপো ডার্মিক্ ইঞ্জেক্‌শন্ অব্ আর্গটিণ্।
আর্গটিন্ ১০০ গ্রেণ বা ১ ভাগ।
কেম্ফার্ ওয়াটার ২০০ তরল গ্রেণ বা ২ ভাগ।

এই উভয়কে একত্র করিয়া মিশাইবে এবং যখন দরকার সেই সময় প্রস্তুত করা কর্ত্তব্য।

মাত্রা।—সাব্ কিউটেনিয়াস্ ইন্‌জেক্‌শন্ জন্য ৩—১০ মিনিম্।

ক্রিয়া।—এমিনেগগ্, ইউট্রাইন্ মোটার ষ্টিমুলেণ্ট্ এবং ভাস মোটার নার্ভের উত্তেজনা বৃদ্ধি করিয়া আর্টেরির মিডল্ কোট কনট্রাক্ট করিয়া ফেলে সুতরাং রক্তের গতি অবরুদ্ধ হইয়া পড়ে।

একটী সবলকায় যুবকের প্রতি ২০—৩০ গ্রেণ মাত্রায় আর্গট্ প্রয়োগ করিলে, সেবনের অব্যবহিতপরক্ষণেই মুখগহ্বর, ও কণ্ঠ তালু শুষ্ক বোধ হইতে থাকে. অথবা কখনও উদরপ্রদেশে বেদনা অনুভব হয়। অধিক মাত্রায় কতক দিন সেবন করিলে প্রধানতঃ দুইটী স্পষ্ট অবস্থা প্রকাশিত হয় যথা—

১ম। গ্যাংগ্রিনাস্ আর্গটিজম্। (১)

২য়। কন্‌ভল্‌সিব্ আর্গটিজম্।

১ম অবস্থা প্রকাশিত হইবার সময় পেশী সকলের শক্তি লোপ হইয়া যায়, যথেষ্ট দুর্ব্বলতা আনয়ন করে এবং ক্রমে ঊর্দ্ধাধ শাখা চতুষ্টয় শীতল ও গলিত অবস্থায় পরিণত হয়। দ্বিতীয় অবস্থায় সেরিব্রো স্পাইনেল্ সিষ্টেম্ ভয়ানক রূপে আক্রান্ত হইয়া শরীরের নানাস্থানে স্পেজম্ এবং কম্পিত হয় চিন্তাশক্তি, স্মৃতি শক্তি ইত্যাদি বহুবিধ লক্ষণের বিকার উপস্থিত হইয়া, দৃষ্টির জড়তা উৎপাদন করে এবং মানসিক দৌর্ব্বল্য যথোপযুক্ত পরিলক্ষিত হয়।

অধিক মাত্রায় সেবন করিলে ক্রমে বিষলক্ষণ প্রকাশ পাইয়া, নসিয়া, ভমিটীং, ইন্‌টেষ্টাইনেল্ ইন্‌ফ্লামেশনাদি লক্ষণ উৎপন্ন করে; পিউপীল্ ডাই লিউট্ হইয়া পড়ে, শারীরিক অবস্থা ক্রমে পতন অবস্থায় পরিণত হইয়া নাড়ীর গতি ক্ষীণ ও দুর্ব্বল, অবশেষে কোমার অবস্থায় উপনীত হইয়া ডিলি-রিয়মাদি উপস্থিত হয়, অতঃপর মৃত্যুপর্য্যন্ত ও সম্ভবে। একবলিনা ও আর্গটীনা নামক ২টী বীর্য্য থাকা নিবন্ধনই. বিষলক্ষণ সকল অতি দ্রুত প্রকাশিত হয়। একবলিনা নামক বীর্য্যটী মাস্ কিউলার সিষ্টেমের উপর ক্রিয়া প্রকাশ করিয়া মস্তিষ্কের বিপ্লব উৎপাদন করে।

অকাল প্রসব উৎপন্ন করণার্থ আর্গট্ অত্যন্ত বিখ্যাত। ডাঃ রাম্‌স্‌বোথাম্ ২৬ জন গর্ভবতীকে ৮। ৯ মাস সময়ে শুধু আর্গট্ প্রয়োগ করিয়া অতি সন্তোষ জনক উপকার লাভ করিয়াছিলেন। অধিকাংশ জনই জীবিতাবস্থায় ভূমিষ্ট হয় এবং প্রসূতীগণ সকলেই রক্ষা পাইয়াছিল।

নানাবিধ বহুদর্শী চিকিৎসকগণ পরীক্ষা দ্বারা স্থির করিয়াছেন যে, প্রসব বেদনা উপস্থিত করানাভিপ্রায়ে আর্গট্ ব্যবহার করিলে প্রায় অর্দ্ধঘন্টা মধ্যেই

(১) সম্ভবতঃ রক্তবহা নাড়ী সকলের অবরুদ্ধতাই গ্যাংগ্রিন্ উৎপত্তির কারণ।

ইউট্রাইন্ কন্‌ট্রাক্‌শন্ আরম্ভ হয় এবং মাত্রা ভেদে এত আকুঞ্চিত হইতে থাকে যে, পেলবিস্ ডিফর্‌মিটি থাকিলে, ইউট্রাস, রাপ্‌চার্ বা ফাটিয়া যাইতে পারে। কিন্তু আকুঞ্চন বিরাম যুক্ত।

নিম্নলিখিত অবস্থায় আর্গট প্রয়োগ নিষেধ ॥

১। অস্ ইউট্রাই, কঠিন ও শক্ত থাকিলে অবিধেয়।

২। প্রেজেন্‌টেশন্ দেখানাগেলে।

৩। মেল্ প্রেজেন্ টেশন্ থাকিলে নিষিদ্ধ।

৪। পেল্‌ভিক্ কেভিটিব ডিফরমিটি থাকিলে দেওয়া অনুচিত।

৫। কোন প্রকার সার্ব্বাঙ্গিক উত্তেজনা অথবা হেড্ সিম্‌টম্‌স্ থাকিলে অব্যবহার্য্য। যথা জ্বর ও শিরঃপীড়া ইত্যাদি।

৬। কোন প্রকার টিউমার দ্বারা নির্গম দ্বারবন্ধ থাকিলে নিষিদ্ধ।

আর্গট্ ব্যবহার দ্বাবা গর্ভস্থ সন্তানের প্রতি অনেক বিপদের সম্ভাবনা। ইহা ব্যবহারের পরই সন্তানেব হৃদ পিণ্ডের গতি মৃদু হইয়া উঠে। কিন্তু কাহারো প্রতি অনিষ্টের সম্ভাবনা তত নাই। তথাচ আর্গট্ ব্যবহার করিয়া সন্তানের হৃদপিণ্ড অতি সতর্কতার সহিত সর্ব্বদা পরীক্ষা করা আবশ্যক।

আর্গট্ দ্বারা সন্তানেব বিপদের আশঙ্কা ২টী কারণে স্পষ্ট প্রমাণ পাওয়া যায়।

১। ইউট্রাসের মাস্‌কুলার্ ফাইবার্স সকল আর্গট্ দ্বারা প্রতি নিয়ত সংকোচিত হওয়ায়, ভ্রূণের অম্বিলাইকেল কর্ড্ বা নাভি রজ্জুব উপর ও যথেষ্ট চাপ পড়ে, অম্বিলাইকেল্ কর্ডের উপর চাপ্ পড়ায় মাতার শরীর হইতে অ: বশ্যকীয় রক্ত ভ্রূণে গমন করিতে বাধা পায় এবং অবশেষে পরিপোষণ অভাবে অতি অল্প সময় মধ্যেই গর্ভস্থ সন্তানের জীবন নষ্ট হয়। এবং পক্ষান্তরে ইউট্রাস ও দুর্ব্বল হইয়া পড়ে।

*২। কেহ কেহ বলেন, আর্গট্ একটী বিষাক্ত ঔষধ। সুতরাং মাতার শরীর হইতে রক্তদ্বারা ভ্রূণের দেহে উক্ত বিষ পরিচালিত হওয়া মাত্রই গর্ভস্থ বালকের প্রাণ নাশ হয়।

আর্গটের ক্রিয়া সম্বন্ধে সর্ব্বসাধারণের মত এইযে, ইহা প্রসূতীকে সেবন করান মাত্রই শরীরে পারিচালিত হয় এবং শরীরের যে যে স্থানে ইনভলান্টরি বা আনষ্ট্রাইব্ মাস্ কুলার ফাইবার্স আছে, বল পূর্ব্বক তাহা দিগকে কুঞ্চিত করিতে থাকে। কিন্তু ইউট্রাসের উপরই আর্গটের বিশেষ ক্ষমতা। গলার ভিতর হইতে ইন্‌টেষ্টাইনেল্ ক্যানেলের সমস্ত অনৈচ্ছিক পেশী সকল, ব্লডার, হার্ট, নানাপ্রকার গ্রেণ্ডের ডাক্‌ট্ সকল, এবং আইরিস্ ইত্যাদি নানাবিধ স্থানের ইন্‌ভলান্টরি মাসলের উপর ক্রিয়া প্রকাশ করে।

আমাদের দেশীয় অধিকাংশ চিকিৎসকই অবগত আছেন, নানাবিধ রক্ত স্রাব রোধ করার অভিপ্রায়ে অনেকানেক বহুদর্শী সুবিজ্ঞ চিকিৎসক আর্গট্ ব্যবহার করিতে আদেশ করিয়াছেন. বিশেষতঃ প্রসবের সময়ে, কি পরে, যে যে প্রকারের হেমোরেজ প্রকাশ পায়, তাহাদের প্রত্যেক প্রকারেই আর্গট্ ব্যবস্থেয়, কারণ আর্গট্ দ্বারা আর্টেরির মিডল্ কোর্ট বা মস্ কুলার কোর্ট সংকোচিত হয় এবং ইউট্রাসের ভিতর যে পেশী মণ্ডলী আছে তাহারাও কন্‌ট্রাক্ট্ হইয়া রক্ত পতন রোধ করিয়াদেয়।

নিম্নলিখিত অবস্থায় আর্গট বিধেয়।

১। যখন বিশেষ কোন কারণ ব্যতীত ওইউট্রাসের আকুঞ্চন শক্তি শিথিল হইয়া পড়ে। অথবা বেদনা কম থাকিলে।

২। যদ্যপি অস্ ইউট্রাই বা জরায়ুর মুখ বেশ শিথিল ও প্রসারিত হইয়া থাকে।

৩। স্বাভাবিক প্রসব ও যদ্যপি অন্য কোন বাধা না থাকে, অর্থাৎ ভ্রূণ শরীর যদ্যপি অস্বাভাবিক অবস্থায় প্রসব দ্বারে না আসিয়া থাকে।

৪। ভ্রূণের হেড্ বা মস্তক পেরিক্রিয়মে আসা সত্বে ও যদ্যপি বেশ সুবিধা থাকে।

৫। প্রসূতীর কোন প্রকার জ্বরীয় লক্ষণ কি শিরঃপীড়া, শির ঘূর্ণনাদি কোন হেড্ সিমটম্‌স্ বর্ত্তমান না থাকিলে।

আমরিক প্রয়েগ। অধিকাংশ ডাক্তরের মত এই যে প্রসবের প্রায় নিকট সময়ে আর্গট্ ব্যবহার করা কর্ত্তব্য। তাহাতে এই লাভ হয় যে প্রসব শীঘ্র হয় অথচ প্রসবান্তে অধিক রক্ত স্রাব হয় না, ইউট্রাস প্রতি নিয়ত কাজ করিতে

করিতে অধিক দুর্ব্বল হয় না সুতরাং ফর্‌সেপ্‌স্‌ ও ব্যবহার করিতে হয় না জরায়ু হইতে ভ্রূণ বহির্গত হইয়া গেলে অনেক সময় (আওয়ার গ্লাস কন্‌ট্রাক্‌শন্‌ অব্‌ ইউট্রাস্‌ হইলে) নিয়মিত সময় মধ্যে প্লেসেন্টা বা ফুল বহির্গত হয় না সাধারণতঃ ইহাকে রিটেইণ্ড্‌ প্লেসেণ্টা কহে ; এরূপাবস্থায় ২০ গ্রেণ পরিমাণ আর্গট্‌ অথবা আর্গটের অন্যকোন প্রয়োগরূপ ব্যবহার করিলে সত্বর প্লেসেণ্টা নির্গত হইয়া যায় এবং তদনন্তর রক্ত স্রাব হইবার আশঙ্কা ও প্রায় তিরোহিত হইয়া থাকে। পোষ্ট্‌ পার্টম্‌ হেমোরেজ তিরোহিত হয়। সেকেণ্ডরি ইউট্রাইন্‌ হেমোরেজ রোগে ডাঃ প্লেফেয়ার বলেন, ১ ড্রাম মাত্রায় লিকুইড্‌ এক্‌ষ্ট্রাক্ট অব্‌ আর্গট্‌ ২ কাচ্চা জলের সহিত প্রত্যেক ৬ ঘণ্টান্তর ব্যবহার করিলে অথবা রোগ পুরাতন অবস্থায় সাল্‌ফেট্‌ অব্‌ আয়রণ, সাল্‌ফেট্‌ অব্‌ মেগ্নেশিয়ার-সহিত আর্গট মিশ্রিত করিয়া ব্যবহার করিলে বহুল উপকার দর্শে।

মেনোরেজিয়া বা রজোধিক রোগে আর্গট্‌ আমাদের যথেষ্ট সাহায্য কারী। অত্যন্ত রক্তস্রাব হইলে ১ ড্রাম মাত্রায় লিঃ একঃ আর্গট্‌ প্রত্যেক ৩ ঘণ্টান্তর ব্যবহার করাযায়, কিন্তু যদ্যপি পেটে অত্যন্ত বেদনা থাকে তবে টিং কেনেবিস্‌ ইণ্ডিকা সহ ব্যবহার করিলে বেদনা নিবারণ হইবে।

ফাইব্রয়েড্‌ টিউমার অব্‌দি ইউট্রস্‌ বা জরায়ুর ভিতরে মাংসল অর্ব্বুদ উৎপন্ন হইলে লিঃ একঃ আর্গট্‌ ১০—১৫ ফোটা, জলের সহিত একটী হাইপোডার্মিক সিরিঞ্জ বা পিচকারী দ্বারা রোগীর গ্লুটিয়েল্‌ রিজিয়নে প্রবেশ করাইলে রোগের অনেক লাঘবতা সম্পাদন হয়। পলিপয়েড্‌ গ্রোথ্‌, কেন্‌সার অব্‌দি ইউট্রাস্‌, ক্রনিক ওভেরাইটিস্‌ ইত্যাদি নানাবিধ পীড়ায় আর্গট্‌ ব্যবহৃত হয়।

পিউয়ার পারেল্‌ ফিবার, সাব্‌ ইন্‌ ভলিউশন্‌ অব্‌ দি ইউট্রাস্‌ ও হাইড্রপার্ট্রফি রোগে ডাঃ মেডোজ্‌ ইহাকে উপকারী মনে করেন।

লিউকোরিয়া, ক্লোরোসিস্‌, এমিনোরিয়া, রোগে কেহ কেহ আর্গট্‌ ব্যবহার করিতে অনুমতি দেন।

ডায়েবিটিস্‌ ইন্‌সিপিডাস্‌ রোগে ডাঃ ডেকষ্টা ও ডাঃ জে, ডাবলিউ হান্ট্‌ ইত্যাদি মহোদয়গণ ১ ড্রাম মাত্রায় লিকুইড্‌ এক্‌ষ্ট্রাক্ট প্রয়োগ করিয়া পরে ২ ড্রাম পর্য্যন্ত মাত্রা বাড়াইয়া ছিলেন, প্রত্যেকটী রোগীই প্রায় ২ মাস মধ্যে সম্পূর্ণরূপে আরোগ্য লাভ করিয়াছিল।

ইন্‌কন্টিনেন্স্ অব ইউরিন্ ফ্রম্ সিম্পল্ ওয়ান্ট্ অব্ পাওয়ার্ ইন্ দি মাস্‌কুল্যার কোর্ট অব্ দি ব্লাডার বা মূত্রাশয়ের মাংশ পেশীর সাধারণ শক্তি রহিত্য বশতঃ ঘন ঘন মূত্রত্যাগ হইলে অথবা জেনেরেল্ এটনি, ক্রনিক কেটারেল ইন্‌ফ্লামেশন্ বা রিফ্লেক্স পেরালিসিস্ অব্ দি ইউট্রাস্ রোগে ডাং মেডোজ্ আর্গট সহ টিংষ্টিল্ মিশ্রিত করিয়া ব্যবহার করিতে অনুমতি দেন এবং মূত্রাশয়ের নানাবিধ পীড়ায়, ডাং মেডোজ্, বকু, পেরেরা, ইউবি অর্সাই এবং টিং ষ্টিল্ সহ প্রয়োগ করিয়া যথেষ্ট উপকার লাভ করিয়াছেন। ফ্রিকয়েণ্ট্ মিক্‌চুরেশন্ একমপেনিং ডিজিজ্ অব্ দি ইউট্রাস; ইন্‌কন্টিনেন্স্ অব্ ইউরিন্ ইন্ চিল্‌ড্রেন্, ক্রনিক ইরিটিবি লিটি অব্ দি ব্লাডার রোগে ৫ গ্রেণ মাত্রায় আর্গট ব্যবহার করিয়া অনেক সময় উপকার প্রাপ্ত হওয়া যায়।

হেমোরেজ্ বা নানাবিধ রক্তস্রাব রোগে আর্গট্ দ্বারা মহান উপকার দর্শে, এমন কি ইহা প্রায় ব্যর্থ হয় না। রক্তস্রাব রোগে আর্টেরী বা ধমনির মিডল্ কোর্ট্ বা মাস্‌কুলার কোর্ট্ কন্‌ট্রাক্ট করিয়া রক্তস্রাব নিবারণ করে সুতরাং হিমপ্‌টিসিস্, হিমেটেমেসিস্, হিমেটিউরিয়া, মেলিনা, এপিস্‌ট্যাক্‌সিস্ এবং অর্শ হইতে রক্তস্রাব হইলে; অথবা টাইফয়েড্ জ্বিরে অন্ত্র হইতে রক্তস্রাব হইলে ডাং এনেষ্টি, ডাং লিটল্, জেনার্স আদি বহুবিধ চিকিৎসক আভ্যন্তরিক ও ৫ গ্রেণ পরিমাণে আর্গটিন দ্রবীভূত অবস্থায় পিচকারী দ্বারা শরীরে প্রবেশ এবং তৎসহ আইস্ বা বরফ ব্যবস্থা করিয়া অতিশয় উপকার লাভ করিয়াছেন।

সেন্‌গুইনাস্ এপোপ্লেক্সি বা ট্রু এপোপ্লেক্সি রোগে আর্গটিন ১ গ্রেণ মাত্রায় সেলুলার টিসুতে ইন্‌জেক্ট করা যায়। হিট্ এপোপ্লেক্সি রোগে বিশেষতঃ কলিকাতায়, ১৫ ফোটা লিঃ একষ্ট্রাক্ট্ টিং একোনাইট্ ৩ ফোটা মিশ্রিত করিয়া প্রায় ২ ঘণ্টান্তর ব্যবহৃত হয়।

ডায়েরিয়া, ডিসেন্টি, প্রোলাপ্‌সেস্ অব্ রেক্‌টম্ রোগে ও আর্গট নানাবিধ রূপে প্রয়োগ করা যায়।

ফেটিডিজেনারেশন্ অব্ দি হার্ট রোগে কেহ২ আর্গট ব্যবহার করেন। এনিউরিজম্ রোগে ১৮৭৯ খৃঃ অব্দে প্রথমতঃ ইহার ব্যবহার প্রচলিত হয়

এবং একটী সুপ্রা ক্লেভিকিউলার ফসাতে, অন্যটী রাইট রেডিয়েল আর্টেরিতে এমফির্ম্ম উৎপন্ন হইলে ইহার ইন্‌জেক্‌শন্ দ্বারা সকলেই আরোগ্য লাভ করিয়াছিল এবং তৎপর বিশেষ আদরের সহিত ব্যবহৃত হইতেছে।

নানাপ্রকারের মানসিক পীড়ায় বিশেষতঃ বিকরেন্ট্ মেনিয়া, ক্রনিক্ মেনিয়া, এপিলেপ্টিক মেনিয়া ইত্যাদি নানাবিধ পীড়ায় অধিক মাত্রায় আর্গট ব্যবহৃত হয়।

ক্রণিক্ কনজেস্‌শন্ অথবা ইনফ্লামেশন্ অব্ দি স্পাইনেল্ কর্ড এবং তাহার মেম্ব্রেন, স্ত্রীলোকদিগের ঋতুর ব্যতিক্রম জনিত, পেরালিসিস্ পীড়া জন্য কনষ্টিপেশন্ রোগে ও আর্গট ব্যবহৃত হয়। ইন্‌ফ্লেমেশনে রক্তের বেগ তিরোহিত করে অধিক রক্ত যায় না।

টোসিস, পেরালিসিস্ অব্ দি আইলিড্‌স্, একিউট্ ও ক্রনিক্ ইন্‌ফ্লামেশন্ অব্ দি আইস, পস্‌টিউলার কনজ্ঞান্ টিভাইটিস্ অব্ দি চিলড্রেন রোগে অনেকে বাহ্যিক ও আভ্যন্তরিক রূপে আর্গট্ প্রয়োগ করিতে উপদেশ দেন। রোগী দুর্ব্বল ও কোষ্ঠ কাঠিন্য থাকিলে, আয়রণ, মেগ্‌নেশিয়া সাল্ ফাস্ ইত্যাদি সহ ব্যবস্থেয়।

নানাবিধ নিউরাল্‌জিক্ পীড়ায় বিশেষতঃ সায়েটিকা হেমিক্রেনিয়া, টিকডলরো আদি রোগে বিশেষ যোগ্যতা সহ ব্যবহৃত হয়।

হুপিংকফ্, নেজেল কেটার, নিয়োমোনিয়া আদি পীড়ায় আর্গট্ দ্বারা উপকার হয়। হুপিংকফ রোগে ৪—১৫ বিন্দু মাত্রায় বিধেয়। নানাবিধ চর্ম্মরোগে যথা—একিউট্ একজিমা হার্পিজ্, একনি, এরিসিপেলাস্ ক্রেকড্ নিপলরোগে অয়েল অব্ আর্গট রোজ্‌উট সহ মিশ্রিত করিয়া ব্যবহার করা যায়। পার্পিউরা হেমোরেজিকা রোগে হাইপোডার্মিক রূপে আর্গটিন্ প্রয়োগ করা যায়।

ডাঃ সিনক্লিয়ার কগ্‌হিল্, বহুদিনের ১টী ব্রংকোসিল বা গলগণ্ড রোগে হাইপোডার্মিক রূপে আর্গটিন্ ইনজেক্‌ট্ করিয়া বড়ই সন্তোষ লাভ করিয়াছিলেন। এই নিয়মের বশবর্ত্তী হইয়া অন্যান্য টিউমার রোগেও ব্যবহার করা যায়।

নাইট্ সোয়েট্ অব থাইসিস্ রোগে আর্টেরির রক্ত সঞ্চালনের বেগ সাম্য করিয়া চর্ম্মের ক্রিয়া মৃদু করে, সুতরাং অধিক ঘর্ম্ম নিবারণ হয়।

Sabinæ Cacumina. Savin Tops

সেবাইনি কাকুমিনা। সেভিন টপ্স্।

মাত্রা

প্রয়োগ রূপ ৩টী।

১। অয়েল্ অব্ সেবিন্। মাত্রা—১—৪ মিনিম।

২। টিংচার্ অব্ সেবিন্। মাত্রা—২০—৬০ মিনিম্।

৩। অয়েণ্ট্মেণ্ট্ অব্ সেবিন্।

ক্রিয়া।—ষ্টিম্যুলেণ্ট ও এমিনেগগ্ ইনফিউশন আকারে ব্যবহৃত হয় কিন্তু এসেন্সিয়েল্ অয়েলের উপর ইহার ক্রিয়া নির্ভর করে। ইহার উত্তেজন ক্রিয়া জরায়ুর উপর বিশেষ রূপে প্রকাশ পায় এবং গর্ভবতী স্ত্রীলোকে অধিক মাত্রায় সেবন করিলে, গর্ভপাত হইতে পারে। অত্যন্ত অধিক মাত্রায় ইনফ্লামেশনের লক্ষণ প্রকাশ পাইয়া মৃত্যু পর্য্যন্তও সংঘটন হয়। ব্যবহার কালে বিশেষ সতর্কতার দরকার। ইহার মলমটী ব্লিষ্টার দ্বারা ক্ষত উৎপন্ন করিয়া ক্ষত অধিক দিন স্থায়ী করণার্থ ব্যবহৃত হয়। গরম সময়ে মলমটী শীঘ্র খারাপ হইয়া যায়। ইহার কৃমিনাশক গুণও আছে।

আময়িক প্রয়োগ।—এমিনোরিয়া রোগে এডিন বর্গস্থ ডাং হোম, সেবিন ব্যবহার করিতে অনুমতি দেন। কিন্তু রোগী, প্লেথরিক হইলে কি জ্বর বর্ত্তমান থাকিলে নিষিদ্ধ। বিলষ্টার দ্বারা ক্ষত উৎপন্ন করিয়া অধিক দিন ক্ষত রাখিতে ব্যবহৃত হয়। অন্যান্য ব্যবহার আর নাই।

RUTA-GRAVEOLENS.

রূটা গ্রাভিউলেন্স্।

সাধারণনাম রিউ।

অয়েলের

মাত্রা—১—৪ মিনিম্।

ক্রিয়া।—ইহার পত্র ষ্টিম্যুলেণ্ট, নার্কটিক, ইরিটেণ্ট্। অয়েলটী, ভলেটাইল অয়েল এবং ইহার ক্রিয়া এত তীক্ষ্ণ যে চর্ম্ম প্রদেশে মর্দ্দন করিলে ভয়ানক উগ্রতার লক্ষণ উপস্থিত হয়, এমন কি প্রদাহ বা ইনফ্লামেশন পর্য্যন্তও হইয়া উঠে। কিন্তু ইহা আভ্যন্তরিক ও ব্যবহৃত হইতে পারে। জরায়ুর উপর ইহার কার্য্য অত্যন্ত প্রবল এবং হৃদপিণ্ডের কার্য্য দুর্ব্বল করিয়া ফেলে সুতরাং নাড়ীর গতি মৃদু হয়। ইংলণ্ড দেশে অবর্শন বা গর্ভপাত অন্য ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ।—মেনোরেজিয়া, ক্লোরোসিস্ এবং অন্যান্য প্রকার ইউট্রাইন ডিজিজে বহুকাল হইতে ব্যবহৃত হয় কিন্তু ইহার কার্য্যের অনিশ্চয়তা নিবন্ধন অন্যান্য ঔষধ সহ ব্যবস্থেয়।

হিষ্টিরিয়া ও ফেটুলেন্স কলিক রোগে ২—৫ মিনিম মাত্রায় অয়েল অথবা ইহার ইনফিউশন মন্দ নয়।

ক্রোকাস। সাফ্রান্।

সাধারণতঃ ইহাকে জাফ্রান কহে।

প্রয়োগরূপ ১টী।

১। টিংচার অব সাফ্রান।

ক্রিয়া।—এমিনেগগ, কার্ম্মিনেটিব ষ্টিম্যুলেণ্ট। ইহার বর্ণ দেখিতে অতি সুন্দর বিধায় অন্যান্য ঔষধের সহিত ব্যবহৃত হয়। সাফ্রন্ অধিকদিন ব্যবহার করিলে শরীরের বর্ণ ঘর্ম্ম প্রস্রাব এবং অপরাপর সিক্রিশন হরিৎ বর্ণ হয়।

COUNTER IRRITANTS CLASS

কাউণ্টার ইরিটেণ্টস্ ক্লাশ

বা

প্রত্যুগ্রতা সাধক ঔষধ শ্রেণী।

যে সমস্ত ঔষধ চর্ম্মোপরি সংস্থাপন করিলে উত্তেজনা উৎপন্ন করতঃ তথায় ইনফ্লামেশনের ন্যায় লক্ষণ উৎপন্ন করে, এবং সমস্ত শরীর উত্তেজিত হইয়া উঠে, তাহাদিগকে কাউণ্টার ইরিটেণ্ট্ কহে। ইহাদের ক্রিয়ার তারতম্যানুসারে ৫ শ্রেণীতে বিভক্ত। ১। রুবিফেশিয়েণ্টস্। ২। পস্চুলার-কাউণ্টার ইরিটেণ্টস্ যথা—টার্টার এমেটিক্। ৩। ভেসিকেণ্টস্ বা ব্লিষ্টার। ৪। ইসুজ্ এবং সিটন্স্। ৫। কষ্টিকস্ বা এস্কেরোটিক্স্।

পৃথিবীতে বায়ুর পরিমাণ নির্দ্দিষ্ট আছে, যদ্যপি কোন কারণ বশতঃ উক্ত বায়ুর আধিক্য বা অল্পতা সংঘটিত হয় তবে অপরাপর স্থানের বায়ু আসিয়া উক্ত স্থানকে অধিকার করে সুতরাং কোন এক স্থানে উহার অল্পতা বা আধিক্য হয়, সেইরূপ মনুষ্য দেহেও রক্ত এবং স্নায়ুর শক্তি নির্দ্দিষ্ট থাকায় যদ্যপি কোন কারণ বশতঃ শরীরে স্নায়ু শক্তি ও রক্তরসের ব্যাঘাত জন্মে, তবে নিকটবর্ত্তি স্থানে, কাউণ্টার ইরিটেণ্ট স্থাপন করতঃ স্নায়ুশক্তি ও রক্ত রসের সমতা সম্পাদন করা যাইতে পারে।

নিম্নলিখিত ঔষধ সকল এই শ্রেণী ভুক্ত।

১। বর্গণ্ডিপিচ্।
২। টার্।
৩। রেজিন্।
৪। ক্যান্থারাইডিস্।
৫। ইশু ও সিটন্।

Pix Burgundica, — Burgundy Pitch.

পিকস্ বর্গন্ডিকা। — বার্গান্ডি পিচ্।

প্রয়োগরূপ ১টী।

১। প্লাষ্টার অব্ বর্গনডি পিচ্।

ক্রিয়া।—ষ্টিম্যুলেণ্ট্ এবং রুবিফেশিয়েন্ট্। সাধারণতঃ ইহার প্লাষ্টা। বাহ্য প্রয়োগ জন্য ব্যবহৃত হয়। একখণ্ড নেকড়ার উপর লাগাইয়া টাট্কা ব্যবহার কর্ত্তব্য। প্লষ্টারটী লাগাইয়া ২। ৩ সপ্তাহ পর্য্যন্ত রাখা উচিত। কোন কোন সময় প্লাষ্টার ব্যবহারের পর উক্ত স্থানে চুল্‌কণা অনুভব হয় এবং পুয় পূর্ণ দানা বহির্গত হয়।

আময়িক প্রয়োগ।—ক্রনিক কফরোগ, ক্রনিক ব্রঙ্কাইটিস্, এবং অন্যান্য পাল্‌মোনেরি পীড়ায় ইহার প্লাষ্টার আবরক ও কাউণ্টার ইরিটেণ্ট হইয়া উপকার করে। থাইসিসের প্রবস্থাবস্থায় ডাং বার্লো বলেন ইহার সহিত অল্প পরিমাণ টার্টারেটেড্ এণ্টিমণি মিশ্রিত করিয়া ব্যবহার করিলে অত্যন্ত উপকার দর্শে।

লাম্বেগো ও ক্রনিক রিউমেটিজ্‌ম্ রোগে ইহার প্লাষ্টার মন্দ নয়।

Pix Liquida. Tar.

পিক্‌স্ লিকুইডা। টার্।

প্রয়োগরূপ ১টী।

১। অয়েণ্টমেণ্ট্ অব্ টার্।

ক্রিয়া ষ্টিম্যুলেণ্ট্, ডাইউরেটিক্, কাউণ্টার ইরিটেণ্ট্। ইহার ক্রিয়া প্রায় টার্পেন্‌টাইনের ন্যায় কিন্তু তদপেক্ষা অনেক মৃদু। দেখিতে অত্যন্ত কালো। আলকাতরার ভেপার শ্বাস দ্বারা গ্রহণ করিলে এয়ার-পেসেজের লাইনিং মেম্ব্রেনে উত্তেজনা উদ্ভব করে। ৪ অংশ জল ও ১ অংশ টার দ্বারা "টার ওয়া-টার প্রস্তুত হয়। ২ অংশ ইয়লো ওয়াক্স্ ও ৫ অংশ টার দ্বারা ইহার মলম প্রস্তুত হইতে পারে। অয়েলঅব্ রোজ্‌মেরি বা অয়েল অব লিমন্ দ্বারা গন্ধ দূরীকৃত হয়। ইহা ক্যাপ্‌সুল আকারেও ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ।—লেপ্রা ও, সোরাইসিস্ আদি চর্ম্ম রোগে বাহ্যিক ও আভ্যন্তরিক উভয় প্রকারেই ব্যবহার্য্য। মলম আকারে বাহ্যিক ব্যবহার করিলে বিস্তর উপকার দর্শে এমন কি অধিকাংশ ঔষধই ইহার তুল্য নয়। একজিমা ইম্পিটাইগো, রিংওয়ার্ম্ম আদি রোগে 'ও কেহ কেহ ব্যবহার করিয়া থাকেন।

থাইসিস্, ক্রনিক ব্রংকাইটিস্, উইনটার কফ্, হেবিচ্যুয়েল্ কনষ্টিপেশন্, টাইফয়েড ফিবার্, ইণ্ডোলেণ্ট্ ও ফাউল্ আলসার্ আদি নানাবিধ রোগে আভ্যন্তরিক ও বাহ্যিক উভয় প্রকারেই ব্যবহৃত হয়।

Resina. Resin

রেজিনা। রেজিন।

সাধারণ নাম ধূনা।

অয়েল অব্ টার্পেণ টাইন্ প্রস্তুত করিয়া লইলে যে ধূনা অবশিষ্ট থাকে তাহাই রেজিন।

প্রয়োগরূপ।

১। রেজিন প্লাষ্টার। সাধারণতঃ ইহাকে ষ্টিকিং প্লাষ্টার কহে।

২। অয়েণ্টমেণ্ট অব্ রেজিন।

অন্যনাম—রেজিলিকন্ অয়েণ্টমেণ্ট্।

ব্যবহার।—ইহার আভ্যন্তরিক ব্যবহার নাই, ষ্টিম্যুলেণ্ট্ উপকারের জন্য প্লাষ্টার রূপে ব্যবহার করা যায়। কোন রিব্স্ বা পর্শুকা ভগ্ন হইয়া গেলে, উক্ত ভগ্ন অস্থি খণ্ড দ্বয় স্থির ভাবে রাখার জন্য ইহার প্লাষ্টার দ্বারা ষ্ট্রাপ্ করিয়া রাখিলে শীঘ্র আরোগ্য হয়। কোন ক্ষত দুর্ব্বল অবস্থায় পরিণত হইলে উত্তেজনার্থ ইহার মলম ব্যবহৃত হয় অথবা ইহার মলমের সহিত বোরাসিক অয়েণ্টমেণ্ট মিশাইয়া প্রয়োগ করিলে আরও উপকার হয়।

Cantharis. Cantharidis.

ক্যান্থারিস্। ক্যান্থারাইডিস্।

প্রয়োগরূপ ৭টী।

১। ক্যান্থারাইডিস্ প্লাষ্টার্।

২। এম্প্লাষ্ট্রম্ ক্যালিফেসিয়েণ্ট্।

৩। ব্লিষ্টারিং লিকুইড্।

৪। টিংচার অব্ ক্যান্থারিডিস্। মাত্রা। ৫—২০ মিনিম্।

৫। অয়েণ্টমেণ্ট অব্ ক্যান্থারিডিস্।

৬। ভিনিগার্ অব্ ক্যান্থারিডিস্।

৭। ব্লিষ্টারিং পেপার্।

ক্রিয়া। আভ্যন্তরিক ষ্টিম্যুলেণ্ট্ ডাইউরেটিক্ ও এফ্রোডিসিয়াক্। বাহ্যিক ব্যবহারে ইরিটেণ্ট্ ও ভেসিকেণ্ট্। চর্ম্মোপরি বাহ্যিক ব্যবহার করিলে ইহা দ্বারা ভয়ানক উত্তেজনা উৎপন্ন হয় এবং তৎপর ফোস্কা পড়ে। পরীক্ষা দ্বারা স্থিরীকৃত হইয়াছে যে কেন্থারিন নামক একটী পদার্থের উপর ইহার শক্তির প্রবলতা নির্ভর করে এবং উক্ত পদার্থটী এসিটিক্ এসিড্ ও ক্লোরোফরমে দ্রবীভূত হয়। আভ্যন্তরিক ব্যবহারার্থ ইহার টিংচারটী ৫ মিনিম্ মাত্রায় আরম্ভ করিয়া জলের সহিত ক্যান্থারিডিস্ ব্যবহারের পর ইহার কার্য্য জেনিটো ইউরিনেরি সিষ্টেমের উপরই অধিক প্রভাবিত হয় কিন্তু তন্মধ্যে নেক্ অব্দি ব্লাডার্ বা মূত্রাশয়ের গ্রীবাদেশেই অধিকতর কার্য্য প্রকাশ করে। যদ্যপি কিড্নিতে অত্যন্ত উত্তেজনা উৎপন্ন হয়,তাহা হইলে নিফ্রাইটিস বা মূত্র যন্ত্রেরইনফ্লামেশন্ প্রকাশিত ও মূত্রেরসহিত এলবিউমেন প্রকাশ হইতেপারে। অধিক দিন ক্যান্থারিডিস্ ব্যবহার করিলে, তৎপর এফ্রোডিসিয়াক্ বা কামোদ্দীপক ক্রিয়া উদ্ভব করে। তৈলের সহিত ক্যান্থারিডিন্ অত্যন্ত মিশ্রিত হয়, সুতরাং ইহা ব্যবহার করিয়া তৈলাক্ত পদার্থ প্রয়োগ নিষিদ্ধ অর্থাৎ হঠাৎ বিষক্রিয়া করিতে পারে। বিষ মাত্রায় প্রথমতঃ মুখ গহ্বর ও পাকাশয় প্রদেশে জ্বলনবৎ বেদনা অনুভবহয় এবংক্রমে উক্ত বেদনা সমস্তউদরে বিস্তৃত হইয়া পড়ে। পাকাশয় হইতে রক্ত বা রক্তমিশ্রিত শ্লেষ্মা অথবা মলদ্বারদ্বারা কতক পরিমাণে বহির্গত হয়। টেনেস্মাস্ বা শূল বেদনা যথেষ্ট থাকে। প্রস্রাবের সহিত রক্ত মিশ্রিত হইয়া বহির্গত হয়। জেনিটেল্ অব্ গেন্স্ ইন্ফ্লামেশনের চিহ্ন উদ্ভব হয়। সেলিভেশন্ বা মুখ হইতে অধিক লালা নিঃসরণ, লেক্রিমেশন্ চক্ষু হইতে জল নিপতিত হওয়া যদ্যপি দৃষ্ট হয়। রোগী অত্যন্ত অস্থির হইয়া, শ্বাস প্রশ্বাস অতিব কষ্ট সাধ্য বোধ করে, নাড়ীর গতি অত্যন্ত দ্রুত ও কঠিন হইয়া উঠে। শিরঃ পীড়া, ঘন ঘন প্রলাপ, কন্ভল্শনের ন্যায় আক্ষেপ উৎপন্ন হইয়া রোগী লোক যাত্রা সম্বরণ করে।

পোষ্ট্মার্টম্ বা শবদেহ পরীক্ষা। সমস্ত ইন্টেষ্টাইনেল্ক্যানেল্ বা

অন্নবহা নালীতে এবং মূত্রযন্ত্র ও জনন যন্ত্রে প্রদাহ চিহ্ন দৃষ্ট হয়। মস্তিষ্কে রক্তাধিক্য বর্ত্তমান থাকে। বিশেষ পরীক্ষা দ্বারা জানা গিয়াছে যে ক্যান্থারিডিস্ দ্বারা বিষাক্ত হইয়া কোন ব্যক্তির মৃত্যু হইলে, মৃত্যুর নয়মাস পর ও ক্যান্থারিডিসের গুড়াগুলি পাকাশয়ে দৃষ্ট হইয়াছিল।

বিষক্রিয়ার চিকিৎসা। যথেষ্ট পরিমাণ স্নিগ্ধ পানীয় সেবন করাইবে, বমন কারক ঔষধ দ্বারা বমন করাইবে, ওপিয়েট্ এনিমা মলদ্বারে প্রয়োগ করিবে এবং বিষ নাশার্থে ওপিয়ম বা ক্যাম্ফার সেবন ব্যবস্থা করিবে। কোন তৈলাক্ত পদার্থ বিধান নিষিদ্ধ।

আময়িক প্রয়োগ। ডাং ডিউইস্ বলেন এমিনোরিয়া রোগে ২০ মিনিম্ মাত্রায় ইহার টিংচার ব্যবহার করিয়া তৎপর মাত্রা ক্রমে ১ ড্রাম পর্য্যন্ত বৃদ্ধি করা যায়। লিউকোরিয়া বা শ্বেত প্রদর রোগে ডাং বরার্ট্শন্, ডাং ডিউউইস্, ডাং ডেবিস্ আদি বহুদর্শী চিকিৎসকগণ ইহার প্রতি যথোচিত অনুরাগ প্রদর্শন করেন এবং দিবসে ২। ৩ বার ২০ মিনিম্ মাত্রায় স্নিগ্ধ পানীয় সহ বিধান করিতে অনুমতি দেন। এপ্রকারের চিকিৎসায় প্রায় ৪মাস মধ্যেই রোগী আরোগ্য লাভ করে।

পেরালিসিস্ অব্ দি ব্লাডার কি এটনি অব্ দি ব্লাডার রোগে, ইন্কন্টিনেন্স্ অব্ ইউরিন্ হইলে, টিংচার ক্যান্থারিডিস্ দ্বারা যথেষ্ট উপকার হয়। ইহা, উক্ত স্থানে ষ্টিমুলেন্ট্ একশন্ প্রকাশ করিয়া তৎপর পীড়িত স্থানে সুস্থশক্তি প্রদান করে। কেহ কেহ বলেন এম্পোটেন্সি বা ধ্বজভঙ্গ রোগে ইহা দ্বারা উপকার সম্ভবনীয়। ১ মিনিম্ মাত্রায় ইহার টিংচার কর্ডি দূরীকরণার্থ ডাং রিংগরি ব্যবহার করিতে অনুমতি দেন। ডাং পেরেরা বলেন, সম পরিমাণে টিংচার ক্যান্থারিস্, ও টিং ফেরিপারক্লোরাইড্ মিশ্রিত করিয়া বহুদিনের স্থায়ী গনরিয়া রোগে ব্যবহার করা যায় কিন্তু উপকার সম্বন্ধে নিশ্চয়তা নাই।

সাপ্রেশন্ অব্ ইউরিনে, কেহ কেহ ব্যবহারে অনুমতি দেন। ব্রাইটস্ ডিজিজ্ রোগে ডাং রিংগার বলেন, প্রদাহের লক্ষণ কি জ্বরিয় লক্ষণ বর্ত্তমান না থাকিলে ২০ মিনিম মাত্রায় ব্যবহার করা যায়। ব্রাইটস্ ডিজিজ্ জন্য ড্রপ্সি রোগ উৎপন্ন হইলে ১৫—২০ মিনিম্ মাত্রায় ব্যবহৃত হয়।

পেরালিজিয়া রোগে, ওয়াট্শন্ ইহার ব্যবহার উপকারী মনে করেন।

ক্রণিক হুপিংকফ রোগে টিং ক্যান্থারিস্ ৪ ড্রাম, ইন্ঃ সিঙ্কোনকোঃ ৬ আউন্স একত্র করিয়া ১ ড্রাম মাত্রায় দিবসে ২। ৩ বার বিধেয়।

ডেফ্‌নেস্ বা বধিরতাবস্থায়; বিশেষতঃ যদ্যপি মেম্ব্রেনাটিম্প্রেনির পুরুত্ব নিবন্ধন উক্ত পীড়া উৎপন্ন হয় তবে, ক্যান্থারিডিসের পাউডার ৩০ গ্রেণ লার্ড্ ১ ড্রাম মিশ্রিত করিয়া কর্ণের পৃষ্ঠে মর্দ্দন করিবে।

এলোপেশিয়া এবং জরের পরমস্তকের চুল উঠিয়া গেলে ১ অংশ টিং ক্যান্থারিস্, ৮ অংশ ক্যাষ্টর অয়েল্ মিশ্রিত করিয়া প্রাতে এবং রাত্রিতে চুলের গোড়ায় মর্দ্দন করিলে বহুল উপকার দর্শে।

কঠিন দুরারোগ্য ক্ষতাদিতে ইহার বাহ্যিক ও আভ্যন্তরিক প্রয়োগ উভয়ই উপকার জনক। যথা—টিং, ক্যান্থারিস্ ১২ মিনিম্, পটাসি আইওডাইড্ ৩০গ্রেণ, টিং সিঙ্কোনাকোঃ ১ আউন্স্, একোয়া ৭ আউন্স। ১ আং মাত্রায় দিবসে ২। ৩ বার।

Re

T. Canthar m xii

Acid Nit. Dil. m xx

T. Cincho. Co. ʒ ii

Aqua ——℥ i

For external application only

ব্লিষ্টার ব্যবহার কালে নিম্নলিখিত অবস্থার প্রতি দৃষ্টি রাখিবে।

১। ইনফ্লামেশন্ বা প্রদাহের প্রবলতা সময়ে ব্লিষ্টার প্রয়োগ করিবে না। প্রদাহের প্রাবল্য দূরীকৃত হইলে ব্যবহারে কোন হানি নাই। ২ যে সমস্ত স্থানের চামড়া অত্যন্ত পাতলা এবং বেদনা যুক্ত তথায় ব্লিষ্টার দিবেনা. যথা—স্ক্রোটম্ ও স্ত্রীলোকদিগের স্তন প্রদেশে। ৩। ব্লিষ্টার প্রয়োগ কালে উক্ত স্থানটী প্রথমতঃ সাবান দ্বারা ধৌত করতঃ বেশ পুঁছিয়া নেওয়া কর্ত্তব্য। ৪। ব্লিষ্টার ব্যবহার করিয়া ৬ কি ৮ ঘন্টার অতিরিক্ত কখনই রাখা কর্ত্তব্য নয় এবং তৎপর গরম পুলটিস্ ব্যবহার করিবে। ৫। স্ত্রীলোক দিগের গর্ভাবস্থায় বক্ষস্থলে কি স্তন প্রদেশে ব্লিষ্টার সম্পূর্ণ অব্যবহার্য্য।

ব্লিষ্টারের আময়িক প্রয়োগ। সাধারণ আকারের ইন্ ফ্লামেটরি ফিবার,

কি কণ্টিনিউড্ ফিবার, বা রেমিটেণ্ট্ ফিবারে ব্লিষ্টার ব্যবহার করা বিরল কিন্তু উক্ত পীড়া সকলে যদ্যপি লাংস্, হার্ট্, ব্রেইন্ এবং অন্যান্য বিশেষ বিশেষ আভ্যন্তরিক যন্ত্র সকল প্রদাহ লক্ষণাক্রান্ত হয় তবে ব্লিষ্টার দ্বারা মহান উপকার দর্শে। অপর কোন কারণ বশতঃ যখন জীবনীশক্তি অত্যন্ত নিস্তেজ হইয়া পড়ে, হৃদ পিণ্ডের কার্য্য অতীব দুর্ব্বল হয়, তদবস্থায় ব্লিষ্টার দ্বারা জীবনী শক্তি আনিত হইয়া কোন কোন সময় যেন রোগী যমালয় হইতে ফিরিয়া আসে। বিলিয়াস্ ফিবার, রেমিটেণ্ট্ ও ইয়েলো ফিবারে অনেক সময় ঘাড়ের পশ্চাৎ দিকে বা স্পাইনের উপর ব্লিষ্টার প্রয়োগ করিলে যথেষ্ট উপকার দর্শে। টাইফয়েড্ ফিবার ও টাইফস্ ফিবারে সিনাপিজম্ ও টার্পেণ্টাইন্ ফোমেন্টেশন্ দ্বারা এবং উক্ত ফিবার সকলে রোগী অত্যন্ত অজ্ঞান থাকিলে, মস্তক মুণ্ডন করিয়ে মাথায় ব্লিষ্টার দিবে, অথবা মস্তকে বরফ বা শীতল জল সহ ভিনিগার মিশ্রিত করিয়া প্রয়োগ করতঃ ঘাড়ের পশ্চাৎ পার্শ্বে ব্লিষ্টার ব্যবহার করিবে।

সেন্গুইনাস্ এপোপ্লেক্সি রোগে কোন কোন সময় ইহা দ্বারা উপকার হইতে পারে কিন্তু সিম্পল্ বা সিরাস্ এপোপ্লেক্সি রোগে ইহা দ্বারা ফল-দর্শিয়া থাকে। মেনিয়া রোগে পূর্ব্ব পূর্ব্ব সময়ে ইহার ব্যবহার হইত বটে। কিন্তু সম্প্রতিক বিশেষ কোন উপকার পাওয়া যায় না। একিউট্ ডিলিরিয়াস্ মেনিয়াতে ও ঐ প্রকার সন্দেহ স্থল। মেনিঞ্জাইটিস্ রোগের প্রারম্ভাবস্থায় ব্লিষ্টার দ্বারা উপকারের আশা নাই। পেরালিসিস্, কি অন্যান্য প্রকার নার্ভাস ডিজিজে বা স্পাইনেল্ এফেক্‌শনেও কোন কোন সময় ব্লিষ্টার দ্বারা উপকার প্রাপ্ত হওয়া যায়। হিষ্টিরিকেল্ এফোনিয়া রোগে গলার চারি দিকে ব্লিষ্টার প্রয়োগ করিলে উপকার হইতে পারে।

পেরিকার্ডাইটিস্, প্লুরাইটিস্, ব্রংকাইটিস্ নিয়োমোনিয়া ও লেরিঞ্জাইটিস্ রোগে পীড়ার একিউট্‌ষ্টেজ্ বা প্রাবল্যাবস্থায় ব্লিষ্টার দ্বারা অপকার ব্যতীত উপকারের অবস্থা অতি বিরল। কিন্তু হাইড্রথোরাক্স্, ও হাইড্রপেরিকার্ডিয়ম্ রোগে, এফিউশন্ বা নিস্রবণ শোষণার্থে-বক্ষপ্রাচিরে ব্লিষ্টার ব্যবহার করিলে উপকার হয়।

প্লুরোডিনিয়া রোগে ডাং রিংগার বলেন বেদনাযুক্ত স্থানে ব্লিষ্টার ব্যবহার করিলে ফললাভ হইতে পারে।

ইন্‌ফ্লামেশন্‌ অব্‌ দি কিড্‌নি এবং ইন্‌ ফ্লামেশন্‌ অব্‌ দি ব্লাডার্‌ রোগে কেহ কেহ ব্যবহার করিতে বলেন কিন্তু ইহা দ্বারা উক্ত যন্ত্র সকলে আরও উত্তেজনা বৃদ্ধি হইবার সম্ভাবনা। কিন্তু সাব্‌ একিউট্‌ ও ভেরাইটিস্‌ রোগে ভেরিয়ান্‌ রিজিয়ান ও ব্লিষ্টার ব্যবহার করিলে যথেষ্ট উপকার দর্শে।

ডিস্‌ মেনোরিয়া ও লিউকোরিয়া রোগে সেক্রেমের উপরে একটী ব্লিষ্টার প্রয়োগ করিয়া ক্ষতটী সরস রাখিলে রোগ আরোগ্য পক্ষে সাহার্য্য করিতে পারে। সার্ভিক্স ইউট্রাসের সাব্‌একিউট ক্রনিক ইরিটেশনে স্ফীততা দৃষ্ট হইলে, ষ্ট্রংসল্যুশন্‌ অব্‌ক্যান্থারিস্‌ তুলিদ্বারা অসের উপর প্রয়োগ করিলে উপকার হইতে পারে।

ছেলেদের ইন্‌ কণ্টিনেন্স্‌ অব্‌ ইউরিন্‌ রোগে বেলাডোনা কি অপরাপর ঔষধ দ্বারা উপকার না হইলে সেক্রমের উপর ব্লিষ্টার্‌ ব্যবহার দ্বারা আরোগ্যের সম্ভাবনা।

প্রষ্টেট্‌ গ্লেণ্ডের ক্রণিক ইন্‌ফ্লামেশনে, পেরিনিয়মে একটী ছোট ব্লিষ্টার প্রয়োগ করিয়া ৪ বা ৬ সপ্তাহ রাখিলে এবং তৎসহ দুর্ব্বলতা নিবারণ জন্য বলকারক খাদ্য ও ঔষধ ব্যবহার করিলে মন্দ নয় কিন্তু রোগীকে সুস্থির অবস্থায় রাখা নিতান্ত কর্ত্তব্য।

গ্লীট্‌ রোগে ডাং মিল্‌টন্‌ বলেন, পিনিসের উপরে ব্লিষ্টার ব্যবহার করিলে মহান উপকার দর্শে।

একিউট্‌ পেরিটোনাইটিস্‌ ও এণ্টিরাইটিস্‌ রোগে পীড়ার প্রারম্ভাবস্থায় ব্লিষ্টার্‌ দ্বারা বিশেষ উপকারের আশা বৃথা।

কলরা রোগের কোলাপ্স্‌ বা পতনাবস্থায় ইপিগ্যাষ্ট্রিয়মে ও হৃদপিণ্ডের উপরে ব্লিষ্টার প্রয়োগ করিলে কোন কোন সময় উপকার হয় কিন্তু অন্যান্য অবস্থায় ইহা দ্বারা কতদূর ফল লাভ হয় তদ্বিষয় অনিশ্চিত।

ষ্টমাকের ফাংশনেল্‌ ডিজর্‌ডার্‌ বা নার্ভাস্‌ ডিজর্‌ডারে অথবা জ্বররোগে বমন নিবারণার্থ ইপিগ্যাষ্ট্রিক্‌ রিজিয়নে একটী ছোট্‌ ব্লিষ্টার প্রয়োগ করিলেই অতি সত্বর বমন নিবারিত হয়।

নানাবিধ চক্ষু রোগে কর্ণের পশ্চাৎ পার্শ্বে অথবা টেম্পলে ব্লিষ্টার প্রয়োগ করিলে বিশেষ উপকার হয় বিশেষতঃ আইরাইটিস্‌, আলসার্‌ অব্‌ দি কর্ণিয়া এমারোসিস্‌ ও হেমিয়োলোপিয়া ইত্যাদি রোগে অত্যন্ত উপকারী।

একিউট্ রিউমেটিজম্, রিউমেটিক্ কার্ডাইটিস্, ক্রণিক রিউমেটিজম্, আর্টিকিউলার রিউমেটিজম্, এন্লার্জমেণ্ট্ অব্ দি বার্সা ইত্যাদি নানাবিধ পীড়ায় বিশেষ যোগ্যতার সহিত ব্লিষ্টার ব্যবহৃত হয়।

নিউরেল্জিয়া, ও সায়েটিকা রোগে ব্লিষ্টার দ্বারা সময় সময় আশ্চর্য্য উপকার দর্শে। সায়েটিকা রোগে হিলে ব্লিষ্টার দিবে।

হাইড্রার থ্রোসিস্ রোগে রোগীকে সুস্থির অবস্থায় থাকিতে বলিবে এবং সন্ধির উভয় পার্শ্বে ব্লিষ্টার ব্যবহার করিবে।

ওটাইটিস্ রোগে কর্ণের পার্শ্বে ব্লিষ্টার ব্যবহার দ্বারা বহুল উপকার দর্শে।

অডিটরি পেসেজের বা মেব্রেনা টিম্পেনির ইন্ফ্লামেশন্ জন্য বধিরতায় কর্ণের পশ্চাৎ পার্শ্বে ব্লিষ্টার প্রযোগ করিবে।

ISSUE AND SITON

ইশু ও সিটন্।

যাঁহারা বহি খানা নিয়মিত রূপে পাঠ করিয়াছেন তাঁহাদের স্মরণ থাকিতে পারে, ইশু ও সিটন্ ইহারা সার্জবির অন্তর্গত বলিযা নির্দ্দেশ করা হয় নাই।

লৌহকে অগ্নি সন্তাপে পোড়াইয়া শরীরের কোন নির্দ্দিষ্ট স্থানে লাগাইয়া দিলেই তথাকার চামড়া তৎক্ষণাৎ উঠিয়া যাইবে। ইহাকেই ইশু বা এক্চুয়েল্ কটারি কহে কিন্তু আমাদেব দেশে গুল দেওযাকেই ইশু বলা যায়।

কোন একটী সার্জিকেল্ নিডল্ মধ্যে মোটা সূত্রগুচ্ছ বা ফিতা পরাইয়া সুসজ্জিত করতঃ, ঘাড়ের পাশ্চাৎ পার্শ্ব হইতে কতক পরিমাণে চামড়া গ্রহণ করিয়া একপার্শ্ব হইতে অপর পার্শ্ব পর্য্যন্ত ছিদ্র করতঃ উক্ত সূত্রগুচ্ছ বা ফিতা রাখিয়া দিলেই তাহাকে সিটন কহে। ইশু ও সিটন প্রত্যেকেই কাউণ্টার ইরিটেণ্টের কার্য্যকরে। পেটের উপর, অস্থির উপর অথবা যে স্থানে সর্ব্বদা পেশী দিগের মুভ্মেণ্ট্ বা নড়াচড়া হয় তথায় সিটন কি ইশু ব্যবহার কর্ত্তব্য নয় কারণ আল্সারগুলি ইণ্ডোলেণ্ট্ অবস্থায় পরিনত হইতে পারে। ইশু ও সিটন প্রত্যেকেই পীড়ার নূতনাবস্থা হইতে পুরাতনাবস্থায় অত্যন্ত

উপকারকপ নানাবিধ ক্রনিক লাংস্ ডিজিজে বিশেষতঃ ক্রনিক ব্রংকাইটিস্, এজ্‌মা, থাইসিস্ ইত্যাদি রোগে ইন্‌ফ্রাক্লাভিকিউলার রিজিয়নে অথবা এঞ্জ-ইনা পেকটোরিস্ রোগে কার্ডিয়েক রিজিয়নে ইও ব্যবহার করিলে যথেষ্ট উ-পকার দর্শে।

সেবিব্রাল্ বা স্পাইনেল্ মেম্ব্রেনের পুরাতন পীড়া, কেরিজ্ অব্‌দি ভার্টিব্রা বা এপোপ্লেক্‌সি (প্লেথোরা বশতঃ) বোগে গ্রীবার পিছনে অথবা দুর্দ্দমনীয় হেডেক্ বা শিরঃ পীড়ায় ঘাড়ে ইও কি সিটন ব্যবহার করিলে বহুল উপকার দর্শে। ক্রনিক রিউমেটিজম, এন্‌লার্জ্জমেণ্ট্ অব্‌দি স্পিল্ ই-ত্যাদি নানাবিধ রোগাদিতে আমাদের দেশে শুল ব্যবহৃত হয়।

TONICS CLASS.

টনিক্স্ ক্লাস বা

বলকারক ঔষধ শ্রেণী।

যে সমস্ত ঔষধ ব্যবহার দ্বারা মাস্‌কুলার সিষ্টেম্, ডাইজেষ্টিব্ অর্গেন্স্, নার্ভাস্ সিষ্টেম্, এবং সার্ব্বাঙ্গিক শক্তি বর্দ্ধন করে তাহাদিগকেই টনিক্স বলা যায়। বলকারক ঔষধ নিচয় অল্টারেটিব্‌স্ ও ষ্টিমুলেণ্ট্‌স্ এই উভয় বিধ গুণের মধ্যবর্ত্তী হইয়া কার্য্য সম্পাদন করে। অর্থাৎ ইহাদের দ্বারা পরিবর্ত্তন, এবং উত্তেজন উভয় কার্য্যই সম্পাদিত হয় কিন্তু বলকারক ঔষধ মধ্যে অধিকাংশ ঔষধই সংকোচন বৃদ্ধিকরে। সুতরাং পরমাণু দিগের নৈকট্য সম্পাদিত হয়। ইহারা যে উত্তেজনা উদ্ভব করে, তাহা অতি মৃদু অথচ স্থায়ী।

ইহাদের কার্য্য সম্বন্ধে ইহারা নানা বিধ। কতগুলি ষ্টমাকের উপর ক্রিয়া করিয়া পাকাশয়ের বল বিধান করে, ক্ষুধা বৃদ্ধি হয়, এবং ক্রমেজীবনী শক্তি মৃদু ভাবে উত্তেজিত হইয়া উঠে। যথা কলম্বা, কোয়াশিয়া, জেন্সিয়েন্ ইত্যাদি। কতগুলি ঔষধ রক্তের উপর কার্য্য সম্পাদন করিয়া উহাদের লোহিত কনিকা বৃদ্ধিকরে এবং তৎসহ মাস্‌ক্যুলার্ পাওয়ার্ বিবর্দ্ধিত হয় যথা লৌহের লবণ সকল।

কতগুলি ঔষধ স্নায়ু মণ্ডলের বল বিধান করে অর্থাৎ নার্ভাইন্ টনিক্স যথা—নক্সভমিকা, ষ্ট্রিক্‌নিয়া, সাল্‌ফেট্ অব্ জিঙ্ক্ ইত্যাদি।

ব্যবহার।

১। সমস্ত প্রকারের দুর্ব্বলতায়। ২। ডিস্পেপ্‌সিয়া। ৩। এনিমিয়া। ৪। নানাপ্রকার আক্ষেপিক পীড়ায়। ৫। জ্বরাদি রোগের পর দুর্ব্বলতায়।

ব্যবহার নিষেধ।

১। প্লেথোরা বা রক্তাধিক্যাবস্থায়।

২। ইন্‌ফ্লামেশনের প্রারম্ভাবস্থায়। ৩। সম্পূর্ণ সুস্থা বস্থায় ইহা ব্যবহার কর্ত্তব্য নয়।

—•—

নিম্নলিখিত ঔষধ সকল,

বলকারক শ্রেণীভুক্ত।

১। কলম্বা বেডিক্স্।
২। কোয়াসিয়া উড্।
৩। চিরতা।
৪। ক্যাস্ কেবিলা।
৫। জেন্সিয়েন্।
৬। সার্পেণ্টরি।
৭। পিউরিফায়েড্ অক্স্ বাইল্।
৮। কম্পেবিয়া বার্ক।
৯। সিঙ্কোনা বার্ক্।
১০। কুইনাইন্।
১১। সাল্ফেট্ অব্ বেবেরিয়া।
১২। উইলো বার্ক্।
১৩। স্যালিসিলিক্ এসিড্।
১৪। স্যালিসিলেট্ অব্ সোডা
১৫। সাল্ফিউরিক্ এসিড।
১৬। সাল্ফিউরাস এসিড।
১৭। ডাইলিউট্ নাইট্রিক্ এসিড্।
১৮। অক্ জেলেট্ অব্ সিরিয়ম্।
১৯। ডাইলিউট্ নাইট্রো মিউরিয়েটিক্ এসিড্।
২০। হাইড্রো ক্লোরিক্ এসিড ও ডাইলিউট্ হাইড্রো ক্লোরিক্ এসিড্।
২১। ল্যাক্টিক্ এসিড্ ডাইলিউট।
২২। আয়রণ।
২৩। রিডিউস্ড্ আয়রণ্।
২৪। হাইড্রেট্ পরক্সাইড অব্ আয়রণ্।
২৫। আইওডাইড্ অব্ আয়রণ্।
২৬। সল্যুশন্ অব্ পার্ক্লোরাইড্ অব্ আয়রণ্।
২৭। টিংচার্ অব্ ষ্টিল্।
২৮। সল্যুশন্ অব্ ডায়েলাইজ্ড্ অব্ আয়রণ।
২৯। সল্যুশন্ অব্ দি পাবনাইট্রেট্ অব্ আয়রণ্।
৩০। সাল্ফেট অব্ আয়রণ।
৩১। স্যাকারেটেড্ কার্ব্বনেট্ অব্ আয়রণ।
৩২। টার্টারেটেড আয়রণ্।
৩৩। ওয়াইন্ অব্ আয়রণ্।
৩৪। সাইট্রেট অব্ আয়রণ এণ্ড এমোনিয়া।
৩৫। সাইট্রেট্ অব্ আয়রণ এণ্ড কুইনাইন্।
৩৬। ফস্ফেট্ অব্ আয়রণ।
৩৭। ষ্ট্রং সল্যুশন্ অব্ এসিটেট্ অব্ আয়রণ।
৩৮। অক্সাইড্ অব্ জিঙ্ক্।
৩৯। ওলিয়েট্ অব্ জিঙ্ক।
৪০। ভেলিরিয়েনেট্ অব্ জিঙ্ক।
৪১। ভেলিরিয়েনেট্ অব্ সোডা।
৪২। সাব্নাইট্রেট্ অব্ বিস্মথ্।
৪৩। নাইট্রেট্ অব্ বিস্মথ্।
৪৪। কার্ব্বনেট্ অব্ বিস্মথ্।

৪২। পেপ্‌সিন্‌। ৪৬। হাইপো ফস্‌ফাইট্‌ অব্‌ সোডা।
হাইপো ফস্‌ফেট্‌ অব্‌ পটাস্‌।
হাইপো ফস্ফেট্‌ অব্‌ লাইম্‌।

Calumbæ Radix. Calumba Root.

কমম্বি রেডিক্স্‌। কলম্বা রেডিক্স্‌।

প্রয়োগরূপ ৩টী।

১। একষ্ট্রাক্ট অব্‌ কলম্বা। মাত্রা ১—২০ গ্রেণ।

২। ইন্‌ফিউজন অব্‌ কলম্বা। মাত্রা ১—২ আং।

৩। টিংচার অব্‌ কলম্বা। মাত্রা ½—২ ড্রাম্‌।

ক্রিয়া।—পিয়র্‌ বিটার্‌ টনিক্‌ এবং ষ্টমাকিক। ইহার ক্রিয়া অত্যন্ত মৃদু অথচ অন্যান্য বিশুদ্ধ তিক্ত বলকারক সহ্য না হইলেও সহজেই কলম্বা সহ্য হয়। রক্ত সঞ্চালক যন্ত্রের ক্রিয়া বৃদ্ধি বা কোষ্ঠ কাঠিন্য জন্মায় না। ট্যানিক্‌ এসিড বা গ্যালিক এসিড না থাকা নিবন্ধন লৌহ ঘটিত ঔষধ সহ সুন্দর ব্যবহার্য্য। ইহার ইন্‌ফিউশনটী সদ্য প্রস্তুত করিয়া ব্যবহার না করিলে সহজে পঁচিয়া উঠে। কলম্বিন্‌, বার্বেরিন্‌ এবং কলম্বিক্‌ এসিড্‌ নামক ৩টী পদার্থ ইহাতে আছে।

আময়িক প্রয়োগ।—ষ্টমাকের কোন প্রকার অবস্থায় ঔদ্ভিজ্য তিক্ত বিধান করিতে হইলে ক্যালম্বা অতি শ্রেষ্ঠ। ইহা দ্বারা পরিপাক যন্ত্রের বল বিধান হয় এবং ক্ষুধা বাড়ে, তন্নিবন্ধন জ্বরাদি রোগের পর বলকরণার্থ ক্যালম্বা বিধেয়।

এটনিক্‌ ডিস্‌পেপ্‌শিয়া রোগে কলম্বা দ্বারা অত্যন্ত উপকার দর্শে। নানা প্রকার বমন বিশেষতঃ গর্ভাবস্থায় বমন নিবারণার্থ কলম্বা বিস্তর সাহায্যকারী কিন্তু ডাইলিউট হাইড্রোসিয়ানিক্‌ এসিড্‌ সহ বমন নিবারণ শক্তি আরও প্রবল হয়। ষ্টমাকের আলসার বশতঃ অত্যন্ত বমন, কি কষ্টকর বমনোদ্রেক দমন জন্য ডাঃ ব্রিন্টন্‌ বলেন ইহার ইন্‌ফিউজন সহ বাইকার্বনেট অব্‌ পটাস অথবা আইওডাইড্‌ অব্‌ পটাস সহযোগে বিলক্ষণ উপকারী।

দুর্ব্বলতা এবং জ্বরের পর কন্‌ভল্‌শন্‌, অথবা ষ্টমাকের উত্তেজিত অবস্থায় ক্যালম্বা বিশেষরূপে ব্যবহৃত হয়। ইহার ইন্‌ফিউশন্‌ বা টিংচারটী ১—১ ড্রাম মাত্রায় প্রয়োগ করা যায়। বালক ও গর্ভবতীদের পক্ষে ইহা উপযুক্ত ঔষধ।

ডায়েরিয়া রোগে নিম্ন লিখিত ব্যবস্থা মন্দ নয়। যথা—

Re.

Pulve. Calumba gr. v

Bismuth. sub. mit. gr. v

Pulve. creta aromatic gr. x

Make a powder, one to be given as directed.

বল করনার্থ নিম্নলিখিত ব্যবস্থা মন্দ নয় যথা—

Re.

Tinct. Steel m x

Inf. Calumba ad ℥ i

Mist. send 6 such, one oz for a dose, one dose to be taken twice or thrice daily.

ডিস্‌পেপ্‌সিয়ার জন্য যথা—

Re.

Pulv. Calumba gr. v

„ Rhei gr. iii

Pulve. Ginger gr. v

Soda. bicarb gr. v

Make a powder, one powder to be given twice daily.

Quassiæ Lignum. — **Quassia wood.**

কোয়াসি লিগ্‌নম্‌। — কোয়াসিয়া উড্‌।

প্রয়োগরূপ ওঁ.।

১। এক্‌ট্রাক্ট অব্‌ কোয়াশিয়া। মাত্রা ৩—৫ গ্রেণ।

২। টিংচার অব্ কোয়াশিয়া। মাত্রা ½—২ ড্রাম্।

৩। ইন্‌ফিউশন্ অব্ কোয়াশিয়া। মাত্রা ১৲—২ আং।

ক্রিয়া।—বিটার্ টনিক্ ও ষ্টমাকিক্। কোয়াশিন্ নামক ১টী পদার্থের উপর ইহার ক্রিয়া নির্ভর করে। ইহা দ্বারা জান্তব উত্তাপ উৎপাদন করে না, কোষ্ঠ-কাঠিন্য হয় না, তজ্জন্য লৌহাদি অপরাপর ঔষধ সহ ব্যবহার করা যায়।

আময়িক প্রয়োগ।—পূর্ব্বে পূর্ব্বে কোয়াশিয়াকে ইন্টারমিটেণ্ট্ ফিবারে জরঘ্ন বলিয়া ব্যবহার করা যাইত। এণ্টিপিরিওডিক্ অভিপ্রায়ে ইহার ষ্ট্রং ইন্‌ফিউজনটী (৩ ড্রাম, একোয়া ১ পাইণ্ট) ব্যবহৃত হয়। জ্বরের পর মিনারেল এসিড সহ মিশ্রিত করিয়া যথেষ্ট ব্যবহৃত হয়।

ডিস্‌পেপ্‌শিয়া জনিত ষ্টমাক হইতে অত্যন্ত এসিড্ উদ্গার হইলে এবং তৎসহ মাথা ঘূর্ণন থাকিলে কার্ব্বনেট অব্ সোডার সহিত ইহা অত্যন্ত উপকারী। হিষ্টিরিয়ার জন্য ডিস্‌পেপ্‌শিয়া, মদ্যপায়ী দের ডিস্‌পেপ্‌সিয়া, অথবা ডায়েরিয়া রোগেও ব্যবহৃত হইতে পারে।

থ্রেড্ ওয়ার্ম্ রোগে ইহার ইন্‌ফিউশন্ দ্বারা মলদ্বারে এনিমা প্রয়োগ করিলে যথেষ্ট উপকার দর্শে। অন্যান্য কৃমি রোগেও ব্যবহৃত হয়।

Chirata. Chiretta.

চিরাটা। চিরেটা।

প্রয়োগ রূপ।

১। টিংচার্ অব্ চিরেটা। মাত্রা—½—২ ড্রাম্।

২। ইন্‌ফিউজন্ অব্ চিরেটা। মাত্রা—১—২ আং।

ক্রিয়া ও ব্যবহার ঠিক জেন্‌শিয়েনের ন্যায়। দেশীয় বেনে দোকানে সর্ব্বদা প্রাপ্য বলিয়া প্রতি নিয়ত ব্যবহৃত হইয়া থাকে। টিংচার অপেক্ষা ইহার ইন্‌ফিউজনটী অধিক প্রচলিত। ইহার ক্রিয়া, বিটার টনিক, ও ষ্টমাকিক্। ব্যবহার কালে আয়রণ সহ দেওয়া কর্ত্তব্য নয়, কারণ ইহার মধ্যস্থিত ট্যানিন্ সহ আয়রণ একত্রিত হইয়া ট্যানেট্ অব্ আয়রণ প্রস্তুত হইয়া ঠিক কালীর বর্ণ ধারণ করিবে। ইন্‌ফিউজনটী সদ্য ব্যবহার করা কর্ত্তব্য।

Cascarillæ Cortex. Cascarilla.

ক্যাস্‌কেরিলি কর্টেক্স। ক্যাস্‌কেরিলা।

প্রয়োগরূপ ২টী

১। ইন্‌ফিউজন্‌ অব্‌ ক্যাস্কারিলা। মাত্রা—১—২ আং।

২। টিংচার্‌ অব্‌ ক্যাস্কারিলা। মাত্রা—½—২ ড্রাম্‌।

ক্রিয়া। টনিক্‌, এরোমেটিক্‌। বিশেষতঃ ইহার কার্মিনেটিব্‌ শক্তি ও আছে। ব্যবহারে কোষ্ঠ কাঠিন্য হয় না অথচ এই শ্রেণীস্থ অন্যান্য ঔষধের ন্যায় কার্য্যকারী।

আময়িক প্রয়োগ। এটণিক্‌ ডিস্‌পেপ্‌শিয়া, অথবা যে কোন কারণ বশতঃ দুর্ব্বলতা উৎপাদন হইলে বিশেষতঃ জ্বরাদি রোগের পর ইহা সর্ব্বদা ব্যবহার্য্য।

Gentianæ Radix. The Root of Gentiania.

জেন্সিয়েনি রেডিক্স্‌ দিরূট্‌ অব্‌ জেন্সিয়েনিয়া।

প্রয়োগরূপ ৪টী।

১। একষ্ট্রাক্ট্‌ অব্‌ জেন্সিয়েন্‌। মাত্রা—২—১০ গ্রেণ্‌।

২। কম্পৌণ্ড্‌ ইন্‌ফিউশন্‌ অব্‌ জেন্সিয়েন্‌। মাত্রা—১—২ আং।

৩। মিক্‌চার্‌ অব্‌ জেন্সিয়েন্‌। মাত্রা—১—১½ আং।

৪। কম্পৌণ্ড্‌ টিংচার্‌ অব্‌ জেন্সিয়েন্‌। মাত্রা—½—২ ড্রাম।

ক্রিয়া। পিয়র্‌ বিটার্‌ টনিক্‌। ইহার ভিতরে জেন্সিয়েণিন্‌ নামক একটী পদার্থ আবদ্ধ। ইহার ক্রিয়া সামান্য পরিমাণে লেক্সেটিব্‌ বা মৃদুবিরেচক অথবা ষ্টিম্যুলেণ্ট্‌। নিয়মিত মাত্রায় প্রয়োগ করিলে, পরিপাকশক্তি ও ক্ষুধা বৃদ্ধি হয় এবং বলবিধান করে। বর্ণিত আছে, ইহার বিশেষ একটী ক্ষমতা এইযে, সেরিব্রোস্পাইনেল্‌ সিষ্টেমের উপর কার্য্য প্রকাশ করিয়া কখনও বিষলক্ষণ উৎপাদন করে কিন্তু কোন কোন চিকিৎসক বলেন, বহুদিন ব্যবহার করিয়াও তাঁহারা কোন মন্দফল নিদর্শন করেন নাই।

আময়িক প্রয়োগ। নানাবিধ দুর্ব্বলতায় অথবা অন্যান্য পীড়াসহ দুর্ব্বলতা

বর্ত্তমান থাকিলে, জেন্সিয়েন অত্যন্ত উপকারী। ইহার কম্পোণ্ড ইন্‌ফিউজন্ সহ কার্ব্বনেট্ অব্ এমোনিয়া বা স্পীট্ এমোনিয়া এরোমেট্ ব্যবহার কর্ত্তব্য।

এটনিক্ ডিস্পেপ্‌শিয়া এবং গাউট্ পীড়াগ্রস্থ লোকদিগের ডিস্‌পেপ্‌শিয়া হইলে এরোমেটিক্ ওয়াটার সহ টিং জেন্সিয়েন্ বিস্তর ব্যবহৃত হয়।

Serpentariæ Rhizoma. Serpentary Rhizome.

সার্পেন্টরিরিজোমা। সার্পেন্টরি রেজোম্।

প্রয়োগরূপ।

১। ইন্‌ফিউজন সার্পেন্টরি। মাত্রা ১—২ আং।

২। টিংচার সার্পেন্টার। মাত্রা ½—২ ড্রাম।

ক্রিয়া। টনিক্ ষ্টিম্যুলেণ্ট্, ডায়েফরেটিক্, ও ডাইউরেটিক্। অধিক মাত্রায় পেটে গ্রাইপিং পেইন্, নসিয়া, ও তরলদাস্ত হয়, মাথা বেদনাদি মাস্তিষ্কীয় লক্ষণ উৎপন্ন করে এবং আর্টিরিয়েল্ একশন্ বৃদ্ধি করে। একটী তৈলাক্ত পদার্থ, রেজিন্ ও তিক্ত জিনিস ইহাতে আছে।

আময়িক প্রয়োগ। টাইফয়েড্, টাইফস্, ও ইন্‌টার মিটেণ্ট ফিবারে ব্যবহৃত। ডিস্‌পেপ্‌শিয়া, আর্টি কেরিয়াদি নানাবিধ রোগে ব্যবহৃত হইতে পারে।

Cetraria. Iceland moss.

সিট্রেরিয়া। আইস্ লণ্ড্ মস্।

প্রয়োগরূপ।

১। ডিককটম্ অব্ আইস্ লণ্ড্ মস্। মাত্রা ১—৪ আং।

ক্রিয়া। টনিক্, নিউট্রেটিব্, ডিম্‌ল্ সেন্ট্।

আময়িক প্রয়োগ। স্ক্রফিউলা, স্কার্ভি ইত্যাদি পীড়া জনিত দুর্ব্বলতায় অথবা ডায়েরিয়া, ডিসেন্ট্রি ইত্যাদি নানা বিধ পীড়ায় নিউট্রেটিব্ উপকারের

জন্ত ব্যবহৃত হয়। ইন্‌টার মিটেণ্ট্ ফিবারে সিন্‌কোনার পরিবর্ত্তে ব্যবহার করা যায়। এতদ্ব্যতীত থাইসিস্ রোগেও প্রযোজ্য।

Fel Bovinum Purificatum. Purified ox-Bile.

ফেল্ বভিউনাম্ পিউরি ফিকেটাম্। পিউরিফায়েড্ অক্স্ বাইল্।

মাত্রা—৫—১০ গ্রেণ। পিল্ বা ক্যাপ্‌সুল্ রূপে।

ক্রিয়া। টনিক্, কোলেগগ্, এন্থ্যাল্‌মেণ্টিক্, কেথার্টিক, ডাইউরেটিক্। ডাং ক্লে বলেন, ইহার ব্যবহারে মল তরল হয় স্তরাং বিরেচক। পিত্তের অল্পতা বশতঃ নানাবিধ রোগে ব্যবহার্য্য।

আময়িক প্রয়োগ। লিভারের ক্রিয়া বৈষম্য নিবন্ধন জণ্ডিস্ ও অপরাপর রোগে কোলেগগ্ উপকারের জন্ত ব্যবহার্য্য। প্রয়োজনানুসারে টেরেক্সিকম্, এলোজ, ইত্যাদি নানাবিধ ঔষধ মিশ্রিত করা যায়।

ডিস্‌পেপ্‌শিয়া বশতঃ ডায়েরিয়া উৎপন্ন হইলে অনেকানেক চিকিৎসক ব্যবহার করেন।

বাইল্ বা পিত্তের অল্পতা জনিত কনষ্টিপেশন্ রোগে, অক্স্‌বাইল্ যথেষ্ট উপকারী। ৮। ১০ গ্রেণ মাত্রায় ব্যবহার করা যায়।

ক্রনিক্ রিউমেটিজম্ রোগে বাহ্ প্রয়োগার্থ ক্যাম্ফার সহ মালিশ করিলে উপকার দর্শে।

কর্ণের পুঁজ পড়া নিবারনার্থ বাল্‌সাম্ অব্ পিরুসহ ইহার ব্যবহার উপকারী। অল্প পরিমাণে আইওডোফরম্ মিশ্রিত করিলে আরও উপকারী হয়।

Cuspariæ Cortex. Cusparia Bark.

কাস্পেরি কর্টেক্স্। কস্‌পেরিয়া বার্ক।

প্রয়োগরূপ।

১। ইন্‌ফিউশন্ কস্পেরিয়া। মাত্রা—১—২ আং।

ক্রিয়া। এরোমেটিক্, টনিক্, ষ্টমাকিক্ সম্ভবতঃ এণ্টিপিরিওডিক্। অধিক মাত্রায় ইরিটেণ্ট্ পয়জেন্।

ব্যবহার। এটনিক্ ডিস্‌পেপ্‌শিয়া, ডায়েরিয়া, ডিসেণ্টি, এবং প্রবল পীড়াদির পর বলকরণার্থে ইহা ব্যবহৃত হইতে পারে। ইংলণ্ডে ইহার ব্যবহার নিতান্ত অল্প।

Chinchonæ Cortex — Cinchona Bark.

সিঙ্কোণি কর্টেক্স্। — সিঙ্কোনা বার্ক্।

ব্যবহারার্থে নিম্নলিখিত ৩ প্রকার সিঙ্কোনা ব্যবহৃত হয় যথা—

১। ইয়েলো সিঙ্কোনা।

২। পেল্ সিঙ্কোনা বার্ক্।

৩। রেড্ সিঙ্কোনা বার্ক্।

প্রয়োগরূপ ৫টী।

১। ডিককৃশন অব সিঙ্কোনা। মাত্রা—১—২ আং।

২। লিকুইড্ একষ্ট্রাক্ট্ অব্ সিঙ্কোনা। মাত্রা—৫—১০ মিনিম্।

৩। এসিড্ ইন্‌ফিউজন্ অব্ সিঙ্কোনা। মাত্রা—১—২ আং।

৪। টিংচার্ অব্ সিঙ্কোনা। মাত্রা—½—২ ড্রাম্।

৫। কম্পৌণ্ড্ টিংচার্ অব্ সিঙ্কোনা। মাত্রা—½—২ ড্রাম্।

ক্রিয়া। ব্যবহারার্থে ক্রিয়া, টনিক্, এস্‌ট্রিন্‌জেণ্ট্ ও এণ্টিপিরিওডিক্। কিনোভিক্, সিন্‌কোট্যানিক্, এবং রেড্‌সিন্‌কোণিক্ এসিডের উপর ইহার এস্‌ট্রিন্‌জেণ্ট্ বা সংকোচন শক্তি নির্ভরকরে। নিম্নলিখিত কুইনিয়া, সিন্‌কোনিয়া, এবং সিন্‌কোনি ডিনিয়া নামক এল্‌কেলয়েড্ বা বীর্য্যের উপর ইহার বলকরণ ও পর্য্যায় নিবারণ শক্তি সাপেক্ষ। সিঙ্কোনা বৃক্ষের পত্রেতেও উক্ত নানাবিধ পদার্থ বর্ত্তমান আছে সুতরাং সামান্য ধরণের মেলেরিয়া জ্বরে পর্য্যায় নিবারণার্থে পত্র ও ব্যবহৃত হইতে পারে। ডাং চিপার্ ফাইল্ বলেন সিঙ্কোনাপত্র ১½ আং সাল্‌ফিউরিক্ এসিড্ ২ ড্রাম্, শীতল জল ২০ আং একত্র করতঃ ১০ মিনিট্ পর্য্যন্ত অগ্নি সন্তাপে ফুটাইয়া পরে শীতল হইলে ছাঁকিয়া লইবে অথবা সিঙ্কোনা পত্র ১ আং জল আং ১০ মিনিট্ পর্য্যন্ত অগ্নি সন্তাপে ফুটাইয়া লইবে, মাত্রা—৩ আং—

৩ আং দিবসে ২। ৩ বার বিধেয়। ইহার বিকৃত আস্বাদ নিবন্ধন অনেকানেক রোগী সেবনে অনিচ্ছুক হয় এবং ব্যবহার করিয়াই বমনোদ্রেক, বমন, শিরঃ পীড়া, কোষ্ঠ কাঠিন্যাদি নানাবিধ লক্ষণ দ্বারা আক্রান্ত হয়। সম্পূর্ণ ক্রিয়া প্রকাশার্থ কিছু অধিক মাত্রায় সিঙ্কোনা ব্যবহার কর্ত্তব্য। শীঘ্রকার্য্য প্রকাশ ও ব্যবহারে সুবিধা নিবন্ধন ইহার কোয়াইনা, ও সিন্কোনিয়া নামক বীর্য্যই ব্যবহার্য্য। কিন্তু স্মরণ রাখা কর্ত্তব্য যে যদ্যপি ইহার বীর্য্য দ্বারা কার্য্য উদ্ধার না হয় তবে সিন্কোনা ব্যবহার দ্বারাও অনেক সময় উপকার পাওয়া গিয়াছে। অল্পমাত্রায় সিঙ্কোনা বার্ক ব্যবহার করিলে ক্ষুধা ও পরিপাকশক্তি বৃদ্ধি হয় এবং মাস্‌কিউলার্ ও সার্ক্যুলেটরি সিষ্টেমেরকার্য্য কপরিবর্দ্ধিত হয়। ইহাদ্বারা অত্যন্ত দুর্ব্বলতা জনিত ঘর্ম্ম নিবারণ করে। ইণ্টার মিটেণ্ট্ ফিবারে জ্বর আসার পূর্ব্বে অধিকমাত্রায় এবং জ্বর না থাকা সময়ে অল্পমাত্রায় বারম্বার ব্যবহার কর্ত্তব্য। ডিকক্শন্ অব্ সিঙ্কোনা কি ইন্‌ফিউজন্ অব্ সিঙ্কোনা ব্যবহার কালে সামান্য পরিমাণ সাল্‌ফিউরিক এসিড্ ব্যবহার করিলে ইহার ক্রিয়া বৃদ্ধি হয়। বার্ক্, বাহ্য প্রয়োগার্থ এস্‌ট্রিন্‌জেণ্ট্ ও এণ্টিসেপ্‌টিক্। ইণ্ডোলেণ্ট্, স্লাফিং, ও গ্যাংগ্রিনাস্ আল্‌সারে ইহার গুঁড়া ছড়াইয়া দিয়া পুল্‌টিস্ ব্যবহার করিলে ক্ষত শীঘ্র আরোগ্য হয়। এমনকি হস্‌পিটাল্ গ্যাংগ্রীন্ রোগেও এপ্রকার ব্যবহার দ্বারা আরোগ্য করা গিয়াছে। একজিমা রোগে অত্যন্ত রস নিঃস্রবণ লাঘবার্থ ইহার বাহ্যিক ব্যবহার হয়, ইহার মধ্যে ট্যানিন্ আছে বলিয়াই এপ্রকার উপকার হয়। মুখ ও মাঢ়ির ক্ষতাদি দূরীকরণার্থ কুল্যার্থে ব্যবহৃত হয়। অপর ইহা দ্বারা নার্ভাস সিষ্টেমের ..বিধান করে।

আময়িক প্রয়োগ। সাল্‌ফেট অব্ কোয়াইনা ব্যবহার কালে বিশেষরূপে বর্ণিত হইবে।

Quininæ. Quinine.

কোয়াইনি। কুইনাইন।

নানাবিধ সিঙ্কোনা বৃক্ষ হইতে কোয়াইনা প্রস্তুত হইয়া থাকে। কোয়াইনা হাইড্রক্লোরাস্ বা হাইড্রক্লোরেট্ অব্ কোয়াইনা, কোয়াইনা সাল্‌ফাস্ বা

সাল্‌ফেট্‌ অব্‌ কোয়াইনা। ইহা দিগকে কোয়াইনা বা কুইনাইন উভয় প্রকারই বলে।

৪০০ অংশ শীতল জলে, ৫০০ অংশ ফুটিত জলে, ৬৮০ অংশ ইথারে, কি ২ অংশ ফুটিত এল্‌কোহলে দ্রব হয়। নানাবিধ মিনারেল এসিড্‌স্‌ ও এসিড্‌ সহযোগে দানাযুক্ত লবণ প্রস্তুত হয় কিন্তু তন্মধ্যে সাল্‌ফিউরিক্‌ এসিড্‌ সহযোগে যে দানা প্রস্তুতহয় তাহাই প্রায় সর্ব্বদা ব্যবহার্য্য ও প্রধান।

প্রয়োগ রূপ। মাত্রা ১—১০ গ্রেণ্‌।

১। টিংচার অব্‌ কোয়াইনা। ইহা হাইড্রক্লোরেট্‌ অব্‌ কোয়াইনা হইতে প্রস্তুত হয়। ১ ড্রামে ১ গ্রেণ্‌ আছে। মাত্রা ½—২ ড্রাম্‌।

সাল্‌ফেট্‌ অব্‌ কোয়াইনা হইতে।

২। পিল্‌ অব্‌ কোয়াইনা। মাত্রা ১—১০ গ্রেণ্‌। ১৮৮৫ খৃঃ পরিত্যক্ত।

৩। এমোনিয়েটেড্‌ টিংচার অব্‌ কুইনাইন্‌। মাত্রা ½—২ ড্রাম্‌।

৪। ওয়াইন্‌ অব্‌ কুইনাইন্‌। প্রতি আউন্সে ১ গ্রেণ কুইনাইন আছে। মাত্রা। ½—১ আং।

৫। কুইনাইন সাল্‌ফোকার্ব্বলাস্‌। মাত্রা ১—৬ গ্রেণ।

৬। ভেলিরিয়েনেট্‌ অব্‌ কুইনাই। মাত্রা ১—৪ গ্রেণ্‌।

৭। হাইড্রব্রোমেট্‌ অব্‌ কুইনাইন। মাত্রা ১—৫ গ্রেণ্‌।

৮। স্যালিসিলেট্‌ অব্‌ কুইনাইন্‌। মাত্রা ২—৬ গ্রেণ্‌।

ব্যবহারার্থে কোন কোন সময় টারট্রেট্‌, কাস্‌ফেইট্‌, সাইট্রেট্‌, এসিটেইট্‌, ভেলেরিয়েনেট, নাইট্রেট্‌, এবং ক্লোরেট্‌ অব্‌ কোয়াইনা ব্যবহৃত হইতে পারে কিন্তু সাল্‌ফেট্‌ অব্‌ কুইনাইনের ন্যায় ইহাদের একটী ও কার্য্যকারী নয়।

ক্রিয়া। ভেলিউয়েবোড্‌ টনিক্‌, ও এণ্টিপিরিওডিক্‌ কিন্তু অল্প পরিমাণে ইউট্রাইন্‌ মোটার্‌ ষ্টিম্যুলেণ্ট্‌ ও আছে। কেবল সংকোচন শক্তি ব্যতীত সিন্‌কোনার অন্যান্য সকল ক্রিয়াই ইহাতে বর্ত্তে। সিন্‌কোনা হইতে অল্পমাত্রায় ইহা দ্বারা কার্য্য সিদ্ধ হয়। পরীক্ষা দ্বারা নিম্নলিখিত সিষ্টেম সকলের উপর ক্রিয়া নিশ্চয় করা হইয়াছে যথা নার্ভাস্‌ সিষ্টেম্‌—সামান্য দৃষ্টি ভ্রান্তিতা, স্পষ্ট ও অস্পষ্ট অস্থায়ী বধিরতা, এবং কর্ণের ভিতর সোঁসোঁ শব্দ উৎপন্ন হইতে থাকে।

শিরোঘূর্ণন, মস্তকের সম্মুখ পার্শ্বে বেদনা ও ভারি। উপরোক্ত লক্ষণকে সিঙ্কোনিজম্, বা কুইনিজম্ কহে। কেহ কেহ অনুমান করেন হৃদপিণ্ডের কার্য্য সুচারু রূপে না হওয়ায়, মস্তিষ্কে রক্ত চলাচলের ব্যাঘাত জন্মে, তন্নিবন্ধন মস্তিষ্কে, পার্শিয়েল্ এনিমিয়া উৎপন্ন হইয়া উপরোক্ত লক্ষণ সকল প্রকাশ পায়। কেহ কেহ অনুমান করেন ইহা দ্বারা গ্রেইট্ সিম্পে থেটিক্ ও অডিটরি নার্ভের উত্তেজনা উদ্ভব হয়। অপর কেহ কেহ অনুমান করেন কুইনাইন ব্যবহার দ্বারা মস্তিষ্কে কন্‌জেস্‌শন্ জন্মে। ভাস্‌কিউলার সিষ্টেম—সাধারণ মাত্রায় ব্যবহার করিলে ইহা দ্বারা নাড়ীর গতি দ্রুত হয় এবং তদপেক্ষা অধিক মাত্রায় নাড়ী পূর্ণ ও ধামনিক আড়ষ্টতা খর্ব্ব হয়, এবং হৃদ পিণ্ডের ক্রিয়া ক্রমে লুপ্ত হইয়া, হস্ত পদাদিতে আক্ষেপ, শীতলতার লক্ষণ প্রকাশ পাইয়া অবশেষে মৃত্যু পর্য্যন্তও সম্ভাবনীয়। কুইনাইন রক্তের হোয়াইট্ কার্পাস্ কোলের উপর সাক্ষাৎ কার্য্য প্রকাশ করিয়া. উহার মধ্যে যে সকল জীবিত কীটাণু প্রতি নিয়ত বিচরণ করে, তাহাদিগকে বিনষ্ট করিয়া ফেলে। কুইনাইন অধিক দিন ব্যবহার করিলে রক্তের রেড্ কার্পাস্ কোল্‌কে ধ্বংস করে। রেস্‌পিরেশন্ ও টেম্পারেচার-রেস্ পিরেটরি বা শ্বাস প্রশ্বাসিক যন্ত্র সম্বন্ধে বিশেষ কোন পরিবর্ত্তন প্রায় দৃষ্টি গোচর হয় না। জ্বরীয় অবস্থায় অধিক মাত্রায় কুইনাইন ব্যবহার করিলে উত্তাপ খর্ব্ব হয় সন্দেহ নাই।

সিক্রিশন্ সম্বন্ধ-সাধারণ মাত্রায় কুইনাইন ব্যবহারের পর সেলাইভা বা লালা নিঃস্রবণ সামান্য পরিমাণে বৃদ্ধি হয় এবং গ্যাষ্ট্রিক্ জুসের ও আধিক্য করিয়া ক্ষুধা উত্তেজিত করে। অধিক মাত্রায় ব্যবহারের পর উপরোক্ত লক্ষণ সকল ঠিক বিপরীত অবস্থায় পরিণত হয় যথা ক্ষুধা মান্দ্য, পাকাশয়ের মিউকাস্ মেম্ব্রেণের উত্তেজনা উৎপন্ন হয় এবং গ্যাষ্ট্রিক্ জুস্ নিঃসরণ লাঘব করে। প্রস্রাবের পরিমাণ সম্বন্ধে বিশেষ কোন পরিবর্ত্তন হয় না বটে কিন্তু ইউরিক্ এসিড্ ও সম্ভবতঃ ইউরিয়ার পরিমাণ কম হয়। ইহার এণ্টিসেপটিক্ ক্ষমতা সুন্দর আছে সুতরাং শীঘ্র পচন নিবারণ করে এবং মেলেরিয়ার বিষকে ধ্বংস করে।

কোন কোন বহুদর্শী চিকিৎসক বহুকালের পরীক্ষা দ্বারা নিশ্চয় করিয়াছেন যে কুইনাইন ব্যবহার দ্বারা জরায়ুর সংকোচন উৎপন্ন হয় এবং তন্নি-

এক্ষন ইংলণ্ড ও আমেরিকাবাসী চিকিৎসকগণ গর্ভাবস্থায় ব্যবহার সম্বন্ধে মতামত, সুন্দররূপে নিশ্চয় করিতে পারেন নাই। কেহ কেহ বলেন একটী সুস্থকায় যুবতীর গর্ভাবস্থায় কুইনাইন দিতে কোন সন্দেহের কারণ নাই। কিন্তু যদ্যপি কোন পীড়াগ্রস্থ হয় তাহা হইলে ব্যবহারে মত ভেদ আছে। ইণ্টারমিটেণ্ট্ ফিবারে সাধারণতঃ যে পরিমাণে শিবারিং বা শীত কম্প হয়, তদ্দ্বারাই সম্ভবতঃ এবর্শন্ হইতে পারে কিন্তু যদ্যপি তদবস্থায় পুনবায় কুই-নাইন প্রয়োগ করা যায়, তবে সম্ভবতঃ নিশ্চয় গর্ভপাত হইবে। যাহা হউক, যে পর্য্যন্ত এবিষয়ে নিশ্চয়রূপে কোন মীমাংসা অবগত হওয়া না যায়, তত দিন গর্ভাবস্থায় ব্যবহার কালে বিশেষ সতর্কতা নেওয়া কর্ত্তব্য।

আমেরিকা বাসী চিকিৎসকগণ বহুল পরীক্ষা দ্বারা জরায়ু সঙ্কোচন সম্বন্ধে প্রায় আর্গটের ন্যায়, ইহার ক্ষমতা আছে বলিয়া নির্দ্দেশ করেন। এবং প্রসব বেদনা উপস্থিত হইয়া পুনরায় ক্ষান্ত হইয়া গেলে, ইহার ব্যবহার দ্বারা পুনরায় প্রসব বেদনা উৎপন্ন করাইয়া আর্গটের ন্যায় ফলোৎপন্ন করিয়া-থাকে। এবং ১০ গ্রেণ্ কুইনাইন্ দ্বারা নাকি ২০ গ্রেণ আর্গটের কার্য্য হয়।

কুইনাইন্ ব্যবহার কালে নিম্নলিখিত কতকগুলি বিষয়ের প্রতি দৃষ্টি রাখা কর্ত্তব্য।

১। কুইনাইন প্রয়োগের পূর্ব্বে বিরেচক কি বমনকারক ঔষধ দ্বারা পাকস্থলি পরিষ্কার করিয়া নেওয়া কর্ত্তব্য। কারণ সঞ্চিত মল কি পিত্ত অন্ত্রে নিবদ্ধ থাকিলে ইহার কার্য্য নিয়মিত রূপে প্রকাশ হয় না।

শীঘ্র কার্য্য প্রকাশার্থ ইহাকে দ্রবীভূত করিয়া ব্যবহার কর্ত্তব্য এবং সামান্য পরিমান ডাইলিউট্ সাল্‌ফিউরিক এসিড্ মিশাইলে ইহার ক্রিয়া সংশোধিত ও পরিবর্দ্ধিত হয়। ১ গ্রেণ্ বিশুদ্ধ কুইনাইনে ১ ফোটা ডিল্ সাল ফিউরিক্ এসিড্ সংযোগে সুন্দর মিশ্রিত হইয়া নীলাভ বর্ণ ধারণ করিবে। কিন্তু কুইনাইন খারাপ হইলে প্রায় ১॥ কি ২ ফোটা এসিডের প্র-য়োজন হয়।

৩। শূন্যোদরে প্রয়োগ করিলে ইহার ক্রিয়া সত্বর প্রকাশ পায়।

৪। রোগী যখন সাল্‌ফেট্ অব্ কোয়াইনার তিক্ত আস্বাদ নিবন্ধন কি বালক দিগকে ব্যবহার সময়ে সেবনে অসম্মতি প্রকাশ করে, তদবস্থায়

এমর্ফাস্ কুইনাইন প্রয়োগ করা উচিত। কারণ এমর্ফাস্ কোয়াইনা মুখগহ্বরের থুথুর সহিত দ্রব না হইয়া পাকাশয়স্থ গ্যাষ্ট্রিক্ জুসের মধ্যস্থ হাইড্রোক্লোরিক্ এসিড্ দ্বারা দ্রব হয়।

৫। ইহার আস্বাদ দূরীকরনার্থ ইন্‌ফিউশন্ অব্ রোজ এসিডা কি ষ্ট্রং কাফি সহ মিক্‌চার রূপে এবং কন্‌ফেক্‌শন্ অব্ রোজ সহ পীল্ আকারে ব্যবহার্য্য।

৬। যখন পাকাশয়ের উত্তেজনা বশতঃ কুইনাইন সেবন করা অযোগ্য বোধ হয়, তদবস্থায় এনিমা আকারে ২। ৩ আউন্স পরিমান জলের সহিত রেক্‌টামে প্রয়োগ করিবে অথবা ব্লিষ্টার প্রয়োগ করিয়া চর্ম্ম উঠাইয়া তদুপরি এণ্ডর্মিক্ রূপে অথবা হাইপোডার্মিক্ পিচকারী দ্বারা চর্ম্ম নিম্নে কুইনাইন সলুশন্ প্রয়োগ করিলেও উদ্দেশ্য সিদ্ধ হইতে পারে।

৭। কুইনাইনের কার্য্য বৃদ্ধি করণ অভিপ্রায়ে ইহার সহিত ওপিয়ম্, আর্সেনিক্, কি সাল্‌ফেট্ অব্ আয়রণ মিশ্রিত করিয়া ব্যবহার কর্ত্তব্য।

৮। অধিক দিন কুইনাইন্ ব্যবহার করিতে হইলে অল্প মাত্রায় ব্যবহার কর্ত্তব্য কিন্তু যদ্যপি মস্তকে ভার বোধ, কি কর্ণের ভিতর নানাবিধ উৎবেগ বোধ হইতে থাকে, তাহা হইলে ইহা ক্ষান্ত রাখা উচিত।

৯। কোয়াইনা স্বকীয় কার্য্য প্রকাশ করিতে অপারগ হইলে ইহার পরিবর্ত্তে সিন্‌কোনা কি আর্সেনিক্ বারম্বার ব্যবহার করিলে অথবা অন্যান্য এন্টিপিরিয়ডিক্ যথা-স্যালিসিন্ স্যালিসিলেট্ অব্ সোডা, আতিশ, নিম্, গুলঞ্চ, নাটা ইত্যাদি ব্যবহার দ্বারা ও উপকার হইতে পারে।

১০। পীড়া আরোগ্য হইয়া গেলেও কতক দিবস পর্য্যন্ত কুইনাইন ব্যবহার করা যুক্তি সঙ্গত। বিশেষতঃ আমাদের দেশীয় নিরক্ষর ব্যক্তিদের সাধারণ বিশ্বাস যে, কুইনাইন দ্বারা জ্বর আট্‌কিয়া যায় বা মজ্জাগত হইয়া পড়ে। সুতরাং জ্বর রোগে কুইনাইন ব্যবহার না করাই কর্ত্তব্য। কিন্তু যাঁহাদের কুইনাইনের উপকারিত্ব বিষয়ে এখন ও সন্দেহ বিশ্বাস রহিয়াছে, তাঁহারা নিশ্চয় জানিবেন, অন্যায়রূপে কুইনাইন প্রয়োগ করাই যে, তাহার প্রধানতম কারণ তদ্বিষয়ে সন্দেহ নাই। অনেকেই কুইনাইন প্রয়োগের পর জ্বর বোধ হইলেই, বিকৃত আস্বাদ নিবন্ধন আর ইহার ব্যবহার করিতে

হীন না কিন্তু তাহা নিতান্ত অন্যায়। ইহা দ্বারা ভবিষ্যতে শরীরকে রোগ প্রবণ করিতে প্রশ্রয় দেওয়া হয়। অতএব জ্বর আরোগ্য হইলেও বলকারক মাত্রায় (১ কি ২ গ্রেণ) এক্‌ষ্ট্রাক্ট্‌ জেন্‌শিয়েন সহ বা ২। ৩ গ্রেণ কন্‌কে-ক্‌শন্‌ অব্‌ রোজ সহ দিবসে ৩ কি ২ বার করিয়া কতক দিন পর্য্যন্ত প্রয়োগ করিলেই সম্ভবতঃ বিপদের আশঙ্কা দূরীকৃত হইবে।

কুইনাইন ব্যবহার করিয়া প্রায় মস্তকে ভার বোধ কি অব্যক্ত অসুখ বোধ করিতে থাকে, এমতাবস্থায় কুইনাইনকে ডাইলিউট্‌ হাইড্রো ব্রোমিক্‌ এসিডে দ্রবীভূত করিয়া ব্যবহার করিলেই প্রায় যন্ত্রনা নিবারিত হয়।

আময়িক প্রয়োগ।—Intermittent fever. ইণ্টারমিটেণ্ট্‌ ফিবার বা পর্য্যায় জ্বরে কুইনাইনের তুল্য উপকারী কি এণ্টিপিরিওডিক আর নাই। কিন্তু এগিউ বা পর্য্যায় জ্বর রোগে ও কোন কোন সময় কুইনাইন দ্বারা কোনই কার্য্য সিদ্ধ হয় না। যদ্যপি লিভার বা যকৃতে রক্তাধিক্য বা মেলে-রিয়ার বিষ প্রবেশ জনিত যকৃতের সাধারণ পিত্ত নিঃসরণ কার্য্য সুচারুরূপে না হয় অথবা স্প্লীন্‌ বা প্লীহা, অপর মস্তিষ্কাদি বিবিধ যন্ত্রের ক্রিয়া বিপ্লব নিবন্ধন অনেক সময় কুইনাইন ব্যবহার করিয়াও কোনই উপকার প্রাপ্ত হওয়া যায় না; সুতরাং এমতাবস্থায় উক্ত যন্ত্র সকলের কার্য্য প্রণালী বিশেষ রূপে অবগত হইয়া, মার্কুরিয়েল সাল্টস্‌ কি অপরাপর বিরেচক দ্বারা অন্ত্র পরিষ্কার করিলে যকৃতের কি অন্যান্য যন্ত্রের কার্য্য ও অনেকাংশে প্রকৃতিস্থ হইবে। অন্ত্রের অবস্থা পরিশোধিত না হইলে জিহ্বার সমলত্ব সম্ভবতঃ কখনই দূরীকৃত হইবে না। এতদ্ব্যতীত পটাস ঘটিত নানাবিধ লবণ ব্যবহার্য্য। সুতরাং পটাসি এসিটাস, পটাসি বাইটারট্রেট্‌, এমোনিয়া ক্লোরাইড্‌, ট্রাক্সিকম্‌, এক্‌ষ্ট্রাক্ট্‌ ক্যাস্‌ কেরেলা লিকুইড্‌ ইত্যাদি বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া অতঃপর নিম্নলিখিত ব্যবস্থা কর্ত্তব্য।

কুইনাইন প্রয়োগ প্রণালী।

১। নিয়মিত সময়ে জ্বর আসার ১ কি ২ঘণ্টা পূর্ব্বে পূর্ণমাত্রায় (১০—১৫—২০ গ্রেণ) কুইনাইন ব্যবহার দ্বারা রোগের প্রতিকার করা।

২। যখন জ্বরের পূর্ণ বিকাশ উপস্থিত হয়, তখন ইহা ব্যবহার না করিয়া, ঘর্ম্ম হইয়া জ্বরের বিরাম সময়ে উপরোক্ত মাত্রায় কুইনাইন প্রয়োগ করা যায়। অনেকস্থলে এ প্রথানুসারেও চিকিৎসা প্রচলিত।

৩। জর বিরাম হউক কি না হউক, জরের কালাকাল বিবেচনা না করিয়াই, উত্তপ্তাবস্থায় অধিক মাত্রায় ইহা ব্যবস্থা করা যায়।

৪। চতুর্থতঃ জরের বিরাম সময়ে এককালে অধিক মাত্রায় প্রয়োগ না করিয়া (৩—৫ গ্রেণ্) পরিমাণে বারম্বার ব্যবহার করা যায়।

এখন দেখা উচিত যে উপরোক্ত ৪টী প্রণালী মধ্যে কোনটী সর্ব্বদা ব্যবহার্য্য এবং অধিক ফলপ্রদ। প্রায় অধিকাংশ চিকিৎসকই জরের বিরাম সময়ে অল্পমাত্রায় কুইনাইন ব্যবহার করিয়া থাকেন। কিন্তু কোন্ পথ অবলম্বন করিলে আমরা সহজে কৃতকার্য্যতা লাভ করিতে পারিব সে মিমাংসা বড় সহজ কথা নয়।

যাহাহউক সম্প্রতিক ডাং মেক্লিন্ যে মতানুসারে চিকিৎসা করিয়া বহুল প্রশংসা প্রচার করিয়াছেন, বোধহয় তাহা মন্দনয় এবং সর্ব্বসাধারণের পক্ষেই উপকারী সন্দেহ নাই। ডাং মেক্লিন্ বলেন, ঘর্ম্ম হইয়া জর বিরামে সময়ে পূর্ণমাত্রায় একডোজ, ডাইলিউট্ সাল্‌ফিউরিক এসিডে দ্রবীভূত করিয়া ব্যবহার কর্ত্তব্য এবং জর আসার নিয়মিত কালের ১ঘণ্টাপূর্ব্বে পুনরায় ঐরূপ আর এক ডোজ, অপর এতদুভয়ের মধ্যবর্ত্তী সময়ে অধিকমাত্রায় এক ডোজ্ ব্যবহার করিলেই যথেষ্ট উপকারের সম্ভাবনা। যদ্যপি উপরোক্ত প্রণালীমতে, জরের কোন ইতর বিশেষ না হয়, তবে নিশ্চয় মনে করা কর্ত্তব্য যে, অবশ্য আভ্যন্তরিক যন্ত্র সম্বন্ধে কোন না কোন পরিবর্ত্তন আছে। সুতরাং লক্ষনানুযায়ী চিকিৎসা করিলেই প্রতিকারের সম্ভাবনা। অতঃপর বিশেষরূপে স্মরণ রাখা কর্ত্তব্য যে ইণ্টার্ মিটেণ্ট্ ফিবারে যে প্রকারেই হউক কুইনাইন অবশ্য ব্যবস্থেয়। যদ্যপি ষ্টমাকের ইরিটিবিলিটি নিবন্ধন পাকাশয়, কুইনাইন্ সহ্য করিতে অপারগ হয়, তবে এনিমা আকারে মলদ্বারে কুইনাইনের সলুশন্ প্রবেশ করাইলে অথবা এণ্ডর্মিক্ বা হাইপোডার্মিক্ আদি নানাবিধ উপায়েই প্রয়োগ ব্যবস্থেয়। এনিমা আকারে দিতে হইলে ১০ গ্রেণের পরিবর্ত্তে একটুকু বেশী মাত্রায় যথা ১৫ গ্রেণ প্রয়োগ করা কর্ত্তব্য। লাইকর্ ইপিস্‌প্যাস্‌টীকা দ্বারা চর্ম্মোপরি ব্লিষ্টার বা ফোস্কা উৎপন্ন করিয়া উক্ত ব্লিষ্টারের উপরিস্থিত পাতলা চামড়া গুলি, নিস্থত ঘনীভূত জলীয় পদার্থ সহ উঠাইয়া, তৎপর উক্ত ক্ষত স্থানে কুইনাইন্ ব্যবহারকেই এণ্ডর্মিক রূপে

প্রয়োগ করা বলে। অনেক সময় বেদনা নিবারণ জন্য ব্লিষ্টার দ্বারা ক্ষত উৎপন্ন করাইয়া উক্ত ক্ষত স্থানে আমরা মর্ফিয়া প্রয়োগ করি। ইহাও এণ্ডর্মিক আকারের প্রয়োগ।

বিশেষ বিবেচনার সহিত ব্যবহার করিলে Remittent fever বা রেমিটেণ্ট ফিবারে কুইনাইন, অব্যর্থ ঔষধ। যে কোন প্রকারেই হউক কিছু না কিছু উপকার হইবেই, কিন্তু সাধারণ ইণ্টার মিটেণ্ট ফিবারাপেক্ষা ব্যবহার সম্বন্ধে বিশেষ বিবেচনা ও সতর্কতার দরকার। ১৮৪৭ খৃঃ অব্দে মিঃ হেয়ার মত প্রকাশ করেন যে ফিবারের যে কোন অবস্থাতেই অকুতোভয়ে কুইনাইন ব্যবহার করা যায় এবং ২০ গ্রেণ পরিমাণ মাত্রায় ফিবারের সকল অবস্থাতেই নিরাপদে প্রযোজিত হইতে পারে। কিন্তু হেয়ার সাহেবের মতোপরি কেহ কেহ পোষকতা করিয়া ছিলেন বটে তথাচ কেহ কেহ বলেন, যদ্যপি জ্বরের কালাকাল বিবেচনা না করিয়াই কুইনাইন ব্যবহৃত হইল, তাহা হইলে, চিকিৎসকের দরকার না হইলেও হইতে পারে, যে কোন ব্যক্তি দ্বারাই, কুইনাইন ব্যবহৃত হইতে পারে। সুতরাং কুইনাইনের প্রয়োগ বিষয়ে বিষম একটী আন্দোলন পড়িয়া গেল এবং অতঃপর ডাং মেকলিন্ যে মত আবিষ্কার করেন তাহাই সকলের বিশেষ আদরের হইয়াছিল যথা—ডাং মেকলিন্ বলেন,-রেমিটেণ্ট ফিবারে প্রথমতঃ বিবেচনা সহ একটী পার্গেটিবদ্বারা অন্ত্র পরিষ্কার করাইয়া, তৎপর প্রথম রেমিশন্ সময়ে (যতদূর রেমিশন্ হয়) ১০ গ্রেণ বা ১৫ গ্রেণ অথবা রোগী বিবেচনায় ২০ গ্রেণ পর্যন্তও ব্যবহার করিবে কিন্তু ২০ গ্রেনের অতিরিক্ত কখনই ব্যবহার কর্ত্তব্য নয়। অনেকে বলেন, যদ্যপি রোগীর জিহ্বা সমল থাকে, মাথা বেদনা কি জ্বরসম্পূর্ণবিরাম না থাকে,তবে কুইনাইনদ্বারা উপকারের আশানাই কিন্তু ম্যাক্লিন্ সে সম্বন্ধে কোনই প্রতি বন্ধকতা উপস্থিত করেন না। অতঃপর উপরোক্ত অবস্থার পর যখন পুনরায় রেমিশন্ কালগত হইয়া, হট্ ষ্টেজ্ বা উত্তাপের অবস্থা আসিবে, সে সময়ে পিপাসা নিবারক ঔষধাদি ব্যবস্থা করলেই রেমিশন্ অবস্থা দেখা দিবে, তৎক্ষণাৎ পূর্ব্ব নিয়মানুসারে পুনরায় কুইনাইন প্রয়োগ করিবে, কিন্তু ইহা স্মরণ রাখা কর্ত্তব্য যে, যে পর্য্যন্ত না সম্পূর্ণরূপে সিঙ্কোনিজম্ প্রকাশ হয়, তত সময় পর্য্যন্ত কুইনাইন ব্যবহার

করিবে। পথ্যের জন্য, নানাবিধ বলকারক আহার, বিশেষতঃ দুগ্ধ, সুপ, ব্রি-কুট্, সেগু, বার্লি ইত্যাদি ব্যবস্থা করিবে। যদ্যপি রোগী অত্যন্ত দুর্ব্বল হয় তাহা হইলে বারম্বার ষ্টিমুলেণ্ট্ ব্যবহার কর্ত্তব্য।

অনেক সময় আমাদের দেশীয় এডিনেমিক্ ফিবারে অর্থাৎ দুর্ব্বল ধরণের রেমিটেণ্ট্ ফিবারে, সামান্য পরিমান রেমিশন্ ও দেখা না যাইতে পারে, এমতাবস্থায় জ্বরের কালাকালের প্রতি লক্ষ্য না করিয়া কুইনাইন ব্যবহার কর্ত্তব্য। মিনারেল এসিড্ ও বলকারক আহার, উত্তেজক ঔষধ নিচয় ও তৎসহ ব্যবস্থেয়।

আমাদের সাধারণ বহুদর্শিতা দ্বারা কোন কোন সময় দেখিতে পাই যে, নিতান্ত অল্পমাত্রায় (১ গ্রেণ পরিমাণ) কুইনাইন্ সহ ডাইলিউট্ হাইড্রব্রোমিক এসিড্ মিশ্রিত করতঃ প্রত্যেক ১ ঘণ্টা কি ২ঘণ্টান্তর রোগী বিবেচনায় ব্যবহার করিলে, অত্যন্ত উপকার প্রাপ্ত হওয়া যায়।

প্রফিলেক্‌টিব্ রূপেও কুইনাইন ব্যবহৃত হয়। যত প্রকার প্রতিষেধক্ চিকিৎসা, এপর্য্যন্ত বাহির হইয়াছে, মেলেরিয়ার বিষকে ধ্বংশ করণ জন্য তন্মধ্যে কুইনাইন শ্রেষ্ঠ। যে স্থানে অত্যন্ত মেলেরিয়ার প্রাদুর্ভাব তথায় অল্প মাত্রায় কুইনাইন প্রায় সকলকেই প্রত্যহ ব্যবহার করা কর্ত্তব্য এবং সাধ্য হইলে সে স্থানটী পরিত্যাগ করিলে মন্দনয়।

অনেকানেক চিকিৎসক বিলিয়াস্ রেমিটেণ্ট্ ও ইয়লো ফিবারে অত্যন্ত অধিক মাত্রায় কুইনাইন ব্যবহার করিতে অনুমতি দেন কিন্তু কেহ কেহ বলেন কুইনাইন দ্বারা অন্যান্য পিরিয়ডিকেল ফিবারে যে প্রকার উপকার হয়, এরোগে সে আশা করা বৃথা। সামান্য ধরনের ইয়লো ফিবার বা বিলিয়াস্ রেমিটেণ্ট্ ফিবারে যদিও কুইনাইন দেওয়া যায় বটে কিন্তু অব্যর্থ নয়। কিন্তু কোন কোন মহাত্মা, মর্ফিয়া বা ওপিয়মের সহিত কুইনাইন ব্যবহার করিয়া অত্যন্ত উপকার স্বীকার করিয়াছেন।

টাইফাস্ (Typhus) ফিবারে বহু দিন হইতে কুইনাইনের ব্যবহার বিষয়ে মত ভেদ চলিয়া আসিতেছে। কেহ কেহ বলেন, এ রোগে কুইনাইন মন্দ নয় কিন্তু কোন ব্যক্তি ইহার উপকারীতা প্রায় স্বীকার করেন না। কিন্তু একথা নিশ্চয় যে, প্রকৃত টাইফাস্ ফিবারে কুইনাইন দ্বারা রোগ দমন হওয়ার

কোনই প্রচুর প্রমাণ পাওয়া যায় না অথচ সময় সময় কোমা, ডিলিরিয়ম্, ভয়ানক নার্ভাস্ একজর্সশন্ দ্বারা জীবনী শক্তি নিস্তেজ পর্য্যন্ত লক্ষ্য করা গিয়াছে। ডাঃ মার্চ্চিশন্ টাইফয়েড্ ফিবারে কুইনাইনের প্রতি অনুরাগ প্রকাশ করেন এবং নিম্নলিখিত ব্যবস্থা দেন যথা—

R.

Quininæ Sulph gr ½—1

Acid Sulph dil

or

Acid Hydrochloric dil m xv—xxx

Syrap Anrantii ℨ ss.

Aqua Carwi ad ℥ i

One dose to be taken every three or four hours.

যদিও উপরোক্ত প্রণালীতে কুইনাইন ব্যবহার দ্বারা পীড়া আরোগ্য হয় না বটে কিন্তু সাধারণ্য পরিমাণ লাঘব হয় সন্দেহ নাই। এবং পক্ষান্তরে বেশ ক্ষুধা বৃদ্ধি ও বল বিধান করে। সম্ভবতঃ কুইনাইন দ্বারা তত উপকারের আশা করা যায় না। ছেলেদের টাইফয়েড্ ফিবারে বা স্ত্রীলোক দের পিউয়ারু পারেল্ ফিবারে উপকার হয়।

ডাঃ পিছড্, স্কার্লিট্ ফিবারে কুইনাইনের প্রতি বিস্তর অনুরাগ প্রকাশ করেন এবং ভবিষ্যতে রিনেলড্রপ্সি না হওয়া বিষয়ে ও তিনি সাক্ষ্য প্রদান করেন।

স্কার্লেটিনেল্ এলবি মিনোরিয়া, বা স্কার্লেটিনা পীড়ার জন্য ওটরিয়া কিম্বা অঞ্জিনা রোগ উৎপন্ন হইলে ও কুইনাইন ব্যবস্থেয়। কেহ কেহ বলেন স্মল্ পক্স বা বসন্ত রোগে ২ গ্রেণ মাত্রায় কুইনাইন প্রত্যেক ৩ ঘণ্টান্তর প্রয়োগ করিলে ভবিষ্যতের পক্ষে উপকারী হয়।

ইন্‌ফ্লুয়েঞ্জা রোগে পূর্ব্বে সিন্‌কোনার প্রতি অনেকের বিশ্বাস ছিল কিন্তু ইদানিং কুইনাইন আদরের সহিত ব্যবহৃত হয়। পীড়ার অবস্থা একটুকু ন্যূন হইলে ইহা ব্যবস্থেয়। নানাপ্রকার নিউর‍্যাল্‌জিক রোগে কুইনাইন ব্যবহার দ্বারা বিস্তর উপকার দর্শে।

নানাবিধ পিরিওডিকেল্ ও ইন্টারমিটেন্ট্ রোগাদিতে কুইনাইন যথেষ্ট উপকারী; বিশেষতঃ যে সমস্ত পীড়ায় উৎপত্তি সম্বন্ধে মেলেরিয়া দ্বারা সাহায্য প্রাপ্ত হয়, সে সকল রোগে কুইনাইন অবশ্য প্রয়োজ্য। সপর্য্যায় এঞ্জাইনা পেকটোরিস্ রোগে, স্পেজ্‌মটিক্ এজমা, ইন্টারমিটেন্ট্ হেমিক্রেনিয়া, হেডেক্, ব্রোএগিউ, টিক্‌ডলরু, ইন্টারমিটেন্ট্ অপ্থালমিয়া, পিরিওডিকেল্ ষ্ট্রিকচার অব্ দি ইউরিথ্রা, ইন্টারমিটেন্ট্ হিমেটিউরিয়া, পেইনফুল নিউরাল্জিক্ এফেক্‌শন্, হেফিবার ও হেএজ্‌মাদি নানাবিধ রোগে ব্যবহৃত হইতে পারে। মেলেরিয়ার কারণজনিত নিউরাল্-জিয়া হইলে ইহার ব্যবহার আশ্চর্য্য উপকারী। বেদনা আরম্ভ হওয়ার পূর্ব্বে ৫--২০ গ্রেণ মাত্রায় ব্যবহার করা যায়। ৫ম স্নায়ুর চাক্ষিক শাখা আক্রান্ত হইয়া বেদনা উৎপন্ন হইলে অনেক সময় যথেষ্ট উপকার হয়।

একিউট্ রিউমেটিজম্, রোগে অতি পূর্ব্ব সময় হইতেই সিন্‌কোনা। ব্যবহৃত হইতেছে। কিন্তু কুইনাইনের পূর্ণ মাত্রায় ব্যবহারে অত্যন্ত উপকার হয় বলিয়া সম্প্রতিক বার্ক, অনেকেই ব্যবহার না করিতে পারেন। রিউমেটিক পেরিকার্ডাইটিস্, রিউমেটিক্ ফিবার ইত্যাদি নানাবিধ অবস্থায় ইহার ব্যবহার আদর জনক।

Enlargement of the spleen এন্‌লার্জমেণ্ট্ অব্‌দিস্প্লীন্ রোগে কুইনাইনের উপকারীতা বিষয়ে প্রায় সকল চিকিৎসকই স্বীকার করিয়াছেন। চিন্তা করিয়া দেখিলে মেলেরিয়াস্ ফিবার ব্যতীত প্রায় প্লীহা বিবর্দ্ধন দৃষ্টিগোচর হয় না, কিন্তু মেলেরিয়ার বিষ ধ্বংশ করিতে কুইনাইনের প্রচুর ক্ষমতা আছে, সুতরাং প্লীহা বিবর্দ্ধন রোগে অবশ্যই উপকার করিবে। ইহা ১০—১৫ কি ২০ গ্রেণ্ মাত্রায় প্রত্যেক রোজ ব্যবহার করা যায়। কিন্তু স্মরণ রাখা কর্ত্তব্য যে প্লীহা রোগে প্রায় কোষ্ঠ কাঠিন্য বর্ত্তমান থাকে, কাজেই নিম্নলিখিত ব্যবস্থা বিশেষ উপকার জনক যথা—

R.

Quina Sulph gr. xxxvi
Acid. Sulphuric. dil. ℥ii
Ferri. Sulph. gr. xii

Mag. Sulph. ℥ xii
Acid. Carbolic gr. xii
Tinct. Ginger ʒ iv
Aqua———add ℥ xii

M. Put 12 marks, *sign*—one mark for a dose, one dose to be taken three times a day.

উপরোক্ত মিক্‌চারটী দিবসে ২। ৩ বার ব্যবহার করিবে এবং বাহ্য প্রয়োগার্থ টিং আইওডিন্ বা রেড্ আইওবাইড্ অব্ মার্কুারি অয়েণ্ট্‌মেণ্ট্ প্রয়োগ করিলে শীঘ্র প্লীহা নরম ও ছোট হইয়া যাইবে।

থাইসিস্ রোগে কুইনাইন দ্বারা বহুল উপকার দর্শে। ইহার সহিত এসিড সালফিউরিক ডিল্ বা সল্‌ফেট অব আয়রণ,অথবা ফেরিএট্ কোয়াইনা সাইট্রাস ও ব্যবহৃত হয়। এরোগে ১—২ গ্রেণ্ মাত্রায় বলকরণ জন্য ব্যবহৃত হয়, কিন্তু এতদ্ব্যতীত কড্‌লিভার অয়েল্ ও ব্যবহার করা উচিত।

নিউমোনিয়া ও প্লুরিসি রোগে যখন রোগী নিতান্ত দুর্ব্বল হয় ও প্রলাপ বলিতে থাকে, তদবস্থায় সালফিউরিক এসিডের সহিত মিশ্রিত করিয়া কুইনাইন ব্যবহার করিলে অত্যন্ত উপকার দর্শে। গ্যাংগ্রীণ্ অব্ দি লাংস্ রোগেও ইহার ব্যবহার মন্দনয়। এস্থেনিক আকারের নিউমোনিয়াতে ও কুইনাইন ব্যবহৃত হয়।

লেরিঞ্জিস্ মাস্ ষ্ট্রীডিউলাস্, এজ্‌মা, হুপিংকফ্, ক্রুপ ইত্যাদি নানাবিধ পীড়ায় কুইনাইন ব্যবহৃত হইতে পারে। ডিপ্‌থিরিয়া রোগে যখন উত্তাপ অত্যন্ত প্রবল ও তৎসহ শিরঃপীড়া বর্ত্তমান থাকে, তদবস্থায় কুইনাইন ব্যবহৃত হয় কিন্তু ৩৬ কি ৪৮ ঘণ্টায় উপকার না হইলে প্রায় ইহা দ্বারা সুফলের আশা করা যায় না।

Erysipelas এরিসিপেলাস্ রোগে কুইনাইন প্রায় প্রতি নিয়ত প্রয়োগ করা যায়। যখন রোগীর জিহ্বা পরিষ্কার এবং চর্ম্ম আর্দ্র বোধ হইবে, তদবস্থায় বিলম্ব না করিয়া শীঘ্র ব্যবহার্য্য কিন্তু ইহার সহিত টিংষ্টিল্ মিশ্রিত করিলে প্রায় অব্যর্থ হইয়া উপকার করে। এরোগে টিং ষ্টিল্ অমোঘ ঔষধ। ইহা বাহ্যিক এবং আভ্যন্তরিক ২০, ৩০, কি ৪০ মিনম্ মাত্রায় ৩। ৪ ঘণ্টান্তর ব্যবহার করা যায়।

এরিথিমা ও অন্যান্য প্রকার স্কিন্ ডিজিজে বিশেষতঃ আর্টিকেরিয়া রোগে ডাঃ ওয়ারিং বলেন কুইনাইন ১২ গ্রেণ, পালব্ রিসাই ২৪ গ্রেণ দ্বারা ১২টী পীল্ প্রস্তুত করিয়া দিবসে ৩টী পীল সেবন ব্যবস্থা করিবে। নানাবিধ চর্ম্ম রোগ সহ চুলকনা বর্ত্তমানে ব্যবহৃত হয়।

স্ক্রফিউলাস্ অপ্থাল্মিয়া রোগে বিশেষ আদরের সহিত ব্যবহৃত হয়, বালকদিগের জন্য ১ গ্রেণ এবং বয়স্ক হইলে ২—৩ গ্রেণ ব্যবস্থা করা হয়। কেটারেল্ অপ্থাল্মিয়া রোগে ও ওপিয়ম্ সহ প্রয়োগ করা যায়। চক্ষে অত্যন্ত বেদনা ও উত্তেজনা বর্ত্তমান থাকিলে পপিহেড্ ফোমেণ্টেশন্ ও এস্ট্রিন্জেণ্ট্ লোশন ব্যবহার করিবে। গ্রেনিউলার্ অপ্থাল্মিয়া রোগে কুইনাইন ৪ গ্রেণ, এসিড্ সালফ্ ডিল্ ১ মিনিম্ এবং জল ১ আং মিলাইয়া লোশন্ চক্ষে ব্যবহার করিলে উপকার হইবে। নেক্টালোপিয়া, হেমি-বালোপিয়া রোগে এবং একিউট্ ও ক্রণিক্ আইরাইটিস্ রোগে কুইনাইন সহ কেলোমেল্ মিশ্রিত করিয়া ব্যবহার করিলে উপকার হয়।

সাধারণ ইন্সেনেটি, পিউয়ার্ পারেল্ ইন্সেনেটী, ডিলিরিয়ম্ট্রিমেন্স, হিষ্টিরিয়া, ও রক্তাল্পতা জনিত হেডেক্, এপিলেপ্সি, কোরিয়া, টেটেনাস্ ইত্যাদি নানাবিধ স্নায়ুবিক কারণে যে সমস্ত পীড়া উৎপন্ন হয়, প্রায় সকল রোগেই ব্যবহার করা যায়।

গ্যাংগ্রীন্ রোগে বিশেষতঃ পরিপাক যন্ত্রের গণ্ডগোল থাকিলে ইহা অত্যন্ত আদরের সহিত ব্যবহৃত হইয়া থাকে। ক্যান্ক্রম্ অরিস্ রোগে কুইনাইন বলকারক ও উত্তেজক হইয়া উপকার করে। যে কোন প্রকারেই প্রয়োগ করা যায় তাহাতেই উপকার হইবে।

স্কার্ভি রোগে কুইনাইন অত্যন্ত উপকারী। ইহার সহিত মিনারেল্ এসিডস্, কি লিমন্ জুস্ মিশ্রিত করিয়া দেওয়া যায়। এবং গার্গল বা কুলির জন্য ডিকক্শন্ অব্ সিন্কোনা বা টিং সিন্কোনাসহ পটাসি ক্লোরাস্ ও টিং মার মিশ্রিত করিলে অত্যন্ত উপকার দর্শে।

পাইমিয়া রোগে বিশেষতঃ বালকদিগের অধিক মাত্রায় ব্যবহার কর্ত্তব্য, এবং বলকারক ও পোষক আহার ব্যবস্থা করিবে।

মেলেরিয়েল্ ডিসেণ্ট্রি পীড়ায় অধিক মাত্রায় কুইনাইন ও তৎপর ইপি-

ক্ষাক এবং অল্প মাত্রায় ওপিয়ম্ ব্যবহার করিলে শীঘ্র আরোগ্য হইবে। মেলেরিয়েল্ ডায়েরিয়া, বা ইন্‌ফেন্টাইল্ কলরা রোগেও ব্যবস্থেয়।

অস্‌কেরিডাস্ লম্ব্রিকয়ডিস্, রোগে বালকদিগেতে ২। ৩ হইতে ৪ গ্রেণ এবং বয়স্কদিগের জন্য ৯ গ্রেণ ব্যবহার করা যায়। থ্রেড্ ওয়ার্ম্ রোগেও ইহার এনিমা, সাল্‌ফেট্ অব্ আয়রণ সহ দেওয়া যায়।

Beberia Sulphas, Sulphate of Beberia,

বিবিরিয়া সালফাস্। সাল্‌ফেট্ অব্ বিবিরিয়া।

মাত্রা।—১—৫ গ্রেণ্ বলকারক। ৫—১০ গ্রেণ্ পর্য্যায় নিবারক।

ক্রিয়া।—বিশেষরূপে চিন্তা করিয়া বা পরীক্ষা করিয়া দেখা গিয়াছে, যে ইহাকে কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করা যায় এবং কুইনাইন হইতে বিবিরিয়া দ্বারা মস্তিষ্কের লক্ষণ ও গ্যাষ্ট্রিক্ লক্ষণ অনেক কম হয় অথচ ইহার মূল্য কুইনাইন হইতে অনেক সস্তা।

আময়িক প্রয়োগ। ইণ্টারমিটেণ্ট্ ফিবারে বিশেষতঃ ইণ্টারমিটেণ্ট ফিবার সহ সেরিব্রাল সিমটম্ যদ্যপি অধিক পরিমাণে বর্ত্তমান থাকে তাহা হইলে কুইনাইনের পরিবর্ত্তে ইহাকেই ব্যবহার করা কর্ত্তব্য।

অন্যান্য পীড়ার পর দুর্ব্বলতা নিবারণার্থ বলকারক মাত্রায় ব্যবহার করা যায়।

নানাবিধ নিউরাল্‌জিয়ায় বিশেষতঃ টিক্‌ডলরু ও অন্যান্য পার্য্যায়িক পীড়ায় ব্যবহার করা যায়।

Salicis Cortex, Willow Bark,

সেলিসিস্ কর্টেক্স। উইলো বার্ক।

ক্রিয়া।—টনিক্, এস্‌ট্রিনজেণ্ট, ও এণ্টিপিরিওডিক্। ইহার বল করন ও পর্য্যায় নিবারণ শক্তি সেলিসিন্ নামক পদার্থের উপর নির্ভর করে। এবং ইহার মধ্যে সামান্য পরিমাণে ট্যানিন্ থাকায় সঙ্কোচন ক্রিয়া উৎপন্ন হয়।

আময়িক প্রয়োগ।—ইহার ব্যবহার সেলিসিলিক্ এসিড্ ও সেলিসিলির অনুরূপ।

Acidum Salicylicum,	Salicylic Acid.
এসিডম্ সেলি সিলিকম্।	সেলিসিলিক্ এসিড্।

মাত্রা।—৫—৩০ গ্রেণ্।

প্রয়োগরূপ।

১। অয়েণ্টমেণ্ট্ অব্ সেলিসিলিক এসিড্।

২। সেলিসিলেট্ অব্ সোডা। ১০—৩০ গ্রেণ্।

ক্রিয়া। টনিক্, এণ্টিপিরিওডিক্ সিডেটিব্, ডায়েফরেটিক্, বাহ্য প্রয়োগে এণ্টিসেপ্টিক্ ও পেরাসেটিসাইড্। জ্বর রোগে ইহার ব্যবহারে শরীরের উত্তাপ খর্ব্ব হয় অর্থাৎ শরীর জ্বর শূন্য হয় কিন্তু অধিক মাত্রায় ব্যবহার করিলে বোধ হয় ষ্টমাক্ ও ইণ্টেষ্টাইনের ইরিটেশন্ উৎপন্ন করিয়া পুনর্বায় জ্বর উদ্ভব করে। সেলিসিলিক্ এসিড্ পূর্ণ মাত্রায় ব্যবহার করিলে নানাবিধ মাস্তিষ্কের লক্ষণ সকল উৎপন্ন করিয়া ক্রমে সিঙ্কোনিজমের ন্যায় মস্তকে বেদনা, ভার বোধ এবং মুখমণ্ডল সজল বোধ হয়। কর্ণে ভোঁ, ভোঁ সোঁ সোঁ ইত্যাদি বহুবিধ শব্দ উৎপন্ন হয়, শক্তির অল্পতা, শ্বাস প্রশ্বাস কষ্টকর ও দ্রুত হইতে থাকে। অবশেষে শরীরের নানা স্থানে স্পেজম্ ও ডিলিরিয়মাদি প্রকাশ হওতঃ রোগীর মৃত্যু হয়।

কেহ কেহ বিবেচনা করেন সেলিসিলিক্ এসিড্ ব্যবহারের পর শরীরে আচোষিত হইয়া, সেলিসিলেট্ অব্ সোডারূপে পরিণত হয়।

আময়িক প্রয়োগ। ইহার পচন নিবারণ ক্ষমতা অত্যন্ত প্রবল ক্রিয়ার সেলিসিলিক এসিড্ ২ অংশ, কার্ব্বলিক এসিড্ ১ অংশ এবং গ্লীসরীন্ ১০ অংশ মিশ্রিত করিয়া নানাবিধ ক্ষতে ও উণ্ডস্ সকলে ব্যবহার করা যায়।

কর্ণস্ বা কড়া রোগে সেলিসিলিক এসিড্ ৩০ অংশ, একষ্ট্রাক্ট ক্যানেবিস্ ইণ্ডিকা ৫০ অংশ; গ্লাইসরীণ ২৪০ অংশ মিলাইয়া ব্যবহার করিলে অত্যন্ত উপকার দর্শে।

পরীক্ষা দ্বারা নিশ্চিত হইয়াছে, ইহার ব্যবহারে চর্ম্ম রোগ সকল আ-

রোগ্য হয় এবং উহাদের মধ্যস্থ কীট সকলের প্রাণ বিনষ্ট করিয়া রোগের প্রতিকার করে। টিনিয়াটন্ সিউরেন্স্, একজিমা, পিটিরায়েসিস্ সাই-কোসিসাদি নানাবিধ চর্ম্মরোগে ইহার ধৌত অথবা ১০—৬০ গ্রেণ মাত্রায় ১ আং মলম সহ মিশ্রিত করিয়া ব্যবহার করিলে উপকার করে।

মিউকাস্ ক্যাতটির নানাবিধ ইনফ্লামেশনে বিশেষতঃ সিষ্টাইটিস্, ভেজাইনাইটিস্, ইউরিথ্রাইটিস্ এবং পাইলাইটিস্ রোগে এমোনায়েকেল ইউরিণ হইলে ইহার চিকিৎসায় বিশেষ উপকার দর্শে।

একিউট্ রিউমেটিজম্ রোগে ঔষধীয় মাত্রায় অর্থাৎ ৫—১০ কি ১৫ গ্রেণ মাত্রায় ব্যবহার করিলে অতি আশ্চর্য্য উপকার করে। অতিক্রুত জ্বর ও বেদনাদি নিবারিত হয় কিন্তু ইহার সহিত প্রয়োজনানুসারে ওপিয়ম্, সিন্কোনা, পটাস আইওডাইড্ মিশ্রিত করা যায়।

একিউট্ টন্সিলাইটিস্ পীড়ায় অত্যন্ত সমাদরের সহিত ইহা ব্যবহার করা যায়।

পাইমিয়া, সেপ্টিসিমিয়া, এবং পিউয়ার পারেল্ ফিবারে, পাইরেক্সিয়া নিবারণ জন্য সেলিসিলিক এসিড্ ব্যবহৃত হইতে পারে।

নিউমোনিয়া, এরিসিপেলাস্ ইত্যাদি রোগে ইহার ব্যবহার দ্বারা জ্বর দমন হয়। টাইফয়েড্, টাইফাস্ স্কার্লেট্ ফিবার্, ভেরিওলা এবং রিলাপ্সিং ফিবারে ইহার আভ্যন্তরিক প্রয়োগ দ্বারা বিশেষ উপকার দর্শে।

থাইসিস্ রোগে রাত্রিতে অতি ঘর্ম্ম নিবারণ জন্য ইহার ব্যবহার মন্দ নয়।

ডায়েবিটিস্ রোগে অনেকে ইহাকে শ্রেষ্ঠ বিবেচনা করেন।

গ্যাষ্ট্রেল্জিয়া, গ্যাষ্ট্রিক্ ক্যাটার ডাইলেটেশন্ অব্ দি ষ্টমাক্ ইত্যাদি পাকস্থলিক রোগে ৫—১০ গ্রেণ মাত্রায় ব্যবহার করিলে উপকার প্রাপ্ত হওয়া যায়।

Sodii Salicylas, — Salicylate of Soda,

সোডিসেলিসিলাস্। — সেলিসিলেট্ অব্ সোডা।

মাত্রা। ১০—৩০ গ্রেণ।

ক্রিয়া। এণ্টিপিরিওডিক্, এণ্টিসেপ্টিক্, এণ্টিফার্মেণ্ট্। ইহার এণ্টি-

সেপ্টিক্ ক্ষমতা সেলিসিলিক্ এসিড্ হইতে অনেকাংশে কম কিন্তু ইহার ফি/ স্লিওলজিকেল্ এক্‌শন্ ও এসিডের ন্যায়।

আময়িক প্রয়োগ। সেলিসিলিক্ এসিডের ন্যায়।

Acidum Sulphuricum, Sulphuric Acid,

এসিডম্ সাল্‌ফিউরিকম্। সাল্‌ফিউরিক্ এসিড্।

নামান্তর।

প্রয়োগরূপ।

১। ডাইলিউট্ সাল্‌ফিউরিক্ এসিড্। মাত্রা—১০—৩০ মিনিম্।

২। এরোমেটিক্ সাল্‌ফিউরিক এসিড্। মাত্রা—৫—৩০ মিনিম্।

ক্রিয়া। ভয়ানক দাহক বিষ; শরীরের কোন স্থানে সংলগ্ন করিলে প্রথমতঃ সেই স্থান শ্বেত বর্ণ ধারণ করে কিন্তু তদনন্তর ঈষৎ পাটখিলে কালো-বর্ণ হইয়া উঠে। আভ্যন্তরিক ব্যবহারে অতি তীব্র বিষক্রিয়া করে সুতরাং জল মিশ্রিত না করিয়া আভ্যন্তরিক ব্যবহৃত হয় না। ৫—২০ মিনিম মাত্রায় ডাইলিউট্ সালফিউরিক্ এসিড্, রিফ্রিজারেণ্ট্, এষ্ট্রিন্‌জেণ্ট্, এবং টনিক ক্রিয়া প্রকাশ করে।

সাধারণতঃ জ্বর রোগে, শৈত্যকরণ এবং সংকোচন জন্য হেমোরেজ এবং পেসিব্ মিউকাস্ ডিস্চার্জ, শারীরিক দুর্ব্বলতা ও পরিপাকশক্তি বৃদ্ধি জন্য বলকরণ উদ্দেশ্যে ব্যবহৃত হয়। বালকদিগের স্তন্য পান সময় মাতাকে সালফিউরিক এসিড্ প্রয়োগ করিলে সন্তানের পেটে একপ্রকার বেদনা উদ্ভব হয়। প্রস্রাব অম্ল ধর্ম্মাক্রান্ত করে সুতরাং প্রস্রাবে ফস্‌ফেটিক্ ডিপজিট্ হইলে ইহার ব্যবহার মন্দ নয়। সালফিউরিক এসিড্ সেবনকরিয়া পরিষ্কার জল দ্বারা মুখ ধৌত করিবে, নতুবা দন্তে ইহার কোন অংশ সংস্পর্শ হইলে, দন্তের পক্ষে অপকার জনক। ব্যবহারার্থ ইহার এরোমেটিক প্রয়োগ রূপটী সুন্দর উপকারী ও ব্যবহারোপযোগী।

আময়িক প্রয়োগ। কলিকা পেক্‌টোনাম্ এবং লেড্‌পয়জেনিং অবস্থায় সাল্‌ফিউরিক এসিড্ দ্বারা বিস্তর উপকার দর্শে। সাল্‌ফিউরিক এসিড্ কিছু অধিক মাত্রায় জল মিশ্রিত করিয়া ব্যবহার কর্ত্তব্য।

হেমোরেইজ্ বা রক্তস্রাব রোগে ইহার উপকারীত্ব প্রায় অনেকেই অব-গত আছেন কিন্তু এসিটেট্ অবলেড্ এতদপেক্ষা অধিক উপকারী। ডাই-লিউট্ সালফিউরিক এসিড্ ব্যবহার কালে ইহার সহিত যদ্যাপি গ্যালিক্ এসিড্ মিশ্রিত করা যায়, তাহা হইলে, ইহার ক্রিয়া বড়ই প্রখর হইয়া উঠে, এবং প্রায় অব্যর্থ হইয়া কার্য্য করে। ডাং ফ্রেসার বলেন, লাংস্, বাওয়েল্স্, ও ইউট্রাস্ হইতে প্যাসিব্ হেমেরেজ হইলে ডাইলিউট্ সাল্ফিউরিক এসিড্ সহগ্যালিক্ এসিড্ কি অপরাপর ঔষধ মিশ্রিত করিয়া ব্যবহার করিলে অত্যন্ত উপকার দর্শে। হিমেটেমেসিস্ রোগে ইহার কার্য্য অতি চমৎকার এবং অবশ্য ফলপ্রদ। নিম্নলিখিত ব্যবস্থা করিবে—

R.

Acid. Sulph. dil. *m* x

,, Gallic gr. v

Tinct. opii *m*. x

Liqd. Ext, of Ergot *m*, xv

Aqua————————add, ℥ i

Mix, send 6 such, one oz for a mark, one mark to be taken as directed,

ইউট্রাইন্ হেমোরেজ্ রোগে বহুকাল হইতে টিং ওপিয়ম্ ও ইন্‌ফিউশন্ অব্ রোজ্‌সহ ব্যবহৃত হইয়া আসিতেছে এবং চিকিৎসক মাত্রই ইহার উপ-কারীতা অবগত আছেন।

ক্যাল্‌কিউলাস এফেক্‌শন্স্ এবং যখন প্রস্রাব, ক্ষার ধর্ম্মাক্রান্ত হয়, তদবস্থায় ১৫—৩০ মিনিম্ মাত্রায় ব্যবহার করা যায় কিন্তু এতদপেক্ষা নাইট্রো হাইড্রক্লোরিক এসিড্ শ্রেষ্ঠ। এবং দিবসে ২।৩ বার প্রয়োগ করিবে।

কলরিক্ ডায়েরিয়া ও সামান্য ডায়েরিয়া রোগে, ডাইলিউট্ সাল্ফিউরিক এসিড্, সঙ্কোচন উদ্দেশ্যে প্রতি নিয়ত ব্যবহৃত হইতেছে। এবং ইহার সহিত লডেনম্ মিশ্রিত করিয়া দিবস ৩।৪ বার বা প্রত্যেক ৩।৪ ঘণ্টান্তর ব্যব-স্থা করিলে আশ্চর্য্য উপকার করে।

R,

Acid, Sulph dil, *m*, xv

Tinct, opii, *m*, „ *m* x

Aqua————————ad ℥ i

One dose, three or 4 times a day,

যদ্যপি কোন আহারের অনিয়ম বা অপক্ক বস্তুজন্য ডায়েরিয়া উৎপন্ন হয় তাহা হইলে সাল্‌ফিউরিক এসিড্ ব্যবহার করার পূর্ব্বে এক ডোজ্ ক্যাষ্টর্ অয়েল্ দ্বারা অন্ত্র পরিস্কার করিয়া লওয়া কর্ত্তব্য। এবং নিম্নলিখিত ব্যবস্থা লণ্ডন্ হস্‌পিটালে ব্যবহৃত হইয়া থাকে যথা—

R,

Acid, Sulph, aromat, *m* xx

Tinct, Camph, Co, ʒ i

Spt, Chloroform: *m* x

„ Menth, Pip, ʒ s s

Syr, Rhœad ʒ i

Dicoct Hæmatox ℥ i

M, To be repeated every four or six hours, according to the urgency of the case.

সিম্পল্ ইন্ ফেণ্টাইল্ ডায়েরিয়া রোগে ও ইহার ব্যবহার উপকার জনক। ডাঃ ওয়েষ্ট্ বলেন ৪ মিনিম্ মাত্রায় কারুই ওয়াটার সহ ব্যবহার করিলে বিস্তর উপকার করে কিন্তু এতদপেক্ষা রিয়াই মিক্‌চার্ অধিক ফলপ্রদ। সার্ পিকক্ বলেন ইণ্টেষ্টাইনের উত্তেজনা বশতঃ গর্ভাবস্থায় ডায়েরিয়া রোগে সামান্য পরিমান টিং ওপিয়ম্ সহিত ব্যবহারে বিশেষ উপকার দর্শে। অতি শীঘ্র জিহ্বা এবং মলের অবস্থা পরিবর্ত্তিত হইয়া রোগ বিশেষ হইতে থাকে। টাইফয়েড্ ফিবারের সহিত ডায়েরিয়া উৎপন্ন হইলে ডাঃ গ্রেইচ্ কেনেডি ইহাকে অতি শ্রেষ্ট বিবেচনা করেন এবং প্রয়োজনানুসারে বারম্বার প্রয়োগ করিতে অনুমতি দেন। যদ্যপি অবস্থা পরিবর্ত্তিত না হয়, তবে মলদ্বারে ওপিয়েট্ এনিমা প্রয়োগ করিবে।

ডাঃ ক্রিষ্টিশন্ বলেন ঘর্ম্ম নিবারণ জন্য এপর্য্যন্ত যত ঔষধ বাহির হইয়াছে, তন্মধ্যে সাল্ফিউরিক এসিড্ ডিল্ই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। ইহা দ্বারা অবশ্য উপকার হইবে সন্দেহ নাই। থাইসিস্ রোগে অতি ঘর্ম্ম নিবারণ জন্য ইহাকে অত্যন্ত আদরের সহিত অনেকে ব্যবহার করিয়া থাকেন। এবং থাইসিস্ রোগে ডায়েরিয়া হইলেও ডাঃ গ্রেবস্ ইহাকে ব্যবহার করিতে আদেশ করেন এবং অল্পপরিমাণে কুইনাইন্ মিশ্রিত করিতে বলেন।

টাইফয়েড্ ও টাইফস্ ফিবারে যখন ডায়েরিয়া বর্ত্তমান থাকে, তদবস্থায় ১ গ্রেণ কুইনাইনের সহিত ১০—১৫ ফোটা সালফিউরিক এসিড্ মিশ্রিত করিয়া ব্যবহার করিলে যথেষ্ট উপকার হয় এবং প্রয়োজনানুসারে ষ্টিমুলেন্ট্ ও অপর নিউট্রেটিব মিশ্রিত করা বিহিত। কন্ফ্লুয়েন্ট্ স্মল্ পক্স্ রোগে সালফিউরিক এসিড্ দ্বারা অত্যন্ত উপকার হয়।

স্কার্লেটিনা রোগে ডাইলিউট্ সাল্ফিউরিক এসিডের সহিত অল্পপরিমাণে সিরাপ্ ও জল মিশ্রিত করিয়া ছেলেদের জন্য অত্যন্ত সমাদরে ব্যবহৃত হয় এবং রিফ্রিজারেণ্ট্ হইয়া উপকার করে। মুখ মধ্যস্থ ক্ষত বিশেষতঃ সাইনেন্ কি টন্সিলাবিস রোগে ইন্ফিউজন্ অব্ রোজের সহিত মিশ্রিত করিয়া ব্যবহার করা যায়। কিন্তু সেবনের পর মুখ বেশ পরিস্কার করিয়া ফেলা কর্ত্তব্য নতুবা দন্ত খারাপ হইতে পারে।

চর্ম্মে সিফিলিটিক ইরাপশন্ উৎপন্ন হইলে সালফিউরিক এসিড্ বাথ্স্ দ্বারা অত্যন্ত উপকার দর্শে। প্রত্যেক বাথ্জন্য ২ আং পরিমাণ ষ্ট্রং সাল্ফিউরিক এসিড্ ব্যবস্থা করিবে। মার্কুরিয়েল টাইলিজম্ উদ্ভব হইলে আভ্যন্তরিক রূপে ইহার ব্যবহার করিবা ডিককটম্ সিঙ্কোনার সহিত গার্গল্রূপে ব্যবহার কর্ত্তব্য।

কুইনাইন দ্রব করণার্থ প্রায় সর্ব্বদা ব্যবহৃত হয় এবং ১ গ্রেণ বিশুদ্ধ কুইনাইন্ ১ অথবা দেড় ফোটা ডাইলিউট্ সাল্ফিউরিক এসিডে দ্রব হয়।

নানাবিধ চর্ম্মরোগে বিশেষতঃ প্রুরাইটিস্, একজিমা, স্কেবিস্, টিনিয়া ক্যাপিটিস্ ইত্যাদি চর্ম্মরোগে মলম আকারে (সাল্ফিউরিক এসিড ১ ড্রাম, লার্ড্ ১ আং) বাহ্য প্রয়োগ করিলে উপকার করে।

কোন বিষালু জন্তু দংশন করিলে উক্ত দংশিত স্থানে ষ্ট্রং সালফিউরিক এসিড্ প্রয়োগ করিলে বিষ ধ্বংশ করিয়া উপকার করে।

ক্রনিক্ রিউমেটিজম্ ও নানাবিধ সন্ধিস্ফীত অবস্থায় ইহার মলম (এসিড ১ ড্রাম লার্ড ১ অং) বাহ্যিক ব্যবহার করিলে উত্তেজনা বৃদ্ধি করিয়া উপকার করে।

Acidum Sulphurosum, এসিডম্ সাল্ফিউরোসম্। Sulphurous Acid, সাল্ফিউরাস্ এসিড্।

মাত্রা। ২—১ ড্রাম্।

ক্রিয়া। ডিসিন্ ফেক্টেন্ট্ ও এন্টিসেপ্টিক্। ইহার আভ্যন্তরিক ব্যবহার প্রায় নাই সুতরাং বাহ্য প্রয়োগার্থ নানাবিধ চর্ম্মরোগে ব্যবহৃত হয়। ব্যবহার সম্বন্ধে নিম্নলিখিত ২। ১টী বিষয় স্মরণ রাখা উচিত। ১। সলুশন্ ব্যবহার করিলে সম পরিমাণে জল বা গ্লিসরিন্ মিশ্রিত করা যায়। ২ ফিউমিগেশন্ জন্য কয়েক ফোটা সাল্ফিউরিক এসিড্, স্ফুটিত জলে মিশ্রিত করিয়া আঘ্রাণ করা যায়।

আময়িক প্রয়োগ। কেটার, একিউট্ ব্রংকাইটিস্, ক্রণিক কফ্, এজ্মা, থাইসিস্, ডিপ্থিরিয়া, এপ্থাস আল্সারেশন্ অব্দি মাউথ্, এবং সিফিলিটিক্ আল্সারেশন্ অব্দি মাউথ্ হইলে অন্যান্য উপায় ফেইল হইলে স্প্রেরূপে ইহার ব্যবহার করা যায়।

এপ্থাস্ আল্সারেশন্ অব্দি মাউথ্, পাইরোসিস্, বিশেষতঃ আহার্য্য বস্তু সুন্দররূপে পরিপাক না হওয়ায় অম্লোদ্গার হইলে ও তৎসহ ডিস্পেপশিয়া বর্ত্তমান থাকিলে, ডাইলিউট্ সাল্ফিউরাস্ এসিড্ ৫ ফোটা, জল ১ ড্রাম মিশ্রিত করিয়া ব্যবহার করিলে উপকার হয়।

যে সমস্ত চর্ম্মরোগ কোন ভেজিটেবল্ পেরাসাইড্ হইতে উদ্ভব হয় বিশেষতঃ টিনিয়া টন্সিউরেন্স্, টিনিয়া ডিকল্ভেন্স, টিনিয়া ফেবোসা, টীনিয়া সাইকোসিস্ (টীনিয়া সাইকোসিস্) পিটীরায়েসিস্ ভার্সিকোলার আদিনানাবিধ চর্ম্মরোগে সমপরিমাণে গ্লিসরীন মিশ্রিত করিয়া উক্ত স্থানে স্থাপন করতঃ অপর কোন আবরক দ্বারা আবরণ করিয়া রাখিলেই শীঘ্র আরোগ্য হইবার সম্ভাবনা।

চিল্ ব্লেইন্স্, সৌরনিপলস্, ক্রস্ত, আলসার ও নানাবিধ সার্জ্জিক্যেল

উণ্ডস্ বা একসিডেন্ট্যাল্ উণ্ডস্ হইলে ইহার স্থানিক প্রয়োগে ডাঃ ডিউয়ার বড়ই সন্তোষ প্রয়োগ করেন।

Acidum Nitricum, Nitric Acid,

Acidum Nitricum Dilutum, Diluted Nitric Acid,

ডাইলিউট্ নাইট্রিক্ এসিডের মাত্রা— ১০—৩০ মিনিম্।

ক্রিয়া। ষ্ট্রংনাইট্রিক্ এসিড্ আভ্যন্তরিক কখনই ব্যবহার হয় না কিন্তু জল মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে, ১০—২০ মিনিম্ মাত্রায় এণ্টাল্‌কেলাইন্, অল্‌টারেটিব-টণিক্ এবং রিফ্রিজারেণ্ট্। উগ্র এসিড্ বাহ্য প্রয়োগে ভয়ানক দাহক ও ফোস্কা কারক। জল মিশ্র নাইট্রিক্ এসিড্ অধিক দিন ব্যবহার করিলে সেলিভেশন উৎপন্ন করে কিন্তু অন্যান্য এসিডাপেক্ষা ইহার ক্রিয়া সাক্ষাৎ সম্বন্ধে লিভারে প্রকাশিত হয় কিন্তু সাল্‌ফিউরিক্ এসিড্ অপেক্ষা ষ্টমাকে ইহা অল্প সহ্য হয়। ডাঃ উইলিয়ম্ বলেন নানাবিধ ইন্‌ফ্লামেশন্ অথবা যে কোন প্রকারের দুর্ব্বলতার পর বল করণ জন্য অত্যন্ত সমাদরে ব্যবহৃত হইতে পারে। মার্কুরি ব্যবহারের পর শরীর খারাপ হইলে পরিবর্ত্তন ও বল করণ জন্য সর্ব্বদা ইহার ব্যবহার হইতে পারে। আভ্যন্তরিক সেবন জন্য বিশেষ সতর্কতার দরকার যেন দন্তে সংস্পর্শ না হয় এবং ঔষধ সেবন করিয়াই সোডা লোশন দ্বারা মুখ ধৌতকরিয়া ফেলিবে।

আময়িক প্রয়োগ।

এল্‌কেলাইন্ বিশেষতঃ ফস্‌ফেটিক কেল্‌কিউলাস্ উৎপন্ন হইলে দ্রব করণার্থ ব্যবহৃত হইতে পারে।

ক্রণিক সিষ্টাইটিস্ রোগে নাইট্রিক এসিডের উইক্ সালুশন্ দ্বারা উপকার হয়। এবং অনেকানেক চিকিৎসক গরম জলের সহিত কয়েক ফোটা নাইট্রিক্ এসিড্ বা হাইড্রোক্লোরিক এসিড্ অথবা এক টেবল-স্পুনফুল ভিনিগারে ১ পাইণ্ট জল মিশ্রিত করিয়া ব্লাডার ধৌত করিবে। এবং রোগী যতদূর সহ্য করিতে পারে, সেই অনুসারে ব্যবহার করা কর্ত্তব্য। অতঃপর ১ গ্রেণ মর্ফিয়া ১ আং জলে দ্রব করিয়া পিচকারি দ্বারা ব্লাডারে প্রয়োগ করিবে। যদ্যপি এ চিকিৎসায় কোন ফল লাভ না হয় তবে ২ গ্রেণ্ টেনিক এসিডে ১ আং জল সংযোগ করতঃ ব্যবহার করিলে ও উপকার হইতে পারে।

হেমরয়েড্‌স্ বা অর্শ রোগে বাহ্য প্রয়োগ জন্য ষ্ট্রং নাইট্রিক এসিড্ ব্যবহার করিলে উপকার হয় কিন্তু ব্যবহারে অশুভ ফল হঠাৎ হইতে পারে সুতরাং এতদপেক্ষা লিগেচার করাই শ্রেষ্ঠ। ডাঃ রিংগার বলেন ;—১ ড্রাম জল ; আং মিশ্রিত করিয়া ইন্‌জেকৃশন জন্য ব্লিডিং পাইল্‌সে ব্যবহার করা যায়।

সিফিলিটিক্ ওয়ার্ট‌স্ রোগে অন্যান্য দাহক ঔষধ ব্যর্থ হইলে ইহার ব্যবহার করা যায় এবং সতর্কতা সহ প্রয়োগ করিলে অনেক সময় সন্তোষ জনক উপকার লাভ করা যায়।

ক্রণিক হিপেটাইটিস্ রোগে, মার্কুরিয়েল ঔষধ সকল ব্যবহার করিয়া উপকার প্রাপ্ত না হইলে ইহার জলিয় দ্রব আভ্যন্তরিক ব্যবহার করিলে অত্যন্ত উপকার হয় এবং এতৎসহ সার্জাপেরিলা ও টেরাক্সকম্ ব্যবহার করিয়া, বাহ্যিক ব্যবহার জন্য ডাইলিউট্ নাইট্রমিউরিয়েটিক্ এসিড্‌দ্বারা লিভারের উপর ফেমেণ্ট্ ব্যবহার করিলে বিস্তর উপকার দর্শে। পুরাতন প্লীহা ঘটিত উপদ্রবে ও উপরোক্ত মতে ব্যবহার করা যায়। ওয়াক্সি লিভার রোগে জেন্সিয়েন্ ও কুইনাইন সহ ব্যবস্থেয়।

ক্রণিক ডায়েরিয়া রোগে টিং ওপিয়ম ১০—১৫ মিনিম্ মাত্রায় বিটার ইন্‌কিউজন্ সহ ব্যবহার করা যায়।

ডাঃ গ্রেব্‌স্ বলেন, হেবিচিউয়েল্ কনষ্টিপেশন্ অবস্থায় ইহার ব্যবহার দ্বারা অনেক সময় উপকার দর্শে।

ডায়েবিটিস্ ইন্‌সিপিডাস্ রোগে প্রত্যেক রোজ ২।৩ কি ৪ ড্রাম্ পরিমাণ ডাইলিউট্ নাইট্রিক্ এসিড্ ব্যবহার করিয়া কেহ কেহ আরোগ্য লাভ করিয়াছে।

ক্যান্‌সার অব্ ইউট্রাস্, এণ্ডোমিট্রাইটিস্ আদি ইউট্রাইন্ পীড়া সকলে ইহার ব্যবহার হয়।

পিউরার পারেল, ইন্টেষ্টাইনেল্ ইরিটেশন্ বিশেষতঃ তৎসহ ডায়েরিয়া বর্তমান থাকিলে, সামান্য পরিমাণ টিংচার ওপিয়ম্ সহ ব্যবহার করিলে সুন্দর উপকার হয়।

হস্‌পিটাল্ গ্যাংগ্রীণ্, ফেজেডেনিক্ আল্‌সার্ বা অন্যান্য দূষিত ক্ষতকে

বন্ধ করণজন্য ষ্ট্রং নাইট্রিক এসিড্ ব্যবহার করিলে অত্যন্ত উপকার দর্শে এবং নিম্নলিখিতরূপে ব্যবহারকরা কর্ত্তব্য যথা—পীড়িত স্থানটী বেশ পরিষ্কার করিয়া শুষ্ক করিবে, তৎপর উক্ত ক্ষত স্থানের সুস্থ বিধানস্থ অংশের সংস্পর্শস্থ স্থানে লার্ডি কি অয়েণ্ট্‌মেণ্ট্ চারিদিকে স্থাপন করতঃ একটী তুলি দ্বারা বেশ সতর্কতা সহ ষ্ট্রং এসিড্ (যে এসিড্ হইতে ধূমউত্থিত হইবে) ক্ষত স্থানে লাগাইবে। এসিড্ প্রয়োগ করার পরই অত্যন্ত জ্বলন বোধ হয় কিন্তু অতি-ত্বরায় উক্ত যন্ত্রণা দূরীকৃত হইয়া যায়। অতঃপর ক্ষত স্থান কোল্ড ওয়াটার ড্রেসিং কিছু কাল ব্যবহার করিয়া তৎপর ষ্টিম্যুলেটিং ঔষধ দ্বারা (আইওডো-ফরম্) ড্রেস্ করিলেই অতি শীঘ্র উপকার হইবে। এ প্রকার ক্ষত বর্ত্তমানে মার্ক্যুরী ব্যবহার করা কথনই কর্ত্তব্য নয়।

ক্যাঙ্ক্রাম্ অরিস রোগে ইহার উগ্র অবস্থায় ব্যবহার করিয়া আভ্যন্তরিক রূপে, ব্রাণ্ডি, কুইনাইন, ক্লোরেট অব্ পটাস্, টিংচার অব্ষ্টিল ইত্যাদি ব্যবহার করা কর্ত্তব্য।

কার্ডিয়েলজিয়া, বা হার্ট বার্ণ্ রোগে ৫ মিনিম্ মাত্রায় ব্যবহার করিলে অতি চমৎকার উপকার প্রাপ্ত হওয়া যায়।

নানাবিধ কঠিন আকারের চর্ম্মরোগে পরিবর্ত্তন জন্য সার্জাপেরিলা, বা কেমিডেসমিস্ সহ ব্যবহার করিলে এবং আর্টিকেরিয়া রোগে ১০ ফোটা ডাইলিউট্ নাইট্রিক্ এসিড্ সহ ১ আং জল মিশ্রিত করিয়া আহারের ১ ঘণ্টা পূর্ব্বে প্রয়োগ করিলে প্রায় নার্ত হয় না। আঁচিল্ রোগে, আঁচিলের মাথাটী ফেলিয়া উহার উপর নাইট্রিক্ এসিড লাগাইবে। এই প্রকার ২। ১ দিন ব্যবহার করিলেই আরোগ্য হয়।

প্রমিনেণ্ট্ কিউটেনিয়াস্ নিভাস্ ধ্বংস করা জন্য ব্যবহৃত হয়।

Cerii Oxalas, — Oxalate of Cerium,

সিরিয়াই অক্জেলাস। — অক্জেলেট্ অব্ সিরিয়ম্।

মাত্রা।—১—২ গ্রেণ্।

ক্রিয়া।—টনিক্ ও সিডেটিব্। ইহা স্নায়ুমণ্ডলীয় বল বিধান করে এবং বিসমথ্, নাইট্রেট্ অব্ সিলভার ও হাইড্রোক্লোরিক এসিডের পরিবর্ত্তে ব্যব-

ভার করা যায়। নাইট্রেট্ অব্ সিল্ভার ব্যবহারে চর্ম্ম কালোবর্ণ ধারণ করে কিন্তু ইহা দ্বারা তাহা হয় না।

আময়িক প্রয়োগ।—ইরিটেবল্ ডিস্পেপ্সিয়া সহ, গ্যাষ্ট্রডিনিয়া, পাইরোসিস্, এবং পুরাতন বমন রোগে সিরিয়ম্ দ্বারা বিস্তর উপকার হয়।

গর্ভাবস্থায় বমন নিবারণ জন্য অনেকানেক বিজ্ঞ ডাক্তারগণ ইহাকে অতি শ্রেষ্ঠ বিবেচনা করেন এবং অক্জেলেট্ অব্ সিরিয়ম্, পাইলিউলা ট্রাগেকান্থ কম্পজিটা প্রত্যেকে ১০ গ্রেণ টিং আরেন্সিয়াই ½ ড্রাম জল ১ আং মিলাইয়া প্রাতে নিদ্রা হইতে উঠিবার অল্প পূর্ব্বে ব্যবহার করিতে অনুমতি দেন। ইউট্রাসের উত্তেজনা বশতঃ বমনোদ্রেক নিবারণ জন্য পটাস্ ব্রোমাইড্ সহ মিশ্রিত করিয়া প্রযোজ্য।

স্নায়ুবিক রোগাদিতে বিশেষতঃ এপিলেপসি কোরিয়া, এবং অপরাপর আক্ষেপিক পীড়ায় নাইট্রেট অব্ সিলভারের পরিবর্ত্তে ব্যবহৃত হয়। বলকারক ও অবসাদক হইয়া উপকার করে।

নানাবিধ কফ রোগে, ডিস্পেপশিয়া, মর্ণিংকফ, ক্রণিক ব্রংকাইটিসাদি পীড়ায় ১০ গ্রেণ মাত্রায় ব্যবহার মন্দ নয়। ইহা দিবসে ২।৩ বার প্রয়োগ করিবে।

Acidum Nitro-Hydro-Chloricum Dilutum,
এসিডম্ নাইট্রু হাইড্রক্লোরিকম ডাইলিউটম্।

Diluted Nitro-Hydro Chloric Acid,
ডাইলিউটেড্ নাইট্রোহাইড্রু ক্লোরিক্ এসিড।

মাত্রা।—৫—২০ মিনিম্।

ক্রিয়া। ৫—১০ মিনিম্ মাত্রায় যথেষ্ট পরিমান জলের সহিত ব্যবহার করিলে এণ্টাল্ কেলাইন্,এবং অল্টারেটিব্, টণিক্। বাহ্য ব্যবহারার্থে প্রচুর জলের সহিত স্নানরূপে ব্যবহার করা যায় অথবা উত্তেজনার্থ লোশন্ রূপে প্রয়োগ করা যায়। ঔষধ ব্যবহার করিয়াই সোডার জল দ্বারা মুখ ধৌত করিবে, নতুবা দন্ত সকল সহজে বিনষ্ট হইয়া যাইতে পারে।

আময়িক প্রয়োগ। ক্রণিক হিপেটাইটিস্, একিউট্ হিপেটাইটিস্, কন্

জেস্‌শন্‌ অব্‌দি লিভার ইত্যাদি নানাবিধ উপদ্রবে নাইট্রো মিউরিয়েটিক্‌ এসিড্‌ দ্বারা উপকার হয়। ইহা আভ্যন্তরিক ও বাহ্যিক উভয় প্রকারেই বিধেয়। আভ্যন্তরিক প্রয়োগ জন্য ক্লোরাইড্‌ অব্‌ এমোনিয়া এতদপেক্ষা শ্রেষ্ঠ। এতদ্‌ সহ যোগে ফোমেণ্টেশনাদি ব্যবহার কর্ত্তব্য।

জণ্ডিস্‌ রোগে ডাং কেপিলাও্‌ ইহার প্রতি সন্তোষ প্রকাশ করেন কিন্তু যদ্যপি লিভারে কোন প্রকার প্রদাহিক লক্ষণ বর্ত্তমান থাকে, তবে ব্যবহার নিষিদ্ধ। ডিসেণ্টি্র রোগে যকৃতের কোন প্রকার পরিবর্ত্তন থাকিলে ব্যবহৃত হইতে পারে।

অক্‌জেলিউরিয়া, সায়েটিকা, ও অন্যান্য নিউরাল্‌জিক পীড়ায় এবং রিউ-মেটিজম্‌ সহ অকজেলিউরিয়া বর্ত্তমান থাকিলে ১২—১৫ মিনিম্‌ মাত্রায়, ইহার ব্যবহারে অতি আশ্চর্য্য উপকার লাভ করাযায়। এতদ্ব্যতীত, সময় সময় বিরেচক দ্বারা অন্ত্র পরিষ্কার করিয়া দিবে, এবং সুবিধা হইলে স্থান পরিবর্ত্তন করতঃ পরিষ্কার বায়ু সেবন করিতে ব্যবস্থা দিবে।

ডাইলিউট্‌ নাইট্রো মিউরিয়েটিক্‌ এসিড্‌ সহ জল মিশ্রিত করতঃ লোশন প্রস্তুত করিয়া ক্রনিক্‌ ব্রংকাইটিস্‌ রোগে বক্ষোপরি মর্দ্দন করিলে বিস্তর উপ-কার হয়। ইহা দ্বারা অধিক শ্লেষ্মা নিঃসরণ লাঘব হয়। গ্যাংগ্রীন্‌ অব্‌দি লাংস পীড়ায় সিঙ্কোনা সহ মিকচার রূপে ব্যবহার করা যায়। এজ্‌মা রোগে ১ ড্রাম এসিড্‌ সহ ১০ আং উষ্ণ জল মিশ্রিত করিয়া, ইহার বাষ্প আঘ্রাণ করিলে উপকার হইবে।

একৃনি, ফেবাস্‌ ইত্যাদি রোগে ইহার বাহ্য ও আভ্যন্তরিক প্রয়োগ উপ-কার জনক বলিয়া ডাং উইল্‌শন্‌ নির্দ্দেশ করেন।

Acidum Hydrochloricum	Hydrochloric Acid.
এসিডম্‌ হাইড্রক্লোরিকম্‌।	হাইড্রক্লোরিক্‌ এসিড্‌।
Acidum Hydrochloricum. Dilutum	Diluted Hydrochloric Acid
এসিডম্‌ হাইড্রক্লোরিকম্‌ ডাইলিউটম্‌।	ডাইলিউটেড্‌ হাইড্রক্লোরিকএসিড।

অন্যনাম—মিউরিয়েটিক্‌ এসিড্‌।

ডাইলিউট্‌ হাইড্রক্লোরিক্‌ এসিডের মাত্রা—১০—৩০ মিনিম্‌।

ক্রিয়া। উগ্র এসিড, অত্যন্ত ভয়ানক দাহক ও ফোস্কাকারক। জল মিশ্রিত করা ব্যতীত ইহা আভ্যন্তরিক ব্যবহার হয় না। ১০—২০ ফোটা মাত্রায় জল মিশ্রিত করিয়া ব্যবহার করিলে ইহার ক্রিয়া এণ্টাল্‌কেলিন্‌, টনিক, ষ্টিমুলেণ্ট্‌ ও লেক্‌সেটিব্‌ বা মৃদু বিরেচক। অধিক দিন ব্যবহার করিলে পরিবর্তন, বলকরণ, এবং পাকাশয়ের বল বিধান করিয়া ক্ষুধা ও পরিপাক শক্তি বৃদ্ধি করে। ইহা ব্যবহার করিয়াও মুখ গহ্বর পরিষ্কার করিয়া ফেলা কর্ত্তব্য এবং সোডা লোশন দ্বারা মুখ ও দন্তমাড়ি ধৌত করিবে। দুর্গন্ধ হরণ জন্য ইহার শক্তি অত্যন্ত বিখ্যাত। ১ অংশ ষ্ট্রং এসিড্‌ সহ ২০ অংশ জল মিলাইয়া তদ্দ্বারা বস্ত্রখণ্ড সিক্ত করিয়া শুষ্ককরতঃ ব্যবহার করিলে অনেকানেক বিষয়ের উপকার হয়। অথবা ইহার এণ্টিসেপ্টিক্‌ লোশন্‌ ঘরের মেঝে কি অপরাপর স্থানে প্রয়োগ করিলে দুর্গন্ধ নিবারণ করিয়া উপকার করে।

আময়িক প্রয়োগ। ডাঃ উইলশন্‌ ফক্স্‌ বলেন, এটনিক ডিস্‌পেপ্‌শিয়াতে ১৫—২০ ফোঁটা ডাইলিউট্‌ এসিড, ইনফিউজন কলম্বা, বা জেন্সিয়েন্‌ সহ আহারের অব্যবহিত পূর্ব্বে বা পরে ব্যবহার করিলে নিশ্চয় প্রতিকার হইবে। সামান্য পরিমাণ বমনোদ্রেকে অথবা গর্ভাবস্থায়, কষ্টকর হার্টবার্ণ্‌ উৎপন্ন হইলে কিম্বা পরিপাক সম্বন্ধে কোন প্রকার স্নায়বিক পরিবর্তন উপস্থিত হইলে, টিংচার নাক্স্‌ভমিকাসহ ডাইলিউট হাইড্রক্লোরিক এসিড্‌ ব্যবহার করিলে আশ্চর্য্য উপকার হয় কিন্তু আহারের পূর্ব্বে ব্যবস্থেয়।

গাউট্‌ রোগের প্রথমাবস্থায় যখন লিথিক্‌ এসিড্‌ রক্তে সঞ্চিত হইতে থাকে, তদবস্থায় ডাঃ ডেন্‌ কেন্‌ ইহাকে অন্যান্য এণ্টাসিড্‌ অপেক্ষা প্রশংসা করেন এবং নিম্নলিখিত ব্যবস্থা দেন যথা—

R.

Acid. Hydrochloric Dil.	ʒ i s s
Spt. chloroform.	ʒ i i
Tinct, colchici	ʒ i
Infus Cascarill.	ad ℥ v i

M dose, I oz, every three hours.

টাইফয়েড্ ফিবারে হাইড্রক্লোরিক এসিড্ ডাইলিউট্‌কে বহুবিধ চিকিৎসক আশ্চর্য্য উপকারী বলিয়া নির্দ্ধারণ করিয়াছেন। ডাং মর্চিশন্ ও ডাং চেম্বার্স্ বলেন, যে কোন টাইপ্‌কেন বর্ত্তমান নাগণাকুক, অর্দ্ধগ্রেণ কুইনাইনসহ ১৫—২০ ফোটা হাইড্রক্লোরিক ডিল, বা সাল্‌ফিউরিক ডিল্ প্রত্যেক ৩ঃ ৪ ঘণ্টান্তর ব্যবহার করিলে প্রায় সাক্ষাৎ ফল লাভ করা যায়। টাইফস্ ফিবারে ডাইলিউট্ হাইড্রক্লোরিক এসিড্ সহ জল মিশ্রিত করিয়া ব্যবহার করিলে অত্যন্ত উপকার দর্শে।

ছেলেদের কণ্টিনিউড্ ফিবারের দ্বিতীয় সপ্তাহে যখন জীবনীশক্তি নিস্তেজ হইয়া পড়ে, তদবস্থায় বলকারক, ও পোষক জন্য ইহার ব্যবহার যথেষ্ট উপকারী। যদ্যপি পরিপাক প্রণালী সম্বন্ধে কোন পরিবর্ত্তন উপস্থিত হইয়া ডায়েরিয়ার ন্যায় লক্ষণ উপস্থিত হয়, তাহা হইলে রাত্রিতে ½ গ্রেণ কি ১ গ্রেণ ডোভার্স্ পাউডার ব্যবহার করিলেই যন্ত্রণা নিবারিত হইবে।

স্কার্লেট ফিবারে আমেরিকান ফিজিশিয়েন্‌গণ, যথেষ্ট পরিমাণে জলের সহিত মিশ্রিত করিয়া হাইড্রক্লোরিক এসিড্ ব্যবহার করিতে বলেন।

ক্রণিক হুপিংকফ রোগে কেহ কেহ অধিক মাত্রায় ব্যবহার করিতে অনুমতি দেন কিন্তু ডাং ওয়েষ্ট বলেন সাধারণ মাত্রায় ব্যবহার করাই কর্ত্তব্য।

ডিপ্‌থিরিয়া রোগে সম পরিমাণ হাইড্রক্লোরিক এসিডের সহিত মধু মিশ্রিত করিয়া ফল্‌স্ মেম্ব্রেনের উপর লাগাইলে উপকার হইবে।

ডাং হিলার বলেন স্কার্লেট্ ফিবারের সহিত মুখে ক্ষত হইলে মধুর সহিত মিলাইয়া লাগাইবে এবং ক্লোরেট্ অব্ পটাস গার্গল্ ব্যবহার করিবে।

সাইনেন্ কিম্বা মেলিগ্‌না, গ্যাংগ্রীনাস ষ্টোমে টাইটিস্ এপথাল্ আল্‌শারেশন্ অব্ মাউথ হইলে ইহার ব্যবহার হয়।

প্রস্রাবের সহিত ফস্‌ফেট্ ডিপজিট্ বা অক্‌জে লিউরিয়া থাকিলে হাইড্রোক্লোরিক এসিড্ দ্বারা বিস্তর উপকার হয়।

ফ্লেগমেশিয়া ডোলেন্স রোগে ডাং মেকেঞ্জি বলেন ১ ড্রাম হাইড্রক্লোরিক এসিড্ ডাইলিউট্, ২ পাউণ্ড বার্লি ওয়াটার এবং ½ আং পটাসি ক্লোরাস্ মিশ্রিত করিয়া প্রত্যেক ২৪ ঘণ্টায় সেবন করিলে উপকারী হয়।

Acidum Lacticum Dilutum. Diluted Lactic Acid.
এসিডম্ ল্যাকটিকম্ ডাইলিউটম্। ডাইলিউটেড্ ল্যাক্টিক্ এসিড্

মাত্রা—½-২ ড্রাম্।

ক্রিয়া।—ডাইজেষ্টিব, ইমাকিক্ কিন্তু যদ্যপি ৫—১৫ মিনিম্ মাত্রায় যথেষ্ট পরিমাণে জলের সহিত ব্যবহার করা যায়, তাহা হইলে ইমাকিক্ ক্রিয়া প্রকাশ করে।

আময়িক প্রয়োগ।—Dyspepsia ডিস্পেপশিয়া রোগে ডাং এইচ্ উড ইহাকে শ্রেষ্ঠ বিবেচনা করেন। ভাইনম্ পেপ্সিন্ সহ মিশ্রিত করিয়া ব্যবহার করা আরও উপকার জনক। কোন কোন চিকিৎসক বলেন, ইরিটেটিব্ ডিস্পেপসিয়া বর্ত্তমানে নিয়মিত আহারের সময় (on the time of meal) অর্থাৎ ১৫—৩০ ফোটা মাত্রায ½ আং ওয়াটার সহ সেবন করিলে যথেষ্ট উপকার দর্শে।

নেপল্স্, ইটালিয়ান ও এডিন্বর্গনিবাসী ফিজিয়ান্গণ ডায়েবিটিস্ রোগে ইহাকে উপকারী মনে করেন এবং দুইটী রোগী শুধু ইহাদ্বারা সম্পূর্ণ আরোগ্য হওয়ার প্রমাণও পাওয়া গিয়াছে।

ডাং মোরেল্ মেকেঞ্জি বলেন, ডিপ্থিরিয়া রোগে যে সকল ফল্স্ মেম্ব্রেণ সঞ্চিত হয় তাহা দ্রব করনার্থ ল্যাক্টিক্ এসিডের স্থানিক প্রয়োগ অতি বিখ্যাত। এবং অপরাপর চিকিৎসকগণ ও এবিষয়ে সাক্ষ্য প্রদান করেন। কেহ কেহ বলেন একটী ব্রাসে ঔষধ মাখাইয়া লাগাইবে অথবা লিন্টে লাগাইয়া ও ব্যবহার করা যায়। যদ্যপি ইহাতে সুবিধা না হয় তবে স্প্রে আকারে ইহার জলীয় বাষ্প শ্বাস দ্বারা গ্রহণ করিলেও মহান উপকার দর্শে।

ছেলেদের ক্রূপ্ রোগে ডাং ম্যাকেঞ্জি বলেন ২০ মিনিম্ ল্যাক্টিক এসিড্ ১ আং গরম জলে মিলাইয়া ৫ মিনিট কাল পর্য্যন্ত শ্বাস দ্বারা ইহার বাষ্প গ্রহণ করা কর্ত্তব্য এবং ইহা প্রত্যেক ঘণ্টান্তর প্রয়োগ করা উচিত। এবং তিনি ইহাও বলেন একটী আইস্বেগ্ বা বরফের থলি সেই সময়ে নাকে ধারণ করিবে।

ক্রণিক্ সিষ্টাইটিস্ বা মূত্রাশয়ের পুরাতন প্রদাহে এবং ভিসাইকেল্

কৈটার্ বা মূত্রাশয়ের সর্দ্দি রোগে ১৫—২০ গ্রেণ মাত্রায় ল্যাকটিক্ এসিড্ দিবসে ২। ৩ বার বিধান করা যায় এবং ইন্‌জেক্‌শন্ জন্য ও বাহ্যিক ব্যবহার্য্য।

Ferrum. **Iron.**

ফেরাম্। আয়রণ্।

ক্রিয়া।—রোগ প্রবণ দেহকে নিরাময়িক অবস্থায় আনয়ন জন্য বিশেষ নিভৃত চিন্তা দ্বারা আমরা বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া থাকি। কিন্তু তন্মধ্যে যে মহান উদ্দেশ্য সাধন জন্য আয়রণ্ বা লৌহ প্রয়োগ করি, তাহা অতীব আশ্চর্য্য জনক। যে রক্ত ব্যতীত শরীর কোন প্রকারেই রক্ষা হইতে পারে না, এবং যাহার মধ্যস্থ সার পদার্থের অংশ খর্ব্ব হইলে অনতিবিলম্বে জরাজীর্ণ আসিয়া পর্য্যায়ক্রমে দেহকে নিস্তেজ করিয়া ফেলে, সেই রক্তের প্রধানউপাদানলৌহ। লৌহঘটিতঔষধ প্রত্যেকটী শরীরস্থ রক্তের রেড্ কার্পাস্ কোলের পরিমাণ বৃদ্ধি করে। কি প্রকারে রক্তের লোহিত কনিকা বৃদ্ধি করে সে বিষয় সামান্য নয়। রক্তের লোহিত কণিকা বৃদ্ধি করে বলিয়াই ইহার ক্রিয়া হিমেটিক্ টনিক্স্। পূর্ব্বেই বলা হইয়াছে, বলকারক ঔষধ মাত্রই পরিবর্ত্তক্ ও উত্তেজক্ এই উভয় বিধ ক্রিয়ার মধ্যবর্ত্তী হইয়া কার্য্যোৎপন্ন করে। সুতরাং এনিমিয়া বা রক্তাল্পতা ও টিউবার্কুলোসিস্ পীড়ায় লৌহ ঘটিত বলকারক সকল অত্যন্ত সমাদরে প্রতিনিয়ত ব্যবহৃত হইতেছে।

লৌহ ঘটিত ঔষধ সকল সেবনে শরীরে আচোষিত হইয়া রক্ত, প্রস্রাব, ও দুগ্ধাদি রসে প্রকাশিত হইয়া পড়ে এবং কিয়ৎ পরিমাণে সাল্‌ফাইড্ রূপ ধারণ করতঃ, মলের সহিত বহির্গত হইয়া যায়। অনেকেই অবগত আছেন লৌহ ঘটিত অধিকাংশ ঔষধই সেবনান্তর মলের বর্ণ কাল হইয়া থাকে, সুতরাং মলের সহিত সামান্য পরিমাণে লৌহ বহির্গত হওয়াই উক্ত বর্ণের কারণ।

লৌহ ব্যবহারের পর পরিপাক শক্তি ও ক্ষুধা বৃদ্ধি হয়, নাড়ীর গতি পূর্ণ, সবল ও দ্রুত হইয়া উঠে। সাধারণ স্বাস্থ্য পরিবর্ত্তিত হইয়া, তৎসহ রোগী

বলিষ্ঠ ও উজ্জ্বল বর্ণ বিশিষ্ট হইয়া উঠে। শরীরের নিয়মিত উত্তাপ ক্রমে বর্দ্ধিত হইতে থাকে, এবং এতদ্সহ দেহের গুরুত্ব ক্রমে গুরুতর হইতে থাকে। লৌহ ঘটিত ঔষধ সেবন দ্বারা কোন কোন রোগীর, গ্যাষ্ট্রিক্ ইরিটেশনের ন্যায় লক্ষণাক্রান্ত হইতে দেখাযায় এবং কিছু অধিক মাত্রায় ব্যবহার করিলে, উগ্রবিষের ন্যায় লক্ষণযুক্ত হইয়া মৃত্যু পর্য্যন্তও হইতে পারে।

ব্যবহার সম্বন্ধে মন্তব্য।

১। যদ্যপি হেমোরেজ্ বা রক্তস্রাব অথবা অপর কোন কারণ বশতঃ এনিমিয়া উৎপন্ন হয়, তাহা হইলে, আয়রণ্ মধ্যে যাহাদের শক্তি অত্যন্ত প্রবল, সেই সকল ঔষধই প্রয়োগ কর্ত্তব্য। সুতরাং সাল্ফেট্ অব্ আয়রণ্ ও পার ক্লোরাইড্ অব্ আয়রণ্কে আমরা উপযুক্ত মনে করি। জেনেরেল্ ডিবিলিটি বা সাধারণ দুর্ব্বলতা জন্য আয়রণ্ ব্যবস্থেয় হইলে, ফেরিএট্ এমোনিয়া সাইট্রাস্ এবং ফেরি টার্ টারেট। সর্ব্বদা প্রয়োজ্য।

২। অধিক উপকারের আশায়, অধিক মাত্রায় ইহার ব্যবহার উপযুক্ত নয়।

৩। ইহাদের ব্যবহারের সময় যদ্যপি পাকাশয়ে উত্তেজনার লক্ষণ প্রকাশ পায়, তাহা হইলে একষ্ট্রাক্ট্ হায়েসায়েমাস্, বা কোনায়ম্ সহ ব্যবহার কর্ত্তব্য। এবং একটী ঔষধ সহ্য না হইলে বিবেচনা পূর্ব্বক অপর কোন লবণ ব্যবহার করা বিহিত।

৪। লৌহ ব্যবহার কালে টক্ বা অম্ল সেবন নিষিদ্ধ। কারণ, উভয়ের পরস্পর সংযোগে পাকাশয়ে কি শরীরে অম্ললবণ প্রস্তুত হইয়া হানিজনক লক্ষণ উপস্থিত করিতে পারে।

৫। অধিক দিন আয়রণ ব্যবহার কালে ১০। ১৫ দিবসের জন্য ঔষধ রহিত করা কর্ত্তব্য। যদ্যপি অন্ত্র পরিষ্কার না থাকে তবে সেই সময়ে পরিষ্কার করিয়া ফেলা উচিত।

৬।। ঔষধ ব্যবহার সময় মধ্যে মধ্যে বিরেচক ব্যবহার করিলে লৌহের ক্রিয়া আরও সুন্দর রূপে প্রকাশিত হয়।

৭। আহারের অব্যবহিত পরই লৌহ ব্যবহারের প্রকৃত সময় কিন্তু চা সেবনের পর লৌহ ব্যবহার করিবে না।

৮। এনিমিয়া বা রক্তাল্পতা জনিত কারণে লৌহই প্রধানতম ঔষধ। কিন্তু রক্তের স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হওয়ার পর আর ব্যবহার করা কর্ত্তব্য নয়। যদ্যপি অবিবেচনার সহিত অতিরিক্ত ব্যবহার করা হয়, তাহা হইলে প্লেথোরা বা রক্তাধিক্য, ইনডাইজেস্‌শন্, ও অপরাপর উদ্বেগ উপস্থিত হইয়া উঠিবে।

৯। আয়রণ ব্যবহার করিয়া একটুকু ধৈর্য্যাবলম্বন করা কর্ত্তব্য, কারণ ইহার ফল কয়েক সপ্তাহ অতীত না হইলে প্রায় দৃষ্টি গোচর হয় না।

১০। ইহা সেবনে নিতান্ত খারাপ বোধ হইলে সামান্য পারমান লিমন বা লাইমজুস্ মিশ্রিত করা মন্দ নয়।

১১। আয়রণের মধ্যে কতকগুলি সাল্টের ক্রিয়া অত্যন্ত সংকোচক এবং ব্যবহারে প্রায় সর্ব্বদা দন্ত ও দন্তমাড়ি কাল হইয়া যায়, এরূপাবস্থায় একটী গ্লাস্ টিউব্ দ্বারা ঔষধ পান করা হইলে উক্ত আশঙ্কা রহিত হইবে।

নিম্নলিখিত অবস্থায় লৌহ ব্যবহার নিষেধ।

১। নানাপ্রকার প্রদাহিক অবস্থায়।

২। কন্‌জেস্‌শন বর্ত্তমানে।

৩। প্লেথরা এবং রক্ত প্রধান ধাতু প্রকৃতি।

Ferrum Redluctum. Reduced Iron.

ফেরম্ রিডাক্টম্। রিডিউস্‌ড্ আয়রণ।

মাত্রা—১—৫ গ্রেণ।

প্রয়োগরূপ।

১। রিডিউস্‌ড্ আয়রণ লোজেঞ্জেস। মাত্রা—১—৬ লোজেঞ্জ।

২। ওয়াইন্ অব্ আয়রণ। মাত্রা—১—৪ ড্রাম।

৩। এরোমেটিক্ মিক্‌চার অব্ আয়রণ। মাত্রা—১—২ আঃ।

ক্রিয়া। রক্তজনক, বলকারক। ইহা অতি সহজে উদরে সহ্য হয় কিন্তু দৈবাৎ কোন কোন সময় উদ্গার উপস্থিত হইয়া সাল্‌ফিউরেটেড্ হাইড্রজেন্ গ্যাস্ উৎপন্ন হয়। ইহার সংকোচন শক্তি নাই, সুতরাং ছেলেদের পক্ষে ও সুন্দর ব্যবহারোপযোগী। ইহার ব্যবহারে বাহ্যির বর্ণ কাল হয়।

যদ্যপি ইহা দ্বারা কোষ্ঠ কাঠিন্য জন্মে তবে অতি সামান্য। পীল, পাউডার্‌ অথবা লোজেঞ্জ্‌ আকারে ব্যবস্থেয়।

আময়িক প্রয়োগ। এনিমিয়া, ক্লোরোসিস্‌, ও কোন কোন প্রকারের এমিনোরিয়া রোগে লৌহ ঘটিত ঔষধের ন্যায় উপকার করে। ‹ কোরিয়া রোগে অত্যন্ত আদরের সহিত ব্যবহৃত হয়। কেহ কেহ প্লীহা বিবর্দ্ধন রোগে ½—২ গ্রেণ্‌ মাত্রায় ব্যবহার করিতে অভিপ্রায় প্রকাশ করেন।

Ferri Peroxidum Hydratum. Hydrated Peroxide of Iron.

ফেরি পারক্সাইডম্‌ হাইড্রেটম্‌। হাইড্রেটেড্‌ পারক্সাইড্‌ অব্‌ আয়রণ।

মাত্রা। ৫ ৩০ গ্রেণ্‌।

প্রয়োগরূপ।

২। প্লাষ্টার, অব্‌আয়রণ।

ক্রিয়া। হিমেটিন্‌ টনিক্‌, এষ্ট্রিনেগন্ট্‌, এন্টি মেগ্নেটিক্‌। আস্বাদ খারাপ্‌। আভ্যন্তরিক্‌ ব্যবহারে উগ্রতা না থাকিলে ও কখন কখন ডিস্‌পেপ্‌শিয়ার ন্যায় লক্ষণ উপস্থিত হয়। ইহা অন্ত্রে সঞ্চিত হইবার সম্ভাবনা সুতরাং মধ্যে মধ্যে মৃদু বিরেচক দ্বারা কোষ্ঠ পরিষ্কার করিয়া লইবে। ইহার ব্যবহারে ও মলের বর্ণ কাল হয়। গুড় অথবা মধুর সহিত মিশ্রিত করিয়া প্রয়োগ করা যায়। বাহ্য প্রয়োগার্থ প্লাষ্টার আকারে প্রযোজ্য।

আময়িক প্রয়োগ। অন্যান্য লৌহ ঘটিত ঔষধের ন্যায় ইহাকেও এনিমিয়া অবস্থায় ব্যবহার করা যায়। এটনিক এমিনোরিয়া রোগে এলোজের সহিত এবং ক্লোরোসিস্‌ রোগে স্পীট্‌ এমোনিয়া এরোমেটিকের সহিত ব্যবহার করা যায়। এনিমিয়ার কারণ জনিত নিউর‍্যাল্‌জিয়া উৎপন্ন হইলে ইহা দ্বারা উপকার হয়।

ইন্‌ফেন্টাইল্‌ কন্‌ভল্‌শন্‌, লেরিঞ্জিস্‌মাস্‌ ষ্ট্রিডিউলাস্‌ আদিরোগে নার্ভাইন টনিক ও হিমেটিন টনিক জন্য ব্যবহার করা যায়। ইন্‌ফেন্টাইল্‌ কন্‌ভল্‌শন্‌ সহ দুর্ব্বলতা অধিক থাকিলে ইহা দ্বারা বিশেষ উপকার হয়।

Ferri Iodidum — Iodide of Iron.

ফেরি আইও ডাইডম্। — আইও ডাইড্ অব্ আয়রণ।

প্রয়োগ রূপ। মাত্রা—১—৫ গ্রেণ্। ফার্ম্মাকোপিগায় গৃহিত নয়।

১। সিরপ্ অব্ আইওডাইড্ অব্ আয়রণ। মাত্রা ½—১ ড্রাম্।

২। পিল্ অব্ আইও ডাইড্ অব্ আয়রণ। মাত্রা ৩—৮ গ্রেণ।

ক্রিয়া। অল্টারেটিব্ টনিক্ ও এমিনেগগ্। ব্যবহারার্থ ইহার সিরাপটী সর্ব্বদা ব্যবহার্য্য ও অত্যন্ত উপকারী। এওঁষধটী অত্যন্ত উপকারী এবং স্ক্রফিউলাস্ ডায়েথিসিসে, বিশেষ আদরের সহিতনিয়ত ব্যবহৃতহয় অথচ ব্যবহারে সহজে ফললাভ করা যায়। পরিপাক ও ক্ষুধা বৃদ্ধি হয় এবং শরীর নিরোগ হইয়া বলিষ্ট হইতে থাকে। সেবনেরপর প্রস্রাবেরদ্বারা বহির্গতহয়। ১০গ্রেণ। মাত্রায় ব্যবহার করিলে, কোন কোন সময় গ্যাষ্ট্রিক্ ইরিটেসনের লক্ষণ প্রকাশ করে।

আময়িক প্রয়োগ। থাইসিস্ ও স্ক্রফিউলারোগ জনিত এনিমিয়া পীড়য় অপরাপর ঔষধাপেক্ষা ইহার ক্রিয়া শ্রেষ্ঠ, পরিবর্ত্তক, বলকারক ও মূত্রকারক হইয়া উপকার করে। গ্লেণ্ডিউলার্ এন্লার্জমেণ্ট্ অবস্থায় ২০ মিনিম হইতে ১ ড্রাম মাত্রায় ইহার সিরপ ব্যবহার করিলে অত্যন্ত উপকার দর্শে। ইহা দিবসে ২। ৩ বার বিধান করিবে। ১৮৪১ খৃঃ অব্দে ইহা থাইসিস্ রোগে ব্যবহার প্রচলিত হয় এবং সিরাপ্টী ১ ড্রাম্ মাত্রায় দিবসে ৩ বার প্রয়োগ করিয়া সময় সময় মাথা বেদনা ও অপরাপর লক্ষণযুক্ত হইতে দেখাযায় কিন্তু কোন কোন রোগী অনায়াসে ইহা সহ্য করিতে পারে। পীড়ার প্রারম্ভাবস্থায় ব্যবহার মন্দনয় সুতরাং ১ কি ২ ড্রাম কড্লিভার্ অয়েলের সহিত মিলিত করিয়া আহারের অব্যবহিত পর ব্যবহার কর্ত্তব্য। ব্যবহারের অল্প দিন মধ্যেই শরীরের গুরুত্ব বৃদ্ধি হয়।

ক্রনিক্ হাইড্রকিফেলাস্ রোগে, সিরপ্ অব্ আইওডাইড্ অব্ আয়রণ ও কড্লিভার অয়েলমিশ্রিত করিয়া ব্যবহার অত্যন্ত উপকারী।

এমিনোরিয়া ও ডিস্মেনোরিয়া রোগে বিশেষতঃ যে সমস্ত স্ত্রীলোক গণ্ডমালাগ্রস্থ তাহাদের পক্ষে ইহা আদরের সহিত ব্যবহার্য্য। ½—১ ড্রাম মাত্রায় সিরাপ্ ফেরি আইও ডাইড্, কেটামেনিয়া পীড়ায় যথেষ্ট উপকারী

বলিয়া জানা গিয়াছে। দিবসে ৩ বার বিধেয়। ক্লোরোসিস্ ও লিউকরিয়া পীড়ায় যদ্যপি ইন্টারনেল্ অরগেন্স্ সকল সুস্থ অবস্থায় থাকে, তবে আইওডাইড্ অব্ আয়রণ দ্বারা বিস্তর উপকার দর্শে।

ক্রনিক রিউমেটিক্ গাউট্ রোগে ১ ড্রাম মাত্রায় ইহার সিরাফ্, ৩ ড্রাম কড্লিভার অয়েল সহিত ব্যবহার কর্ত্তব্য।

হিল্ ও কুপার্ বলেন, কনষ্টিটিউশনেল্ সিফিলিস্ রোগে ইহা অত্যন্ত উপকারী। রোগী অত্যন্ত দুর্ব্বল এবং রুপিয়া বা আল্সারেশন্ থাকিলে বিধেয়।

ডাং জে, বার্কে বলেন ইনকণ্টিনেন্স্ অব্ ইউরিণ রোগে ইহার সিরাপ্ ২৫—৩০ মিনিম্ মাত্রায় আহারের পর ব্যবহার করিলে প্রায় ব্যর্থ হয় না। এমন কি প্রায় ২০ টী রোগী সুধু ইহা দ্বারা তিনি আরোগ্য করিয়াছেন।

Ferri Perchloride Liquor. Solution of Perchloride of Iron.

ফেরি পারক্লোরাইড্ লাইকর্। সলুশন্ অব্ পার্ক্লোরাইড্ অব্ আয়রণ্।

মাত্রা ১০—৩০ মিনিম্। সিরপ্ অথবা জলের সহিত ব্যবহার্য্য।

ক্রিয়া। বাহ্য অথবা আভ্যন্তরিক প্রয়োগে এস্ট্রিনজেণ্ট্ ও ষ্টিপ্টিক্। ইহার রক্তোৎপাদন ক্ষমতা যথেষ্ট। ইহার এণ্টি সিফিলিটিক ও এণ্টিস্ক্রফিউলাস্ ক্ষমতা মন্দনয়। রক্ত রোধার্থে, কটনেভিজাইয়া আঘাতিত স্থানে প্রয়োগ করিলেই রক্ত রোধ হইবে। সহজে রক্ত পতন বন্ধ না হইলে ঔষধ প্রয়োগ করিয়া অঙ্গুলির অগ্রভাগ দ্বারা চাপ্ প্রয়োগ করিবে।

আময়িক প্রয়োগ। এনিউরিজম্ রোগে লাইকর্ ফেরি পার ক্লোরাইড্ দ্বারা বিস্তর উপকার হয়। ইহা পীড়িত প্রদেশে পিচকারি দ্বারা প্রয়োগ করিবে। ভেরিকোজ ভেইন্ রোগে ও ইহার পিচকারী প্রয়োগ করা যায় কিন্তু উপকারীত্ব বিষয়ে নিশ্চয়ত্ব সন্দেহ জনক।

নিভাস্ রোগে আরোগ্যপক্ষে ইহাদ্বারা বিস্তর সাহায্য করে কিন্তু মস্তক, মুখমণ্ডল, গলা, ও চক্ষু গহ্বর ইত্যাদি স্থানের নিভিতে ইহার ইন্জেক্শন্ প্রয়োগ কর্ত্তব্য নয়।

হস্পিটাল্ গ্যাংগ্রীণ্ রোগে ইহার বাহ্যিক ব্যবহার মন্দনয়। অস্থান্ত

মিনারেল্ এসিড্ অপেক্ষা ইহাকে শ্রেষ্ঠ বিবেচনা করা হয়। প্রথমতঃ লাগাইলে একটী ভয়ানক জ্বালা বোধ হয়। কিন্তু অনতি বিলম্বেই দূর হইয়া যায়। কেহ কেহ বলেন কঠিন ওনাইকিয়া রোগে ২ ড্রাম লাইকর ফেরি এবং ২ ড্রাম লার্ড্ মিশ্রিত করিয়া ব্যবহার করিলে উপকার সম্ভবে। বেদনা রোগে ইহার বাহ্য প্রয়োগ ব্যবহার্য্য।

পোষ্ট্ পার্টম্ হেমরেজ্ রোগে ইহার সলুশন্ দ্বারা পিচকারী প্রয়োগ করিলে (ষ্ট্রং সলুশন্ ১০ আং এবং ৩০ আং জল। বিস্তর উপকার দর্শে। ডাং বার্নেস্ বলেন এচিকিৎসা বহুকাল হইতে সম্পূর্ণ আরোগ্য জনক বলিয়া বিখ্যাত কিন্তু এ প্রকার চিকিৎসায় বিশেষ সতর্কতার দরকার। ইউট্রাইন ক্যান্সার রোগে রক্ত দমন জন্য গ্লীসরীনের সহিত যথেষ্ট পরিমাণে লাইকর ফেরি মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে উপকার হয়। পালপাস্ অব্ দি ইউট্রাস্, ফাইব্রায়েড্ টিউমার্ অব্ দি ইউট্রাস্ ইত্যাদি নানা প্রকারের পীড়ায় ব্যবহার করা যায়।

লেরিঞ্জিয়েল্ থাইসিস্ রোগে, লাইকর ফেরি ১ ড্রাম, জল ১ আং মিশ্রিত করিয়া লোকেল্ এপ্লিকেশন্ জন্য দেওয়া যায়। টন্‌সিল্ বিবর্দ্ধিত হইলে সংকোচন অভিপ্রায়ে বিশেষ আদরের সহিত ব্যবহৃত হয়। ১—২ ড্রাম, জল ১ আং মিশ্রিত করিয়া টন্‌সিলের উপরে দিনে ২ বার প্রয়োগ করিবে। সিফিটিক্ ব্রংকোসিল রোগে ইহার ইঞ্জেকশন্ ব্যবহার্য্য।

এরিসিপেলাস্ রোগে লাইকর ফেরি পারক্লোরাইড্ কর্সিয়র্ এবং রেকটিফায়েড্ স্পীট্ সম পরিমাণে মিলাইয়া লাগাইলে উপকার হয়।

ডিসেণ্টি রোগে ১২—৩০ মিনম মাত্রায় জল অথবা গ্লীসরীন্ সহ ব্যবহার করা যায়। কিম্বা পিচকারীরূপে রেকটমে ইন্‌জেকশন্ দেওয়া যায়। অল্প পরিমাণে ওপিয়ম্ মিশ্রিত করা কর্ত্তব্য।

Ferri perchloride Tinctura.	Tincture of perchloride of Iron.
ফেরি পার্ক্লোরাইড্ টিং চিউরা।	টিংচার্ অব্ পার্ক্লোরাইড্ অব্ আয়রণ।

অন্যনাম—টিংচার অব্ ষ্টিল্। Tincture of Steel.

মাত্রা।—১০—৩০ মিনিম্।

ক্রিয়া।—হিমেটিক্ টনিক্, এষ্ট্রিন্‌ন্‌ জেন্ট্, এবং ডাইউরেটিক্। সমস্ত লৌহ ঘটিত ঔষধের মধ্যে ইহার ব্যবহার অত্যন্ত প্রসস্ত এবং শীঘ্র ফলপ্রদ। বাহ্য প্রয়োগার্থ দাহক অভিপ্রায়ে ওয়ার্টস্ বা আঁচিল হইলে ব্যবহার্য্য। এবং বাহ্য প্রয়োগে ষ্টিপ্‌টিক্ বা রক্ত রোধক। অধিক মাত্রায় উগ্র প্রদাহিক বিষক্রিয়া করে।

আময়িক প্রয়োগ। ছেলেদের ইন্‌কাণ্টিনেন্স্ অব্ ইউরিণ রোগে ডাং ওয়েষ্ট ইহার অত্যন্ত প্রশংসা করেন এবং ৩—১০ মিনিম্ পর্য্যন্ত দিবসে ২।৩ বার একক অথবা টিং হেন্‌বেনের সহিত মিশ্রিত করিয়া ব্যবহার করিতে অনুমতি দেন।

কিড্‌নি, ইউট্রাস বা জরায়, এবং ব্লাডার বা মূত্রাশয়ের পৈশীক দুর্ব্বলতা নিবন্ধন হেমোরেজ্ বা রক্তস্রাব রোগে ১০—৩০ মিনিম্ মাত্রায় জলের সহিত মিশ্রিত করিয়া দিবসে বারম্বার ব্যবহার করিলে আশ্চর্য্য উপকার দর্শে। হিমেটিউরিয়া রোগে ডাং ওয়েন্ ইহাকে অব্যর্থ বিবেচনা করেন। টাইফয়েড্ ফিবার্ জনিত মেলিনা রোগে ইহার ব্যবহার নিতান্ত কর্ত্তব্য। এতৎ সহযোগে যদ্যপি হৃদপিণ্ডের কার্য্য-বিপ্লব বর্ত্তমান থাকে তাহা হইলে টিং ডিজিটেলিসের সহিত মিশ্রিত করা কর্ত্তব্য। যদ্যপি ডিজিটেলিস ব্যবহার করিয়াও রক্তস্রাব দূরীভূত না হয়, তাহা হইলে লাইকর্ ফেরিপারক্লোরাইড্ ১৫ মিনিম্, মর্ফিয়া হাইড্রঃ ½ গ্রেণ্, একোয়া টেপিড্ ৪ আং মিশ্রিত করিয়া রেক্‌টমে এনিমা প্রয়োগ করিবে।

লিউকোরিয়া, ক্লোরোসিস্, ডিস্‌মেনোরিয়া ইত্যাদি নানাবিধ পীড়ায় ইহার ব্যবহার প্রচলিত। ডিস্‌পেপশিয়ার লক্ষণ প্রকাশ পাইলে কলম্বা সহ এবং অন্যত্র ক্লোরাইড্ অব্ এমোনিয়া সহ ব্যবহার কর্ত্তব্য।

সিষ্টাইটিসের কারণ জনিত ইরিটেবিলিটি অব্ দি ব্লাডার্ বা মূত্রাশয়ের উত্তেজিত অবস্থায় ডাং ওয়েষ্ট ১৫—৩০ মিনিম মাত্রায় দিবসে ৩।৪ বার ব্যবহার করিয়া রাত্রিতে ⅙—¼ গ্রেণ মাত্রায় মর্ফিয়া প্রয়োগ করিতে বলেন।

গণরিয়া রোগের একিউট্ অবস্থা বিগত হইলে ১৫—২০ মিনিম মাত্রায় ব্যবহার মন্দনয়।

ব্রাইট্‌স্ ডিজিজে বিশেষতঃ তৎসহ এনিমিয়ার লক্ষণ বর্ত্তমান থাকিলে

১৫—৩০ মিনিম মাত্রায় ২। ৩ বার ব্যবহার করা যায়। ডাং রবার্টস্ বলেন এরূপাবস্থায় শরীরকে লৌহদ্বারা ব্যাপৃত রাখা কর্ত্তব্য। অনেকে বলেন টিংচার ফেরির সহিত ১০ গ্রেণ পরিমাণ ক্লোরাইড্ অব্ এমোনিয়া মিশ্রিত করিলে আরও উপকার দর্শে। মিঃ ডাট্, কাইলাস্ ইউবিণ রোগে ১৫ মিনিম মাত্রায় ইন্‌ফিঃ কোয়াসিয়া সহ ব্যবহার করিয়া বহুল উপকার প্রাপ্ত হইয়াছেন। ডাং জন্‌শন্ বলেন টিংষ্টিল্ ও সিরপ্ অব্ ফস্ফেট্ ১ ড্রাম মিশ্রিত করিয়া ব্রাইটস্ ডিজিজে ব্যবহার করা যায়। বেরিবেরি নামক শোথ রোগেও ইহার ব্যবহার উপকার জনক।

থাইসিস রোগে অনেকে ইহার প্রশংসা করেন। ইহা দ্বারা ক্ষুধা বৃদ্ধি হয়, পরিপাক শক্তি বৃদ্ধি হয়, ইন্টেষ্টাইনের মাসকিউলার কোটের উপর কার্য্য প্রকাশ করিয়া তাহার শক্তি বৃদ্ধি করে, সুতরাং কোষ্ঠ কাঠিন্য দূরীভূত হয়। এতদ সহযোগে কড্‌লিভার অয়েল ব্যবহার করা কর্ত্তব্য। হিমপ্‌টিসিস্, ক্রণিক ব্রংকাইটিস্ জন্য এম্ফিসিমা উৎপন্ন হইলে টিংষ্টিল সহ ক্লোরাইড্ অব্ এমোনিয়া ব্যবহার করিলে বিস্তর উপকার দর্শে।

এরিসিপেলাস্ রোগে এডিন্‌বর্গ নিবাসী ডাং জি, এইচ্, বেল্ ১৮৫১ খৃঃ অব্দে প্রথমতঃ ইহার ব্যবহার প্রচলিত করেন এবং তৎপর হইতে টিংষ্টিল দ্বারা এ রোগের আরোও উপকার উপলব্ধি হইতেছে। এমন কি ইদানীন্তন চিকিৎসকদিগের মতে টিং ষ্টিল, এরিসিপেলাস্ রোগের অমোঘ ঔষধ বলিয়া নির্দ্ধারিত হইয়াছে, সুতরাং এরোগে ইহা স্পেসিফিক্ মেডিসিন্। ডাং রাসেল্‌স্, রিনল্ড্ ইহার অত্যন্ত প্রশংসা করেন এবং নিম্ন লিখিত ব্যবস্থা দেন যথা—

℞

Tinct. Steel. *m* 60

Spt chlroform *m*, 60

Aq. ad ℥ i s s

m.

To be taken every four hours.

ডাং লেনিহাম্ বলেন প্রদাহিত স্থানে ইহার স্থানিক প্রয়োগ করিবে এবং

একটুকু অধিক মাত্রায় আভ্যন্তরিক ব্যবহার করিতে থাকিবে। ডাঃ চার্লস্ বেল্ ইহার অপরিসীম প্রশংসা করেন এবং এ রোগে অব্যর্থ বলিয়া বর্ণনা করেন। ইন্‌ফেন্টাইল্ এরিসিপেলাস্, পিউয়ার্ পারেল্ ফিবার্, এরিথিমা ইত্যাদি নানাবিধ অবস্থায় ব্যবহার করা যায়।

স্কার্লেট্ ফিবারের আনুসাঙ্গিক হিমেটিউরিয়া, এল্‌বিউমিনোরিয়া, বর্ত্তমান থাকিলে টিংচার ষ্টিলের ন্যায় উপকরী আর অধিক নাই। ইহার ব্যবহার করিয়া তৎপর আহারের সুনিয়ম নিতান্ত দরকার। যদ্যপি টিং ষ্টিল্ দ্বারা উপকার না হয় তাহা হইলে গ্যালিক এসিড ৫—১৫ গ্রেণ্ মাত্রায় বয়স বিবেচনা করিয়া ব্যবহার করিবে।

ডাঃ ওয়াটার্স্ বলেন হৃদ পিণ্ডের কোন কোন পীড়ায় অত্যন্ত সমাদরের সহিত ব্যবহৃত হয়। ফেটিডিজনারেশন্ অব্ দি হার্ট, ক্রণিক ভাল্ বিউলার্ ডিজিজেজ্ অব্ দি হার্ট্, পাল্ পিটেশন্ অব্ দি হার্ট ইত্যাদি নানাবিধ অবস্থায় ডিজিটেলিস্ সহ ব্যবহার করা যাইতে পারে। হার্ট ডিজিজ্ সহযোগে ড্রপ্সি বর্ত্তমান থাকিলে ডিজিটেলিস, নতুবা একক প্রয়োগ করা যায়।

ডাঃ ব্রান্টন্ বলেন ডায়েবিটিস সহ যদ্যপি এনিমিয়ার লক্ষণ বর্ত্তমান থাকে তবে ১৫ মিনিম টিং ষ্টিল সহ $\frac{1}{12}$ গ্রেণ মর্ফিয়া মিলাইয়া ব্যবহার করিবে এবং ক্রমে যদ্যপি টিংক্চেরি সহ্য না হয়, তবে ডাইলাইজ্‌ড্ আয়রণ ব্যবহার কর্ত্তব্য।

ডাঃ এনিষ্টি বলেন, হাইড্রথোরাক্স্ পীড়ায় ২০ মিনিম মাত্রায় টিং ষ্টীল্ দিবসে ৪। ৫ বার বিধান করিবে এবং মধ্যে মধ্যে অন্ত্র পরিস্কার করিয়া লওয়া কর্ত্তব্য।

হিষ্টিরিয়া সহযোগে এনিমিয়া বর্ত্তমান থাকিলে টিং ষ্টিল এবং স্প্রীট্ এমোন্ ফেটিড্ মিশ্রিত করিয়া ব্যবহার করিলে বিস্তর উপকার দর্শে। কিন্তু এতদ্‌সহ আহারের সুনিয়ম, বায়ু পরিবর্ত্তন, ও সামান্য পরিমাণে শারীরিক পরিশ্রম বিধেয়।

একিউট রিউমেটিজম্ রোগে ডাঃ রাসেল্‌স্ প্রভৃতি বহুবিধ ব্যক্তি ৩০ মিনিম্ মাত্রায় টিং ষ্টিল্ প্রত্যেক ৬ ঘণ্টান্তর ব্যবহার করিতে অনুমতি দেন।

১৮৫৮ খৃঃ অব্দে বার্মিংহাম্ নগরস্থ একটী প্রসিদ্ধ ডাক্তার প্রথমতঃ ডিপ্থিরিয়া রোগে ব্যবহার প্রচলিত করেন এবং তৎপর অনেকেই ইহার প্র-

শংসা করিয়াছেন। তাঁহাদের মতে পূর্ণ মাত্রায় আভ্যন্তরিক ব্যবহার করিয়া এবং জিহ্বার অবস্থা রক্তিত, ও গলার অবস্থা কথকটা প্রকৃতিস্থ হওয়া পর্য্যন্ত ইহাব্যবহার করিতে থাকিবে। বাহ্য প্রয়োগার্থ সমপরিমাণে গ্লিসরীন্ সহ মিলাইয়া রোগ্ স্থানে লাগাইবে।

পিউয়াল পারেল হেমোরেজ নিবারণ জন্য টিং ষ্টিল ব্যবহার করা যায়। কেহ কেহ বলেন ২৪ অথবা ৪৮ ঘণ্টার মধ্যে অবস্থা পরিবর্ত্তন হইবে এবং ক্রমে ব্যবহার করিলে দুর্ব্বলতা ও নিবারণ করিবে।

সার্ ই, উইল্‌শন্, ফেবাস্ রোগে টিংষ্টিল আভ্যন্তরিক ব্যবহার করিতে বলেন এবং রোগী যদ্যপি স্ক্রফিউলা গ্রস্থ হয়, তবে কড্‌লিভার অয়েল মিশ্রিত করিবে।

Epistaxis ইপিষ্টাক্‌সিস্ রোগে ½–২ ড্রাম টিং ষ্টিল্ একোয়া ৩ আং মিলাইয়া নাসিকার ভিতর পিচকারী প্রয়োগ করিলে ব্লিডিং বা রক্তস্রাব রোধ হইবে।

জলৌকা দংশিত স্থান ও দন্তোৎপাটনের পর রক্তস্রাব রোধ জন্য শুধু টিং-ষ্টিল তুলাতে শিক্ত করিয়া উক্ত স্থানে চাপিয়া ধরিলেই রক্ত স্রাব নিশ্চয় রোধ হইবার সম্ভাবনা। ইহাই ষ্টিপ্‌টিক্ ক্রিয়া।

হেমোরয়ডেল্ টিউমার মধ্যে ২০ মিনিম টিং ষ্টিল ইন্‌জেক্ট্ করিলে অত্যন্ত উপকার দর্শে।

ভিনিরিয়েল ওয়াট্‌স্ অথবা স্পন্‌জি গ্রেনিউলেশন্ থাকিলে সুন্দর দাহকের কার্য্য করিবে। ক্ষতস্থান হইতে অত্যন্ত ডিস্চার্জ্ হইলে, খর্ব্বকরণ জন্য জল মিশ্র টিংচার অথবা অমিশ্র অবস্থায় ক্ষতস্থানে লাগান যায়।

রেক্টম্ বা সরলান্ত্র হইতে থ্রেড্ ওয়ার্ম্ নির্গত করণ জন্য টিং ষ্টিল ½ আং একোয়া ১০ আং মিলাইয়া এনিমা প্রয়োগ করিবে। ইহার উপকারীতা অনেকেই স্বীকার করেন।

Liquor Ferri dialysatus. Solution of dialysed Iron.

লাইকর্ ফেরিডাইলিসেটাস্। সলুশন্ অব্ ডাইলাইজড্ আয়রণ।

মাত্রা—১০–৩০ মিনিম্।

ক্রিয়া। লৌহ ঘটিত যত প্রকার ঔষধ আছে তন্মধ্যে ইহার ক্রিয়া অতি মৃদু ও নির্দ্দোষিত অবস্থায় শরীরে প্রকাশ পায় অথচ সত্বর ইহা দ্বারা রেড্ কার্পাস্কোল বৃদ্ধি করিতে থাকে।

ইহা একক, জলের সহিত ব্যবহৃত হয় সুতরাং অন্যান্য ঔষধের সহিত মিশ্রিত করিয়া প্রয়োজন নাই। আর্সেনিক দ্বারা বিষাক্ত হইলে, উহার বিষ নষ্ট করণ জন্য ডায়েলাইজড্ আয়রণ অতি উৎকৃষ্ট ঔষধ। ইহার ব্যবহারে অন্যান্য লৌহ ঘটিত ঔষধের ন্যায় কোষ্ঠ কাঠিন্য প্রকাশ পায় না। ডাং উড্বলেন আর্সেনিক্ দ্বারা বিষাক্ত হইলে একটি স্পুন্ ফুল্ অব্ ডায়েলাইজড্ আয়রণ ব্যবহার করিয়া তৎপর ক্রমে ব্যবহার করিতে থাকিবে। কেহ কেহ বলেন ১০—২০ মিনিম্ মাত্রায় বারম্বার ব্যবহার মন্দ নয়। গ্যাষ্ট্রিক্ আল্সার, ও পার্ণেসিয়াস্ এনিমিয়া রোগে ইহা হাইপোডার্মিকেলি ব্যবহার করিতে পারা যায়।

আময়িক প্রয়োগ। নিরক্তাবস্থায় যখন লৌহ ব্যবহার নিতান্ত কর্ত্তব্য হয় তখন ইহার ব্যবহারে অতি সন্তোষ জনক উপকার লাভ করা যায়।

Ferri Pernitratis Liquor.	Solution of the Pernitrate of Iron.
ফেরিপারনাইট্রেটিস্ লাইকর্।	সলুশন্ অব্ দিপার্ নাইট্রেট্ অব্ আয়রণ।

মাত্রা। ১০—৪০ মিনিম্।

ক্রিয়া। ১০—৬০ মিনিম্ মাত্রায় জলের সহিত ব্যবহার করিলে এস্ট্রিন্জেণ্ট্ ও টনিক্ ক্রিয়া প্রকাশ করে।

জলের সহিত মিশ্রিত করিয়া এনিমা অথবা ইন্জেকশন্ জন্য ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ। ক্রনিক্ ডিসেণ্ট্রি রোগে ডাং মেক্লিন্ ইহাকে অত্যন্ত উপকারী মনে করেন। উষ্ণ দেশ হইতে প্রত্যাবর্ত্তন কারীদের এই পীড়া উৎপন্ন হইলে, রক্তপতন জন্য এনিমিয়া বা মেলেরিয়া জনিত দুর্ব্বলতা উৎপন্ন হইলে ইহার ব্যবহার মন্দ নয়। প্রয়োজনানুসারে সাইট্রেট্ অব্ আয়রণ এবং কুইনাইন্ মিশ্রিত করা যায় অথবা ইহার পরিবর্ত্তে ব্যবহৃত হয়। ছেলেদের ডায়েরিয়া রোগে অল্পমাত্রায় ব্যবহার করা যায় অথবা ১০—১২ মিনিম্ জলের সহিত এনিমারূপে প্রয়োগ করা যায়।

½—১ ড্রাম মাত্রায় নানাস্থানের রক্ত স্রাবের পর দুর্ব্বলতা উৎপন্ন হইলে ইহার ব্যবহার অত্যন্ত উপকারী। বিশেষতঃ হিমপ্টিসিস্, হিমেটেমেসিস্, হিমেটিউরিয়া, এমিনোরিয়া ইত্যাদি নানাবিধস্থানের রক্ত স্রাবে ব্যবহার্য্য।

ক্রণিক্ ব্রংকাইটিস্, ডায়েরিয়া, থাইসিস্, গ্লিট, মেনোরেজিয়া, লিউকোরিয়া, ইত্যাদি রোগে আঁদবের সহিত ব্যবহৃত হয়। যে সমস্ত রোগের সহিত দুর্ব্বলতা বর্ত্তমান থাকে প্রায় সেই রোগেই প্রয়োজ্য।

Ferri Sulphas. — Sulphate of Iron.

ফেরিসাল্ফাস্। — সাল্ফেইট্ অব্ আয়রণ।

মাত্রা।—১ ৫ গ্রেণ।

প্রয়োগরূপ।

১। ফেরিসাল্ফাস্ এক্সিকেটা। ½—৩ গ্রেণ্।

২। ফেরিসাল্ফাস্ গ্রানুলেটা। ১—৫ গ্রেণ্।

ক্রিয়া।—হিমেটিন্-টনিক, এমিনেগগ, ফেব্রিফিউজ্ ডিউডোরাইজ্ ভার্মি ফিউজ। বাহ্য প্রয়োগে এস্ট্রিণজেণ্ট্। লৌহ ঘটিত অপরাপর ঔষধ অপেক্ষা ইহার শক্তি অত্যন্ত প্রবল ও অত্যন্ত উপকারী। সামান্য কয়েক ডোজ আভ্যন্তরিক প্রয়োগ করিলেই ইহা শরীরে আচোষিত হইয়া রক্ত ও প্রস্রাবে প্রকাশ পায় এবং মলের বর্ণ কাল করিয়া ফেলে। কিন্তু অত্যধিক মাত্রায় প্রদাহিক বিষ ক্রিয়া করে।

ইহার ডিস্ইন্ ফেক্টেণ্ট্ বা পচন নিবারণ শক্তি প্রচুর পরিমাণে আছে। ডাং উড্ বলেন ইহার পঁচন নিবারণ শক্তি এত প্রবল যে অনতি বিলম্বেই ক্ষতের অবস্থা সংশোধিত করিয়া থাকে। ২ দিনের জন্য ২ পাউণ্ড্ হিরাকস, একটী পাঁয় খানার দুর্গন্ধ নিবারণ করিতে পারে।

অনেকানের বিষের ক্রিয়া নষ্ট করিতে ইহা ব্যবহার হয়। বাহ্য প্রয়োগার্থ ১—৫—১০ গ্রেণ, জল ১ আং মিশ্রিত করিয়া প্রয়োগ করা যায়। ইহার আভ্যন্তরিক প্রয়োগে উত্তেজনা প্রকাশ পাইলে, হেন্বেন্ কি কোনায়ম্ সহ ব্যবহার করা যায়।

আময়িক প্রয়োগ। এনিমিয়া বা নিরক্তা বস্থায়, ইহা অতি শ্রেষ্ট রক্তজনক।

পিল্ আকারে এক্‌ষ্ট্রাক্ট জেল্সিয়েল্ বা কোনায়ম্, কম্পৌণ্ড্ রিয়াই পিল বা এলোজ পিল্ সহ ব্যবহার্য্য। মিক্‌চার রূপে প্রয়োগ করিতে হইলে অল্প পরিমাণে সল্‌ফিউরিক এসিড্ মিশ্রিত করিবে, এবং ইহার সংযোগ দ্বারা ক্রিয়া বৃদ্ধি হয়, কেহ কেহ এক্‌ষ্ট্রাক্টইহস্ সহ পিল্ আকারে প্রয়োগ করিতে বলেন।

ক্লোরোসিস্ রোগে সল্‌ফেট্ অব্ আয়রণ সহ এলোজ মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে বিস্তর উপকার করে। এমিনোরিয়া ও ক্লোরোসিস্ রোগে ডাং ওয়েষ্ট্ ইহার প্রতি বিস্তর অনুরাগ প্রকাশ করেন।

ইউটাইন্ ক্যান্সার্ রোগে ইহার বাহ্য প্রয়োগ মন্দনয়। অল্প সময় মধ্যে দুর্গন্ধ, পূয়ক্ষরণ ও আয়তন খর্ব্ব হইবে। ১—১১ ড্রাম্ জল ২০আং। প্রয়োজন মত ইহার সহিত ২।৩ ড্রাম এক্‌ষ্ট্রাক্ট কোনিয়াই মিলাইলে আরও উপকার হয়।

পাইলস্ রোগে রক্তপতন নিবারণার্থ যদ্যপি চারিদিকে ইন্‌ফ্লামেশনের লক্ষণ না থাকে তাহা হইলে (২গ্রেণ্ জল ১আং) ইহার ব্যবহার মন্দনয়। প্রলাপ্ সেস্ রেক্‌টাই রোগে, রেক্‌টম্‌কে যথাস্থানে স্থাপিত করিয়া ইহার ইন্‌জেক্‌শন্ সপ্তাহ কাল প্রয়োগ করিলে অত্যন্ত উপকার দর্শে। প্রত্যহ ব্যবহার করা কর্ত্তব্য।

এন্‌লার্জমেণ্ট্ অব্ দি স্পীন্ রোগে সাল্‌ফেট্ অব্ আয়রণ্ আমাদের বিশেষ অবলম্বন। নিম্নলিখিত ব্যবস্থা মন্দনয়।

R.

Ferri sulph gr. xii
Mag sulph. ℥ iii
Tinct ginger ʒ iV
Acid sulph. Dil. ʒ ii
Quina sulph. ʒ i
Aqau—ad ℥ x ii

mix, Put 12 marks, one mark for a dose one dose to be taken 2 times a day.

ক্রনিক, স্পীনাইটিস্, হাই পার্ট্রফি অব্ দি স্পীন্ রোগে নিম্নলিখিত ব্যবস্থা উপকারী।

R.

Pulv. Jalapæ.

" Rhei.

" calumbæ

Potas Bitart, aa ℥ 1

Ferri sulph. gr xxx

m. ft. Pulv. Dose, sufficient to open the bowels three or four times daily

ইন্টার মিটেণ্ট্ ফিবারে পর্য্যায় নিবারণার্থ ইহার শক্তি অত্যন্ত চমৎকার। মার্শ্মার অনেকানেক মেলেরিয়া গ্রস্থ রোগী কোয়াশিযার সহিত ৮—১০ গ্রেণ পরিমাণে সাল্‌ফেট্ অব্ আয়রণ ব্যবহার করিয়া বিস্তর উপকারলাভ করিয়াছে; অথবা একষ্ট্রাক্ট্ হাইসায়ে মাস্‌সহ মিলাইয়া পিল্ আকারে ব্যবহার্য্য।

ইন্টার মিটেণ্ট্ হেমিক্রেনিয়া কি অন্যান্য প্রকার নিউরাল জিয়া রোগে ব্যবহার করাযায়।

ক্যান্সার্ ও ভিনিরিয়েল্ আল্ সারেশনে ইহার ফাইন্ পাউডার ক্ষতপ্রদেশে ব্যবহার করিলে উপদংশীক বিষনষ্ট হইবে এবং শিঘ্র আরোগ্যোন্মুখ হইবে।

এরিসিপেলাস্ রোগে (ʒi, Aq. O 1) বাহ্যপ্রয়োগ দ্বারা বহুতর রোগী আরোগ্য লাভ করিয়াছে।

ক্রনিক হুপিংকফ রোগে ও কেহ কেহ ব্যবহার করিতে অনুমতি দেন।

Ferri carbonas saccharata.	Saccharated Carbonate of Iron

ফেরি কার্ব্বনাস্ স্যাকারেটা। স্যাকারেটেড্ কার্ব্বনেট্ অব্ আয়রণ।

মাত্রা। ৫—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ।

১। পিল্ অব্ কার্ব্বনেট্ অব্ আয়রণ। মাত্রা ৫—২০ গ্রেণ্।

২। কম্পৌণ্ড্ মিক্‌চার্ অব্ আয়রণ। মাত্রা ১—২ আং।

।ক্রিয়াও ব্যবহার। টণিক্, এস্‌ট্রিন্‌জেণ্ট্। অন্যান্য ক্রিয়া ও ব্যবহার পের্‌ক্সাইড্ অব্ আয়রণের অনুরূপ। স্নায়বীয় বলকারক জন্য নিম্নলিখিত পিল্ মন্দ নয়—ফেরি কার্ব্বনাস্ সেকারেটা ২ গ্রেণ্, একষ্ট্রাক্ট্ নাক্স্ ভমিকা ½ গ্রেণ্, একষ্ট্রাক্ট্ জেন্সেন্ ২ গ্রেণ দ্বারা একটী পীল্ প্রস্তুত করিয়া দিবসে ২। ৩ বার ব্যবহার করা যায়।

কম্পৌণ্ড্ মিক্‌চার্ অব্ আয়রণ দ্বারা বিস্তর উপকার হয়। শরীরের কোন স্থান হইতে অত্যন্ত পূয নির্গত হওন জন্য অনেকানেক রোগী ক্রমে নিতান্ত শীর্ণ ও নিস্তেজ হইয়া পড়ে এবং তৎসঙ্গে অনেক সময় জ্বরভাব ও বর্ত্তমান থাকে উহাকেই হেক্‌টীক ফিবার কহে। হেকটীক্ অবস্থায় এই মিক্‌চারটী ব্যবহার হয় বলিয়া ইহাকে এণ্টিহেক্‌টীক্ মিক্‌চার্ বা গ্রিফিউথ্‌স্ মিক্‌চার কহে।

Ferrum Tartaratum. Tartarated Iron.

ফেরম্ টার্টারেটম্। টার্টারেটেড্ আয়রণ্।

মাত্রা—৫—১০ গ্রেণ্।

ক্রিয়া। হিমেটিন্ টণিক্, ডাইউরেটিক্, এম্মেন্‌মেণ্টিক্। কিছু অধিক মাত্রায় কৃমিনাশ করে। ইহা সেবনে বেশ সুখদ অথচ মৃদুতা নিবন্ধন বালক ও স্ত্রীলোকদের পক্ষে বেশ ব্যবহার্য্য। এল্‌কেলাইন্ সহ ব্যবহার করিবে।

আময়িক প্রয়োগ। অনেকানেক বিজ্ঞ চিকিৎসক ড্রপ্‌সি ও এনার্সাকা রোগে ইহার ব্যবহারে অভিমতদেন। বলকার ও মূত্রকারক হইয়া উপকার করে।

ক্রণিক ডায়েরিয়া সহ এনিমিয়া বর্ত্তমানে ফেরি টার্টারেটা ৫—১০ গ্রেণ্ টিং ওপিয়াই ১০—২০ মিনিম্, একোয়া সিনেমন্ ১০ ড্রাম। দিবসে ৩বার ব্যবহার্য্য।

সিফিলিটিক্ ও মেলেরিয়েল্ ক্যাকেক্‌শিয়া রোগে একক অথবা পটাসি আইওডাইড্ সহ বিস্তর উপকারী। ইণ্ডোলেণ্ট্ সিফিলিটিক আল্‌সারে ১০—৩০ গ্রেণ্, জল ১ আং মিলাইয়া বাহ্য প্রয়োগ করা যায়। ফেজেডেনিক-ক্ষতে বাহ্যিক ও আভ্যন্তরিক উভয় বিধ রূপেই অত্যন্ত আদরের সহিত ব্যবহার করা যায়।

Ferri vinum. Wine of Iron or steel wine.

ফেরি ভাইনম্। ওয়াইন্ অব্ আয়রণ্ বা ষ্টিল্ ওয়াইন্।

মাত্রা। ১—৪ ড্রাম্।

ক্রিয়া। হিমেটিন্ টনিক্। ইহার ক্রিয়া অত্যন্ত মৃদু বিধায় বালকদিগের পক্ষে বিশেষ উপযোগী। যে সমস্ত রোগী অপরাপর লৌহ ঘটিত ঔষধ সহ্য করিতে অপারগ হয় তাহাদের পক্ষে অত্যন্ত উপকারী।

আময়িক প্রয়োগ। যুবতী স্ত্রীলোক দিগের ক্লোরোসিস্ ও এমিনোরিয়া রোগে ইহার ব্যবহার অত্যন্ত ফলপ্রদ এবং পিল এলোজ এট্ মার্ ও মধ্যে মধ্যে ব্যবহার্য্য। এটনিক্ ডিস্ মেনোরিয়া রোগে ইহা ব্যবহার্য্য।

অল্প বয়স্ক লোক দিগের থাইসিস্ রোগে ষ্টিল্ ওয়াইন দ্বারা যথেষ্ট উপকার হয়। আহারের অব্যবহিত পরেই প্রয়োজ্য।

Rickets রিকেট্স্ রোগে সার ডাব্লিউ জেনার্ নিম্নলিখিত ব্যবস্থার প্রতি অত্যন্ত সন্তুষ্টি প্রকাশ করেন।

R,

Vin Ferri d s—dr ii

Quina Sulph gr i

Acid Sulph dil. *m* i—ii

Aqua ad ℥ i

M one dose twice daily.

ডাং এইট্ কিন্ বলেন যখন চর্ম্ম প্রদেশ ঘর্ম্ম দ্বারা আবৃত থাকিবে এবং এনিমিয়া যথেষ্ট থাকে তদবস্থায় ইহা চমৎকার ঔষধ।

এক্জিমা সহ এনিমিয়া বর্ত্তমানে, ডাং মিল্টন্ ইহার প্রতি অনুরাগ প্রকাশ করেন।

Eerri Et Ammoni Citras. Citrate of Iron and Ammonia.

ফেরি এট্ এমোনি সাইট্রাস্। সাইট্রেট্ অব্ আয়রণ্ এণ্ড্ এমোনিয়া।

মাত্রা। ৫—১০ গ্রেণ্।

প্রয়োগ রূপ।

১। ওয়াইন্ অব্ সাইট্রেট্ অব্ আয়রণ্ এণ্ড্ এমোনিয়া।

মাত্রা ১—৪ ড্রাম্।

ক্রিয়া। টিমেটিনিকটনিক্। ৫—১০ গ্রেণ মাত্রায় প্রায় সর্ব্বদা ব্যবহার্য্য। ইহার ক্রিয়ার মৃদুতা নিবন্ধন বালক ও যাহারা লৌহঘটিত অপরাপর, উগ্র ঔষধ পাকাশয়ে সহ্য করিতে না পারে, তাহাদের পক্ষে বিশেষ উপকারী। কোন কোন সময় ইহা দ্বারা সামান্য পরিমাণে কোষ্ঠ কাঠিন্য উদ্ভব হইতে পারে। ইহার ব্যবহারে পাকাশয়ে কোনপ্রকার উত্তেজনা উদ্ভব হইবার সম্ভাবনা নাই।

আময়িক প্রয়োগ। নানা বিধ পীড়ার পর দুর্ব্বলতা উদ্ভব হইলে কি রক্তাল্পতা বর্ত্তমানে ইন্ ফিউশন্ অব্ কলম্বার সহিত অত্যন্ত উপকারক।

টেবিস্ মেসিণ্টিকা রোগে, ও গণ্ডমালা পীড়ায় বালক দিগের জন্য ২। ৩ গ্রেণ্ মাত্রায় দিবসে ২। ৩ বার বিধান করা যায়।

গণ্ডমালা গ্রস্ত লোকদের ডিস্ পেপ্সিয়া পীড়ায় অথবা ষ্টমাকের অল্সার বর্ত্তমানে অত্যন্ত দুর্ব্বলতা উৎপন্ন হইলে ইহার ব্যবহার ফলপ্রদ।

ইউট্রাইন ক্যান্সার রোগে ৫ গ্রেণ্ মাত্রায় দিবসে ৩ বার বিধান করা যায়।

—•—

Ferri et Quininæ Citras. Citrate of Iron and Quinine.

ফেরি এট্ কুইনি সাইট্রাস্। সাইট্রেট্ অব্ আয়রণ এণ্ড কুইনাইন্।

মাত্রা—৫—১০ গ্রেণ্।

ক্রিয়া। বালক ও শিশু দিগের পক্ষে বিস্তর ব্যবহার্য্য। লৌহ ও কুইনাইনের উভয় বিধ ক্রিয়াই ইহাতে বর্ত্তে। স্ত্রীলোক দিগের পক্ষেও বিশেষ উপকারী।

আময়িক প্রয়োগ। ক্লোরোসিস্ পীড়াগ্রস্ত স্ত্রীলোক দের জন্য সর্ব্বদা প্রয়োজ্য। এবং মেলেরিয়াস ফিবারের পর লৌহ ঘটিত ঔষধ ব্যবহার করিতে হইলে ইহাকেই শ্রেষ্ঠমনে করা যায় এবং ইন্ঃ কলম্বা কি কোয়াশিয়ার সহিত ব্যবহার্য্য।

—•—

Ferri Phosphas. Phosphate of Iron.

ফেরি ফস্ফাস্। ফস্ফেট্ অব্ আয়রণ।

মাত্রা—৩—১০ গ্রেণ্।

প্রয়োগরূপ।

১। কম্পোণ্ড্ সিরপ্স্ অব্ ফস্ফেট্ অব্ আয়রণ। মাত্রা—১ ড্রাম্।

অন্যনাম—Parrish's chemical food বা পেরিস্ কেমিকেল্ ফুড্।

ক্রিয়া। হিমেটিন্ টনিক্, অল্টারেটিব্। ইহার বাহ্য প্রয়োগ দ্বারা কোন প্রকার উত্তেজনা প্রকাশ হয় না।

আময়িক্ প্রয়োগ। এটনিক্ ডিস্পেপ্সিয়া রোগে যুবতী স্ত্রীলোক দিগের পক্ষে বিশেষতঃ নিরক্তাবস্থায় ইহার ন্যায় ঔষধ নাই। ১ ড্রাম মাত্রায় দিবসে ২।৩ বার পেরিস্ কেমিকেল্ ফুড্ বিধেয়। ইহা আহারের পর বিধান করিবে। ডিবিলিটি অথবা টেবিস্ মেসেণ্টি্রকা রোগে ইহা একক অথবা কড্লিভার্ অয়েলের সহিত বিধান করিলে অত্যন্ত উপকার হয়। ডাং চর্চ্চিল্ বলেন্ রিকেট্স্ রোগে ইহার ব্যবহার দ্বারা অস্থি কঠিন হইয়া উপকার করে।

ব্রাইট্স্ ডিজিজ্ ও ডায়েবিটিস্ রোগে অনেকানেক চিকিৎসক ইহার প্রশংসা করেন

Liquor Ferri acetatis fortior. Strong solution of acetate of Iron.

লাইকর্ ফেরি এসিটেটিস্ ফর্শিয়র্। ষ্ট্রং সলুশন্ অব্ আয়রণ্।

মাত্রা—১—৮ মিনিম্।

প্রয়োগরূপ।

১। টিংচার্ অব্ এসিটেট্ অব্ আয়রণ্। মাত্রা—১৫—৩০ মিনিম্।

২। সলুশন্ অব্ এসিটেট্ অব্ আয়রণ্। ৫—৩০ মিনিম্।

ক্রিয়া ও ব্যবহার। ব্যবহারার্থ ক্রিয়া অত্যন্ত মৃদু, রক্ত জনক ও বলকারক এবং সংকোচন শক্তি সামান্য পরিমাণ আছে। ডাং ওয়াটার্স্ বলেন্ এম্পিসিমা সহযোগে ব্রংকাইটিস বর্ত্তমান থাকিলে ইহার ব্যবহার অত্যন্ত উপকার জনক। উত্তেজক ক্রিয়া বশতঃ ইহা দ্বারা কফ নিঃসরণ বৃদ্ধি হয়।

ডাং মেডৌজ্ বলেন ক্যান্সার বশতঃ ইউট্রাইন্ হেমোরেজ দমনার্থে ইহার টিং-চার ½ ড্রাম্ মাত্রায় বিস্তর ব্যবহার্য্য।

Zinci Oxidum. Oxide of Zinc.

জিঙ্কাই অক্সাইডম্। অক্সাইড্ অব্ জিঙ্ক্।

মাত্রা। ২—৫ বা ১০ গ্রেণ পরিমাণে পীল্ আকারে অথবা পাউডার রূপে প্রয়োজ্য।

প্রয়োগরূপ।

১। অয়েণ্টমেণ্ট্ অব্ অক্সাইড্ অব্ জিঙ্ক্।

ক্রিয়া। টনিক্ ও এণ্টিস্পেজ্ মডিক্। অধিক মাত্রায় বমি ও কথন কথন ভেদ উৎপন্ন করে। ব্যবহার কালে বিশেষ সতর্কতার দরকার, শূন্যোদরে বিধান কর্ত্তব্য নয়। বাহ্য প্রয়োগে সঙ্কোচন ক্রিয়া প্রকাশ করে এবং মলম আকারে (অক্সাইড্ অব্ জিঙ্ক্ ৮০ গ্রেণ্ বেঞ্জোয়েটেড্ লার্ড ১ আং) প্রয়োজ্য। অথবা ১ ভাগে ৪ ভাগ গ্লীসরীণ মিশ্রিত করিয়া কিম্বা সূক্ষ্ম পাউডার রূপে ব্যবহার্য্য।

আময়িক প্রয়োগ। স্পেজ্ মডিক্ এজ্মা রোগে ২ গ্রেণ বা অধিক মাত্রায় দিবসে ২। ৩ বার বিধান করিলে উপকার হয়।

কোরিয়া রোগে ডাং বেডিংফিলড্ ও ডাং ক্রফোর্ড ইঁহার অত্যন্ত প্রশংসা করেন কিন্তু এতদপেক্ষা সাল্‌ফেট্ অব্ জিঙ্ক্ শ্রেষ্ঠ। এপিলেপ্‌সি রোগে অনেকে ইহা ব্যবহার করেন।

ছেলেদের কন্‌ভল্‌শন্ রোগে উপকারার্থে ব্যবহৃত হয়।

হুপিংকফ রোগে অক্সাইড্ অব্ জিঙ্ক দ্বারা উপকার হয়। ১-৩ গ্রেণ্ মাত্রায় একষ্ট্রাক্ট্ কেনিয়াই সহ বা সামান্য পরিমাণে একষ্ট্রাক্ট বেলাডোনা সহ অত্যন্ত উপকারী।

ক্রণিক এল্‌কহলিক্ ইণ্টক্‌জিকেশনে ২ গ্রেণ মাত্রায়, পাউডার রূপে আহারের পর ব্যবহার করিবা নিয়মিত মাত্রায় মদ্যপান করিতে ব্যবস্থা দিবে। এবং প্রত্যেক ৩ দিবসান্তর ২ গ্রেণ্ পরিমাণ মাত্রা বৃদ্ধি করা কর্ত্তব্য। ডিলিরিয়ম্ ট্রিমেন্স্ রোগে ও ব্যবহার্য্য। নার্ভাস্ ইরিটিবিলিটি এবং নার্ভাস্

ডিপ্রেশনে, অথবা অত্যধিকমানশিক পরিশ্রম বা অধ্যয়ণজনিত মনকষ্ট নিবা-রণার্থ, অকসাইড্ অব্ জিঙ্ক্ প্রয়োগ করিলে বলকারক ও অবসাদক উভয়বিধ উপকার করিয়া থাকে।

ইষ্টিরিয়া রোগে, ড্যাং ওযারিং বলেন ভেলিরিয়েনেট্ অব্ জিঙ্ক্ অপেক্ষা ইহা দ্বারা অধিক উপকার হয়।

গনরিয়া ও লিউকোরিয়া রোগে ইহার লোশন্ প্রস্তুত করিয়া ইঞ্জেকশন্ ব্যবহার করিলে বিস্তর উপকার করে (অক্সাইড্ অব্ জিঙ্ক ৪ ড্রাম্ একোয়া ২ পাইন্ট্)। গ্লিট্ অবস্থায় ও ইহা দ্বারা মিউকস মেম্ব্রেনের অবস্থাপরিবর্ত্তিত হয়। স্পার্মেটোরিয়া রোগেও ইহার সহিত ওপিয়ম্ ও কোনায়ম্ সহ ব্যবহার্য্য।

থাইসিস্ রোগের প্রাথমিক অবস্থায় ৫ - ১০ গ্রেণ্ মাত্রায় হেন্বেন বা কোনায়ম সহ ব্যবহার করিলে বিস্তর উপকার করে এবং অত্যধিক ঘর্ম্ম অথবা কলিকিউটিব্ ডায়েরিয়া নিবারণ করে।

ইণ্টার্ মিটেণ্ট্ ফিবারে, যখন সিঙ্কোনা কি অপরাপর ঔষধ ব্যর্থ হয়, তদবস্থায় ৩ – ৫ গ্রেণ্ মাত্রায়, উপকার সম্ভবে।

ক্রনিক্ ডায়েরিয়া ও ডিসেণ্ট্রি রোগে অপরাপর ঔষধ ব্যর্থ হইলে ৩ – ৫ গ্রেণ্ মাত্রায় ব্যবহার করিলে সঙ্কোচক ও বলকার হইয়া উপকারকরে।

ক্রনিক্ পিরুলেণ্ট্ গনোরিয়েল্ অপ্থাল্মিয়া, স্ক্রফিউলাস্ অপ্থাল্মিয়া এবং অপ্থাল্মিয়া টার্সাই রোগে ইহার মলম আইলিডে ব্যবহার করিলে বিস্তর উপকার হয়।

নানাবিধ অল্সারে ও নিপল্ ফাটিয়া গেলে ১ ভাগে ২ ভাগে পাল্ব্ একেশিয়া গম্ মিশ্রিত করতঃ অথবা বেড্সোর, কিম্বা এক্স্কোরিয়েশনে বা ছাল উঠিয়া গেলে ইহার মলম্ অতি আশ্চর্য্য উপকারী।

ক্রনিক্ কোরাইজা এবং ওজিনা রোগে কেমেল্ হেয়ার্ ব্রাস্ দ্বারা ইহার মলম্, নাশিকারন্ধ্রে প্রবেশ করাইলে উপকার হয়। এতদ্ব্যতীত আইও-ডিন, কুইনাইন, আয়রণ্, এবং কোষ্ঠ সরল জন্য রিয়াই, সোডা আভ্যন্তরিক ব্যবহার করিবে। মলমের পরিবর্ত্তে গ্লাইসরীন্ অব্ অক্সাইড্ অব্ জিঙ্ক্ মন্দ নয়।

নানাবিধ চর্ম্মরোগে ইহার মলম বিস্তর ব্যবহৃত হয়। এক্জিমা রোগে

ইহার স্থায় স্থানিক প্রয়োগ অতি বিরল। ইহারসহিত সামান্ত মাত্রায় ক্যাম্ফার মিশ্রিত করিলে আরও গুণ বৃদ্ধি হয়। প্রুরাইগো, একজিমা, ইরিথিমা, লাইকেন, সাইকোসিস, ইম্পিটাইগো, ক্রাষ্টালেক্‌টিয়া, লেপ্রা, সোরায়েসিস এবং টিকা দিবার পর ক্ষত হইলে ইহার মলম অত্যন্ত উপকারী।

Oleatum Zinci. — Oleate of Zinc.

ওলিয়েটাম্ জিঙ্কাই। — ওলিয়েট্ অব্ জিঙ্ক্।

ব্যবহার। হাইপারিড্রোসিস্, অস্মিড্রসিস্, ব্রমিস্ একসেসিভ্ সোয়েটিং বা অত্যধিক ঘর্ম্ম নিবারণার্থ ইহার পাউডার শরীরে মর্দ্দন করিবে।

ভেসিকিউলার একজিমা রোগে, যখন, চারিধারে ইনফ্লামেশনের চিহ্ন বর্ত্তমান থাকে, সামান্ত পরিমাণে চুলকায়, তদবস্থায় ইহার পাউডার স্থানিক প্রয়োগ করিবে।

শাটনিং অব্ দি ফেইস্ দ্বারা অনেকানেক স্ত্রীলোক অত্যন্ত কষ্টপায়, ইহার স্থানিক প্রয়োগ দ্বারা সম্পূর্ণ আরোগ্যলাভ করিবে।

Zinci Valerianas. — Valerianate of Zinc.

জিঙ্কাই ভেলিরিয়েনাস্। — ভেলিরিয়েনেইট অব্ জিঙ্ক্।

মাত্রা। ১—ক্রমে ৩ গ্রেণ্।

ক্রিয়া। নার্ভাইন্ টনিক্ ও এণ্টিস্পেজ্‌মডিক্ এবং এস্থাল্‌মেণ্টিক্। কন্ফেক্‌শন্ অব্ রোজেব সহিত পিল্ আকারে স্থন্দর ব্যবহার্য্য।

আময়িক প্রয়োগ। এপিলেপ্সি রোগে অনেকেই ইহার প্রশংসা করেন বটে কিন্তু উপকারীত্ব বিষয়ে এখন পর্য্যন্তও নির্দ্ধারণ হয় নাই। যখন রোগটী হিষ্টিরিয়ার স্থায় অবস্থা প্রাপ্ত হয়, তদবস্থায় বিস্তর উপকার হয়। ১ গ্রেণ হইতে মাত্রা আরম্ভ করিয়া ক্রমে পাকস্থলিতে সহ্য হওয়া পর্য্যন্ত মাত্রা বৃদ্ধি করিবে।

কোরিয়া রোগে ব্যবহৃত হয় বটে কিন্তু সাল্‌ফেট্ অব্ জিঙ্কের স্থায় তত উপকারী নয়। কন্‌ভল্‌শন্ অব্ চিল্‌ড্রেন্, হিকাপ্, হিষ্টিরিকেল কফ ইত্যাদি নানাবিধ স্নায়ুবীয় পীড়ায় ব্যবহার্য্য।

জরায়ুর স্নায়বীক পীড়ায় একষ্ট্রাক্ট্ হায়োসাইয়েমাস্, বা একষ্ট্রাক্ট্ বেলাডোনা সহ ১। গ্রেণ মাত্রায় ভেলিরিয়েনেট, দিবসে ২। ৩ বার বিধেয়। নানাবিধ নিউরাল্জিয়াতে ও দেওয়া যায়।

Sodii Valerianas, Valereanate of Soda.

সোডিভেলিরিয়েনাস্। ভেলিরিয়েনাট্ অব্ সোডা।

মাত্রা—১—৫ গ্রেণ্।

ইহার ক্রিয়া ও ব্যবহার অপরাপর ভেলিরিয়েনের ন্যায়।

Bismuthi Subnitras, Sub nitrate of Bismuth or white Bismuth.

বিস্মথাইসাব্ নাইট্রাস্। সাব্ নাইট্রেট্ অব্ বিস্মথ্। বা হোয়াইট্ বিস্মথ্।

মাত্রা। ৫—২০ গ্রেণ্।

প্রয়োগরূপ।

১। বিস্মথ্ লোজেঞ্জেস্। মাত্রা—১—৬ লোজিঞ্জ।

ক্রিয়া: সিডেটিব্, এষ্ট্রীন্জেণ্ট্, অল্টারেটিব্, নার্ভাইন্ টনিক্। ইহা আভ্যন্তরিক ব্যবহার করিলে, শরীরে আচোষিত হইয়া প্রস্রাব ও দুগ্ধে বহির্গত হয়। অধিক মাত্রায় বিষলক্ষণ প্রকাশকরে। ইহার অবসাদন ক্রিয়া পাকাশয়ের বিস্তৃত স্নায়ুর উপর প্রকাশ পায়। ২ ড্রাম পরিমাণে ব্যবহার দ্বারা একটী যুবকের প্রাণ বিনষ্ট হইতে পারে। ডাং ব্রিণ্টন্ বলেন অধিক মাত্রায় ব্যবহার করিলে দন্তমাঢিতে কালবর্ণ দাগ পড়িতে পারে। বাহ্য প্রয়োগে মৃদু ষ্টিমুলেণ্ট, মলম আকারে (২ ড্রামে লার্ড্ বা কোল্ড্ক্রিম্ ১ আং) ব্যবহার্য্য।

আময়িক প্রয়োগ। ষ্টমাকের নানাবিধ পীড়ায় ইহা অতীব ফলপ্রদ। ডাং ব্রিণ্টন্ বলেন, এটনিক ডিস্পেপ্শিয়া রোগে ইহার তুল্য উপকারী ঔষধ অতি বিরল। এবং তিনি ইহাও বলেন, বিস্মথ্ ব্যবহার দ্বারা বমনোদ্রেক, বমন, উদরের স্ফীতি বা বেদনা, তিরোহিত হইবে। ডাং উইলশন্ নির্দ্দেশ করেন সামান্য আকারের গ্যাষ্ট্রিক্ ইন্ফ্লামেশন এবং ছেলেদের গ্যাষ্ট্রিক ইন্টে-

টাইনেল্ ক্যাটার রোগে, ইহার তুল্য ঔষধ আর নাই ; এবং বালকদের জন্য ২—৫ গ্রেণ্ ও যুবক দিগের জন্য ১০—২০ গ্রেণ্ মাত্রায় ব্যবহার্য্য। যদ্যপি উক্ত পীড়াসহ ডায়েরিয়ার লক্ষণ বর্ত্তমান থাকে, তবে মর্ফিয়া বা লডেনমের সহিত অথবা প্রয়োজনানুসারে কার্ব্বনেট্ অব্ মেগ্নেশিয়া, হাই-ড্রোসিয়ানিক্ এসিড্ ডাইলিউট্ সহ প্রয়োজ্য। পাইরোসিস্ রোগে ডাং ফক্স বলেন, ওপিয়ম্ সহ মিশ্রিত করিয়া ব্যবহার করিলে প্রায় ব্যর্থ হয় না। কিন্তু পাল্ব্ কাইনো কম্পৌণ্ড্ সহ অধিক ফলপ্রদ। প্রফেসর্ গ্রেব্স্ বলেন, গ্যাষ্ট্রডিনিয়া রোগে ইহা অতি প্রধান ঔষধ। ষ্টমাকের আলসার বশতঃ নানাবিধ উপদ্রবে ১০—২০ গ্রেণ মাত্রায়, পাল্ব্ কাইনো সহ ব্যবহার্য্য। ষ্টমাকের নানাবিধ পীড়ায় বমন নিবারণার্থ বিস্মথ্ নাইট্রাস্ সহ, হাইড্রো-সিয়ানিক্ এসিড্ মিশাইয়া অত্যন্ত ফলপ্রদ কিন্তু ইউট্রাস্ বা জরায়ুর কোন কারণ বশতঃ সিম্পেথেটিক্ উত্তেজনা দ্বারা বমন উৎপন্ন হইলে, বিস্মথ্ দ্বারা ফল প্রাপ্তির আশা নাই। উপরোক্ত পীড়া সকলে, সাব্নাইট্রাসের পরি-বর্ত্তে, লাইকর বিস্মথ ও ব্যবহার করা যায়।

ডায়েরিয়া ও তৎসহ দুর্ব্বলতা এবং থাইসিস্ রোগে, ডাইরিয়া নিবারণার্থ ৫ গ্রেণ্ মাত্রায় দিবসে ৩। ৪ বার বিধান করিলে অত্যন্ত উপকার হইতে পারে।

সাধারণ ডায়েরিয়া রোগে

R.

Bismuth. sub. nit. gr. v
Pulv. Ipecac. gr. $\frac{1}{4}$
,, Creta, Aromet gr. x

Ft. powder, send 12 such one powder to be given as directed.

একিউট ও ক্রনিক ডিসেণ্টি রোগে ডোভার্স পাউডারের সহিত মিশ্রিত করিয়া বিস্তর ব্যবহৃত হয়।

R.

Bismuth sub. nit. gr. xxx
Dover's powder, gr xxx
Pulv, Acacia, gr. xxx

Divided into 6• powders *sign*—one powder to be taken every 4 or 6 hours.

যদ্যপি গ্রাইপিং পেইন্ ও টেনেস্মাস্ অধিক থাকে, তাহা হইলে ইহার এনিমা মলদ্বারে প্রয়োগ করিবে। বিস্মথ ½ ড্রাম, পাল্ব্ গাম্ একেশিয়া ½ ড্রাম শীতল জল ২ আং।

ডাং ক্লিলেণ্ড্ বলেন, প্রলাপ সেসবেকুটাই বা হেমোরয়েডস্ রোগে ২ ড্রাম পরিমাণে লাইকর্ বিস্মথ্ (১ ডেজার্ট্ স্পুনফুল্) মলদ্বারে প্রবেশ করাইলে উপকার হয়।

কোরাইজা (cold in the head) রোগে ইহার নস্য ব্যবহার করিলে উপকার হয়। বিস্মথ সাব্ নাইট্রাস্ ২ ড্রাম, পাল্ব্ একেশিয়া ২ ড্রাম, হাইড্রোক্লোরেট্ অব্ মর্কিয়া ২ গ্রেণ্ মিশাইয়া অল্প মাত্রায় নস্য করিবে।

নাসিকার ভিতর আল্সার্ বা নানাবিধ চর্ম্মরোগে ইহার স্থানিক প্রয়োগ মন্দ নয়। কিন্তু সামান্য পরিমাণে গ্লীসরীন ইহার সহিত মিশ্রিত করিলে আরও উপকার হয়। ক্রনিক্ গ্রাণুলার কঞ্জন্টিবাইটিস্ একজিমা, ক্রেকৃট্ নিপল্, ওষ্ঠ, হাতের তলা ফাঁটিয়া গেলে অথবা ফিসার্ অব্ দি এনাস্ রোগে ইহার সহিত্ গ্লীস্রীন মিশ্রিত করিয়া ব্যবহার্য্য।

গণরিয়া রোগে সিরোপাচ্ নির্গত হইলে, বিস্মথ্ ১ ড্রাম্, মিউসিলেজ্ ট্রেগেকাথ্ ৪ ড্রাম গ্লাইসরীণ ৪ ড্রাম, একোয়া ডিষ্টিলেটা ৮আং মিশ্রিত করিয়া একটী কাচ নির্ম্মিত পিচকারী দ্বারা মূত্রনালী মধ্যে ইঞ্জেকশন্ প্রয়োগ করিবে। ২।৩ দিবস ব্যবহার করিয়াই ক্ষান্ত রাখা কর্ত্তব্য।

Bismuthi Citras,	Citrate of Bismuth,
বিস্মথাই সাইট্রাস্।	সাইট্রেট অব্ বিস্মথ্।

মাত্রা।—২-৫ গ্রেণ।

ক্রিয়া। ইহার ক্রিয়া ও ব্যবহার ঠিক নাইট্রেট্ অব্ বিস্মথের ন্যায় কিন্তু বিশেষ এই যে, ইহা লাইকর এমোনিয়া-সংযোগে দ্রবীভূত হয়।

Bismuthi Carbonas, Carbonate of Bismuth,

বিস্‌মথাই কার্ব্বনাস্‌। কার্ব্বনেট্‌ অব্‌ বিস্‌মথ।

মাত্রা।—বালকদিগের জন্ত ১-৫ গ্রেণ মধুর সহিত।

যুবকদিগের প্রতি ৫—২০ গ্রেণ্‌ জলের সহিত।

অথবা লোজেঞ্জ্‌ আকারেও প্রয়োগ করা যায়।

ক্রিয়া। ইহা সাব্‌নাইট্রেটের পরিবর্ত্তে ব্যবহার করা যায়। ইহার বিশেষ সুবিধা এই যে সেবন করিলে গ্যাষ্ট্রিক্‌ জুসের সহিত মিলিত হইয়া দ্রুত ক্রিয়া প্রকাশ করে। পাকাশয়ে কোন প্রকার উত্তেজনা উদ্ভব করে না। সুতরাং অধিক দিন ব্যবহার করা যায়। ব্যবহারের প্রথম দিবসে ইহা দ্বারা সিডেটিব্‌ একশন্‌ প্রকাশ করে কিন্তু তৎপর টনিক হইয়া উপকার করিতে থাকে। আহারের পূর্ব্বে ব্যবস্থেয়।

আময়িক প্রয়োগ। আময়িক প্রয়োগ ঠিক সাব্‌নাইট্রেটের ন্যায় কিন্তু পাকাশয় ও পরিপাক যন্ত্রের অন্যান্য স্থানের নানাবিধ অবস্থায় ব্যবহার করা যায়। গ্যাষ্ট্রেল্‌জিয়া রোগে, পরিপাক সম্বন্ধে পরিবর্ত্তন, আহার্য্য বস্তু উদরে পচিয়া নানাবিধ উদ্গার বিশেষতঃ এসিড ইরাক্‌টেশন্‌ অথবা কোথাও ডায়েরিয়ার লক্ষণ বর্ত্তমান থাকিলে কার্ব্বনেট্‌ ব্যবহার্য্য। বালকদিগের দন্তোদ্গম সময়ে বমন, অথবা দুর্ব্বল ছেলেদের ডায়েরিয়া উৎপন্ন হইলে ইহা দ্বারা আরোগ্য হইবার সম্ভাবনা।

টাইফয়েড্‌ ফিবারের সহিত অন্ত্রের ক্যাটারেল্‌ ইন্‌ফ্লামেশন্‌ বর্ত্তমান থাকিলে সার্‌ ডাবলিউ জেনার, ২০ গ্রেণ মাত্রায় ৪ অথবা ৬ ঘণ্টান্তর ব্যবহার করিতে আদেশ করেন। যদ্যপি ক্যাটারেল্‌ লক্ষণ অত্যন্ত প্রবল থাকে, তবে ক্যাটিকিউর বা কাইনো মিশ্রিত করিবে, ইহাতেও যদি উপকার না হয় তবে ৩—৫ মিনিম মাত্রায় টিং ওপিয়ম্‌ সহ সেবন করাইবে। সেবনে অপারগ হইলে রোগীর আশা প্রায় করিবে না।

Pepsina, Pepsin,

পেপ্‌সিনা পেপ্‌সিন।

ব্যবহারার্থে ২ প্রকার পেপ্‌সিন ব্যবহৃত হয়। যথা পেপ্‌সিন পোর্সাই ও পেপ্‌সিন্‌ বোভাইন্টস্‌। পেপ্‌সিনা পোর্সায়াই সর্ব্বদা ব্যবহার্য্য।

মাত্রা।—২৫ গ্রেণ। আহারের সহিত প্রয়োজ্য। ডাং উড্ বলেন ৩০ গ্রেণ মাত্রাই ন্যূন বলিতে হইবে কিন্তু ১৫—২০ গ্রেণ প্রচলিত। শিশুরা কিছু অধিক সহ্য করিতে পারে। ১টী শিশু মেয়েকে ৫ গ্রেণ পরিমাণে সামান্য অম্ল সংযোগে প্রয়োগ করা হইয়াছিল।

ক্রিয়া। ভক্ষ্যবস্তু পরিপাকার্থে পাকাশয়ে গ্যাষ্ট্রিক্ জুস্ নামক একটী পদার্থ আছে। উক্ত গ্যাষ্ট্রিক্ জুসের উপাদান মধ্যে পেপ্সিন্ ও হাইড্রোক্লোরিক্ এসিডই প্রধান। পাকাশয়ে পেপ্সিনের অভাব হইলে আহার্য্য বস্তু কোন প্রকারেই পরিপাক হইতে পারে না। ইহার ক্রিয়া—টনিক, ষ্টমাকিক্ এবং এণ্টি সপটিক্। ইহার ব্যবহার দ্বারা আহার্য্য বস্তু সহজে দ্রবীভূত ও পরিপাক হয়। পাচক রসের (গ্যাষ্ট্রিক্জুসের) বীর্য্যকেই পেপ্সিন্ কহে। আমাদের আহার্য্য বস্তু মধ্যে যে গুলি তৈলাক্ত পদার্থ (ঘৃত, দুগ্ধ, মাখন, ইত্যাদি) তাহাদিগকে দ্রবীভূত করণার্থ পেপ্সিনের বিশেষ ক্ষমতা নাই, উহারা ক্ষুদ্রান্ত্রে যাইয়া পীত ও প্যান্ক্রিয়েটিক্ জুস্নামকপদার্থ এবং অপরাপর বস্তু দ্বারা দ্রবীভূত হয়। ভাত, রুটী, তরকারী, মৎস্য সাগু, এরারুট্ আদি সাধারণতঃ গ্যাষ্ট্রিক্জুস্ দ্বারা পাক পায়।

আময়িক প্রয়োগ। ইণ্টেষ্টাইনেল্ ক্যানেলের শক্তির ন্যূনতা নিবন্ধন পরিপাক কার্য্যের ব্যতীক্রমে ইহা দ্বারা মহান উপকার দর্শে।

ষ্টমাকের নানাবিধ আল্সারে পেপ্সিন অত্যন্ত সমাদরে ব্যবহৃত হয়। কেহ কেহ বলেন ঈষৎ উত্তপ্ত দুগ্ধের সহিত ব্যবহার করিবে।

গ্যাষ্ট্রিক্ জুস্ বা পাচক রসের অল্পতা বশতঃ ডিস্পেপ্শিয়া উৎপন্ন হইলে ব্যবহার কর্ত্তব্য। এটনিক্ ডিস্পেপ্শিয়া রোগে ডাং উইল্শন্ ইহার অত্যন্ত প্রশংসা করেন। এবং ডাইলিউট্ হাইড্রোক্লোরিক্ এসিডের সহিত মিশ্রিত করিয়া আহারের সময় প্রয়োজ্য; অথবা বিবেচনানুসারে বেদনা নিবারণ জন্য হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফিয়ার সহিত কিম্বা পেরিওষ্টাল্টিক্ মুভ্মেণ্টের উত্তেজনার্থ ষ্ট্রিক্নিয়ার সহিত, সাবনাইট্রেট্ অব্ বিস্মথ্ এবং ল্যাক্টেট্ অব্ আয়রণ বা আইওডাইড্ অব্ আয়রণ্ সহ ও ব্যবহৃত হয়।

গর্ভাবস্থায় দুর্দম্য বমন রোগে পেপ্সিন্ দ্বারা সময় সময় যথেষ্ট উপকার লাভ করা যায়। ডাং গ্রে এবং ডাং ওয়ারিংস্ বলেন, তাঁহাদের নিজের প্রেক্টিকে ও এ বিষয়ে অনেক শাক্ষ্য পাইয়াছেন।

ডাং গেরড্ তাঁহার নিজের পরীক্ষায় স্থির করিয়াছেন, একটী ৯০ বৎসরের বৃদ্ধকে কয়েক গ্রেণ্ পেপ্সিন্ ব্যবহার করিয়া অবিলম্বে আহার্য্য বস্তু বমন ও ষ্টমাকের দুর্ব্বলতা নিবারণ করিয়াছিলেন। পেপ্সিন্ আহার্য্য বস্তুর সহিত মিলাইয়া দেওয়া হইয়াছিল।

ডাং গেরড্ বলেন ষ্টমাকের নিয়মিত কার্য্যের ব্যতিক্রম বেশনঃ স্পেজ্‌মডিক্ এজ্‌মা রোগে সামান্ত পরিমাণ এসিডের সহিত পেপ্সিন্ মিশ্রিত করিয়া ব্যবহার করা যায় কিন্তু অপরাপর ঔষধ ব্যর্থ হইলে ইহা দ্বারা উপকার হইতে পারে।

ডাং ডেবিড্শন্ ও ডাং উড্ বলেন, ছেলেদের কি শিশুদের ডায়েরিয়া নিবারণ জন্য ভাইনম পেপ্সিন্ ১ ড্রাম মাত্রায় আহার্য্য বস্তু বা পানীয় দুগ্ধের সহিত মিলাইয়া ব্যবহাব কবিলে অত্যন্ত উপকাব দর্শে। ইহা দিবসে ২। ৩ বার ব্যবহাব কবা যায়।

Sodæ Hypophosphis,	Hypophosphite of Soda,
সোডি হাইপোফস্ফিস্	হাইপো ফাস্ফইড্ অব্ সোডা।
Potassæ Hypophosphis,	Hypophosphite of Potash,
পটাসি হাইপোফস্ফিস্।	হাইপো ফস্ফেইট্ অব্ পটাস্।
Calcis Hypophosphis,	Hypophosphite of Lime,
ক্যাল্সিস্ হাইপোফস্ফিস্।	হাইপো ফাস্ফেইট্ অব্ লাইম্।

মাত্রা ৩—১০ গ্রেণ্।

ক্রিয়া। বহুদিন হইতে ইহারা ঔষধার্থ ব্যবহৃত হইয়া আসিতেছে। ইহাদের ক্রিয়া স্নায়বীয় বলকাবক, পবিবর্ত্তক, ও সামান্য পবিমাণে উত্তেজক। ইহাদের দ্বারা কোন প্রকার অনিষ্টের সম্ভবনা নাই। সেবনে বিস্বাদ নিবন্ধন দুগ্ধের সহিত ব্যবহার করা যায়। কোন কোন সময় জেন্সিয়েন্ বা মর্ফিয়ার সহিত ও ব্যবহার কবা যায়।

আময়িক প্রয়োগ। থাইসিস্ রোগে অত্যন্ত যোগ্যতা সহ ব্যবহার্য্য। মিঃ চেইলার বিবেচনা করেন ইহা দ্বারা যক্ষা রোগের নানাবিধ উপদ্রব সাম্য হইয়া থাকে বিশেষতঃ রাত্রিতে ঘর্ম, অধিক শ্লেষ্মা নিস্রাব, এবং ক্ষুধা ও পরি-

পাক শক্তি বৃদ্ধি করে। ইহার ব্যবহারে উদরাময় প্রায় হয় না। কেহ কেহ বলেন রোগের প্রাথমিক অবস্থায় ইহা ব্যবস্থেয় কিন্তু কেহ কেহ তাহার বিপরীত মতাবলম্বী। ক্রণিক ব্রংকাইটীস রোগে ও ব্যবহৃত হয়।

অনেকানেক স্নায়বীক পীড়ায় যথা—হঠাৎ শরীরের কোন স্থান অসার বোধ হওয়া, অথবা রক্ত সঞ্চালনের ব্যতিক্রম বশতঃ অনেকানেক উপদ্রবে ব্যবহৃত হইতে পারে। লম্বেগো, সায়েটিকা, কোরিয়া, ইত্যাদি রোগে প্রয়োজনানুসারে কড্‌লিভার অয়েলের সহিত প্রয়োগ করা যায়।

ছেলেদের রেমিটেণ্ট্ ফিবারে ইহারা প্রত্যেকেই অত্যন্ত উপকারী। ব্যবহার করিলে, পিপাসা দমন হয়, জিহ্বা পরিষ্কার হয়, ক্ষুধা বৃদ্ধি হয় এবং অন্ত্র সম্বন্ধে কোন প্রকার পরিবর্ত্তন থাকিলে তাহা ও তিরোহিত হয়। ৪। ৫ গ্রেণ্ মাত্রায় গ্লীসরীন সহ ব্যবস্থা করিবে।

টেবিস মেসেণ্টিকা রোগে ইহা দ্বারা টিউবার্কল্‌স্ সকল দ্রবীভূত হইয়া আরোগ্য পক্ষে দাড়ায়। ডাং গর্ডন্ ইহার অত্যন্ত প্রশংসা করেন এবং তিনি বলেন্ এরোগ আরোগ্য পক্ষে ইহা একটী চমৎকার ঔষধ। সোরা-য়েসিস্ রোগে ও ব্যবহার করা যায়।

অধিকদিন দুগ্ধ নিঃসরনের পর দুর্ব্বলতা, ডিস্‌পেপ্‌শিয়া, এনিমিয়া, লিউকোসাইথিমিয়া, লিউকোরিয়া, মাইরেল্‌জিয়া, এবং অন্যান্য দুর্ব্বলতায় ইহাদের ব্যবহার অত্যন্ত উপকার জনক। ইহাদের সহিত বিবেচনা সহ, অ-ন্যান্য বলকারক, এরোমেটিক্ টিংচার্, এসিটেট্ অব্ এমোনিয়া, এবং সিরপ্ অব্ রুবার্ব্ মিশ্রিত করা যায়।

CARMINATIVES CLASS.

কার্ম্মিনেটিব্‌স্ ক্লাস

বা

বায়ুনাশক ঔষধ শ্রেণী।

যেসমস্ত ঔষধ দ্বারা অন্ত্রমধ্যে বায়ু জন্মিলে উক্ত বায়ু নষ্ট করিয়া ফেলে এবং পাকাশয় বা পরিপাক প্রণালীর মিউকাস্ মেম্ব্রেন্ সকলকে উত্তেজিত করিয়া, পরিপাক জন্য রস নিস্রবণ বৃদ্ধি করে এবং তৎসহ পরিপাক শক্তি বৃদ্ধি করে তাহাদিগকেই কার্ম্মিনেটিব্ বা বায়ুনাশক ঔষধ বলা যায়। ইহারা সকলেই সদ্গন্ধবিশিষ্ট। ইহাদের প্রত্যেকের ভিতরই একপ্রকার ভলেটাইল অয়েল্ আছে, সুতরাং সামান্য উত্তেজক। অধিক মাত্রায় অন্ত্রমধ্যে প্রদাহ লক্ষণ উৎপন্ন করিতে পারে।

কার্ম্মিনেটিব্‌স্ ঔষধ সকল নিম্নলিখিত দুইটী নিয়মের বশবর্ত্তী হইয়া কার্য্য করে যথা—(১) সেবনান্তর ইহারা ইন্টেষ্টাইনের মাস্‌কুলার কন্‌ট্রাক্‌শন্‌কে উত্তেজিত করিয়া অন্ত্র হইতে সঞ্চিত অবিশুদ্ধ বায়ু সকলকে বহির্গত করিয়া দেয়। (২) আহার্য্য বস্তু উদরে সুন্দররূপ পরিপাক হইতে না পারিলে, উহাদের ডিকম্পজিশন্ বা পচন দ্বারা যে গ্যাস্ উৎপন্ন হয়, ইহাদের ব্যবহারে তাহার হ্রাস হয় এমন কি বেদনাদি অন্যান্য লক্ষণও তিরোহিত হইয়া যায়। যাদুকরগণ, যেমন চক্ষের সামনে যাদু করিয়া সকলকে মোহিত ও চমৎকৃত করিয়া ফেলে অথচ কেহই তাহাদের কিছু বুঝিতে পায় না; কিন্তু আশ্চর্য্য আশ্চর্য্য ফল প্রত্যক্ষীভূত হইয়া থাকে, ইহাদের ব্যবহারে ও প্রায় তদনুরূপ সুফলই উৎপন্ন হয়।

নিম্নলিখিত ঔষধ সকল এই শ্রেণী ভুক্ত।

১ কেরিও ফাইলম্।	১১। রোজ্‌মেরিনাস্।
২। পাইমেণ্টা।	১২। এসাফেটিডা।
৩। ক্যাজেপটিঅয়েল।	১৩। এলিমাই।
৪। সিনেমোমাই কর্টেক্স্।	১৪ ম্যাস্টিক্।

৫। মাইরিষ্টিকা। ১৫। কোরিয়েনড্রাই।
৬। ক্যাপ্সিকম্। ১৬। মেন্থাপিপারিটা।
৭। জিঞ্জিবার্। মেন্থাভিরিডিস্।
৮। কার্ডেমোমাই সেমিনা। ১৭। অরেন্সিয়াই কর্টেক্স্।
৯। কারুই ফ্রকটাস্।
১০। এনিসি ফ্রক্টাস্।

লবঙ্গ।

Caryophyllum, Cloves,
ক্যারিওফাইলম্। ক্লবস্।

চূর্ণের মাত্রা। ৫—২০ গ্রেণ্।

প্রয়োগরূপ ২টী।

১। ইন্‌ফিউজন্ অব্ ক্লবস্। মাত্রা—১—২ আং।

২। অয়েল্ অব্ ক্লবস্। মাত্রা। ১—৫ মিনম্।

ক্রিয়া। কার্মিনেটিব্, ষ্টিমুলেণ্ট্ ষ্টমাকিক। ইহার মধ্যে একটী ভলেটাইল্ অয়েল্ আছে এবং এই অয়েলের উপরই ইহার ক্রিয়া নির্ভর করে।

আময়িক প্রয়োগ। ফ্লেটুলেন্স্, কলিক্, এবং অন্যান্য রোগে কার্মিনেটিব্ বা বায়ু নাশক উদ্দেশ্যে ব্যবহৃত হয়।

ষ্টমাকের দুর্ব্বলতা বশতঃ অজীর্ণ রোগে (Dyspepsia) এবং কেহ কেহ বলেন গর্ভাবস্থায় বমন নিবারণার্থ অতি চমৎকার। দন্ত গহ্বরের বেদনা নিবারণার্থ তুলি দ্বারা ইহার তৈল লাগাইলে বেদনা দমন হয়।

Pimenta, Pimento,
পাইমেণ্টা। পাইমেণ্টো।

চূর্ণের মাত্রা।—১০—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ ২টী।

১। পাইমেণ্টো ওয়াটার। মাত্রা ১—২ আং।

২। অয়েল্ অব্ পাইমেণ্টো। মাত্রা ১—৫ মিনিম্।

ক্রিয়া ও ব্যবহার। কার্মিনেটিব্, ষ্টিমুলেণ্ট্, ষ্টমাকিক্। অন্যান্য ঔষধের

কার্য্য সংশোধন জন্য এবং ক্রিয়া বর্দ্ধনার্থ ব্যবহৃত হয়। অপরাপর ব্যবহার কেম্ফির ফাইলমের ন্যায়।

Cajuputi Oleum, কেজোপটি ওলিয়ম্। — Oil of Cajuput, অয়েল্ অব্ কেজোপট্।

মাত্রা—১—৫ মিনিম্।

প্রয়োগরূপ ১টী।

১। স্পিরিট্ অব্ ক্যাজুপট্। মাত্রা ১/২—১ ড্রাম্।

ক্রিয়া। ডিফিউজেবল্ ষ্টিমুলেণ্ট্, কার্মিনেটিব্ এণ্টিস্পেজমডিক্ এবং ডায়েফরেটিক্। ইহার আভ্যন্তরিক ব্যবহার দ্বারা প্রথমতঃ ষ্টমাকের ভিতর এক প্রকার উত্তপ্ত সেন্সেইশন্ উৎপন্ন হয় এবং তৎপর ক্রমে হৃদ পিণ্ডের কার্য্য ও রক্ত সঞ্চালনের বেগ উত্তেজিত করিয়া প্রচুর ঘর্ম্ম নির্গত করিয়া ফেলে। স্বয়ং অথবা সোপ্, লিনিমেণ্ট্ ও ওয়েল্ অলিভ সহ বাহ্যিক ব্যবহার করিলে রুবিফেসিয়েণ্ট্ ও ষ্টিমুলেণ্ট্ এক্‌শন্ প্রকাশ করে। অনেকানেক প্রেক্‌টিশনর প্রতিনিয়ত ইহার ব্যবহার করিতেছেন কিন্তু ইহার মূল্যবান শক্তি অনেকেই অবগত হইতে পারেন নাই। মিঃ রবসন্ বহুবিধ পরীক্ষা দ্বারা ইহার এণ্টিসেপ্টিক্ ক্ষমতা নির্দ্ধারণ করতঃ সার্জিকেল অপারেশন্ বা অস্ত্রোপচারে ইহার স্প্রে ব্যবহার করিয়া সন্তোষ জনক ফল স্বীকার করিয়াছেন এবং ইউকেলিপ্টাস্, ও অন্যান্য ভলেটাইল অয়েলের এণ্টিসেপ্টিক্ ক্ষমতা আছে। ফিবারের জার্ম্মস্ ধ্বংস জন্য এবং অন্যান্য ইন্‌ফেক্‌শাস্ ডিজিজে ব্যবহৃত হইতে পারে।

আময়িক প্রয়োগ। গাউট্ ও রিউমেটিজম্ পীড়ায় ইহার বাহ্যিক ও আভ্যন্তরিক ব্যবহার দ্বারা বিস্তর উপকার দর্শে। রিট্রোসিডেণ্ট্ গাউট্ রোগে ৫—৬বিন্দু মাত্রায় বিশেষ আদরের সহিত বারম্বার ব্যবহার করা যায়। লম্বেগো ও অপরাপর পুরাতন রিউমেটিজম্ রোগে ডাঃ ফোলার নিম্নলিখিত লিনিমেণ্ট্ মালিশের জন্য ব্যবস্থা করেন যথা—

R.

Oil, Cajuputi,	dr. v
Oil, Teribinth,	dr. v
Lin, Ammon,	dr. vi
Tinct, Aconite,	dr. vi

For embrocation.

টিংচার একোনাইটের পরিবর্ত্তে লিনিমেণ্ট্ একোনাইট্ ও ব্যবহার করা যায়। ইচ্ছা হইলে উক্ত লিনিমেণ্ট্ সহ টিং আর্নিকা ৪ ড্রাম্ মিশ্রিত করা যায় কিন্তু যেন ইবাপ্‌শন্ বাহির হইয়া রোগীর পক্ষে যন্ত্রনার কারণ না হয় তদ্বিষয়ে সতর্কতার দরকার।

নানাবিধ নিউরাল্‌জিক্ বেদনায়, বেদনা দমন জন্য কেহ কেহ ব্যবহার করিতে বলেন এবং ডিস্‌মেনোরিয়া রোগে ও বেদনার জন্য ব্যবস্থা করা যায়।

উদরাধ্মান, ও আধ্মান জনিত বেদনা রোগে ৩—৫ বিন্দু মাত্রায় কেজুপট্ ব্যবহার করিলে অবিলম্বে যন্ত্রনার দমন হয়, রোগী সুস্থ মনে করে।

দন্তে কেরিস্ উৎপন্ন হইলে কতটুকু তুলাতে কেজুপট্ অয়েল্ মিলিত করিয়া উক্ত স্থানে সংস্থাপন করিলে বেদনা তিরোহিত হয়।

কোন অঙ্গ স্প্রেইন্ বা মোচড়াইয়া গেলে, কন্‌টিউশন্ বা থেঁতলিয়া গেলে এবং পেরালিসিস্ বা অবশ হইলে কেজুপট্ অয়েল্ মালিশ দ্বারা অত্যন্ত উপকার হয়, উত্তেজক হইয়া উপকার করে।

Cinnamomi cortex, — Cinnamon Bark,

সিনেমোমাই কর্টেক্স্ — সিনেমন্ বার্ক

প্রয়োগরূপ ৫টি।

১। সিনেমন্ ওয়াটার।

২। টিংচার অব্ সিনেমন্—মাত্রা—½—২ ড্রাম।

৩। কম্পোণ্ড পাউডার অব সিনেমন্—মাত্রা—৩—১০ গ্রেণ।

৪। অয়েল্ অব সিনেমন্—মাত্রা—১—৪ মিনিম্।

৫। স্পিরিট্ অব্ সিনেমন্—মাত্রা—½—১ ড্রাম।

ক্রিয়া। এরোমেটীক্, ষ্টিমুলেণ্ট্, কার্মিনেটিব্, এবং এষ্ট্রিন্‌জেণ্ট্। বিবেচনা দ্বারা পরীক্ষিত হইয়াছে সিনেমন্ ইউট্রাইন্ মাস্‌কুলার ফাইব্রাসের উপর কার্য্য করে।

আময়িক প্রয়োগ। ফ্লেটুলেন্স,কলিক এবং অন্ত্রের শেপজমডীক এফেক্শনে ইহার টিংচারটী সর্ব্বদা ব্যবহ্নেয।

এটনিক্ ডায়েরিয়া রোগে চক্ ও ওপিয়ম সহ ইহার পাউডারটী অত্যন্ত সমাদরে ব্যবহৃত হইয়া থাকে।

অনিবার্য্য বমন ও বমনোদ্রেক নিবারণার্থ কেহ কেহ ইহার ইনফিউজন ব্যবহার করিয়া থাকেন।

ইউট্রাইন্ হেমোরেজ বা জরায়ু হইতে রক্তস্রাব নিবারণার্থ কেহ কেহ ইহাকে ব্যবহার করিয়া থাকেন,কিন্তু কার্য্য সম্বন্ধে এখনও সন্দেহ রহিয়াছে।

ক্রনিক্ ইউটাইন্ হাইপারিমিয়া রোগে ডাক্তার মেডোজ বলেন যেস্থলে আর্গট অনুপযুক্ত তদবস্থায় সিনেমন্ সহ বোরাক্স মিশ্রিত করিয়া ব্যবহার করা যায়।

Myristica, Nutmeg,

মাইরিষ্টিকা নট্মেগ

প্রয়োগরূপ ৩টী।

১। ভলেটাইল্ অয়েল অব্ নট্মেন্। মাত্রা—১—৪ মিনিম্।

২। একস্প্রেস্ড্ অয়েল অব্ নট্মেগ।

৩। স্পিরিট অব্ নট্মেগ। মাত্রা—½—ড্রাম।

ক্রিয়া।—ষ্টিমুলেণ্ট,কার্ম্মিনেটীব্, এণ্টিস্পেজমডিক্, অধিক মাত্রায় নানাপ্রকার মাস্তিষ্কেয় লক্ষণাদি উপস্থিত করে। ভার্টিগো, ডিলিরিয়ম্ এবং ষ্টুপার পর্য্যন্ত হইতে পারে। ভলেটাইল অয়েলের উপরই ক্রিয়া নির্ভর করে।

ডাক্তার উড্ ইহার অয়েলটী ইতর জন্তুর জুগুলার ভেইনের ভিতর প্রবেশ করাইয়া মাদক বিষের ন্যায় কার্য্য দেখিয়াছেন এবং রেস্পিরেটারি সিষ্টেমের পেরালেসিস্ উৎপন্ন হইয়া মৃত্যু পর্য্যন্তও দেখিয়াছেন।

আময়িক প্রয়োগ। এস্থেনিক ডায়েরিয়া রোগে অন্যান্য ঔষধ সহ ব্যবহ্নেয়। ফ্লেটুলেন্স্ বা উদরাধ্মান এবং ফ্লেটুলেন্স কলিক রোগে ইহার ভলেটাইল অয়েল ২—৫ মিনিম মাত্রায় ব্যবহার করিলে শীঘ্রই উপকার

দর্শে,। টুথেক্ বা দন্ত বেদনা রোগে দন্তগহ্বরে ইহার তৈল এক কি দুই বিন্দু প্রয়োগ করিলে তৎক্ষণাৎ যন্ত্রণা নিবারিত হয়।

ক্রণিক রিউমেটিজম্, পেরালেসিস্, স্প্রেইন্ ইত্যাদি নানাবিধ রোগে ইহার এক্সপ্রেসড্ অয়েলটি সোপ লিনিমেণ্ট সহিত একত্র করিয়া বেদনা স্থানে মর্দ্দন করিলে উত্তেজক হইয়া উপকার করে।

Capsici fructus, কেপ্সিয়াই ফ্রুকটাস্ — Capsicum, কেপ্সিকম্

মাত্রা।—১—৪ গ্রেণ।

প্রয়োগরূপ ১টী।

১। টিংচার ক্যাপ্সিকম, মাত্রা ১০—২০ মিনিম।

ক্রিয়া। অল্প মাত্রায় আর্টিরিয়েল্ ষ্টিমুলেণ্ট, ষ্টমাকিক্। ঔষধির মাত্রায় ব্যবহার করিলে প্রথমতঃ পাকাশয়ে এক প্রকার উত্তপ্ত সেন্সেসন্ বোধ হয়, পরিপাক শক্তি বৃদ্ধি করে এবং তৎপর জেনিটো ইউরিনারি অরগেন্সে উত্তেজনা উৎপন্ন করে। অধিক মাত্রায় ইরিটেণ্ট পয়জন্ বা উগ্রবিষ। বাহ্য প্রয়োগে রুবিফেসিয়েণ্ট। ক্যাপ্সিসিন্ নামক একটী পদার্থের উপর ইহার ক্রিয়া নির্ভর করে। ডাক্তার পেরেরা বলেন, ইহার ক্যাপসিসিন্ বীর্য্যটী এত প্রবল যে বড় একটী কোঠার ভিতর ইহার ¼ গ্রেণ পরিমাণ রাখিলেই সেই স্থানটী ইহার গন্ধযুক্ত হইবে।

আময়িক প্রয়োগ। স্কার্লেটিনা রোগে ক্যাপসিকম সহ অন্যান্য ঔষধ মিশ্রিত করিয়া মিক্শ্চার রূপে ব্যবহার করিলে অত্যন্ত উপকার দর্শে। সোর থ্রোট্ বা মুখ মধ্যস্থ ক্ষত রোগে ইহা দ্বারা গার্গল্ প্রস্তুত করিয়া ব্যবহার করিলে অত্যন্ত উপকার দর্শে।

সাইনেন্কিয়া মেলিনা অথবা পিউট্রিড্ সোরথ্রোটে ৩০ বিন্দু মাত্রায় টিংচার ক্যাপ্সিয়াই সহ ১০ আউন্স পোর্ট ওয়াইন্ মিলাইয়া গার্গলরূপে ব্যবহার করিলে উত্তেজনা উৎপন্ন করিয়া আশ্চর্য্য উপকার করে।

অন্যান্য নানাপ্রকার সোরথ্রোটে ১ ড্রাম টিংচার ক্যাপসিকমের সহিত ৬। ৮ আউন্স ডিঃ সিঙ্কোনা মিলাইয়া ব্যবহার করিলে আশ্চর্য্য উপকার হয়। প্রয়োজনানুসারে সামান্য পরিমাণে চিনি বা মধু মিশ্রিত করা যাইতে পারে।

ডাক্তার গ্রেভস্ নির্দ্দেশ করেন ভোকেল কর্ডের দুর্ব্বলতা অথবা শিথিলাবস্থায় উপবোক্ত গার্গল বিশেষ আদরের সহিত ব্যবহার করা যায়।

বাব একিউট এবং ক্রণিক রিউমাটিজম্ রোগে, ক্যাপসিকম্ পাউডার ২ ড্রাম লার্ড ১ আউন্স মিলাইয়া বেদনা স্থানে মর্দ্দন করিলে মন্দ নয়। ইহা বৈকালে বা রাত্রিতে ব্যবহার করিবে।

লম্বেগো, নিউবালজিয়া, টুথেক, রিউমাটীক্ পেইন্ রোগে ও ক্যাপসিকম ব্যবহৃত হয়। এটনিক ডিস্পেপসিয়া বোগে বিশেষতঃ অত্যন্ত মদ্যপায়ী এবং যে সমস্ত লোক সর্ব্বদা উত্তপ্ত স্থানে বাস করে, তাহাদেব পক্ষে ক্যাপসিকম অত্যন্ত উপাদেয়, ষ্টিমুলেণ্ট্ এবং ষ্টমাকিক্ হইয়া উপকাব করে।

R

Pulv, Capsici,	gr, ii—iii
Pill, Rhei Co,	gr, v
Ipecac	gr, $\frac{1}{2}$

M, Ft, pil two

পাকস্থলিতে আহার্য্য বস্তু বিশেষরূপে পরিপাক না হওয়া বশতঃ উক্ত দ্রব্যসকল পচিয়া ডায়েরিয়া উৎপন্ন করিলে বিশেষতঃ পঁচা মৎস্য ব্যবহার দ্বারা ডায়েরিয়া বোগে ডাক্তার কোপ্লাণ্ড বলেন ক্যাপ্সিকম্ অত্যন্ত উপকারী।

ডাক্তার রাইট বলেন ইয়েলো ফিবারে ইহার আভ্যন্তরিক প্রয়োগে উপকার সম্ভবে।

ডিলিরিয়ম্ ট্রিমেন্স্ রোগে ডাবলিন নগরস্থ ডাক্তর লায়ন্ বোলাস্রূপে ক্যাপ্সিকম্ ব্যবহার করেন।

অরীয় অবস্থায় ডিলিরিয়ম এবং কোমার লক্ষণ বর্ত্তমান থাকিলে এবং এপোপ্লেক্সিরোগে ক্যাপ্সিকম্ প্লাষ্টার ব্যবহার করা যায়। কিন্তু অধিক সময় রাখিলে উত্তেজনা বৃদ্ধি করতঃ ফোস্কা উৎপাদন করিতে পারে। টুথেক্ বা দন্ত বেদনায় ইহার টিংচার তুলতে ভিজাইয়া বেদনা স্থানে প্রয়োগ করা যায়।

Zingiber — **Ginger,**

জিঞ্জিবার। — **জিঞ্জার।**

মাত্রা—১০—২০ গ্রেণ।

প্রযোগরূপ ২টী।

১। ষ্ট্রং টিংচার অব্ জিঞ্জার মাত্রা—৫—২০ মিনিম।

২। টিংচার অব্ জিঞ্জার ১৫ মিনিম ৬০ মিনিম।

ক্রিয়া। ষ্টিমুলেণ্ট্, কার্ম্মিনেটীব্, ষ্টমাকিক, ইহার পাউডার নস্যরূপে ব্যবহার করিলে অত্যন্ত হাঁচি ও ভয়ানক ইরিটেশন্ উৎপন্ন করে। চর্ব্বন করিলে সেলাইভা নিঃসৃত হয়, সেবন করিলে পাকস্থলিতে একপ্রকার উত্তপ্ত সেন্‌সেসন বোধ হয় এবং সমস্ত শরীর উত্তেজিত হইয়া উঠে। ইহার মধ্যে একপ্রকার উগ্র পদার্থ থাকা নিবন্ধন ইহা অত্যন্ত উগ্র।

অতিবিরেচক ঔষধ সকলের সহিত ইহা ব্যবহার করিলে ক্রিয়া মৃদু হয়, তন্নিবন্ধন ম্যাগনেসিয়া সালফেট সহিত ইহার টিংচার সর্ব্বদা ব্যবহার্য্য।

আভ্যন্তরিক প্রয়োগার্থ ইহার টিংচার অত্যন্ত উপকারী।

বাহ্য প্রয়োগে উত্তেজক এবং চর্ম্ম প্রদাহক। গরম জলের সহিত ইহার পাউডার প্লাষ্টার রূপে ব্যবহার করা যায়।

আময়িক প্রয়োগ। ফ্লেটুলেন্স কলিক ও আক্ষেপিক্ রোগে, অপর পাকাশয়ে বেদনা বর্ত্তমানে ইহার টিংচার অথবা ইনফিউশন, সোডাবাই কার্ব্বের সহিত অথবা স্পিরিট্ এমনিয়া এরোমাটীক্ সহিত মিলাইয়া আভ্যন্তরিক ব্যবহার করিলে প্রায় অব্যর্থ হইয়া উপকার করে, এবং ইহার প্লাষ্টার ইপিগাষ্ট্রীয়মে ব্যবহার করিলে বেদনার হ্রাস করে।

ইউভিউলা বা আলজিহ্বার, টন্সিলস্ এবং জিহ্বার অবশতায় ইহার স্থানিক প্রয়োগ দ্বারা সেলাইভা উৎপন্ন করিয়া উপকার করে। ক্রনিক্ রিউমাটীজম রোগে জিঞ্জার ১২০ হইতে ১৬০ গ্রেণ, ওয়ার্ম্ম ওয়াটার ৮ আউন্স মিলাইয়া ইনফিউশন্ প্রস্তুত করতঃ ব্যবহার করিলে বিস্তর উপকার হয়, ইহাকে জিঞ্জার টীও কহে।

Cardamomi Semina, Cardamoms,

কার্ডেমোমাই সেমিনা। কার্ডেমম্।

প্রয়োগরূপ—

১। কম্পোণ্ড টিংচার অব্ কার্ডেমম্। মাত্রা—½—২ ড্রাম।

ক্রিয়া। কার্মিনেটীব্, ষ্টিমুলেণ্ট্, ষ্টমাকিক্। অপরাপর ঔষধসহ ব্যবহৃত হয়।

ব্যবহার। এই শ্রেণীস্থ অন্যান্য ঔষধের ন্যায়।

Carui Fructus, Caraway.

কেরুই ফ্রুক্টাস্। কেরাওয়ে।

মাত্রা।

প্রয়োগরূপ ২টী।

১। একোয়া কেরুই।

২। অয়েল্ অব্ কারুই। মাত্রা—১—৪ মিনিম্।

ক্রিয়া। ষ্টিমুলেণ্ট্, কার্মিনেটীব্, ষ্টমাকিক্। ব্যবহার—এই শ্রেণীস্থ অন্যান্য ঔষধের ন্যায়।

Anisi Fructus, Aniseed,

এনিসিফ্রুক্টাস্। এনিসীড্।

মৌরি

প্রয়োগরূপ ২টি।

১। এসেন্স্ অব্ এনিসি। মাত্রা—১০—২০ মিনিম।

২। অয়েল অব্ এনিসি। মাত্রা—১—৪ মিনিম।

ক্রিয়া ও ব্যবহার—এই শ্রেণীস্থ অন্যান্য ঔষধের ন্যায়।

Lavandula Lavander,

লেভেন্ ডিউলা। লেভেন্ডার।

প্রয়োগরূপ ৩টী।

১। অয়েল্ অব্ লেভেন্ডার। মাত্রা ১—৪ মিনিম্।

২। স্পিরিট্ অব্ লেভেণ্ডার। মাত্রা ½—১ ড্রাম্।

৩। কম্পৌণ্ড টিংচার্ অব্ লেভেণ্ডার। মাত্রা ½—২ ড্রাম্।

ক্রিয়া ও ব্যবহার। কার্মিনেটিব, ষ্টিমুলেণ্ট্, ষ্টমাকিক্, এণ্টিস্পেজ্‌মডিক্। অন্যান্য ঔষধ সহ ব্যবহৃত হয়।

Rosmarini, Rosemary,

রৌজমেরিনাই। রোজমেরি।

প্রয়োগরূপ ২টী।

১। অয়েল্ অব্ রোজমেরি। মাত্রা ১—৪ মিনিম্।

২। স্পিরিট্ অব্ রোজমেরি। মাত্রা ½—১ ড্রাম্।

ক্রিয়া ও ব্যবহার। এই শ্রেণীস্থ অন্যান্য ঔষধের ন্যায়। সদ্‌গন্ধের নিমিত্ত কেহ কেহ ইহার অয়েল প্রস্তুত করিয়া ব্যবহার করেন।

হাইপোকণ্ড্রায়েসিস, নার্ভাস হেডেক্, এবং হিষ্টিরিয়া রোগে পূর্ব্বে ইহার যথেষ্ট ব্যবহার হইত, কিন্তু সামান্য পরিমাণে উত্তেজক বলিয়া উপকারের আশা করা যায়। এমিনোরিয়া এবং ক্লোরোসিস রোগে কেহ কেহ ব্যবহার করিতে আদেশ করেন বটে, কিন্তু জরায়ুর উপর ইহার বিশেষ কোন ক্ষমতা দেখা যায় না।

এলোপেশিয়া বা মস্তক হইতে চুল উঠিয়া গেলে কোকোনাট্ অয়েল অথবা তিলতৈল সহ মস্তকে মর্দ্দন জন্য ব্যবহার করা যায়।

Asafœtida, Asafœtida.

এসাফটিডা। এসাফটিডা।

মাত্রা। ৫—২০ গ্রেণ্।

প্রয়োগরূপ ৪টী।

১। এনিমা অব এসাফেটিডা।

২। টিংচার্ অব্ এসাফেটিডা। মাত্রা—½—১ ড্রাম।

৩। কম্পৌণ্ড পীল্ অব্ এসাফেটিডা। মাত্রা—৫—১০গ্রেণ্।

৪। ফেটিড্ স্পিরিট্ অব এমোনিয়া। মাত্রা—½—১ ড্রাম্।

ক্রিয়া। ষ্টিমুলেণ্ট্ কার্মিনেটিব্, এণ্টিস্পেজ্‌মোডিক্, এক্সপেক্‌টোরেণ্ট,

এণ্টিম্পাজমোডিক্, ইউট্রাইর্ন্ মোটার্ ষ্টিমুলেণ্ট, ও এম্মেনাগগ্। ইহার ক্রিয়া অত্যন্ত প্রখর। আভ্যন্তরিক্ ব্যবহার করিলে শরীরে আশোষিত হইয়া, প্রস্রাব, দুগ্ধ, ঘর্ম্ম, ও মলের সহিত ইহার গন্ধ নির্গত হয়, অথচ শ্বাস প্রশ্বাস দ্বারাও গন্ধ বহির্গত হয়। আরব দেশীয় ব্যক্তিগণ মনে করে স্ত্রীলোকদিগের গর্ভাবস্থায় ব্যবহার করিলে ইহাদ্বারা ভ্রূণের মৃত্যু হইতে পারে; কিন্তু ইংলণ্ডেও তদ্বিষয়ের পোষকতা করা হইয়াছে। কেহ কেহ বলেন ইহা দ্বারা হৃৎপিণ্ডের ক্রিয়া সামান্য পরিমাণে উত্তেজিত হয়।

আভ্যন্তরিক ব্যবহারার্থে ইহার টিংচার প্রয়োগ রূপটী সর্ব্বদা প্রযোজ্য, কিন্তু এনিমা আকারেও বাহ্যিক ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ। স্পেজমোডিক্ এজ্মারোগে অন্যান্য আক্ষেপ নিবারক ঔষধ সহ আভ্যন্তরিক ব্যবহার করিলে কখন কখন সুন্দর উপকার দর্শে। ব্রঙ্কাইটিস পীড়ায় ডিস্প্নিয়া বা শ্বাস কষ্ট থাকিলে আভ্যন্তরিক প্রয়োগ করা যায়। ছেলেদের নিমোনিয়া ও ব্রঙ্কাইটিস পীড়ায় ইহা ব্যবহার করা যায় বটে, কিন্তু উগ্র গন্ধ বশতঃ কেহ কেহ সেবনে অস্বীকৃত হয়।

ফ্লেটিউলেন্স্ এবং ফ্লেটিউলেন্স্ কলিক্ রোগে বিশেষত হিষ্টিরিয়া গ্রস্থ স্ত্রীলোক দিগের উক্ত পীড়া উৎপন্ন হইলে ইহার এনিমা মল দ্বারে প্রয়োগ করিলে অবিলম্বে যন্ত্রণার লাঘব হইবে। জ্বরাদি রোগ সহউদর স্ফীত হইয়া উঠিলে ইহার এনিমা অতি উপকারী। কেহ কেহ বলেন হিষ্টিরিয়া গ্রস্থ স্ত্রীলোকদিগের উদরাধ্মান কি আধ্মান শূলে কম্পৌণ্ড পীল অব্ এসাফেটিডা, পীল রিয়াই কম্পৌণ্ড এবং একষ্ট্রাক্ট হাইয়ে সাইয়েমাস্ সহ বিশেষ যোগ্যতার সহিত ব্যবহৃত হয়।

হিষ্টিরিয়া রোগে ইহার ব্যবহার বিশেষে প্রচলিত। এবং নিম্নলিখিত ব্যবস্থা উপকারী যথা।

R

- T, assafoetada
- T, Castorei
- T, Valerian am. āā dr. ii
- Mist Camph, oz. vii

M

Dose—one or two table spoonful every hour.

ডিস্পেপ্শিয়া ও তৎসহ হাইপো কণ্ড্রয়েসিসের লক্ষণ ও অন্যান্য স্নায়বীয় লক্ষণ বর্ত্তমানে অপরাপর তিক্ত বলকারক এবং মৃদু বিরেচক সহ ইহার কম্পোণ্ড পীল প্রযোজ্য।

অবায়ুর কারণ বশতঃ নানাবিধ নার্ভাস্ ডিজিজে ইহার ক্রিয়া অত্যন্ত প্রশংসনীয়। কোন কোন চিকিৎসক এপিলেপ্সি বা মৃগী রোগে ইহার টিংচার ৩০ ফোটা, কার্ব্বোনেট্ অব্ এমোনিয়া ৩গ্রেণ্, একোয়া ১ আং দিবসে ২।৩ বার ব্যবস্থা করেন।

শিশুদিগের দন্তোদ্গমন সময়ে কন্ভল্শন্ উপস্থিত হইলে এনিমা আকারে সল্প পরিমাণে প্রয়োগ করা যায়।

লাম্ব্রিসাই ও রাউণ্ড ওয়ার্ম প্রভৃতি কৃমি রোগে ইহার ব্যবহার বিশেষ প্রচলিত। ডাক্তার কেজিন্ বলেন কৃমিজনিত এপিলেপ্সি এবং কোরিয়া রোগে ইহার ব্যবহারে সম্পূর্ণ আরোগ্য লাভ হইতে পারে।

—০—

Elemi, Elemi,

এলিমাই। এলিমাই।

প্রয়োগরূপ ১টী।

১। অয়েণ্ট্মেণ্ট্ অব্ এলিমাই।

ক্রিয়া ও ব্যবহার। বাহ্যপ্রয়োগার্থ ইহার মলম ক্ষতাদি রোগে ব্যবহৃত হয়।

———

Mastiche, Mastich.

মেস্টিক্। মেস্টিক্।

ক্রিয়া। ষ্টিমুলেণ্ট্, এষ্ট্রিঞ্জেণ্ট্, ডাইউরেটিক্, সুগন্ধি নিমিত্ত অনেকে ব্যবহার করেন।

আময়িক প্রয়োগ। লিউকোরিয়া, গ্লিট্, ক্রনিক পালমোনেরি ক্যেটার, শিশুদের ডায়েরিয়া এবং দন্তক্ষতে অন্যান্য ঔষধ সহ প্রয়োগ করা যায়।

Coriandri Fructus, — Coriander fruit.

কোরিয়েনডার ফ্রুক্টাস্। — কোরিয়েনডার ফ্রুট্।

ক্রিয়া। কার্মিনেটিব্ ও ষ্টিমুলেণ্ট্ এবং ষ্টমাকিক্। অন্যান্য ঔষধ সহ ব্যবহার্য্য। ওলিয়েম্ কোরিয়েনডাই নামক ভলেটাইল্ অয়েলের উপর ইহার ক্রিয়া নির্ভর করে। তৈলের মাত্রা ২—৫ মিনিম্। ইহা ইন্‌ফিউশন্ আকারেও প্রয়োগ করাযায়।

আময়িক প্রয়োগ। এই শ্রেণীস্থ অন্যান্যের ন্যায়।

Mentha piperita, — Peppermint

মেন্থা পিপারিটা। — পিপার মেণ্ট।

প্রয়োগরূপ ৪টী।

১। অয়েল্ অব্ পিপারমেণ্ট্। মাত্রা ১—৪ মিনিম্।

২। স্পিরিট্ অব পিপার মেণ্ট্। মাত্রা ½—১ ড্রাম।

৩। পিপার মেণ্ট ওয়াটার।

৪। এসেন্স্ অব্ পিপার মেণ্ট্। মাত্রা ১০—২০ মিনিম্‌স্।

Mentha Viriddis, — Spearmint.

মেন্থা ভিরিডিস্। — স্পিয়ার মেণ্ট।

পুদিনা।

প্রয়োগরূপ।

১। অয়েল্ অব্ স্পিয়ার্ মেণ্ট্। মাত্রা ১—৪ মিনিম্।

ক্রিয়া। ইহারা উভয়ে এরোমেটিক্, ষ্টিমুলেণ্ট, কার্মি নেটিব্, এবং ষ্টমাকিক্।

নানাবিধ বিরেচক ঔষধের সহিত মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে উহাদের উগ্রতাতিরোহিত হয় এবং উদরাধ্মান নিবারণ করে। ১—২ আং মাত্রায় ডিষ্টিল ওয়াটার ব্যবহৃত হয় এবং লাবনীক বিরেচক সহ সর্ব্বদা ব্যবহার্য্য।

আময়িক প্রয়োগ। ফ্লেটুলেন্স্, ফ্লেটুলেন্স্ কলিক্, নসিয়া, অপ্রিয় আক্ষেপিক অবস্থায়, অয়েল্ অব্ মেন্থা পিপ্ দ্বারা অত্যন্ত উপকার দর্শে। মেগ্নে-

শিয়ার সহিত একত্র ব্যবহার করিলেইহাদের ক্রিয়া বৃদ্ধি হয়। নিউরাল্জিয়া রোগে ব্যবহার করা যায়। ক্যাপির্জ ক্লেষ্টোর্ রোগে পীড়িত স্থানে ব্যবহার করাযায়। অপর কেষ্টরঅয়েলের সহিত প্রতি নিয়ত ব্যবহৃত হইয়া থাকে

———

Aurantii Cortex, | Orange peel,

অরেন্সেবাই কর্টেক্স্। | অরেঞ্জ্ পিল্।

কমলা লেবুর ত্বক।

প্রয়োগরূপ।

১। ইন্‌ফিউশন্ অব্ অরেঞ্জ পিল্। মাত্রা ১—২ আং।

২। কম্পৌণ্ড্ ইন্‌ফিউশন্ অব্ অরেঞ্জ্ পিল্। মাত্রা ১—২ আঙ্গ।

৩। সিরপ্ অব্ অরেঞ্জ পিল্। মাত্রা ১ ড্রাম্।

৪। টিংচার্ অব্ অরেঞ্জ পিল্। মাত্রা ১—২ ড্রাম্।

৫। অরেঞ্জ ফ্লাওয়ার্ ওয়াটার্। মাত্রা ১—২ আং।

৬। সিরপ্ অব্ অরেঞ্জ্ ফ্লাওয়ার্। মাত্রা ১—২ আং।

ক্রিয়া। এরোমেটিক্, ষ্টমাকিক্, ষ্টিমুলেণ্ট, কার্মিনেটিব্।

আময়িক প্রয়োগ। ছেলেদের নানাবিধ পীড়ায় ইহার সিরপ্ মিশ্রিত করিয়া প্রায় সর্ব্বদা দেওয়া যায়। এতদ্ব্যতীত অন্যান্য পীড়ায় সর্দ্দার নিমিত্ত ব্যবহৃত হয়। ইহার টিংচার, ও সিরাপ অধিক ব্যবহার্য্য।

———

STIMULANTS CLASS.

ষ্টিম্যুলেণ্টস্ ক্লাস।

বা

উত্তেজক ঔষধশ্রেণী।

যে সমস্ত ঔষধ দ্বারা স্নায়ুশক্তি, সমস্ত শরীরের আভ্যন্তরিক যন্ত্র কিম্বা শরীরের কোন নির্দ্দিষ্ট অংশ উত্তেজিত হয় তাহাদিগকে ষ্টিমুলেণ্ট বা উত্তেজক ঔষধ বলে। উহাদিগের কার্য্যের পরম্পর স্থায়িত্ব অনুসারে নিম্নলিখিত দুই শ্রেণীতে বিভক্ত।

১। জেনেরল্ অথবা ডিফিউজিবল্ ষ্টিম্যুলেণ্টস্।

২। স্পেসিফিক্ ষ্টিম্যুলেণ্টস্।

১। জেনেরল্ বা ডিফুজিবল্ ষ্টিম্যুলেণ্টস্,—

এই শ্রেণীস্থ ঔষধ সকল সেবনের অব্যবহিত পরেই পাকাশয়ে এক প্রকার স্নায়বিক উত্তেজনা উৎপন্ন করে, এবং তৎসহ পাকাশয়ের মিউকাস্ মেম্ব্রেন্ ও মাস্কিউলার ফাইবার্স সকল উত্তেজিত হয়। ইহারা প্রত্যেকেই হৃদ্‌পিণ্ডের শক্তি এবং গতি বৃদ্ধি করে; তৎপর শ্বাস প্রশ্বাসিক যন্ত্রের উপর প্রভাবিত হয় এবং সমস্ত শরীরের উত্তাপ বৃদ্ধি করে।

কোন কোন সময় ইহারা মূত্র যন্ত্রকে উত্তেজিত করে এমন কি কোন কোন স্থলে উক্ত যন্ত্রের উগ্রতা পর্য্যন্তও সাধিত হয়।

ইহাদের কার্য্য সম্বন্ধে চিন্তা করিলে অনুমান হয় প্রত্যেকেই নার্কটিক্স্ বা মাদক এবং টনিক্স্ বা বলকারক এই উভয়বিধ ক্রিয়ার বশবর্ত্তী হইয়া কার্য্যকরে।

২। স্পেসিফিক্ ষ্টিম্যুলেণ্টস্,—

ইহাদের সংখ্যা এত অধিক এবং কার্য্যকারিতা সম্বন্ধে এত বিভিন্ন প্রকারের যে, বিশেষরূপ বিবেচনা করিতে গেলে অনেকানেক ডাইয়ুরেটিক্স বা মূত্রকারক, এমিনেগগস্ বা রজোনিঃসারক, এক্সপেক্টোরেণ্টস্ বা কফনিঃসারক, এর্হিন্স্ বা হাঁচিকারক, সায়েলেগগস্ বা লালানিঃসারক, এবং

বহুবিধ কেথারটিক্স্ বা বিরেচক ঔষধ সকল ও এই শ্রেণীভুক্ত হইতে পারে।

বাস্তবিক পক্ষে স্পেসিফিক্ ষ্টিমুলেন্টস্ দ্বারা দেহের কোন বিশেষ বিশেষ যন্ত্রের উপরে কার্য্যোৎপন্ন হইয়া থাকে।

আমরা নিম্নলিখিত কয়েকটী ঔষধকে বিশেষ উত্তেজক শ্রেণীভুক্ত করিতে পারি, যেমন আর্গট অব্ রাই, জরায়ুর মাস্কিউলার ফাইবার্সের উপর কার্য্য করে।

ক্যান্থারিডিস্দ্বারা মূত্রাশয়ের গ্রীবাদেশে এবং জেনিটো ইউরিনেরি অরগেন্-সের উপর এবং নক্স ভমিকা ও তাহার বীর্য্য ষ্ট্রিক্নিয়া স্পাইনেল্ কর্ডের একসাইটোমোটারি ফিলামেন্টের উপর ক্রিয়া দর্শায়।

নিম্নলিখিত অবস্থায় ব্যবহার্য্য :—

১। জীবনী শক্তি নিস্তেজ হইয়া পড়িলে।

২। ডিবিলিটী ও এক্জর্সন্ অবস্থায় ;

৩। দুর্ব্বলতা জনিত কোন স্নায়বীয় পীড়া উৎপন্ন হইলে তাহা দূরীকৃত করণার্থ।

৪। কোন বিশেষ বিশেষ যন্ত্র হইতে নিঃস্রবণ বৃদ্ধি করণের অভিপ্রায়ে।

নিম্নলিখিত ঔষধ সকল উত্তেজক শ্রেণীভুক্ত।

১। গেল্‌বেনম্।	
২। আর্ণিকা রেডিক্স্	১৪। ইথার।
৩। এমোনিয়ম্।	১৫। ফস্ফরাস্।
৪। এমোনিয়া লাইকর্ ফর্ষিয়র্	১৬। মস্কস্।
৫। এমোনি বেঞ্জোয়াস্।	১৭। ক্যাম্ফার।
৬। এমোনি কার্ব্বনাস্।	১৮। নাক্স ভমিকা।
৭। এমোনি ফস্ফাস্।	১৯। ষ্ট্রিক্নিয়া।
৮। এমোনি স্পিরিটাস্ এরোমেটিকাম্।	
৯। এমোনি স্পিরিটাস্ ফেটিডাস্।	
১০। এমোনি ক্লোরাইডম্।	২০। এল্কোহল্।
১১। সেরিবিসি ফার্মেণ্টাই।	২১। স্পীরিটাস্ রেক্টিফিকেটাস্।

১২। পটাসি সাল্‌ফাস্‌। ২২। স্পীরিটাস্‌ টেনিবার্‌।
১৩। আমোঁরেসি রেডিক্স্‌। ভাইনাই গ্যালিসাই।

Galbanum Galbanum

গ্যাল্‌বেনম্‌। গেল্‌বেনাম্‌।

প্রয়োগরূপ।

১। গেলবেনম্‌ প্লাষ্টার।

ক্রিয়া।—ষ্টিমুলেণ্ট, এণ্টিস্পেজমডিক্‌, একস্পেকটোরেণ্ট। ইহা এণ্টিস্পেজ্‌মডিক্‌ উপকারার্থে এসাফেটিড' অপেক্ষা নিকৃষ্ট।

যদ্যপি ইহার ইন্‌ফিউশন্‌ ব্যবহার করিতে হয় তবে বিশেষ সতর্কতা সহ ছাঁকিয়া ব্যবহার না করিলে কোন কোন সময় গ্যাষ্ট্রিক্‌ ইরিটেশনের ন্যায় লক্ষণ উৎপন্ন করে।

আময়িক প্রয়োগ। ইহার ব্যবহার এমনায়েকামের অনুরূপ, নন্‌মেলিগ্‌নেণ্ট্‌ ইনোলেণ্ট টিউমারে আকৃতি খর্ব্ব করণ জন্য প্লাষ্টার ব্যবহার করা যায়। ক্রণিক আর্থ্রাইটিস্‌ রোগে ষ্টিমুলেণ্ট উপকারার্থ ব্যবহার করা যায়।

ডিস্‌মেনোরিয়া বা বাধক বেদনার বেদনাবস্থায় গেল বেনাম মন্দ নয়।

Arnica Radix Arnica Root

আর্নিকা রেডিক্স্‌ আর্নিকারুট।

চূর্ণের মাত্রা।

প্রয়োগরূপ।

১। টিংচার্‌ অব্‌ আর্নিকা। মাত্রা। ½—১ ড্রাম্‌।

ক্রিয়া। নার্ভিন্‌ ষ্টিমুলেণ্ট্‌, ডায়ে ফরেটিক্‌। অধিক মাত্রায় উগ্রমাদক বিষের ন্যায় কার্য্যোৎপন্ন করিয়া বমন, ভেদ, শিরঘূর্ণন, ঘন ঘন মাংসলের বিকম্পন, ও আক্ষেপাদি বিষ লক্ষণ উপস্থিত করে। বাহ্য প্রয়োগে ইহার টিংচার ব্যবহার করিলে সিডেটিব্‌ ও রেজাল্‌ভেন্ট্‌ হইয়া বাত ও আভিঘাতিক বেদনা স্থানে উপকার করে।

আময়িক প্রয়োগ। ইডিও পেথিক্ মেনিয়া রোগে যখন খারাপ লক্ষণ বর্ত্তমান থাকে, তখন আর্ণিকা ব্যবহার করা যাইতে পারে। পেরালিসিস্ অব্ দি ব্লাডার্, এমোরসিস্ আদি রোগেও ব্যবহার্য্য।

মিঃ বালডিং পল্‌মোনেরি ডিজিজে বিশেষতঃ প্লুরোনিয়োমোনিয়া, হিমপ্‌টিসিস্ সহ টিউবার্কিউলোসিসের লক্ষণ বর্ত্তমান থাকিলে ব্যবহার করিতে বলেন।

ডাংফোলার রিউমেটিক্ গাউট রোগে ইহার টিং ১০—৩০ বিন্দু মাত্রায় অথবা ইহার ইন্‌ফিউশন্ (৬ ড্রাম, একোয়া ২০ আং) ৪—৮ ড্রাম্ মাত্রায় কড্‌লিভার অয়েলের সহিত অথবা মিনারেল্ এসিড্ সহ ও ব্যবহার করিতে মত দেন। *

ক্রুজ্, স্প্রেইন্ লেসারেশন্ আদি বহুবিধ অবস্থায় বাহ্য প্রয়োগার্থ ইহার টিংচার, জলের সহিত ব্যবহার করিলে সিডেটিব্ হইয়া উপকার করে। ডাং গেরেড্ বলেন ইহার ভিতর স্পিরিট আছে বলিয়া উপকার হয়, বাস্তবিক ইহার কোন শক্তি নাই, কিন্তু বহুদর্শিতায় ততদূর প্রমাণ পাওয়া যায় নাই।

এমিনোরিয়া রোগে লৌহাদি লবন সহ রজনিঃসারক অভিপ্রায়ে ব্যবহার্য্য। বাহ্য প্রয়োগে ও ষ্টিম্যুলেণ্ট জন্য প্লাষ্টার ব্যবহার্য্য।

Ammonium. Ammonia.

এমোনিয়ম্ এমোনিয়া।

এমোনিয়ার বাষ্প শ্বাস দ্বারা গ্রহণ করিলে অত্যন্ত উত্তেজনা উৎপন্ন হয়, এবং গ্লটিসের স্পেজম্ হইয়া এস্ফিক্সিয়া বা শ্বাস রোধ দ্বারা মৃত্যু হইতে পারে। জল মিশ্রিত করিয়া আঘ্রাণ করিলে ও ক্ষুদ্র শ্বাস নালীস্থ লাইনিং মেম্ব্রেন্ এবং মুখ গহ্বর ও নাসিকাস্থ মেম্ব্রেনে প্রচুর উত্তেজনা উৎপন্ন হইয়া থাকে। অপর এমোনিয়া বিশুদ্ধ স্নায়বিয় উত্তেজক, সুতরাং সিনকোপ্ বা হৃদ্‌পিণ্ডের ক্রিয়া লোপ হইলে বিশেষ আদরের সহিত ব্যবহৃত হয়। এমোনিয়া সহযোগে রক্ত কণিকা সকল ক্রমে ক্রমে দ্রবীভূত হইতে থাকে।

Ammoniæ liquor Fortior, Strong Solution of Ammoniæ,

এমোনি লাইকর্ ফর্সিয়র্ ষ্ট্রং সলিউশন্ অব্ এমোনিয়া

মাত্রা—৩—১০ মিনিম্।

প্রয়োগরূপ দুটী

১। সলিউশন অব্ এমোনিয়া— মাত্রা ১০—৩০ মিনিম্।

২। লিমিমেণ্ট্ অব্ এমোনিয়া—

ক্রিয়া। ষ্ট্রং সোলিউশন্, এয়ার্ প্যেসেজের মিউকস্ মেম্ব্রেন্ এবং নাসিকার ও চক্ষু কটোরের মিউকস্ মেম্ব্রেনের উপর বিশেষ কার্য্য প্রকাশ করিয়া থাকে। যখন শ্বাসরূপে অথবা অন্য কোন প্রকারে আভ্যন্তরিক প্রয়োগ করা যায় তখন অত্যুত্তম ষ্টিম্যুলেণ্ট বলিয়া প্রতিপন্ন হয় এবং কলেরার কোল্যাপ্সে, হিষ্টিরিয়ার এবং সিন্‌কোপে যেখানে জীবনীশক্তি অত্যন্ত দুর্ব্বল হয় তথায় ইহা বিশেষ আদর জনক। হাইড্রসিয়ানিক্ এসিড্, ডিজিটেলিস্ এবং অন্যান্য সিডেটিব্ বিষে বিষাক্ত হইলে তৎপ্রতি বোধার্থ ইহা ব্যবহৃত হয়, কিন্তু অধিক মাত্রায় সেবন করিলে প্রবল বিষ ক্রিয়া করে।

ভেসিকেণ্ট্ এবং কাউণ্টার ইরিটেণ্ট্ অবস্থায় ইহার প্রয়োগ অত্যন্ত প্রয়োজনীয়। মিষ্টার গণ্ড্রেটস ভেসিকেটিং অয়েণ্টমেণ্ট সাধারণতঃ লার্ড ১ আং অয়েল্ অব্ এলমন্ড্ ½ আং লাইকর এমোনিয়া ফর্সিয়র ৫আং একত্রিত করেন। প্রথম দুইটী দ্রব্য মৃদু উত্তাপে দ্রব করা হয় এবং প্রসস্ত মুখ বিশিষ্ট বোতলে ঢালিয়া তাহাতে এমোনিয়া যোগ করা উচিত। ইহা শীতল না হওয়া পর্য্যন্ত ক্রমাগত নাড়িতে থাকিবে। এই প্রকার উৎপন্ন কাউণ্টার ইরিটেশন দ্বারা স্পেজ্‌মডিক ডিজিজে, কনভাল্‌সিভ্ এবং নিউরালজিক্ বেদনা দূরীকরণে অত্যন্ত কৃত কার্য্য হওয়া যায়। ফোস্কাকরণার্থ কেন্থারিডিসের পরিবর্ত্তে ব্যবহৃত হইতে পারে, ইহার শক্তি অত্যন্ত প্রবল, মূত্রযন্ত্রকে আশ্রয় করে না।

আময়িক প্রয়োগ। দুর্ব্বল অবস্থায় এপোপ্লেক্সি রোগে ১২—১৫ বিন্দু মাত্রায় জলের সহিত মিশ্রিত করিয়া ব্যবহার করিলে স্থায়ী উত্তেজক হইয়া উপকার করে, এবং নষ্ট্রিল দ্বারা ইহার শ্বাস গ্রহণ করিবে।

ব্রঙ্কাইটিস্ রোগে বক্ষঃস্থলে ইহার মর্দ্দন অত্যন্ত উপকারী, এবং ক্রনিক ব্রঙ্কাইটিস্, ক্রনিক্ থাইসিস্ ইত্যাদি নানাবিধ পুরাতন পীড়ায় আদরের সহিত ব্যবহৃত হয়।

বিষাক্ত সর্প দংশন জন্য ইহাই আমাদের প্রধানতম ঔষধ। ১৭৪৭ খৃষ্টাব্দে

সর্প দংশনের চিকিৎসার্থ এই ঔষধ প্রথম ইংলণ্ডে প্রচারিত হয়, ইহার ক্রিয়া বিশুদ্ধ ষ্যাম্রিকের উত্তেজক এবং ব্রাণ্ডি কি অপরাপর উত্তেজক অপেক্ষা ইহার ক্রিয়া প্রবল ও উপকারী। ১০ হইতে ৩০ গ্রেণ মাত্রায় জল অথবা ব্রাণ্ডির সহিত প্রত্যেক অর্দ্ধ ঘণ্টান্তর প্রয়োজনানুসারে আভ্যন্তরিক প্রয়োগ করা যায়।

বাহ্য প্রয়োগে দুষ্ট স্থানে ইহার মর্দ্দন উপকারী, রোগীকে শয়ন অথবা নিদ্রা যাইতে দিবে না; ইতস্ততঃ গমনাগমন করাইবে ও ভয়সূচক শব্দ দ্বারা ভীতি উৎপাদন করিতে চেষ্টা করিবে। অষ্ট্রেলিয়াবাসী প্রফেসার এলবোর্ড লাইকর এমোনিয়া সংযোগে মিশ্রণ প্রস্তুত করিয়া ব্যবহার করিতে আদেশ করেন। ষ্ট্রং লাইকর এমোনিয়া ও দুই অংশ পরিস্রুত জল একত্রিত করিয়া শরীরের কোন বিশেষ অংশে হাইপোডার্মিক সিরিঞ্জ দ্বারা রক্তে প্রবেশ করাইবে।* রোগীর অবস্থানুসারে উপরোক্ত উপায়ে প্রায় ২০ জন রোগীর চিকিৎসা করা হয়, যদিও তাহারা চিকিৎসার অযোগ্য অবস্থাপন্ন হইয়া ছিল তথাপি উক্ত ঔষধ প্রয়োগে ১৭ জন সম্পূর্ণ আরোগ্য হয়। অপরাপর বহুতর চিকিৎসকগণ বিষাক্ত সর্প দংশন জন্য লাইকর এমোনিয়াকে শ্রেষ্ঠ বিবেচনা করেন না এবং তাঁহাদের মতে পিচকারী দ্বারা রক্তে প্রবেশ করাইতে কোন আপত্য নাই বরং উপকার হইলে ও হইতে পারে। বোল্‌তা বৃশ্চিকাদি বিষাক্ত কীট দংশিত স্থানে লাইকর এমোনিয়া, টিংচার অপিয়ম্, ও অলিভ্ অয়েল সম পরিমাণে মিশ্রিত করতঃ মর্দ্দন করিলে অত্যন্ত উপকার দর্শে এবং অপর সামান্য পরিমাণে লাইকর এমোনিয়ার সহিত জল মিশ্রিত করতঃ আভ্যন্তরিক প্রয়োগ করিলে সমধিক উপকার হয়।

প্রুরাইটিস্ পিউডেন্ডাই, নামক চুলকণা রোগে ডাক্তার ডিউ-উইস বলেন অর্দ্ধ হইতে এক ড্রাম লাইকর এমোনিয়া ১০ আং জলের সহিত মিশ্রিত করিয়া যোনি মধ্যে ইন্‌জেক্‌সন্ অর্থাৎ পিচকারী প্রয়োগ করিলে যথার্থ উপকার করে, এবং তিনি ঐ রূপ চিকিৎসা দ্বারা অনেকানেক রোগী আরোগ্য করিয়াছেন। টিক্‌ডলোরু বা মুখমণ্ডলের স্নায়ুশূল রোগে বহুবিধ ফ্রান্সদেশীয় চিকিৎসকগণ ইহার শ্রেষ্ঠত্ব প্রমাণ করিয়াছেন। যদ্যপি অত্যধিক অশ্রু বা লালা নিঃসৃত হয় তবে ইহার বাহ্যিক ব্যবহার দ্বারা সম্ভবতঃ অবশ্যই উপ-

কার হইবে। ২০ মিনিম মাত্রায় জলের সহিত আভ্যন্তরিক প্রয়োগ করা যায়। বেলড্‌নেস্ Baldness বা টাকপড়া এবং এলোপেসিয়া Alopecia রোগে যায়, উইলসন্ বলেন, নিম্নলিখিত ঔষধ সহ ব্যবহার করিলে যথেষ্ট উপকার হয়। নানাবিধ অবস্থায় এস্‌ফেক্‌সিয়া বা শ্বাস রোধের অবস্থা উপস্থিত হইলে বিশেষতঃ মাদক বিষ দ্বারা, ক্লোবফরম বা ব্রাণ্ডি ব্যবহারে শ্বাস রোধের উপক্রম হইলে ইহার আঘ্রাণ দ্বারা অপরিসীম উপকার দর্শে।

R,

Oil. Amygd.
Liqr Ammoniæ a a oz. i
Spt. Rosmarini,
Aqua Mellis a a oz iii
M. ft, lotion for external
applicate only. (Hair oil)

Ammoniæ Benzoas, — Benzoate of Ammonia.

এমোনি বেঞ্জোয়াস্। — বেঞ্জোয়েট অব্ এমোনিয়া।

মাত্রা। ৩—১০ গ্রেণ।

ক্রিয়া। ডাইউরেটিক এবং ষ্টিমুলেণ্ট্। ইহার উত্তেজনাশক্তি মূত্র যন্ত্রের মিউকস্ মেম্ব্রেনে প্রকাশিত হয়। ইহার ক্রিয়া অধিকাংশই বেঞ্জয়িক এসিডের অনুরূপ কিন্তু তদপেক্ষা জলে অতি শীঘ্র দ্রব হয়। ইহার ব্যবহারে মূত্রে এসিড বৃদ্ধি হয় এবং তৎপর বেঞ্জয়িক এসিড হিপিউরিক্ এসিডে পরিণত হইয়া মূত্র যন্ত্র দ্বারা বহির্গত হয়। ইহা দ্বারা প্রস্রাবের ইউরিক এসিড্ প্রস্তুত হয় না।

আময়িক প্রয়োগ। ব্যবহার প্রায় বেঞ্জয়িক এসিডের অনুরূপ। ক্রণিক সিষ্টাইটিস্ বা ব্লাডারের পুরাতন ইন্‌ফ্লেমেসনে ডাক্তার গেরড ইহার বিস্তর প্রশংসা করেন, এবং ফস্ফেটিক্ ডিপজিট্ অবস্থায় অত্যন্ত আদরে ব্যবহৃত হয়।

লিভারের কারণজনিত এসাইটিস্ রোগে ডাক্তার মার্চিসন ১০—২০

গ্রেণ মাত্রায় বেঞ্জোয়েটেড্ এমোনিয়ার সহিত মিউরিয়েট অব্ এমোনিয়া প্রয়োগ করিতে আদেশ করেন। এবং তিনি আরো বলেন যে ইহার সহিত টেরাক্সিকম্ মিশ্রিত করিলে আরও উপকার হয়।

স্কার্লেটিনা সহ এলবিমিনোরিয়া ও হিমেটিউরিয়া বর্ত্তমান থাকিলে ৫ গ্রেণ মাত্রায় ব্যবহার্য্য।

Ammouiæ Carbonas,	Carbonate of Ammonia.
এমোনি কার্ব্বনাস্।	কর্ব্বেনেট্ অব্ এমোনিয়া

নামান্তর। সাল্ভলেটাইল।

মাত্রা। ৩—১০ গ্রেণ্।

প্রয়োগরূপ ১টী।

১। এরোমেটিক্ স্পিরিট্ অব্ এমোনিয়া। মাত্রা ২—১ ড্রাম্।

ক্রিয়া। এণ্টাসিড্, ষ্টিমুলেণ্ট্, ডায়েফরেটিক্, এক্স্পেক্টোরেণ্ট্ ও এমেটিক্। জীবনী শক্তি নিস্তেজ হইয়া পড়িলে, সমুন্নত রাখিবার জন্য অন্যান্য এল্কেলাইন্ কার্ব্বনেট্ অপেক্ষা শ্রেষ্ঠ। ইহার ঘর্ম্মকরণ শক্তি অত্যন্ত স্পষ্ট। ডাং রিংগার্ বলেন ১—২ গ্রেণ মাত্রায় বারম্বার ব্যবহার করিলে ইহা দ্বারা প্রচুর ঘর্ম্ম নির্গত হয় এমন কি একোনাইট্ বা এণ্টিমনিয় ন্যায় ফলদায়ক। সুতরাং জ্বর রোগে ঘর্ম্ম করণার্থ বিস্তর ব্যবহৃত হয়। ৩০ গ্রেণ মাত্রায় ইহা দ্বারা বমন উৎপন্ন করে। অধিক মাত্রায়, উদরে বেদনা, আক্ষেপ, এবং স্নায়ু মণ্ডলের ভয়ানক পরিবর্ত্তন লক্ষিত হয়। কার্ব্বনেট্ অব্ এমোনিয়া অধিক দিন ব্যবহার করিলে ইহা দ্বারা মস্তকে এক প্রকার ফুলকণা বহির্গত হয় এবং চর্ম্মপ্রদেশ বিশেষ উত্যক্ত হয়। সিঙ্কোপ্, এস্ফেক্শিয়া ও হিষ্টিরিয়া রোগে, রোগীকে চৈতন্য করণ জন্য স্মেলিং সালটস্ অত্যন্ত ব্যবহার্য্য ও মূল্যবান। এফার্ভেসিং ড্রাপ্ট্ (Effervescing draught) প্রস্তুত করণ জন্য ও ব্যবহৃত হইতে পারে। ইহার ব্যবহারে অতি শীঘ্র ঘনীভূত শ্লেষ্মা তরল হইয়া বহির্গত হয়।

আময়িক প্রয়োগ। এটনিক্ ডিস্পেপ্শিয়া সহ বুকজ্বালা, অম্লাধিক্য এবং আধ্মান বর্ত্তমান থাকিলে বিশেষতঃ হিষ্টিরিয়া গ্রস্ত স্ত্রীলোকদিগের পক্ষে ইহা

অত্যন্ত উপকারী। ইহার সহিত এরোমেটিক্ ওয়াটার্ বা বিটার ইন্‌ফিউশন্ মিলাইয়া ৫—৮ গ্রেণ্ মাত্রায় প্রয়োজ্য।

হৃদপিণ্ডের পীড়াজনিত এজ্মা রোগে ডাং হোপ্ ১০—১৫ গ্রেণ মাত্রায় ব্যবহার করিতে আদেশ করেন।

ক্যাংক্রম্ ওরিস্ রোগে অনেকানেক চিকিৎসক ইহার প্রশংসা করেন। এবং ৫ গ্রেণ্ মাত্রায় প্রত্যেক ২। ৩ ঘণ্টান্তর আভ্যন্তরিক ব্যবহার করিয়া স্থানিক ব্যবহারের জন্য ষ্ট্রং নাইটিক্ ব্যবস্থা করিলে অতি সহজে স্লাফ্ বা পচ্‌লা দূরীকৃত হইয়া যাইবে।

ডায়েবিটিস্ মেলিটাস বা শর্করাযুক্ত বহুমূত্র রোগে ডাক্তার বার্লো প্রথমতঃ ইহার উপকারিতা নিশ্চয় করেন, তিনি ও অন্যান্য চিকিৎসকগণ বলেন যে ইহা ব্যবহারে পিপাসা তিরোহিত হয় এবং মূত্রের সহিত শর্করার ভাগ হ্রাস হইয়া আসে। ডাক্তার বেসম্ নিম্নলিখিত ব্যবস্থা করেন।

R.

Ammonia Corb
Ammonia Phosphat
Soda bi-carb a a gr. x
Tinct Zingib *m* x—xv
Aq.————————ad oz. i

M.

নিওমোনিয়া বা ফুস্‌ফুস্ প্রদাহ রোগে ডাক্তার ওয়াটাস্ বলেন টার্টার এমেটিক সামান্য মাত্রায় ব্যবহার করা অযোগ্য হইলে কার্ব্বনেট্ অব্ এমোঃ ও ক্লোরফর্ম্ অত্যন্ত উপকারী, এলকোহলিক ষ্টিমুলেণ্ট্ সহযোগে বা অন্যান্য ঔষধ সহও ব্যবহার করা যায়। গ্যাংগ্রিন্ অব্ লঙ্স্ বা ফুস্‌ফুসের গলিত অবস্থায়, টীংচার সিঙ্কোনার সহিত ব্যবহারার্থে কার্ব্বনেট্ অব্ এমোনিয়া নিয়া ব্যতীত অন্য সম্বল আমাদের অতি বিরল। ব্রঙ্কাইটিস্ রোগের প্রারম্ভ অবস্থায় যখন সামান্য পরিমাণে জ্বরীয় লক্ষণ বিদ্যমান থাকে তদবস্থায় কার্ব্বনেট্ অব্ এমোনিয়ার সহিত স্পিরিট ক্লোরফর্ম্ মিশ্রিত করতঃ ব্যবহার করিবে। এতদ্ ব্যতীত ভাইনম্ ইপিকাকুয়ানা, টিংচার সিলা, সিরপটল্, ইত্যাদি

নানাবিধ কফ নিঃসারক সহ ব্যবহার করা যায়। যখন শ্লেষ্মা অত্যন্ত কঠিন ও কাশীর সহিত আক্ষেপিক লক্ষণ বর্ত্তমান থাকে তদবস্থায় টিংচার লোবেলিয়া স্বল্প মাত্রায় মন্দ নয়। অনুপানার্থে ইনফিউশন্ অব্ সেনেগা অথবা কেম্ফার্ ওয়াটার সহ ব্যবহার্য্য।

বৃদ্ধাবস্থায় এষ্থেনিক্ ব্রঙ্কাইটিস্ রোগে উপরোক্ত নিয়মানুসারে ব্যবহার্য্য। ডাক্তার হিলার্স ছেলে বয়সের ব্রঙ্কাইটিস্ রোগে নিম্নলিখিত ব্যবস্থা প্রদান করেন যথা—

R.

Ammonia Carb	gr. viii—xii
Tinct Scilla	m. xx
Syrup	dr, ii
Decoct Senega	ad oz. ii

Mist, dose, two teaspoonful for a child three years old.

উত্তাপ ও আর্দ্রতা দ্বারা নানাবিব চেষ্ট্ডিজিজ বা বক্ষ গহ্বরীয় পীড়ায় কার্ব্বনেট্ অব্ এমোনিয়া সর্ব্বদা প্রযুজ্য।

ক্রূপ্ রোগে উত্তেজক এবং কফ নিঃসরণ জন্য অথবা কথন ও বমন করনাভিপ্রায়ে কার্ব্বনেট্ অব্ এমোনিয়া ব্যবহার্য্য।

কোরিয়া, এপিলেপ্সি বা হিষ্টিরিয়া রোগে প্রয়োজনানুসারে কার্ব্বনেট্ অব্ এমোনিয়া ব্যবহৃত হয়। নানাবিধ চর্ম্ম রোগে বিশেষতঃ লেপ্রা সোরাইসিস্, এরিছিপেলাস্ আদি পীড়ায় ৫ গ্রেণ হইতে আবস্ত করিয়া ক্রমে ২০ ৩০ গ্রেণ পর্যান্ত মাত্রা বৃদ্ধি করিলে সময় সময় সমূহ উপকার হইয়া থাকে।

স্কার্লেটফিবার্ ম্যলপক্স্ ইত্যাদি পীড়া সকলে বিশেষ আদরের সহিত ব্যবহৃত হয়, ৩ হইতে ৭।৭ গ্রেণ পর্য্যন্ত রোগীর বয়সানুসারে মাত্রা বৃদ্ধি করিবে।

আর্টিকেরিয়া ও রজিওলা ইৎপন্ন হইলে অনেকানেক চিকিৎসক কার্ব্বনেট্ অব্ এমোনিয়া প্রভূত পরিমাণে প্রয়োগ করেন।

গ্ল্যাণ্ডার্স রোগে কার্ব্বনেট্ অব্ এমোনিয়া দ্বারা উপকারের সম্ভাবনা। ইপিকাকুয়ানা দ্বারা বমন করাইয়া তৎপর কার্ব্বনেট্ অব্এমোনিয়ার সহিত

জল মিশ্রিত করতঃ ব্যবহার করিবে এবং রাত্রিতে শয়নের পূর্ব্বে ওপিয়ম্ ব্যবস্থা করিবে।

মার্কুরিয়েল এরিথিজম্ অবস্থায় ইহার আভ্যন্তরিক প্রয়োগ অমোঘ এবং ইন্‌জেকসন জন্য কেম্ফার ও অপরাপর উত্তেজক ঔষধ সহ ব্যবহার্য্য।

অত্যধিক মদ্য পান জনিত ঘোরমত্তভাবস্থায় কার্ব্বনেট্ অব্ এমোনিয়া আঘ্রাণ করাইবে এবং প্রয়োজনানুসারে আভ্যন্তরিক ব্যবহার করিলে ও বিশেষ উপকার সাধিত হয়।

অপর ক্লোরফরম্ আঘ্রাণের পর রোগী শীঘ্র চৈতন্য প্রাপ্ত না হইলে, অথবা অপর কোন কারণে অজ্ঞানাবস্থা হইতে চৈতন্য সম্পাদন জন্য কার্ব্বনেট্ অব্ এমোনিয়া একটী ষ্টপার্ড শিশিতে বদ্ধ করিয়া, তৎপর কাক খুলিয়া আঘ্রাণ করিলেই চৈতন্য প্রাপ্ত হইবে।

Ammoniæ Phosphas,	Phosphate of Ammonia.
এমোনি ফস্ফাস্।	ফস্ফেট্ অব্ এমোনিয়া।

মাত্রা—৫—২০ গ্রেণ্ দিবসে ২। ৩ বার।

ক্রিয়া। ডায়েফরেটিক্ এবং ডিস্‌কুশি য়েন্ট্ এবং ইউরিক এসিড্ সঞ্চিত হইয়া পাথরি রোগ উৎপন্ন হইলে, দ্রবীভূত করণ জন্য ইহার ব্যবহার করা যায়। ইউরিক্ এসিড্ ডায়েথিসিস্ রোগে ইহার ব্যবহার প্রচলিত।

আময়িক প্রয়োগ। রিউমেটিজম্ ও গাউট্ রোগে ইহা দ্বারা বহুল উপকার দর্শে। চিন্তাকরিয়া দেখিলে প্রতিপন্ন হইবে যে, গাউট্ রোগে শরীরে যে ইউরেট্ অব্ সোডা জন্মে, ফস্ফেট্ অব্ এমোনিয়া দ্বারা ফস্ফেট্ অব্ সোডা এবং ইউরেট্ অব্ এমোনিয়া রূপে পরিণত হইয়া অপস্রাবক পদার্থ সহ শরীর হইতে বাহির হইয়া যায়। ক্রণিক্ গাউট্ রোগে ডাং গ্যেরড্ বহুদিন পর্য্যন্ত ইহার ব্যবহারে সন্তোষ প্রকাশ করেন।

ডায়েবিটিস্ রোগে, ফস্ফেট্ অব্ এমোনিয়া, কার্ব্বনেট্ অব্ এমোনিয়া, স্পীরিট্ এমোনি এরোমেটি এবং লিমনজুস্ মিশাইয়া জলের সহিত ব্যবস্থা করা যায়।

Ammoniæ Spiritus Aromaticus. Aromatic Spirit of Ammonia.

এমোনিস্পিরিটাস্, এরোমেটিকাস্। এরোমেটিক্ স্পীট্ অব্ এমোনিয়া।

ইহাকে স্পীট্ অব্ সাল্ ভলেটাইল্ ও বলে ।

মাত্রা। ½—১ ড্রাম, জলের সহিত।

ক্রিয়া। ষ্টিমুলেণ্ট্। মিষ্ট গন্ধজন্য, ইহা লাইকর এমোনিয়া হইতে অধিক ব্যবহার্য্য এবং সুবিধাজনক। উত্তেজনার্থ অধিকাংশ সময়ে ইহার ব্যবহার প্রচলিত।

আময়িক প্রয়োগ: ইহার ব্যবহার প্রায় লাইকর এমোনিয়ার ন্যায়। সিংকোপ, হিষ্টিরিয়া, নার্ভাস্ ডিবিলিটি, ছেলেদের উদরাধ্মান ও শূল রোগে, হার্টবার্ণ্ এবং অম্লাধিক্যাবস্থায় ইহা অত্যন্ত আদরের সহিত ব্যবহার্য্য। ছেলেদের উদর ফাঁপিয়া উঠিলে ২—৫ বিন্দু মাত্রায় দুগ্ধের সহিত ব্যবহার করা যায়।

Ammoniæ Spiritus Fœtidus. Fœtid Spirit of Ammonia.

এমোনি স্পিরিটাস্, ফটিডাস্। ফটিড্ স্পিরিট্ অব্ এমোনিয়া।

মাত্রা ½—১ ড্রাম্।

ক্রিয়া। ষ্টিমুলেণ্ট্ ও এণ্টিস্প্যাজ্ মডিক্।

আময়িক প্রয়োগ। হিষ্টিরিয়া, ও হিষ্টিরিয়া গ্রস্থ স্ত্রীলোক দিগের উদরাধ্মান রোগে ½—১ ড্রাম্ মাত্রায় বিশেষ যোগ্যতার সহিত ব্যবহার্য্য।

ছেলেদের উদরাধ্মান হইয়া নিতান্ত যন্ত্রণা দায়ক হইয়া উঠিলে ইহার সহিত কার্ব্বনেট্ অব্ মেগ্নেশিয়া ও একোয়া এনিথি মিলাইয়া ব্যবহার করিলে অতিঃ আশ্চর্য্য উপকার প্রাপ্ত হওয়া যায়।

Ammonii Chloridum. Chloride of Ammonium.

এমোনি ক্লোরাইডম্। ক্লোরাইড্ অব্ এমোনিয়ম্।

নামান্তর—এমোনিহাইড্ ক্লোরাস্। হাইড্রোক্লোরেট্ অব্ এমোনিয়া। সাল্ এমোনিয়েক্। নিসাদল।

মাত্রা। ৫—২০ গ্রেণ্।

ক্রিয়া।—ডায়েফরেটিক্, ডাইউরেটিক্, ষ্টিমুলেণ্ট, অল্টারেটিব্, কোলেগগ্, এক্স্পেক্টোরেণ্ট, এমিনেগগ্ ইত্যাদি। ইহার বিশেষ ক্ষমতা এইযে, ব্যবহারে পোর্টেল্ সার্কুলেশনের অবস্থা পরিবর্ত্তিত হয়। আভ্যন্তরিক কন্জেস্শন্ দূর করে এবং লিভারের উপর অধিকতর প্রকাশ পায়। প্রয়োগার্থ ফিবার ও হার্ণিয়া রোগে কোল্ড্ লোশন্ প্রস্তুত করিয়া ব্যবহার করা যায়। ইন্ফ্লামেশন দূরীভূত করণ জন্যও ব্যবহৃত হয়। পটাস্ নাইট্রাস্ ৫ আং এমোনিয়া ক্লোরাইড্ ৫ আং জল ১৬ আং মিলাইবে। অধিক মাত্রায় আভ্যন্তরিক ব্যবহার করিলে উগ্র প্রদাহিক বিষ ক্রিয়া করে।

আময়িক প্রয়োগ। মিল্ক এব্সেস্ রোগে ডাক্তার জেষ্টেমনড্ নিম্নলিখিত লোশন ব্যবহার দ্বারা অনেক স্থলেই সমধিক উপকার লাভ করিয়াছেন।

R.

Ammon Chlor. oz. 1

Spt. Rosmarini O i

নেকড়া উক্ত লোশনে ভিজাইয়া সর্ব্বদা রুগ্ন স্থানোপরি সংলগ্ন করিয়া রাখিবে। ইহা প্রধানতঃ এব্সেসে পূজ জমাট হওয়ার, পর স্তনের কাঠিন্যাবস্থায় প্রযোজ্য। অন্যবিধ গ্লেণ্ডুলার এন্লার্জমেণ্ট্ এবং ইমসিপিয়েণ্ট এবসেসে ইহার প্রয়োগ অতীব উপকারী।

ডাক্তার লিগুসে বাঘি না পাকিলে অর্থাৎ ইনডোলেণ্ট বিউবোর অবস্থায় ক্লোরাইড্ অব এমোনিয়া দুই ড্রাম, এবং জল ১ এক আং সহযোগে প্রস্তুত উক্ত দ্রাবণ সত্বর বাঘি বসাইতে প্রয়োগ করিতেন।

শীতলাগিয়া এফোনিয়া অর্থাৎ স্বরভঙ্গ হইলে ক্লোরাইড্ অব্ এমোনিয়ার আঘ্রাণ নিলে বেশ উপকার হয়। এইপ্রকার অনেকানেক স্থলে ডাক্তার বিগেল ক্লোরাইড্ অব্ এমোনিয়া বাষ্পের ইনহেলেসন অর্থাৎ আঘ্রাণ প্রয়োগ করিয়া অত্যুৎকৃষ্ট ফললাভ করিয়াছেন।

একিমসিস্ অবদি আই বা ব্লেক্ আই, উপরোক্ত অবস্থায় ক্লোরাইড্ অব এমোনিয়া দ্বারা সলিউশন প্রস্তুত করতঃ পাওয়াকুটীর শাঁস অথবা তিসি দ্বারা নরম পুল্টিস নির্ম্মাণে বাহ্যিক ব্যবহার করিলে সমূহ উপকার দর্শে। ব্রুস্ ও স্প্রেইন্ অবস্থায় বেদনা ও আরক্ততা দূরীভূত করণ জন্য পূর্ব্বোক্ত পুল্টিস্ ব্যবহার্য্য । নিউরালজিয়া রোগে বিশেষতঃ মুখ মণ্ডলের স্নায়বিক বেদনারোগে ক্লোরাইড্ অব্ এমোনিয়া অর্দ্ধড্রাম মাত্রায় বারংবার অথবা দিবসে দুই তিনবার প্রয়োগ করিলে বহুল উপকার দর্শে। ডাক্তার ওয়াট্সন বলেন যে তাঁহার নিজের বহুদর্শিতা দ্বারা অনেক রোগী ঐরূপ অবস্থায় আরোগ্যলাভ করিয়াছেন, এতদ্ব্যতীত অন্যান্য প্রকার নিউরাল জিয়াতে ও ইহা দ্বারা সন্তোষ জনক ফললাভকরা গিয়াছে। ফ্লোরেন্স্ নগরস্থ ডাং ইয়ং বলেন ইহার ক্রিয়া প্রকাশার্থ, নিউরালজিয়া রোগে একটুকু মধ্যবর্ত্তী সময় রাখিয়া ব্যবহার করিলে অর্থাৎ প্রত্যেক ৪ ঘণ্টান্তর ব্যবহার করিলে যে রূপ স্পষ্ট উপকার বোধ হইবে, প্রত্যেক ১ কি ২ ঘণ্টান্তর প্রদান করিলে এতদ্রূপ হইবার সম্ভাবনা নাই। স্ত্রীলোক দিগের দুগ্ধপান কালীন ইণ্টার কষ্টাল নিউরাল্জিয়া উৎপন্ন হইলে ডাং এনেষ্টি ইহার প্রসংশা করেন এবং সায়েটিকা রোগেও ব্যবহৃত হইতে পারে। হিপেটেল্জিয়া, এবং ওভেরিয়েন্ নিউরাল্জিয়া রোগেও প্রযোজ্য। এরূপাবস্থায় ১০—১৫—৩০গ্রেণ্ পরিমাণে ব্যবস্থা কর্ত্তব্য। নানাবিধ কারণ জানত হেডেক্ নিবারণজন্য ১০—২০ গ্রেণ মাত্রায় ব্যবহার করা যায় কিন্তু ঋতুর পরিবর্ত্তন বশতঃ শিরঃপীড়াবস্থায় ইহা দ্বারা উপকারের আশা তত সম্ভবনীয় নয়। কিন্তু এমিনোরিয়ার লক্ষণসহ হেডেক থাকিলে সম্ভবতঃ উপকারের সম্ভাবনা। এবং এমিনোরিয়া রোগে কেহ কেহ ইহার প্রসংশা করেন।

একটী চিকিৎসক বলিয়াছে, প্রষ্টেটিক্ এন্লার্জমেণ্টে ১৫—৩০ গ্রেণ্ মাত্রায় ব্যবহার করিলে উপকার হইতে পারে।

ক্রণিক্ ব্রঙ্কাইটিস্, নিউমোনিয়ার প্রাবল্য সময়, অথবা ফুস ফুস মধ্যে কনজেস্শন্ বা বৃদ্ধাবস্থায় কফ রোগে, ইহার সহিত অপরাপর ঔষধ মিশ্রিত করিয়া প্রয়োগ মন্দ নয়। ইপিকাকুয়ানা, সেনেগা, স্কুইল প্রায় সর্ব্বদাই প্রযোজ্য।

মান্দ্রাজ প্রেসিডেন্সিস্থ ডাং ষ্টুয়ার্ট তাহার স্বকীয় পরীক্ষা দ্বারা স্থির করিয়াছেন যে লিভারের নানাবিধ পীড়ায় ক্লোরাইড অব্ এমোনিয়া প্রায় অমোঘ। হিপেটাইটিস্, লিভার এব্‌সেসাদি নানাবিধ অবস্থায় অত্যন্ত আদরের সহিত প্রতি নিয়ত ব্যবহৃত হইতেছে। অনেকানেক ফিজিশিয়ান্‌গণ পরীক্ষা দ্বারা লিভারের উপর ইহার স্পেসিফিক্'বা বিশেষ ক্ষমতা আছেবলিয়া মুক্তকণ্ঠে স্বীকার করেন। একিউট ডিসেন্ট্রী রোগে ক্লোরাইড্‌কে কেহ কেহ আদেশ করেন বটে কিন্তু নিশ্চয়তা স্পষ্ট নহে। লিভারের কন্‌জেস্‌শন বর্ত্তমান থাকিলে নিরাপদে প্রয়োগ করিবে। ডাং বার্ড বলেন ৫—১০ গ্রেণ মাত্রায় এমোনিয়া ক্লোরাইড দ্বারা ওয়াক্সি লিভারেও সুন্দর উপকার পাওয়া গিয়াছে।

একিউট জণ্ডিস্ বা রক্তের সহিত পিত্ত অত্যধিক পরিমাণে মিশ্রিত হইয়া চক্ষের বর্ণ পীতাক্ত করিয়া ফেলিলে অথবা যদ্যপি বাইল্ বা পিত্ত একবারে বন্ধ থাকে তাহা হইলে, ডাং এনেষ্টি বলেন ২০ গ্রেণ মাত্রায় প্রত্যেক ঘণ্টান্তর প্রয়োগ করিয়া তিনি প্রায় কখনও অসিদ্ধকাম হন নাই। হিপেটেল্‌জিয়া রোগেও ইহার উপকার অতি স্পষ্ট।

ড্রপসিকেল্ এফেক্‌শনে বা শোথ রোগে ইংলণ্ডে অনেকে তত ব্যবহার করেন না। কিন্তু ইউরোপের অপরাপর স্থানে অনেকেই প্রায় ব্যবহার করেন বিশেষতঃ লিভারের কারণজনিত ড্রপসি অথবা ওভেরিয়ান্ ড্রপ্‌সি রোগে বিশেষরূপে ব্যবহার্য্য। ডাং কোপ্‌লাণ্ড অপরাপর মূত্রকারক সহ ব্যবহার করিতে আদেশ করেন।

ইউট্রাসের ফাইব্রাস্ টিউমার রোগে ফিলেডেল ফিয়াতে ইহার ব্যবহার প্রচলিত। তথায় ১০ গ্রেণ মাত্রায় দিবসে ২। ৩ বার করিয়া প্রায় কথক দিবস প্রয়োগ করা হয়।

পেসিব্ হেমোরেজ নিবারণজন্য এবং হিমপ্‌টিসিস্, ইউট্রাইন্ হেমোরেজাদি রোগে অল্প মাত্রায় ওপিয়ম এবং সিনকোনা সহ যোগে প্রয়োগ করা যায়।

সিনাইল্ গ্যাংগ্রীন্ বা গ্যাংগ্রীন্ বৃদ্ধাবস্থায় উদ্ভব হইলে ইহার ব্যবহার প্রচলিত আছে।

হুপিং কফ রোগে ইহাকে ডাং কোপ্‌লাণ্ড প্রশংসা করেন এবং প্রয়োজ-

নানুসারে মধু, ইপিকাকুয়ানা, ইত্যাদি সহ ব্যবহার করিলে এমোনিয়া ক্লোরাইড্ রিফ্রিজারেন্ট ও এন্টিস্পেজ্‌ মডিক্ এবং টনিক্ একশন্ করিয়া উপকার করে।

মাইয়েলজিয়া বা পেশীশূল রোগে বহুবিধ চিকিৎসক ইহার প্রতি অকৃত্রিম অনুরাগ প্রকাশ করেন। অত্যধিক পরিশ্রম বশতঃ বক্ষপ্রাচিরস্থ ইণ্টার্ কষ্টেল্ মাসল্‌স্ বা পর্শুকা মধ্যস্থিত পেশী বেদনাযুক্ত হইলে রোগীকে সুস্থির অবস্থায় রাখাই সর্ব্বতোভাবে কর্ত্তব্য। তৎপর ১০—২০ গ্রেণ মাত্রায় ব্যবহার করিলে প্রায় অব্যর্থ হইয়া ফলদান করে। ডাঃ ফুলার্ বলেন ক্রনিক্ রিউমেটিজম্ রোগে অন্যান্য ঔষধ ব্যর্থ হইলে ইহার ১৫—২০ গ্রেণ মাত্রায় ব্যবহার দ্বারা উপকারের সম্ভাবনা। কিন্তু মাস্‌কিউলার্ রিউমেটিজম্ রোগে ইহার ফল অতি চমৎকার। পেরিওষ্টিয়ম্ ও সন্ধি আক্রান্ত হইলে কোন কোন সময় ব্যবহৃত হইতে পারে।

Cerebisiœ Fermentum — Beer Yeast.

সেরিবিসি ফার্মেন্‌টাম্। — বিয়ার ইয়েষ্ট।

প্রয়োগরূপ।

১। ইষেষ্ট্ পুলট্টিস্।

ক্রিয়া। ½—১ ড্রাম মাত্রায় ষ্টিমুলেণ্ট্, এন্টিসেপটিক্। শুধু বাহ্য প্রয়োগার্থ পুলটিস্ আকারে ব্যবহার করা হয়।

আময়িক প্রয়োগ। পচা দুর্গন্ধযুক্ত, ধ্বংশযুক্ত ক্ষত সকলে, এবং ক্যান্সারাস্ ক্ষতে বাহ্য প্রয়োগার্থ ইহার পুলটিস্ ব্যবহার হয় এবং ইহার ব্যবহারে শিঘ্র ক্ষতের অবস্থা পরিবর্ত্তিত হইয়া উঠে অথচ পচলা দূরীভূত হইয়া পড়ে। বাহ্য প্রয়োগার্থ পুলটিসের সহিত চারকোল বা অঙ্গার মিশ্রিত করিলে অধিক উপকার করে।

টাইএয়েড্, টাইফস্, মেলিগনেন্ট্ স্কার্লেট্ ফিবারেও ব্যবহার হইতে পারে। এতদ্ব্যতীত ডাইরিয়া ডিসেণ্ট্রীতে ও ব্যবহৃত হয়।

Potassii Sulphas. — Sulphate of Potassium.

পটাসি সাল্ফাস্। — সাল্ফেইট্ অব্ পটাসিয়ম্।

মাত্রা—১৫—৬০ গ্রেণ্।

ক্রিয়া ও ব্যবহার। ১৫—৬০ গ্রেণ্ মাত্রায় এপিরিবেণ্ট্ বা মৃদু বিরেচক। সাধারণতঃ রিয়াই সহ ব্যবহার্য্য কিন্তু ১—২ আং মাত্রায় উত্তেজক বিষের ন্যায় কার্য্যকরে। ইহার ক্রিয়া এতউগ্রযে, মাত্রার তারতম্যানুসারে মৃত্যুপর্য্যন্তও হইতে পারে। এবর্সন করণজন্য সাধারণতঃ ফ্রেন্স্ দেশে ইহার ব্যবহার প্রচলিত। ফ্রেন্স্ ফিজিশিয়ানগণ দুগ্ধ বোধার্থে ইহার ব্যবহার করেন। পাল্ব্ ইপিকাক্ কম্পৌণ্ড্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয় ডাং টি টম্শন্ বলেন অন্যান্য বিরেচক হইতে ইহার ক্রিয়া উত্তম। জণ্ডিস্, ডিস্পেপ্শিয়া, ও হেমোরয়েড্স্ রোগে দেওয়া যায়।

Armoraciæ Radix. — Horse-radish Root.

আর্মোরেসি রেডিকস্। — হর্স্ রেডিস্ রুট্।

প্রয়োগ রূপ।

১। কম্পৌণ্ড্ স্পিরিট্ অব্ হর্স্ রেডিস্। মাত্রা ১—২ ড্রাম্।

ক্রিয়া। ষ্টিমুলেণ্ট্, এণ্টিস্কর্বিউটিক্ এবং ডাইউরেটিক্। আভ্যন্তরিক ব্যবহার করিলে ইপিগ্যাষ্ট্রিয়ামে একপ্রকার উত্তাপ অনুভব হয়, ক্ষুধা এবং পরিপাক শক্তি বৃদ্ধি করে। ইহার ব্যবহার দ্বারা চর্ম্ম ও মূত্রযন্ত্রের ক্রিয়াধিক্য হয়। উত্তপ্ত ইন্ফিউশন্ ব্যবহারে বমিহয়। বাহ্যপ্রয়োগে স্থানিক উগ্রতা সাধক ও ফোস্কাকারক এবং কখনও সেলাইভা বৃদ্ধিকরে। ভলেটাইল্ অয়েলের উপর ইহার ক্রিয়া নির্ভর করে।

আময়িক প্রয়োগ। ড্রপসিকেল্ এফেক্শন্, পেরালিটিক্ এফেক্শনে, হউট্রাইনু এফেক্শন্, টুস্এক্ ইত্যাদি নানাবিধ পীড়ায়, নানাবিধ উপকারের জন্য ব্যবহৃত হয়।

Ether. — Æther.

ইথার্। — ইথার্।

পূর্ব্বনাম সালফিউরিক ইথার।

প্রয়োগ রূপ।

১। স্পিরিট্ অব্ ইথার্। মাত্রা—½—১½ ড্রাম।

ক্রিয়া। ডিফিউজিবল্ ষ্টিমুলেণ্ট্, এণ্টিস্পেজ্মডিক্, এবং বাহ্য প্রয়োগে ইহার বাষ্প অত্যন্ত স্পর্শ কারক। কোন রোগীকে অজ্ঞান করান জন্য ১৮৪৬ খৃঃ অব্দে প্রথমতঃ ইহার প্রচলন হয় এবং অস্ত্র চিকিৎসার জন্য অজ্ঞান করাইতে ব্যবহৃত হইত কিন্তু ক্লোরফরম্ হইতে কার্য্যতা সম্বন্ধে অনেক প্রভেদ রহিয়াছে। যথা—ক্লোরফরম্ হইতে ইহা দ্বারা উত্তেজনা অধিক হয়। ক্লোরফরম্ দ্বারা হৃদপিণ্ড প্রথমতঃ অধিক আকুঞ্চিত হওয়া দূর করে ও পরে যতই প্রয়োগ করা যায় ততই হৃদপিণ্ড দুর্ব্বল হইয়া পড়ে, কিন্তু ইথার দ্বারা যেমন প্রথমতঃ হৃদপিণ্ডের উত্তেজনা বৃদ্ধি হয় কিন্তু যতই প্রয়োগ করা যায় ক্রমশঃ সমভাবেই থাকে অথচ হৃদ পিণ্ডের কার্য্য সবল হয়। ইথার ও ক্লোরাফরম্ এই উভয়েই শ্বাস রোধ করিয়া রোগীর প্রাণই বিনষ্ট করে। কিন্তু ক্লোরোফরম্ দ্বারা হৃদপিণ্ড অত্যন্ত অবসাদিত হয়। ইথারে অত্যন্ত শ্বাসকষ্ঠ হয়।

বাহ্য প্রয়োগে ইরিটেণ্ট্ ও ভেসিকেণ্ট্। অধিক মাত্রায় আভ্যন্তরিক ব্যবহার করিলে, মুখগহ্বর হইতে উদর প্রদেশ পর্য্যন্ত অত্যন্ত ঝাঁজ ও উত্তপ্ত বোধ হইতে থাকে। হৃদপিণ্ড উত্তেজিত হইয়া উঠে। ক্রমে সমস্ত নার্ভাস্ সেণ্টার উত্তেজিত হয় এবং মস্তকে ভারবোধ হইতেথাকে। অধিক পরিমাণ শ্বাস দ্বারা গ্রহণ করিলেও শ্বাস রোধ হইয়া মৃত্যু হইতে পারে। মৃত্যুর পূর্ব্বে এপিলেপ্সির ন্যায় লক্ষণ প্রাপ্ত হয়।

আময়িক প্রয়োগ। ইহার প্রয়োগ রূপটী সাধারণতঃ ব্যবহৃত হয়। এজ্মা বা হাঁপানি কাশি রোগে অনেক চিকিৎসক ইহাকে নিবারণকারী বলিয়া নির্দ্দেশ করেন। কার্ডিয়েক্ নিউরাল্জিয়া, এনজাইনা পেক্টোরিস্, ইউট্রাইন্ ও ওভেরিয়ান নিউর্যাল্জিয়া, নিউরাল্জিক্ ডিস্মেনোরিয়া, ইত্যাদি নানাবিধ অবস্থায় পেলিয়েটিব্ ট্রিট্মেণ্ট্ জন্য ব্যবহার করা যায়। প্রয়োজনানুসারে ইহার স্পিরিটের সহিত ক্যাম্ফার, হেন্বেন্, স্পিরিট্ অব্ সাল্ভলেটাইল্, আদি নানাবিধ ঔষধ সহ প্রয়োজ্য।

ফ্লেটুলেন্স্, ফ্লেটুলেন্ট্ কলিক্ আদি রোগে হিষ্টিরিকেল্ স্ত্রীলোক দিগের জন্য সর্ব্বদা ব্যবহার্য্য।

কলরার কোলাপ্‌স্‌ ষ্টেজে, উত্তেজন্‌ অভিপ্রায়ে সর্ব্বদা ব্যবহার্য্য। অন্যান্য ষ্টিমুলেণ্ট সহ অধিক মাত্রায় দেওয়া যায়।

টাইফাস্‌আদি দুর্ব্বলকারী জ্বর রোগে, নযিয়া, সাব্‌সাল্‌টাস্‌ টেণ্ডিনম্‌আদি দূরীভূত করিয়া উপকার করে।

ইহার এক্‌ বা কর্ণশূল রোগে গরম জলের সহিত মিশ্রিত করিয়া ব্যবহার করা যায়।

হুপিং কফ রোগে ২০—৩০ বিন্দু মাত্রায় এরোমেটিক্‌ ওয়াটার সহ ব্যবহার করিলে অতি চমৎকার উপকার সম্ভাবনা।

Phosphorus. Phosphorus.

ফস্‌ফরাস। ফস্‌ফরাস্‌।

মাত্রা। ১/১০০—১/৩০ গ্রেণ্‌।

প্রয়োগরূপ দুইটী।

১। ফস্‌ফরেটেড্‌ অয়েল। মাত্রা ৫—১০ মিনিম্‌।

২। ফস্‌ফরাস পিল। ২—৪ গ্রেণ্‌।

ক্রিয়া—নার্ভেন্‌ টনিক, ষ্টিম্যুলেণ্ট, এফ্রডিসিয়াক্‌ ও ডায়েফরেটিক্‌, কিন্তু অধিকমাত্রায় উগ্রবিষ ক্রিয়া করে। ফস্‌ফরাস স্বল্প ঔষধীয় মাত্রায় স্পষ্ট ফিজিওলজিকেল একসন প্রকাশ হয়। নার্ভাস সিষ্টেমের দুর্ব্বল অবস্থায় ব্যবহার করিলে উক্ত সিষ্টেমে সুন্দর শক্তি প্রদান করে, তন্নিবন্ধন প্রতিপন্ন হইতেছে যে ফস্‌ফরাসের অংশ সকল পরমাণুরূপে সমস্ত নার্ভাস্‌ সিষ্টেমে পরিচালিত হয়, এবং প্রস্রাবে ফস্ফেটিক মেটার দৃষ্টিগোচর হয়। লৌহ যে প্রকার রক্তের বিশুদ্ধ উপাদান বৃদ্ধি করিয়া শরীরে বলবিধান করে, ঠিক ফস্‌ফরাস ও স্নায়ুমণ্ডলের উপর তদনুরূপ বিশুদ্ধ শক্তি প্রদান করে। ১½ গ্রেণ মাত্রায় কঠিন ফস্‌ফরাস্‌ দ্বারা একটী মনুষ্যের প্রাণ হানি হইতে পারে। এতদ্ব্যতীত ঔষধীয় মাত্রায় ইহার উত্তেজন ক্রিয়া সার্কুলেটরি সিষ্টেমের উপর বিশেষরূপে প্রকাশ পায়, সুতরাং নাড়ির গতি বৃদ্ধি ও পূর্ণতা প্রাপ্ত হয়। অবশেষে সমস্ত শরীর উত্তেজিত হইয়া প্রচুর ঘর্ম্ম বহির্গত হইতে থাকে। যদিও ইহা দ্বারা হৃৎপিণ্ডের ক্রিয়া উত্তেজিত হয় বটে তথাচ পরম্পরিতরূপে শরীরের

উত্তাপ লাঘব হয়, ফস্‌ফরাস্ সেবনের পর শ্বাস প্রশ্বাস দ্বারা রশুনের গন্ধ নির্গত হয় এবং সময় সময় প্রস্রাব উজ্জ্বল চক্‌চকে দেখায়। কেহ কেহ বলেন ইহাদ্বারাই প্রস্রাবে ইউরিয়ার পরিমাণ আধিক্য হয়। বাহ্য প্রয়োগে, দাহক।

কোন কোন মহাত্মা পরীক্ষা দ্বারা স্থির করিয়াছেন যে ফস্‌ফরাস্ দ্বারা শরীরের অস্থি নির্ম্মাণের সাহায্য করে। অধিকমাত্রায় ষ্টম্যাকে ইনফ্লেমেশনের লক্ষণ প্রকাশ পায়, বমন এবং বমিত পদার্থ সহ রক্ত ও শ্লেষ্মা মিশ্রিত থাকে, কখন কখন যকৃতে এট্রফির লক্ষণ প্রকাশ পায়, বমিত পদার্থ সকল অন্ধকারে জ্যোতি বিশিষ্ট দেখায়। উপরোক্ত বিষলক্ষণ সকল ক্রমশঃ বৃদ্ধি পাইয়া রোগীর প্রাণ বিয়োগ হয় এবং মৃত্যুর পূর্ব্বে সময় সময় আক্ষেপিক লক্ষণ প্রকাশ পায়।

ফস্‌ফরাস্ দ্বারা বিষাক্ত হইলে বিষনাশার্থ স্নিগ্ধ পানীয় সেবন করাইবে, এনিমেল্ চারকোল্ ও মেগনেসিয়া ব্যবস্থা করিবে। অবগত হওয়া যায় ২ড্রাম টার্পিণ তৈল দ্বারা ১ এক গ্রেণ ফস্‌ফরাসের ক্রিয়া নষ্ট করা যায়, কিন্তু ফস্‌ফরাস শরীরে আচোষিত হইয়া গেলে টার্পিণ তৈল দ্বারা তত উপকার হয় না। বিষনাশার্থ সলফেট্ অব্ কপার বিবেচিত।

আময়িক প্রয়োগ। ডাক্তার রাউট্, থমসন, এনষ্টি আদি বহুবিধ চিকিৎসকগণ নার্ভাস সিষ্টেম্ বা স্নায়ুমণ্ডলীয় পীড়া সকলে অত্যন্ত যোগ্যতার সহিত ইহা ব্যবহার করিয়া থাকেন। যথা—নানাবিধ নিউরাল্‌জিয়া, অত্যধিক অধ্যয়নজনিত মানসিক পরিশ্রম, মার্ক্যুরি ও অন্যান্য ষ্টিমারে এবং হিষ্টিরিয়া, এপিলেপ্সি, কোরিয়া লোকমোটার এটাক্সি এবং লোকেল পেরালাইসিসে অনির্ব্বচনীয় উপকারী। ডাক্তার টমসন নিউরালজিয়ার জন্য ১/৮ গ্রেণ মাত্রায় এবং ডাক্তার রাউট্ ১/৫০ গ্রেণ মাত্রায় ৪ ঘণ্টা অন্তর ব্যবহার করিতে আদেশ করেন।

ইম্‌প্‌টেনসি বা ধ্বজভঙ্গ রোগে বহুকাল হইতে ইহার ব্যবহার প্রচলিত হইয়া আসিতেছে। জেনারেটিভ্ অর্‌গেন্‌সের উপর উত্তেজনা উদ্ভব করিয়া কার্য করে। এক গ্রেণের ১/৫০ ভাগ বা ১/৩০ ভাগ মাত্রায় ইহা দ্বারা স্পার্ম্মিয়া জনিত মানসিক দুর্ব্বলতা তিরোহিত হয়।

কেহ কেহ বলেন স্পাইনেল্ ইরিটেশন, অত্যধিক মানসিক পরিশ্রম অথবা মানসিক অপরাপর পরিবর্ত্তনে পীড়া উৎপন্ন হইলে ফস্ফরাস ব্যবহৃত হয়। ইন্টার কষ্টেল্ নিউরালজিয়া চার্পেজ জোষ্টার রোগে ডাক্তার ফিলিপস্ বেদনা নিবারণ জন্য ইহার ব্যবহার করিয়া থাকেন।

এসেন্সিয়েল এনিমিয়া অবস্থায় আয়রণ বা লৌহ ব্যর্থ হইলে ফস্ফরাস্ দ্বারা উপকার সম্ভবে। ক্রনিক স্ক্রফিউলাস্ অটরিয়া অবস্থায় ডাক্তার ফিলিপস্ ফসফরাসের প্রশংসা করেন, ইহা দ্বারা নিস্রবণ হ্রাস হয় এবং স্নায়ুমণ্ডলের বল বৃদ্ধি করে। ক্রনিক এলকোহলিজম্ এবং নানাবিধ চর্ম্মরোগে ইহা ব্যবহার করা যায়। বিশেষতঃ একজিমা, সোরায়োসিস্ একনি. লুপাস স্ক্রোফিউলোডার্ম্মা, স্পেম্ফিগাস্ রোগে ফস্ফরাস্ ১০ গ্রেণ অলিভ অয়েল ১ আং ৫—১০ মিনিম মাত্রায় আহারের পর দিবসে দুই তিন বার ব্যবস্থা করিবে। সেবনে অরুচিকর হইলে কেপশুলাকারে ব্যবহার্য্য। এলোপেসিয়া রোগে ইহার বাহ্য প্রয়োগ উপকারজনক। নিওমোনিয়া প্লুরিসি থাইসিস্, ক্রনিক ব্রঙ্কাইটিস্, ডিজঅর্ডার অব্ মেন্স্ট্রুয়েসন্, জ্বরান্তে দুর্ব্বলতা, ডায়েরিয়া, কেরিজ, রিকেটস্ ইত্যাদি বহুবিধ রোগে ফসফরাস ব্যবহৃত হয়।

Moschus. — **Musk.**

মস্কাস্। — মাস্ক্।

কস্তুরি বা মৃগনাভি।

মাত্রা :—৫—২০ গ্রেণ্।

ক্রিয়া।—ষ্টিমুলেন্ট্, কার্ম্মিনেটিব্, এন্টিসপ্যাজ্মডিক্, ডায়েফরেটিক্, ইহার টিংচার্ ও পিল্ আকারে ব্যবহার্য্য। প্রথমতঃ সেবনের পর ষ্টমাকে এক প্রকার উত্তাপ অনুভব হয় তৎপর হার্ট ও নার্ভাস সিষ্টেম উত্তেজিত হইয়া উঠে সুতরাং পরম্পরা সম্বন্ধে আক্ষেপ নিবারণ করে। মাত্রাধিক্যে একটুকু মত্ততার লক্ষণ উপস্থিত করে। সেবনান্তর প্রস্রাব ও ঘর্ম্মে ইহার গন্ধ বিনির্গত হয় এবং বিশেষরূপে পরীক্ষা করিলে শরীরের সমস্ত বিধানে ইহার গন্ধ প্রকাশিত হয়। ইহার টিংচারে (১২০ গ্রেণ রেক্টিফায়েড্ স্পীট্ ১ পাইন্ট্)।

আময়িক প্রয়োগ।—স্পেজ্ মডিক্ ও নার্ভাস্ এজ্মা, কোরিয়া, হুপিং কফ, কন্ভাল্শন্, হিষ্টিরিয়া, পিউয়ার পারেল্ কন্ভালশন্ ইত্যাদি স্নায়বিয় পীড়া সকলে এন্টিস্পেজ্ মডিক্ জন্য দেওয়া যায়।

টাইফয়েড্, টাইফস্, রেমিটেন্ট্, ইত্যাদি নানাবিধ জ্বরে জীবনীশক্তি উন্নত রাখিবার জন্য ইহার ব্যবহার অতি প্রশস্ত। যখন রোগী অজ্ঞানাবস্থায় মৃদু প্রলাপ (লোমাটাবিং ডিলিরিয়ম্) বকিতে থাকে, হাত পায়ের পেশী সকল ঘন ঘন কাম্পত হয়, নাড়ী ক্ষীণ, দুর্ব্বল, ও অননুভবনীয় হইয়া পড়ে, তদবস্থায় ও মাস্ক্ অমোঘ। এরূপাবস্থায় ইহার টিংচার ৫—১০ মিনিম বা ততোধিক মাত্রায় অথবা ৫ গ্রেণ মাত্রায় রোগী বিশেষে ব্যবস্থার ব্যবহার করা যায়।

নিউমোনিয়া রোগে ও অনেকে, ইহার প্রতি বিস্তর অনুরাগ প্রকাশ করেন। স্নায়ু মণ্ডলের উত্তেজনা উদ্ভব হইয়া উপকার করে। গাউট্রোগের শেষাবস্থায় ইহার ব্যবহার মন্দ নয়। ডাবে ক্রম্মাসল্, বাইল্ ডক্ট্, ইউরিথ্রা ইত্যাদির আক্ষেপাবস্থায়, মাস্ক্ উপাদেয়।

কেহ কেহ বলেন হিকাপ্ বা হিক্কা নিবারণার্থ ইহার ক্রিয়া অতি চমৎকার, এমন কি প্রায় ব্যর্থ হয় না। ডাবে ক্রম্ মাসলের উগ্রতা নিবারণে প্রতিকার করে।

—০—

Camphora. Camphor.

ক্যাম্ফোরা ক্যাম্ফার—সংযতবায়ি তৈল।

কর্পূরের মাত্র।—১-১০ গ্রেণ্। ইমল্শন্রূপে ব্যবহার্য্য।

প্রয়োগরূপ ৫টী।

১। ক্যাম্ফার্ ওয়াটার। মাত্রা। ১—২ আং।
অন্যনাম—মিকচুরা ক্যাম্ফার।

২। লিনিমেণ্ট্ অব্ ক্যাম্ফার্।

৩। কম্পৌণ্ড্ লিনিমেণ্ট্ অব্ ক্যাম্ফার্।

৪। স্পিরিট্ অব্ ক্যাম্ফার্। মাত্রা। ১০—৩০ মিনিম্।

৫। কম্পৌণ্ড্ টিংচার্ অব্ ক্যাম্ফার্। মাত্রা। ১৫—৬০ মিনিম্।

অন্যনাম। প্যারাগরিক্ এলিক্সার্।

ইহার ½ ড্রামে একগ্রেণের ⅛ ওপিয়ম্ আছে।

ক্রিয়া। সেরিব্রাল্ ষ্টিমুলেণ্ট্, এণ্টিস্পেজ্‌মডিক ডায়েফরেটিক্, এনোডাইন্, হিপ্নোটিক্, নার্কটিক্, এক্স্‌পেক্টোরেণ্ট্ এনাফ্রোডিসিয়াক্। বাহ্য প্রয়োগে এনোডাইন্, কাউণ্টার্ ইরিটেণ্ট্।

ক্যাম্ফার বা কর্পূর ২—৫-১০ গ্রেণ মাত্রায় উত্তেজক ক্রিয়া প্রকাশ করে। ব্যবহারে হৃদ্‌পিণ্ড এবং আর্টারির ক্রিয়া বৃদ্ধি পায় অন্তঃকরণস্ফূর্তি-যুক্ত হয়, শরীরের তাপবৃদ্ধি ও ঘর্ম্ম বিনির্গত হইতে থাকে। নাড়ীরগতি দ্রুত এবং পূর্ণতা প্রাপ্ত হয়। কিন্তু ঐরূপ ক্রিয়া স্বল্পস্থায়ী। অপেক্ষাকৃত অধিকমাত্রায় আক্ষেপ ও যন্ত্রণা হ্রাস করিয়া নিদ্রা আনয়ন করে। কিন্তু ডাং জন হার্লি ইহার সম্পূর্ণ বিরুদ্ধমত পোষণ করেন, কারণ তিনি নিজ অভি-জ্ঞতা হইতে ইহা নিরূপণ করিয়াছেন যে কর্পূর সাধারণতঃ ৫ গ্রেণ পর্য্যন্ত মাত্রায় কিছুমাত্র ফিজি ও লজিকেল একসন্ প্রকাশ করে না। ফলতঃ তিনি একদা কোন একটী রোগীতে অম্লান ১৫ গ্রেণ কর্পূর ব্যবহার করিয়াও বিশেষ কোন ফল প্রাপ্ত হন নাই। তিনি ৪ গ্রেণ হইতে আরম্ভ করিয়া ক্রমশ ৩০ গ্রেণ পর্য্যন্ত মাত্রা বৃদ্ধি করিতেন, এমন কি একদা কোন একস্থলে ৩৫ পঁয়ত্রিশ গ্রেণ ব্যবহার করিয়াছিলেন তথাচ তাহাতে গুরুতর অথবা স্থায়ী কোন খারাপ ক্রিয়া পরিলক্ষিত হয় নাই। পরবর্ত্তী অনুসন্ধান বলে ডাক্তার হার্লির পরীক্ষিত বিষয় গুলির যাথার্থ্য নিরূপণ হইবে এবং শেষ মন্তব্য অন-তিক্রম্য বলিয়া প্রতীতি হইবে।

কর্পূরের আময়িক প্রয়োগমধ্যে যাহা লিখিত হইয়াছে তাহা প্রকৃত নহে অথবা কোন কোন স্থানে যে উপকারিতা দৃষ্ট হয় তাহা কর্পূরের নহে প্রধা-নতঃ কর্পূর যেসকল বস্তুর সহিত সংলিপ্ত হয় সেই মিশ্রিত বস্তুরই গুণবলিতে হইবে।

ডাক্তার বিঞ্জের মতে অধিক মাত্রায় স্পষ্টতঃ কিন্তু অল্পকালের জন্য টেম্পারেচার হ্রাস হয়, ইহা কেবল সুস্থ শারীরীর পক্ষে নহে বরং সেপ্‌টিক অরিজিন অদ্ভূত জ্বর রোগগ্রস্থ ব্যক্তিদের পক্ষে ইহা আরো অধিক

পরিমাণে সংঘটিত হইয়া থাকে। প্রফেসারক্রিষ্টিসন বলেন, কর্পূর অধিক মাত্রায় পাউডাররূপে গৃহীত হইলে গ্যাষ্ট্রিক্ পেইন, বিবমিষা, ও বমন উৎপন্ন করে এমন কি উত্তেজক বিষ লক্ষণ প্রকাশপাইয়া মারাত্মক হয়। কিন্তু যখন ক্ষুদ্রং দানাকারে কিংবা দ্রব্যাকারে ব্যবহৃত হয় তখন অধিক মাত্রায় প্রয়োগ করিলে মত্ততার লক্ষণ প্রকাশ পাইয়া গিডিনেস্, হেলেঢুলে পড়া, দৃষ্টির বিকার, প্রলাপ সংক্ষেপে বলিতে গেলে ইহার সহিত মত্ততার সৌসাদৃশ্য রহিয়াছে এবং ঈদৃশ অবস্থায় নাড়ির গতি অনবরত বর্দ্ধিত হইতে থাকে এবং সময়২ আক্ষেপ প্রদর্শনান্তর বাহ্যজ্ঞান বিলুপ্ত হয়। ইহা প্রধানতঃ নার্ভাস সিষ্টেমের উপর কার্য্য করিয়া থাকে এবং সালফারের ন্যায় ইহা ত্বক্ মধ্যে অনুপ্রবিষ্ট, হওতঃ ফুসফুস মধ্যেগৃহীত হয়। ক্যাম্ফার অতিশয় অবস্থায় উত্তেজক কারণ ইহা অতি ত্বরায় সিষ্টেমের সমুদয় অংসে পরিব্যাপ্ত হইয়া পড়ে এবং অন্যান্য সকল প্রকারের নার্কটিক হইতে ইহার কার্য্য শীঘ্র অদৃশ্য হয়। ইহার উত্তেজক ক্রিয়া উপলব্ধি করিতে ইচ্ছা করিলে, অল্প মাত্রায় পুনঃ পুনঃ প্রয়োগ করা আবশ্যক। অবসাদন গুণ পরীক্ষা করিতে দীর্ঘ সময়ান্তর অধিক মাত্রায় ব্যবহার্য্য। জিনিটো ইউরিনারী সিষ্টেমের উপর ইহার প্রবলক্রিয়া প্রকাশ হইয়া থাকে। ইহার অপর গুণ কামনাশক। কখন২ ইহা মূত্রযন্ত্রের উপর প্রদাহ উপস্থিত-করে কিন্তু কেহ কেহ বলেন যে ক্যান্থারিডিন্ সম্ভূত মূত্রপ্রণালীর প্রদাহ নিবারণার্থ ইহা ব্যবহৃত হয়। অহি-ফেনের বিষধ্বংসীকরণ জন্য ইহার ব্যবহার দৃষ্ট হয়।

ইহা তৈলে দ্রব হয়, সুতরাং স্থানিক বেদনা নিবারণার্থ মালিস রূপে ব্যবহৃত হয়। ইহা দন্তচূর্ণে ব্যবহার হয় এবং তদ্দ্বারা দন্ত মার্জ্জনা করিলে দন্ত উজ্জ্বল চক্‌চকে দেখায়।

ডাক্তার বিন্জ্ বলেন দুর্গন্ধ নাশ পক্ষে ইহা বিশেষ কাজ করে।

ব্যবহারের রীতি। ক্যাম্ফার বা কর্পূর আমরা নানা উপায়ে ব্যবহার করিয়া থাকি, যথা কোরাইজা এবং কেটার বা সর্দ্দির তরুণ অবস্থায় পরিষ্কৃত রুমালে বা ন্যেকড়ায় বান্ধিয়া সর্ব্বদা আঘ্রাণ করিলে বিস্তর উপকার হয়। ৩ ভাগ ক্যাম্ফার ১ ভাগ ক্লোরোফরমে দ্রবীভূত করিয়া সলিউসন্ ক্যাম্ফার নামে অবিহিত

হয়। পুলটিসের উপর ছড়াইয়া দিয়া, বাহ্যপ্রয়োগার্থ বেদনা নিবারণ জন্যও প্রয়োগ করাযায়। এতদ্ব্যতীত ক্যাম্ফার দ্বারা ভেপার্ বাথস্ দেওয়া যায়।

আভ্যন্তরিক প্রয়োগ। টাইফস, টাইফয়েড্ এবং অন্যান্য দুর্বলকারী জ্বরীয় অবস্থায় যখন জীবনী শক্তি নিস্তেজ হইয়া পড়ে, অনিদ্রা, মোহ, মৃদুপ্রলাপ বা লোমাটারিং ডেলিরিয়ম্, ইত্যাদি অবস্থায় নানাবিধ ষ্টিমুলেণ্ট এবং সিডেটিব্ ঔষধ সহ ব্যবহার করিলে অনেক সময় অনির্ব্বচনীয় উপকার লাভকরা যায়। এতদ্ব্যতীত ইনফ্লেমেশন, ইনফ্লেমেটরি এফেক্সনও এক্জিন্থি মেটাস্ রোগে ও উক্ত নিয়মে ব্যবহার্য্য।

ইন সেনিটি বা বাতুলতায় বহুবিধ চিকিৎসকগণ ইহার প্রশংসা করিয়া আসিতেছেন। কিন্তু ভাসকিউলার সিষ্টেমে অত্যধিক উত্তেজনা নিবন্ধন উক্ত বাতুলতা উৎপন্ন হইলে ক্যাম্ফার উপযুক্ত নয়। অপর নার্ভাস সিষ্টেম্ বা স্নায়ুমণ্ডলীয় পরিবর্ত্তন বশতঃ রোগ উপস্থিত হইলে ইহা স্নায়ুমণ্ডলের অবসাদন ও স্থৈর্য্য সম্পাদন করতঃ উপকার করে। সুতরাং ইহা অধিক মাত্রায় ব্যবহার্য্য।

পিউয়ারপারেল্ মেনিয়া বা প্রসবান্তে উন্মত্ততা উপস্থিত হইলে ক্যাম্ফার সহ পটাস নাইট্রাস মিশ্রণে অধিক মাত্রায় বিশেষ উপকার দর্শে।

স্নায়বিক প্রকৃতি লোকদিগের ডিলিরিয়ম ট্রিমেন্স্ রোগে ২—৩ গ্রেণ মাত্রায় ক্যাম্ফার কার্ব্বনেট অব্ এমোনিয়া ও হেনবেন্ সহযোগে প্রয়োজ্য।

এজমা, এঞ্জাইনা পেক্টোরিস্, এবং হুপিংকফ রোগে ডাংকোপ্লাণ্ড অপরাপর অবসাদক ও আক্ষেপ নিবারক ঔষধ সহ ব্যবহার করিতে অনুমতি দেন, এবং এস্থ্‌ মেটিক্ নিউমোনিয়া রোগে ও ইহা ব্যবহার করা যায়। থাইসিস বা যক্ষ্মা রোগে আভ্যন্তরিক ও বাহ্যিক নানাবিধ উপায়ে ক্যাম্ফার ব্যবহার করা যায়। প্রয়োগার্থ লিনিমেণ্ট বা মর্দ্দনাকারে অথবা আঘ্রাণ দ্বারা ও প্রয়োর্য্য।

কোরিয়া এবং এপিলেপ্সি রোগে বিশেষতঃ স্ত্রীলোকদিগের জরায়ুর কোন প্রকার পরিবর্ত্তন বশতঃ হিষ্টিরিয়া উৎপন্ন হইলে কডলিভার অয়েল এবং নানাবিধ বলকারক ও আক্ষেপ নিবারক ঔষধ সহ ব্যবহার্য্য।

বাতজ বা স্নায়বিক কারণ বশতঃ শিরঃ পীড়ায় (সোলিউশন্ অব্ এমোনিয়া

১০০ ভাগ, জল ৯০০ ভাগ, কমনসল্ট্ বা সাধারণ খাদ্য লবণ ২০ভাগ, ক্যাম্ফার ২ভাগ গোলাপের তৈল যথা প্রয়োজন) মিশ্রিত করিয়া বেদনা স্থলে প্রয়োগ করিলে যথেষ্ট উপকার হয়। অথবা বেদনা নিবারণার্থ ক্যাম্ফার ১ ড্রাং ভিনিগার ২০ আং মিলিত করিয়া প্রয়োজ্য।

প্যাল্পিটেসন অব্ দি হার্ট, হাইপারট্রফি অব্ দি হার্ট উইথ ডাইলিউটেসন অর্থাৎ হৃদ্ পিণ্ডের গাহ্ববিক প্রসারণতা সহ আয়তন বর্দ্ধিত হইলে ক্যাম্ফার কুইনাইন ও আয়রণ মিশ্রিত করিয়া ব্যবহার করা যায়।

ডিস্‌মেনোরিয়া রোগে ক্যাম্ফার দ্বারা কতকাংশে রোগ প্রতীকার হয় বটে কিন্তু ইহা ১০গ্রেণ মাত্রায় আরম্ভ করিয়া মিউসিলেজসহ একত্রিত করিয়া মাত্রা বৃদ্ধি করা যায় এবং প্রয়োজনানুসারে কিঞ্চিৎ অপিয়ম্ মিলাইবে। অনেকানেক স্ত্রীলোকদিগের গর্ভাবস্থায় লাম্বার বিজিয়নে প্রতি নিয়ত বেদনা অনুভব করে, তাদৃশ অবস্থায় ইহার লিনিমেণ্ট্ বাহ্য প্রয়োগার্থ ব্যবহার্য্য।

অনেকানেক চিকিৎসক জরায়ু ঘটিত বেদনায় ক্যাম্ফারের সহিত ইণ্ডিয়ান হেম্প্ মিশ্রিতকরিয়া প্রযোগ করিতে অনুমতি দেন,যখন বেদনা আক্ষেপিক বলিয়া অনুমিত হয় তদবস্থায় ইহা প্রায় অব্যর্থ।

প্রুরাইটিস পিউডেনডাই, প্রুরাইটিস্ এনাই, স্পার্মেটোরিয়া, কর্ডি, ইত্যাদি নানাবিধ অবস্থায় ইহার আভ্যন্তরিক ও বাহ্যিক প্রযোগ হয়।

হিষ্টিরিয়া রোগে ৫—১০ গ্রেণ মাত্রায় অপিয়ম্ ও এসাফেটিডা সহ ব্যবহার্য্য। কোরাইজা, কেটার, হে ফিবার, ইত্যাদি নানাবিধ অবস্থায় ক্যাম্ফার ব্যবহার্য্য।

মেমারিকন্‌জেস্‌সন্ বা স্ত্রীলোকদিগের স্তন প্রদেশে রক্তাধিক্য ও বেদনা উৎপন্ন হইলে গ্লিসারীণের সহিত প্রচুর পরিমাণে ক্যাম্ফার মিশ্রিত করিয়া স্তন প্রদেশে প্রয়োগ করিলে বিস্তর উপকার হয়, ইহা বেলাডোনা হইতে ও নির্দ্দোষী (ইহা দ্বারা দুগ্ধ নিঃসরণ রোধ করে না বলিয়াই বেলাডোনা হইতে নির্দ্দোষী)। টুথএইক্ বা দন্ত বেদনা রোগে অহিফেণ সহ ক্যাম্ফার মিশ্রিত করিয়া অথবা সলিউশন্ অব্ ক্যাম্ফার সহ স্পিরিট অব্ টার্পেণটাইন্ মিশ্রিত করিয়া বেদনা স্থানে প্রয়োগ করিলে সম্ভবতঃ উপকার হয়। ক্রনিক্ রিউমেটিজম্ বা পুরাতন বাত রোগে ডাং পেরেরা বলেন ৫—৮ গ্রেণ

মাত্রায় ক্যাম্ফার ১ গ্রেণ অহিফেণ সহ মিলাইয়া আভ্যন্তরিক ব্যবহার করিলে বেদনা নিবারণ ও ঘর্ম্মকারক হইয়া উপকার করে।

ছোমার ডায়েরিয়া এবং কলেরা রোগে স্পিরিট ক্যাম্ফার দ্বারা মহান্ উপকার দর্শে। ৪—৬ মিনিম মাত্রায় সামান্য পরিমাণে চিনির সহিত মিশ্রিত করিয়া বারম্বার প্রয়োগ করা যায়। ইহা দ্বারা ভেদ ও বমনের প্রাচুর্য্য তিরোহিত হয়, আক্ষেপাদি হ্রাস হয় এবং শরীর উত্তপ্ত করিয়া যেন জীবনী শক্তি প্রদান করে।

গ্যাংগ্রিন্ এবং হস্পিটাল্ গ্যাংগ্রিণ রোগে পূর্ণ মাত্রায় ক্যাম্ফার অথবা অন্যান্য উত্তেজক ঔষধ সহ ব্যবহার করা যায়। অপর বাহ্য প্রয়োগার্থ ইহার পাউডার পীড়িত স্থানে ব্যবহার্য্য। ফেজিডেনিক সেঙ্কার রোগে বা গলিত ক্ষত রোগে ইহা চারকোল বা অঙ্গারের সহিত মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে যথেষ্ট উপকার দর্শে।

বেড্‌সোর্, ও একজিমাদি নানাবিধ চর্ম্মরোগে ইহার বাহ্য প্রয়োগ বড়ই উপকার জনক যথা—ক্যাম্ফার ১ ড্রাম স্পিরিটভাইনম্ রেক্টিফাইড যথা প্রয়োজন, জিন্‌সাই অক্সাইড্, পালব্ এমিলাই ৬ড্রাম মিশ্রিত করিয়া ব্যবহার্য্য।

Nux Vomica. Nux Vomica.

নাক্স্ ভমিকা। নাক্সভমিকা।

মাত্রা। চূর্ণ ১—৩ গ্রেণ্।

প্রয়োগরূপ ২টী।

১। এক্‌ষ্ট্রাক্ট্ অব্ নাক্স্ ভমিকা। মাত্রা ¼—১ গ্রেণ্।

২। টিংচার্ অব্ নাক্স্ ভমিকা। মাত্রা ১০—২০ মিনিম্।

ক্রিয়া। ষ্টিমুলেণ্ট্, নার্ভিন্ টনিক্, ষ্টমাকিক্ এফ্রোডিসিয়াক্। নাক্স্ ভমিকা বা কুচিলা নামক বৃক্ষের বীজ ও বল্কল্। ইহা নার্ভাস্ ষ্টিমুলেণ্ট্, বিশেষতঃ স্পাইনেল্ কর্ডের উপর প্রবল উত্তেজনা প্রকাশ করিয়া থাকে। ষ্ট্রীকনীয়া ও ব্রুসিন্ নামক ২টী বীর্য্যের উপর শক্তি সম্পূর্ণ নিহিত থাকে। পূর্ব্ব মতানুসারে উপরোক্ত বীজ সকলে শতকরা ৪ ভাগ নাক্স্ ভমিকা পাওয়া যায়। ১—৩গ্রেণ মাত্রায় চূর্ণ নাক্স্ ভমিকা, বলকারক, এবং পরিপাক শক্তি ও ক্ষুধা

প্রয়োগ বেলাডোনা, ওপিয়ম্, ক্যাম্ফার, ক্লোরফরম্, কেলেবারবীন্ প্রয়োগ করিলে স্প্যাজম্ নষ্ট হয়। কেহ কেহ টেবাকম্ বা তাম্রকুট ব্যবহার করিতে অনুমতি দেন। রোগী অবসন্ন ও গলাধঃ করিতে অক্ষম হইলে এনি-মেন্ট্ ও পিচকারী দ্বারা ঔষধ ব্যবহার করিবে। ইচ্ছা হইলে আর্টিফিশিয়েল রেস্পিরেশন্ করাইবে।

আময়িক প্রয়োগ। কঠিন আকারের পুরাতন ডায়েরিয়া রোগে ইহার ব্যবহার বড়ই উপকারজনক। ওপিয়ম্ এবং আয়রণ বা লৌহ সহযোগে ব্যবহার করা কর্ত্তব্য। অপর ক্রনিক্ ডিসেণ্টি রোগেও মন্দ নয়।

ক্রনিক্ ডিস্পেপ্‌শিয়া রোগে ডাং উইলশন্‌ফক্স্ ইহাকে এবং ইহা ঘটিত অন্যান্য ঔষধকে আশ্চর্য্য উপকারী বলিয়া নির্দ্দেশ করেন। তিনি বলেন, নক্স্‌ভমিকা দ্বারা পাকাশয়স্থ স্নায়ু বিধানে প্রচুর শক্তি প্রদান করিয়া রোগের প্রতিকার করিয়া থাকে। অপর ষ্টমাক্ ও ইণ্টেষ্টাইনের মাস্‌কুলার কোর্টের সঙ্কোচন শক্তি বৃদ্ধি করে সুতরাং ৫—১০ মিনিম মাত্রায় ইহার টিংচার ইন্-ফিউশন্ অয়েল্সিয়াই সহ প্রয়োগ করিবে।

গর্ভাবস্থায় বমন রোগে ইহার টিংচার অত্যন্ত উপকারী বলিয়া অনেকা-নেক চিকিৎসক নির্দ্দেশ করেন এবং যদ্যপি জরায়ুর কোন প্রকার পীড়া বর্ত্তমান থাকে তাহা হইলে ষ্ট্রীক্‌নিয়া ½ গ্রেণ. টিংচার জিঞ্জার ৬ ড্রাম, একোয়া ৪ আং মিলাইয়া, ১টী স্পুন্‌ফুল্ পরিমাণে দিবসে ব্যবহার্য্য।

পাইরোসিস্, হার্টবার্ণ, অবষ্টিনেট্ ফ্লেটুলেন্স্ আদি পীড়ায় ৫—১০ বিন্দু মাত্রায় টিংচার নক্স্‌ভমিকা, ডাইলিউট্ হাইড্রোক্লোরিক্ এসিডে মিলাইয়া ব্যবহার করিলে প্রায় ব্যর্থ হয় না। এতদ্ব্যতীত ডিস্পেপ্‌শিয়া সহ ডায়েরিয়া বর্ত্তমান থাকিলে নিম্নলিখিত ব্যবস্থা অত্যন্ত উপকারজনক। যথা—

R.

Tinct. Nuxvomica. m xxx

Acid. Hydro chloric dil. ʒ i

Quina. Sulph. gr. xii

Vin. Pepsin. ʒ iii

Inf. Calumba. ad ℥ vi

বৃদ্ধিকারক অথচ ইহাতে কোন রূপ ধামনিক উত্তেজনা বর্দ্ধিত হয় না। সময় সময় ইহা মৃদু বিরেচক, মূত্রকারক, অথবা কখন ও ঘর্ম্মোৎপন্ন করিয়া থাকে। অধিক মাত্রায় সেবন করিলে শরীরের অঙ্গ প্রত্যঙ্গে দুর্ব্বলতার লক্ষণ উপস্থিত হয়, (পেশী এবং সন্ধি স্থানগুলি দৃঢ়ীভূত এবং আন্দোলিত হয়) মানসিক চাঞ্চল্য মুখ মণ্ডলে প্রকাশ পায়, স্নায়বিক অনুভাবকতা শক্তি বৃদ্ধি পায় এবং অগ্নিমান্দ্যের লক্ষণ যুক্ত হইয়া পড়ে। ইহা কামোদ্দিপক বলিয়া পরিচিত। অধিক মাত্রায় অর্থাৎ বিষ মাত্রায় লক্ষণ সকল ক্রমে বৃদ্ধি প্রাপ্ত হইয়া প্রাণ নাশ করে। ৩ গ্রেণ এল্কহলিক্ একষ্ট্রাক্ট্, এবং ৩০ গ্রেণ চূর্ণ দ্বারা একটী লোকের জীবন বিনষ্ট হইতে পারে। কিন্তু এরূপ বিষ মাত্রা ব্যবহার করিয়াও কখন কখন আরোগ্য পাইতে দেখা গিয়াছে। ওপিয়ম্ ও অন্যান্য ঔষধের ন্যায় ইহারও বিষ ক্রিয়া অভ্যাস বলে স্পষ্টতঃ অনুভব হয় না এবং অধিক মাত্রাতে ও কোন ক্ষতির সম্ভাবনা থাকে না। যদাপি ইহা আহারের অব্যবহিত পরে কি পূর্ব্বে সেবন করা যায় তাহা হইলে সহজে ইহা দ্বারা কোন প্রকার খারাপ লক্ষণ উৎপন্ন হয় না। পরীক্ষা দ্বারা স্থিরীকৃত হইয়াছে যে, নাক্স্ভমিকা সেবন করিলে, ইহার মধ্যস্থিত সারাংশ সকল রক্তে আচোষিত হইয়া কার্য্যোৎপন্ন করে সুতরাং ইহা সেবনে মোটার্ নার্ভাস্গুলি সঙ্কোচিত হয়। স্নায়ুশক্তি, অত্যধিক ক্রিয়া করিতে করিতে ক্লান্ত হইয়া পড়ে, আর কার্য্য করিতে পারে না, অতঃপর পক্ষাঘাত উৎপন্ন হয়। কিন্তু অন্যান্য পরীক্ষকগণ পূর্ব্বোক্ত প্রক্রিয়া স্বীকার করেন না এবং ইঁহারা নিশ্চয় করিয়াছেন যে অধিক মাত্রায় নাক্স্ভমিকা দ্বারা এফারেণ্ট্-নার্ভস্ (Efferent nerves) বা প্রত্যাবর্ত্তনিক স্নয়ুর পেরালিসিস্ বা পক্ষা-ঘাত উদ্ভব করে কিন্তু এফারেণ্ট্ (Afferent nerves) বা স্পন্দন পরিচালক স্নায়ুর তাদৃশ অবস্থা হয় না।

ইহা দ্বারা বিষাক্ত হইলে প্রথমতঃ পাকাশয় হইতে বিষ নির্গত করিতে চেষ্টা করিবে, সুতরাং সাল্ফেট্ অব্ জিঙ্ক্, ও ইপিকাক, দ্বারা বমন করাইবে এবং সাধ্যানুসারে পাকাশয় পরিষ্কার করিবে। পাকাশয় ধৌত করণার্থ ষ্টমাক্পম্প্ ব্যবহার্য্য। বিষ ধ্বংশ করণ জন্য প্রচুর পরিমাণে এনিমেল্ চার্কল্ বা প্রাণিজ অঙ্গার প্রযোজ্য। এতদ্ব্যতীত ট্যানিন্, আইওডিন্, গল্, এবং চা

Mist. Put 6 marks, one mark to be taken twice a day immediately before meals.

থাইসিস্ পীড়ার বমন অথবা মেলেরিয়াল্ জ্বিরে বমন নিবারণ জন্য এক্‌ষ্ট্রাক্ট্ ন্যাক্স্ ১ গ্রেণ, এক্‌ষ্ট্রাক্ট্ কোনিয়াই ১২ গ্রেণ দ্বারা ৬টী পীল্ প্রস্তুত করিয়া এক একটী পীল্ মাত্রায় দিবসে ২। ৩ বার ব্যবহার করা যায়।

স্বাভাবিক কোষ্টবদ্ধ বা হেবিচুয়েল্ কনষ্টিপেশন্ রোগে যখন ষ্টমাক্ ও ইণ্টেষ্টাইনের নার্ভাস্ বা মাস্কুলার পাওয়ার কি স্নায়ু শক্তি অথবা পেশী-দিগের ক্রিয়ার শৈথিল্য বশতঃ কোষ্ট কাঠিন্য জন্মে তদবস্থায় বিয়াই, বা কলোসিন্থ্ সহ নাক্স্ ভমিকা অত্যন্ত উপাদেয়। অথবা আহারের পূর্ব্বে ২—৩ মিনিম্ মাত্রায় জলের সহিত ইহার টিং ব্যবহার করিলে নিরতিশয় উপকার হয়।

প্রল্যাপ্সেসরেক্টাই বা মলাধার বহির্গত হইয়া পড়িলে, পুনরায় প্রবেশ করাইয়া নাক্স্ ভমিকা আভ্যন্তরিক ব্যবহার করিলে উপকার হয়।

অত্যধিক মদ্যপানজনিত শরীরের অবসন্নতা উপস্থিত হইলে, ডাং পেরেয়া ডাং এনেষ্টি আদি বহুবিধ চিকিৎসক ষ্ট্রীক্‌নিয়ার প্রশংসা করেন এবং প্রথমতঃ $\frac{1}{30}$ গ্রেণ হইতে আরম্ভ করিয়া $\frac{1}{12}$ গ্রেণ পর্য্যন্ত মাত্রা বৃদ্ধি করতঃ দিবসে ২। ৩ বার প্রয়োগ করিবে। নানাবিধ নিউরাল্জিয়া রোগেও ইহার ব্যবহার প্রচলিত।

ইন্‌কণ্টিনেন্স্ অব্ ইউরিন্ রোগে ডাং ওয়েষ্ট্ ইহার প্রশংসা করেন। কেহ কেহ ইহার টিংচার বাহ্য প্রয়োগ জন্য পেরিনিয়মে ব্যবহার করিতে অনুমতি দেন। ডাং টম্‌শন্ বলেন, যখন বেলাডোনা দ্বারা কোন উপকার না হয় তদবস্থায় নক্স্ ভমিকা ব্যবস্থেয়। অপর স্পার্মেটোরিয়া, বা শুক্র-মেহ, ইম্‌পোটেন্সি বা ধ্বজভঙ্গ, আদি দুরারোগ্য পীড়াদিতেও সময় সময় সু-ন্দর উপকার হয়।

ডায়েবিটিস্ মেলিটাস্ রোগে ইহার এক্‌ষ্ট্রাক্ট্ $\frac{1}{4}$ গ্রেণ মাত্রায়, ডিষ্টিল ওয়াটার সহ উপকারী।

অত্যধিক স্ত্রীসহবাস জনিত ধ্বজভঙ্গ রোগে স্নায়ু মণ্ডলের শক্তি বৃদ্ধি করিয়া উপকার করে। ষ্ট্রীক্‌নিয়া অথবা নক্স্ ভমিকা উভয়ই ব্যবহার্য্য।

গ্যাষ্ট্রীক্ ডিবিলিটি, গ্যাষ্ট্রালজিয়া, ফ্লেচুলেন্স, কনষ্টিপেশনাদি নানাবিধ উপদ্রবে ইহার তুল্য ঔষধ আর নাই। পাকাশয়ের শক্তি বৃদ্ধি করিয়া উপকার করে।

ক্লোরোসিস, এমিনোরিয়া, ঋতুব ব্যতিক্রম বশতঃ এপিলেপ্সি রোগে ডাং কেপ্‌লাণ্ড্ ইহাকে অত্যন্ত সমাদব কবেন।

Strychnina. — Strychnine.

ষ্ট্রীক্‌নিনা। — ষ্ট্রীকনাইন্।

মাত্রা। ১/৬০ ১/১২ গ্রেণ্।

প্রযোগ রূপ ১টী।

১। সল্যুশন অব্ হাইড্রক্লোবেট্ অব্ ষ্ট্রিকনাইন্। মাত্রা ৫—১০ মিনিম্।

ক্রিয়া। ইহার ক্রিয়া প্রায় সর্ব্বমতে, নাক্স্ভমিকাব ন্যায় কিন্তু তদপেক্ষা অত্যন্ত তীব্র। বিষাক্ত মাত্রায় প্রযোগ কবিলে নিম্নলিখিত লক্ষণ সকল প্রকাশ পাইতে থাকে যথা—যদ্যপি দ্রবরূপে ব্যবহৃত হয়, তাহা হইলে সেবনান্তর মুখ গহ্বরে এক প্রকাব তিক্ত আস্বাদ অনুভব হয়; তদনন্তর সামান্য সময় মধ্যেই হঠাৎ যেন শ্বাস বোধ হইয়া জীবন নষ্ট হইবার উপক্রম হইতে থাকে। মস্তক এবং শরীবস্থ অন্যান্য পেশীনিচয় অথবা যে পবিমাণ আক্রান্ত হইয়া থাকে, সেই পরিমাণ স্থানস্থ পেশীসমূহ ঘন ঘন পবিকম্পিত, ও স্পন্দিত হইতে থাকে। অতঃপর সমস্ত শরীরে টেটেনিক্ কন্‌ভাল্‌শন্ আরম্ভ হয়, পেশীসকল শক্ত হইতে থাকে, এবং মস্তক শরীরের পশ্চাৎদিকে বক্র হইয়া পড়ে অথচ দেহ পর্য্যন্ত পশ্চাৎ পার্শ্বে আক্ষিপ্ত হইতে থাকে; ইহাকে সাধারণতঃ ওপিস্থটনস্ (opisthotonos) কহে। হস্ত দৃঢ় মুষ্টিতে বদ্ধহইয়া থাকে। মুখ ও গলদেশেব পেশীসমূহেব আক্ষেপ বশতঃ চোয়াল দৃঢ় হইয়া যায়, কোন প্রকারেই খোলা যায় না। ক্রমে ৫ কি ১০ মিনিট পর পর স্পেজম্ হইতে থাকে। কোন প্রকার শব্দ অথবা শবীরে বায়ু স্পর্শেই বলপূর্ব্বক সমস্ত পেশী আক্ষিপ্ত হইয়া উঠে। এইরূপ লক্ষণ ক্রমে বৃদ্ধি পাইয়া শ্বাস প্রশ্বাস আয়াস সাধ্য ও তৎপর হঠাৎ রোধ হইয়া রোগী পঞ্চত্ব প্রাপ্ত হয়।

বিষাক্ত হইলে চিকিৎসা। যদ্যপি রোগী উপযুক্ত সময় চিকিৎসাধীন

হয়, তাহা হইলে ষ্টম্যাক্‌পম্প্‌ দ্বারা বমন করাইবে এবং বমন জন্য বমনকারক ঔষধ বিশেষতঃ এপোমর্ফিয়া শ্রেষ্ঠ। ১ অংশে ৫০ অংশ সল্যুশনের ৫ মিনিম্ মাত্রায় ব্যবহার্য্য)। এনিমেল্ চার্কল্, ট্যানিক্ এসিড্, ব্রোমাইড্ অব্ পটাশিয়ম্ এবং ক্লোরাল্ আদি ব্যবহার করিবে। সুবিধা ও কৃতকার্য্য হইতে আশা থাকিলে আর্টিফিশিয়েল্ রেস্‌পিরেশন্ বা কৃত্রিম শ্বাস ক্রিয়া করাইবে। লিউটিডাইন্ (Lutidine) অর্থাৎ কষ্টিক পটাস্ ও সিঙ্কোনাইন্ দ্বারা এক প্রকার ঔষধ ব্যবহারে ইহার বিষ নাশ করে।

ষ্ট্রিকনিয়া ব্যবহার কালে নিম্নলিখিত কতগুলি বিষয় স্মরণ রাখা কর্ত্তব্য।

১। কোন কোন শরীরে ইহার ক্রিয়া বিশেষরূপ প্রকাশ পায়, অতএব ইহা ব্যবহার কালীন প্রথমে অতি অল্প মাত্রায় আরম্ভ করিয়া ক্রমশঃ অতি সতর্কতার সহিত মাত্রা বৃদ্ধি করিবে এবং বিশেষ মনোনিবেশ সহকারে ইহার কার্য্য পর্য্যবেক্ষণ করিবে।

২। মাসকুলার টুইচিং অথবা কনভালসিব্ টুইচিং লক্ষণই রোগ মুক্তির পূর্ব্ব লক্ষণ।

৩। প্রচলিত মাত্রায় কিয়ৎকাল ব্যবহারের পর বিশেষতঃ বটীকা আকারে প্রয়োগ করার পর হঠাৎ যদিও মারাত্মক না হউক তথাচ বিপজ্জনক ফল ফলিতে পারে।

৪। সচরাচর দ্রবাকারে এপথিকারীর দোকানে প্রাপ্য সলিউসন্ই উৎকৃষ্ট।

৫। যখন চর্ম্মের নীচে পিচকারী দ্বারা প্রয়োগ করা যায় তখন ইহার পূর্ণ ক্রিয়া সত্বর পরিলক্ষিত হয়। উক্ত উদ্দেশ্য সাধনের জন্য সলফেট ২ গ্রেণ ও ডিষ্টিল্ড জল ১ আং দ্বারা সলিউসন প্রস্তুত করতঃ প্রথমতঃ ২ মিনিম (গ্রেণ $\frac{1}{240}$) মাত্রায় আরম্ভ করিবে। যদি $\frac{1}{20}$ গ্রেণের অধিক মাত্রায় ব্যবহার করা যায় তবে কটু স্বাদ প্রকাশ করে।

৬। *ষ্ট্রিকনিয়া ঔষধীয় মাত্রায় ব্যবহার কালে সমুদয় প্রকারের তামাক* ব্যবহার না করা উচিত, কারণ সিষ্টেমে তামাক বিপরীত ক্রিয়া করে।

৭। ঔষধীয় মাত্রায় লৌহ, কুইনাইন, কড্‌লিভারের সহিত মিশ্রিত রূপতঃ প্রযোজ্য।

আময়িক প্রয়োগ। নানাবিধ চিকিৎসকগণ, পেরালিসিস্ রোগে, ইহাকে ব্যবহার করিয়া নানাবিধ ফল গ্রহণ করিয়া থাকেন। নিম্নলিখিত কারণ দ্বারা ষ্ট্রিক্নিয়ার ফলাফল সম্বন্ধে পরিবর্ত্তন সংঘটিত হয়। ১। ঔষধের অপরিষ্কৃতি বা কৃত্রিমতা। ২। রোগীর শারীরিক প্রকৃতি, ষ্ট্রিকনিয়া গ্রহণ করিতে অপারগ হইলে। ৩। সর্ব্বসাধারণ পেরালিসিসে ব্যবহারের তারতম্যানুসারে। ক্রনিক্ লেড্ পয়জেনিং, মার্কুারী পয়জিনিং, রিসেণ্ট হেমিপ্লিজিয়া আদি নানাবিধ উপদ্রবে, ষ্ট্রিক্নিয়া দ্বারা উপকার হয়। ইহার আরম্ভ সময়ে অতি অল্প মাত্রায় ($\frac{১}{৬৪}$—$\frac{১}{৩২}$ গ্রেণ) দিবসে ২। ৩ বার ব্যবহার করিবে এবং ৫। ৭ দিন ব্যবহার করিয়া বিশেষ যত্নের সহিত পরীক্ষা করিয়া দেখিবে, যেন অবসাঙ্গের নানা স্থানে শুড়শুড়ানি, একটুকু ঝন্ঝনানি আদি লক্ষণ প্রকাশ পাইবে। উক্ত লক্ষণ উৎপন্ন হইলে ২। ৩ দিবস পর্য্যন্ত ঔষধ স্থগিত রাখিয়া তৎপর ব্যবহার কর্ত্তব্য। এতদ্ব্যতীত মিঃ হাণ্টার্ ইহাকে হাইপোডার্মিকেলি প্রযোগ করিতে অনুমতি দেন।

স্নায়বিক দুর্ব্বলতা নিবন্ধন ক্রমোবোসিস্ উৎপন্ন হইলে ষ্ট্রিক্নিয়া উপকারী।

মাস্কুলার্ এষ্থিনোপিয়া, টুবেকোবেমোরোসিস্, এম্লুপিয়া এবং বিকৃত নার্ভাস্ এট্রফি উৎপন্ন হইলে ডাক্তার জুলিয়াস পিচকারী দ্বারা চর্ম্ম নিম্নে প্রবেশ করাইতে অনুমতি দেন। নাইট্ ব্লাইণ্ডনেস্ বা রাত্কাণা পীড়ায় আভ্যন্তরিক প্রয়োগ জন্য অল্প মাত্রায় আরম্ভ করিয়া ক্রমশঃ মাত্রা বৃদ্ধি করা যায়।

এসেন্সিয়েল্ প্যারালেসিস্ অব্ চিলড্রেন এবং একসেণ্ট্রিক পল্জী অব্ এডাল্টস্ ইত্যাদি বহুবিধ স্নায়বীক রোগাদিতে পিচকারী দ্বারা চর্ম্ম-নিম্নে প্রবেশ করা হয়। ডাক্তার বিঙ্গার বলেন উপরোক্ত রোগাদিতে প্রত্যহ বা দুই তিন দিন পর পর ব্যবহার করা যায়। এতদ্ব্যতীত ডিপ্থেরিয়া স্কার্লেটিনা রোগাদিতে ও ব্যবহার্য্য।

কোরিয়া, কার্ডিয়েক্ নিউরাল্জিয়া, এপিলেপ্সি, এন্জাইনা পেক্টোরিস্ ইত্যাদি স্নায়বিক রোগাদিতে ষ্টিকনিয়া ব্যবহৃত হয়, অপর ডাইলিউটেসন্ অব্ দি হার্ট, নানাবিধ স্নায়বিক দুর্ব্বলতা অথবা মানসিক পরিশ্রম বশতঃ

দুর্ব্বলতা উৎপন্ন হইলে কিম্বা এপিলেপ্সি রোগে ষ্ট্রিকনিয়া এসিটেট্ ১ গ্রেণ এসিটিক এসিড্ ২০ মিনিম্, এলকোহল্ ২ ড্রাম একোয়া ৬ ড্রাম মিশ্রিত করিয়া ১০ ফোটা মাত্রায় ব্যবহার্য্য।

বহুবিধ বিজ্ঞ চিকিৎসকগণ বলেন যে ইণ্টার্ মিটেণ্ট্ বা সপর্য্যায় জ্বর রোগে ষ্ট্রিকনিয়া দ্বারা বিস্তর উপকার দর্শে, এমনকি কুইনাইনের সমতুল্য হইয়া কাজ করে; ৩ মিনিম্ লাইকর ষ্ট্রিকনিয়া এক গ্রেণ কুইনাইনের সমতুল্য।

ক্রনিক্ ব্রঙ্কাইটিস্ এবং লাঙ্গ্সের এম্পিসিমা রোগে নক্স ভমিকা অথবা ষ্ট্রিকনিয়া ব্যবহৃত হইতে পারে। অবষ্টিনেট্ কনষ্টিপেশন্ এবং কলিকা পেক্টোনাম রোগেও কখন কখন ষ্ট্রিকনিয়া ব্যবহার্য্য।

ডাক্তার ব্রাউন্টন্ বলেন থাইসিস্ রোগে নাইটস্যুয়েটিং বা রাত্রিতে ঘর্ম্ম নিবারণার্থ ষ্ট্রিকনিয়া বিশেষ আদরের সহিত ব্যবহৃত হয় এবং ইহা বলকারক ক্রিয়া ও প্রকাশ করে।

প্রুরাইগো নামক চর্ম্মরোগে $\frac{1}{40}$—$\frac{1}{30}$ গ্রেণ মাত্রায় ষ্ট্রিকনিয়া প্রত্যেক ৩ অথবা ৪ ঘণ্টান্তর ব্যবহার করিলে বিশেষ ফলপ্রদ হয়, এবং স্নায়বিক লক্ষণ প্রকাশ না হওয়া পর্য্যন্ত ব্যবহার করা যায়।

Alcohol	এব্‌ছলিউট্ এল্‌কোহল্।	Absolute Alcohol
Spiritus rectificatus	রেক্‌টিফায়েড্ স্প্রীট্।	Rectified spirit
Spiritus Tenuior	প্রুফ্ স্প্রীট্।	Proof spirit
Spiritus Vini gallici	ব্রাণ্ডি।	Brandy.

সুরা।

প্রয়োগরূপ।

১। Mistura Vini gallici

মিষ্টুরা ভাইনি গেলিসি। মাত্রা ১—২ আং।

ক্রিয়া; এল্‌কোহল্ সংযুক্ত বিভিন্ন প্রকার পদার্থের ক্রিয়া, অন্যান্য বস্তুর মিশ্রণে (যথা সুগার, এম্‌পিরামেটিক ইথার) নানারূপ দৃষ্ট হয়। ডাক্তার লডার ব্রাউন শারীর বিধানে এলকোহলের ক্রিয়া নিম্নলিখিতরূপে বিন্যস্ত করিয়াছেন।

অল্পমাত্রায় এলকোহল ষ্টমাকের গতি, গ্যাস্ট্রিক্ জুস্ বা পাকস্থলির রস নিঃস্রবণ বর্দ্ধিত করিয়া পরিপাক শক্তির সাহায্য করে। যদি ও স্বাস্থ্যের পক্ষে অনুকূল নহে তথাপি ইহা ব্যবহার করিলে একজর্সন্ ও ডিবিলেটীতে উপকার হইয়া থাকে।

২। ষ্টমাকের নার্ভের মধ্য দিয়া প্রত্যাবর্ত্তিত ক্রিয়া দ্বারা নাড়ির গতি বর্দ্ধিত করে।

৩। অধিক মাত্রায় ইহা ষ্টমাক্‌কে উত্তেজিত করিয়া পরিপাকশক্তি হ্রাস করে।

৪। মাত্রাধিক্যে ইহাদ্বারা মৃত্যু পর্য্যন্তও বিচিত্র নহে।

৫। ইহা রক্তে আচোষিত হইলে পর লোহিত রক্তকণিকা সকলের দাহক্রিয়া হ্রস্বীকৃত হয় এবং তদ্দ্বারা শরীরের তাপ হ্রাস হয়।

৬। ইহা শরীরের দাহন ক্রিয়া উৎপন্ন করে, তাপ বৃদ্ধি করে, এবং অপ্রচুর খাদ্যে ও অধিক দিন জীবিত থাকা যায়। অতএব ইহা খাদ্য দ্রব্য মধ্যে পরিগণিত।

৭। অধিক মাত্রায় সেবন করিলে ইহার কতক অংশ অপরিবর্ত্তিত অবস্থায় পৃথক থাকে।

৮। ইহা ব্লাড্ ভেসেল্স্ বা রক্তবহানাড়ী সকলকে প্রসারিত করে এবং নার্ভাস্ সেণ্টারের উপর কার্য্য করিয়া হৃদ্‌পিণ্ডের ক্রিয়া দ্রুত এবং গতি বৃদ্ধি করে। ইহা রক্ত দ্বারা নার্ভাস সেণ্টারে নীত হয়, আনন্দ প্রদান করে এবং শারীরিক ও মানসিক শ্রান্তিকে সহজসাধ্য করে। ইহা ব্যবহারে শক্তি বৃদ্ধি হয় না বটে কিন্তু শক্তি অনুসারে কার্য্য করিতে লোকদিগকে সমর্থবান করে, সুতরাং ইহা একমাত্র চেষ্টাতে সাহায্য করিতে পারে বটে কিন্তু দীর্ঘস্থায়িনী চেষ্টার পক্ষে তত অনুকূল নহে।

৯। হৃদ্‌পিণ্ড সম্বন্ধে ও ঐরূপ ক্রিয়া হইয়া থাকে। কিন্তু পীড়িতাবস্থায় নিয়তই হৃদ্‌পিণ্ডের পাল্‌সেশন্ বা স্পন্দন দ্রুত করার পরিবর্ত্তে শিথিল করিয়া থাকে। এই প্রকারে শারীরিক বল ধ্বংস হওয়ার পরিবর্ত্তে পরিমিতভা রক্ষা পায়।

১০। চর্ম্মের আধেয় সকল (রক্তবহানাড়ী) প্রসারিত করিয়া এলকোহল আভ্যন্তরিক ইন্দ্রিয়গণের অপচয়ে শারীরিক তাপ বৃদ্ধি করে॥

১১। নার্ভাস্ সিষ্টেমের পক্ষাঘাত বা প্যারালেসিস্ হইলেই মত্ততার-চিহ্ন স্পষ্ট প্রকটিত হয়। ইন্টক্সিকেসন্ বা মত্ততার অবস্থায় প্রথমে সেরিব্রাম্ ও সেরিবেলমে ক্রিয়া প্রকাশ পায় এবং তৎপরে স্পাইনেল্ কর্ডে ও অবশেষে মিডিউলা অব্লঙ্গেটাতে কার্য্য প্রকাশ করিয়া থাকে। সচরাচর এল্কোহল্ প্রযোগে মিডিউলার কার্য্য হীনতা দ্বারাই মৃত্যু সংঘটিত হয়।

১২। মাতাল লোকেরা যে ভীষণ বিপদে পড়িয়াও আনন্দ উপভোগ করে নার্ভাস্ মিকানিজমের প্যারালাইসিস্ই তাহার একমাত্র কারণ।

অতিরিক্ত সুরাপান দ্বারা সমুদয় জীবনীশক্তি পর্য্যায়ক্রমে ক্ষীন হইয়া পড়ে। অতঃপর পরিপাক যন্ত্র সম্বন্ধে নানাবিধ পরিবর্ত্তন লক্ষিত হয়——অজীর্ণ, ক্ষুধামান্দ্য, নিয়মিত পিত্ত নিঃসরণের অল্পতা নিবন্ধন কোষ্ঠকাঠিন্যাদি উপদ্রব্ উপস্থিত হয়। সুতরাং শরীর নিয়মিত রূপে পরিপোষণের ব্যঘাত জন্মিয়া, সুরাপায়ী ব্যক্তি,দুর্ব্বল, রক্তহীন, ও শীর্ণ হইয়া থাকে। মাসল্স্ বা পেশী সকলের শক্তি হীনতা বশতঃ উপযুক্তরূপ কর্ম্ম করিতে পারে না। কাজেই, উর্দ্ধাধ শাখা চতুষ্টয়ে কম্প এবং অতঃপর পেরালিসিস্ পর্য্যন্তও সংঘটন হয়। মানসিক উৎকৃষ্টতম শক্তি নিচয়ের অবসাদন বশতঃ ধারণা শক্তি, বুদ্ধি শক্তি, সাহাস, অধ্যবসায় ইত্যাদি বিলুপ্ত হইয়া পড়ে অথচ প্রবৃত্তি সকল যথেচ্ছা পরিচালিত হয়।

অতিরিক্ত ও অভ্যস্ত সুরাপায়ীগণ উপর্য্যোপরি উত্তেজনা এবং অবসাদনাদিক্রমে অনির্ব্বচনীয় নিস্তেজ হইযা পড়ে। মুহুর্মুহু নানাবিধ বিভীষিকা নিরীক্ষণ, উৎকণ্ঠা, পেশী সকলের অবসন্নতাদি উৎকট লক্ষণ দ্বারা প্রপীড়িত হইয়া পড়ে। ইহাকেই ডিলিরিযম্ ট্রিমেন্স্ কহে।

বহুল পরীক্ষা দ্বারা স্থিরীকৃত হইয়াছে যে সুরা সেবন করিলে লাংস বা ফুস ফুস দ্বারা শরীর হইতে কার্ব্বণিক এসিড্ নির্গমন ও কিড্নি বা মূত্রযন্ত্র দ্বারা ইউরিয়া বহির্গমন হ্রাস হয়। সুতরাং শরীরে অধিক পরিমাণ দূষিত পদার্থ সঞ্চয় জনিত নানাবিধ পীড়া উপস্থিত হয়।

৫ অংশ রেক্টিফাযেড্ স্পিরিটে ৩ অংশ পরিশ্রুত জল মিলাইলে পরীক্ষিত সুরা প্রস্তুত হয়।

আময়িক প্রয়োগ। সুপার ফিশিয়েল্ ইনফ্লামেশন্, অঙ্গ স্প্রেইন বা

কোন স্থান মোচড়িয়া যদ্যপি বেদনাযুক্ত ও উত্তপ্ত হইয়া উঠে, তাহা হইলে স্পীট্ ১ আং জল ৬ অথবা ৮ অংশ মিলাইয়া বাহ্য প্রয়োগ জন্য অতি চমৎকার ইভাপোরেটিং লোশন্ প্রস্তুত হয়। ইহা দ্বারা লিণ্ট বা নেকড়া ভিজাইয়া পীড়িত স্থানে প্রয়োগ করিবে। গাউট্ রোগে ১ অংশ এল্কোহল্ ৩ অংশ কেম্ফার মিক্‌চার মিলাইয়া ব্যবহার্য্য। নানাবিধ মাস্তিষ্কেয় পরিবর্ত্তনে, বরফের সহিত স্পিট্ মিলাইয়া ব্যবহার করা যায়।

সার্ টী, ওয়াট্‌শন্ বলেন টাইলিজম বা মুখ হইতে অত্যন্ত লালা নিস্মৃত হইলে ইহার তুল্য উপকারী আর নাই। ১ অংশ ব্রাণ্ডি ৪ কি ৬ অংশ জলদ্বারা কুলি করিবে।

বেড্‌সোর বা শয্যাক্ষত উৎপন্ন হইলে সম পরিমাণ রেক্‌টিফায়েড্ স্পিট্ ও অণ্ডের সাদা অংশ মিলাইয়া, একটী পালক দ্বারা প্রয়োগ করিবে।

প্রসবান্তে অধিকাংশ প্রসূতীর স্তনপ্রদেশে ক্ষত উৎপন্ন হয়, সুতরাং তাহা নিবারণ জন্য প্রসবের পূর্ব্ব হইতেই ব্রাণ্ডি মিক্‌চার স্থানিক প্রয়োগ করিলে উক্ত আশঙ্কা দূরীভূত হইবে। ইচ্ছা হইলে ইহার সহিত, এলম বা ট্যানিন্ মিশ্রিত করা যায়।

রোগ যন্ত্রণার জর্জ্জরিত অবস্থায় এল্কোহল রোগীর পক্ষে অতিশয় উপকারী, কষ্ট দূরীভূত হইয়া রোগী পুনরায় প্রকৃত অবস্থায় নীত না হওয়া পর্য্যন্ত এলকোহল প্রয়োগ বিধেয়। ঈদৃশ অবস্থায় এলকোহলে টিশুর পরিবর্ত্তন হ্রাস করিতে দেখা যায়। নাড়ি চালক স্বরূপ কাজ করে। নাড়ীর গতি দ্রুত এবং ক্ষীন হইলে এলকোহল প্রয়োজনীয়। ডাক্তার ওয়াটার তৎসমর্থনার্থ আরো বলেন যে নারির গতি মধ্যবর্ত্তী অবস্থায় ও ইহা ব্যবহার্য্য। অতএব নিউমোনিয়া, টাইফাস্, টাইফয়েড্ একুউট এক্‌জেন্থিমেটা প্রভৃতি রোগের খারাপ অবস্থায় ষ্টিম্যুলেণ্ট ব্যবহার্য্য।

ডাক্তার ওয়াটার বলেন যে, বয়ঃপ্রাপ্ত অবস্থাতে ও নিউমোনিয়া হইলে ষ্টিমুলেণ্ট উপকারী। রিউমেটিক, পিরিকার্ডাটিসে ষ্টিম্যুলেণ্ট সময়ে সময়ে অতিশয় উপকারী।

কোন কোন অবস্থায় ওয়াইনে বেশ ফলদর্শে, কিন্তু দুর্ব্বলাবস্থায় ব্রাণ্ডি প্রয়োগ বিধেয়।

সমুদায় প্রকার জ্বরের এড্‌ভ্যান্‌স্‌ড্‌ ষ্টেজে বা পূর্ণাবস্থায় ষ্টিমুলেণ্ট্‌ প্রয়োগ সম্বন্ধে ডাঃ মার্চ্চিসন কয়েকটী উৎকৃষ্ট মন্তব্য প্রকাশ করিয়াছেন। উক্ত মন্তব্য টাইফাস্‌ এবং টাইফয়েড্‌ ফিবারকেই বিশেষরূপে লক্ষ্য করা হইয়াছে। পথ্য এবং মিনারেল্‌ এসিড্‌ সেবন কালীন টাইফাস এবং টাইফয়েড্‌ জ্বরের যে কোন অবস্থায় ওয়াইন বা ব্রাণ্ডি প্রয়োগ সমুচিত নহে। কিন্তু দৈবাৎ কোন কোন সময় জ্বরের ৫ম অথবা সপ্তম দিবসে ব্যবহার করিতে হয় কিন্তু অধিকাংশ সময় পীড়ার দ্বিতীয় সপ্তাহে ব্যবহার্য্য। সাধারণতঃ সপ্তম—অষ্টম দিবসেই ষ্টিমুলেণ্ট ব্যবহারের প্রশস্ত সময়। রক্তসঞ্চালন যন্ত্রের কার্য্যকারিতার ইতর বিশেষানুসারেই ষ্টিমুলেণ্ট প্রয়োগ হয়।

পাল্‌স্‌ বা নাড়ীরগতি কোমল, চাপ্য বা বিরাম যুক্ত অথবা ইম্‌পাল্‌সে পটেবল্‌ বা অনুভবনীয় অবস্থায় ষ্টিমুলেণ্ট শীঘ্র প্রযুজ্য, কিন্তু নাড়িরগতি দ্রুত, ক্রিয়াশীলে তত শীঘ্র প্রয়োগ অনাবশ্যক। নাড়িরগতি মৃদু অর্থাৎ প্রত্যেক মিনিটে ৭০ হইতে ৬০ বার স্পন্দিত হইলে, ষ্টিমুলেণ্ট ব্যবহারের পর দ্রুত এবং মুখমণ্ডল পাংসুবর্ণ ধারণ করিলে আর তাহা ব্যবহার্য্য নহে। যদ্যপি নাড়ীর গতি মৃদু হয় তবে তৎপ্রয়োগে উপকার হইবার সম্ভাবনা।

হৃদ্‌স্পন্দনের নিয়মিতাবস্থায় ষ্টিমুলেণ্ট প্রয়োগ অনাবশ্যক। কিন্তু হৃদস্পন্দন দুর্ব্বল এবং হৃদপিণ্ডের শব্দশ্রুত না হইলে ইচ্ছানুসারে ষ্টিমুলেণ্ট প্রয়োগ করা যাইতে পারে।

হৃদপিণ্ডের শব্দ সম্বন্ধে সন্দেহ উপস্থিত হইলে প্রত্যেক চিকিৎসককেই স্বয়ং ষ্টেথস্‌কোপ্‌দ্বারা হৃদপিণ্ড পরীক্ষা করা কর্ত্তব্য।

নিম্ন লিখিত অবস্থা গুলিতে ষ্টিমুলেণ্ট প্রযুজ্য।

(ক) রোগী অপর স্থানে নীত হইয়া মূর্চ্ছোন্মুখ হইলে।

(খ) ইবাপসনস্থানে স্থানে কাল এবং অনেক পরিমাণে হইলে।

(গ) অধিক পরিমাণে ঘর্ম্ম নিঃসৃত হইলে।

(ঘ) অত্যধিক পরিমাণে ঠাণ্ডা লাগিলে।

(ঙ) টাইফয়েড জ্বরের বিশেষ লক্ষণ অর্থাৎ অল্প অল্প ট্রিমার বা কম্পণ এবং নার্ভস্‌ সিম্‌টমস্‌ অর্থাৎ স্নায়ুবিক লক্ষণ প্রভৃতিতে।

(চ) জিহ্বা শুষ্ক এবং ধূসর বর্ণ হইলে ষ্টিমুলেণ্ট প্রযুজ্য। যদি জিহ্বাগ্র

পরিষ্কার এবং ভিজা বোধ হয় তাহা হইলে বুঝিতে হইবে যে এল্‌কোহল প্রয়োগে সুফল প্রসব করিয়াছে।

(ছ) কোন উপসর্গ উপস্থিত হইলে, যেমন পাইমিয়া, এরিসিপেলাস, ব্রঙ্কাইটিস্‌, নিওমোনিয়া, বেড্‌সোর বা শয্যাক্ষত এবং গ্যাংগ্রিণ ইত্যাদি।

(জ) যাঁহারা অধিক বয়স্ক কিম্বা অধিক পরিমাণে মাদক সেবনের অনুকূলে আছেন, ইহাদের প্রয়োগ উপরোক্ত অবস্থা সত্তো ও অবস্থা বিশেষে অধিক মাত্রায় করা যায়।

সাধারণতঃ যদি থেকে থেকে চমকিয়া উঠা যায় কিম্বা গুরুতর শিরঃপীড়া উপস্থিত হয় অথবা একুউট নযজি ডেলিরিয়ম হয়, বিশেষ যখন এই সকল লক্ষণ অতিশয় তাপ সহযোগে এবং চর্ম্মের শুষ্কতা সহযোগে এবং রক্তের সাফ কেসন্‌ সহযোগে বর্ত্তমান থাকে এবং যখন হৃদ্‌পিণ্ডের কিম্বা রেডিয়েল্‌ পাল্‌সের ক্রিয়া না হয় তদবস্থায় ষ্টিমুল্যেণ্ট প্রযুজ্য নহে।

উপরোক্ত অবস্থা নিশ্চয়ে ষ্টিম্যুলেণ্ট প্রয়োগ আবশ্যকীয় বলিয়া বিবেচিত হইলে স্বপ্না রোগের কতক কতক পরবর্ত্তী সময়ে ব্যবহার করিবে।

স্বপ্নাবস্থায় ষ্টিম্যুলেণ্ট প্রয়োগের গুণ, নাড়ি সঞ্চলনের উপর নির্ভর করে। যদি তৎপ্রয়োগে রোগী অস্থির এবং আরও স্বপ্নাবস্থা প্রাপ্ত হয় তবে ইহা ক্ষতি কর এবং যদি শান্ত স্বভাবাপন্ন থাকে তবে সুফলের আশা মনে করিতে হইবে।

পোর্ট সেরি, মেডিরা, ব্রাণ্ডি, জিন এবং হুইস্কিতে উৎকৃষ্ট এলকোহল দৃষ্টহয়। মৃদু উত্তেজক মধ্যে ক্লেরেট্‌ এবং বার্গাণ্ডি বেশ উত্তম। রোগান্তে দুর্ব্বলতায় মাণ্ট্‌লিকার বা ধেনোমদ অতি উপাদেয়। ডাইলিউটেড্‌ স্পিরিটস্‌ ব্যবহার কর্ত্তব্য, তৎপক্ষে আসব, এবং সোডা ওয়াটার বেশ উত্তম। কিন্তু ধাতু দৌর্ব্বল্য অবস্থার হট্‌ ব্রাণ্ডি এবং হুইস্কি বেশ উৎকৃষ্ট উত্তেজক। পৃথক পৃথক মাত্রায় বিভক্ত করিয়া পুনঃ পুনঃ অথচ অনবরত প্রয়োগ করিবে। অতি দরকারী স্থলে প্রত্যেক ঘণ্টায় এক এক মাত্রা দেওয়া যাইতে পারে। দুর্ব্বল রোগীদিগের বেড্‌সোর বা শয্যাক্ষত হইবার সম্ভাবনা হইলে ব্রাণ্ডি দ্বারা উক্ত স্থান ধৌত করিলে উপকার হইবে।

সর্প কি অপরাপর বিষাক্তজন্তু দংশনে জীবনী শক্তি উন্নত রাখার জন্য ব্রাণ্ডি ব্যবহার করা যায়।

নানাবিধ বৃহৎ ক্ষত হইতে অত্যন্ত পুয় নিঃসরণ জনিত শরীর নিতান্ত দুর্ব্বল হইয়া পড়িলে, সামান্য পরিমাণে ব্রাণ্ডি অথবা আসব মধ্যে পোর্ট্ ব্যবহার করিবে।

জ্বরাদি রোগে বা অপরাপর রোগ সমূহে অনেক সময় কুইনাইন্ আমরা ব্রাণ্ডি দ্বারা দ্রবীভূত করিয়া রোগীকে ব্যবহার করিয়া থাকি। ইহা দ্বারা ২টী কার্য্যই সিদ্ধ হয়।

ব্রাণ্ডি বা আর্ডেন্ট্ স্পিরিট্ অথবা আসব মধ্যে যাহাদের ক্রিয়া বেশ মৃদু বিশেষতঃ পোর্ট্ সেরি, ক্লেরেট, সেম্পেন্ আদি, অনেক সময় আমরা ব্যবহার করিয়া থাকি। ইহারা প্রত্যেকেই উত্তেজক এবং বলকারক হইয়া উপকার করে।

NARCOTICS CLASS.

নার্কটিকস্ ক্লাশ

বা

মাদক ঔষধ শ্রেণী।

ডাঃ হেড্‌লেণ্ডের মতানুসারে যে সমস্ত ঔষধ সেবনান্তর রক্তে আচোষিত হইয়া স্নায়ু বা স্নায়ু মূল সকলে কার্য্য করে এবং প্রথমত উক্ত স্নায়ু মণ্ডলীর কার্য্য উত্তেজিত করিয়া পরে অবসাদিত হয়, তাহারাই নার্কটিক্স্ বা মাদক ঔষধ বলিয়া বিভক্ত। অপর মাদক ঔষধ নিচয় মস্তিষ্কের বুদ্ধি-বিবেচনা উৎপাদক অংশের উপর ক্রিয়া প্রকাশ করিয়া উক্ত অংশের শক্তি বৃদ্ধি করে। বিবেচনানুসারে ইহারা নিম্নলিখিত ৩ শ্রেণীতে বিভক্ত।

(1) Inebriants

(2) Soporifics

(3) Deliriants

উপরোক্ত তিন শ্রেণীর মধ্যে ১ম ও ৩য় শ্রেণীস্থ ঔষধ সকল অধিক বা অল্প শক্তি দ্বারা স্নায়ু বিধানে ক্রিয়া সম্পাদন করে। এবং ইহাদের পরম্পরিত ক্রিয়া, বিশেষতঃ প্রথমতঃ ষ্টিমুলেণ্ট হইয়া তৎপর ডিপ্রেশন্ উৎপন্ন শক্তি সাক্ষাৎ সম্বন্ধে প্রকাশপায় না। মাদকঔষধ নিচয় প্রথমতঃ সেবন করিলে রক্ত সঞ্চলনের বেগ বৃদ্ধি করে, তৎপরে স্নায়ুগুলে সল্প পরিমাণে বা অতিরিক্ত রক্ত গমন করে। মাত্রা বৃদ্ধি করিলে আরও অধিক গমন করিয়া মস্তিষ্কের উপর বিশেষ রূপে কার্য্য দর্শায়। মনোবৃত্তি সকল প্রফুল্ল ও উত্তেজিত হইয়া উঠে। এতদ্ব্যতীত আরও অধিক মাত্রায় মস্তিষ্কের কার্য্য নিতান্ত বিশৃঙ্খল হইয়া অবশেষে মত্ততার লক্ষণ উৎপন্ন করে, শরীর অবসন্ন বোধহয়, চক্ষুদ্বয় অজ্ঞাত সারে মুদ্রিত হইয়া আসে। ক্রমে মাত্রা আরও বৃদ্ধি করিলে সুষুপ্তির ন্যায় অবস্থা-প্রাপ্ত হয়। অত্যন্ত অধিক মাত্রায় মস্তিষ্কের কার্য্য লোপ করিয়া শ্বাস বেসি হওতঃ মৃত্যু হয়।

নিতান্ত দৌর্ব্বল্যাবস্থায় জীবনী শক্তি উত্তেজিত করণ জন্য অনেক সময় আমরা নার্ভাস্ ষ্টিমুলেণ্ট প্রয়োগ করি। ইহারা মস্তিষ্কের উপর কার্য্য প্রকাশ

করিয়া নিদ্রা আনয়ন করে সুতরাং বেদনাদি নানাবিধ যন্ত্রণা তিরোহিত হয় সুতরাং নার্কটিক বা মাদক, ষ্টিমুলেন্ট্ বা উত্তেজক, এনোডাইন্ বা বেদনা নিবারক, এবং হিপ্নোটিক্স, সুপরিফিক্স বা নিদ্রাকারক, ইত্যাদি নানা বিধ ক্রিয়াদি পর্য্যায় ক্রমে উপস্থিত করে। ইহাদের ব্যবহারে মস্তিষ্কাদি স্নায়ুমুল উত্তেজিত হয় সুতরাং মস্তিষ্কে অধিক রক্ত গমণ করিয়া পূর্ব্বোক্ত ক্রিয়াদি উৎপন্ন করে।

নিম্নলিখিত ঔষধ সকল নার্কটিক্ বা মাদক শ্রেণীভুক্ত।

১। ওপিয়ম্।

২। পেপেভরিস্।

৩। মর্ফিয়া।

৪। হপ্।

৫। হায়ে সায়েমাস্।

৬। বেল্যাডোনা।

৭। এট্রোপিয়া।

৮। কেনাবিস্ ইণ্ডিকা।

৯। ষ্ট্রেমনিয়ম্।

Opium, Opium.

ওপিয়ম্। ওপিয়ম্।

মাত্রা। ½—৩ গ্রেণ্।

নিম্নলিখিত পদার্থ সকল ওপিয়ম্ মধ্যে পাওয়া যায়। যথা মর্ফিনি, কোডির্ম্মিন, কোডেনাইন্, লডেনাইন্, সিওডামর্ফিন্, পেপেভবিন্, মিয়েডিন্, ন্যাস্থশাইন্. ক্রিপ্টোপাইন্, মিকনিডাইন্, থিবেন্ বা পেরামর্ফিন্. নার্কটিন্, ওপিয়েনাইন্, পাপিন্টম্মোক্ সাই। এবং মেকনিক্ এসিড্ ও থিয়োল্যাক্টিক্ এসিড্ নামক ২টী অম্ল ও বর্ত্তমাণ, আছে। মর্ফিন্ হইতে এপোমর্ফিন্ উৎপন্ন হয়। বিশুদ্ধ ওপিয়ম্ বা অহিফেনে শতকরা ৬—১২ অংশ মর্ফিয়া আছে। অহিফেনের মাদকতা শক্তি উক্ত মার্ফিয়া নামক বীর্য্যের উপরই নির্ভর করে।

প্রয়োগ রূপ ২০টী।

১। কন্‌ফেক্‌শন্‌ অব্‌ ওপিয়ম্‌। মাত্রা ৫—২০ গ্রেণ্‌।

২। এক্‌ষ্ট্রাক্ট্‌ অব্‌ ওপিয়ম্‌। মাত্রা ½—২ গ্রেণ।

৩। ওপিয়ম্‌ প্লাষ্টার্‌।

৪। এনিমা অব্‌ ওপিয়ম্‌।

৫। লিকুইড্‌ এক্‌ষ্ট্রাক্ট অব্‌ ওপিয়ম্‌। মাত্রা ১০—৪০ মিনিম্‌। বা লাইকর ওপিয়াই সিডেটাইবাস্‌।

৬। লিনিমেণ্ট্‌ অব্‌ ওপিয়ম্‌।

৭। কম্পৌণ্ড্‌ পিল্‌ অব্‌ সোপ্‌। মাত্রা ৩—৫ গ্রেণ।

৮। পিল্‌ অব্‌ লেড্‌ এণ্ড্‌ ওপিয়ম্‌। মাত্রা ৩—৫ গ্রেণ।"

৯। পিল্‌ অব্‌ ইপিকা কুয়ানাউইথ্‌ স্কুইল্‌। মাত্রা ৫—১০ গ্রেণ্‌।

১০। এরোমেটিক্‌ পাউডার্‌ অব্‌ চক্‌ এণ্ড্‌ ওপিয়ম্‌। মাত্রা ১০—৪০গ্রেণ্‌।

১১। কম্পৌণ্ড্‌ পাউডার অব্‌ ইপিকা কুয়ানা। মাত্রা ৫—১৫ গ্রেণ।

১২। কম্পৌণ্ড্‌ পাউডার্‌ অব্‌ কাইনো। মাত্রা ৫—২০ গ্রেণ্‌।

১৩। কম্পৌণ্ড্‌ পাউডার্‌ অব্‌ ওপিয়ম্‌। মাত্রা ২—৫ গ্রেণ্‌।

১৪। কম্পৌণ্ড্‌ লেড্‌ সপোজিটরিস্‌।

১৫। "টিংচর্‌ অব্‌ ওপিয়ম্‌। মাত্রা ১০—৪০ মিনিম্‌।

অন্যনাম লডেনম্‌।

১৬। কম্পৌণ্ড্‌ টিংচার্‌ অব্‌ ক্যাম্ফার্‌। মাত্রা ১৫—৬০ মিনিম্‌।

অন্যনাম পেরাগরিক্‌।

১৭। এমোনায়েটেড্‌ টিংচার অব্‌ ওপিয়ম্‌। মাত্রা ½—১ ড্রাম্‌।

১৮। ওপিয়ম্‌ লোজেঞ্জেস্‌। মাত্রা ১—৬ গ্রেণ।

১৯। অয়েণ্ট্‌ মেণ্ট্‌ অব্‌ ওপিয়ম্‌।

২০। ওয়াইন্‌ অব্‌ ওপিয়ম্‌। মাত্রা ১০—৪০ মিনিম্‌।

ক্রিয়া। সেরিব্রাস্‌ ষ্টিমুলেণ্ট্‌, নার্কটিক্‌, এনোডাইন্‌, হিপ্নোটিক্‌, এণ্টিস্প্যাজ্‌মডিক্‌, ডায়েফরেটিক্‌, এনাস্থেটিক্‌, এণ্টিপিরিওডিক্‌, এণ্টিডিসেণ্ট্রি,

ডাক্তার কারগুয়াসন্‌ অপিয়মের ক্রিয়াগুলি স্বীয় মন্তব্য সহ যেরূপ সংক্ষেপে এবং সুকৌশলে বিন্যস্ত করিয়াছেন, এস্থলে তাহাই গৃহীত হইল।

১। নার্ভাস্ সিষ্টেমের উপর ক্রিয়া :—অল্প বা ঔষধীয় মাত্রায় অপিয়ম মস্তিষ্ককে মৃদু উত্তেজিত করে, মনোবৃত্তি সকল সাধারণতঃ উত্তেজিত হইতে থাকে, এবং কল্পনাশক্তি প্রখর হয়। কিন্তু কিয়ৎকাল পরেই স্পর্শানুভাবকতা লোপ পায়, তন্দ্রা উপস্থিত হয় এবং অবশেষে প্রগাঢ় নিদ্রার সমাবেশ হয়। রোগী অহিফেন সেবনের মাত্রাবিভেদানুসারে অল্প বা অধিক সময়ান্তর জাগরিত হয়। শিরঃপীড়া, মুখগহ্বরের শুষ্কতা এবং পরিপাক প্রণালী সম্বন্ধে নানাবিধ গোলযোগ প্রায়ই ঘটিয়া থাকে।

মাদকতা শক্তি কি রূপে যে উৎপন্ন হয় তাহার প্রকৃষ্ট কারণ অদ্যাপি স্পষ্টরূপে নির্ণীত হয় নাই। সেরিব্রেল ভেসেলস্ বা মস্তিষ্কের রক্তবহানাড়ী সকলের আকুঞ্চন হেতু মস্তিষ্ক রক্তাল্পতা হইয়া স্বাভাবিক নিদ্রা উৎপন্ন করে। আভ্যন্তরিক প্রয়োগ ভিন্ন অন্য কোন রূপ স্থানিক প্রয়োগে ইহার সঙ্কোচকগুণ দৃষ্ট হয় না। স্পর্শানুভাবক স্নায়ুমণ্ডলের উত্তেজনা ও কার্য্যকারী শক্তি মন্দীভূত হওয়াতে গুরুতর বেদনা অনুভব হয় না।

২। রক্তসঞ্চালন যন্ত্র বা ভাসকিউলার সিষ্টেম। হৃদ্পিণ্ডের ক্রিয়া প্রথমতঃ অল্প দ্রুত হইতে থাকে কিন্তু অনতিকাল পরেই মন্দীভূত হয় নাড়ী পূর্ণায়তন সবল এবং বিস্তৃত হয়। দেখাগিয়াছে যে মৃত্যুর অনতি পূর্ব্বে ওপিয়ম নাড়িকে বিষাক্ত করিয়া দুর্ব্বল, দ্রুত এবং উচ্ছৃঙ্খল করে।

৩। রেস্পিরেসন এবং টেম্পারেচার. রেস্পিরেটরি সেণ্টার বা ফুস্ফুসের উপর ওপিয়মের অবসাদন ক্রিয়া প্রকাশ পাইলে শ্বাস প্রশ্বাস মৃদুমন্দভাবে সঞ্চালিত হয় এবং ব্রঙ্কিয়েল্ টিউব্ বা বায়ুনলী হইতে নিঃস্রবণের হ্রাস হয়। টেম্পারেচার প্রথমতঃ কিছু বৃদ্ধি হয় বটে কিন্তু ঘর্ম্ম বৃদ্ধির সঙ্গে২ ক্রমশঃ হ্রাস হইতে থাকে। অহিফেণ ব্যবহারে সময় সময় বিবমিষা হয়, এবং ইনটেষ্টাইনেল্ সিক্রিসন্ বা অন্ত্রস্থ রস নিঃস্রবণের অল্পতার দরুণ কোষ্ঠবদ্ধ অথচ অবশ্যম্ভাবী স্রাবণ ক্রিয়ার হ্রাস হওতঃ জিহ্বা শুষ্ক হয়। প্রস্রাবের পরিমাণ কম হয়, এবং প্রস্রাবস্থ সলিড্ ইন্‌সেডিমেণ্টের উপর অপিয়মের ক্রিয়া সম্বন্ধে নানামত শুনা যায়। পিত্তনিঃসরণ নিবারিত হয়, ত্বকে স্রাবণ ক্রিয়া বর্দ্ধিত হইয়া অধিক মাত্রায় ঘর্ম্মোৎপাদন করে। অহিফেন সেবনে সর্ব্বপ্রকার স্রাবণ ক্রিয়া অবরুদ্ধ হয় বটে কিন্তু ত্বকের স্বেদজনন ক্রিয়াটী বর্দ্ধিত হয়। শ্বাস প্রশ্বাস ঘর্ম্ম নিঃসরণ এবং প্রস্রাব দ্বারা সংশোধন হয়।

টক্সিক্ এফেক্টস্। বিষাক্ত মাত্রায় নিদ্রাক্রমশঃ গাঢ় হইতে থাকে, শ্বাস প্রশ্বাসে গলদেশে ঘড় ঘড় শব্দ হইতে থাকে। এবং শ্বাসযন্ত্র হইতে নাকডাকান সদৃশ (ষ্টার্ টোরাস্) শব্দ শুনা যায়। মুখমণ্ডল সমুজ্জ্বল, বৃহদায়তন, স্ফীত এবং মলিন হয়। কনীনিকা যথেষ্ট আকুঞ্চিত হয়, হৃদ্পিণ্ডের দক্ষিণপার্শ্বের প্রসারণতা দ্বারা ফুস্ফুস হইতে রক্তের গতি রুদ্ধ করে এবং রেস্ পিরেটরি সেণ্টার অর্থাৎ ফুস্ফুসের প্যারালাইসিস্ উৎপন্ন হইয়া শ্বাসাবরোধে রোগীর মৃত্যু হইতে পারে।

এল্কোহলিক্ কোমা বা সুরা সেবন বশতঃ অচৈতন্য অবস্থা ও ওপিয়ম দ্বারা বিষাক্ত অবস্থা, এই দুইয়ের বিভিন্নতার লক্ষণ নিরূপণ করা সময় সময় যথেষ্ট কঠিন হইয়া দাঁড়ায়, যাহাহউক জানা আবশ্যক যে এলকোহলিক কোমাতে কনীনিকা সর্ব্বদাই প্রসারিত থাকে। অথচ মুখে ওপিয়মের গন্ধ পাওয়া যায় না।

দ্বিতীয়তঃ ইউরিমিক্ কোমা হইতে ও প্রভেদ নিরূপণ করা সহজ নয় কিন্তু মূত্র পরীক্ষা করিয়া দেখিলেই সন্দেহ বিদূরিত হইতে পারে অথচ মুখের গন্ধ দ্বারা ও ওপিয়ম অথবা মদ্যপান নিরূপিত হয়। তৃতীয়তঃ পনস্ভেরলীতে এপোপ্লেক্টিক্ এফুসন্ সহ ও পরস্পর গোলযোগ হইয়া থাকে, কারণ লক্ষণ গুলির মধ্যে পরস্পর ঈদৃশ সৌসাদৃশ্য বর্ত্তমান থাকে যে তাহা হইতে প্রকৃত রোগ নির্দ্দেশ অসম্ভব।

পোষ্ট্ মার্টম্ বা শবদেহ পরীক্ষা। মস্তিষ্ক কাটিয়া দেখিলে, লেটারেল্ ভেণ্ট্রিকেলে সিরম্ সঞ্চয়, মস্তিষ্কে প্রচুর কঞ্জেস্শন্, লাংস বা ফুসফুসে রক্তাধিক্য সহ মলিনত্ব দৃষ্টি গোচর হয়। কিন্তু মস্তিষ্কমধ্যে রক্তস্রাব হওয়া সচরাচর নয়।

ট্রিট্মেণ্ট্ অব্ ওপিয়ম্ বা চিকিৎসা। ওপিয়ম দ্বারা বিষাক্ত রোগী চিকিৎসকের নিকট উপস্থিত হওয়া মাত্রই যত শীঘ্র হয়, তাহার পাকাশয় ধৌত, ও শূন্য করিতে হইবে, সুতরাং অনতি বিলম্বে ১ ড্রাম সাল্ফেট্ অব্ জিঙ্ক বা একটিস্পুন্ফুল্ পরিমান মাষ্টার্ড, গরম জলের সহিত পান করাইবে। অথবা সুবিধা হইলে ষ্টমাক্ পাম্প্ দ্বারা পাকাশয়ের অভ্যন্তর প্রদেশ ধৌত করিবে। যদ্যপি সাল্ফেট্ অব্ জিঙ্ক্ বা মাষ্টার্ড্ সহ গরমজল গলাধঃ করিতে না পারে, তবে তৎক্ষণাৎ বিলম্ব না করিয়া মল দ্বারে উহাদের এনিমা প্রয়োগ করিবে।

কিছুতেই উপকার না হইলে হাইপোডার্মিক্ সিরিঞ্জ দ্বারা চর্ম্ম নিম্নে এ-পোমর্ফিয়া প্রয়োগ করিলেও প্রচুর বমন হইবার সম্ভাবনা। রোগীকে চক্ষু মুদ্রিত করিতে দিবেনা, প্রতি নিয়ত, নিদ্রা ভঙ্গ করিতে চেষ্টা করিবে, এদিকে ওদিকে পরিভ্রমণ করাইবে, মস্তকের রক্তাধিক্য নিবারণ জন্য মস্তকে কোল্ড ডুস্ প্রয়োগ করিবে, মুখমণ্ডল ও বক্ষপ্রদেশে শীতল বরফের জল সিঞ্চন করিবে, তৎপর শরীরে তড়িৎ প্রবাহ ও কৃত্রিম শ্বাস ক্রিয়া উৎপাদন জন্য চেষ্টা করিতে হইবে। রোগী, উদরস্থ করিতে সমর্থ হইলে ত্রাস্তরাঙ্গার ব্যবস্থা করিবে এবং উত্তেজক বিধান করিতে হইবে। অতঃপর এট্রোপিয়া অথবা অপরাপর যাহা বিহিত প্রয়োগ করিবে।

ওপিয়ম্ ব্যবহার কালে নিম্নলিখিত কতগুলি
বিষয়ের প্রতি দৃষ্টি রাখা কর্ত্তব্য।

১। অনেকানেক ব্যক্তি সামান্য মাত্রায় ওপিয়ম সেবন করিয়াই, প্রলাপ, নানাবিধ মাস্তিষ্কের উত্তেজনা, বমন, উদরাময় ইত্যাদি লক্ষণ দ্বারা আক্রান্ত হইয়া পড়ে। এরূপাবস্থায় উক্ত ইডিওসিন্ ক্রেসি গ্রস্থ লোকদিগকে ওপিয়ম্ ব্যবহার না করিয়া অপরাপর ঔষধ বিধান করিবে।

২। শিশু ও বালক দিগের প্রতি ওপিয়মের ক্রিয়া অতি দ্রুত ও মারাত্মক ভাবে প্রকাশ পায়। অনেকানেক সময় ২ বা ৩ ফোটা টিং, ওপিয়ম্ সেবন করিয়া কোন কোন বালক পঞ্চত্ব প্রাপ্ত হইয়াছে। অতএব অত্যন্ত সতর্কতা ব্যতীত শিশু ও বালক দিগকে কখনই ওপিয়ম্ বিধান করিবেনা। স্তন্যপায়ী শিশুর প্রতিও মাতাহইতে বিষলক্ষণ উৎপন্ন হয়।

৩। যে সমস্ত ব্যক্তি সর্ব্বদা ওপিয়ম্ সেবন করে, তাহা দিগের প্রতি ওপিয়মের কার্য্য অপরাপর অনভ্যস্ত ব্যক্তিদিগের হইতে অত্যন্ত মৃদুভাবে প্রকাশিত হয়।

৪। অন্যান্য ঔষধ সহ মিশ্রন দ্বারা ও ওপিয়মের কার্য্যের তারতম্য হইয়া থাকে যথা—ইপিকাকুয়ানা সহ ঘর্ম্ম বৃদ্ধি হয়, পারদ সহ কোষ্ঠ কাঠিন্য দূরীকৃত হয়; যেমন কেলমেল্ এবং ওপিয়ম্। অপর টার্টার এমিটিক দ্বারা মাস্তিষ্কের গণ্ডগোল এবং ব্রোমাইড্ অব্ পটাসিয়মের সহিত মস্তিষ্কে রক্তাধিক্য হওয়া অনেকাংশে নিবারণ করে।

৫। বেদনা নিবারণার্থ যখন ওপিয়ম্ প্রয়োগ করা কর্ত্তব্য হয়, তদবস্থায় প্রথমতঃ একবার ওপিয়ম্ ব্যবহার করিয়া অসিদ্ধ কাম হইলে পুনরায় ব্যবহার্য্য সম্বন্ধে একটুকু চিন্তার দরকার। কিন্তু ওপিয়ম প্রকৃত অবস্থায় পাকাশয়ে দ্রবীভূত হইতে অন্তত অর্দ্ধঘণ্টার দরকার সুতরাং অর্দ্ধ ঘণ্টা অপেক্ষা করতঃ তৎপর অন্য ডোজ্ ব্যবহার করা যায়। অপর স্মরণ রাখা কর্ত্তব্য, যে তরলাবস্থায় ইহাদের ক্রিয়া দ্রুত প্রকাশিত হয়।

৬। রাত্রিতে নিদ্রাকরণ জন্য ওপিয়ম্ ব্যবহার করিতে হইলে রোগী সাধারণতঃ যে সময়ে নিদ্রা যায় ঠিক তাহার ১ ঘণ্টা কি ২ ঘণ্টা পূর্ব্বে ওপিয়ম্ ব্যবস্থা করিবে কারণ ওপিয়মের প্রাথমিক ক্রিয়া গুলি ক্রমে উৎপন্ন হইলে তৎপর স্বাভাবিক নিদ্রার সময় মাদকতা শক্তি উৎপন্ন হইয়া রোগীর নিদ্রা-আনয়ন করে।

৭। যখন ইসাকের উত্তেজনা কি অপর কোন কারণ উৎপন্ন হয়, তদবস্থায় সেবন না করাইয়া এনিমা আকারে মল দ্বারে, অথবা ইহার প্রধানতম বীর্য্য মর্ফিয়াকে পিচকারী দ্বারা চর্ম্ম নিম্নে প্রবেশ করাইলে কার্য্য সিদ্ধ হয়। অনেকানেক সময় বেদনা নিবারণ জন্য চর্ম্মোপরি ওপিয়ম্ ব্যবহার করা যায় অথবা কোন ক্ষত প্রদেশে অত্যন্ত বেদনা থাকিলে পুল্টিসের উপর ওপিয়ম্ পাউডার প্রক্ষেপ করিয়া প্রয়োগ করিলেও বেদনা তিরোহিত হয়।

৮। ঘর্ম্মোৎপাদন জন্য ওপিয়ম্ ব্যবহার করিলে ইপিকাকুয়ানা সহ অধিক ফলোৎপন্ন হয়। ওপিয়ম্ দ্বারা ঘর্ম্ম বৃদ্ধি হয় কিন্তু স্ত্রীলোক দিগের দুগ্ধ নিঃসরণ সামান্য পরিমাণে রোধ হইতে পারে।

প্রত্যহ ওপিয়ম্ সেবন করিলে ক্রমে অভ্যস্ত হইয়া পড়ে এবং ক্রমশঃ মাত্রা বৃদ্ধি না করিলে পূর্ব্ব গৃহিত মাত্রায় তৃপ্তি বোধ হয় না অথচ সেবনের নিয়মিত কাল আগত হইলে ওপিয়ম্ সেবন না করিয়া কোন প্রকারেই সুস্থির থাকিতে পারাযায় না। এমন কি যদ্যপি নিয়মিত সময়ে অহিফেণের অভাব ঘটে, তবে প্রায় উন্মত্তের ন্যায় হইয়া উঠে। অহিফেণ ভোজীব্যক্তিগণ শেষ সময় বড়ই দুরবস্থাপন্ন হইয়া পড়ে। শরীর শীর্ণ, কঙ্কালাবশিষ্ট, শুষ্ক, চক্ষু কোটরাগত, ক্ষুধামান্দ্য ও অপরাপর নিকৃষ্ট লক্ষণ সকল বলবতী হইয়া উঠে, জেনিটেল্ অর্গেন্সের কার্য্য নিতান্ত নিস্তেজ এবং স্মৃতি শক্তি ও বুদ্ধিশক্তির প্রখরতা তিরোহিত হয়।

ওপিয়মের সহিত বেলাডোনার ক্রিয়াগত সামঞ্জস্য যথা—ডাং এণ্ডারসন্, বেল্ প্রভৃতি চিকিৎসকগণ বেলাডোনার সহিত ওপিয়মের ক্রিয়া সম্বন্ধে সম্পূর্ণ বিরুদ্ধ বলিয়া নির্দ্দেশ করেন। কিন্তু ডাং হার্লি বিশেষ পর্য্যবেক্ষণ দ্বারা উপরোক্ত ডাক্তারগণের বিপরীতে মতাবিষ্কার করিয়া সাধারণে প্রকাশ করেন। এবং ডাং হার্লি বলেন বেলাডোনা দ্বারা ওপিয়মের ক্রিয়ার সাহায্য করে। অনেকানেক ব্যক্তি ওপিয়ম্ ব্যবহারে সহজে ফলভোগ করিতে পারে না, এমতাবস্থায় সামান্য মাত্রায় বেলাডোনা সহ ব্যবহার করিলেই অনতি বিলম্বে সুষুপ্ত উৎপাদন করে। অতএব ওপিয়ম্ দ্বারা বিষাক্ত হইলে বেলাডোনা ব্যবহার করিলেই বিষঘ্ন হইয়া উপকার করিবে বলিয়া পূর্ব্বে যে বিশ্বাস ছিল সম্প্রতিক তাহা তত বিশ্বাস যোগ্য বলিয়া পরিগণিত নয়।

ওপিয়মের সহিত কুইনাইনের ক্রিয়ার সামঞ্জস্য যথা—ডাং গার্‌লার্ ও ডাং রোবিশন ওপিয়মের সহিত কুইনাইনের ক্রিয়া সম্বন্ধে সম্পূর্ণ না হইলেও কথক সামঞ্জস্য আছে বলিয়া নির্দ্ধারণ করেন এবং ওপিয়ম্ ও কুইনাইন একত্র প্রয়োগ করিলে উভয়ে উভয়ের দোষ খণ্ডন করে বলিয়া প্রমানিত হইয়াছে। সুতরাং কুইনাইন ও ওপিয়ম্ একত্র প্রয়োগ করিয়া সময় সময় বিস্তর উপকার প্রাপ্ত হইবে।

নিম্নলিখিত অবস্থার প্রতি লক্ষ্য রাখিয়া ইহার ব্যবহারে বিশেষ সতর্কতা গ্রহণ বা এককালে প্রয়োগ নিষেধ।

১। রোগী যদ্যপি প্লেথরা রোগ দ্বারা আক্রান্ত থাকে অথবা মস্তকের অভ্যন্তরস্থ রক্তবহা নাড়ীতে রক্তাধিক্য বর্ত্তমান আছে বলিয়া অনুমিত হয়, তদবস্থায় ওপিয়ম্ ব্যবহার না করাই কর্ত্তব্য।

২। প্লেথরিক লোক দিগের এস্থেনিক ইনফ্লামেশনে ওপিয়ম ব্যবহার করিবে না।

৩। ফুস্ ফুসের কোন প্রকার পরিবর্ত্তনে যখন শ্লেষ্মা অত্যন্ত শক্ত ও শুষ্ক বোধ হয়, এবং রেস্পিরেশন্ বা শ্বাস প্রশ্বাস আয়াস সাধ্য অথচ শ্লেষ্মা দুর্গন্ধযুক্ত হয়, এরূপাবস্থায় ব্যবহার নিষেধ।

৪। যখন পাল্‌মোনেরি সিক্রিশন্ বা ফুস ফুস হইতে বেশ তরল শ্লেষ্মা

নিঃসরণ হয়, এমতা বস্থায় ওপিয়ম্ ব্যবহার করিয়া অনেকানেক সময় অত্যন্ত বিপদে পতিত হইতে হয়। মিউকাস্ সকল হটাৎ শুষ্ক হইয়া উঠে সুতরাং অকস্মাৎ মারাত্মক লক্ষণ সকল উৎপন্ন হইতে পারে।

৫। শরীরের নিকৃষ্টাবস্থায় ভিনাস্ কঞ্জেস্শন্ থাকিলে ব্যবহার নিষিদ্ধ।

৬। যে অবস্থায় রোগীর প্রস্রাবের পরিমাণ স্বল্প থাকে কি বদ্ধিত থাকে অথবা প্রস্রাবের বর্ণ পরিস্কার না হয়, তদবস্থায় ওপিয়ম ব্যবহার না করাই বিহিত, নিতান্ত দরকার হইলেও কোন এল্কেলিজ বা ক্ষারাক্রান্ত ঔষধ সহ ব্যবস্থা করিবে। কিন্তু ব্রাইট্স্ ডিজিজে ইহার ক্রিয়া নিতান্ত খারাপ রূপে প্রকাশ পায়।

৭। গর্ভাবস্থায় ওপিয়ম্ ব্যবহার সম্বন্ধে ডাং ডেন্মেন বলেন, যে ইহা প্রয়োগ দ্বারা গর্ভস্থ সন্তানে বিষ লক্ষণ প্রকাশ পাইতে পারে। কিন্তু ডাং এডাম্স্ উক্ত মতের বিরুদ্ধে প্রমাণ করিয়াছেন।

৮। জ্বররোগে অথবা অন্যান্য অবস্থায় পিউপীল্ বা কনীনিকা কুঞ্চিত থাকিলে ওপিয়ম্ প্রয়োগ করিবে না।

৯। লিভার্ বা যকৃতের ক্রিয়াগত কোন প্রকার পরিবর্ত্তনে বিশেষতঃ লিথিমিয়া পীড়ায় ব্যবহার করিবেনা।

১০। হাইপারিমিয়া বা রক্তাধিক্যাবস্থায় বিশেষতঃ নাড়ীর গতি ক্ষুদ্র (small) কোমল (soft) এবং চাপ্য (compressible) হইলে যদিও কখন কখন ব্যবহার করা যায় কিন্তু নাড়ীর গতি পূর্ণ ও কঠিন বোধ হইলে ওপিয়ম ব্যবহার হানি জনক।

আময়িক প্রয়োগ। নানাবিধ প্রদাহ বা (Inflammations) ইন্ফ্লামেশন্ রোগে ওপিয়ম্ ব্যবহৃত হয়। কিন্তু মস্তিষ্ক ও ফুস্ফুস প্রদাহে কখনই ওপিয়ম্ বিধান করিবে না। এতদ্ব্যতীত পেরিটোনাইটীস্, এন্টিরাইটিস্, ডিসেণ্ট্রি, আদি বহুবিধ প্রদাহে অহিফেণ্ অত্যন্ত আদরের সহিত ব্যবহৃত হয়। অনেকানেক সময় আমরা এসাইটীস্ টেপ্ করার পূর্ব্বে, পেরিটোনাইটীস্ না হওয়ার জন্য পূর্ব্ব হইতেই ওপিয়ম্ ব্যবস্থা করিয়া থাকি।

টাইফাস্ ফিবারে ওপিয়ম্ দ্বারা অনেকানেক সময় যথেষ্ট উপকার হয়

বিশেষতঃ মাথা বেদনা, অনিদ্রা, প্রলাপাদি বর্ত্তমানে নিদ্রা আনয়ণ করিয়া উপকার করে কিন্তু পিউপীল্ বা কনীনিকা ক্ষুদ্র, কোমা, অথবা কোন প্রকার লাংস্ কম্প্লিকেশন্ থাকিলে বিধান কর্ত্তব্য নয়। টাইফয়েড ফিবারে যখন উদরে বেদনা, ও অপবাপর লক্ষণ বর্ত্তমান থাকে তদবস্থায় ইহা অতি চমৎকার ঔষধ। অন্ত্র হইতে রক্তস্রাব নিবারণ জন্য সুগার অব্ লেড্ ও অন্যান্য রক্ত-রোধক ঔষধ ব্যবস্থেয়। নিম্নলিখিত মত এনিমা ব্যবস্থা করিবে। যথা—

R.

Plumbi acet gr. x

Acid, acet Dil *m* x

Morphinæ acit gr ss

Aq. Tepid oz iv

M ft. enema.

যদ্যপি ডায়েরিয়া বর্ত্তমান থাকে তবে নিম্নলিখিত ব্যবস্থা মন্দ নয় যথা—

R.

Acid Sulph. dil. *m* xxx

Tinct. Opii. *m* x

Decoct. Cinchonæ ad oz. iss

A draught to be taken every four hours.

প্রয়োজনানুসারে ওপিয়মের এনিমা ব্যবহার করা যায়। কিন্তু যদ্যপি এনিমা ব্যবহারে উপকার না হয় তবে নিম্নলিখিত সাপোজিটরি ব্যবস্থেয় যথা—৫—১০ গ্রেণ্ মাত্রায় পিল্সেপনিস্ কম্পৌণ্ড্ দ্বারা সাপোজিটরি (suppository) ব্যবস্থা করিবে। পেরিটোনাইটিস্ উৎপন্ন হইয়া যদ্যপি টিম্পেনাইটীসের লক্ষণ প্রকাশ পায়, তাহা হইলে ১ ড্রাম পরিমান টিং ওপিয়ম্ দ্বারা এনিমা প্রয়োগ করিলে উপকার হয়। ইহা টাইফয়েড্ এবং টাইফস্ উভয় প্রকার জ্বরেই বিধান করা যায়।

ইণ্টার মিটেণ্ট্ ফিবারে অনেকে ওপিয়ম্ ব্যবহার করিতে আদেশ করেন। কেহ কেহ বলেন ইহা দ্বারা জ্বরের উত্তাপ খর্ব্ব হয়, স্থায়ীকাল লাঘব হয়, সুতরাং এণ্টিপিরিওডিক্ ও ডায়েফরেটিক্ হইয়া উপকার করে। ঘর্ম্মবৃদ্ধি জন্য ইপিকাক্ সহ ব্যবস্থা করিবে।

ইন্ সেনেটি বা বাতুলতা, রোগে ওপিয়ম্ দ্বারা উপকার হয়। যদ্যপি নাড়ীর গতি ফুল্ ও কুইক্ থাকে এবং মস্তক অত্যন্ত উত্তপ্ত থাকে, তাহা হইলে, মস্তকে প্রচুর পরিমাণে শীতল জল ব্যবহার করতঃ, তৎপর হিপ্নো-টিক্ বা নিদ্রাকারক মাত্রায় ওপিয়ম প্রয়োগ করিলে বিস্তর উপকার হয়। কিন্তু ইন্‌সেনেটী রোগে ওপিয়ম্ ব্যবহার করিতে অত্যন্ত বহুদর্শিতার দরকার। প্রয়োজনানুসারে ইহার সহিত একষ্ট্রাক্ট এলোজ ২।৩ গ্রেণ্ এবং ষ্ট্রিক্‌নিয়া মিশ্রিত করা যায়। স্ত্রীলোক দিগের মেনোষ্ট্রুয়েশন্ রুদ্ধ হওয়া বশতঃ মেলে-ঙ্কোলিয়া বা বিমর্শোন্মাদ উৎপন্ন হইলে ওপিয়ম্ মন্দ নয়, কিন্তু বায়ু ও স্থান পরিবর্ত্তন দ্বারা বিস্তর উপকার হয়। কোন কোন বিজ্ঞ চিকিৎসক বলেন এস্থেনিক্ মেনিয়া, জেনেরেল্ পেরালিসিসের জন্য, এবং ব্রেইনের কোন প্রকার অর্গানিক্ পীড়া জনিত মেনিয়া রোগে ডিজিটেলিস ও হেন বেন্ এবং ইউট্রাসের কোন প্রকার পরিবর্ত্তন বশতঃ বা জননেন্দ্রিয়ের কারণ জনিত এপি-লেপ্‌টিক্ মেনিয়া অথবা হিষ্টিরিকেল মেনিয়া রোগে ওপিয়ম্ অপেক্ষা ব্রোমা-ইড্ অব্ পটাশিয়ম্ দ্বারা উপকার হয়।

হে ফিবারে মিঃ হোয়াইট্, কুপার্ টিংচার ওপিয়মের প্রতি অনুরাগ প্রকাশ করেন এবং ২—৩ বিন্দু মাত্রায় জলের সহিত মিশ্রিত করিয়া প্রত্যেক ৩। ৪ ঘণ্টান্তর ব্যবহার করিবে এবং নাসিকা ও চক্ষু হইতে জল পড়া ক্ষান্ত না হওয়া পর্য্যন্ত ব্যবহার করা কর্ত্তব্য। কিন্তু মধ্যে মধ্যে ঔষধ ক্ষান্ত রাখা উচিত।

স্মল্ পক্স্ বা বসন্ত রোগে অন্যান্য বেদনা নিবারক বা নিদ্রাকারক ঔষধ দ্বারা উপকার না হইলে ইহাকে ব্যবহার করা মন্দ নয়।

অনিদ্রা (Insomnia) নিবারণার্থ ওপিয়ম্ বিখ্যাত কিন্তু স্মরণ রাখা কর্ত্তব্য, যে বেদনা জনিত অনিদ্রাবস্থায়, ওপিয়ম্ দ্বারা অবিলম্বে বেদনা নিবা-রণ করিয়া নিদ্রা আনয়ন করিতে পারে। অথবা বেদনা নিবারণ করিয়া নিদ্রা আনয়ন জন্য হাইপোডার্মিক্ রূপে লাইকর মর্ফিয়া ব্যবহার করা যায়।

ডিলিরিয়ম্ ট্রিমেন্স্ রোগে অত্যন্ত সতর্কতাসহ ওপিয়ম্ ব্যবহার করিলে উপকার হইতে পারে। ইচ্ছা হইলে হাইপোডার্মিকেলি মর্ফিয়া ব্যবহার করা যায়।

ধনুষ্টংকার (Tetanus) রোগে ওপিয়ম্ দ্বারা স্পেজম্ বা আক্ষেপ নিবা-

রূপ করিয়া উপকার করে কিন্তু ক্লোরফরম্, ফাইজষ্টিগ্মা, একোনাইট্, ক্যানেবিস্ ইণ্ডিকা থাকিলে বিলম্ব না করিয়া ইহাদেরই ব্যবহার করা কর্ত্তব্য।

নানাবিধ নিউর‍্যাল্জিয়া, বিশেষতঃ সায়েটিকা sciatica টিক্ডলক Tic-doulouroux আর স্নায়ুশূল ওপিয়ম্ অভ্যন্তরিক অথবা বাহ্যিক ব্যবহার দ্বারা উপকার হয় কিন্তু হাইপোডার্ম্মিক্ রূপে মর্ফিয়া প্রয়োগ করিলে প্রায় অব্যর্থ হইয়া কার্য্যকরে। এত দ্ব্যতীত ডাক্তার ফৌলার বাহ্য প্রয়োগার্থ নিম্ন লিখিত ব্যবস্থা দেন যথা।

R.

T. Opii

Sp Ether. sulph Co.

Glycerini a a di iii

Ext. Belladon gr xx

M, for external use only.

এবং উপরোক্ত ঔষধটী নার্ভের উপরে লাগাইয়া ফ্লেনেল্ কাপড় দ্বারা বান্ধিয়া রাখিবে। হার্পিজ জোষ্টার রোগেও বেদনা নিবারণ করিয়া উপকার করে।

নিউমোনিয়া Pneuonia, একিউট্ প্লুরিসি Acute Pleurisy রোগে ওপিয়ম্ দ্বারা বেদনা নিবারণ, নিদ্রাআনয়ন, কাশির দুর্দ্দমনীয় যন্ত্রনাদি উপদ্রব্ অনেকাংশে লাঘব হয়। এতদ্ব্যতীত, সামান্য মাত্রায় উত্তেজক, লঘু ও পুষ্টিকারক আহারাদি প্রয়োজনানুসারে সর্ব্বদা ব্যবহার করা বিহিত।

এজমা ব্রংকাইটীস্, ক্রনিক্ কফ্রোগে ওপিয়ম্ দ্বারা উপকার হইতে পারে কিন্তু কোন কোন সময় এক্স্পেক্টোরেশন্ বন্ধ করিয়া শ্বাস কষ্ট আনয়ন করে। কখনও ওপিয়মের প্লাষ্টার বক্ষদেশে প্রয়োগ করা যায়।

প্লুরোডিনিয়া বা বক্ষ দেশের পেশীশূল রোগে টিংচার ওপিয়ম্ বক্ষ প্রদেশে উত্তপ্ত বস্ত্রে মালিশ করিলে বিস্তর উপকার করে। হুপিংকফ রোগে এবং Influenza রোগেও বহুদিন হইতে আক্ষেপ নিবারণার্থ ওপিয়ম্ ব্যবহৃত হইতেছে। বর্লিন্ নগরস্থ ডাক্তার এবং অন্যান্য ডাক্তার গণ মর্ফিয়া ব্যবহার

করিতে অনুমতি দেন এবং এক বৎসর বয়স্ক বালকের জন্য এক গ্রেণের প্রত্যেক $\frac{1}{12}$ মাত্রায় প্রত্যেক ৪ ঘণ্টান্তর; এক হইতে তিন বৎসরের জন্য এক গ্রেণের $\frac{1}{8}$—$\frac{1}{12}$ গ্রেণ্ এবং বয়স্কের জন্য $\frac{1}{4}$—$\frac{1}{6}$ গ্রেণ্ মাত্রায় ব্যবহার্য্য। আক্ষেপের অবস্থা বিবেচনা করিয়া ক্রমে মাত্রা বৃদ্ধি করিবে। এতদ্ব্যতীত কোন কোন সময় কার্ব্বনেট্ অব্ সোডা দ্বারা কফ নিঃসরণ বৃদ্ধি এবং হোরিংসের উগ্রতা লক্ষণ তিরোহিত হয়।

ইন্‌ফ্লুয়েঞ্জা Influenza রোগের প্রাথমিক অবস্থায় ওপিয়ম্ দ্বারা উপকার হয় অথবা শেষাবস্থায় যখন এক্‌স্ পেক্‌টোরেশন্ বা কফনিঃসরণ বেশ প্রচুর পরিমাণে হইতে থাকে এবং লাংসের কন্‌জেস্‌শন্ দূরীভূত হইয়া যায়, তদবস্থায় ইপিকাকুয়ানা সহ ওপিয়ম্ ব্যবহার করিলে বিস্তর উপকার হইতে পারে কিন্তু একটুকু সতর্কতার দরকার। কাশীর অবস্থা অত্যন্ত ক্রনিক আকার ধারণ করিলে বেন্‌জেন্ সহ ক্যাম্ফোর মিশ্রিত করিয়া ব্যবহার্য্য। রাত্রিতে ডোভার্স পাউডার ব্যবস্থা করিবে। যদ্যপি কোন উপকার উপলব্ধি না হয় তবে মর্ফিয়ার সহিত ইপিকাকুয়ানা মিশ্রিত করিবে।

Common Cryza and Catarrh কমন্ কোরাইজা এবং কেটার রোগে রাত্রিতে ওপিয়ম্ ব্যবহার করিয়া পরদিন প্রাতে মৃদুবিরেচক ব্যবস্থা মন্দনয়।

Diseases of the Heıat বা হৃদপিণ্ডের পীড়া সকলে ওপিয়ম ব্যবহার কালে বিশেষ সতর্কতার দরকার। ডাং ওয়াটাস্ বলেন বিশেষ কোন দরকার না পড়িলে হার্ট ডিজিজে ওপিয়ম্ না দেওয়াই কর্ত্তব্য। ইহা দ্বারা রক্ত সঞ্চালনের উপর বিঘ্ন আনয়ন করে। কিন্তু পেরি কার্ডাইটীস্ রোগে তিনি বেদনা নিবারণ জন্য ওপিয়ম্ ব্যবহার করিতে আদেশ করেন। রিউমেটিক্ পেরিকার্ডাইটীস্ রোগে অনেকানেক বিজ্ঞ চিকিৎসকগণ ব্যবহার করিতে অনুমতি দেন অপর হৃদপিণ্ডের অপরাপর পীড়ায় যখন আভ্যন্তরিক রূপে ওপিয়ম্ অব্যবহার্য্য বলিয়া বিবেচিত হয়, তদবস্থায় হাইপোডার্ম্মিক্ রূপে মর্ফিয়া ব্যবহৃত হইতে পারে।

Internal Hæmorrhage ইণ্টারনেল্ হেমোরেজ্ বা আভ্যন্তরিক রক্তস্রাব দূরীকরণার্থ এসিটেট্ অব্ লেড্ সহ ওপিয়ম্ অত্যন্ত উপকারী। এবং নার্ভাস্ এক্‌সাইট্‌মেণ্ট্ বিনাশ করিয়া উপকার করে।

Peritonitis পেরিটোনাইটীস্ রোগে ওপিয়মকে স্পেসিফিক্ ঔষধ বলিলেও কোন ক্ষতি নাই। ডাং ষ্টোক্স্ নিম্নলিখিত ৪টী রোগীর বিষয় অত্যন্ত যত্নের সহিত প্রকাশ করিয়াছেন এবং পেরিটোনাইটীস্ কেসে ওপিয়ম্ প্রায় অব্যর্থ বলিয়া নির্দ্দেশ করেন। ১ম। কোন একটী রোগীর অন্ত্রে ফিকেল্‌মেটার্ বা মল, ইণ্টেষ্টাইনো পারফোরেটিং আল্‌সারজনিত কারণে পেরিটোনিয়েল ক্যাভটীতে পড়ে সুতরাং তজ্জন্য পেরিটোনাইটীস্ উৎপন্ন হয়। ২য়। অপর একটী রোগীর সিরাস্ ক্যাভিটীর ভিতর এব্‌সেস্ উৎপন্ন হইয়া বাহ্যিক কোন আঘাতের জন্য ইণ্টেষ্টাইন্ বাপচার বা ফাটিয়া পেরিটোনাইটীস্ উৎপন্ন করে। ৩য়। এক ব্যক্তির পেরাসিন্‌টেসিস্ এব্‌ডোমিনেলিস্ অর্থাৎ উদর গহ্বর ছিদ্র করিয়া উদরি রোগের জল নির্গত করিলে, পেরিটোনিয়ম্ আঘাতিত হইয়া, পেরিটোনাইটীস্ উদ্ভূত হয়। ৪র্থ। কোন একটী ভদ্রম হলার প্রসবান্তে টাইফয়েড্ পেরিটোনাইটীস্ প্রকাশিত হইলে ডাং ষ্টোক্স্ শুধু ওপিয়ম্ দ্বারা সকলকেই রক্ষা করিয়া ছিলেন। এবং তিনি বলেন এই পীড়ায় কেবল মাত্র ওপিয়ম্ দ্বারাই রোগীকে বিপদ হইতে উদ্ধার করা যায়। কিন্তু স্মরণ রাখা কর্ত্তব্য যে, এপ্রকারের অবস্থায় রক্তপাত কি অপরাপর এণ্টিফ্লোজেষ্টিক্‌ট্রীট্‌মেণ্ট্ কথনই করিবে না। এতদ্ব্যতীত ডাং ষ্টোক্স্ ১ গ্রেণ মাত্রায় প্রত্যেক এক এক ঘণ্টান্তর ওপিয়ম্ ব্যবহার করিতে আদেশ করেন। একটুকু সতর্কতা সহ প্রয়োগ করিলেই কোন বিপদের আশঙ্কা থাকে না। কোন এক সুবিজ্ঞ ডাক্তার তাঁহার একটী রোগীকে ৮ দিবসে ১০৫ গ্রেণ আফিং ব্যবহার করেন, অথচ রোগীর কোন অনিষ্টই হয় নাই। অপর এণ্টিরাইটীস, গ্যাষ্ট্রএণ্টিরাইটীস্, হিপেটাইটীস্ আদি বহুবিধ ইনফ্লামেশনে, স্বয়ং অথবা অপরাপর ঔষধের সহিত ওপিয়ম্ ব্যবহার করিলে বিস্তর উপকার হয়। পেরিটোনাইটীস্ পীড়ায় রোগীকে ৮। ৯ দিন পর্য্যন্ত কথনই পার্গেটিব্ প্রয়োগ করিবে না।

Ulcer of Stomach ষ্টমাকের আল্‌সারে যখন বমন এবং অপরাপর লক্ষণ সকল উৎপন্ন হয় তদবস্থায় পাল্‌ব্ কাইনো কম্পজিটা অতি চমৎকার। অথবা বিস্‌মথ্ সাব্ নাইট্রাসের সহিত কম্পোণ্ড্ কাইনো পাউডার মিলাইয়া দিবে। Dysentery ডিসেণ্ট্রি রোগে ওপিয়ম্ দ্বারা মহান্ উপকার দর্শে।

ইহা পীড়ার সকল অবস্থায় ব্যবহৃত হইতে পারে কিন্তু বিবেচনা করিয়া দেখিলে এ রোগে ওপিয়ম্ হইতে ইপিকাকুয়ানার শক্তি আশ্চর্য্য। ডিসেণ্টি রোগে ওপিয়ম্ দ্বারা বেদনা, ভাস্কুলার এক্সাইট্‌মেণ্ট, ইণ্টেষ্টাইনের পেরিষ্টাল্টিক্ একশনের খর্ব্বত, এবং কিউটেনিয়াস্ সিক্রিশনের বিবৃদ্ধি উৎপন্ন করা হয়। ইপিকাকুয়ানা ব্যবহারের ½ ঘণ্টা বা ১৫ মিনিট পূর্ব্বে প্রথমতঃ ১ কি ২ গ্রেণ পরিমাণে ওপিয়ম্ প্রয়োগ কারণে বমনোদ্রেক অথবা অপরাপর যন্ত্রণা তিরোহিত হয়। ডিসেণ্টি রোগে এসিটেট্ অব্ লেড, নাইট্রেট্ অব্ সিল্‌ভার, সাল্‌ফেট্ অব্ কপার্ আদি নানাবিধ ঔষধ সহ ব্যবহার্য্য। এনিমা দ্বারা টিনামনা এবং টেনেস্‌মাস্ তিরোহিত হয়। সময় সময় ডিসেণ্টি রোগে ক্যাম্ফার ও ক্রিয়জোট্ সহ উপকার করে।

ভক্ষ্য বস্তু সুন্দর রূপ পরিপাক না হওয়া বশতঃ Diarrhœa উৎপন্ন হইলে প্রথমতঃ মৃদু বিরেচক দ্বারা কোষ্ঠ পরিষ্কার করাইয়া, তৎপর ওপিয়ম্ ব্যবহার করিলে বিস্তর উপকার হয়। আভ্যন্তরিক অথবা এনিমা আকারে বাহ্যিক প্রয়োগ করিলেও উপকার সম্ভবে। সামার্ বা আটাম্‌নেল্ ডায়েরিয়া রোগে ১০—২০ মিনিম টিং, ওপিয়ম্ এবং ১৫—২০ মিনিম্ সাল্‌ফিউরিক্ এসিড্ ডিল্ সহ আশ্চর্য্য উপকার হয়। অপরথাইসিস্ সহ ডায়েরিয়া, এবং ছেলেদের ডায়েরিয়া রোগে পাল্‌ব্ ক্রিটিকম্ ওপিও ব্যবহার্য্য।

Biliary calculi or Gall-stone বিলিয়ারি ক্যাল্‌কুলি বা গল্‌ষ্টোন রোগে ওপিয়ম্ ব্যবহার করা যায়। যদ্যপি ওপিয়ম্ দ্বারা কোন উপকার না হয়, তবে ডেণ্টয়েড্ মাসলের উপরে সক্রিয় পিচকারী দ্বারা প্রয়োগ করিলেও বেদনা তিরোহিত হয়।

Cholera কলেরা রোগে পূর্ব্বে ইহাকে অনেক ব্যবহার করিয়াছেন এবং ক্যালমেল্ ও অন্যান্য ঔষধ সহ উপকারী মনে করিতেন কিন্তু ইদানীন্তন চিকিৎসকগণ নিদান সম্বন্ধে নানাবিধ গবেষণা দ্বারা স্থিরীকৃত করিয়াছেন, এরোগে ওপিয়ম্ দ্বারা বিপদের সম্ভাবনাই অধিক।

অন্নবহা নালীর নানাবিধ আক্ষেপিক পীড়ায় ক্যালোমেল্ সহ ওপিয়ম্ প্রয়োগ করিবে। যদ্যপি কনষ্টিপেশন্ বা কোষ্ঠ কাঠিন্য বর্ত্তমান থাকে তাহা হইলে ক্যাষ্টর অয়েল্ ও ব্যবহার করা যায়। অবে কলিকা পেকটোনাম্ রোগেও ওপিয়ম্ ব্যবহার্য্য। রোগ কঠিন হইলে মর্ফিয়া ব্যবস্থেয়।

Obstinate constipation অবষ্টিনেট্ কনষ্টিপেশন্ বা কঠিন কোষ্ঠ কাঠিন্যা বস্থায় ওপিয়ম্ দ্বারা বিস্তর উপকার হয়। যখন ইন্টেষ্টাইনের স্পেজম্ বা আক্ষেপ জন্য মল বহির্গত হইতে না পারে তদবস্থায় আক্ষেপ নিবারণ জন্য ওপিয়ম ও বেলেডোনা মিলিত করিয়া ব্যবহার করিলে মহান উপকার হয়। ইন্টেষ্টাইনের এরূপাবস্থায় পার্গেটিব্ দ্বারা আরও অনিষ্ট হয়। এতদ্ব্যতীত ইণ্টার নেল্ অবষ্ট্রাক্শন অব্ বাওয়ালস্, ইণ্টাসাসেপশন্ আদি কঠিন রোগো-দিতে পার্গেটিব প্রয়োগ না করিয়া ওপিয়ম্ ব্যবহার্য্য।

ক্রনিক্ কেটার অব্ দি ষ্টম্যাক্ ও ইন্ফ্লামেশন্ অব্ দি ষ্টমাক্ রোগে পালব্ কাইনো কম্পোণ্ড্ দ্বারা যথেষ্ট উপকার হয়। পাইরোসিস রোগে ইহা প্রায় অব্যর্থ।

নার্ভাস্ ভমিটিং, সিম্প থেটিক্ ভমিটিং, জরায়ুর কারণ বশত ভমিটিং এবং গর্ভাবস্থায় ভমিটিং রোগে ওপিয়ম্ অথবা ইহার বীর্য্য মার্ফিয়া দ্বারা অত্যন্ত উপকার হয়। জরায়ুর কারণ বশত দুর্দ্দমনীয় বমন রোগে ১ গ্রেণ পরিমাণ মার্ফিয়া, অস্ ইউট্রসে প্রয়োগ করিলে উপকার হয়। সিসিক্নেস্ বা সমুদ্র যাত্রিদের বমন নিবারণার্থ অন্যান্য ঔষধ ব্যর্থ হইলে ইহা দ্বারা মহান উপকার হয়।

ড্রপ্সি রোগে কোন কোন সময় ইরিটেশনের খর্ব্বতা এবং সিক্রিশনের বৃদ্ধি করণ জন্য ওপিয়ম্ ব্যবহার করা যায়।

কিড্নির ইন্ফ্লামেশনে অথবা উক্ত যন্ত্রের উত্তেজনাবস্থায় ওপিয়ম বিশেষ ফলদায়ক। অপর স্নিগ্ধ পানীয় সেবন করাইবে, প্রচুর পরিমাণে লিন্ সিড্ পুলটিস্ লাম্বার রিজিয়নে প্রয়োগ করিবে অথবা কপিং ও লিচিং পর্য্যায় ও প্রয়োগ করা যায়। নিফ্রেল্জিয়া বা রিনেল্ ক্যালকুলি জনিত অত্যন্ত বেদনা বস্থায় পূর্ণ মাত্রায় অহিফেন্ ব্যবস্থা করিবে। রোগীকে গরম জলের টবে বসাইবে। সেবন দ্বারা বিশেষ ফল না পাইলে এনিমা বা সপোজিটরি রূপে বাহ্যিক ব্যবহার করা যায়। অনেকানেক সময় হাইপো ডার্মিক রূপে মার্ফিয়া ব্যবহার করিলে বিস্তর উপকার হয়। নানাবিধ ক্যাল্কুলাস্ ডিজিজে আভ্য-ন্তরিক ও বাহ্যিক উভয় বিধ প্রকারেই ওপিয়ম্ উপকার জনক। সাব্ একিউট্ ও ক্রনিক সিষ্টাইটিস্ রোগে অথবা ব্লাডারের উত্তেজনাবস্থায় ইহার ব্যবহার অত্যন্ত উপকারী।

ইউরিথ্রার স্পেজ্মডিক্ এফেক্শনে ও ইন্ফ্লামেটরি রিটেন্শন্ অব্ ইউরিণ রোগে হিপ্বাথ্ ও পূর্ণ মাত্রায় অহিফেন ব্যবস্থেয়। অপর বাহ্য প্রয়োগার্থে সপোজিটরি রূপে প্রযোজ্য। একিউট্ গণরিয়া ও স্পার্ম্মেটোরিয়া রোগে; মূত্র নালী মধ্যে ইহার উনজেক্শন্ প্রয়োগ করিলে উপকার হয়। কেহ কেহ টিং ওপিয়ম্ ৩০ মিনিম্ জল ১ আং দ্বারা লোশন প্রস্তুত করিয়া থাকে।

একিউট্ অর্কাইটীস্ রোগে ওপিয়ম দ্বারা বিস্তর উপকার হয়। ইহা ব্যবহার করার পূর্ব্বে, এক ডোজ্ ক্যাষ্টার অয়েল্ দ্বারা রোগীর কোষ্ঠ পরিষ্কার করিয়া লইবে। সাসপেনসারি বেণ্ডেজ দ্বারা স্ক্রোটম্কে উত্থিত করিয়া রাখিবে। এবং হট ফোমেণ্টেশন্ ব্যবহার করিবে। বাহ্য প্রয়োগ জন্য লাইকর প্লাম্বাই, টিং ওপিয়ম মিশ্রিত করতঃ স্থানিক প্রয়োগ করা যায়।

ডায়েবিটিস্ রোগে অহিফেণ দ্বারা মহান উপকার দর্শে। ডায়েবিটিস মেলিটাস্ বা শর্করাযুক্ত বহুমূত্র রোগে ওপিয়ম হইতে কোডাইনা নামক ইহার বীর্য্যটী বিশেষ উপকারী। যদিও ইহার ব্যবহারে রোগ সম্পূর্ণ আরোগ্য না হউক তথাচ অনেকাংশে নিবারণ করিবে সন্দেহ নাই। অনেকে ইপিকাক সহ ব্যবস্থা করেন। ডায়েবিটিস্ ইন্সিপিটাস্ রোগেও ওপিয়ম্ মহৌষধ।

ইউট্রাইন্ ক্যান্সার রোগে স্থানিক উগ্রতা নিবারণ করিয়া উপকার করে। আভ্যন্তরিক বা সপোজিটরি আকারে বাহ্যিক ব্যবহার করা যায়। ইউট্রাইন্ পেইন্ বা ওভেরিয়ান্ পেইন্ নিবারণার্থ বেটলিজ্ সলুশন্ ও স্প্রীট্ ইথার সাল্ফ্ একত্র করিয়া আভ্যন্তরিক ব্যবস্থা করিলে বিস্তর উপকার হয়।

ডিস্মেনোরিয়া রোগে ওপিয়ম দ্বারা উপকার হয়। লিন্সিড্ পুল্টিস মধ্যে টিং ওপিয়ম্ প্রক্ষেপ করিয়া হাইপোগ্যাষ্ট্রিক্ রিজিয়নে প্রয়োগ করিলে অনতিবিলম্বে বেদনা তিরোহিত হইবে। রোগীকে সুস্থির অবস্থায় রাখিবে এবং প্রয়োজন হইলে মর্ফিয়া প্রয়োগ করিবে।

সাপ্রেশন্ অব্ মেন্সিস্, সাডেন্ সাপ্রেশন্ ফ্রম্ চিল্ড্রেণ, ইত্যাদি অবস্থায় ওপিয়ম দ্বারা উপকার হয়।

এভার্ষণ্ বা গর্ভপাত নিবারণার্থ ওপিয়মের ক্ষমতা অতি চমৎকার কিন্তু ব্যবহার সম্বন্ধে বিশেষ সতর্কতার দরকার। ডাক্তার লিভার ব্যবহার সম্বন্ধে নিম্নলিখিত মতামত নির্দ্ধারণ করিয়াছেন। জরায়ু মুখ বা সার্ভিকস্ ইউট্রাস্ কোমল ও শিথিল হইলে, অথবা যখন সন্তানের পীড়িতাবস্থা জনিত প্রসব হওয়া যুক্তি সঙ্গত হয়, তখন ওপিয়ম্ ব্যবহার না করাই কর্ত্তব্য কারণ, এরূপাবস্থায় অহিফেণ দ্বারা ইউট্রাসের ক্রিয়ার হানি করা মাত্র; কিন্তু যখন কোন আভিঘাতিক কারণে কি মানসিক কষ্ট বা অভ্যাস জনিত গর্ভপাত হইতে আশঙ্কা হয়, তদবস্থায় শীতল ষ্টার্চের সহিত ওপিয়ম মিশ্রিত করিয়া মলদ্বারে প্রয়োগ করিবে অথবা ওপিয়ম সেবন করাইবে। এতদ্ব্যতীত অনুত্তেজক আহার, ও রোগীকে অতি সুস্থির অবস্থায় রাখিয়া দিবে। অপর গর্ভপাতের পর রক্তস্রাব হইতে আরম্ভ হইলে ওপিয়ম জরায়ুর কনট্রাকশন্ বৃদ্ধি করিয়া রক্তপাত নিবারণ করে, বেদনাদি হ্রাস করে এবং অনতিবিলম্বে সুষুপ্তি আনয়ন করে।

ইউট্রাইন্ হেমোরেজ্ বা জরায়ু হইতে রক্তস্রাব নিবারণ করা এবং আংশিকরূপে জরায়ুর কনট্রাকশন্ বৃদ্ধি করনাদি নানাবিধ অভিপ্রায়ে ওপিয়ম ব্যবহার হয়। অনেকানেক সময় পূর্ণ মাত্রায় টিং ওপিয়ম্ ব্রাণ্ডির সহিত ব্যবহার করিলে উত্তেজক, বলকারক, এবং রক্তরোধক হইয়া উপকার করে।

পিউয়ার পারেল কন্‌ভলশন্ রোগে ওপিয়ম ব্যবহৃত হইতে পারে কিন্তু পটাসি ব্রোমাইড, ক্লোরাল্ হাইড্রেট্ ক্লোরফরমাদি অনেকাংশে শ্রেষ্ঠ। কিন্তু কোন কোন সময় মর্ফিয়া হাইপোডার্মিক রূপে ব্যবহার করিয়াও উপকার প্রাপ্ত হওয়া গিয়াছে।

পিউয়ার পারেল ফিবারে পেল্‌ভিক্ ইনফ্লামেশন্, পিউয়ার পারেল ইন্টেষ্টাইনেল্ ইরিটেশন এবং পিউয়ার পারেল্ ডায়েরিয়া রোগে অপরাপর ঔষধ সহ বা স্বয়ং ব্যবহার করিলে উপকার হয়।

ডিজিজেজ অব্ দি আই, ইয়ার্, থ্রোট্ বিশেষতঃ পিরুলেণ্ট অপ্থাল্মিয়া কুকিউলাস্, অপ্থাল্মিয়া ক্যাটারেল্ রিউমেটীক্ অপ্থালমিয়া, ইত্যাদি নানাবিধ অবস্থায় ইহার ব্যবহার প্রচলিত। সচরাচর ভাইনম্

ওপিয়াই বা উহার সহিত ১। ২ অংশ জল মিলাইয়া ব্যবহার কর্ত্তব্য। যদ্যপি ল্যাক্রিমেশন্ বা জলপড়া ফটোফোবিয়া বা আলোকাতঙ্ক বর্ত্তমান থাকে ইহা দ্বারা অত্যন্ত উপকার হয়।

অপ্থ্যালমিয়া টার্সাই রোগেও ব্যবহার করা যায়। কেরিয়স দন্তে ইহার সেচুরেটেড্ সলুশন বা টিং ওপিয়ম্ তুলাতে ভিজাইয়া স্থানিক প্রয়োগ করিলে উপকার হয়।

টায়েলিজম্ বা অত্যধিক লালা নিপতিত হইলে ওপিয়ম দ্বারা আশ্চর্য্য উপকার লাভ করা যায়।

একিউট্ রিউমেটিজম্ রোগে ওপিয়ম্ একটী প্রধানতম ঔষধ। ইহাকে এণ্টিরিউ মেটিক্ বলা যায়। নানা দিক্‌দেশীয় বহুদর্শি ডাক্তারগণ এ রোগে ওপিয়মের উপকারিতা বিষয়ে স্থির নিশ্চয় করিয়াছেন। প্রথমতঃ ১ গ্রেণ হইতে মাত্রা আরম্ভ করিয়া ক্রমে দিবা রাত্রিতে ১২ গ্রেণ পর্য্যন্ত প্রয়োগ করিবে। যদ্যপি ইহাতেও কোন বিশেষ উপকার না হয়, তবে বিশেষ বিবেচনা করতঃ আরও মাত্রা বৃদ্ধি করা অকর্ত্তব্য নয়। এতদ্ব্যতীত ক্রনিক কার্ডাইটীস্, ক্রণিক রিউমেটিজম্ লম্বেগো আদি নানাবিধ পীড়ায় ইহার ব্যবহার উপকার জনক।

গাউট্, ফ্লেগ্মেশিয়া ডোলেন্স্ আদি নানাবিধ পীড়ায় বিবেচনা সহ ব্যবহার করিলে যথেষ্ট উপকার করে।

মর্টিফিকেশন রোগে বেদনা ও ইরিটেশন্ হ্রাস করিয়া নিদ্রা আনয়ন করে। ইহার আনুসঙ্গিক স্প্যাজম ও কন্ভলশন্ বর্ত্তমান থাকিলে বিশেষ উপকারী। স্লাফিং ফেজেডেনিক্ আল্সারেশনে ওপিয়ম্ পূর্ণমাত্রায় ব্যবহার করিলে সময় সময় অতি আশ্চর্য্য উপকার করে। লোয়ার একষ্ট্রিমিটী বা পায়ে ক্রণিক্ আল্সার উৎপন্ন হইলে আভ্যন্তরিকরূপে ওপিয়ম ব্যবহার দ্বারা বিস্তর উপকার হয়। অপরাপর আল্সারেও ইহা দ্বারা উপকার হয়। ভেরিকোসিল জন্য আলসার হইলে ওপিয়ম উপকারী। কার্ব্বংকোল রোগের প্রথমাবস্থায় ইহা ব্যবহার্য্য।

অব্‌ষ্টিনেট্ আল্সার্, সিফিলিটীক্ আইরাইটিস্ পেরিওষ্টাইটিস্ সিফিলিটিক্ ইরাপশন্ সিফিলিটিক্ সোরথ্রোট অথবা মার্কুরি সেবন বশতঃ

শরীর নিতান্ত নিস্তেজ হইয়া পড়িলে ওপিয়ম অমোঘ ঔষধ। অনেকানেক সময় ছিলে ক্ষত উৎপন্ন হইয়া শীঘ্র আরোগ্য হয় না, এরূপাবস্থায় ওপিয়ম আভ্যন্তরিক প্রয়োগ দ্বারা উপকার হয়।

Papaveris capsulæ. Poppy capsules.

পেপেভরিস্ ক্যাপ্সুলি পাপক্যাপসুল্স্।

প্রয়োগরূপ।

১। এক্‌ষ্ট্রাক্ট্ অব্ পপিস্। মাত্রা—২—৫ গ্রেণ্

২। সিরপ্ অব্ পপিস্। মাত্রা—১ ড্রাম্।

ক্রিয়া। সিডেটিব্, এনোডাইন্। ওপিয়ম্ অপেক্ষা ইহার ক্রিয়া অনেকাংশে মৃদু। আভ্যন্তরিক ব্যবহারে ইহার এক্‌ষ্ট্রাক্ট সর্ব্বদা ব্যবস্থেয়। ব্যবহারে সামান্য পরিমাণে বমনোদ্রেক ও উত্তেজনা উৎপন্ন হয়। ছেলেদের জন্য কফ মিশ্চারে অনেকানেক সময় ইহার সিরপ্ ব্যবহার্য্য। বেদনা নিবারনার্থ ইহার ডিককৃশন্ প্রস্তুত করিয়া (২ আ°, জল ৩০ আং সিদ্ধ করিয়া ২০ আং) ফোমেণ্টেশন্ ব্যবহার করিলে বিস্তর উপকার হয়।

আময়িক প্রয়োগ। ব্যবহার ঠিক ওপিয়মের অনুরূপ।

Morphinæ Hydrochloras. Hydroclorate of morphia.

মর্ফিনি হাইড্রোক্লোরাস্ হাইড্রক্লোরেট্ অব্ মর্ফিয়া

মাত্রা। ⅛ – ½ গ্রেণ পর্য্যন্ত।

প্রয়োগিরূপ ৭টী।

১। ইঞ্জেক্‌শও মর্ফাইনি হাইপোডার্মিকা। ১২ মিনিমে ১ গ্রেণ মর্ফিয়া আছে। মাত্রা ১—২ মিনিম।

২। লাইকর মর্ফাইনি হাইড্রক্লোরেটিস্। প্রায় ইহার ১০০ মিনিমে মাত্র ১ গ্রেণ্ মর্ফিয়া। মাত্রা ১০—৬০ মিনিম্।

৩। সপোজিটরিয়া মর্ফাইনি। প্রতি সপোজিটরিতে ½ গ্রেণ্ মার্ফিয়া।

৪। সপোজিটরিয়া মর্ফাইনিকম্ স্কেপোনি।

৫। ট্রোচিসাই মর্ফাইনি। প্রত্যেক লোজেঞ্জে $\frac{1}{36}$ গ্রেণ্ মর্ফিয়া। মাত্রা ১—৬।

৬। ট্রোচিসাই মর্ফাইনি এট্ ইপিকাকুয়ানা। প্রত্যেক লোজেঞ্জে $\frac{1}{36}$ গ্রেণ্ মর্ফিয়া এবং $\frac{1}{12}$ গ্রেণ্ ইপিকা কুয়ানা। মাত্রা ১—৬।

৭। টিংচুরা ক্লোরোফর্মাই এট্ মর্ফাইনি। মাত্রা ৫—১০ মিনিম্।

ক্রিয়া। ইহার কার্য্যতা সম্বন্ধে ওপিয়মের সহিত অনেকাংশে সাদৃশ্য আছে কিন্তু তদপেক্ষা অত্যন্ত প্রখর ও ইহা দ্বারা সল্প পরিমাণে ভাস্কুলার্ ও আর্টিরিয়েল একসাইট্ মেণ্ট্ বা উত্তেজন হয়, সল্প মাত্রায় শিরঃপীড়া ও শিরো ঘূর্নন উৎপন্ন হয়, অল্প পরিমাণ অবসাদন ও কোষ্ঠ কাঠিন্য অথচ অধিক পরিমাণে নিদ্রা ও স্বপ্ন যুক্ত তন্দ্রা উৎপাদন করে। ওপিয়মের পরিবর্ত্তে মর্ফিয়া প্রয়োগ করা বিহিত নয়। ইহার কার্য্য, সেবনপেক্ষা হাইপো ডার্মিক্ রূপে পিচকারী দ্বারা চর্ম্ম নিম্নে প্রবেশ করাইলে অতিসত্বর প্রকাশিত হয়।

মর্ফিয়ার কার্য্য ভেগাস্ নার্ভের উপর প্রকাশ পায় বলিয়া ইহা দ্বারা কখন কখন গ্যাষ্ট্রিক্ ইরিটিবিলিটি ও বমিয়া উৎদ্ভব হয়। ইহা রেস্ পিরেটরি মুভ্মেণ্ট্স্ বা শ্বাস প্রশ্বাসিক গতির অবসাদন ও পক্ষাঘাত উৎপাদন করিয়া প্রাণ হানি করিতে পারে। সুতরাং অল্প মাত্রায় ব্যবহার আরম্ভ না করিয়া একবারে অধিক মাত্রায় প্রয়োগ করা বিধেয় নহে। মা ফয়া ব্যবহারে রক্তের অবস্থা খারাপ হয়, ষ্টমাকে গ্যাষ্ট্রিক্ নার্ভের উপর অবসাদন উৎপন্ন করিয়া ষ্টমাকের কার্য্য বিপ্লব উৎপন্ন করে। সুতরাং এই অভিপ্রায়ানুযায়ী ইহা নার্ভাস পেইন্ বা স্নায়বীয় বেদনা নিবারণ জন্য নিউরাল্ জিয়া পীড়ায় সর্ব্বদা হাইপোডার্মিকেল ব্যবহার করা যায়। সাব্কিউটেনিয়াস্ প্রদেশে প্রবেশ করাইলে বেশ আস্তে আস্তে কার্য্য সম্পাদন করিবে। ব্যবহারের প্রায় ১৫ মিনিট পরেই পিউপীল্ বা কনিনীকা কন্ট্রাক্ট হইয়া পড়ে।

আমিয়ক প্রয়োগ। সায়েটিকা, লাম্বেগো, টিক্ ডল ও অন্যান্য নানাবিধ নিউরাল্ জিয়াতে ইহার ইন্জেকশন্ প্রায় অব্যর্থ। কোন কোন সময় চর্ম্মোপরি ব্লিষ্টার প্রয়োগ করিয়া এবং ব্লিষ্টারের উপরিস্থিত চামড়া ফেলিয়া তদুপরি $\frac{1}{2}$—১গ্রেণ্ পরিমাণমর্ফিয়া দ্বারা ড্রেস্ করিলে বেদনা তিরোহিত হইবে

কিন্তু ১/৪ গ্রেণ মর্ফিয়া হাইপোডার্মিক রূপে ব্যবহার দ্বারা যে প্রকার ফল প্রাপ্তির সম্ভাবনা, এর্গটিন দ্বারা সে আশা তত ফলবতী হয় না।

প্রসবকালীন বেদনা ও প্রসবের পর বেদনা (আফ্‌টার পেইন), স্প্যাজ্‌মডিক্‌ রিজিডিটি অব্‌ দি অস্‌ ইউট্রাই, ইত্যাদি নানাবিধ অবস্থায় সাল্‌ফেট্‌ অব্‌ মর্ফিয়ার সাবকিউটেনিয়াস্‌ ইম্‌জেকশন্‌ দ্বারা মহান উপকার দর্শে। অস্‌ ইউট্রাসের আক্ষেপিক কাঠিন্য দূরীকরণ জন্য ১/৪—১/২ পর্য্যন্ত আভ্যন্তরিক ব্যবহার করিলেও প্রচুর উপকার হয়।

নানাবিধ চর্ম্মরোগ জনিত প্রুরাইটিস্‌ রোগে অথবা পেইন্‌ফুল্‌ স্প্রেইন্‌, ব্রুজেস্‌, কিম্বা গাউটী বা রিউমেটিক ইন্‌ফ্লামেশনে মর্ফিয়া বিস্তর উপকারী। ইচ্ছা হইলে সাব্‌কিউটেনিয়াস্‌ ইঞ্জেক্‌শন্‌ অথবা ১/৪ গ্রেণ মাত্রায় আভ্যন্তরিক প্রয়োগ করা যায়।

স্প্যাজ্‌মডিক্‌ এজ্‌মা রোগে, ডাঃ কে, এণ্ডারসন্‌, ডাঃ বার্কার্ট্‌ এবং অপরাপর চিকিৎসকগণ হাইপোডার্মিক্‌ ইন্‌জেক্‌শন্‌ জন্য ১/৬ গ্রেণ মাত্রায় ইহা ব্যবহার করেন কিন্তু স্মরণ রাখা কর্ত্তব্য যে ইহা দ্বারা কেবল পেলিয়েটিব ট্রিটমেণ্ট করা মাত্র কিন্তু রোগ সম্পূর্ণ আরোগ্য হয় না। যদ্যপি আরোগ্যার্থে প্রয়োগ করিতে হয় তাহা হইলে ১/৬ গ্রেণ মর্ফিয়া ও ১/১০০ গ্রেণ এট্রোপিয়া একত্র ব্যবহার করিলে অতি চমৎকার ফল উপলব্ধি হইবে।

করোনেরি আর্টেরির কোন প্রকার কারণে এঞ্জাইনা পেক্‌টোরিস্‌, ডিস্‌প্‌নিয়া, ইণ্টার থোরাসিক্‌ টিউমারের জন্য নিউরাল্‌জিক্‌ বেদনা বা শ্বাসশূলে এবং মাইট্রেল্‌ রিগর্জিটেশন্‌, ইরিটেবল্‌ হার্ট, কার্ডিয়েক্‌ ডিজিজের জন্য এঞ্জাইনা পেক্‌টোরিস্‌ উৎপন্ন হইলে, মাইট্রেল্‌ রিগার্জিটেশন্‌ জনিত অনিদ্রা নিবারণার্থ, হার্ট ডিজিজের জন্য গ্রেণিউলার্‌ কিড্‌নি হইলে মর্ফিয়া অতি প্রশস্ত ঔষধ। ১/৩০ গ্রেণ হইতে ১/৪ গ্রেণ মাত্রায় হাইপোডার্মিক ব্যবহার কর্ত্তব্য। অথবা মর্ফিয়া ১/৪ এট্রোপিয়া ১/৬০, কিম্বা ডিজিটেলাইন্‌ ১/৬০ গ্রেন মাত্রায় সাবকিউটেনিয়াস্‌ ইনজেক্‌শন্‌ প্রয়োগ করা যায়। হৃৎপিণ্ডের পীড়া জনিত গ্রেণুলার কিডনি হইলে অথবা গ্রেণুলার কিডনি দ্বারা এল্‌বিউমিনোরিয়া পীড়ায় সুবিধা হয়। এতদ্ব্যতীত উপরোক্ত পীড়া সকলে কেহ কেহ পুরাতন মতানুসারে সেবন ব্যবস্থা করেন।

হিমপ্‌টিসিস্‌ বা রক্তোৎকাশ রোগে ডাঃ ব্রেইথ্‌ওয়েট্‌ বলেন তিনি যত দিন ইহার ব্যবহার করিয়াছেন প্রায় কথনই অসিদ্ধকাম হন নাই। যে সমর্ত্তকেক রোগ কোন নির্দ্দিষ্ট সময়ান্তর উৎপন্ন হয়, তৎপ্রতিকারার্থে মর্ফিয়া ১/৬ গ্রেণ, স্পীট্‌ ক্লোরফরম্‌ ৩ মিনিম, গ্লীসরীণ, অথবা মধু ১ ড্রাম মাত্রায়, কাশির প্রাচুর্য্য সময়ে দিবেক।

ক্রণিক্‌ ডেপনেস্‌ বা পুরাতন বধিরতায়, কিম্বা ইন্‌ফামেশন্‌ অব্‌ দি আইরিস্‌ বা স্ক্লোরেটিক্‌ ইন্‌ফ্লেমেশনে অনেকানেক সময় মর্ফিয়া দ্বারা সুন্দর উপকার হয়। কর্ণের পশ্চাৎ পার্শ্বে একটী ব্লিষ্টার প্রয়োগ করিয়া তদুপরি উক্ত ব্লিষ্টারের ক্ষত প্রদেশ ১/২ গ্রেণ মর্ফিয়া দ্বারা ড্রেস করিলে উপকার হয়। এতদ্ব্যতীত ঔষধ ব্যবহারের পূর্ব্বে রোগীকে বিরেচক ব্যবস্থা করিবে এবং আহার সম্বন্ধে একটুকু বিবেচনা করিয়া দিবে।

ক্রনিক্‌ গ্যাষ্ট্রাইটিস্‌, পরিপাক প্রণালীর আক্ষেপিক পীড়া সকলে, কলিক রোগে, হিকাপ্‌ বা চেউক্‌ (হিক্কা) অবষ্ট্রাক্‌শন অব্‌ দি বাউয়েল্‌স্‌ বা অন্ত্রাবদ্ধ জনিত বমন উৎপন্ন হইলে মর্ফিয়া সাক্ষাৎ প্রতিকার করিয়া সর্ব্বসাধারণের সন্তোষ প্রদান করে। গ্যাষ্ট্রাইটিস্‌ রোগে মার্ফিয়া অপেক্ষা হাইড্রোসিয়ানিক্‌ এসিড্‌ কে অনেকে শ্রেষ্ঠ বিবেচনা করেন। উপরোক্ত সকল প্রকার অবস্থাতেই ইহাকে হাইপোডার্মিকেপি ব্যবহার করা যায়। একিউট্‌ ডিসেণ্টি রোগের শেষাবস্থায় যখন অত্যন্ত হিকাপ্‌ আরম্ভ হয় অথচ অনেকানেক সময় বাধ্য হইয়া হয়ত ইপিকাক প্রয়োগ করিতে হয়, তদবস্থায় ইপিগ্যাষ্ট্রিয়মে একটী ব্লিষ্টার প্রয়োগ করিয়া মার্ফিয়া দ্বারা ড্রেস্‌ করিলেও উপকার হইতে পারে।

লেরিঞ্জিয়েল্‌ থাইসিস্‌ রোগে অপরাপর ঔষধ ব্যর্থ হইলে অনেকে মার্ফিয়া ব্যবহার দ্বারা অসাধারণ উপকার লাভ করিয়াছেন। ১/৪ গ্রেণ্‌ মার্ফিয়া, ষ্টার্চের সহিত মিশ্রিত করতঃ ফুৎকার দ্বারা লেরিংসে প্রবেশ করাইলে বিস্তর উপকার হয়। অপর ডিপ্‌ থিরিয়া রোগে অনিদ্রা নিবারণ জন্য অনেকানেক সময় মার্ফিয়া বা ক্লোরাল্‌ হাইড্রেট্‌ ব্যবহার করা যায়।

ডাংশিটারশন্‌ কনষ্টাণ্টিনোপলের বহুবিস্তৃত কলেরা এপিডেমিকে হাইপোডার্মিক রূপে ১/৬—১ গ্রেণ্‌ মাত্রায় এসিটেট্‌ অব্‌ মর্ফিয়া দ্বারা অপরিমীম

উপকার লাভ করিয়াছিলেন। সাধারণ রোগীতে ১ বা ২ টী ইন্‌জেক্‌শন্ দ্বারা প্রতিকার হয়।

প্রমেহ বা গণরিয়া রোগের প্রারম্ভ সময়ে কর্ডি নিবারণার্থ মর্ফিয়া অতি চমৎকার ফলদায়ক। রাত্রিতে শয়নের পূর্ব্বে ইন্‌জেক্ট্ করিলেই উদ্দেশ্য সিদ্ধ হইবে।

অন্যান্য ব্যবহার ওপিয়মের ন্যায়।

Lupulus. Hop.

লেপুলাস। হপ্।

মাত্রা

প্রয়োগ রূপ ৩ টী।

১। ইন্‌ফিউজন্ অব্ হপ্। মাত্রা ১—২ আঃ।

২। একষ্ট্রাক্ট অব্ হপ্। মাত্রা ৫—১৫ গ্রেণ

৩। টিংচার্ অব্ হপ। মাত্রা ½—২ ড্রাম।

ক্রিয়া। টনিক্, ডাইউরেটিক্, এবং অল্প পরিমাণে মাদক বা নার্কটিক্। ইহার মধ্যস্থ লপুলিন্ ও বায়ি তৈলের উপর ইহার শক্তি নির্ভর করে। বিয়ার প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ। হিষ্টিরিয়া আদি অনেকানেক স্নায়বিক রোগে হপ্ ব্যবহার করা যায়। অপর জননেন্দ্রিয়ের বিবিধ উত্তেজনা নিবারণার্থ হপ্ অতি শ্রেষ্ঠ। গণরিয়া রোগে কর্ডি বা লিঙ্গোচ্ছাস, নিমফোমেনিয়া, স্পের্মেটোরিয়া, নাইট্ পলিউশনাদি নানাবিধ উপদ্রবে ইহার ব্যবহার উপকার জনক ৫—১০ বা ১৫ গ্রেণ্ মাত্রায় শয়ন কালে প্রয়োজ্য। ইন্‌কন্টিনেন্স্ অব্ ইউরিণ্ রোগেও হপ্ ব্যবহৃত হয়।

Hyoscyami folia. Hyoscyamus, Leaves.

হাইয়ে সাইয়েমাই ফোলিয়া। হাইওস্ সাইয়েমাস্ লিবস্।

সাধারণতঃ ইহা খোরাসানী আজোয়ান্ বলিয়া পরিচিত।

প্রয়োগ রূপ ৩টী।

১। একষ্ট্রাক্ট অব্ হেন্ বেন্। মাত্রা ৫—১০ গ্রেণ্।

২। টীংচার্ অব্ হেন্ বেন্। মাত্রা ½—১ ড্রাম্।

৩। জুস্ অব্ হেন্ বেন্। মাত্রা ½—১ ড্রাম্।

ক্রিয়া। নার্কটিক্, এনোডাইন্, এণ্টিস্প্যাজ্ মডিক্, সেরিব্রাল্ ষ্টিমুলেণ্ট্। হাইওস্ সাইমিনা নামক একটী পদার্থের উপর ইহার শক্তি নির্ভর করে। ইহার গুণাগুণ প্রায় অধিকাংশই বেলাডোনার অনুরূপ কিন্তু বেলাডোনা হইতে ইহার শক্তি অনেক ক্ষীণ। অপর ইহার ক্রিয়া ওপিয়ম্ এবং বেলাডোনার মধ্যবর্ত্তী বলিয়া ডাং হার্লি নির্দ্দেশ করেন। ইহা সেবনান্তর মুখ, কণ্ঠতালু প্রভৃতি শুষ্ক বোধ হইতে থাকে, নাড়ীর গতি উত্তেজিত হয়। মাত্রা বৃদ্ধি হইলে ক্রমে উক্ত লক্ষণ সকল বৃদ্ধি পাইয়া বেলাডোনার ন্যায় লক্ষণাক্রান্ত হয় এবং কনিনীকা প্রসারিত হইয়া পড়ে। ওপিয়ম ব্যবহার করিলে কোষ্ঠ কাঠিন্য জন্মে, কিন্তু হায়ো সায়েমাস্ দ্বারা তাহা হয় না। ওপিয়ম্ দ্বারা পিউপিল কন্‌ট্রাক্ট্ হয় কিন্তু বেলাডোনা দ্বারা প্রসারিত হয়। নিদ্রাকরণ বিষয়ে ইহার ক্রিয়া প্রায় ওপিয়মের ন্যায়। ইহার সেরিব্রাল্ এবং সিম্পেথেটিক্ কার্য্য সম্বন্ধে জানা যায় যে ইহা দ্বারা মোটার্ নার্ভস্ সকলের উপর অবসাদন আনয়ণ করে, সুতরাং প্রায় কোনায়মের অনুরূপ। চক্ষুতে স্থানিক প্রয়োগ করিলে এট্রোপিনের ন্যায় কার্য্যোৎ পন্নকরিয়া কনিনীকা প্রসারিত করে। অধিক মাত্রায় বিষক্রিয়া করে। বিষক্রিয়ার চিকিৎসা বেলাডোনার ন্যায়।

আময়িক প্রয়োগ। কার্ডিয়েক ও পাল্‌মোনেরি এজমা রোগে, কোন কোন সময় ১/৬০ গ্রেণ মাত্রায় হাইওসায়েমাইন, হাইপোডার্মিকেলি ব্যবহার করিলে তৎক্ষণাৎ যন্ত্রণা তিরোহিত হইতে পারে। হাইপোডর্মিকেলি ব্যবহারার্থে সাল্‌ফেট্ অব্ হায়ো সায়েমাইন্ ১ গ্রেণ্; ডিষ্টিল্ ওয়াটার্ ২ ড্রাম্, মাত্রা ১—৬ মিনিম্।

ডাং, ফদার্ গিল্ নিদ্রাকরণার্থ, পুরাতন বিনেল্ ডিজিজে মার্ফিয়া ও ওপিয়মের পরিবর্ত্তে ব্যবহার করিতে আদেশ করেন। ডাং বেনার্স্, টাই ফয়েড্ ফিবারে অনিদ্রা নিবারণার্থ প্রয়োগ করেন। ব্রোমাইড্ অব্ পটাসিয়মের সহিত একত্রিত করিলে মন্দনয়।

ম্যেনিক্, ইন্‌সেনেটি, একিউট্ ডিলিরিয়াস্ মেনিয়া, রোগে টিংচার ডিজি-

টেলিসের সহিত একত্রিত করিয়া ব্যবহার করা হয়। এবং প্রয়োজনানুসারে ক্রমে মাত্রা বৃদ্ধি করিবে। অপর সাব্ একিউট্ এবং রিকরেণ্ট্ মেনিয়া, মনো মেনিয়া, সিনাইল্ ডিমেন্ শিয়া, ও জেনেরেল্ পেরালিসিস্ অব্ ইন্‌সেন্‌স্ এবং অন্যান্য প্রকারের মাস্তিষ্কের পীড়ায় হারে সারেগাইন্ ১ গ্রেণ্, স্পিরিট্ ইথার্ ৮ মিনিম, একোয়া ১ আং প্রয়োজনানুসারে ব্যবস্থেয়।

অক্‌জেলিক্ এসিড্ ও ইউরিক্ এসিড্ ডায়েথিসিসে, হেন্ বেন্ অমূল্য বান। একিউট্ ও ক্রনিক্ নিফ্রাইটীস্ রোগে ইহা বেলাডোনার পরিবর্ত্তে ব্যবহার করা যায়। ইউরিটার্, ব্লাডার্, এবং ইউরিথ্রার আক্ষেপিক অবস্থায়, অক্ষেপ নিবারণ এবং বেদনা নিবারণার্থ ইহার শক্তি চমৎকার। আভ্যন্তরিক যন্ত্র সকলের নিউরাল জিক্ বেদনা রোগে বেলাডোনা হইতে ইহার ক্ষমতা উত্তম।

কেটারেক্ট, আইরাইটিস্, আলসার্ অব্ কর্ণিয়া আদি চাক্ষিক রোগে, বেলাডোনার পরিবর্ত্তে ব্যবহৃত হয়।

কফ রোগ, পেইন্ ফুল্‌গ্রেভিউলার সোয়েলিং, রিউমেটিজম্, অর্শরোগের উত্তেজক ক্ষতরোগে ইহার ব্যবহার মন্দনয়। মলম আকারে ব্যবহার্য্য।

Atropa Belladonna. Belladonna.

এট্রোপা বেলাডোনা। বেলাডোনা।

মাত্রা।

প্রয়োগ রূপ ৭টী।

১। গ্রীণ্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেলাডোনা। মাত্রা ¼—১ গ্রেণ্।

২। এল্‌কোহলিক্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেলাডোনা। মাত্রা ¹⁄₁₆—¼ গ্রেণ্।

৩। বেলাডোনা প্লাষ্টার। বাহ্যপ্রয়োগ জন্য।

৪। অয়েণ্ট্ মেণ্ট্ অব্ বেলাডোনা। বাহ্য প্রয়োগ জন্য।

৫। টিংচার্ অব্ বেলাডোনা। মাত্রা ৫—২০ মিনিম্।

৬। লিনিমেণ্ট্ অব্ বেলাডোনা।

৭। সকস্ বেলাডোনা। মাত্রা ৫—১৫ মিনিম্।

ক্রিয়া। সেরিব্রাল্ ষ্টিমুলেণ্ট্, নার্কটিক্, এনোডাইন্ এণ্টিস্প্যাজ্‌ম-

ডিক্, ক্যিশ্রোটিক্, ডাইওরেটিক্, ন্যাক্টিফিউজ্, ইত্যাদি। সাধারণতঃ এট্রোপিন্ নামক একটী বীর্য্যের উপর ইহার শক্তি নির্ভর করে, এতদ্ব্যতীত বেলাডোনাইন্ নামক আরও ইহাতে একটী পদার্থ আছে। মুখগহ্বর অথবা হাইপোডার্মিকেলি বা চর্ম্মনিম্নে প্রবেশ করাইলে ইহার কার্য্য স্পষ্টতঃ প্রকাশিত হয়। ক্রিয়া সম্বন্ধে ডাঃ হার্লি এবং অপরাপর বিজ্ঞ চিকিৎসকগণ নিম্নলিখিতরূপে বিন্যস্ত করিয়াছেন। ১/৬ গ্রেণ মাত্রায় এট্রোপিয়া যে কোন প্রকারে শরীরে প্রবেশ করাইলেই সম্পূর্ণ কার্য্য প্রকাশিত হইয়া থাকে। নাড়ীর গতি ২০—৭০ বার অধিক স্পন্দিত হয়। কার্ডিয়েক্ ও আর্টিরিয়েল্ কনট্রাকশন্ বৃদ্ধি হয়. সাধারণতঃ শরীরের সমস্ত চর্ম্ম প্রদেশ উত্তেজিত হইয়া উঠে। কেরোটিড্ আর্টারীতে একপ্রকার অব্যক্ত সেন্সেশন্ বোধ হয়, পেরাইটেল্ বোন্স্ দ্বয়ের নিম্নে এক প্রকার সামান্য চাপ অনুবোধ হয়। শিরোঘূর্ণন, মস্তকে ভারিত্ব বোধ হইয়া ক্রমে তন্দ্রা বা প্রকৃত নিদ্রাবল্য এবং তৎসহ স্বাপ্নিক প্রলাপ ও হঠাৎ চমকিয়া উঠে।

জিহ্বা, মুখগহ্বর, এবং কোমল তালু বা সফ্ট্ পেলেট্ সম্পূর্ণ শুষ্কাবস্থা প্রাপ্ত হয়। এবং উক্ত শুষ্কতা সম্পূর্ণ বা অসম্পূর্ণ রূপে লেরিংস্ ও ফেরিংসে বিস্তৃত হইয়া বাক্যের জড়তা, শুষ্ক কাশি, এবং গলাধঃকরণে অত্যন্ত কষ্ট অনুভব হয়। কখন কখন কন্জন্ টাইভেল্ মিউকাচ মেম্বেনের শুষ্কতা উৎপন্ন হয় এবং চক্ষের কনিনীকা স্বাভাবিক অবস্থা হইতে অনেক প্রসারিত হয়। মুখমণ্ডল উজ্জ্বল ও আরক্তিম বোধ হয়, এবং কখনও আক্ষেপ উপস্থিত হয়। উপরোক্ত অবস্থা সকল ক্রমে ২ ঘণ্টাকাল অবস্থিতি করতঃ তৎপর হঠাৎ মুখগহ্বরের শুষ্কতা তিরোহিত হইয়া যায়। জিহ্বা সাদা মলা দ্বারা আবৃত দেখায়, তৎপর নাড়ীর গতি পূর্ণতাপ্রাপ্ত হয়, এবং ক্রমে স্বাভাবিক অবস্থায় আগত হয়। কনিনীকার অবস্থা সামান্য সময় পর্য্যন্ত থাকিয়া যায়। সুতরাং অস্পষ্ট দৃষ্টি কিছু দিন অবস্থিতি করে।

বেলাডোনা দ্বারা রেসপিরেশন্ সম্বন্ধে বিশেষ কোন পরিবর্ত্তন লক্ষিত হয় না। সুতরাং ভেগাস্ নার্ভকে আশ্রয় করে না। শারীরিক উত্তাপ সম্বন্ধে যৎসামান্য পরিবর্ত্তন দৃষ্টিগোচর হয়। বেলাডোনা বা এট্রোপিয়া ব্যব-

ত্যাগের পর কখন কখন কিছুদিন পর্য্যন্ত সুচির ছিদ্র বা বহি পড়িত অনুভব হইতে হয়। বাহ্য প্রয়োগে ইহা বেদনা নিবারক ও দুগ্ধ নিঃসরণ রোধ করে।

অধিক মাত্রায় ব্যবহার করিলে উপরোক্ত লক্ষণ সকল ক্রমে বৃদ্ধি পাইয়া রোগী নিতান্ত উন্মত্তবৎ হইয়া উঠে। প্রলাপ, কনিনীকার প্রসারণ বা নিশ্চল অবস্থা, কার্ডিয়েক্ রিজিয়নে এক প্রকার কঠোর যন্ত্রণা বোধ হইতে থাকে। দাঁড়াইতে অক্ষম হয়, বাক্যের জড়তা প্রচুর পরিমাণে বর্ত্তমান থাকে, কথনও হাসে, চিৎকার করে, উন্মত্তের ন্যায় প্রলাপ বকিতে থাকে; দৃষ্টি রাহিত্য, রোদন, অতঃপর সম্পূর্ণ নিদ্রাবেশ হইয়া অজ্ঞানবৎ পড়িয়া থাকে। কথনও অজ্ঞানাবস্থায় হস্তাঙ্গুলি বিকম্পিত হয়, অবশেষে চিরনিদ্রা আসিয়া অনন্ত নিদ্রায় নিদ্রিত করে।

এট্রোপিন্ ব্যবহার করিলে অনূন ১৫।২০ মিনিটের মধ্যেই মূত্রযন্ত্র দ্বারা নির্গত হয়। এমন কি চক্ষে প্রয়োগ করিলেও প্রস্রাবে এট্রোপিয়া প্রাপ্ত হওয়া যায়। বেলাডোনা দ্বারা ইউরিয়া, সাল্ফেটস্ ও ফস্ফেটস্ বৃদ্ধি হয়। কিন্তু ক্লোরিণের ভাগ খর্ব্ব হয়। তথাচ প্রতিপন্ন হইতেছে যে এট্রোপিয়া মূত্রকারক।

বেলাডোনার কার্য্য সম্বন্ধে প্রতিবন্ধকতা।

১। অল্প বয়স্ক বালকগণ ইহার কার্য্যে শীঘ্র আশক্ত হয় না। কথন কথন মুখগহ্বরের শুষ্কতা ও অপরাপর মাস্তিষ্কেয় লক্ষণ ব্যতীতই যুবকদিগের হইতে অধিক সহ্য করিতে পারে। কিন্তু হার্টের উপর ষ্টিমুলেণ্ট্ ক্রিয়াটী অথবা কনিনীকা-প্রসারণ ক্ষমতা বালক, যুবক, বৃদ্ধ সকলেতেই সম পরিমাণে প্রভাবিত হয়।

২। যুবকদিগের মধ্যেও এমন অনেক ব্যক্তি আছে যে অপরাপর হইতে কিছু অধিক মাত্রা সহ্য করিতে পারে। $\frac{1}{16}$ গ্রেণ মাত্রা ব্যবহার করিয়াও কোন ব্যক্তি অপরের অপেক্ষা অনূন দ্বিগুণ শক্তিতে আক্রান্ত হয়।

৩। গর্ভাবস্থায় ইহার কার্য্যকারিতা সম্বন্ধে সন্দেহস্থল।

৪। কষ্টিক, এমোনিয়া এবং লাইম্ ওয়াটার দ্বারা এট্রোপিয়ার শক্তি

নষ্ট করে। অধিক মাত্রায় লাইমওয়াটার ব্যবহার করিলে বেলাডোনার ক্রিয়া নষ্ট করে।

কোন এক সুবিজ্ঞ ডাক্তার বিশেষ পর্য্যবেক্ষণ দ্বারা নিশ্চয় করিয়াছেন যে বেলাডোনার ফিজিও লজিকেল্ এক্শন্ এবং আভ্যন্তরিক কার্য্যাকার্য্য নিউমোগেষ্ট্রিক্ নার্ভের উপর সমস্ত নির্ভর করে।

ডাং রিংগারের মতানুসারে বেলাডোনার কার্য্যের তারতম্য।

১। ইহা রেস্পিরেটরি সেণ্টার্ এবং হার্টের ইন্‌হেবিটরি সেণ্টারকে উত্তেজিত করে।

২। ইহা কার্ডিয়েক্ সেণ্টারকে উত্তেজিত করে।

৩। ইহা ভাসমোটার সেণ্টারকে উত্তেজিত করে সুতরাং ধমনিগণের প্রেশার বা চাপ বৃদ্ধি হয়।

৪। ইহা কর্ডের স্পেজম্ আনয়ন করে এবং রিফ্লেক্স্ ফাংশন বৰ্দ্ধিত হয়।

৫। ইহা মোটার নার্ভের ট্রঙ্কে কার্য্যোৎপন্ন করিয়া মোটার নার্ভের পেরালিসিস উৎপন্ন করে।

৬। ইহা ভেগাস্ বা অষ্টম স্নায়ুর দ্বিতীয় শাখা (নিউমোগ্যাষ্ট্রিক্) হার্ট বা হৃদপিণ্ড এবং লাংস্ বা ফুস্ফুসের যে স্থানে শেষ হইয়াছে, সেই সেই শাখা গণের পেরালিসিস্ উদ্ভব করে।

৭। ইহা সেলিভেরিগ্লেণ্ডের সেক্রেটরি নার্ভের শেষ সীমাকে এবং সম্ভবতঃ স্বেদ গ্রন্থির নার্ভের পেরালিসিস্ উৎপন্ন করে।

৮। ইহা স্পেঙ্কনিকস্ নার্ভের ইন্‌হেবিটরি ফাইবার্সের শেষ সীমায় পক্ষাঘাত উৎপন্ন করে।

৯। ইহা অধিক মাত্রায় এফারেণ্ট Afferent নার্ভের ফাংশন্ বা কার্য্যের উপর সামান্য পরিমাণে অবসাদন আনয়ন করে।

১০। ইহা অকিউলো মোটারি নার্ভের শেষ সীমা স্থির পেরালিসিস্ উৎপন্ন করে এবং আইরিসের যে স্থানে সিম্পেথে টিক বিতৃত হইয়াছে, উক্ত নার্ভের উত্তেজনা উদ্ভব করে।

বেলাডোনা দ্বারা বিষাক্ত হইলে পাইলোকার্পিন্ বিষঘ্ন হইয়া জীবন দান

করে। ১ গ্রেণ হাইপোডার্ম্মিকেলি ব্যবহার্য্য এবং প্রয়োজনানুসারে ২।৩ বার প্রয়োজ্য।

ওপিয়মের সহিত বেলাডোনার ক্রিয়াগত সাদৃশ্য ওপিয়ম্ বর্ণনা কালে বর্ণিত হইয়াছে।

ব্যবহার সম্বন্ধে মন্তব্য।

১। বাহ্য প্রয়োগার্থ ইহার একষ্ট্রাক্ট সুন্দর উপকারী। ইহা চক্ষের চারিপার্শ্বে ব্যবহার করা যায়। ১ কি ২ গ্রেণ পরিমাণে অইলিডে মর্দ্দন করা যায়। উপকার হইলে সামান্য সময় মধ্যেই পিউপীল প্রসারিত হইবে।

২। আভ্যন্তরিক প্রয়োগার্থ ইহার টিংচার ব্যবহার্য্য। প্রথমতঃ অল্প মাত্রায় আরম্ভ করিয়া পরে, ক্রমশঃ মাত্রা বৃদ্ধি করিবে। যদ্যপি মুখের শুষ্কতা মস্তকের ঘূর্ণি উৎপন্ন হয়, তবে অবিলম্বে মাত্রা কমাইয়া বা ঔষধ রহিত করিয়া দিবে।

৩। যেপীড়ার উপকারার্থে ইহা ব্যবহার করা হয়, যদ্যপি সহজে ইহাদ্বারা কোন উপকার না হয় তাহা হইলে অধিক দিন ব্যবহারের কোন প্রয়োজন নাই বরং হটাৎ কুফল উৎপন্ন হইতে বিচিত্র নাই।

৪। ইহার সম্পূর্ণ কার্য্য উৎপন্ন করিতে বেলাডোনার আভ্যন্তরিক ব্যবহার হইতে এট্রোপিয়ার হাইপোডার্ম্মিক্ ইন্জেক্ট্ শ্রেষ্ট।

ইহা দ্বারা পিউপীল প্রসারিত হওয়ার কারণ।

The power of Belladonna to cause dilatation of the pupil পিউপীল্ বা কনীনিকার প্রসারণতা সম্বন্ধে বেলাডোনার ক্ষমতা—১। ডাং হার্লি বলেন ইহা থার্ড্পেয়ার অব্ নার্ভের সিলিয়ারি ব্রেঞ্চের পেরালিসিস্ উৎপন্ন করিয়া পিউপীল্কে প্রসারিত করে। ২। ডাং বেল্ বিবেচনা করেন ইহা আইরিসের রেডিয়েটিং ফাইভার্স্কের সংকোচন উৎপন্ন করে বলিয়া পিউপীল্ প্রসারিত হয়। ৩। অপর এক মহাত্মা অনুমান করেন ইহা স্নায়ু রেটীনার যে অংশে বিশোষণ করিয়াছে সেই অংশে স্থায়ী রূপে সাধারণ সেন্সেশন্ বিলুপ্ত হইয়া পিউপীল্ প্রসারিত হয়। ৪। ডাং ফ্লেমিং অনুমান করেন আইরিসে রেডিয়েটীং ফাইবার্স যে আর্টেরি দ্বারা প্রতিপালিত, বেলা-

ডোনাদ্বারা সেই আর্টেরির অত্যন্ত সংকোচন উদ্ভব হয়, সুতরাং রক্ত প্রত্যাবর্ত্তিত হইতে না পারিয়া তথায় পেরালিসিস্ উৎপন্ন করিলে পিউপীল্ বিস্তৃত হইয়া পড়ে।

আময়িক প্রয়োগ। স্প্যাজ্‌মডিক্ এজ্‌মা রোগে ইহার ব্যবহার বড়ই উপকার জনক। কিন্তু ব্যবহার সম্বন্ধে অনেকের অনেক মত। কেহ কেহ বলেন বেশ প্রচুর মাত্রায় এক একটী পীল প্রত্যেক রাত্রিতে শয়ন কালে সেবন করিতে হইবে, কেহ কেহ বলেন ইহার ফল অতদ্রুত এবং পরিস্কার রূপে লাভ করিতে হইলে $\frac{1}{100}$ গ্রেণ এট্রোপিয়া এবং $\frac{1}{6}$ গ্রেণ অব্ মর্ফিয়া একত্র করতঃ হাইপোডার্মিকেলি ব্যবহার করিলে অতি চমৎকার উপকার হয়। কিন্তু শুধু এট্রোপিয়া বা মর্ফিয়া দ্বারা সে আসা বৃথা। স্পেজ্‌ মডিক ও নার্ভাস কফঃ রোগে বেলাডোনা বাহ্যিক এবং আভ্যন্তরিক উভয় প্রকারেই প্রয়োগ করা যায়। বাহ্য প্রয়োগার্থ ইহার প্লাষ্টার যথাস্থানে লাগাইবে।

হুপিংকফ রোগে ইহার উপকারীতা অতিশয় বিখ্যাত। কোন এক সুবিজ্ঞ ডাং বলেন $\frac{1}{120}$ গ্রেণ্ এট্রোপিয়া ১ ড্রাম জলের সহিত ১ $\frac{1}{2}$ হইতে ৪ বৎসর বয়স্ক বালককে ব্যবহার করা যায়। রাত্রিতে পীড়ার বৃদ্ধি অনুভব হইলে উক্ত মাত্রার অর্দ্ধ পরিমাণে শয়ন সময় সেব্য। অপর লেরিন্‌জিস্ মাস্ ট্রিডিউলাস্ Laryngismus Stridulus রোগেও অত্যন্ত উপকারী। সুবিধা বোধ হইলে ইহার লিনিমেণ্ট্ স্পাইন্ বা মেরুদণ্ডের উপর মর্দ্দন করিবে।

এপিলেপ্সি রোগে কেহ কেহ বেলাডোনা ব্যবহার করিতে বলেন কিন্তু বেলাডোনা হইতে এরোগে ব্রোমাইড্ দ্বারা অধিক উপকার হয়।

Tetanus টেটেনাস্ বা ধনুষ্টংকার রোগে বেলাডোনার উপকারীতা বহুবিধ বিজ্ঞ ডাং স্বীকার করিয়া ছেন। ডাং হার্টকিনশন্ তাঁহার বহুবিধ রোগীকে বেলাডোনা দ্বারা আরোগ্য করিয়াছেন। ডাং লিভার্ $\frac{1}{60}$ গ্রেণ্ এট্রোপিয়া দিবসে ২। ৩ বার ব্যবহার করিয়া এবং তৎসহ বেলাডোনা লিনিমেণ্ট্ পীড়িত পেশীতে মর্দ্দন করিয়া অপরিসীম উপকার স্বীকার করিয়াছেন। ব্রাউন্ সিকোয়ার্ড্ বলেন ইহার ব্যবহারে স্পাইনেল্ কর্ড বা পৃষ্ট মজ্জায় ব্লাড্ ভেসেলের এবং উহার মেম্ব্রেনের কন্‌জেসশন্ দূরীভূত করিয়া উপকার করে।

সায়েটিকা, টিকৃডলরু, ইণ্টার কষ্টেল্ নিউরালজিয়া ইত্যাদি অনাদির নিউরাল্ জিক পীড়ার যত প্রকার সিডেটিব্ বা এনোডাইন্ আছে, তন্মধ্যে বেলাডোনাই শ্রেষ্ট ১/৪—১/২ গ্রেণ্ মাত্রায় ইহার একষ্ট্রাক্ট্ দিবসে ২। ৩ বার ব্যবহার্য্য। ইহার কার্য্য কালীন অত্যন্ত সতর্কতা সহ পর্য্যবেক্ষণ করিবে। ডাংকোলবি্ বলেন একষ্ট্রাক্ট বেলাডোনা ১ ড্রাম, টিং ওপিয়াই ১ আং এবং গ্লিসরীণ্ ৩ ড্রাম্ মিশ্রিত করতঃ পীড়িত স্নায়ুর গতি অনুযায়ী বাহ্যিক ব্যবহার করিলে বিস্তর উপকার হয়। অথবা এক টুকু নেকড়া উক্ত ঔষধে সিক্ত করতঃ পীড়িত স্থানে স্থাপন করিবে। কিন্তু রোগের অবস্থা একটুকু কঠিন হইলে এট্রোপিয়ার হাইপোডার্ম্মিক্ ইন্জেক্শন্ উত্তম্। হার্পিজ জোষ্টার রোগে বেদনা নিবারণ করিয়া উপকার করে। ডাং এনেষ্টি বলেন পূর্ব্বোক্ত পীড়া সকলে মর্ফিয়ার সহিত একত্র ব্যবহার আরও উপকারী। পেল্ভিক্ ভিসরা সকলের বেদনা রোগেও ইহা আদরের সহিত ব্যবহার্য্য।

ডাং ফদার্গিল্, ডাং মারেল, ডাং উইলসনাদি বহুবিধ চিকিৎসক্ থাইসিস্ রোগের ঘর্ম্ম নিবারণার্থ ইহাকে অতি শ্রেষ্ট বিবেচনা করেন। পীল্, বা সল্যুশন্ যে কোন প্রকারে ব্যবহার করাযায়, কিন্তু প্রথমতঃ অতি অল্প মাত্রায় আরম্ভ করিয়া ক্রমে মাত্রা বৃদ্ধি করিবে। একিউট্ রিউমেটিজম্ হইলে ঘর্ম্ম, অত্যন্ত পূয়োৎপাদন জনিত ঘর্ম্ম, এবং দুর্ব্বলতা জনিত ঘর্ম্ম, নিবারণার্থ বেলাডোনা বা এট্রোপিয়া অত্যন্ত শ্রেষ্ট।

একিউট্ রিউমেটিজম্, Rheumatic fever বা রিউমেটিক্ ফিবারে ডাংহার্লি ইহাকে অত্যন্ত আদরের সহিত ব্যবহার করেন। তিনি বলেন ১/১০০—১/৬০ গ্রেণ্ মাত্রায় এট্রোপিয়া, পীড়িত সন্ধিস্থত্বকে হাইপোডার্ম্মিকেলি ব্যবহার করিলে বেদনা এবং অপরাপর যন্ত্রণা নিবারণ করিয়া উপকার করে। ইহার বেদনা নিবারণ শক্তি এত প্রবল্ যে এরোগে আর ওপিয়ম্ ব্যবহারের কোন আবশ্যক হয় না। এতদ্ব্যতীত বেলাডোনা, ক্লোরফরম্ লিনিমেণ্ট্ উক্ত সন্ধি স্থানে প্রয়োগ করিয়া কর্টন্ উল্ লেপেজ্ করিয়া রাখিবে অর্থাৎ তুলা দ্বারা জয়েণ্ট্ আবৃত করতঃ ফ্লানেল্ কাপড় দ্বারা বান্ধিবে।

ডাংহার্লি বলেন মেটেরিয়া মেডিকা মধ্যে যত প্রকার ঔষধ আছে তন্মধ্যে হৃদপিণ্ডকে উত্তেজিত করিতে বেলাডোনার ক্ষমতা অত্যন্ত প্রখর। অপর

ডাং ব্রায়গিল, ডাংউড্, প্রফেসার ফ্রেসার, আদি অনেকানেক ডাক্তার গণ, তাংহাদিগের অভিমতে অনুমোদন করেন; তিনি বলেন এস্থেনিয়া বা শক্ লাগিয়া সিঙ্কোপ্ উৎপন্ন হইলে, কলরার কোলাপ্স্ ষ্টেজে, এবং ক্লোরফরম্ আঘ্রাণ দ্বারা হৃদপিণ্ডের ক্রিয়া নিস্তেজ হইয়া পড়িলে অথবা কার্ডিয়েক্ পেল্পিটেশন্ রোগে বেলাডোনা অত্যন্ত উপাদেয়। $\frac{1}{100}$—$\frac{1}{60}$ গ্রেণ্ মাত্রায় সাল্‌ফেট্ অব্ এট্রোপিয়া সাব্ কিউটেনিযাস্ প্রদেশে ইন্‌জেক্ট করিবে। ইহা কার্ডিয়েক্ ষ্টিমুলেণ্ট হইয়া উপকার করে।

একিউট ইন্‌ফ্লামেশন্ অব্ মেমা, নেকের গ্রেণ্ড সকলের ইনফ্লামেটরি সোয়েলিং হইলে, লোযার জয়ের উপরে কোন প্রকারে ইন্‌ফ্লামেশনে, পেইন্ ফুল সিফেটিক্ এফেক্‌শনে বিউবো বা বাঘি উৎপন্ন হইলে, অপর অসহ্য বেদনা যুক্ত ব্রণে অথবা কার্বঙ্কোল্ রোগের প্রারম্ভ সময়ে ইহার একষ্ট্রাক্ট্ গ্লিসরিণে মিশ্রিত করিয়া বাহ্য প্রয়োগার্থে বিস্তর ব্যবহার্য্য। অত্যন্ত বেদনা থাকিলে তৎসহ পুলটিস্ ব্যবহার করিলে আরও উপকার হইবে। স্ত্রীলোক

দিগের স্তন প্রদেশে প্রয়োগ করিতে নিপল্ বা স্তনের বোঁটা এবং তৎপার্শ্বস্থ

এরিউলা বা কালো চক্রাকার দাগ ত্যাগ করিয়া বাহ্য পার্শ্বে ব্যবহার করিবে।

সিফিলিটিক্ আইরাইটিস্, রিউমেটিক্ আইরাইটিস্, অথবা ইডিউপেথিক্ আইরাইটিস্, ডিপ্ আল্‌সার অব্ দি কর্নিয়া, পেইন্ ফুল্ আইরাইটিস্ এবং গ্লকোমা আদি চক্ষের পীড়া সকলে বেলাডোনা বা এট্রোপিয়া দ্বারা মহান উপকার দর্শে। অপ্‌থাল্‌মিক্ সার্জারিতে ইহার অত্যন্ত আদর। ২০ গ্রেণ একষ্ট্রাক্ট, জল ১ আং মিশ্রিত করিয়া ছাঁকিয়া নিবে বা লাইকর এট্রোপিয়া যাহা ৪ গ্রেণে ১ আং জল দ্বারা প্রস্তুত হয়, তাহাই এক বা ২ ফোঁটা চক্ষে প্রয়োগ করিলে অতি শিঘ্র বেদনা এবং নানাবিধ উপদ্রব তিরোহিত হইবে।

ক্রফিউলাস্ অপ্ থাল্‌মিয়া রোগে বেলাডোনা দ্বারা অতি সত্বর রোগ উপশম হয়, আলোকাতঙ্ক তিরোহিত হয়। $\frac{1}{8}$—$\frac{1}{2}$ গ্রেণ মাত্রায় বেলাডোনা পটাসি আইওডাইডে মিশ্রিত করিয়া ব্যবহার করিলে অত্যন্ত উপকার হয়। এতদ্ব্যতীত একষ্ট্রাক্ট্ বেলাডোনা গ্লিসরীণে মিশ্রিত করিয়া চক্ষের পার্শ্বে বা আইলিডে ব্যবহার করিবে।

ক্যাটারেক্ট বা চক্ষে ছাঁদি পড়িলে বেলাডোনা বা এট্রোপিয়া দ্বারা পিউ-পিল প্রসারিত করিলে সামান্য পরিমাণে দৃষ্টির সুবিধা হইতে পারে।

Photophobia ফটফোবিয়া বা আলোকাতঙ্ক নিবারণার্থ ইহার ক্ষমতা প্রসিদ্ধ। ১ গ্রেণ সাল্ফেট্ অব্ এট্রোপিয়া ১ আং পরিষ্কার জলে দ্রব করিয়া যুবকের জন্য ব্যবহার্য্য। উহার অর্দ্ধ পরিমাণে কৈশোরের জন্য প্রত্যেক ৪ ঘণ্টান্তর প্রয়োগ করা যায়। ইহা একটী পেন কলম কাটীয়া তাহা দ্বারা ফোটা প্রয়োগ করিবে। কখন কখন ইহার মলম আইলিডের অভ্যান্তর প্রদেশে লাগাইলেও ফটফোবিয়া এবং লেক্রিমেশন্ বা ইপিফোরা অ-অর্থাৎ চক্ষু হইতে জল পড়া নিবারিত হয়।

স্পেজ্মডিক্ ষ্ট্রিকচার অব্ দি ইউরিথ্রা, স্প্যাজম্ অব্ স্ফিংটার অব্ দি ব্লাডার ও এনাই রোগে রেকটাল্ বুজিতে একষ্ট্রাক্ট বেলাডোনা মাখাইয়া রেকটামে প্রয়োগ করিলে অথবা পেরিনিয়মে মালিশ করিলে পেশীদিগের আক্ষেপ তিরোহিত হয়। এরূপাবস্থায় কোন কোন সময় ইহার টিংচার আভ্যন্তরিক ব্যবহার করিয়া বিস্তর উপকার প্রাপ্ত হওয়া যায়। এতদ্ব্যতীত ইরিটিবিলিটি অব্ দি ব্লাডার বা মূত্র থলির উত্তেজিত অবস্থায়, একষ্ট্রাক্ট বেলাডোনা ২ গ্রেণ কোকোয়া বাটার যথা প্রয়োজন দ্বারা সপোজিটরি প্রস্তুত করিয়া রেকটামে প্রয়োগ করিলে বিশেষ ফল দর্শিতে পারে।

সাপ্রেশন্ অব্ ইউরিণ রোগে বিশেষতঃ ইহা উইবিমিয়া অথবা অপর কোন কারণ দ্বারা উৎপন্ন হইলে ইহা দ্বারা সুফলের আশা আছে। যদ্যপি কিড্নি বা মূত্রযন্ত্রের ক্রিয়াগত কোন প্রকার পরিবর্ত্তন বশতঃ উক্ত প্রকার অবস্থা উৎপন্ন হয় তাহা হইলেও বেলাডোনা উক্ত দোষ নিবারণ করিয়া প্রস্রাব উৎপাদন করিবে। একিউট্ নিফ্রাইটিস্, ক্রণিক এলবিমিনোরিয়া আদি রোগে বহুবিধ চিকিৎসক ব্যবহার করিতে অনুমোদন করেন।

স্পারমেটোরিয়া ও নক্টার্ নেল্ এমিউশন অবস্থায় বেলাডোনা ব্যবহার্য্য। প্রথমতঃ অল্প মাত্রায় ব্যবহার্য্য তৎপর ক্রমে মাত্রা বৃদ্ধি করিতে চেষ্টা করিবে।

কর্ডি বা প্রমেহ রোগের যন্ত্রণা দায়ক লিঙ্গোচ্ছাস নিবারণার্থ বেলাডোনা অমোঘ। একষ্ট্রাক্ট বেলাডোনা ২ গ্রেণ, মর্ফিয়া ১/২ গ্রেণ মিশাইয়া রাত্রিতে সপোজিটরি ব্যবহার করিলে অসীম উপকার হয়।

অর্কাইটিস্ বা অণ্ড প্রদাহে এক্‌ষ্ট্রাক্ট বেলাডোনা ও গ্লীসরিণ্ সমপরিমাণে মিলাইয়া পীড়িতস্থানে ব্যবহার করিলে বিস্তর উপকার হয়। অপর একটী ফ্লেনেল্ কাপড় দ্বারা বান্ধিয়া সাস্‌পেন্‌সেরী বেণ্ডেজ্ করিয়া রাখিবে।

ফাইমোসিস্ এবং পেরাফাইমোসিস রোগে এক্‌ষ্ট্রাক্ট বেলাডোনা ১২ অংশ এবং লার্ড ৩০ অংশ মিলাইয়া আস্তে আস্তে মালিশ করিবে। ইহা প্রত্যেক ঘণ্টান্তর ব্যবহার কর্ত্তব্য।

ইন্‌ফ্লামেশন অব্ ইউট্রাস্ বা জরায়ু প্রদাহে ইহা দ্বারা বিস্তর উপকার হয়। রোগীকে গরম জলের হিপ্‌বাথ দিবে এবং ডাং ওয়েষ্ট বলেন $\frac{1}{6}$—$\frac{1}{4}$ গ্রেণ মাত্রায় এক্‌ষ্ট্রাক্ট বেলাডোনা এবং ৩ গ্রেণ কেম্ফার মিলাইয়া পিল্ প্রস্তুত করতঃ প্রত্যেক ২।৩ ঘণ্টান্তর ব্যবহার করা যায়। অথবা রোগী সহ্য করিতে পারিলে বেলাডোনার মাত্রা সামান্য পরিমাণে বৃদ্ধি করিলে হানি নাই। তৎপর বেশ বড় আয়তনের লিন্‌সিড্ পুল্‌টিস অম্বিলাইকসের নিম্নে ব্যবহার করিবে।

ইউট্রাইন্ নিউরেল্‌জিয়া, ওভেরিয়েন্ নিউরাল্‌জিয়া, নিউরেলজিক্ কারণে ডিস্‌মেনোরিয়া বা বাধকবেদনা হইলে অথবা ইরিটেবল্‌ষ্টেজ্ অব্ দি ইউট্রাস ইত্যাদি জরায়ু ঘটিত নানাবিধ উপদ্রবে বেলাডোনা দ্বারা সুন্দর উপকার সম্ভবে। বাহ্যিক ব্যবহারার্থে লিনিমেণ্ট বেলাডোনা এবং লিনিমেণ্ট অব্ ক্লোরোফরম্ একত্রিত করিয়া মালিশ করিবে। এবং আভ্যন্তরিক ব্যবহারার্থে এক্‌ষ্ট্রাক্ট বেলাডোনা $\frac{1}{6}$ গ্রেণ মাত্রায় কেম্ফার ৩ গ্রেণ এবং এক্‌ষ্ট্রাক্ট হায়োসায়েমাস্ যথা প্রয়োজন দ্বারা একটী পিল প্রস্তুত করিয়া প্রত্যেক ৩।৪ ঘণ্টান্তর ব্যবহার করা যায়। অথবা এট্রোপিয়া $\frac{1}{120}$—$\frac{1}{60}$ গ্রেণ বা তৎপরিবর্ত্তে $\frac{1}{6}$ গ্রেণ অব্ এসিটেট্ অব্ মর্ফিয়া হাইপোডার্ম্মিকেলি প্রযোজ্য।

প্রুরাইটিস্ পিউডেণ্ডাই রোগে ২০ গ্রেণ মাত্রায় এক্‌ষ্ট্রাক্ট এবং ৪ ড্রাম এসিটেসিয়া অয়েণ্টমেণ্ট বা গ্লীসরীণ্ মিলাইয়া বাহ্যিক ব্যবহার করিলে অতি সহজে চুলকনা তিরোহিত হইবে।

ছেলেদের ইন্‌কণ্টিনেন্স অব্ ইউরীণ হইলে বেলাডোনা দ্বারা সময়ে সময়ে সুন্দর উপকার হয়, আভ্যন্তরিক প্রয়োজ্য কিন্তু বিশেষ্ বিবেচনার দরকার।

অনেকানেক সময় ইন্‌টেষ্টাইনের স্প্যাজম্‌ দ্বারা ভালভাল বিরেচক ঔষধ ব্যবহার করিয়াও কোন সুফল লাভ করা যায় না এরূপাবস্থায় বেলাডোনা এণ্টিস্প্যাজ মডিক্‌ হইয়া কনষ্টিপেশন্‌ নিবারণ করে। সাধারণতঃ জ্ঞান বিশ্বাস মতে আমরা যতদূর বুঝি হেবিচুয়েল্‌ কনষ্টিপেশন্‌ বা আভ্যাসিক কোষ্ট কাঠিন্যতায় বেলাডোনা হইতে উপকারী আর নাই। ইহার এক্‌ট্রাক্ট ½—১ গ্রেণ মাত্রায় দিবসে ২ বার ব্যবহার করিয়া সন্তোষ জনক উপকার লাভ করা গিয়াছে। ইন্‌টেষ্টাইনেল্‌ অবষ্ট্রাকশন্‌, ইন্‌ট্রাসাসেপ্‌শন অব্‌ দি বাওয়েলস্‌, ইন্‌ দি পেসেজেজ্‌ অব্‌ দি গল্‌ষ্টোন ইত্যাদি নানাবিধ স্প্যাজমডিক্‌ পীড়ায় অধিক মাত্রায় ব্যবহার করা যায়। স্ত্রীলোকদিগের গর্ভাবস্থায় বমন নিবারণার্থে ইহার টিংচার ২০—৩০ মিনিম মাত্রায় অথবা ২ মিনিম মাত্রায় ব্যবহার করিয়া সময় সময় উপকার লাভ করা যায়। ইসোফেগাসের ষ্ট্রিকচার হইলে বেলাডোনা লিনিমেণ্ট্‌ ষ্টারনমের উপর মালিশ করিয়া উপকার হইতে পারে।

ফিশার অব্‌ দি এনাস, বেদনাজনক হেমরয়েডেল্‌ টিউমার এবং পাইলস্‌ বা অর্শ রোগে নানাবিধ উপকারার্থে ইহাদ্বারা মলম প্রস্তুত করিয়া ব্যবহার্য্য।

স্কার্লেট্‌ ফিবারে একটুকু অধিক মাত্রায়, পিউপিল প্রসারিত না হওয়া পর্য্যন্ত ব্যবহার্য্য। টনসিলাইটিস রোগে ও ইহা দ্বারা উপকার সম্ভবে।

Tialism টায়েলিজম্‌ বা মুখ আসিলে বেলাডোনা অমোঘ। অতি সত্বর ইহা দ্বারা সেলিভেশন নিবারিত হয় এবং রোগী সুস্থ বোধ করে।

Earache ইয়ার এক বা কর্ণ বেদনা রোগে এট্রোপিয়া একটী বিশেষ ঔষধ ১০ বৎসরের ন্যূন বয়স্কের জন্য ১ গ্রেণ ১ আং জল দ্বারা লোশন প্রস্তুত করিয়া এক কি ২ ড্রপ্‌ ব্যবহার্য্য কিম্বা ১০ বৎসরের অধিকের জন্য (৪ গ্রেণে ১ আং জল) ১। ২ ড্রপকর্ণে ব্যবহার করিলে নিশ্চয় প্রতিকার হইবে, অপর মিডলইয়ারের বা এক্‌ষ্টারনেল্‌ ইয়ারের ইনফ্লামেশনেও ব্যবহার্য্য।

এরিসিপেলাস্‌ রোগে বেলাডোনা আভ্যন্তরিক ব্যবহার করা কর্ত্তব্য। ইহা দ্বারা আর্টেরী সকলের এক্সাইট্‌মেণ্ট্‌ তিরোহিত হইয়া বিরাম দান করে। শরীরের কোন স্থান অত্যন্ত দগ্ধ হইয়া গেলে বেদনা, অধীর ভাব,

ক্ষুধামান্দ্যাদি নানাবিধ লক্ষণ তিরোহিত হয়, কিন্তু এতদপেক্ষা সম্ভবতঃ মর্ফিয়া শ্রেষ্ঠ।

"ফেগমেশিয়া ডোলেন্স রোগে সমপরিমাণে মার্কারিয়েল অয়েন্টমেন্ট এবং একষ্ট্রাক্ট বেলাডোনা মিশ্রিত করতঃ ব্যবহার করিলে বিস্তর উপকার হয়।

হৃদপিণ্ডের পীড়া বশতঃ পেলপিটেশন্ উৎপন্ন হইলে রোগীকে সুস্থির অবস্থায় রাখিয়া হৃদপিণ্ডের স্থলে একটী প্লাষ্টার ব্যবহার করিলে উপকার হয়। অপর কেহ কেহ বলেন মাইট্রেল ডিজিজে ইহা ব্যবহৃত হইতে পারে। কিন্তু ডিজিটেলিস্ ইহা অপেক্ষা অনেকাংশ শ্রেষ্ঠ। ইচ্ছা হইলে বেলাডোনা কিম্বা এট্রোপিয়া ৬০ গ্রেণ ও ডিজিটেলিন্ ৫০ গ্রেণ দ্বারা হাইপোডার্মিকেলি ব্যবহার করা যায়।

ইন্‌সেনেটি বা বাতুলতা রোগে বেলাডোনা দ্বারা মহান উপকার দর্শে। ইহা এণ্টিস্প্যাজ মডিক হইয়া উপকার করে। কিন্তু এরূপাবস্থায় মাদক ঔষধ কখনও ব্যবহার্য্য নয় তথাচ সিডেটিব নার্কটিক দ্বারা নিদ্রা আনয়ন করিয়া উপকার করে। কখনও ইহার সহিত এলোজ মিশ্রিত করিয়া ব্যবহার্য্য।

টাইফাস ফিবার বা অপরাপর নিস্তেজকারী জ্বরে পিউপিল্ কনষ্ট্রাক্ট্ বা কনিনিকা সংকোচিত থাকিলে বেলাডোনা দ্বারা বিস্তর উপকার হইবে। এরূপাবস্থায় সাধারণতঃ মস্তিষ্কের অধিক রক্ত গমন করিয়া পিউপিল সংকোচিত হয় সুতরাং বেলাডোনা উক্ত দোষ নিবারণ করিয়া উপকার করে। প্রয়োজনানুসারে টিং, মাস্ক্, টার্টার এমিটিকাদি ব্যবহার করা যায়। টাইফায়েড্ ফিবারে উক্ত প্রবাহের গতি নির্ণয় করিয়া ব্যবহার করিলে উপকার সম্ভবে। যে স্থলে পিউপিল্ সংকোচিত থাকা নিবন্ধন ওপিয়ম অব্যবহার্য্য তথায় বেলাডোনা বিস্তর উপকারী।

স্তন প্রদেশস্থ দুগ্ধ নিঃসরণ গ্রন্থি নিচয়ের রক্তাধিক্য নিবন্ধন মেমারি এব্‌সেস্ উপস্থিত হইলে বেলাডোনা ক্যাম্ফার কলোডিয়ম্ একত্র করতঃ পেইণ্ট্ করিলে উপকার হয় কিন্তু বেলাডোনা দ্বারা দুগ্ধ নিঃসরণ রোধ করে সুতরাং বিবেচনা পূর্ব্বক ব্যবহার্য্য এবং সতর্ক থাকা উচিত যেন স্তন্য পান কালীন বেলাডোনা দ্বারা শিশুর কোন বিপদ না ঘটে।

Atropinœ, — Atropia,

এট্রোপিন্। — এট্রোপিয়া।

ইহা বেলাডোনার বীর্য্য।

প্রয়োগরূপ।

১। অয়েণ্ট্মেণ্ট্ অব্ এট্রোপিয়া।

২। সাল্ফেট্ অব্ এট্রোপিয়া।

৩। সলুশন অব্ সাল্ফেট্ অব্ এট্রোপিয়া। মাত্রা—১—৪ মিনিম্।

৪। ডিস্ক্স্ অব্ এট্রোপিয়া।

ক্রিয়া। সম্পূর্ণরূপে বেলাডোনার অনুরূপ কিন্তু তদপেক্ষা অত্যন্ত প্রবল সুতরাং অতি সতর্কতা সহকারে আভ্যন্তরিক প্রয়োগ বিধেয়। পিউপীল্ প্রসারিত করন জন্য ইহার ক্ষমতা বেলাডোনা অপেক্ষা বিস্তর অধিক ও নির্দ্দোষী। এনোডাইন এবং এণ্টিস্পেজ্মডিক্ জন্য হাইপোডার্মিকেলি প্রয়োজ্য। সাল্ফেট্ অব্ এট্রোপিয়া দ্বারা লোশন্ প্রস্তুত করিয়া তাহার ২ মিনিম্ মাত্রায় প্রথমতঃ ব্যবস্থেয়, তৎপর ক্রমশ মাত্রা বৃদ্ধি করা যায়। ইহা দ্বারা প্রসারিত পিউপিল্ এসিরিন্ সলুশন দ্বারা সংকোচিত করা যায়; কেলেবারবীন্ হইতে এসরীন্ প্রস্তুত হয়। মর্ফিয়ার সহিত এট্রোপিয়ার ক্রিয়াগত অনেক অসাদৃশ্য পরিলক্ষিত হয়। কিন্তু মর্ফিয়া দ্বারা বিষাক্ত ব্যক্তিকে এট্রোপিয়া দ্বারা চিকিৎসা করা যাইতে পারে।

ব্যবহার। এট্রোপিয়ার ব্যবহার সম্বন্ধে বেলাডোনা বর্ণন কালে অতি বিস্তৃতরূপে প্রকাশ করা গিয়াছে।

Cannabis Indica, — Indian Hemp,

ক্যানাবিস্ ইণ্ডিকা — ইণ্ডিয়ান্ হেম্প্।

সাধারণতঃ ইহাকে গাঁজা বা সিদ্ধি বলে।

প্রয়োগরূপ।

১। এক্‌ষ্ট্রাক্ট্ অব্ হেম্প্। মাত্রা ½—১ গ্রেণ্।

২। টিংচার্ অব্ হেম্প্। মাত্রা ৫—২০ মিনিম্।

ক্রিয়া। নার্কটিক্, সেরিব্রাল্ ষ্টিমুলেণ্ট্, এনোডাইন্, এফ্রোডিসিয়াক্,

হিপ্নোটিক, ইউট্রাইন্ মোটার ষ্টিমুলেণ্ট্, এণ্টিস্প্যাজ্মডিক্। এতদ্দেশে গাঁজার মাদকতা শক্তি প্রায় অধিকাংশেই অবগত আছেন। প্রথমত ১৮৬৮ খৃঃ অব্দে সার্ ডাবলিউ ওসানসি ইহার ব্যবহার আবিষ্কার করেন। এবং তিনি নিশ্চয় করিয়াছেন যে অধিক মাত্রায় ইহার ক্রিয়া প্রথমতঃ ধার্মনিক শক্তি বৃদ্ধি পাইয়া ষ্টিমুলেণ্ট্, অথচ শরীরে অত্যন্ত স্ফূর্ত্তি সঞ্চালিত হয়। তৎপর রোগী বাচাল প্রিয় হয়, গান করিতে থাকে, খাদ্য অন্বেষণ করে, বিনা কারণে নিরর্থক হাস্য করে, হঠাৎ যেন ভয়ে চিৎকার করিয়া উঠে, মনোমধ্যে নানাবিধ প্রফুল্ল ভাব উদয় হইয়া নৃত্য করে। তৎপর কখন ও ক্যাটালেপ্সির ন্যায় লক্ষণ যুক্ত হইয়া পড়ে। এই অবস্থায় কয়েক ঘণ্টা অতিবাহিত হইলে উপরোক্ত লক্ষণ সকল দূরীভূত হইতে থাকে। শিরঃ পীড়ার চিহ্ন থাকেনা, অথবা অন্যান্য কোন প্রকার মন্দ পরিণাম লক্ষিত হয় না। কেহ কেহ ইহাকে মূত্র কারক বলিয়া নিশ্চয় করেন এবং প্রস্রাবে ইহার গন্ধ বিনির্গত হয়। মূত্র করণার্থ ইহার টিংচার ২০ মিনিম্ মাত্রায় ব্যবহার্য্য। অপরিমিতরূপে গাঁজার ধূমপান দ্বারা ক্রমে শরীর নিতান্ত নিকৃষ্ট হইয়া পড়ে, ক্ষুধা মান্দ্য দেখিতে অত্যন্ত নিস্তেজ ও নিষ্প্রভ বোধ হয়, অধিকাংশ সময় উন্মনস্ক ভাবে অতিবাহিত করে। যদিচ ইহা দ্বারা যান্ত্রিক কোন প্রকার বিকার উপস্থিত হয় না তথাচ স্বভাব নিরতিশয় উগ্র হইয়া পড়ে, এমন কি সময় সময় উন্মাদ রোগে পরিণত হয়। অনেকানেক অপরিমিত মাতাল দিগকে হেমোরেজিক্ ডিসেণ্ট্রী হইতে দেখা যায়।

আময়িক প্রয়োগ। টেটেনাস্ বা ধনুষ্টংকার রোগে ইহা দ্বারা উপকার হয়। ডাং চক্রবর্ত্তী এবং অপরাপর ডাক্তারগণ ইহার প্রশংসা করেন। ইহা দ্বারা স্পেজম্ তিরোহিত হইয়া রোগী অনেকটা প্রকৃতিস্থ লাভ করে।

কোরিয়া রোগে সামান্য মাত্রায় ৭।১৫ মিনিম্ মাত্রায় ইহার টিংচার ব্যবহার করিলে উপকার হয়। কোরিয়া রোগের অনিদ্রা নিবারণার্থ ইহার টিংচার অন্যান্য নিদ্রা কারক হইতে শ্রেষ্ঠ, সুতরাং ৭ বৎসর বয়স্কের জন্য ১০ মিনিম্ মাত্রায় ইহার টিংচার প্রয়োজ্য। ডাং রাসেল্ বলেন এপিলেপ্সি রোগে যদিও ইহা দ্বারা বিশেষ কোন উপকার না হউক তথাচ শিরঃ পীড়া কি অন্যান্য উদ্বেগ নিবারিত হয়।

ডিলিরিয়ম্ ট্রিমেন্স্ রোগে ডাং ওসানসি ইহার অত্যন্ত প্রশংসা করেন এবং প্রায় ওপিয়মের ন্যায় উপকারী বলিয়া নির্দ্দেশ করেন, ½—২ গ্রেণ্ মাত্রায় ইহার একষ্ট্রাক্ট্ ব্যবহার করা যায়। ব্রেইনের সাফ্নিং অবস্থায় অক্‌টারনেল্ ডিলিরিয়ম্ উৎপন্ন হইলে পুষ্টি কারক তরল আহার, ও সামান্য পরিমাণ ওয়াইন দ্বারা উপকার হয় এবং প্রয়োজন হইলে ½—২ গ্রেণ্ মাত্রায় ইহার একষ্ট্রাক্ট্ ব্যবহার করা যায়।

সায়েটিকা, টিক্ ডলরু, অন্যান্য স্নায়ু শূল রোগে মর্ফিয়া এবং এট্রোপিয়ার পরই ইহাকে নির্দ্দেশ করা যায়। ইহার ভাল একষ্ট্রাক্ট ½—২ গ্রেণ মাত্রায় পীল্ আকারে ব্যবহার্য্য। বেদনা নিবারণ হইয়া গেলেও প্রত্যেক রাত্রিতে ১টী পীল্ ব্যবহার কর্ত্তব্য।

ক্রণিক্ রিউমেটিজম্ রোগে ইহা দ্বারা উপকার হয়।

এজ্‌মা, হেফিবার, হে এজ্‌মা, সিনাইল কেটার ইত্যাদি নানাবিধ অবস্থায় ইহা দ্বারা উপকার হয়।

মেনোরেজিয়া ও ইউট্রাইন হেমোরেজ্ রোগে বহুবিধ চিকিৎসক ইহার প্রশংসা করেন। ডাবলিন্ নগরস্থ ডাং চর্চ্চিল্ ইহার অত্যন্ত প্রশংসা করেন। গর্ভপাত করণার্থ ইহার ক্ষমতা মন্দ নয়। জরায়ুর ফাইব্রাস টিউমার হইতে রক্ত স্রাব আরম্ভ হইলে ইহা দ্বারা উপকার হয়। ক্যান্সার অব্ দি ইউট্রাস্ ডিস্‌মেনোরিয়া ইত্যাদি বহুবিধ উপদ্রবে ক্যানাবিস আদরনীয়। ডিস্‌মেনোরিয়া রোগে ১৫ মিনিম্ মাত্রায় ইহার টিংচার মিউসিলেজের সহিত ব্যবহার করিলে বিস্তর ফল দর্শে এবং ডাং ওয়েষ্ট্ ইহার প্রতি অত্যন্ত অনুরাগ প্রকাশ করেন।

যদাপি ইউট্রাসের এটনি, বা সংকোচনশক্তির ক্ষীণতা প্রযুক্ত লিংগারিং বা দীর্ঘস্থায়ী প্রসব এবং প্রট্রাকটেড্ লেবার উপস্থিত হয়, তাহা হইলে ডাং চার্চ্চিল্ ইহার প্রতি বিস্তর সন্তোষ প্রকাশ করেন এবং ইহার টীংচার ৩০ মিনিম মাত্রায় ব্যবহার্য্য বলিয়া নির্দ্ধারণ করেন। ইহার ক্রিয়া অনেকানেক বিষয়ে অর্গট অপেক্ষা তীব্র ও অবশ্য ফল দায়ক, এবং প্রসবান্তে রক্তস্রাব নিবারণ করে।

ডাং ক্রিষ্টিশন্ হৃদপিণ্ডের ভয়ানক প্যাল্‌পিটেশনে ইহার ব্যবহার করেন

এবং তিনি বলেন অন্যান্ত ঔষধ ব্যর্থ হইলে ইহার ক্রিয়া উপকারী।

এক্‌জিমা রোগে অত্যন্ত ইচিং বা চুলকনা থাকিলে এবং প্রুরাইটাস্‌ পিউডেণ্ডাই রোগে মর্ফিয়া দ্বারা উপকার না হইলে ইহার টিংচার ২৫ মিনিম মাত্রায় ব্যবহার করিলেই নিদ্রা আনয়ন করিয়া উপকার করে।

আলসার অব্‌ ষ্টমাক্‌, হিষ্টিরিয়া, ব্রাইটস্‌ ডিজিজ্‌ ইত্যাদি নানাবিধ পীড়ায় ব্যবহার হইতে পারে। ড্রপ্‌সিকেল্‌ এফেকশনে মূত্র করণার্থ ব্যবহার্য্য।

Stramonii Folia et Semina — Stramonium Leaves and Seeds,

ষ্ট্রেমোনিয়াই ফোলিয়া এট্‌ সেমিনা। — ষ্ট্রেমোনিয়ম্‌ লিভ্‌স্‌ এণ্ড্‌ সিড্‌স্‌।

প্রয়োগ রূপ। ধুস্তূর পত্র এবং বীজ।

১। একষ্ট্রাক্ট্‌ অব্‌ ষ্ট্রেমোনিয়ম্‌। মাত্রা ¼—½ গ্রেণ্‌।

২। টিংচার অব্‌ ষ্ট্রেমোনিয়ম্‌। মাত্রা ১০—৩০ মিনিম্‌।

ক্রিয়া। এনোডাইন্‌, এণ্টিস্প্যাজ্‌মডিক্‌। ডাটুরিন নামক একটী বীর্য্য ইহাতে নিহীত আছে। ইহার কার্য্য প্রায় এট্রাপিনের সদৃশ এবং ইহার ব্যবহারে মাস্তিষ্কিয় নানাবিধ পরিবর্ত্তন লক্ষিত হয়, ডিলিরিয়ম্‌, কোমা এবং অবশেষে মৃত্যু পর্য্যন্ত ও ঘটে। ধুস্তূরের ক্রিয়া প্রায় বেলা ডোনার ন্যায়। যথায় ওপিয়ম্‌ এবং বেলাডোনা অকৃত কার্য্য হয় তদবস্থায় ইহাদ্বারা বেদনা নিবারণ এবং নিদ্রা আনয়ন করিয়া উপকার করে। ব্যবহারার্থে একষ্ট্রাক্ট্‌ গ্রেণ্‌ মাত্রায় আরম্ভ করিবে। ইহার ধূম পান করিতে হইলে ১০—২০ বা ৩০ গ্রেণ্‌ মাত্রায় ইহার শুষ্ক পত্র ব্যবহার্য্য। ইহার ব্যবহারেও কনিনীকার সংকোচিত অবস্থা উৎপন্ন হয়। বাহ্য প্রয়োগার্থ ইহার ফোমেণ্টেশন্‌ বা পুল্‌টিস্‌ ব্যবহার্য্য।

ইহা দ্বারা বিষাক্ত হইলে বেলাডোনার ন্যায় চিকিৎসা করিবে।

আময়িক প্রয়োগ। এজ্‌মা রোগে কোন প্রকার অর্গেনিক্‌ পীড়া বর্ত্তমান থাকিলে ইহার ধূমপান অত্যন্ত উপকারী। অপর ক্রনিক্‌ ব্রংকাইটিস্‌, এম্পিসিমা অব্‌ দি লাংস্‌, থাইসিস্‌ রোগের শ্বাসকষ্ট নিবারণার্থ ষ্ট্রেমোনিয়ম্‌ ব্যবহৃত হইতে পারে। ইহার একষ্ট্রাক্ট্‌ ¼—½ গ্রেণ্‌ মাত্রায় প্রত্যেক রোজ ব্যবহার করা যায়।

নিউরাল্জিয়া রোগে বেলাডোনার ন্যায় ইহার একষ্ট্রাক্ট্ গ্লীসরীনে মিশ্রিত করিয়া বাহ্যিক ব্যবহার করা যায়। একিউট্ মেনিয়া রোগে ইহার বীর্য্য ডাটুরীন্ হাইপোডার্মিকেলি ব্যবহার্য্য কিন্তু এট্রোপিন্ অপেক্ষা ইহার ক্রিয়া নিকৃষ্ট। ডিস্ মেনোরিয়া রোগে কোন কোন সময় ইহার আভ্যন্তরিক ব্যবহার দ্বারা বিস্তর উপকার হয়।

কেটারেক্ট্, আইরাইটিস্, আল্সারেশন্ অব্ কর্নিয়া ইত্যাদি নানাবিধ চক্ষু রোগে ইহা বেলাডোনার পরিবর্ত্তে ব্যবহৃত হইতে পারে কিন্তু এট্রোপিয়া সর্ব্বদা প্রয়োজ্য।

গিনি ওয়ার্ম রোগে ইহার পুল্টিস্ স্থানিক প্রয়োগ করা যায়। এবং লিচিং ও ফোমেণ্টেশন্ ব্যবস্থেয়।

ক্যান্সারাস্ আল্সারেশন, পেইন্ফুল্ সোয়েলিং রিউমেটিক্ সোয়েলিং, পেইন্ফুল্ নোড্স্, পেইন্ফুল ইরিটেবল্ পাইলস্ আদি নানাবিধ অবস্থায় ইহা ব্যবহার্য্য।

SEDATIVES CLASS.

সিডেটিব্স্ বা অবসাদক

ঔষধ শ্রেণী।

যে সমস্ত ঔষধ দ্বারা জীবনীশক্তি নিস্তেজ বা অবসাদিত হয় তাহাদিগকে সিডেটিবস্ বা অবসাদক ঔষধ বলে।

স্থানবিশেষে কার্য্যতার তারতম্যানুসারে ইহারা ৪ শ্রেণীতে বিভক্ত।

১ জেনেরেল্ সিডেটিবস্। ২। আর্টিরিয়েল্ সিডেটিব্স্। ৩। সেরিব্রাল্ সিডেটিব্স। ৪। নার্ভাস্ সিডেটিব্স্।

১। যে সমস্ত ঔষধের অবসাদন ক্রিয়া শরীরের প্রত্যেক বিধানে সমরূপে প্রকাশ পায় তাহাদিগকে জেনেরেল্ সিডেটিবস্। বি ডিং, অনশন ইত্যাদি।

২। যে সমস্ত ঔষধের অবসাদন শক্তি সাক্ষাৎ সম্বন্ধে হৃৎপিণ্ডের উপর প্রকাশিত হইয়া উহার শাখা প্রশাখায় বিস্তৃত হয় এবং শ্বাস প্রশ্বাসের গতি মৃদু করিয়া ফেলে তাহাদিগকে আর্টিরিয়েল্ ডিসেটিব্ বা ধামনিক অবসাদক কহে।

৩। যে সমস্ত অবসাদক ঔষধ নার্ভস্ বা স্নায়ুর ক্রিয়া লোপ করিয়া পরম্পরিত সম্বন্ধে রক্ত সঞ্চালক যন্ত্রের উপর অবসাদন আনয়ন করে তাহাদিগকে নার্ভাস্ সিডেটিব্স্ বা স্নায়বিয় অবসাদক কহে। একোনাইট, টুবেকু লোবিলিয়া ইত্যাদি।

। যে সমস্ত ঔষধ দ্বারা ব্রেইন্ ও স্পাইনেল্ কর্ড অর্থাৎ স্নায়ু সকলের মূল অংশ অবসাদিত হয় তাহাদিগকে সেরিব্রাল্ সিডেটিবস্ বা মস্তিষ্কিয় অবসাদক কহে। ইহাদের অবসাদন ক্রিয়া প্রথমতঃ ব্রেইন ও স্পাইনেল্ কার্ড আশ্রয় করিয়া তাহাদের ক্রিয়া লোপ করিতে থাকে। তৎপর হার্ট্ ও লাংস্ ক্রমে আক্রান্ত হয়। ইহাদের ব্যবহারে অচৈতন্যতা উপস্থিত হয়। কিন্তু ষ্টিমুলেন্ট্ দ্বারা যে অচৈতন্যতা হয় তাহার কারণ ব্রেইনে অধিক রক্ত গমন এবং সিডেটিব্ দ্বারা যে অচৈতন্যতা উপস্থিত হয় তাহার কারণ ব্রেইনে রক্তের অল্পতা: হাইড্রোসিয়ানিক্ এসিড্, কোনায়ম্, ক্লোর ফরম্ এই শ্রেণীভুক্ত।

কেলেবারবীন্ নামক একটী ঔষধ মাত্র স্পাইনেল্ কর্ডের উপর কার্য্য প্রকাশ করিয়া উহার রিফ্লেক্স্ একশনকে অবসাদিত করে।

ইথার ক্লোরফরম্ আদি কতগুলি ঔষধ স্থানিক স্পর্শ লোপ করিতে পারে বলিয়া ইহাদিগকে এনাস্থেটিক ঔষধ ও কহা যায়।

নিম্নলিখিত ঔষধ সকল অবসাদক শ্রেণী ভুক্ত।

১। কোনিয়াই ফোলিয়া।
২। এসিডম্ হাইড্রসিয়ানিকম্ ডাইলিউটম্।
৩। জেল্‌সিমিয়ম্।
৪। সেমিসিফিউগী।
৫। ক্রিয়েজোটাম্।
৬। লাবোসিবেসাই ফোলিয়া।
৭। ক্লোরফরম্।
৮। টেবাকম্।
৯। ক্লোরাল্ হাইড্রেট।
১০ একোনাইট্।
১১। বিউটাইল্ ক্লোরাল্ হাইড্রেট্।
১২। কোকা।
১৩। এমাইল্ নাইট্রাস্।
১৪। নাইট্রো গ্লিসীরিন্।
১৫। মেন্থল্।
১৬। কেফিন্।

Conium, Hemlock,

কোনায়ম্। হেমলক্।

প্রয়োগরূপ।

১। হেমলকপুল্‌টিস্।
২। জুস অব্ হেম্‌লক্। মাত্রা ½—১ ড্রাম্।
৩। একষ্ট্রাক্ট্ অব্ হেমলক্। মাত্রা ২—৬ গ্রেণ্।
৪। কাম্পাউণ্ড্ পীল্ অব্ হেম্‌লক্। মাত্রা ৫—১০ গ্রেণ্।
৫। ইন্‌হেলেশন্ অব্ হেম্‌লক্।
৬। টিংচার অব্ হেম্‌লক্। মাত্রা ২০—৬০ মিনিম্।

ক্রিয়া। ইহার পত্র ও শুষ্ক ফল, নার্কটিক্, এনোডাইন্, এণ্টিস্প্যাজ্‌মডিক্, সিডেটিব্, অল্টারেটিব্, এব্‌সার্বেণ্ট্। অলিয়ে জিনাস্ এল্‌কেলয়েডের (Conia কোনিয়া) উপর ইহার কার্য্য নির্ভর করে। হেম্‌লক্ মাস্‌কুলার

মুভ্‌মেন্টস্ বা পেশী দিগেরগতির উপর অবসাদন আনয়ন করে কিন্তু মাস্‌লস্ দিগের সামরিক গতির উপর কার্য্যতা সম্বন্ধে অনেক ইতর বিশেষ হয়। অনেকানেক চিকিৎসকগণ কোনিয়ার কার্য্য, নার্ভাস্ সিষ্টেমের উপর প্রকাশিত হয় বলিয়া নিরূপন করেন কিন্তু মাস্‌লসের উপর স্বীকার করেন না। মস্তিষ্কের সেরিব্রাম্ সামান্য পরিমাণে আক্রান্ত হয়। পিউপীল ক্রমশঃ প্রসারিত হইতে থাকে, বাস্তব পিউপীলের প্রসারণতা সম্বন্ধে কোন নিশ্চয়তা নাই বিশেষতঃ টোসিস্‌উৎপন্নহইলে নিশ্চয়তা সন্দেহ জনক। ইহার স্থানিক ক্রিয়া মিউকাশমেম্বেনের উপর উত্তেজক। কোন একটী সবলকায় যুবক, পরিশ্রম করার সময় ৫। ৬ ড্রাম্ সাক্‌কাস্ কোনিয়াই সেবন করিলে ৩০ মিনিট্ কি ৪০। ৪৫ মিনিট্ পর ক্লান্তবোধ করিতে থাকিবে, মস্তকের বিঘূর্ণন, এবং চক্ষুদ্বয়ের উপর ভারিত্ব বোধ হইতে থাকে। একঘণ্টা পূর্ণসময়ে পরিশ্রান্তের ভাব দূরীকৃত হয় তৎপর আরও একঘণ্টাপর আপনাকে আপনি অত্যন্ত কার্য্যক্ষম মনে করে। বিশ্রাম সময়ে ঔষধ সেবিত হইলে, প্রথমতঃ চক্ষুদ্বয় আক্রান্ত হয়,তৎপর কনিনীকা প্রসারিত হইতে থাকে,পদদ্বয় দুর্ব্বল ও শীতল হইয়া উঠে, নাড়ীর গতি নিয়মিত ও সমশক্তিবান থাকে, শরীরের প্রত্যেক মাস্‌কুলার সিষ্টেম্ শক্তিহীন বিশেষতঃ হেমিষ্ট্রিংস্ মাসলস্ ও লি-ভেটার্ পেল্‌পিব্রি মাসলের পেরালিসিস্ উদ্ভব হয়। যাহাহউক উপরোক্ত অবস্থাগুলি ক্রমে ৩ কি ৩½ ঘণ্টা অবস্থিতি করতঃ অবশেষে লক্ষণ সকল দূরীভূত হইয়া যায়। ইহা দ্বারা মস্তিষ্কের ৩য় স্নায়ুর মৌটার্ একৃশন্ বা সঞ্চালন শক্তি অবসাদিত হয়, সুতরাং চক্ষের গতি মৃদু হইয়া পড়ে। হেম্‌লকের সম্পূর্ণ ক্রিয়া নিদ্রাকর্ষণ। সুতরাং অনেকে নিশ্চয় করেন ইহা দ্বারা মাস্‌কুলার্ সিষ্টেমের নিদ্রাকর্ষণহয়। প্রথমতঃপাল্‌স্ সামান্য পরিমাণে শক্তি-হীন হয় বটে কিন্তু অনতি বিলম্বেই দ্রুত হইয়া উঠে, কখন কখন মাউথ্ ও ফসেসে বার্ণিং সেন্‌সেশন্ উৎপন্ন হয়, এবং বমনোদ্রেক ও বমন সময় সময় দেখিতে পাওয়া যায়। ইহা দ্বারা ডায়েফ্রাম্ ও ইন্টার্ কষ্টেল্ মাস্‌ল্ সকল পক্ষাঘাত হওয়ায় শ্বাস রোধ দ্বারা মৃত্যুহয়। কোনিয়া দ্বারা বিষাক্ত ব্যক্তির কখন কখন অত্যন্ত ঘর্ম্ম ও সেলিভেশন্ হইতে দেখা যায়। ইহা দ্বারা সেন্‌সেরি ফাংশনের কোন পরিবর্ত্তন হয় না।

পুল্‌টিস্‌ আকারে স্থানিক ব্যবহার করিলে ইহা দ্বারা বেদনা নিবারিত হয়। স্থানিক ব্যবহারার্থে পুলটিসে ব্যবহার্য্য। ইহাদ্বারা বিষাক্ত হইলে, বমনকারক দ্বারা পাকাশয় পরিষ্কার করিবে। শ্বাস প্রশ্বাস জন্য, আর্টিফিশিয়েল রেস্‌পিরেশন্‌ করিবে এবং ভিনিগার ব্যবস্থা করিবে।

আময়িক প্রয়োগ। ডাঃ হার্লি বলেন কোনিয়া রোগ সামান্যতঃ নার্ভাস্‌ সিষ্টেমের প্রাণ মক পরিবর্ত্তনে উৎপন্ন হইলে হেমলক্‌ দ্বারা সুন্দররূপ উপকার হইতে পারে। অপর এপিলেপ্সি রোগেও ব্যবহৃত হয়। কোষ্ঠ পরিষ্কার রাখা এবং পুষ্টি কারক আহার বিধেয়। ছেলেদের দন্তোৎগম সময়ে কন্‌ভাল্‌শন্‌ উৎপন্ন হইলে ইহা দ্বারা উপকার হইতে পারে। বিশেষতঃ বালকদিগের পক্ষে ইহা অতি চমৎকার ঔষধ।

রিফ্লেক্স্‌ মাসকুলার একশন স্থগিত রাখা এবং নার্ভাস সেণ্টারের উত্তেজনা তিরোহিত জন্য টিটেনাস রোগে ব্যবহার করা যায়। ইহার টিংচার বা এক্‌ষ্ট্রাক্ট্‌ ৫ গ্রেণ্‌ মাত্রায় প্রয়োগ কর্ত্তব্য।

একিউট্‌ মেনিয়া রোগে কোনিয়া (½—১ মিনিম্‌) হাইপোডার্মিকেলি ব্যবহার করিবে। মর্ফিয়ার সহিত মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে আরও উপকার সম্ভবে।

সায়েটিকা, অপরাপর নিউরাল্জিক পীড়া, ক্রনিক রিউমেটিজম, মার্কুরিয়েল্‌ ট্রিমার, এজিটেন্স পেরালিসিস, নক্‌টারনেল ক্রেম্প স ইত্যাদি নানাবিধ অবস্থায় ইহা ব্যবহার করা যায়। কেহ কেহ বলেন উপরোক্ত নিউরাল্‌জিয়াতে বেলাডোনা অথবা ওপিয়ম ব্যর্থ হইলে ইহাকে ব্যবহার করিবে।

ষ্টমাক এবং ইসোফেগাসের স্প্যাজমডিক আকুঞ্চনে কোনায়ম উপকারী। স্প্যাজ্‌মডিক্‌ কফ, ল্যারিঞ্জিস্‌মাস ষ্ট্রিডিউলাস্‌, স্প্যাজ্‌মডিক্‌ এজমায় আভ্যন্তরিক ও বাহ্যিক উভয় বিধ উপায়ে ব্যবহার করা যায়।

স্পাইনেল্‌ কর্ডের কোন অর্গেনিক্‌ ডিজিজ বা কোন প্রকার ক্রিয়াগত পরিবর্ত্তনে এবং রিফ্লেক্স্‌ ফাংশনের উত্তেজনা বর্ত্তমান থাকিলে ডাঃ হার্লি কোনায়মকে উপযুক্ত মনে করেন।

ক্যান্সার, স্ক্রফিউলাস্‌ আল্‌সার, সিফিলিটিক্‌ আলসার্‌, ফেজেডেনিক্‌ আল্‌সার, আলসার অব্‌ টাঙ্গ, ক্যান্সার অব দি ষ্টমাক্‌, ক্যান্সার অব্‌ দি

প্যাইলোরাস, ক্যান্সার অব দি রেক্টাম ইত্যাদি নানাবিধ অবস্থায় ইহা ব্যবহার্য্য। বাহ্য প্রয়োগার্থ পুল্‌টিস রূপে বা একটী লিণ্টে মাকাস্ ঢালিয়া স্থানিক ব্যবহার করিবে।

ওভেরিয়ান্ ক্যান্সার রোগে একষ্ট্রাক্ট ৩ ড্রাম্ একোয়া ১ পাইণ্ট দ্বারা ইন্‌জেক্‌শন্ দেওয়া যায়। ওভেরিয়ান্ মেনোরেজিয়া, ইউটেরাইন্ ফাইব্রয়েড্ টিউমার রোগে ব্যবস্থেয়।

ব্রেষ্ট বা স্তনের ইন্‌ফ্লামেশনে অথবা মিল্ক এব্‌সেস্ উৎপন্ন হইলে ইহার এক্‌ষ্ট্রাক্ট স্থানিক প্রয়োগ করা যায়।

ক্রনিক্ ব্রঙ্কাইটিস, কঠিন আকারের কফ রোগে, বায়ুনালী মধ্যে অত্যন্ত উত্তেজনা বর্ত্তমানে এবং থাইসিস্ রোগে ব্যবস্থেয়।

Acidum Hydrocyanicum Dilutum. Diluted Hydrocyanic Acid.

এসিডম্ হাইড্রসিয়ানিকম্ ডাইলিউটম্। — ডাইলিউটেড্ হাইড্রোসিয়ানিক্ এসিড্।

প্রুসিক্ এসিড্।

মাত্রা। ২—৮ মিনিম্।

ক্রিয়া। ষ্ট্রং এসিড এতদূর ভয়ানক অবসাদক বিষ যে সামান্য ক্ষুদ্র জন্তু প্রায় ১০ সেকেণ্ডে ইহার আঘ্রাণ দ্বারা পঞ্চত্ব প্রাপ্ত হইয়াছে। একটী শশকের জিহ্বায় মাত্র একবিন্দু সংলগ্ন করায় ৮৩ সেকেণ্ডে উক্ত শশকের প্রাণ বিয়োগ হয় এবং একটী বিড়ালের চক্ষে ৩ বিন্দু নিক্ষেপ দ্বারা ১০ সেকেণ্ডে জীবন হারাইয়াছিল ষ্ট্রং এসিডের ব্যবহার কখনই হয় না এবং জল মিশ্রিত ব্যতীত আমাদের দেশে আসে না। তথাচ ব্যবহার কালে রোগী মাত্রকেই প্রয়োগ করা বিধেয় নহে। ডাইলিউটেড্ হাইড্রোসিয়ানিক্ এসিড্ ২—৪—৭ মিনিম্ ভয়ানক অবসাদক। ব্যবহারার্থে অতি সামান্য মাত্রায় প্রয়োগ করা কর্ত্তব্য। ইহা ব্রেইনের উপর কার্য্য প্রকাশ করিয়া শিরোঘূর্ণন এবং নিদ্রাকর্ষণ করে। শ্বাস প্রশ্বাস পরিচালক কেন্দ্র (মিডিউলা অব্ লঙ্গেটা) দুর্ব্বল হইয়া পড়ে, এবং মোটার নার্ভস্ অত্যধিক পৈশিক দুর্ব্বলতা বশতঃ অল্প বা অধিকরূপে পক্ষাঘাত (প্যারালিসিস্) প্রাপ্ত হয়। রেস্‌পিরেশন্

বা শ্বাস প্রশ্বাস মৃদু ও অসম হয় এবং অধিক মাত্রায় সাধারণতঃ শ্বাস রোধ দ্বারা মৃত্যু হয়। অপর ইহার কার্য্য চার্টের উপর প্রকাশিত হইয়া রক্তসঞ্চালনের গতি, স্লো, ফিবল্ ও ইরেগুলার হইয়া থাকে কিন্তু প্রত্যেকটী কার্য্যই নার্ভস্ এবং হৃৎপিণ্ডের স্বকীয় পৈশিক নির্ম্মাণের কার্য্য বিপ্লবের উপর নির্ভর করে। অতঃপর ইহা রক্তের হিমেগ্লবিনের সহিত মিশ্রিত হইয়া রেড্ কার্পাস্ কোলের উপর কার্য্য প্রকাশ করতঃ শারীরিক বিধানে অক্সিজেন্ প্রদান করিতে প্রতিবন্ধকতা উৎপন্ন করে। টেম্পারেচার বা সিক্রিশনের উপর ইহার কোন বিশেষ ক্ষমতা নাই কিন্তু সাধারণতঃ সামান্য পরিমাণে সেলাইভা বা লালা বৃদ্ধি হয়। অধিক মাত্রায় অতি দ্রুত প্রাণ বিনষ্ট করে।

বিষ লক্ষণ। বিষাক্ত মাত্রায় হঠাৎ শিরোঘূর্ণন, শ্রবণবিকার, ঝনঝন্, কনকন্, সনসন্ আদি নানাবিধ শব্দ উৎপন্ন হইতে থাকে এবং সর্ব্বশরীর ক্রমশঃ দুর্ব্বল হইয়া আসে, পরে রোগী অজ্ঞানাবস্থায় পরিণত হয়। চক্ষুর স্পর্শশক্তি বিলুপ্ত হয়, পিউপীল্ প্রসারিত হইয়া পড়ে, রেস্‌পিরেশন্ কষ্টসাধ্য হইয়া উঠে, পালস্, ফিবল্, ও ইম্‌পারসেপ্‌টিবল্ হয় এবং মুখ হইতে ফ্রদি মিউকাস্ বা ফেনীল শ্লেষ্মা বহির্গত হইতে পারে। মৃত্যুর পূর্ব্বে কখনও স্পেজম হইতে পারে। অবশেষে মৃত্যু। বাহ্যপযোগে এনোডাইন্।

চিকিৎসা। প্রথমতঃ আর্টিফিশিয়েল রেস্‌পিরেশন বা কৃত্রিম শ্বাস ক্রিয়া করাইবে, তৎপর ১/২০ গ্রেণ মাত্রায় এট্রোপাইন হাইপোডার্মিকেলি ব্যবহার করিবে। উত্তেজক দ্বারা জীবনশক্তি উন্নত রাখিবে। যাহা হউক ইহা দ্বারা বিষাক্ত রোগীকে যদ্যপি কোন প্রকারে অর্দ্ধ ঘণ্টা কাল জীবিত রাখা যায়, তবেই সুফলের কতক সম্ভাবনা।

আময়িক প্রয়োগ। নানাবিধ স্পেজ্‌মডিক্ কফরোগে এবং হিমপ্‌টিসিস্, বিশেষতঃ হুপিং কফ পীড়ায় ইহার ব্যবহার অতি চমৎকার কিন্তু ব্যবহারে সতর্কতার দরকার সুতরাং হাইড্রসিয়ানিক্ এসিড্ ব্যবহার না করিয়া বেলাডোনা ব্যবস্থেয়। অপর সাধারণ কফ সিরাপে ও ব্যবহার করা যায়।

ডিস্‌পেপ্‌সিয়া এবং তৎসহ গ্যাষ্ট্রীক্ ইরিটেশন্ বর্ত্তমান থাকিলে ২—৪ বিন্দু মাত্রায়, ইন্‌ফিউজন্ কলম্বা সহিত ব্যবহার করিলে অতি সত্বর উত্তেজনা তিরোহিত হয় এবং গ্যাষ্ট্রীক্ জুসের প্রকৃত অবস্থা আনিত হয়। ডাঃ উইল্-

শব্দ করেন পাইরসিস্ রোগের ইরিটেটিব্ ডিস্পেপ্সিয়া নিবারণার্থ কার্বনেট্ অব্ পটাস্, কার্ব্বনেট্ অব্ সোডা, এবং ইন্ফিউজন্ অব্ কলম্বার সহিত দিবসে ২। ৩ বার ব্যবহার করিলে ইহার তুল্য ঔষধ আর নাই। সাব্ একিউট্ গ্যাষ্ট্রাইটিস রোগে সাধারণ এফারভেসিং ডাফটির সহিত ব্যবহার করিলে বিস্তর উপকার হয়। গ্যাষ্ট্রডিনিয়া রোগে সার, টি, ওয়াটসন ইহার অসীম প্রশংসা করেন। গ্যাষ্ট্রালজিয়া ও এণ্টিরেলজিয়া রোগে সাব্ নাইট্রেট্ অব্ বিস্মথ সহ ব্যবহার করিলে অত্যন্ত উপকার হয়।

ভমিটিং বা বমন নিবারণার্থ ইহার ক্ষমতা অতি চমৎকার। কোন প্রকার এফারভেসিং ড্রাপট বা ইসাকের আলসার বশতঃ বমন হইলে ইহা একক অথবা এফারভেসিং মিকচারের সহিত নাইট্রেট অব পটাস মিশ্রিত করিয়া ব্যবহার করিবে। ইহা পাকাশয়ের নার্ভের উপর অবসাদন উৎপন্ন করে।

নানাবিধ চর্ম্মরোগ বিশেষতঃ লাইকেন, আর্টিকেরিয়া, একজিমা, ইম্পিটাইগোর, প্রুরাইটিস পিউডেণ্ডাই ইত্যাদি বহুবিধ চর্ম্মরোগে ব্যবহার করা যায়। কিন্তু ব্যবহারের বিশেষ সতর্কতা আবশ্যক। শরীরের কোন বিস্তৃত স্থানে এককালীন প্রয়োগ বিধেয় নহে। এসিড্ হাইড্রো সিয়ানিক্ ডিল্ ৪ ড্রাম্, এ্যকোয়া ডিষ্টিল্ ৮ আং, এলকোহল ৪ ড্রাম, প্লাম্বাই এসিটেটিস্ ১৭ গ্রেণ দ্বারা লোশন্ প্রস্তুত করিয়া ব্যবহার করিবে। অথবা গ্লীসরীন্ সহ একত্রিত করিয়াও ব্যবহার করা যায়।

নিউরালজিয়া রোগে ইহা গ্লীসরীন সহ স্থানিক ব্যবহার্য্য।

Gelsemium, Yellow Jasmine,

জেল্সিমিয়ম্। ইয়লো জেস্মাইন্।

মাত্রা ৫—৩০ গ্রেণ্।

প্রয়োগ রূপ

১। এল্কোহলিক্ এক্ট্রাক্ট্ অব্ জেল্সিমিয়ম। মাত্রা ½—২ গ্রেণ্।

২। টিংচার অব্ জেল্সিমিয়ম্। মাত্রা ৫—২০ মিনিম্।

ক্রিয়া। নার্ভাইন্ সিডেটিব্, এনোডাইন, টনিক, এণ্টিপিরিয়ডিক্ এবং ডায়াফোরেটিক্। ইহাতে জেল্সিমাইন্ নামক একটী বীর্য্য আছে। জেল্

সিমিনাম্ ল্যাইনেল্ কর্ডের মোটার পোশনের উপর কার্য্য প্রকাশ করে। ডাং শর্ম্মলো বলেন ইহার ক্রিয়া কর্ডের সেনসেরি পর্শনের উপরও প্রকাশিত হইয়া সম্পূর্ণ এনাস্থেশিয়া বা স্পর্শ লোপ করে। শ্বাস প্রশ্বাসের উপরও কার্য্যোৎপন্ন করে। প্রথমতঃ শ্বাস প্রশ্বাস সামান্য পরিমাণে দ্রুত হয় কিন্তু অবশেষে দুর্ব্বল ও মৃদু হইয়া উঠে এবং শেষে শ্বাস প্রাশ্বাসিক মাসল্স্-দিগের পেরালেসিস্ দ্বারা রোগীর মৃত্যু হয়। ইহা দ্বারা হার্টের কার্য্য মৃদু হয়, ধামনিক চাপ বা আর্টিরিয়েল্ প্রেসার খর্ব্ব করে এবং নাড়ীর গতি ও তদনুরূপ হইয়া থাকে।

জেল্সিমাইন স্থানিক ব্যবহার দ্বারা পিউপিল প্রসারিত করে এবং অন্যান্য স্থানের পক্ষাঘাত হয় কিন্তু আভ্যন্তরিক প্রয়োগ দ্বারা পিউপীল কন্ট্রাক্ট বা আকুঞ্চিত করে সুতরাং ইহাই ইহার বিশেষত্ব বলিতে হইবে ইহার এল্কেলয়েড্ দ্বারা ডিপ্লোপিয়া ও টোসিস উৎপন্ন হয়। জল্সিমিনাম্ অধিক মাত্রায় ব্যবহার করিলে কর্ম্প্রিট্ মাস্কুলার পেরালিসিস্ উদ্ভব হয়। অপর ইহা দ্বারা যথেষ্ট ঘর্ম্ম উপস্থিত হইয়া টেম্পারেচার হ্রাস করে।

ইহা দ্বারা বিষাক্ত হইলে বিষনাশার্থ বমন কারক বিধান করিবে। মর্ফিন্ ব্যবহার করিবে, উত্তেজনা জন্য এমোনিয়া, কফি, এল্কোহল্ ব্যবহার করিবে।

আময়িক প্রয়োগ। সাধারণ নিউরাল্জিয়া, ডেণ্টাল নিউরাল্জিয়া, ৫ম স্নায়ুর ১ম ও ৩য় শাখার নিউরাল্জিয়াতে ইহার ব্যবহার করা যায়। ইহার টিংচার ২০মিনিম মাত্রায় ব্যবহার্য্য।

এজমা, স্পেজ্মডিক্ ব্রোঙ্কাইটিস্, হুপিং কফ্রোগে ডাং বার্থলো ইহাকে ব্যবহার করিতে বলেন।

নার্ভাস্ ইরিটেবল্ কফ্, ওভেরিয়ান্ নিউরাল্জিয়াতে, ডাং রিংগার প্রয়োগ করিতে আদেশ করেন।

অবষ্ট্রাক্টেড্ লেবার্, রিজিডিটি অব্ অস্ ইউটারাস ডাং ডেভিস ইহার প্রশংসা করেন স্প্যাজম্ নষ্ট করিয়া উপকার করে।

ইডিওপ্যাথিক নিউরাল্জিয়া এবং ট্রমেটিক্ টেটেনাসে ইহার টিংচার অথবা এক্ষ্ট্রাক্ট্ দ্বারা বিস্তর উপকার হয়।

একজিমা রোগে অত্যন্ত চুলকানি হইলে ইহার টিংচার ১০ মিনিম্ মাত্রায় ব্যবহার দ্বারা উপকার হয়।

চক্ষুরোগের জন্য (৮ গ্রেণে ১ আং জলে) ব্যবহার করা যায়।

Cimicifugæ Rhizoma, Cimicifuga,

সিমিসি ফিউগি রেজোমা। সিমিসি ফিউগা।

ACTÆA RACEMOSA.

একটিয়া রেসিমোসা।

প্রয়োগ রূপ।

১। লিকুইড্ একষ্ট্রাক্ট সেমিসি ফিউগি। মাত্রা। ৩—৩০ মিনিম্।

২। টিংচার অব্ সেমিসি ফিউগি। মাত্রা। ১৫—৬০ মিনিম্।

ক্রিয়া। নার্ভাস্ ও আর্টিরিয়েল সিডেটিব্। ইহার তিক্ত আস্বাদ নিবন্ধন টনক্ অথচ একস্পেক্টোরেণ্ট্ বা কফ নিঃসারক শক্তি বশতঃ বক্ষ-গহ্বরীয় পীড়ায় ব্যবহৃত হইতে পারে। সেমিসি ফিউগা হৃদপিণ্ডের কার্য্য মৃত্ত করে বটে কিন্তু শক্তির আধিক্য জন্মায়। ইহার বিশেষ ক্ষমতা এই যে, নাড়ীর সবলত্ব এবং দ্রুতত্ব সংহার করিয়া মানসিক আড়ষ্টতা বৃদ্ধি করে অথচ উপরোক্ত অবস্থাগুলি কিছুকাল স্থায়ী হয়। অধিক মাত্রায় শিরোঘূর্ণন, চক্ষের কনিনীকা প্রসারিত করিয়া দৃষ্টির ব্যাঘাত উৎপন্ন করে, বমনোদ্রেক ও বমন দ্বারা নাড়ীর গতি খর্ব্ব করিয়া ফেলে। ইহার কার্য্যতা সম্বন্ধে কেহ কেহ একোনাইট্ এবং কল্চিকামের সহিত তুলনা করেন। অপিচ ইউট্রাস্ বা জরায়ু এবং জরায়ুর কার্য্য সম্বন্ধে ইহার বিশেষ ক্ষমতা নির্ণিত হইয়াছে। আর্গটের সহিত ক্রিয়াগত অনেক সৌসাদৃশ্য পরিলক্ষিত হয় কিন্তু আর্গট্ হইতে অনেক মৃত্ত।

আময়িক প্রয়োগ। থাইসিস্, ব্রঙ্কাইটিস্, বৃদ্ধবয়সের কাশ, কেটার এবং সাধারণ শর্দ্দি অবস্থায় যদিচ সম্পূর্ণ আরোগ্য না হউক তথাচ কাশির অবস্থা অনেক সাম্য হয় অথচ পরিপাক কার্য্যের অনেক সাহায্য করে। কেহ কেহ একষ্ট্রাক্ট্ সেমিসি ফিউগা ½ আং

টিং ওপিয়াই ১ ড্রাম্, সিরাপ্ টলু ১১ ড্রাম্ মিশ্রিত করিয়া একড্রাম মাত্রায় প্রত্যেক ৪ ঘণ্টান্তর ব্যবহার করেন।

একিউট্ রিউমেটিজম, ক্রনিক রিউমেটিজম্, রিউমেটয়েড্ আর্থ্রাইটিস্ ইউট্রাস্ বা তাহার ক্রিয়া পরিবর্ত্তন বশতঃ রিউমেটিজম্ উৎপন্ন হইলে ডাং রিংগার আদি চিকিৎসকগণ ইহার প্রশংসা করেন।

লাম্বেগো, সায়েটিকা, মাইয়েলজিয়া, ক্রেম্প স্, প্লুরোডিনিয়া, অথবা ইউট্রাসের পরিবর্ত্তন বশতঃ প্লুরোডিনিয়া উৎপন্ন হইলে ইহা ব্যবহার্য্য। ওভেরিয়ান্ নিউরালজিয়া, সে স্নায়ুর নিউরাল্জিয়া, নার্ভাস্ হেডেক ইত্যাদি নানাবিধ পীড়ায় উপকারী বলিয়া স্বীকৃত হইয়াছে।

এমিনোরিয়া, ডিস মেনোরিয়া, মেন্‌ষ্ট্রুয়েশন বা লোকিয়া বন্ধ হওয়া বশতঃ ডিস্‌মেনোরিয়া উৎপন্ন হইলে সারইন্ ডজিউশন্ অব দি ইউট্রাস্ ইত্যাদি নানাবিধ ইউট্রাইন্ ডিজিজ ব্রোমাইড্ অব্ পটাশিয়ম কিম্বা আর্গট্ সহ মিলাইয়া ব্যবহার করাযায়। অর্গট হইতে ইহার ক্ষমতা অনেক ন্যূন।

স্পার্মেটোরিয়া ও ক্রমেং নক্‌টারনল্ ইমিসন বা রাত্রিকালীন রেতঃস্খলন হইলে ডাং মুর্শেন বলেন ইহার ব্যবহার দ্বারা নার্ভাস শক্তি প্রদান করে এবং জনেন্দ্রিয়ের উত্তেজনা তিরোহিত করিয়া উপকার করে। ডাংবার্থলো বলেন ধ্বজভঙ্গ পীড়ায় সিস্নের দুর্ব্বলতা দূর করিয়া বিস্তর উপকার করে।

গাইলন কিম্বা মেলিগ্‌ণা রোগে ইহার ডিককশন্ দ্বারা কুলি করিলে উপকার হয়। এবং ড্রাইফেরিঞ্জাইটিস্ রোগেও উপকার সম্ভবে।

এটনিক্ ডিস্‌পেপ্‌শিয়া রোগে বিশেষ মদ্যপান জনিত ডিস্‌পেপ্‌শিয়া উৎপন্ন হইলে এবং জরীয় অবস্থায় ডিজিটেলিসের ন্যায় কার্য্য করিয়া উপকার সাধন করে। কোরিয়া রোগেও ইহার ব্যবহার প্রচলিত।

Creasotum, Creasote,

ক্রিয়েজোটাম্। ক্রিয়েজোট্।

মাত্রা। ১—৩ ফোঁটা।

১। ক্রিয়েজোট্ মিক্‌চার্। মাত্রা। ১—২ আং।

২। অয়েন্ট্ মেন্ট্ অব্ ক্রিয়েজোট্।

৩। ইন্‌হেলেশন্ অব্ ক্রিয়েজোট্।

ক্রিয়া। সিডেটিব্, ষ্টিমুলেণ্ট্, ক্যরিমিনেটিভ, এণ্টিসেপ্টিক, এক্স্পেক্টোরেণ্ট্, ষ্টিপটিক্, এণ্টি এমিটিক, বাহ্য প্রয়োগে ইরিটেণ্ট্। ইহা সামান্য মাত্রায় আভ্যন্তরিক প্রয়োগ করিলে প্রথমতঃ পাকাশয়ে একপ্রকার উত্তপ্ত সেনসেশন্ বোধহয়, পরিপাক প্রনালী হইতে বায়ু নির্গত হইতে থাকে এবং উদ্গারের সহিত ক্রিয়োজোটের গন্ধ বহির্গত হয় অথচ ষ্টমাক বা পাকাশয়ে এক প্রকার নির্দিষ্ট অবসাদন উৎপন্ন করে। প্রস্রাবের পরিমান বৃদ্ধি হয় এবং প্রস্রাবে ক্রিয়োজোটের গন্ধ নির্গত হয়। অধিক মাত্রায় উগ্র প্রদাহিক বিষ ক্রিয়া করে সুতরাং ইহাদ্বারা বিষাক্ত হইলে বমন কারক বিধান করিবে, স্নিগ্ধ আনীয় ও অণ্ডলাল সেবন করাইবে, অপরাপর চিকিৎসা প্রয়োজনানুসারে করিবে।

আময়িক প্রয়োগ। গ্যাষ্ট্রিক ইরিটেবিলিটি ও ভমিটিং বা বমন নিবারনার্থ ইহার ক্ষমতা অতিচমৎকার। গ্যাষ্ট্রোডিনিয়া রোগে ও কেহ কেহ ব্যবহার করিতে অনুমতি দেন।

ফেটিড ইরাক্টেশন বা দুর্গন্ধ যুক্ত উদ্গার, ফ্লেটুলেন্স্ অর ডাইসপেপ্সিয়া, ইত্যাদি পীড়ায় ½—১ মিনিম্ বা ১ মিনিম্ মাত্রায় পিল্ আকারে আহারের সময় ব্যবহার করা যায়।

ডায়েরিয়া রোগে কেহ কেহ ইহার প্রশংসা করেণ এবং ক্রিয়োজোট্ ১—৪ মিনিম্, স্পিরিট্ এমোন এরোমেট ১৫ মিনিম, এ্যাকোয়া ১ আং মিশাইয়া ব্যবহার করিবে অথবা অত্যন্ত বেদনা থাকিলে ইহার সহিত টিংচার্ ক্যাম্ফার কম্পৌণ্ড মিশ্রিত করা যায়।

থাইসিস্, ক্রনিক্ ব্রংকাইটিস, যুবক দিগের বিস্তৃত ক্যাপিলারি ব্রংকাইটিস্ রোগে অথবা ডাইলেটেশন্ অব ব্রংকাই ও পালমোনেরি এবসেস হইলে ক্রিয়োজোট্ ফুটিত জলে নিক্ষেপ করতঃ আঘ্রাণ করাইলে বিস্তর উপকার হয়। কেহ কেহ ক্রিয়োজোট্ মিকচার্ সেবন করাইতে ব্যবস্থা দেন।

ক্রনিক ল্যারিঞ্জাইটিস্ রোগে ইহার ষ্টিম্ ইন্হেলেশন্ দ্বারা উপকার হয়, ডাং মেকেঞ্জি প্রশংসা করেন।

ইউট্রাইন্ ক্যান্সার রোগে দুর্গন্ধ নিবারণ জন্য ইহার ১ ড্রাম গ্লিসিরিন ২০ আং মিশাইয়া ব্যবহার করা যায়।

টুথেক্‌ বা দন্ত বেদনা বস্থায় ইহার একবিন্দু কেরিস টুথে প্রয়োগ করিলে কোন কোন সময় তৎক্ষণাৎ যন্ত্রণা উপশম হয়।

প্রুরাইগোসিনাইলিস্‌, লেপ্রা, সোরায়েসিস্‌, ইম্পিটাইগো রিংওয়র্ম্‌, প্রুবাইটাস্‌ পিউডেণ্ডাম্‌ আদি বিবিধ প্রকার চর্ম্মরোগে ইহার মলম দ্বারা উপকার হয়।

স্লাকিং ও ফেজেডেনিক্‌ আল্‌সারে ইহার স্থানিক প্রয়োগ দ্বারা উপকার হয। অপর ইণ্ডোলেণ্ট্‌ আল্‌সারে ক্রিয়েজোট ৬–১২ মিনিম্‌ একোয়া ১ আং মিলাইয়া বাহ্যিক ব্যবহার্য্য।

বেড্‌স্রোর্‌ বা শয্যাক্ষতে ১ ভাগ ক্রিয়েজোট্‌ ৪০ ভাগ জল মিশ্রিত করিয়া বাহ্যিক ব্যবহার করিলে অত্যন্ত উপকার হয়, এমন কি কোন কোন সময প্রিভেন্‌টিব্‌ হইয়া উপকার করে।

সাধারণ আঘাত কি জলৌকা দংশিত স্থান হইতে রক্তস্রাব রোধার্থে একটুকু লিণ্ট্‌ ক্রিয়েজোটে ডুবাইয়া স্থানিক প্রয়োগ করিলে ষ্টিপ্‌টিক্‌ হইয়া উপকার করে। অপর হিমেটিউরিয়া, হিমপ্‌টিসিস্‌ রোগে ও ইহার আভ্যন্তরিক ব্যবহার প্রচলিত কিন্তু উপকার সম্বন্ধে সন্দেহ জনক।

হিকাপ্‌ বা হিক্কা দমনার্থ বিশেষতঃ ষ্টমাকের কোন কারণ বশতঃ উক্ত অবস্থা উৎপন্ন হইলে ক্রিয়েজোট দ্বারা মহান উপকার সাধিত হয়। হিকাপ্‌ দমনার্থ হাইড্রোসিয়ানিক্‌ এসিড্‌ অনেকেই ব্যবহার করেন কিন্তু বিবেচনা করিয়া দেখিলে হাইড্রসিয়ানিক্‌ এসিড্‌ অপেক্ষা ক্রিয়েজোট্‌ নির্দ্দোষী অথচ সুন্দর উপকারী। নিম্ন লিখিতরূপ ব্যবহার্য্য।

R,

Creasote, *M* i

Mucilage of Gum, ʒii

Spt, Chloroform, *M* xv

Aqua add ℥i

One dose to be taken every 4 hours.

টেপ্‌ওয়ার্ম্‌ রোগে ও ইহা দ্বারা উপকার হইতে পারে।

ওয়ার্টস্ ও নিভাস্ রোগে ধ্বংস করনার্থ ইহার স্থানিক প্রয়োগ উপকার জনক। দিবসে ২ বার ব্যবহার করিবে।

Chloroformnm. — Chloroform.

ক্লোরফর্মাম্। — ক্লোরফরম্।

মাত্রা। ৩—১০ মিনিম্।

প্রয়োগরূপ।

১। স্পিরিট্ অব্ ক্লোরোফরম্। মাত্রা ২০—৬০ মিনিম্।

২। লিনিমেণ্ট্ অব্ ক্লোরোফরম্।

৩। কম্পৌণ্ড্ টিংচার্ অব্ ক্লোরোফরম্। মাত্রা ২০—৬০ মিনিম্।

৪। ক্লোরোফরম্ ওয়াটার্। মাত্রা ½—২ আং।

৫। টিংচুরা ক্লোরোফর্মাই এট্ মর্ফাইনি। মাত্রা ৫—১০ মিনিম্।

ক্লোরোডাইন্ প্রস্তুত করিতে ক্লোরোফরম্ প্রধানতম উপাদান বলিয়া এস্থানে তাহার উপাদানগুলি উদ্ধৃত করা গেল।

ক্লোরোফরম্ ৪ আং, রেক্টিফায়েড্ স্পিরিট্ ৪ আং, ট্রিকেল্ ৪ আং; এক্ট্রাক্ট্ লিকরিস্ ২½ আং; মিউরিয়েট্ অব্ মর্ফিয়া ৮ গ্রেণ, অয়েল্ অব্ পিপারমেণ্ট্ ১৬ মিনিম্; সিরাপ্ ১৭½ আং, ডাইলিউটেড্ হাইড্রসিয়ানিক্ এসিড্ ২ আং।

কেহ কেহ বলেন—ক্লোরফরম্ ৬ ড্রাম্; ক্লোরিক্ ইথার ১ ড্রাম্; টিংচার ক্যাপসিকম্ ½ ড্রাম, অয়েল্ অব্ পিপারমেণ্ট্ ২ মিনিম্, মিউরিয়েট্ অব্ মর্ফিয়া ৮ গ্রেণ্, হাইড্রোসিয়ানিক্ এসিড্ ১২ মিনিম্; পারক্লোরিক এসিড্ ২০ গ্রেণ্; টিংচার অব্ ক্যানেবিস্ ইণ্ডিকা ১ ড্রাম; ট্রিকেল্ ১ ড্রাম্। মাত্রা ৫—২০ মিনিম্।

ক্রিয়া। আভ্যন্তরিক প্রয়োগে সিডেটিব্, এণ্টিস্প্যাজ্ মডিক্, এনোডাইন্, এনাস্থেটিক্। শ্বাসদ্বারা গ্রহণ করিলে এনোডাইন্, এণ্টিস্প্যাজ্ মডিক্, এনাস্থেটিক্। সম ঔষধীয় মাত্রায় আভ্যন্তরিক প্রয়োগ করিলে (৩ মিনিম্ হইতে মিনিম্) প্রথমতঃ পাকাশয়ে এক প্রকার উত্তপ্ত সেন্সেশন্ বোধ হয়, এবং যদ্যপি অন্ত্র সম্বন্ধীয় কোন প্রকার আক্ষেপিক অবস্থা বর্ত্তমান থাকে, তবে

উক্ত আক্ষেপ দূরীভূত করিয়া অন্ত্র হইতে সঞ্চিত অপরিষ্কৃত বায়ুগুলিকে বহিৰ্গত করিয়া দেয়। কেহ কেহ অনুমান করিতেন ক্লোরফরম্ আভ্যন্তরিক ব্যবহার করিলে মাদকতা উৎপন্ন করে না, কিন্তু ডাং এনেষ্টি স্বয়ং তদ্বিষয় পরীক্ষা করিয়া সন্দেহ ভঞ্জন করিয়াছেন। এবং তিনি বলেন সামান্য পরিমাণে ক্লোরফরম্ কিছু মিউসিলেজের সহিত একত্রিত করিয়া, সেবন করিলে প্রথমতঃ ইপিগ্যাষ্ট্রিয়মে এক প্রকার উত্তপ্ত সেন্‌সেশন্ বোধহয় এবং তৎপর সমস্ত শরীর যেন হঠাৎ কিরূপ বোধ হইতে থাকে। অতঃপর ৫ মিনিট কাল গত হইলে নাড়ীর গতি প্রত্যেক মিনিটে ১০০ ও হৃদপিণ্ডের শব্দ অসচ্ছন্দ রূপে প্রবল হইয়া উঠে অথচ মানসিক অবস্থা যেন কেমন এক প্রকার গণ্ডগোল বোধহয়। তৎপর আরও ৫ মিনিট কাল গত হইলে বমনোদ্রেক, নাড়ীর গতি মৃদু হয় এবং এই সময় হিতাহিত জ্ঞান বড় থাকে না। এই প্রকার অবস্থার প্রায় ৪০। ৪৫ মিনিট্ কাল বিগত হইলে রোগী পুনরায় জ্ঞানবান হয়, পূর্ব্বকার অবস্থা তত মনে থাকে না। ২ ঘণ্টা কাল পর পুনরায় শারীরিক গ্লানি, শরীর শিহরিয়া উটা, বিবমিষা, মস্তক ও শরীরস্থ বিধানে বিদ্ধনবৎ বেদনা অনুভব হয়। ডাং টেইলার ১ ড্রাম্ ক্লোরফরম্ সেবন দ্বারা একটী বালকের মৃত্যু নিরীক্ষণ করিয়াছেন। এল্‌কোহল সহযোগে ক্লোরফরমের ক্রিয়া নিশ্চয়রূপে দ্রুত প্রকাশিত হয়। আভ্যন্তরিক ব্যবহারার্থে ইহার প্রয়োগ রূপ মধ্যে স্পীট্ ক্লোরফরম্ অত্যন্ত উপকারী ও সর্ব্বদা ব্যবহেয়।

অনেকানেক রোগী ইহার আঘ্রাণ দ্বারা অতিক্রান্ত ও সহযে আসক্ত হয়। অনতি বিলম্বেই অজ্ঞানাবস্থায় পরিণত হয় এবং অজ্ঞানাবস্থায় উত্তেজনার লক্ষণ কিছুই থাকে না। কোন কোন সময় লেরিংস্ ও ফেরিংসে সামান্য পরিমাণে উত্তেজনা প্রকাশ পায়। অধিক মাত্রায় আঘ্রাণ দ্বারা রেস্‌পিরেটরি সেণ্টারে কার্য্যোৎপন্ন করিয়া রেস্‌পিরেটরি মাসল্‌স্ সকলের পেরালিসিস্ দ্বারা মৃত্যু হয়। দ্বিতীয়তঃ কার্ডিয়েক্ সিঙ্কোপ্ দ্বারাও মৃত্যু সংঘটিত হয়। সুতরাং ক্লোরফরম্ ব্যবহার কালে শ্বাস প্রশ্বাসের প্রকৃতি ও নাড়ীর গতির প্রতি সর্ব্বদা দৃষ্টি রাখা কর্ত্তব্য এবং ক্লোরফরম্ ব্যবহারের পূর্ব্বে রোগীর শ্বাস প্রশ্বাসিক যন্ত্রে কি হৃদপিণ্ডের কোন প্রকার পীড়া আছে কিনা তদ্বিষয় বিশেষ রূপে পরীক্ষা করিয়া নেওয়া কর্ত্তব্য। যদ্যপি উক্ত যন্ত্র সম্বন্ধীয় কোন

রূপ পীড়া না থাকে, তাহা হইলে বিপদের আশঙ্কা নাই। অথচ উক্ত যন্ত্র সম্বন্ধীয় কোন পীড়া না থাকিয়াও যদ্যপি রোগী নিতান্ত দুর্ব্বল হয়, তাহা হইলেও ব্যবহার বিষয়ে বিস্তর সতর্কতার দরকার। ক্লোরফরম্ প্রয়োগ কালে, ব্যবহার সম্বন্ধে নিয়মাবলী সর্ব্বদা স্মরণ করা কর্ত্তব্য এবং যদ্যপি শ্বাস রোধের উপক্রম হয়, তৎক্ষণাৎ তৎপ্রতিবিধানে যত্নপর হইবে।

ডাং এ, ক্রম্বি ১৮৮০ খৃঃ অব্দে প্রকাশ করেন যে ক্লোরফরম্ আঘ্রাণ সময়ে সাব্কিউটেনিয়াস্ প্রদেশে লাইকব্ মর্ফিয়া প্রবেশ করাইলে, বমনোদ্রেক কিম্বা বমন অথবা অন্যান্য উপদ্রবের তত আশঙ্কা থাকে না।

ক্লোরফরম শ্বাস দ্বারা গ্রহণ করিলে প্রথমতঃ অত্যন্ত ঝাঁজ বোধ হয়, শ্বাস গ্রহণ করিতে কষ্ট হয়, এবং ক্রমশঃ গ্রহণ করিলেই অবিলম্বে মনোমধ্যে নানাবিধ সুরম্যভাব ও চিন্তার উদয় হয়; মনোরম্য স্বপ্নদর্শনবৎ বোধ হইতে থাকে। এ অবস্থায় মাত্রা বৃদ্ধি করিলে ক্রমে অচৈতন্যাবস্থা উপস্থিত হয়। ডাং স্নো, ক্লোরফরমের কার্য্যসম্বন্ধে ৫ অবস্থায় বিভক্ত করিয়াছেন।

১ম ডিগ্রী। এ অবস্থায় রোগী অতি সামান্য রূপে আসক্ত হয়, সল্প পরিমাণে মাদকতা উৎপন্ন হইয়া মনোমধ্যে বিবিধ সুরম্য ভাব উদয় হয়।

২য় ডিগ্রী। প্রথমাবস্থা হইতে মাত্রাধিক্যে দ্বিতীয় অবস্থায় পরিণত হইয়া অন্তঃকরণে নানাবিধ কাল্পনিক ভাব ও স্বপ্ন উদিত হয় এবং অনতি বিলম্বেই চিত্তবিপ্লব উপস্থিত হয়। স্পর্শ শক্তি প্রায় থাকে না।

৩য় ডিগ্রী। আরও অধিক মাত্রায় প্রয়োগ করিলে ভলাণ্টরি মুভ্মেণ্টস্ বা ঐচ্ছিকপেশী সকলের গতি তিরোহিত হয়, কিন্তু ইন্‌ভলাণ্টরি মাস্কুলার কন্‌ট্রাক্‌শন্ সামান্য পরিমাণে লোপ হয়। স্পর্শ বোধ সম্পূর্ণ রহিত হয়।

৪র্থ ডিগ্রী। এ অবস্থায় ভলাণ্টরি মাসল্স্ সকলের ক্রিয়া সম্পূর্ণ রূপে অন্তমিত হয়, পেশী দিগের সংকোচন ক্ষমতা কিছু মাত্রই থাকে না। শ্বাস প্রশ্বাসের সহিত কখন কখন গলমধ্যে ঘড় ঘড় শব্দ হইতে থাকে। চক্ষের কন্‌জন্‌ক্টাইভার উপর অঙ্গুলি সংস্পর্শ করিলেও পলক পড়েনা। সুতরাং এ অবস্থায় বড় বড় অস্ত্র চিকিৎসাদি অনায়াসে সম্পাদন করা যায়।

৫ম ডিগ্রী। চতুর্থ অবস্থার পর বিশেষ রূপে সতর্ক না হইলে এ অবস্থায় হঠাৎ প্রাণ হানি হইতে পারে সুতরাং অত্যন্ত বিবেচনার সহিত শ্বাস প্রশ্বাস পরীক্ষা করিবে।

উপরোক্ত অবস্থাগুলির প্রতি দৃষ্টি রাখিয়া ক্লোরফরম্ প্রয়োগ করিলে বিপদের আশঙ্কা নিতান্ত কম কিন্তু যদিও সাধারণতঃ প্রত্যেকটী অবস্থার প্রতি স্পষ্ট দৃষ্টি রাখা বড় সহজ নয় তথাচ অমনোযোগী হইয়া ক্লোরফরম্ কখনই ব্যবহার করিবেনা। এ অবস্থায় প্রস্রাব পরীক্ষায় শর্করা পাওয়া যায়।

ক্লোরফরম্ ব্যবহার কালে নিম্নলিখিত কয়েকটী কথা স্মরণ করা বিধেয়।

রোগী অত্যন্ত দুর্ব্বল হইলে ক্লোরফরম্ আঘ্রাণ করার ৩ ঘণ্টা পূর্ব্বে আহার করা কর্ত্তব্য।

২। ক্লোরফরম্ প্রয়োগ করার ২০ মিনিটপূর্ব্বে রোগীকে অল্পপরিমাণ জলের সহিত এক ডোজ ব্রাণ্ডি বিধান করিবে। বালকদের জন্য ১ ড্রাম মাত্রায় এবং যুবক দের জন্য ৩ ড্রাম্ মাত্রায় বিধেয়।

৩। সুবিধা হইলে রোগীর শরীরস্থ বস্ত্রাদি, গলা এবং বক্ষস্থলে কোন আঁটা জিনিস নিবদ্ধ থাকিলে খুলিয়া দিবে। এবং ইপিগ্যাষ্ট্রিয়ম্ প্রদেশ অনাবৃত রাখিয়া সর্ব্বদা রোগীর শ্বাস প্রশ্বাস পরীক্ষা করিবে।

৪। রোগীর বক্ষ, বক্ষের পশ্চাৎ প্রদেশ এবং গলদেশ অনাবৃত রাখিবে। আঘ্রাণ জন্য স্কিনাস্ ইন্ হেলার অথবা এক খানা রুমাল ইন্ হেলারের ন্যায় ভাঁজ করিয়া নেওয়া বিধেয় কিম্বা সাধারণ পরিষ্কার নেকড়া দ্বারাও ইন্‌হেলা-রের কার্য্য সম্পন্ন হইতে পারে। রোগীকে পূর্ণ শ্বাস গ্রহণ করিতে আদেশ করিবে এবং আঘ্রাণ কারী সম্পূর্ণ সতর্ক থাকিবে, যেন হঠাৎ শ্বাস বন্ধ হইয়া না যায়। অপর রোগীর নাড়ীর গতি, শ্বাস প্রশ্বাসের সাধারণ গতি এবং উষ্ঠ গণ্ডদেশ ও চক্ষের বর্ণ পরীক্ষা করিবে। যদ্যপি কোন গণ্ডগোল বোধহয় তবে তৎক্ষণাৎ তৎ প্রতিকারার্থে মনোযোগী হইবে।

৫। কাহারও কৃত্রিম দন্ত দন্তমাড়িতে সংলগ্ন থাকিলে, ক্লোরফরম আঘ্রাণ সময়ে খুলিয়া রাখিবে। উপরোক্ত উপদেশ সকলের প্রতি লক্ষ্য না রাখিলে হঠাৎ মন্দ লক্ষণ উপস্থিত হইতে পারে।

হঠাৎ নাড়ীর লোপ, মুখের বর্ণের ব্যত্যয়, খাবি খাওয়া ধরণের অসম শ্বাস প্রশ্বাস বা গলমধ্যে ঘড় ঘড় শব্দ হইলে অশুভ লক্ষণ গণনা করিবে এবং

অযোগে ক্লোরফরম বন্ধ করিয়া রোগীকে পরিষ্কার বায়ু গ্রহণ করিতে দিবে। মুখবন্ধ থাকিলে লোয়ারজ সম্মুখদিকে ঠেলিয়া মুখব্যাদান করিতে চেষ্টা করিবে অথবা পুরাতন মতানুসারে একখানা ড্রেসিং ফরসেপস্ বা আর্টেরি ফর্সেপ্ দ্বারা জিহ্বা মুখ গহ্বর হইতে বাহির করিয়া শ্বাস গ্রহণ করিতে দিবে কিম্বা রোগীকে বাম পার্শ্বে শয়ান বা অধঃশির্ষ ভাবে শয়ান করাইবে। যখন উপরোক্ত উপায় দ্বারা বিপদের আশঙ্কা দূরীকৃত না হয়, তখন আর্টিফিশিয়েল্ রেস্পিরেশন বা কৃত্রিম শ্বাসক্রিয়া সংস্থাপনার্থ অবিলম্বে যত্ন করিবে।

ক্লোরফরম্ আঘ্রাণ কারী সর্ব্বদা তাঁহার নিকট ব্রাণ্ডি, সামান্য পরিমাণ ন্যাইট্রেট্ অব্ এমাইল্, ২ খানা টাং ফরসেপ্স্, একটী এনিমা সিরিঞ্জ্, এবং একটী বড় ইলাষ্টিক্ ক্যাথিটার রাখিবেন।

ক্লোরফরম্ আঘ্রাণ কালে শতর্কতা এবং নিষেধ।

১। রোগীকে শীঘ্র অজ্ঞান করনাভিপ্রায়ে অত্যন্ত ব্যস্ততার সহিত কখনই ক্লোরফরম্ প্রয়োগ করিবেনা।

২। ক্লোরফরম্ আঘ্রাণ কালে যথেষ্ট পরিমাণ বায়ুর সহিত আঘ্রাণ করাইবে এবং শতকরা ৯৬ ½ অংশ বায়ু থাকা আবশ্যক।

৩। ফুস্ফুস্ ও হৃদপিণ্ডের কোন প্রকার পীড়া বর্ত্তমানে অত্যন্তশতর্কতার দরকার।

৪। নাড়ীর গতি নিতান্ত দুর্ব্বল ও ইণ্টাব মিটেণ্ট্ বা অসম হইলে ব্যবহার কর্ত্তব্য নয়।

৫। নানাবিধ ব্লাড্ পয়জেনিং অবস্থায় বিশেষতঃ ইউরিমিয়া, এক্যিউট এল্কহলিজ্ম্, ডিলিরিয়ম্ ট্রিমেন্স্ পীড়ায় ক্লোরফরম্ অবিধেয়।

৬। আভ্যন্তরিক যন্ত্র সম্বন্ধে কোন প্রকার পীড়া বিধান কর্ত্তব্য নয়।

৭। গর্ভাবস্থায় বা প্রসব সময়ে ব্যবহার করিলে দ্বিতীয় অবস্থা পর্য্যন্ত বিধান করিলেই উদ্দেশ্য সিদ্ধ হইবে।

৮। অন্যকোন মেডিকেল্ম্যেন্ বা চিকিৎসক নিকটে না রাখিয়া একক ক্লোরফরম্ প্রয়োগ করা নিতান্ত অন্যায়।

সাধারণতঃ রোগীর শয়নাবস্থায়ই ক্লোরফরম্ দেওয়া কর্ত্তব্য। আঘ্রাণ

সময়ে রোগীর বমনোদ্রেক হইলে এক পার্শ্বে কাত করিয়া বমিত পদার্থ দূরীভূত করিবে এবং উক্ত সময়ে আর ক্লোরফরম্ আঘ্রাণ করাইবে না।

প্রথমতঃ ২০ মিনিম্ কি ২ কি ১ ড্রাম মাত্রায় ক্লোরফরম্ ঢালিয়া আঘ্রাণ করাইতে থাকিবে। এবং আঘ্রাণ সময়ে সর্ব্ব প্রথম মুখ গহ্বরের নিকট ইন্‌হেলার ধরিয়া তৎপর রোগী ৫। ৭ বার শ্বাসগ্রহণ করিলে ধীরে ধীরে নাশিকার উপরি ভাগে স্থাপন করিবে, কারণ নিতান্ত উগ্র বিধায় রোগী শ্বাস নিতে বিস্তর আতঙ্ক অনুভবকরে অথচ ইন্‌হেলার হস্তদ্বারা ঠেলিয়া ফেলে।

এম্পটি ষ্টমাক্ বা শূন্যোদরে ক্লোরফরম্ আঘ্রাণ করাইবে। আহারের অব্যবহিত পরে ক্লোরফরম্ বিধান করিলে বমনাদি নানাবিধ উপদ্রব উপস্থিত হইয়া রোগী ও চিকিৎসককে বড়ই বিরক্ত করে এবং মারাত্মক লক্ষণাদি উপস্থিত করিতে পারে।

যুবক হইতে বালক দিগের অজ্ঞানাবস্থা অতি সহজে সম্পাদিত হয়। যুবক হইতে বৃদ্ধ দিগের বিপদের সম্ভাবনা অধিক। অনেকানেক সময় বৃদ্ধ দিগের অচেতনা বস্থার পর শিঘ্র চৈতন্য সম্পাদন হয় না। এমতাবস্থায় এমোনিয়া আঘ্রাণ করাইলে সহজে চৈতন্য সাধন হয়। ক্লোরফরম্ ব্যবহারের পর শিঘ্র চৈতন্য সম্পাদন জন্য ব্যস্ত হওয়ার কোন প্রয়োজন প্রায় নাই। মুখ ও চক্ষের উপরে শীতলজল সিঞ্চন করিলেই অবিলম্বে জ্ঞানোদয় হয়।

দুর্ব্বল ব্যক্তি হইতে সবল ব্যক্তিদের অজ্ঞান করিতে একটুকু সময়ের দরকার বিশেষতঃ যে সমস্ত লোক নেশাখোর, তাহাদের স্বভবতঃ একটুকু বিলম্ব হয় সুতরাং শীঘ্র অচেতন না হইলে বিরক্ত হইয়া অত্যধিক প্রয়োগ করিলে হঠাৎ জীবন নাশ হইতে পারে।

ইহা দ্বারা শ্বাসরোধের উপক্রম হইলে, অবিলম্বে ক্লোরফরম স্থগিত করিয়া বদন মণ্ডলে শীতল জল সিঞ্চন করিবে। এমোনিয়া আঘ্রাণ করাইবে, মস্তকে শীতল জলের ধারা দিবে। শ্বাস গতি উত্তেজিত করণ জন্য ইলেক্‌ট্রিসিটি প্রয়োগ করিবে এবং কৃত্রিম শ্বাসক্রিয়া সংস্থাপনার্থ বিস্তর চেষ্টা করিবে।

আময়িক প্রয়োগ। অনেকানেক আক্ষেপিক পীড়ায় বিশেষতঃ লোক্‌-যাঞ্চ্, এজমা, এবং অন্যান্য প্রকার স্নায়বিক পীড়ায় ক্লোরফরম দ্বারা বিস্তর

উপকার হয়। এপিলেপ্সি রোগে পেরাক্সিজম্ সময়ে বা বিরামকালে এবং কোরিয়া রোগে নিদ্রা আনয়ন ও স্নায়বীয় স্থৈর্য্য সম্পাদন করিয়া উপকার করে। হিষ্টিরিয়া রোগে, রোগের ভোগকাল দীর্ঘস্থায়ী এবং একটুকু কঠিন ধরণের হইলে ইহার ইন্হেলেশন্ অপেক্ষা স্পাইনে ক্লোরফরম্ ও এলমণ্ডস্ অয়েল মিশ্রিত মর্দ্দন করিলে অধিক উপকার হয়। হিষ্টিরিকেল্ কন্ভালশন্ অবস্থায় ও ইহার ইন্হেলেশন্ ব্যবহার করা যায়। হিষ্টিরিয়া রোগে ইহার কম্পোণ্ড টিংচার ২০ মিনিম্ স্প্রীট্ এমোন্ ফেটিডাস্ মিশ্রিত করিয়া আভ্যন্তরিক প্রয়োগ করিলে উপকার হয়। পার্শ্ব প্রদেশে, নিউরাল্জিক্ বেদনাবস্থায় ও ইহার বাহ্য প্রয়োগ মন্দ নয়।

পিউয়ারপেরেল্ কন্ভল্শন্ রোগে ডাং প্লেফেয়ার ও অন্যান্য বহুদর্শি চিকিৎসকগণ ইহার ইন্হেলেশন্ বিস্তর উপকারী বলিয়া স্বীকার করিয়াছেন।

টেটেনাস্ রোগে পীড়ার আধিক্য সময়ে স্প্যাজম্ বিনষ্ট করনার্থে ইহার ইন্হেলেশন্ ব্যবহার্য্য। স্প্যাজম্ বিনষ্ট করিয়া উপকার করে।

ইন্ফেন্টাইল্ কন্ভল্শন্ রোগে ডাং সিম্প্শন্ ও ওয়েষ্ট প্রভৃতি চিকিৎসকগণ ইহার প্রশংসা করেন। কিন্তু ব্যবহার কালে বিশেষ শতর্কতার দরকার।

ইন্সেনেটিরোগে ক্লোরফরম্ ইন্হেলেশন্ দ্বারা সময় সময় অত্যন্ত উপকার হয়। কিন্তু তথাচ ইহার উপকারীতা বিষয়ে এখনও সুনিশ্চিত হয় নাই। ব্রেইনের কোন প্রকার অর্গেনিক্ ডিজিজ্ বর্ত্তমান থাকিলে নিবারণ কারী বলিয়া ব্যবহার করা যায়।

ডিলিরিয়ম্ ট্রিমেন্স্ রোগে কেহকেহ ইহার ইন্হেলেশন্ ব্যবহার করিতে আদেশ করেন কিন্তু ইন্হেলেশন্ দ্বারা অনেক সময়ে অশুভ ফল ফলিয়াছে সুতরাং ক্লোরফরম ২০ মিনিম্, কোয়াইনা সাল্ফ্ ২ গ্রেণ, টীং কার্ডেমম কম্প ½ ড্রাম, একোয়া ১০ ড্রাম মিশ্রিত করিয়া আভ্যন্তরিক ব্যবহার্য্য।

টিকডলরু, সায়েটিকা, ও অপরাপর নিউরাল্জিক্ পীড়ায় ইহার লিনিমেন্ট্ ব্যবহার করিলে বিস্তর উপকার হয়। নার্ভাস্ হেডেক্ ও হিষ্টিরিকেল হেডেক্ বা শিরঃপীড়ায় স্প্রীট্ ক্লোরফরমের আভ্যন্তরিক ব্যবহার

দ্বারা প্রতিকার হয়; ইহা ১৫—৩০ মিনিম্ মাত্রায় প্রযোজ্য। দুর্দ্দম্য দন্ত বেদনায় ইহার ২। ১ বিন্দু কণটুকু তুলাতে ভিজাইয়া বেদনাস্থানে স্থাপন করিলে তৎক্ষণাৎ প্রতিকার হয়।

ক্রণিক রিউমেটিজম্, লাম্বেগো, মাইয়েলজিয়া এবং পেইনফুল স্পেজম্ নিবারণার্থ ইহার লিনিমেণ্ট দ্বারা পীড়িত স্থান মর্দ্দন করিলে আরোগ্য হয়। অথবা ক্লোরফরম্ ও বেলাডোনা লিনিমেণ্ট একত্রিত করিয়া মর্দ্দন করিলে বেদনা তিরোহিত হয়।

কফ, থাইসিস্ রোগে শ্বাসকষ্ট থাকিলে, ব্রংকাইটিস্, এবং নিউমোনিয়া রোগে ইহার আভ্যন্তরিক প্রয়োগ দ্বারা সুন্দর উপকার হয়। হাপিংকফ রোগে সামান্য মাত্রায় ইহার ইন্‌হেলেশন্ ব্যবহার করিলে পীড়ার প্রকোপ বিস্তর দমিত হয় এবং বাহ্য প্রয়োগার্থ ইহার লিনিমেণ্ট বক্ষোপরি মর্দ্দন করিবে। ল্যারিঞ্জিস্মাস্ ষ্ট্রিডিউলাস্, ক্রুপ্ ও অপরাপর আক্ষেপিক কফ রোগে ইহার ইন্‌হেলেশন্ প্রয়োগ করা যায়।

এন্‌জাইনা পেক্‌টোরিস্ রোগে ইহার ইন্‌হেলেশন্ দ্বারা বিশেষ বিশেষ লক্ষণ সকল দূরীভূত করা যায়। কিন্তু অত্যধিক মাত্রায় প্রায় ব্যবহৃত হয় না।

অবষ্টিনেট্ ভমিটিং বা কঠিন বমনোৎপাতে সামান্য কয়েক বিন্দু ক্লোরফরম্ আভ্যন্তরিক ব্যবহার দ্বারা অত্যন্ত উপকার হয়। অপিচ ইয়লো ফিবারে লাইকর ক্যাল্‌সিস সহ বিশেষ উপকারক। কলিকা পেক্‌টোনাম্ রোগে কেহ কেহ ইহার প্রশংসা করেন। আভ্যন্তরিক এবং বাহ্যিক এনিমা আকারে মলদ্বারে প্রয়োগ করা যায়। অথবা জল মিশ্রিত করিয়া উদরোপরি মর্দ্দন করা যায়।

গাল্‌ষ্টোন্ ও রিনেল্ ক্যাল্‌কুলি উৎপন্ন হইয়া অত্যন্ত যাতনাপ্রদ হইলে ইহার আভ্যন্তরিক ও ইনহেলেশন্ রূপে বাহ্যিক প্রয়োগ দ্বারা নিঃসংশয় উপকার হয়।

কলেরা রোগে ইহা দ্বারা বিস্তর উপকার হয়। ৫—৮ বিন্দু ক্লোরফরম্ আভ্যন্তরিক প্রয়োগ করিলে বমনোদ্রেক ও বমন এবং আনুসঙ্গিক স্প্যাজম্ তিরোহিত হয়। সহজে বমন দূরীকৃত না হইলে কতটুকু ক্লোরফরম্ একটু

করিয়া লিণ্টে ছিটাইয়া ইপিগ্যাষ্ট্রিয়মে স্থাপন করতঃ গটাপার্চা দ্বারা আবৃত করিয়া রাখিলেই নিশ্চয় বমন নিবারণ হইবার সম্ভাবনা। স্প্যাজম্ অত্যধিক থাকিলে লিনিমেণ্ট ক্লোরফরমের সহিত টার্পেন্‌টাইন্ মিশাইয়া মর্দ্দন ব্যবস্থা করিবে। অপর কলেরিক ডায়েরিয়া রোগে ইহার সহিত টিংওপিয়াই মিশ্রিত করিয়া ব্যবহার করা যায়।

ইউট্রাস্ ও ওভেরির ইন্‌ফ্লামেশন্ সহিত বেদনা বস্থায় ইহার বাহ্য প্রয়োগ উপকার জনক। অপর ডিস্ মেনোরিয়া রোগে অত্যন্ত বেদনা থাকিলে ইন্‌হেলেশন্ রূপে ও ব্যবহার্য্য। ইউট্রাসের ইন্‌ভার্শন্ অবস্থায় ক্লোরফরম্ দ্বারা বিচেতন করিয়া যথা স্থানে স্থাপন করা যায়।

প্রুরাইগো, একজিমা, প্রুরাইটিস্ এনাই, প্রুরাইটিস্ পিউডেণ্ডাম্ ইত্যাদি নানাবিধ অবস্থায় অপরাপর ঔষধ ব্যর্থ হইলে ডাং নেলিগেন্ ক্লোরফরম্ ২ ড্রাম কোল্ড্ ক্রিম্ ১ আং মিশাইয়া ব্যবহার করিতে আদেশ করেন।

রেক্টমের ইরিটেবল্ আল্‌সারে ক্লোরফরম্ ১ ড্রাম, অক্সাইড্ অব্ জিঙ্ক্ ২ ড্রাম্, ওলিভ্ অয়েল্ ১ ড্রাম্, গিরি সিটেসিয়াই ৪ ড্রাম্ মিলাইয়া ব্যবহার্য্য।

ইণ্টার মিটেণ্ট্ ফিবারে ইহার ইন্ হেলেশন্ আমেরিকাতে ব্যবহৃত হয়। হাইড্রোফোবিয়া নিবারণার্থ ইহার কয়েক বিন্দু চইতে ভেপার গ্রহণ করিলে সুন্দর উপকার হয়।

ষ্ট্রাঙ্গুলেটেড্ হার্নিয়া, নানাবিধ ডিস্‌লোকেশন, ইউরিথ্রার স্প্যাজ্‌মডিক্ ওইরিটেবল্ ষ্ট্রিকচারে, এবং ইউরিথ্রার স্প্যাজ্‌মডিক্ ষ্ট্রিক্চারের জন্য রিটেন্শন্ অব্ ইউরিণ্ হইলে ক্লোরফরম্ দ্বারা মহান উপকার দর্শে। স্প্যাজম্ নিবারণ করিয়া উপকার করে।

ডাং হিল্, কুপার আদি চিকিৎসকগণ পেরাফাইমোসিস্ রোগে ক্লোরফরম্ দ্বারা বিচেতন করিয়া উপকার স্বীকার করিয়াছেন।

ষ্ট্রিক্নিয়া বিষ দ্বারা বিষাক্ত হইলে ক্লোরফরম্ ব্যবহার করিলে নিতান্ত উপকার হয়।

Tabaci Folia, Leaf Tobacco,

টেবেসাই ফোলিয়া। লীফ্ টুবেকো।

নাইকোটিনা ট্যাবেকাম্।

তাম্রকুট বা তামাক।

ক্রিয়া। সিডেটিব্, এণ্টি স্প্যাজ্মডিক্, পার্গেটিব্, এমেটিক্, ডাইউরেটিক্, সায়েলোগগ্, এর্হিন্ এবং লোকেল্ ইরিটেটিব্।

অল্পমাত্রায় আভ্যন্তরিক ব্যবহার করিলে বমনোদ্রেক, বমন, শিরোঘূর্ণন, আদি উপস্থিত হইয়া শরীর নিতান্ত নিস্তেজিত হইয়া পড়ে। অধিক মাত্রায় উক্ত লক্ষণ সকল বৃদ্ধি পাইয়া রোগী নিতান্ত অস্থির হইয়া উঠে, নাড়ীর গতি ক্ষীণ, দুর্ব্বল ও বিকম্পিত হয়, শরীর হইতে শীতল ঘর্ম্ম বহির্গত হইতে থাকে, দৃষ্টির ব্যাঘাত উৎপন্ন হয় এবং ফেইণ্ট্ হইবার উপক্রম হয়। নাইকটিন্ ও নাইকোটিয়েনিন, নামক একটী পদার্থের উপর ইহার শক্তি নির্ভর করে। কোন কোন রোগীতে ইহা দ্বারা আক্ষেপ, অচৈতন্য, পক্ষাঘাত এবং মৃত্যু ও হয়। ইহার পত্র বাহ্যিক ব্যবহার করিলে ও বমনোদ্রেক ও বমনাদি উপদ্রব উপস্থিত হয়। কিন্তু সল্পমাত্রায় ইহার পত্র জলে ভিজাইয়া উক্তজল ছাঁকিয়া উহার ২। ৪ বিন্দু গ্রহণ করতঃ ২ কাচ্চা জলে মিশ্রিত করতঃ ব্যবহার করিলে ইহা দ্বারা বমন নিবারণ হয়। ইহার ব্যবহারে কনিনীকা প্রসারিত হয়। কার্য্যতা সম্বন্ধে ডিজিটেলিসের সহিত কতক সম্পর্ক আছে। ইহার বীর্য্য নাইকোটিনাটী হাইড্রু সিয়ানিক্ এসিডের ন্যায় প্রখর বিষ।

দেশীয় বহুল ব্যক্তি হুঁকা দ্বারা ইহার পত্রের ধূমপান করিয়া থাকেন। প্রথমতঃ ব্যবহার আরম্ভ করার সময় তাহাদের ও কষ্ঠ স্বীকার করিতে হয়। অনেকানেক স্ত্রীলোক ইহার পত্রগুলি মোসলা সহ তাম্বুলের সহিত ভক্ষণ করেন কিন্তু তাহা নিতান্ত অন্যায়। নস্য রূপে ব্যবহার করিলেও সামান্য পরিমাণে হানি উৎপন্ন করে।

আময়িক প্রয়োগ। এজমা. হে এজ্মা রোগে ইহার ধূম ব্যবহার করিলে কোন কোন সময় বিশেষ উপকার সম্ভাবনা।

টেটেনাস্ রোগে ইহার এনিমা মলদ্বারে প্রয়োগ করিলে উপকার হয়। তাম্রকুটের পত্র ২০ গ্রেণ, উত্তপ্ত জল ৮ আং ভিজাইয়া নিবে।

ট্রিকনিয়া বিষ দ্বারা বিষাক্ত হইলে স্প্যাজম্ বিনষ্ট করণার্থ ইহা ব্যবহার করাযায়। কখন কখন ইহার বীর্য্যটী এইপোডার্মিকেলি ও ব্যবহার্য্য।

রিউমেটিক্ গাউট্, স্প্রেইন্, পেইনফুল্ নোডস্, ইত্যাদি নানাবিধ রোগের বেদনাবস্থায় ইহার পত্র যথাস্থানে স্থাপন করিয়া, গটাপার্চা দ্বারা আবৃত করিলে নিশ্চয় উপকার হয়। আমাদের দেশীয় অনেকানেক ব্যক্তি অকাইটিস্ রোগে ইহার পত্র বান্ধিয়া বমনোদ্রেক ও বমনাদি উপদ্রব ভোগ করে বটে কিন্তু রোগের অত্যন্ত উপকার হয়।

কোন স্থান হইতে রক্তপাত হইলে বিশেষতঃ জলোকাদংশিত স্থান হইতে রক্তপাত হইলে পত্র স্থানিক ব্যবহার্য্য।

ড্রপ্সিক্যাল্ এফেক্শন্, কলিকা প্যাক্‌টোনাম্, ডিসেণ্টি, পেরিটো-নাইটিস্, হার্পিস্, টিনিয়া ক্যাপিটাস ইত্যাদি নানাবিধ অবস্থায় ব্যবহৃত হইতে পারে। ইহার পত্রের ফোমেণ্টেশন্ মন্দ নয় কিন্তু ইহা হইতে উপ-কারী অনেক আছে।

Aconiti Radix Et Folia, Aconite Leaves and Root,

একোনিটাই রেডিকস্ এট্ ফোলিয়া। একোনাইট্ লিব্‌স্ এণ্ড রুট্।

প্রয়োগ রূপ ৩টী।

১। গ্রীণ একষ্ট্রাক্ট্ অব্ একোনাইট্। মাত্রা ১/৪—১ গ্রেণ্।

২। লিনিমেন্ট্ অব্ একোনাইট্।

৩। টিংচার অব্ একোনাইট্। মাত্রা ৫—১৫ মিনিম্।

ক্রিয়া। নার্ভাস্ সিডেটিব্, আর্টিরিয়েল্ সিডেটিব্, ডায়েফরেটিক্, এনো-ডাইন্, ও ডাইউরেটিক্। বাহ্য প্রয়োগে এনোডাইন, ইরিটেণ্ট্, ও এনাস্থে-টিক্। একোনাইশিয়া নামক একটী বীর্য্যের উপর ইহার কার্য্যের প্রথরতা নির্ভর করে। একোনাইশিয়া বীর্য্যটী আভ্যন্তরিক ব্যবহৃত হয় না কিন্তু বাহ্য প্রয়োগার্থ ইহার মলম অত্যন্ত বেদনানিবারক।

একোনাইট্ সম্ম ঔষধির মাত্রায় ব্যবহার করিলে প্রথমতঃ রক্তবাহের গতি মান্দ্য হয়, উর্দ্ধাধিশাখা চতুষ্টয়ে পৈশিক দুর্ব্বলতা এবং সামান্য পরিমাণে ঝিন্‌ঝিন্ বোধ হয়। আরও মাত্রা বৃদ্ধি করিলে লক্ষণ সকল প্রবলতা ধারণ

করে, অথচ মাস্‌কুলার উকিক্‌নেস্ বা পৈশিক দুর্ব্বলতা অত্যন্ত বৃদ্ধি হইয়া পড়ে। ওষ্ঠাধর হইতে সমস্ত শরীর পর্য্যন্ত ঝিন্‌ঝিন্ পরিব্যপ্ত হয়। নাড়ীর গতি সূত্রবৎ এবং হ্রাস হইতে থাকে; এমন কি প্রত্যেক মিনিটে ৩০ ৪০ বার নাড়ী বহন করে। শ্বাস প্রশ্বাস খর্ব্ব হয়, দৃষ্টির ব্যাঘাত জন্মে। এই প্রকারে ৩। ৪ ঘণ্টাকাল বিগত হইলে উপরোক্ত বিষ লক্ষণ সকল ক্রমে তিরোধান হইতে আরম্ভ হয়। বিষাক্ত মাত্রায় ব্যবহৃত হইলে, প্রথমতঃ মুখগহ্বর গল-দেশ এবং উর্দ্ধাধশাখা জলনবৎ এবং তৎপর ঝিন্‌ঝিন করিতে থাকে, অনতি-বিলম্বেই উক্ত প্রকার অবস্থাগুলি সমস্ত শরীরে বিস্তৃত হয়। নাড়ীর গতি মন্দ নয়, এবং অতি সত্বরে উইক্, ইণ্টারমিটেণ্ট্, ইরেগুলার হইয়া পড়ে, অতঃপর অনমুভবনীয় হইয়া দাড়ায়। পৈশিক শক্তি তিরোহিত হইতে আরম্ভ হয়, সময় সময় এককালে বিলুপ্ত হয়। রেসপিরেশন্ অগভীর, মৃদু, অসম, অথচ ক্রত হইয়া উঠে। সার্ব্বাঙ্গিক স্পর্শশক্তি বিদুরিত হইতে হইতে এক-কালীন এনাস্থিশিয়া উপস্থিত হইয়া পড়ে। চর্ম্ম প্রদেশ শীতল ঘর্ম্ম দ্বারা আবৃত হয়। চক্ষুদ্বয় সম্মুখদিকে বহির্গত হইয়া পড়ে। বাকশক্তি রহিত হয়। কনিনীকা সাধারণতঃ প্রসারিত থাকে, কিন্তু কন্‌ভাল্‌শন্ না থাকিলে আকু-ঞ্চিত থাকে, পাকাশয়ে কখন কখন জ্বালা প্রকাশ করে, অবশেষে অনিবার্য্য বমন উৎপন্ন হইতে পারে এবং মৃত্যুর প্রায় পূর্ব্ব সময় পর্য্যন্তও জ্ঞানের জড়তা প্রায় পরিলক্ষিত হয় না। দৃষ্টির ব্যাঘাত যথোপযুক্ত থাকে। বাক্যের জড়তা প্রায় স্বাভাবিক। মৃত্যু হঠাৎ উৎপন্ন হয়। প্রায়শঃ হৃদপিণ্ডের ক্রিয়া লোপ বশতঃ মৃত্যু হয়। ইহার উত্তাপ লাঘব করার শক্তি বিখ্যাত। নিউমোগ্যা-ষ্ট্রীক নার্ভ ব্যতীত সিম্পেথেটিক নার্ভের উপর বিশেষ কোন ক্ষমতা নাই।

চিকিৎসা। বমনকারক দ্বারা বমন করাইবে। উত্তেজনার্থ ব্রাণ্ডি, এমোনিয়া বিধান করিবে। ষ্টমাক্ পম্প্ দ্বারা বমন করা কর্ত্তব্য হইলে তাহাও ব্যবহার করিবে। বিষনাশার্থ এনিমেল্ চার্কল্ ব্যবহার করিবে।

নিষেধ। ১। জীবনী শক্তির দৌর্ব্বল্যাবস্থায়। ২। মাস্‌কুলার সিষ্টেমের অব-সন্নতায় অথবা দৌর্ব্বল্যাবস্থায় কিম্বা এনিমিয়া ও ক্লোরোসিসের জন্য শিরঃপীড়া থাকিলে। ৩। ফুস্‌ফুস্ ও হৃদ্‌পিণ্ডের কার্য্যতা সম্বন্ধে রক্তসঞ্চালনের কোন ব্যাঘাত থাকিলে। ৪। অত্যন্ত রক্তস্রাবের পর রক্তপ্রবাহের উত্তেজনাবস্থায়।

আমস্থিক প্রয়োগ। প্রবল প্রদাহ এবং জ্বরীয় অবস্থায় হৃদপিণ্ডের ক্রিয়া প্রবল ও রক্ত প্রবাহের গতি ও টেম্পারেচার অধিক থাকিলে একোনাইট্ দ্বারা মহান উপকার দর্শে। ডাং জেমস্, ডাং রিংগার আদি নানাবিধ ডাক্তার দের মতানুসারে ইহার টিংচার ½ মিনিম হইতে ১ মিনিম্ বা ¼—১ মিনিম্ অল্প জলের সহিত বার বার ব্যবহার করা যায় বলিয়া স্বীকৃত হইয়াছে। অপর ডাং আর্, এইচ্, বেক্ওয়েল্ প্রায় ২০ বৎসর পর্য্যন্ত ৩—৫ মিনিম্ মাত্রায় ইহার টিংচার ব্যবহার করিয়া প্রায় কখনই অসিদ্ধকাম হন নাই। ডাং মিলার ফদার্গিল বলেন, ইনফ্লামেশনের প্রথমাবস্থায়, নানাবিধ জ্বরে উত্তাপ হ্রাস করণ জন্য ইহার ক্ষমতা প্রসিদ্ধ। ডাং বেল্ফোর্ড্ ইণ্ডিয়ার রেমিটেণ্ট্ ফিবারে কুইনাইন্ ফেইল্ হইলে এক মিনিম মাত্রায় প্রত্যেক ঘণ্টান্তর প্রয়োগ করিয়া সন্তোষ লাভ করিয়াছেন। ইহার ব্যবহারে শিঘ্র উত্তাপ খর্ব্ব হয়, নাড়ীর গতি সুস্থ হয়, জিহ্বা পরিষ্কার হয়, পরিপাক যন্ত্রের ক্রিয়া সুস্থ হয়, নিদ্রা আনয়ন করে, প্রস্রাবের পরিমান আধিক্য হয়, এবং ঘর্ম্ম বৃদ্ধি করিয়া রোগের প্রতিকার করিতে থাকে।

নিওমোনিয়া রোগে ডাং ডেবিস্ ৭টী রোগীর বিষয় বর্ণন করিয়াছেন। প্রত্যেকটী রোগী অতি সামান্য মাত্রায় টিংচার একোনাইট্ ব্যবহার করিয়া ২৪ ঘণ্টায় রোগের ভয়ানক আক্রমণ হইতে মুক্তি লাভ করিয়াছিল। প্রথম একটী রোগীকে ২ মিনিম মাত্রায় প্রত্যেক ½ ঘণ্টান্তর, ঘণ্টাকাল ব্যবহার করিয়া তৎপর ১ মিনিম্ মাত্রায় ৪ ঘণ্টান্তর প্রয়োগ করিয়া ছিলেন। অপর ১টী ১ মিনিম্ ডোজ ½ ঘণ্টান্তর প্রথম ৪ ঘণ্টাকাল প্রয়োগ করিয়া তৎপর ½ মিনিম্ মাত্রায় ৪ ঘণ্টান্তর প্রয়োগ করিয়া প্রায় ২৪ ঘণ্টার মধ্যেই প্রত্যেক রোগীকে রক্ষা করিয়া ছিলেন। একথা স্মরণ রাখা কর্ত্তব্য যে প্রত্যেক রোগীতেই ঠিক একপ্রকারের উপকার কখনই আশা করা যাইতে পারে না। এইরূপে পিউয়ার্ পারেল ফিবার, টন্সিলাইটিস্, একিউট্ সোর্ থোট্, একিউট্ ক্যাটার্ অব্ চিল্ড্রেনাদির নানাবিধ অবস্থার বিবেচনা পূর্ব্বক ব্যবহার করিলে বিস্তর উপকার হয়।

একিউট্ রিউমেটিজম্ রোগে পূর্ব্বে ইহার বেশ প্রশংসা ছিল, কিন্তু সে-লিসাইন্ আবিষ্কৃত হইয়াছে পর হইতে ইহার ব্যবহার ক্রমিক অবহার বার-

হার্য্য। আভ্যন্তরিক এবং ইহার লিনিমেণ্ট্ বাহ্যিক প্রয়োগ করিবে। লাম্বেগো রিউমেটিক গাউট, রিউমেটিক্ হেডেক্ আদি নানাবিধ অবস্থায় প্রয়োজ্য।

নানাবিধ নিউর্যাল্জিয়া টিক্ডলরু, সায়েটিকা, টুথেক্ ইত্যাদি অবস্থায় বাহ্যিক এবং আভ্যন্তরিক নানাবিধ উপায়ে প্রয়োগ করা যায়। ডাং ফৌসার বলেন নিউরাল্জিয়া রোগে কুইনাইন সহ ব্যবহার করিলে ইহার গুণ সংশোধিত ও পরিবর্দ্ধিত হয়। বাহ্য প্রয়োগার্থ লিনিমেণ্ট্ মন্দ নয়।

টিটেনাস্ রোগে মিঃ ডি, মর্গেন, ডাং, স্মিথ্, ও অপরাপর ডাক্তারগণ ইহার প্রশংসা করেন। কেহ কেহ অধিক মাত্রায় বারম্বার প্রয়োগ করিয়া উপকার লাভ করিয়াছেন।

হৃদপিণ্ডীয় পীড়ায় একোনাইট্, ভাস্কুলার এক্সাইট্মেণ্ট্, ও ইরিটিবিলিটি খর্ব্ব করিয়া উপকার করে। নার্ভাস্ পাল্পিটেশন্, পেরিকার্ডাইটিস্ রোগে প্রয়োগ করা মন্দ নয়। কিন্তু অর্গ্যানিক্ ডিজিজে অব্যবস্থেয়।

এরিসিপেলাস্ রোগে ইন্ফ্লামেশনের প্রাথমিক অবস্থায় উপকারী। অপর পেইন্ ফুল্ স্প্রেইন্, ব্রুজেস্, সিভিয়ার ইণ্টার কষ্টেল্ পেইন্, হার্পিজ জোষ্টার হইলে বেদনা নিবারণ করিয়া উপকার করে।

এমিনোরিয়া, সাডেন্ সাপ্রেশন্ অব্ মেন্সিস্, একিউট্ গনরিয়া, কর্ডি, ইউট্রাইন্ পাইন্ ইত্যাদি নানাবিধ অবস্থায় বাহ্যিক লিনিমেণ্ট্ আকারে এবং আভ্যন্তরিক এক্ষ্ট্রাক্ট্ ও টিংচার আকারে প্রয়োজ্য।

MENTHOL.

মেন্থল্।

মাত্রা ই—২ গ্রেণ।

ক্রিয়া। ইহা জল সহযোগে অল্প পরিমাণ দ্রব হয় কিন্তু রেক্টিফায়েড্ স্পিরিট্ ইথার্, এবং ক্লোরফরমে অধিক দ্রব হয়। স্থায়ী ও বায়ি তৈলে মেন্থল্ দ্রব হয়। ইহা পিপারমেণ্টের গন্ধযুক্ত। চর্ম্মে প্রয়োগ করিলে এক-প্রকার অব্যক্ত সেন্সেশন্ বোধ হয়, আভ্যন্তরিক প্রয়োগে ষ্টিমুলেণ্ট্। ইহার এণ্টিসেপ্টিক্ ক্ষমতা বেশ আছে। বেদনা নিবারণার্থ নিউর্যাল্জিয়া রোগেই অধিক ব্যবহার্য্য।

আময়িক প্রয়োগ। নানাবিধ নিউরেল্জিয়া বিশেষতঃ সায়েটিকা, লম্বেগো টুথেক্, কেশিয়েল্ নিউরেল্জিয়া রোগে ২ ভাগ মেন্থলে ৬০ ভাগ রেক্টিফা-য়েড্ স্পিরিট্ মিলাইয়া মালিস করিলে অতি চমৎকার উপকার করে।

মস্তকের দক্র রোগে মেন্থাল্ ১ ড্রাম্, ক্লোরফরম্ ২ ড্রাম্, অয়েল্ ২ ড্রাম্ মিলাইয়া ব্যবহার্য্য। গাউট্ রোগে বাহ্যিক ব্যবহার্য্য।

" এডিনবর্গ নগরে, এণ্টিসেপ্টিক্ প্রণালী অনুসারে ইহার ব্যবহার প্রচলিত। ইহা প্রায় থাইমলের ন্যায় কার্য্য করে। অনেকে বলেন ইহা দ্বারা প্রচুররূপে বেক্টিরিয়া বিনাশ হয়।

ফ্রণ্টেল্ হেডেক্ বা সম্মুখ কপালীশিরঃ পীড়ায় মেন্থল্ ১ড্রাম্, এল্কো-হল ১ আং, অয়েল্ কেরিও ফাইলম্ ও সিনেমন্ অয়েল প্রত্যেকে ২০ মিনিম্ একত্র করতঃ বেদনাস্থানে প্রয়োগ করিয়া হস্তের বৃদ্ধাঙ্গুলি দ্বারা চাপিয়া ধরিলেই তৎক্ষণাৎ বেদনা নিবারণ হইবার সম্ভাবনা।

ক্রনিক্ রিউমেটিজম্, এবং নার্ভের ইরিটেশনে ইহার বাহ্যিক প্রয়োগ উপকারী। নার্ভের ইরিটেশনে ক্যাম্ফারের সহিত মন্দ নয়।

Erythroxylon Coca, Coca,

এরিথ্রক্সিলন্ কোকা। কোকা।

মাত্রা ৩০—১২০ গ্রেণ্।

প্রয়োগ রূপ ২টী।

১। লিকুইড্ এক্স্ট্রাক্ট্ অব্ কোকা। মাত্রা। ½—২ ড্রাম্।

১। হাইড্রক্লোরেট্ অব্ কোকিন্। মাত্রা। ½—১ গ্রেণ্।

ক্রিয়া। অবসাদক, মাদক ও প্রবল স্থানিক স্পর্শহারক। ইহা জলে সুন্দর দ্রব হয় (১অংশে ১০৪) এবং এল্কোহলে, ক্লোরফরম্, ইথার, অয়েল্ অব্ ক্লবস্, ভেসিলিন্ এবং ক্যাষ্টর্ অয়েলে দ্রবনীয়। (১ মধ্যে ২০)। ইহার স্থানিক স্পর্শহারক শক্তি এত প্রবল যে ১ অংশে ৫ অংশ জলে বা ১ অংশে ২০ অংশ জলে মিশ্রিত করিয়া মিউকাস প্রদেশে বা চর্ম্মপ্রদেশে প্রয়োগ করিলে সম্পূর্ণ স্পর্শ বিলুপ্ত হয়। কোন কোন সময় ইহার সল্যুশন্ পিচকারী দ্বারা চর্ম্ম নিম্নে প্রবেশ করা যায়। কোকিন্ ও হাইগ্রীন্ নামক ২টী বীর্য্য ইহাতে

আছে। স্মরণ রাখা কর্ত্তব্য যে ইহার সলুাশন্ মিউকাস্ প্রদেশের ইপিথি-লিয়ম্ সারফেইসে অধিক কার্য্য করে। জিহ্বায় প্রয়োগ করিলে জিহ্বার আস্বাদ বিলুপ্ত হয়, এমন কি সাধারণ অস্ত্রোপচারেও কষ্টানুভব হয় না। অল্পমাত্রায় পার্শিয়েল্ এনাস্থিনিয়ার সহিত সেরিব্রাল্ এক্সাইট্ মেণ্ট্ হয়; বিষাক্তমাত্রায় সম্পূর্ণ স্পর্শ লোপ, টেটেনিক্ কন্ভাল্শন্ এবং অবশেষে মৃত্যু। স্পাইনেল্ কর্ডের পোষ্টিরিয়ার কলমের সেন্সরি নার্ভের পেরালিসিস উৎপন্ন হয় কিন্তু মোটার ট্রাক্টের কোন পরিবর্ত্তন হয় না। প্রথমাবস্থায় রেস্পিরেশন্ মৃদু, অবশেষে সম্পূর্ণ স্থগিত হয়। হৃদপিণ্ডের আকুঞ্চন তেজস্বি ও দ্রুত হয়। মিউকাস্ প্রদেশের সিক্রিশন্ বৃদ্ধি হয়।

পরীক্ষা দ্বারা স্থিরীকৃত হইয়াছে যে কোকিন্ চক্ষে প্রয়োগ করিলে ১৫ মিনিটের মধ্যেই কন্জন্টাইভা বা চক্ষের মিউকাস মেম্ব্রেন্ এবং কর্ণিয়া বা মিউকাস্ মেম্ব্রেনের নিম্নস্থিত পর্দ্দার স্পর্শ বাহৃত হয়। উক্ত স্পর্শ বিলুপ্ততা আইলিডের ফ্রি মার্জিন পর্য্যন্ত পরিব্যাপ্ত থাকে কিন্তু আইবলের সেন্সেশ-নের বিশেষ কোন পরিবর্ত্তন লক্ষিত হয় না, সামান্য পরিমাণে জল নিপতিত হয়।

আময়িক প্রয়োগ। চক্ষের নানাবিধ মাইনার্ অপারেশন্ বা সাধারণ অ-স্ত্রোপচারে, যন্ত্রনা নিবারণ জন্য কোকিন্ সলুাশন্ স্থানিক ব্যবহৃত হয়। কোন কোন সময় রোগী সামান্য পরিমাণে টেরপায় অথবা কথনও কিছুই টের পায় না। মিঃ বেণ্ডার ক্যাটারেক্ট্ (আইরিডেক্টমি করিয়া) অপারেশনে কোকিন্ ব্যবহার করিয়া অত্যন্ত প্রশংসা করেন। মিঃ জোসেপ্, মিঃ এণ্ডা-রশন্, মিঃ জুলার আদি চিকিৎসকগণ এ রোগে কোকেইন্কে শ্রেষ্ঠ মনে করেন্।

লেরিংসের পীড়া এবং লেরিংসের অপারেশনে ব্যবহার করিয়া বিস্তর উপকার প্রাপ্ত হওয়া যায়।

আমেরিকা প্রভৃতি স্থানে ডাঃ বোসোয়র্থ্ এবং ডাঃ সিম্যান্ প্রভৃতি চি-কিৎসকগণ ন্যাশিকাস্থ পীড়ায় স্পর্শ লোপ করণার্থ ইহার ২ পার্সেণ্ট্ সলুাশন্ প্রয়োগ করিয়াছেন।

ইউট্রাস্ বা জরায়ুর নানাবিধ অস্ত্রচিকিৎসায় ডাঃ স্মিথ্ ইহার সলিউশন্

ব্যবহার করিয়া অত্যন্ত সন্তোষ প্রকাশ করেন এবং তিনি বলেন ইহা ক্রমে ৩। ৪ বার প্রয়োগ করিলেই সম্পূর্ণ এনাস্থিশিয়া প্রকাশিত হইবে।

ডেণ্টেল্ সার্জেরি বা দন্তের অস্ত্র চিকিৎসায় হাইড্রোক্লোরেট্ অব কোকিন্ সলুশন্ দ্বারা যথেষ্ট উপকার হয়। ২০ পার্সেণ্ট্ সলুশন্ প্রয়োগ করিলেই সুন্দর উপকার হইবার সম্ভাবনা। ইহার ব্যবহার করিয়া দন্তোৎপাটন করিলেও কোন কষ্টের কারণ নাই। কিন্তু স্মরণ রাখা কর্ত্তব্য যে, সলুশন্ দন্তে ব্যবহার করিয়া দন্তমাড়ি গুলি শুষ্ক করিয়া প্রয়োগ করিবে। যদ্যপি ইহাতে বেদনা তিরোহিত না হয়, তাহা হইলে ৪ পার্সেণ্ট্ সলুশন্ হাইপোডার্ম্মিক্ সিরিঞ্জ্ দ্বারা নিকটস্থ অপরগ্রামে প্রবেশ করাইলেও যন্ত্রনার সম্পূর্ণ হ্রাস হইবে। কেহ কেহ ওলিয়েট্ অব্ কোকেন্ ৪ বা ৫ পার্সেণ্ট্ সলুশন্ প্রয়োগ করিয়া আজকাল অপরাপর হইতে আরও অধিক উপকার স্বীকার করেন।

ইউরিথ্রা বা মূত্রনালীর পীড়ায় বিশেষতঃ ষ্ট্রিক্চার্ রোগে কোকিন সলুশন্ পিচকারি দ্বারা প্রয়োগ করিয়া ক্যাথিটার্ কি মিটালিক্ সাউণ্ড্ ব্যবহার করিলে রোগী কিছুই টের পায় না অথচ ইচ্ছানুসারে কর্য্যোদ্ধার হয়। অনেকানেক সময় ইহার ব্যবহারে ষ্টোন্ অপারেশনাদি ও বিনা আয়াসে সুসম্পন্ন করা হইয়াছে।

কোন এব্‌সেস্ বা Abscess ফোড়ার উপরিভাগে কোকিন্ সলুশন্ প্রয়োগ করিয়া অস্ত্রোপচার করিলে রোগীর পক্ষে অনেক সুবিধার কারণ।

আভ্যন্তরিক ব্যবহারার্থে ইহাও ঠিক ক্যাফিনের ন্যায় ব্যবহৃত হয় কিন্তু ইংলণ্ডে বিশেষ সমাদৃত হয়। কেহ কেহ আভ্যন্তরিক প্রয়োগার্থে মর্ফিয়ার অনুরূপ বিবেচনা করেন।

মেলাঙ্কোলিয়া, ইন্সম্নিয়া, এটনিক্ ষ্টমাক্ এফেক্শন্ বা পাকাশয়ের দুর্ব্বলাবস্থায় পীল্ আকারে আভ্যন্তরিক ব্যবহৃত হয়। ইহার মাদকতাশক্তি কেনেবিস্ ইণ্ডিকার ন্যায় সুতরাং নিদ্রাকরণার্থ প্রচুর ক্ষমতা আছে।

সায়েটিকা, লাম্বেগো, ও অপরাপর নিউরাল্জিক্ বেদনাবস্থায় ইহার ইঞ্জেক্শন্ দ্বারা তৎক্ষণাৎ যন্ত্রণা নিবারিত হয়।

Chloral Hydras. Hydrate of Chloral.

ক্লোরাল্ হাইড্রাস্। হাইড্রেট্ অব্ ক্লোরাল্।

মাত্রা। ৫—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ।

১। সিরাপ্ অব্ ক্লোরাল্। মাত্রা। ½—২ ড্রাম।

ক্রিয়া। সিডেটিব্, হিপ্নোটিক্, এনাস্থেটিক্, এনোডাইন্, এণ্টিস্পাজ্মডিক্, এণ্টি এমেটিক। ডাঃ রিচার্ডসন্ পরীক্ষা দ্বারা নিম্নলিখিত কয়েকটী ক্রিয়া নির্ব্বাচন করেন। (১) হাইড্রেট্ অব্ ক্লোরাল্ দ্বারা গভীর মত্ততা উৎপন্ন হইতে পারে। (২) নার্কটিজম্ প্রকাশিত হইলে রিফ্লেক্স্ এক্শনের অভাবের সহিত ইহাদ্বারা সম্পূর্ণ স্পর্শ লোপ হইতে পারে। (৩) নার্কটিজম্ প্রকাশিত হইলে ইহা দ্বারা টেম্পারেচার বা উত্তাপ নিশ্চয় লাঘব হইবে (৪) ক্লোরাল্ দ্বারা মাসল্স্ দিগের রিলাক্সেশন্ বা শিথিলতা উৎপন্ন হয়। এমনকি আইরিস্ ও আর্টিরিয়েল্ সিষ্টেমের মাসল্স্ সকল ও ইহার ক্ষমতাধীনে আগত হয়। (৫) নার্ভাস্ সিষ্টেম্ বা স্নায়ু বিধানের উপর কার্য্যাকার্য্য প্রথমতঃ সিম্পেথেটিক্ গ্যাংগ্লিয়াতে, তৎপর সেরিব্রাম্ এবং অবশেষে হার্ট বা হৃদপিণ্ডে প্রকাশিত হয়। (৬) আরোগ্য পক্ষে কোনরূপ মন্দ ফল উৎপন্ন করে না। (৭) যে সমস্ত অবস্থায় প্রাণ হানি হবে, তথায় (ক) মাস্তিষ্কিয় ক্রিয়া লোপ; (খ) ভলাণ্টারি মাসলের বা ঐচ্ছিক পেশী নিচয়ের ক্রিয়া লোপ; (গ) রেস্পিরেটরি সিষ্টেম্ বা শ্বাস প্রাশ্বাসিক যন্ত্রের ক্রিয়া লোপ্; এবং হার্ট্ বা হৃদ্পিণ্ডের ক্রিয়া লোপ আবশ্যক। (৮) অল্পমাত্রায় রক্তের জমাট বন্ধন শক্তি প্রকাশিত হয় কিন্তু অধিক মাত্রায় তাহা দূর করে। অপর অধিকমাত্রায় রক্তের কার্প্যাস্ কোল্স ধ্বংশ করে এবং রক্ত সম্বন্ধে সাধারণধ্বংশ প্রবণশক্তি বৃদ্ধি হয় কিন্তু রক্তের উপরোক্ত অবস্থা উৎপন্ন হইতে বিশেষ নার্কটিজম্ প্রকাশিত হওয়া আবশ্যক অথচ এত অধিক নয় যে রোগীর পক্ষে প্রাণহানির সম্ভাবনা থাকে। বহুদর্শিতা দ্বারা নিশ্চিত হইয়াছে যে ক্লোরাল নিয়মিত মাত্রায় আভ্যন্তরিক ব্যবহারের পর নিদ্রাবল্য উপস্থিত হইয়া ৫। ৬ ঘণ্টাকাল সুন্দর অবস্থিতি করে। ইহার নিদ্রাকরণ ক্ষমতা ব্রোমাইড্ অব্ পটাশিয়ম্ সহ আরও পরিবর্দ্ধিত হয় এবং আইওডাইড্ অব্ পটাশিয়ম্ সহ

ও তদনুরূপই বটে। কেহ কেহ অনুমান করেন ইহার ক্রিয়া ক্লোরফরম্ ও ওপিয়মের সহিত সাদৃশ্য আছে। ইহা সেবনান্তে শীঘ্র রক্তে আচোষিত হয় এবং ক্লোরফরম্, ফরমিক্ এসিডে পরিণত হয়। ইহার ব্যবহার সময়ে এল্‌-কোহলিক্ ষ্টিমুলেণ্ট্ (ব্রাণ্ডি কি অপরাপর আর্ডেণ্ট্ স্পিরিট্) নিষিদ্ধ। ইঞ্জেক্‌শন্ জন্য ১ অংশে ১০ অংশ জল ব্যবহৃত হয়।

ইহা দ্বারা বিষাক্ত হইলে বিষ নাশার্থ ষ্ট্রিক্‌নিয়া প্রয়োগ করিবে। ক্লোরা-লের সহিত ষ্ট্রিক্‌নিয়া ও কেলেবারবীনের বিপরীত সম্পর্ক। অপর ক্লোরাল্ দ্বারা বিষাক্ত অবস্থায় নাইট্রেট্ অব্ এমাইল্ ও ব্যবস্থেয়।

আময়িক প্রয়োগ। মিডোয়াইফরি কেসে বা প্রসব সম্বন্ধীয় অবস্থায় ডাং প্লেফেয়ার ইহার বিস্তর প্রশংসা করেন এবং তিনি বলেন এপর্য্যন্ত যত প্রকার ঔষধ এ উদ্দেশ্যে ব্যবহৃত হইতেছে তন্মধ্যে ক্লোরাল ব্যতীত অপর কেনটীই তদনুরূপ সন্তোষ প্রদান করিতে পারে নাই। ইহা দ্বারা যদিচ বেদনা কিছু লাঘব হয় বটে কিন্তু অত্যন্ত সবলে জরায়ু আকুঞ্চিত হয়, বিরাম্ কাল দীর্ঘ অথচ শিঘ্র শিঘ্র অচ প্রসারিত হয়। অতএব যে অবস্থায় জরায়ু মুখের কাঠিন্যবশতঃ শীঘ্র প্রসব হইতে বিলম্ব হয় তদবস্থায় ক্লোরাল্ অত্যন্ত উপকারী। ১৫ গ্রেণ্ মাত্রায় কিছু সিরাপের সহিত ১ আং জল সংযোগে প্রত্যেক ২০ মিনিট অন্তর ক্রমে ৩ ডোজ্ ব্যবহার করিবে।

ইন্‌সেনেটি, ইন্‌সম্‌নিয়া অব্ ইন্‌সেনেটি, পিউর্‌পার পারেল্ মেনিয়া ইত্যাদি নানাবিধ অবস্থায় ক্লোরালের তুল্য ঔষধ বিরল। ইহা দ্বারা কোষ্ঠ-বদ্ধ হয়না, সহজে নিদ্রাবল্য উপস্থিত হয়, বমনোদ্রেক হইবার সম্ভাবনা নাই, অথচ কার্য্যকাল বিস্তর স্থায়ী ও নিশ্চয় জনক। ইহা ১৫—৩০ গ্রেণ মাত্রায় ব্যবহৃত হইতে পারে। টেটেনাস্ পীড়ায় ইহার ব্যবহার অতি আশ্চর্য্য জনক। প্রায় অধিকাংশ রোগীই ক্লোরাল দ্বারা আরোগ্য লাভ করিতে পারে অথচ ইহার কার্য্য প্রায় চিকিৎসকের ইচ্ছানুযায়ী প্রকাশিত হয়। ডাং বার্কে ও অপরাপর চিকিৎসক গণ ইহার বিস্তর প্রশংসা করেন এবং ২৫—৩০ গ্রেণ্ বা ৪৫ গ্রেণ্ পর্য্যন্ত মাত্রায় ব্যবহার করা আরও সুবিধা জনক। অনিদ্রা বা স্লিপ্-লেস্‌নেস্ নিবারণার্থ ক্লোরাল অমোঘ, বিশেষতঃ স্নায়বিক অনিদ্রা দূরীকরণার্থ অত্যন্ত উপাদেয়। এতদ্ব্যতীত টাইফয়েড্ ফিবারের অনিদ্রা, বা কোন এক্‌-টিউট্ ডিজিজে অনিদ্রা উৎপন্ন হইলে ব্যবহৃত হয়।

কোরিয়া রোগে অনেকে ক্লোরাল্‌কে প্রশংসা করেন। যখন ভাস্‌কুলার একসাইট্‌মেণ্ট্‌ বর্ত্তমান থাকে অথচ নাড়ীর গতি বেশ্‌ ভাল হয়, তদবস্থায় ক্লোরাল বিধেয়।

বালক ও শিশুদিগের কন্‌ভাল্‌শন রোগে ক্লোরাল দ্বারা বিশেষ উপকার হয়। কোন একটী রোগীর বিষয় অবগত হওয়াযায় যে ৩ গ্রেণ ক্লোরাল জল ৪ ড্রাম্‌ মাত্রায় বারম্বার ব্যবহার করিয়া অতি সত্বর, এমনকি ২৪ ঘণ্টায় আরোগ্য লাভ করিয়া ছিল। পিউয়ার পারেল্‌ কন্‌ভাল্‌সন্‌ রোগে ক্লোরাল দ্বারা উপকার হয়, কেহ কেহ বলেন ব্রোমাইড্‌ অব্‌ পটাশিয়ম্‌ ব্যবহার করার পূর্ব্বে রোগী যদ্যপি গলাধঃকরণ করিতে অক্ষম হয়, তাহা হইলে ২০—৩০ গ্রেণ্‌ মাত্রায় একডোজ্‌ ব্যবহার করিয়া তৎপর অন্যান্য ঔষধ প্রয়োগ করা যায়। নতুবা ব্রোমাইড্‌ অব্‌ পটাশিয়মের সহিত মিশ্রিত করিয়া প্রত্যেক ৩।৪ ঘণ্টান্তর ব্যবহার কর্ত্তব্য।

স্পেজ্‌ মডিক্‌ এজ্‌মা, হুপিংকফ্‌, ক্রুপ্‌, ডিপ্‌থিরিয়া, ব্রংকাইটিস্‌ ও থাইসিস্‌ রোগের উত্তেজনা যুক্ত কফ্‌, নিবারণার্থ অনেকে ক্লোরাল্‌কে এণ্টিস্প্যাজ্‌মডিক্‌ উপকারার্থে ব্যবহার করেন। প্রত্যেক পীড়ার অবস্থানুসারে ইহা স্বয়ং অথবা প্রয়জনানুসারে অপরাপর ঔষধ সহ বিধেয়।

থাইসিস্‌ রোগে ডায়েরিয়া, ইরিটেবল্‌ ষ্টমাক্‌, কোন অর্গেনিক্‌ ডিজিজের জন্য বমন অথবা গর্ভাবস্থায় বমন নিবারণ জন্য কিম্বা সমুদ্র যাত্রীদের বমন উৎপন্ন হইলে ক্লোরাল ব্যবহার্য্য।

কলেরা রোগের কোলেপ্স্‌ ষ্টেজে, ১০ গ্রেণ্‌ ক্লোরালের সহিত ১০০ মিনিম্‌ জল্‌ মিশ্রিত করিয়া একটী পিচকারী দ্বারা হাইপোডার্মিকেলি ব্যবহার করিলে বিস্তর উপকারের সম্ভাবনা।

টেটেনাস্‌ রোগে ক্লোরাল্‌ দ্বারা মহান উপকার দর্শে। প্রায় চিকিৎসক মাত্রেই এরোগে ইহার উপকারীতা স্বীকার করিয়াছেন। কলিকাতার ডাং মেক্‌নামারা বলেন যদ্যপি রোগী পীড়িত অবস্থায় ১০ দিন অতিবাহিত করিতে পারে তাহা হইলে বিপদের আশঙ্কা অনেকাংশে তিরোহিত হইয়া আরোগ্য হইবার সম্ভাবনা অধিক থাকে। দুর্ব্বল হইলে রোগীকে বলকারক আহার, বিশেষতঃ ৪ আং দুগ্ধের সহিত ১ বা ২টী অণ্ডের

কুসুম মিলাইয়া ব্যবহার করা যায়। অথবা বিফ্টি, এরোরুট, দুগ্ধ ইত্যাদি ব্যবহার করিবে। রোগ বিবেচনা এবং বয়স নির্ণয় করিয়া ইহার মাত্রা নির্দ্ধারিত করিবে। টেটেনাস্ নিওনোটোরাম্ এবং রাত্রিতে নিদ্রিতা বস্থায় শুক্র ক্ষরণরোগে ইহার ব্যবহার নন্দনয়। ইম্‌কন্টিনেন্স্ অব্ ইউরিণ্ হইলে ক্লোরাল্ দ্বারা সুন্দর উপকার হইবে।

কেরিস্টুথ্ বা কেরিসটুথ্ জন্য হেমিক্রেনিয়া রোগে অনেকানেক বহুদর্শি চিকিৎসক ইহার গুণ ব্যাখ্যা করিয়াছেন। গণরিয়া ও গ্লিট্ অবস্থায় ইহার ইন্‌জেক্‌শন্ দ্বারা উপকার হইতে পারে।

আল্‌সার ও উণ্ড্‌স্ উৎপন্ন হইলে ৫—১০ গ্রেণ, একোয়া ১ আং মিলাইয়া বাহ্যিক ব্যবহার করিলে পচন নিবারক ও অবসাদক হইয়া উপকার করে। ক্রুজ, চক্ষের ইন্‌ফ্লামেটরি এফেক্‌শনে, সোর নিপল্‌স, ওয়ার্টস্, একজিমা, এবং প্রুরাইটিস্ ভাল্‌বা রোগে ইহার লোশন্ প্রস্তুত করিয়া বাহ্যিক প্রয়োগ অর্থাৎ স্থানিক ব্যবহার করিলে বিস্তর উপকার হইবে। কোথাও ১০—১৫ গ্রেণ্, একোয়া ১ আং দ্বারা, কোথাও ½১ ড্রাম,মলম্ ১ আং দ্বারা ব্যবহার্য্য।

শরীরের কোন স্থানে ইহার ইনজেক্‌শন্ প্রয়োগ করিয়া তথায় কোন প্রকার অস্ত্রো পচার করিলে ও অনেক সময় রোগী কোন প্রকার যন্ত্রণা বোধ করেনা।

Amyl Nitris. Nitrite of Amyl.

এমাইল্ নাইট্রিস্। নাইট্রিট্ অব্ এমাইল্।

মাত্রা। ইন্‌হেলেশন্ জন্য ২। ৫ মিনিম্।

সেবনার্থ ½—১ মিনিম্ কিন্তু সতর্কতাসহ ব্যবহার্য্য।

ইহা দেখিতে তরল। বায়ুতে রাখিলে উড়িয়া যায়। অত্যন্ত উগ্র সদ্গন্ধ যুক্ত; প্রায় কাঁটালের গন্ধময়। প্রথমত বর্ণহীন তৎপর পীতাক্ত।

ক্রিয়া। কার্ডিয়েক্ ষ্টিমুলেন্ট্ ও এণ্টিস্প্যাজ মডিক্। একটী সুস্থকায় যুবকের প্রতি ইহার ইন্‌হেলেসন্ প্রয়োগ করিলে প্রথমতঃ কার্ডিয়েক্ পাল্‌সেশন্ বা হৃদ পিণ্ডের গতি স্বাভাবিক ৭০ বার হইতে প্রত্যেক মিনিটে ১২০ বা

১৪০ বার স্পন্দিত হয়; হৃদ পিণ্ডের পাল্‌পিটেশন্ আরম্ভ হয়, ক্যেরোটিড আর্টে-রিতে সেবনের প্রায় ৩০ কি ৪০ সেকেণ্ড পর এক প্রকার দপ্ দপে্ সেন্‌সেশন্ বোধহয়। মুখমণ্ডল ক্ষীন প্রভ, মস্তকের উত্তপ্ততা, এবং উক্ত উত্তাপ মুখমণ্ডল ও গলদেশ পর্য্যন্ত পরিব্যপ্ত হইয়া শরীর হইতে ঘর্ম্ম নির্গত হইতে থাকে। উপরোক্ত লক্ষণ সকল সাধারণ লক্ষণ মধ্যে পরিগণিত। অপর শ্বাস প্রশ্বাসের ন্যূনতা, শিরোঘূর্ণন, শিরঃপীড়া, সামান্য পরিমানে দৃষ্টি হীনতা, এবং রোগীকে এক প্রকার নেশা খোরের ন্যায় অনুমিত হয়। শ্বাসগতি প্রথমতঃ দ্রুত তৎপর ক্রমে অবসাদিত হয়। রক্তবহা নাড়ীগণের মাস্ কুলার কোর্ট প্রসারিত হয় অর্থাৎ রক্তবহা নাড়ীগণের প্রতিপালক স্নায়ু গণের পেরা লিসিস্ উৎপন্ন হয়। যখন ইহা আঘ্রাণ করা যায় তখন অল্‌ফেক্‌টরি নার্ভস্ দ্বারা প্রতারিত হইয়া সিম্পে থেটিক্ গ্যাংগ্লিয়াতে গমন করে এবং তথায় ভাস মোটার্ নার্ভস্‌গণের পেরা লিসিস্ উৎপন্ন হইয়া পৈশিক ও ধামনিক শিথিলতা উদ্ভব হয়। অধিক মাত্রায় উপরোক্ত লক্ষণ সকল বৃদ্ধিপাইয়া আক্ষেপ উপস্থিত হয়। রোগী মাতালের ন্যায় হয়। এবং অবশেষে শ্বাস রোধ দ্বারা রোগীর মৃত্যুহয়। নাইট্রেট্ অব্ এমাইল্ দ্বারা উত্তাপ লাঘব হয় এবং ব্যবহারের পর প্রস্রাব পরীক্ষা করিয়া শর্করা পাওয়া যায়।

ইহার বাহ্য প্রয়োগ অর্থাৎ ইন্‌হেলেশন্ বা আঘ্রাণ দ্বারা ব্যবহার করাই সর্ব্বাপেক্ষা নিরাপদ। একখানা রুমালে কয়েক বিন্দু (২। ৫ বা ৬। ৭) নি-ক্ষেপ করতঃ আঘ্রাণ করিবে কিন্তু কখনই অধিক মাত্রায় ব্যবহার করিবেনা। আভ্যন্তরিক ব্যবহারার্থে চিনি বা মিউসিলেজের সহিত একত্রকরিয়া ব্যবস্থেয়। ১ ড্রপ্ হইতে আরম্ভ করা অন্যায় নয়। সাব্ কিউটেনিয়াস্ ইন্‌জেক্‌শন্ জন্য ১০ পার্সেণ্ট্ সলুশন্ রেক্‌টিফায়েড্ স্পিরিটের সহিত প্রযোজ্য।

কোন কোন ব্যক্তি হঠাৎ অন্যব্যক্তি অপেক্ষা অধিক আক্রান্ত হয়। সুতরাং বিশেষ শতর্কতার দরকার।

ইহা প্রথমতঃ ব্যবস্থার সময় একটি চিকিৎসককে নিকটে থাকা কর্ত্তব্য কিন্তু যখন রোগীর অভ্যস্ত হইয়া পড়িবে তখন নিকটে উপস্থিতনা থাকিলেও কোন ক্ষতি নাই।

ইহা রোগীর অভ্যস্ত হইলে ব্যবস্থার বিধান করা যায় কিম্বা বাহ্যিক ও আভ্যন্তরিক উভয় বিধ নিয়মে ব্যবহার্য্য।

ডাং এনেষ্টি বলেন 'বয়স বিবেচনায় মাত্রা সম্বন্ধে বিশেষ শতর্কতায় আবশ্যক। আর্টেবিয়েল্ ডিজনারেশন্ বর্ত্তমান থাকিলে প্রায় অব্যবহার্য্য।

ডাং জি, এইচ্. ইভেন্ বলেন এনিমিক্ ব্যাক্তিগণ সবলকায় হইতে অধিক মাত্রা সহ্য করিতে পারে। বিশেষ কোন কারণ ব্যতীত দণ্ডায়মান্ অবস্থায় কখনই ইহা প্রয়োগ করা বিধেয় নহে। নার্ভাস্ ও হিষ্টিরিকেল্ স্ত্রীলোক দিগেতে সাবধারণতার প্রয়োজন।

ব্যবহারে কোন প্রকার উত্তেজনা বা অপর কোন খারাপ লক্ষণ প্রকাশ পাইলে মস্তক ও মুখ মণ্ডলে শীতল জল প্রয়োগ করিবে, পরিস্কৃত ও প্রবাহিত বায়ু সেবনের বন্দোবস্ত করিয়া দিবে।

ডাং উড্ বলেন লক্ষণ সকল ১ বা ২ মিনিটের পরই প্রকাশিত হয়।

ঔষধ অধিকদিন থাকিলে শৈত্য দ্বারা ক্রিয়া বিনষ্ট হয়।

ব্যবহারার্থে প্রথমতঃ ইন্‌হেলেশন্ সর্ব্বাপেক্ষা নির্দ্দোষী।

আময়িক প্রয়োগ। ১৮৬৪ খৃঃ অব্দে প্রথমতঃ ডাং রিচার্ড্‌শন্ এঞ্জাইনা পেক্টোরিস্ রোগে ইহার ইন্‌হেলেশন্ ব্যবহার করিয়া অতি আশ্চর্য্য উপকার প্রাপ্ত হন, তৎপর বহুবিধ চিকিৎসকগণ প্রতি নিয়ত ইহার প্রশংসা করিয়া আসিতেছেন। অপর স্পেজ্‌মডিক্ এজ্‌মা, এপিলেপ্‌সি, হুপিংকফ আদি নানাবিধ আক্ষেপিক পীড়ায় অত্যন্ত উপকারী।

ফেশিয়েল্ নিউরাল্‌জিয়া, নার্ভাস্ কিফেলেল্‌জিয়া, হেমিক্রেনিয়া, নিউরেল্‌জিক্ হেডেক্, ইত্যাদি নানাবিধ অবস্থায় এবং দন্তবেদনায় ইহা প্রয়োগ করা যায়।

স্প্যাজ্‌মডিক্ কলিক্, এন্টিরেল্‌জিয়া, পেরিগ্লিয়েল্ স্প্যাজম্, ডোডেন্টেল্ কলিক্, টেটেনাস্, এবং ষ্ট্রিক্‌নিয়া পয় জেনিং অবস্থায় এমাইল্ নাইট্রাস্ বিধেয়। স্প্যাজম্ নিবারণ করিয়া উপকার করে।

কলরা রোগে আভ্যন্তরিক বা ইন্‌জেক্‌শন্ রূপে প্রয়োগ করা যায়।

ইণ্টার মিটেন্ট্ ফিবার, সি সিক্‌নেস্, পিউযার পারেল্ কন্‌ভাল্‌শন্, পোষ্ট পার্টম্ হেমোরেজ্, আওয়ার গ্লাস্ কনট্রাক্‌শন্ অব্ ইউট্রাস্, এবং আর্গট্ দ্বারা বিষাক্ত হইলে বিধেয়।

ডিগ্ মেনোরিয়া, লাম্বেগো, সিঙ্কোপ্, জল মগ্ন ব্যক্তির শ্বাস রোধাবস্থায়

বা কাশ দেওয়া জনিত এস্‌ ফিক্‌সিয়া উৎপন্ন হইলে, বা সদ্য প্রসূত সন্তানের এস্‌ফিক্‌সিকবস্থায় বিধান করা যায়।

ক্লোরফর্ম্‌, ক্লোরাল্‌, ও পেরাফিন্‌ দ্বারা বিষাক্ত হইলে এমাইল্‌ নাইট্রাস্‌ বিধেয়।

Butyl-Chloral Hydras. Hydrate of Butyl-Chloral.

বিউটাইল্‌ ক্লোরাল্‌ হাইড্রাস্‌। হাইড্রেট্‌ অব্‌ বিউটিল্‌ ক্লোরাল্‌।

Croton-Chloral Hydrate.

ক্রোটন্‌ ক্লোরাল্‌ হাইড্রেট্‌।

মাত্রা। ৫—১৫ গ্রেণ্‌।

ক্রিয়া। ইহার ক্রিয়া প্রায় অধিকাংশই ক্লোরাল্‌ হাইড্রেটের অনুরূপ কিন্তু তদপেক্ষা অনেক মৃদু। ইহার কার্য্য হৃদপিণ্ডের উপর তত প্রভাবিত হয় না। যে স্থলে হৃদ পিণ্ডের কোন প্রকার পীড়া বশতঃ ক্লোরাল অযোগ্য তথায় ক্রোটন ক্লোরাল্‌ বিধেয়। ইহা দ্বারা অতি সহজে গাঢ় নিদ্রা বেশ হয় এবং ৫ম স্নায়ুর উপর বিশেষ রূপে প্রকাশ পায়, পেরালিসিস্‌ উৎপন্ন হয় এবং যে সমস্ত স্থান ৫ম স্নায়ু দ্বারা পরিপোষিত হয়, সেই সেই স্থানের এনাস্থিসিয়া প্রকাশিত হয়। সময় সময় ক্লোরাল্‌ হাইড্রাসের সহিত নিউরাল্‌জিয়াতে ব্যবহার করা যায়। ক্রোটন্‌ ক্লোরাল্‌ দ্বারা শ্বাস প্রশ্বাসের কোন পরিবর্ত্তন ঘটে না।

আময়িক প্রয়োগ। ফেশিয়েল্‌ নিউরেল্‌জিয়া রোগে বিউটিল্‌ ক্লোরাল্‌ দ্বারা বিশেষ উপকার হয়। অন্যান্য নানাবিধ নিউরেল্‌জিয়াতে ক্লোরাল্‌ হাইড্রেটের সহিত ব্যবহৃত হইতে পারে।

মেনোরেজিয়া রোগে ও ডিস্‌মেনোরিয়া রোগে ব্রোমাইড্‌ অব্‌ পটাশিয়ম্‌ হইতে শ্রেষ্ট। অপর ক্রণিক্‌ লেরিঞ্জাইটীস্‌, ও থাইসিসের কফের ইরিটেশন্‌ নিবারণার্থ ইহা বিধেয়। অন্যথা রোগে বিধান করা যায়।

Nitroglycerine.

নাইট্রো গ্লিসরীন্।

গ্নোনইন্।

মাত্রা। ১/১০০—১/৫০ গ্রেণ্।

ক্রিয়া। ষ্টিমুলেণ্ট্ ক্রিয়াটি ইহার প্রবল। ইহা দ্বারা শ্বাস প্রশ্বাস দ্রুত হয়, আর্টেরিগণ শিথিল হইয়া পড়ে এবং শরীর ভার বোধ হয়। অধিক মাত্রায় ইহার কার্য্য সুচারুরূপে প্রকাশিত হয়। এস্ফিক্সিয়া দ্বারা রোগীর মৃত্যু হয়। ইহা দ্বারা সেন্সেশন্ আংশিক রূপে বিলুপ্ত হয়। রেক্টিফায়েড্ স্পিরিটে মিশ্রিত করিয়া ব্যবহার করা যায় (১ অংশে ২০০ অংশ)।

আময়িক প্রয়োগ। এঞ্জাইনা পেক্টোরিস্, মাইগ্রীন, হার্ট্ ডিজিজ, কার্ডিয়েক্ এজ্‌মা, ব্রাইট্‌স্ ডিজিজ্, কন্‌ভাল্‌শন্, একিউট্ নিফ্রাইটীস্, ইউরিমিক্ এজ্‌মা, পিউয়ারপারেল্ কন্‌ভাল্‌শন্ এবং ইউরিমিক্ কন্‌ভাল্‌শন্ রোগে নাইট্রোগ্লীসরীন্ দ্বারা উপকার হয়।

Caffeina. Caffeine.

ক্যাফিনা। ক্যাফিন্।

মাত্রা। ১—৫ গ্রেণ্।

ক্রিয়া। কফিবীজ হইতে প্রাপ্ত একপ্রকার দানাময় পদার্থ। অন্যান্য ঔষধের বীর্য্য অপেক্ষা ইহাতে নাইট্রজিনের ভাগ অধিক আছে। ইহা কার্ডিয়েক ষ্টিমুলেণ্ট্ এবং আর্টেরি বা ধমনি গণের টেন্‌শন্ বৃদ্ধি করে। অনেকের বিশ্বাস যে ইহা দ্বারা শরীরের উত্তাপ বৃদ্ধিহয় এবং কন্‌ভাল্‌শন্ উৎপন্ন হইয়া রোগীর মৃত্যু হয়। ক্যাফিন্ নার্ভাস্ সিষ্টেম্ ও মাস্‌কুলার সিষ্টেমের উপর উত্তেজনা উৎপন্ন করে। ভাস মোটার সেণ্টারের উপর কার্য্য প্রকাশ করিয়া হৃৎপিণ্ডের কার্য্য মৃদু করে কিন্তু সেই সময়ে, শক্তি বৃদ্ধি হয়। অধিক মাত্রায় সেনসেশন্ উৎপাদক স্নায়ুর পেরালিসিস্ উদ্ভব করে এবং স্পাইনেল্ কর্ডের রিফ্লেক্স্ উত্তেজনা বৃদ্ধি করে। হৃদ্‌পিণ্ডের শব্দ বাড়ে, অনিক হয় কিন্তু দ্বিতীয় শব্দ বা ডায়েষ্টোল্ প্রায় বিলুপ্ত হইয়া যায়। পেশী সকল আক্ষিপ্ত হয়। হাইপোডার্ম্মিক ইঞ্জেক্‌শন্ জন্য ক্যাফিন সলুশন্ প্রস্তুত করা যায়—

ক্যাফিন্ ২০ গ্রেণ, স্যালিসিলেট্ অব্ সোডা ২৭ গ্রেণ, ডিষ্টিল্ ওয়াটার ১ ড্রাম্ মাত্রা ১—৬ মিনিম্।

হৃদপিণ্ডের অনেকানেক পীড়ায় ক্যাফিন্ ডিজিটেলিস্ অপেক্ষা শ্রেষ্ঠ। ইহার প্রচুর পরিমাণ মূত্রোৎপাদক ক্ষমতা আছে, সুতরাং মাইট্রেল্ ডিজিজে ড্রপসি উৎপন্ন হইলে ক্যাফিন্ অত্যন্ত আদরণীয়। যখন ডিজিটেলিস দেওয়া না যায় তদবস্থায় ৩—৫ গ্রেণ মাত্রায় ব্যবহার করিবে। ডাং সেণ্টার বিবেচনা করেন ক্যাফিন্ পেরাস্কাই মেটাস্ টিস্থ ও ইণ্ট্রাকার্ডিয়েক্ গ্যাং-গ্লিয়াকে উত্তেজিত করে।

কার্ডিয়েক্ ড্রপ্সি ও রিনেল্ ড্রপ্সিতে ক্যাফিন বিস্তর আদরণীয়।

ইণ্টেষ্টাইনেল্ অব্‌ষ্ট্রাক্শন্ ও ষ্ট্রাংগুলেটেড্ হার্নিয়া রোগে ক্যাফিন্ মাস্কুলার টিস্থর উপর কার্য্য প্রকাশ করিয়া উপকার করিয়া থাকে।

ষ্টমাকের এটনিক্ অবস্থায় বার্লো ইহার প্রশংসা করেন এবং থাইসিস্ রোগেও প্রয়োগ করা যায়।

নানাবিধ নিউরালজিয়া, হেমিক্রেনিয়া রোগে ডাং শেণ্টার ইহাকে আদর করেন।

স্প্যাজমডিক্ এজমা, হুপিংকফ, স্প্যাজমডিক্ ব্রংকাইটিস্ রোগে সাইট্রেট অব্ ক্যাফিন্ বিশেষ আদরণীয়।

নার্ভাস্ ভমিটিং, ভমিটিং অব্ প্রেগ্নেন্সি, ভমিটিং অব্ থাইসিস্ ইত্যাদি নানাবিধ বমন রোগে ভেলিরিয়েনেট্ সহ ব্যবহৃত হয়।

নার্ভাস্ একজার্শন্ ও মস্তিষ্কের অন্যান্য উপদ্রবে একবাটী কফি সহ ১ গ্রেণ বা ২ গ্রেণ মাত্রায় ব্যবহার করিলে উপকার হয়। ইহা দ্বারা নিদ্রা দূরীকৃত হয় সুতরাং যে সমস্ত লোকের নিদ্রা স্বভাবতই কম, তাহাদিগকে কখনই ব্যবহার কর্ত্তব্য নয়।

ANTISPASMODICS.

এণ্টিস্পেজ্ মডিক্স্

বা

আক্ষেপ নিবরর্ক শ্রেণী।

যে সমস্ত ঔষধ আভ্যন্তরিক ব্যবহার দ্বারা স্প্যাজম্ বা আক্ষেপ অর্থাৎ হাত, পা কি শরীরের অন্যান্য স্থানের খিঁচনি বিনষ্ট হয় তাহাদিগকেই এণ্টি-স্প্যাজ্ মডিকস্ কহে। ইহাদের কার্য্যতা ভেদে ২ শ্রেণীতে বিভক্ত।

১। কতগুলি মস্তিষ্ক প্রভৃতি স্নায়ু মণ্ডলের বলকারক ও উত্তেজক হইয়া আক্ষেপ নিবারণ করে। যথা—মাস্ক্, গ্যাল্‌ভেনাম্, ভেলিরিয়েন্, বেলাডোনা, ওপিয়ম্।

২। কতগুলি ঔষধ মস্তিষ্ক প্রভৃতি স্নায়ু মণ্ডলের অবসাদন উপস্থিত করিয়া আক্ষেপ নিবারণ করে যথা—লোবেলিয়া, টেবাকম্, কোনায়ম্, হাইড্রসিয়ানিক্ এসিড্, ক্লোরফরম্ ইত্যাদি।

এতদ্ব্যতীত, ব্লাড্‌লেটিং, কৌলড্ ইত্যাদি সিডেটিবস্ সকল ও প্রদাহ জনিত আক্ষেপ নিবারণ করে।

আক্ষেপ নিবারণার্থ আমরা নিম্ন লিখিত মাত্র ২টী ঔষধ এই শ্রেণীতে সন্নিবেশিত করিয়াছি।

১। ভেলিরিয়েনি রাইজোমা।

২। সাম্বল্ রেডিক্স্।

Valirianæ Rhizoma. — Valerian Rhizome.

ভেলিরিয়েনি রাইজোমা। — ভেলিরিয়ান্ রাইজোম্।

মাত্রা। ১০—৩০ গ্রেণ্।

প্রয়োগ রূপ।

১। ইন্‌ফিউজন্ অব্ ভেলিরিয়েন্। মাত্রা ১—২ আং।

২। টিংচার্ অব্ ভেলিরিয়েন্। মাত্রা ১—২ ড্রাম্।

৩। এমোনায়েটেড্ টিংচার্ অব্ ভেলিরিয়েন্। মাত্রা ½—১ ড্রাম্।

ক্রিয়া। ষ্টিমুলেণ্ট, এণ্টিস্প্যাজ্‌মডিক্‌, ভার্মিফিউজ্‌। ভেলিরিয়েনিক্‌ এসিডের উপর ইহার ক্রিয়া নির্ভর করে। ইহার কার্য্যকারীতা এসাফিটেডার পরই নির্দ্দেশ করা যায় এবং ইণ্টার মিটেণ্ট ফিবারে সিঙ্কোনার ন্যায় কার্য্যকারী সুতরাং ইহা সিঙ্কোনার সহিত একত্র করিয়া ব্যবহার করাযায়।

আময়িক প্রয়োগ। নানাবিধ জ্বর রোগে টাইফয়েড্‌ লক্ষণ উপস্থিত হইলে ইহার ইন্‌ফিউজন্‌ দ্বারা বিশেষ উপকার হয়। টাইফাস্‌ ফিবারে কোমা উপস্থিত হইলে ভেলিরিয়েন্‌ যোগ্য।

হুপিংকফঃ লেরিঞ্জিস্‌মাস্‌ ট্রিডিউলাস্‌, ডায়েবিটিস্‌ এনসিপিটাস্‌ ও মেনিটাস রোগে অনেকে ভেলিরিয়ন্‌ ব্যবহার করেন।

নিউরাল্‌জিয়া, এবং হিষ্টিরিয়ার সহিত নিউরেল্‌ জিয়াতে ভেলিরিয়েন বিশেষ উপকারী।

হিষ্টিরিয়া রোগে ইহার ক্রিয়া অত্যন্ত প্রসিদ্ধ। হিষ্টীরিয়া জনিত হেডেক্‌ নিবারণার্থ ও ইহা ব্যবহার্য্য।

R.

T. Valerian. Am.
Spt Ether. Sulph. co, *a a m* xxx
Mist camph. ℥ i ss

M.

অথবা

R.

T. Valerian.
Spt. Ether. Sulph. co.
Spt. Lavand. co, *a a m* xxx
Tinct. Hyoscyami. *m* xx
Mist. Camph. ℥ x

M

এতদ্ব্যতীত হিষ্টিরিকেল্‌ পাল্‌পিটেশন্‌ রোগে, মসিভলিটেস্টিস্‌, ফ্লেটিউলেন্স্‌ ডিষ্টেন্‌শন্‌; এবং কলিক্‌ রোগে উপকার করে।

Sumbul Radix. | Sumble Root.

সাম্বাল রেডিক্স্। | সাম্বাল্ রুট্।

মাত্রা। ১০—২০ গ্রেণ্।

প্রয়োগরূপ।

১। টিংচার্ অব্ সাম্বাল্। মাত্রা ১০—৩০ মিনিম্।

ক্রিয়া ও ব্যবহার। নার্ভাইন ষ্টিমুলেণ্ট্। প্রায় অধিকাংশই ভেলিরিয়েনের ন্যায়। নানাবিধ নার্ভাস ডিজিজে ব্যবহৃত হইতে পারে। মাইগ্রীন নামক নিউর‍্যাল্জিক্ পীড়ায় বিশেষ আদরের সহিত প্রয়োজ্য। হিষ্টিরিয়া ও পেরালিটিক্ এফেক্শনে ব্যবহৃত হইতে পারে।

—০—

REFRIGERANTS CLASS.

রিফ্রিজারেণ্টস্ ক্লাস

বা

শৈত্যকারক শ্রেণী।

যে সমস্ত ঔষধ দ্বারা রুগ্ন শরীরের উত্তাপ লাঘব হয়, এবং অস্বাভাবিক পিপাসা নিবারণ করে তাহাদিগকেই রিফ্রিজারেণ্টস্ মেডিসিন্ কহে। ইহারা ২ শ্রেণীতে বিভক্ত। ১। একষ্টারন্যাল্ রিফ্রিজারেণ্ট্ ও ২। ইণ্টার্-ন্যাল্ রিফ্রিজারেণ্ট্।

১। একষ্টারন্যাল্ রিফ্রিজারেণ্টস্।

কোল্ড ওয়াটার বা শীতল জল অতি বিখ্যাত শৈত্যকারক। অনেকেই অবগত আছেন শরীরে অত্যন্ত জ্বলন উপস্থিত হইলে শীতল জল দ্বারা গা পুছিয়া ফেলিলে অনতি বিলম্বে শরীরের জ্বালা নিবারিত হয়। যে অবস্থায় শীতল জল ব্যবহার না হইতে পারে তথায় শীতল জলের সহিত ভিনিগার বা শির্কা মিশ্রিত করিয়া অথবা এল্কোহলে্ বা ইথার জলে মিশ্রিত করিয়া বাহ্যিক ব্যবহার করিলে শৈত্যকারক শক্তি আরও পরিবর্দ্ধিত হয়। অনেকানেক সময় উষ্ণ জলের স্পঞ্জিং বা ভিনিগার ও জল মিলাইয়া শরীর পুঁছিয়া দিলে বিস্তর উপকার হয়।

২। ইণ্টারন্যাল্ রিফ্রিজারেণ্টস্।

সল্যুশন্ অব্ টার্টারিক্ এসিড্, সাইট্রিক্ এসিড্, সাইট্রেট্ অব্ সোডা, এবং নাইট্রেট্ অব্ পটাস প্রভৃতি কতগুলি ঔষধ প্রচুর জলের সহিত আভ্যন্তরিক পানীয় রূপে ব্যবহার করিলে অতি সত্বর শরীরের জ্বালা তিরোহিত হয়। এতদ্ব্যতীত আইস্ বা বরফ ব্যবহার দ্বারাও অতি চমৎকার শৈত্যকারকের ফল প্রাপ্ত হওয়া যায়। পিপাসা বা বমনোদ্রেক থাকিলেও বিস্তর আদরের সহিত আইস্ ওয়াটার্ ব্যবহৃত হইতে পারে।

Potassi chloras. — Chlorate of potash.

পটাসি ক্লোরাস্। — ক্লোরেট্ অব্ পটাশ্।

মাত্রা। ১০—৩০ গ্রেণ্।

প্রয়োগ রূপ।

১। ক্লোরেট্ অব্ পটাস্ লোজেঞ্জ্। মাত্রা। ১—৬ লোজেঞ্জ্।

ক্রিয়া। রিফ্রিজারেণ্ট, ডাইউরেটিক্, এণ্টিসেপ্টিক্ অল্টারেটিব্। পূর্ব্বে বিবেচনা করা হইয়াছে যে ক্লোরেট অব্ পটাস্ আভ্যন্তরিক প্রয়োগ করিলে শরীরস্থ বিধানে অক্সিজেন্ প্রদান করে। সেবন করিলে অপরিবর্ত্তিত অবস্থায় প্রস্রাবে ইহা প্রাপ্ত হওয়া যায়। সম্ভবতঃ ইহাদ্বারা প্রস্রাব ও গেলাইভা প্রভৃতি প্রায় সমস্ত সিক্রিশনের বৃদ্ধি হয় এবং অপরিবর্ত্তিত অবস্থায় প্রাপ্ত হওয়া যায়। এমন কি পরীক্ষা দ্বারা ইহা অশ্রুজলে, পিত্তরসে, নাশিকা-নিস্থত শ্লেষ্মায়, শরীরস্থ ঘর্ম্মে এবং প্রসূতীদের স্তন নিসৃত দুগ্ধেও প্রাপ্ত হওয়া গিয়াছে। অধিক মাত্রায় ইহা সেলিভেশন, প্রচুর মূত্রোৎপাদন এবং ক্ষুধাধিক্য উৎপাদন করে কিন্তু যখন সামান্য জলের সহিত ব্যবহৃত হয়, তখন গ্যাষ্ট্রিক্ ইরিটেশন্ বা পাকাশয়ের উত্তেজনা উদ্ভব করিতে পারে। কোন ব্যক্তির শিরামধ্যে পিচকারি দ্বারা প্রবেশ করাইলে হঠাৎ কার্ডিয়েক্ পেরালিসিস্ উৎপন্ন হয়। ইহা দ্বারা প্রস্রাবে অত্যন্ত এসিড এবং ইউরেটের ভাগ বৃদ্ধি পায়।

আময়িক প্রয়োগ। ডাং টি, ওয়াট্শন কণ্টিনিউড্ ফিবার ও টাইফয়েড্ ফিবারে ১ ড্রাম মাত্রায় ১ পাইণ্ট্ জলে দ্রব করিয়া প্রত্যহ পানার্থ ব্যবহার করিয়া বিস্তর উপকার প্রাপ্ত হইয়াছেন। অনতি বিলম্বেই জিহ্বার মমলত্ব, শুষ্কতা ও বর্ণ পরিবর্ত্তিত হইয়া পরিষ্কার ও আর্দ্র হইয়া উঠে।

আল্সারেটিব্ ষ্টোমেটাইটিস্ বা ক্যাংক্রম্ অরিস্ রোগে ক্লোরেট অব্ পটাসের ন্যায় উপকারী আর নাই। ইহা বালকদিগের জন্য প্রত্যেক রোজ ৫—২০ গ্রেণ এবং যুবকদিগের জন্য ২০—৩০ গ্রেণ পর্য্যন্ত ব্যবহার্য্য। এতদ্ব্যতীত অন্যান্য ষ্টোমেটাইটিস্ রোগে ও ইহার ব্যবহার বিস্তর উপকারী।

ডিপ্থিরিয়া রোগে ক্লোরেট্ অব্ পটাস্ দ্বারা উপকার হয়। কিন্তু ষ্টোমেটাইটিস্ রোগে যে প্রকার কার্য্য করে ইহাতে তদনুরূপ হয়

গা। ৩ৰং সোলিউশন্ দ্বারা গার্গল্ প্রস্তুত করিবে। ৫ গ্রেণ মাত্রায় প্রত্যেক ৩ ৪ ঘণ্টান্তর দুগ্ধ বা জলের সহিত মিশ্রিত করিয়া পান করিবে।

ফেজেডেনিক আল্সার, আন্হেল্ দি আল্সার্, বিশেষতঃ ইহা যদি সিফিলিস্, স্ক্রফিউলা বা ক্যান্সারাদি যে কোন কারণ হইতে উৎপন্ন হউক ২০—৩০ গ্রেণ মাত্রায় ডিঃ সিঙ্কোনার সহিত দিবসে ৩ বার ব্যবহার করিলে অত্যন্ত উপকার হয়। ইহার স্থানিক ব্যবহার ও বিস্তর উপকারী। ক্লোরেটকে অতি সূক্ষ্ম গুঁড়া করিয়া ক্ষত প্রদেশের উপরিভাগে লাগাইবে।

ক্রনিক্ মিউকাস্ ডায়েরিয়া রোগে ডাঃ কোপ্লাণ্ড্ ইহার বিস্তর প্রশংসা করেন। যদ্যপি বাইল্ বা পিত্তের অল্পতা নিবন্ধন ডায়েরিয়া হয়, তাহা হইলে পাল্ব্ ট্রেগেকান্থ্ কোঃ পাল্ব্ ক্রিটি এরোমেটিক ও পটাস্ ক্লোরাস্ মিলাইয়া ব্যবহার করিলে অত্যন্ত উপকার হইবে।

ক্রনিক্ ব্রংকাইটিস্ রোগে, বিশেষতঃ বৃদ্ধ লোক ও ছেলেদের হুপিংকফ পীড়ার পর ব্রংকাইটিস্ থাকিয়া গেলে ইহা দ্বারা উপকার হইবে।

থাইসিস্ রোগে, জিহ্বায় ক্ষত উৎপন্ন হইয়া গিলনকষ্ট হইলে ক্লোরেট্ অব্ পটাস্ ১ ড্রাম্, গ্লিসরীণ্ ৪ ড্রাম, মর্ফিয়া ১ ½—২ গ্রেণ, সিরাপ্ ৪ আং প্রস্তুত করিয়া ১ ড্রাম মাত্রায় ব্যবহার করিলে কাশি ও বেদনা উভয় বিধ যন্ত্রণা তিরোহিত হইবে।

ক্যাটার রোগে ক্লোরেট্ অব্ পটাস লোজেঞ্জ ৪—১০ টী প্রত্যেক রোজ সেবন করিলে উপকার হয়।

ক্রনিক্ সিষ্টাইটিস্ রোগে প্রস্রাব গন্ধ যুক্ত হইলে ক্লোরেট্ ৪—৫ গ্রেণ জল ১ আং দ্বারা লোশন্ প্রস্তুত করিয়া পিচকারি ব্যবহার করিলে সুন্দর উপকার হইবে।

স্ক্রফিউলাস্ অপ থ্যাল্মিয়া রোগের আলকাতঙ্ক নিবারণ জন্য অধিক মাত্রায় ব্যবহার্য্য।

সেলিভেশন্ নিবারণার্থ প্রথমতঃ রোগীর কোষ্ঠ পরিস্কার করিয়া তৎপর ডিঃ সিঙ্কোনার সহিত আভ্যন্তরিক ব্যবহার করিলে সুন্দর উপকার হয়। অপর ক্লোরেট্ লোজেঞ্জ ও মঙ্গলময়।

লিউকোরিয়া রোগে ইহার স্থানিক প্রয়োগ মঙ্গলময়।

Acidum Tartaricum. **Tartaric Acid.**

এসিডম্ টার্টারিকম্। টার্টারিক্ এসিড্।

মাত্রা। ১০—৩০ গ্রেণ্।

ক্রিয়া। রিফ্রিজারেন্ট্। সাইট্রিক্ এসিড, অপেক্ষা ইহার মূল্য নিতান্ত অল্প অথচ বাজারের সর্ব্বত্র প্রাপ্য। ব্যবহারে পরিপাক যন্ত্রের কার্য্য নিপ্রব উৎপন্ন করিতে পারে, শূল বেদনা এবং দাস্ত হয়। অধিক মাত্রায় উগ্রবিষের ন্যায় কার্য্যকরে। ১ আং টার্টারিক এসিড্ ১০ আং জলে দ্রব হইতে পারে। এবং ইহা দ্বারা বিষাক্ত হইলে অনূ্যন ৯ দিবসের মধ্যে একটী লোকের প্রাণ বিনষ্টহয় ঔষধ মাত্রায় ব্যবহার সময় যদ্যপি ইহা দ্বারা জিহ্বা রক্তাভ ও শুষ্ক বোধ হয়, তাহা হইলে ঔষধ বর্জিত করিবে। ডাং এটি টম্প্সন্ বলেন ইহা দ্বারা অন্ত্রস্থ শ্লেষ্মা তরল হয়। অপর এফার ভেসিং পাউডার রূপেও ব্যবহার্য্য। (সোডা বাইকার্ব্ব্ ৩০ গ্রেণ, এসিড্ টার্টারিক ২৫ গ্রেণ্।)

আময়িক প্রয়োগ। নানাবিধ জ্বরীয় অবস্থায় ও ইনফ্লামেটরি ফিবারে পানীয় রূপে টার্টারিক এসিড্ দ্রব চিনির সহিত মিশ্রিত করিয়া ব্যবহার করিলে সত্বর পিপাসা দমন ও উত্তাপ লাঘব হয়।

ইষ্টমাকের ইরিটিবিলিটি, নসিয়া বা বমনোদ্রেক, বমন ও অপরাপর যন্ত্রণা নিবারণার্থে ইহা দ্বারা এফারভেসিং ড্রাপ্ট্ প্রস্তুত করিয়া ব্যবহার করিলে অত্যন্ত উপকার হয়। অপর সল্প মাত্রায় টিংচার ওপিয়াই, এসিড্ হাইড্রসিয়ানিক্ ডিল্, অথবা টিংচার কলম্বা ইহার সহিত মিশ্রিত করিলে আরও উপকার হয়।

ডিস্পেপশিয়া রোগে ইহার সহিত এসিড্ টার্ট্রেট্ অব্ পটাস মিশ্রিত করিয়া ব্যবহৃত হইতে পারে। অপর ডিসেণ্টরী রোগেও প্রযোজ্য।

Acidum Citricum. **Citric Acid.**

এসিডাম্ সাইট্রিকম্। সাইট্রিক্ এসিড্।

মাত্রা ১০—৩০ গ্রেণ্।

ক্রিয়া। রিফ্রিজারেণ্ট, এণ্টি স্কর্বিউটিক্ এবং ফেব্রিফিউজ্। সাইট্রেট্ অব্ পটাস ও এমোনিয়া সহ সুন্দর শৈত্য-কারক ও মৃদু মূত্রোৎপাদক। সোডা ও মেগ্নেশিয়া সহ পার্গেটিভ্।

এফার ভেসিং ড্রাফটের তালিকা।

২০ গ্রেণ্ কার্ব্বনেট্ অব্ সোডা=১৭ গ্রেণ্ সাইট্রিক্ এসিডে দরকার।
১০ গ্রেণ্ বাইকার্ব্বনেট্ অব্ " =১৭
২০ গ্রেণ্ কার্ব্বনেট্ অব পটাস =১৭
এমোনিয়া =১৪

আময়িক প্রয়োগ। জ্বরাবস্থায় সাইট্রিক এসিড্ জলে দ্রব করিয়া চিনির সহিত ব্যবহার করিলে অতি উপাদেয় পানীয় প্রস্তুত হয় অথচ অনতি বিলম্বে শরীরের জ্বালা ও উত্তাপ তিরোহিত হইবে। এই উদ্দেশ্যে জ্বরাদি অবস্থায় আমরা লেমনেড্ ব্যবস্থা করিয়া থাকি। স্কার্ভিরোগে ইহার উপকারীতা অনেকেই অবগত আছেন কিন্তু এতদপেক্ষা লিমনজুস্ শ্রেষ্ট।

Succus Limonis | Lemon Juice.

সাক্কাস্ লিমোনিস্। | লিমন্ জুস্।

মাত্রা ১ ড্রাম্।

প্রয়োগরূপ।

১। সিরপ্ অব্ লেমন্স্। মাত্রা ১—৪ ড্রাম।

ক্রিয়া। রিফ্রিজারেণ্ট্, কার্ডিয়েক সিডেটিব্, এণ্টিস্কর্ভিউটিক্। ডাং ওয়েনরিঙ্ক্ কহেন একব্যক্তির ১ আং মাত্রায় লিমনজুস সেবন করিয়া ধমনির গতি অনেক মন্দ হইয়াছিল। ইহার বিশেষ ক্ষমতা এইযে লিমন্ জুস্ দ্বারা এক্রোনার্কটিক্ বিষধ্বংশ করে এবং ইউফর্বিয়েসি জাতীয় বিষ দ্বারা বিষাক্ত হইলে উক্তবিষ বিনষ্ট করিতে যথেষ্ট ক্ষমতা আছে।

আময়িক প্রয়োগ। স্কার্বিবা দন্তনাড়িতে ক্ষত উৎপন্ন হইয়া সর্ব্বদা দুর্গন্ধ ও রক্তপাত হইলে লাইমজুস প্রফিলেকটিব্ ও কিউরেটিব হইয়া উপকার করে।

একিউট্ ডিসেন্ট্রি ও ডায়েরিয়া রোগে ইহাদ্বারা সময় সময় বিস্তর উপকার হয়। কিন্তু স্কর্বিউটিক্ ডিসেণ্ট্রি রোগে অত্যন্ত আদরের সহিত ব্যবহৃত হইয়া থাকে।

গর্ভাবস্থায় বমন নিবারণ জন্য ডাং ডিউইস্ ইহার বিস্তর প্রশংসা করেন এবং হার্টবার্ণ অবস্থায়ও ব্যবহৃত হইতে পারে।

কঠিন আকারের পার্মার সোয়াইসিস্‌রোগে ইহার স্থানিক প্রয়োগ উপকার জনক। প্রুরাইটিস্ ভল্টাই ও প্রুরাইটিস্ এনাই রোগে উপকার করিতে পারে।

ডায়েবিটিস্ রোগে পিপাসা নিবারণ এবং জ্বরীয় ও প্রাদাহিক অবস্থায় উত্তাপ ও পিপাসা ধ্বংশ করণ জন্য লিমনজুস্ বিশেষ উপাদেয়।

Rosa. Rose.

রোজা। রোজ্

ব্যবহারার্থে ৩ প্রকার গোলাব ব্যবহৃত হয়।

১। রৌজি ক্যানাইনি।

২। রৌজি গ্যালিসি।

৩। রোজা সেন্টাফোলিয়া।

প্রয়োগ রূপ।

১। কন্‌ফেক্‌শিও রৌজিক্যানাইনি।

২। কন্‌ফেক্‌শিও রৌজি গ্যালিসি।

৩। ইন্‌ফিউজন্ রৌজি গ্যালিসি এসিডম্। মাত্রা ১—২ আং।

৪। সিরপ অব রৌজি গ্যালিসি। মাত্রা ১—৪ ড্রাম।

৫। একোয়া রৌজি সেন্টি ফোলিয়া। মাত্রা ১—২ আং।

ক্রিয়া। রিফ্রিজারেন্ট্, ডিমল্‌সেন্ট্, এবং অল্প এষ্ট্রীন্‌জেন্ট্।

ব্যবহার। অন্যান্য ঔষধের দুর্গন্ধ নিবারণ এবং কুইনাইন্ সহ পিল আকারে ইহার কন্‌ফেক্‌শন্ ব্যবহৃত হয়।

—০—

CAUSTICS CLASS.

কষ্টিক্স ক্লাশ

বা

দাহক ঔষধ শ্রেণী।

যে সমস্ত ঔষধের ব্যবহার দ্বারা শরীরের স্থানিক বিনাশ উৎপন্ন হয় অর্থাৎ বিধান ধ্বংশ করিয়া ক্ষত উৎপন্ন হয় তাহাদিগকে কষ্টিক্ কহে।

নিম্নলিখিত ঔষধ সকল এইশ্রেণীস্থ।

১। গ্লীশিয়েল্ এসিটিক্ এসিড্।
২। কষ্টিক্ পটাশ।
৩। কষ্টিক্ সোডা।
৪। ক্রোমিক্ এসিড্।
৫ ক্লোরাইড্ অব্ জিঙ্ক্।
৬। নাইট্রেট্ অব্ সিল্ভার্।
৭। অক্সাইড্ অব্ সিল্ভার্।
৮। সাল্ফেট্ অব্ কপার্।

—०—

Acidum Aceticum Glaciale.	Glacial Acetic Acid
এসিডম্ এসিটিকম্ গ্লিসিয়েলি।	গ্লিশিয়েল্ এসিটিক্ এসিড্।
Acidum Aceticum	Acetic Acid.
এসিডম্ এসিটিকম্।	এসিটিক্ এসিড্।

মাত্রা· জল মিশ্র করিয়া—১ ড্রাম—১ আং।

ক্রিয়া। গ্লিশিয়েল্ এসিটিক্ এসিড্ শুধু বাহ্য প্রয়োগের জন্য ব্যবহৃত হয়। ইহা অত্যন্ত দাহক, চর্ম্ম প্রদেশে প্রয়োগ করিলে অতি দ্রুত আর-

ক্লিম ও বেদনা উৎপন্ন করে এবং তৎপর সামান্য সময় মধ্যেই ফোস্কা উৎ-পাদন করিয়া থাকে। ব্যবহারে বিশেষ শতর্কতার দরকার কারণ, ইহা দ্বারা ক্ষত প্রদেশ অত্যন্ত গভির ও বিস্তৃত হইয়া উঠে। যে স্থলে কিডনির কোন প্রকার পীড়া নিবন্ধন ক্যান্থারাইডিস্ ব্যবহার অযোগ্য হয়, তথায় গ্লিসিরেণ্ এসিটিক এসিড্ দ্বারা কার্য্য সিদ্ধ হইতে পারে। ইহা দ্বারা ক্যান্থারাইডিন্ অতি শীঘ্র দ্রব হয় এবং ফোস্কা উৎপাদন জন্য উক্ত সলুশন সর্ব্বদা ব্যবহার্য্য। এসিটিক্ এসিড্ বাহ্য প্রয়োগ জন্য রুবিফেশিয়েণ্ট্, ভেসিকেণ্ট্, এসকারোটিক্, এবং এণ্টিসেপ্টিক্ উদ্দেশ্যে ব্যবহৃত হইতে পারে। জলমিশ্র ব্যতীত আভ্যন্তরিক প্রয়োগ করিলে প্রবল দাহক বিষক্রিয়া করে। জল মিশ্রিত করিলে শির্কার ন্যায় ইহা রিফ্রিজারেণ্ট্ ও এষ্ট্রিন্‌জেণ্ট্ হইয়া আভ্যন্তরিক উপকার করে।

আময়িক প্রয়োগ। ট্রাইকোফাইটন্ সার্সিনেটা (স্কার্ফিবিং ওয়ার্ম্) টিনিয়া বা ফেবাস্ (হানিকম্ব রিংওয়ার্ম্), রিংওয়ার্ম্, সোরায়েসিস্ এবং লেপ্রা, ক্লোয়েজ্মা. আদি নানাবিধ চর্ম্ম রোগে বাহ্য প্রয়োগ জন্য ব্যবহৃত হয়।

ইণ্ডোলেণ্ট্ এন্‌লার্জ্‌মেণ্ট্ অব্ দি সার্ভাইকেল্ গ্লণ্ড্ বা গলদেশের গুটিগুলি একটুকু শক্ত হইয়া স্ফীত হইলে ডাইলিউট্ এসিটিক্ এসিড্ হাই-পোডার্মিক ইন্‌জেক্ট্ করিলে অত্যন্ত উপকার হয়। ক্যান্সারাস্ আল্‌সারে স্থানিক প্রয়োগ জন্য প্রয়োগ হইতে পারে।

নিভাস্ মেটারনাস্, কর্ণস্ ওয়ার্টস্, সিফিলিটিক্ ওয়ার্ট্‌স্, ভেজিটেশন্ অবস্থায় ইহার স্থানিক প্রয়োগ করিবে।

Potassa Caustica. — **Caustic Potasa.**

পটাসি ক্যাষ্টিকা। — ক্যাষ্টিকপটাস্।

হাইড্রেট্ অব্ পটাস্।

সাধারণতঃ পটাসি হাইড্রাস্।

ক্রিয়া। প্রবল দাহক। আভ্যন্তরিক ব্যবহার কারণে দাহক বিষক্রিয়া করে সুতরাং আভ্যন্তরিক প্রয়োগ জন্য কখনই ব্যবহৃত হয় না। বাহ্য প্রয়োগার্থে সময়ে সময়ে ব্যবহার হইয়া থাকে তাহাও বিশেষ শতর্কতা সহিত। ইহা বা

ক্ষুদ্র দিবার জন্য ব্যবহার্য্য। ইহা বায়ুতে [illegible] অতি শিঘ্র জল হইয়া যায় কাজেই ষ্টপার্ড্ শিশিতে বন্ধ করিয়া রাখা কর্ত্তব্য। সমপরিমাণে কষ্টিক্ পটাস ও লাইম (পটাসা কম্‌কেলসিস) মিলিত করিয়া স্থানিক ব্যবহার্য্য।

আময়িক প্রয়োগ। হসপিটাল্ গ্যাংগ্রীন্, ইউট্রাইন্ আল্সারেশন্, ষ্ট্রিক্‌চার্ অব্ ইউরিথ্রা, নানাবিধ চর্ম্ম রোগ, নিভি, কার্ব্বঙ্কল্ রোগে বাহ্য প্রয়োগ জন্য নানাবিধ উপায়ে ব্যবহার করা যায়।

Soda Caustica. Caustic Soda.

সোডা কষ্টিকা। কষ্টিক্ সোডা।

হাইড্রেট অব্ সোডা।

ক্রিয়া। কষ্টিক্, এস্কেরোটিক্। ইহাও কষ্টিক্ পটাসের অনুরূপ কার্য্যকারী কিন্তু তদপেক্ষা কিছু মৃত। ইহা এণ্টাসিড্, এবং ইহাকের উপর শাক্ষাৎ অবসাদন উৎপন্ন করে। দাহকর সোডা ১০—৩০ মিনিম পর্য্যন্ত, প্রচুর জলের সহিত ব্যবহার্য্য।

Acidum Chromicum Chromic Acid.

এসিডম্ ক্রমকম্। ক্রমিক এসিড্।

ক্রিয়া। প্রবল কষ্টিক্। জল ও ময়দা সহ পেষ্টরূপে বাহ্যিক ব্যবহৃত হইতে পারে। ইহার শক্তি যদিচ তত প্রবল না হউক তথাচ অত্যন্ত আস্তে আস্তে উক্ত স্থানের ধ্বংশাবস্থা আনয়ণ করে। জলের সহিত ইহার সেচ্যুরেটেড্ সলুশন প্রস্তুত করিলে ব্যবহারে বেশ সুবিধা হয়। ইঁদুর ও পাখী প্রভৃতি ক্ষুদ্রপ্রাণী দিগকে ক্রমিক এসিডে ডুবাইয়া রাখিলে ১০। ১৫ মিনিট মধ্যেই এক কালে বিলীন হইয়া যায়। ক্রমিক এসিড্ আভ্যন্তরিক ব্যবহার হয় না।

আময়িক প্রয়োগ। সিফিলিটিক্ ওয়ার্টস্ ও ভেজিটেশন্ অবস্থায় ইহা, এসিটীক্ এসিড্ ও নাইট্রিক্ এসিডের পরিবর্ত্তে ব্যবহৃত হইতে পারে কিন্তু ১০০ ভাগে ১০২ ভাগ ডিষ্টিল্ ওয়াটার দ্বারা সলুশন্ প্রস্তুত করিয়া ব্যবহার করিবে। ডাঃ হিল্ ও কুপার প্রভৃতি চিকিৎসক গণ ইহাকে তত সুবিধা মনে

করেন না, তাঁহারা বলেন ইহা দ্বারা বেদনা উৎপন্ন হয়। হস্ততালুতে ওয়ার্ট্‌স্ হইলে সমপরিমাণ জলের সহিত ব্যবহার্য্য। ইউট্রাসের কোন কোন পীড়ায় ও হেমরয়ডেল্ টিউমারে ও প্রযোজ্য।

নানাবিধ ক্যান্সারাস্ ক্ষত ধ্বংশ করণাভিপ্রায়ে অনেক সময় ব্যবহৃত হয়।

Zinci Chloridum. — Chloride of Zinc.

জিঙ্কাই ক্লোরাইডম্। — ক্লোরাইড্ অব্ জিঙ্ক্।

বার্ণেট্ ডিসিন্ ফেক্টিং ফ্লুইড্।

Burnatt's Disinfacting Fluid.

লাইকর জিঙ্কাই ক্লোরাইডম্।

ক্রিয়া। অতি প্রবল দাহক। শরীরের কোনস্থানে প্রয়োগ করিলে সেই স্থানের এল্‌বিউমেন্ বা আণুলালিক পদার্থের সহিত মিলিত হইয়া দাহন কার্য্য উৎপন্ন করে। এতদ্ব্যতীত ইহা ডিস্‌ইন্ ফেক্‌টেণ্ট ও এণ্টিসেপ্টিক। আভ্যন্তরিক প্রয়োগ করিলে দাহক বিষক্রিয়া করে। যথেষ্ট পরিমাণ জলের সহিত আভ্যন্তরিক প্রয়োগ করিলে নার্ভাইন্ টনিক্ বা স্নায়বিয় বলকারক কিন্তু প্রায় আভ্যন্তরিক প্রয়োগ হয় না। ষ্টপার্ড্ বোতলে না রাখিলে শিঘ্র নষ্ট হইয়া যায়।

আময়িক প্রয়োগ। নানাবিধ ক্যান্সার্, কোনপ্রকার খারাপ আঘাত, অপরিষ্কার সাইনাস্, লুপাস্ আল্‌সারে শনে, বাহ্য প্রয়োগ করিলে দুষিত অবস্থা দূর করিয়া শিঘ্র সুস্থাবস্থা আনয়ন করে। কিন্তু ইহার ব্যবহারে অত্যন্ত শারীরিক উত্তেজনা আনয়ণ করে বলিয়া কেহ কেহ ব্যবহারে তত সুবিধা মনে করেণ না।

গণরিয়া রোগে (১ গ্রেণে জল ১ আং) ইহা দ্বারা সল্যুশন প্রস্তুত করিয়া পিচকারি ব্যবহার করিলে উপকার হয়। পুরাতন অবস্থায় ৩ গ্রেণে ১ আং জলে ব্যবহার্য্য। ডাং রিংগার ১ গ্রেণে ২০ আং জল দ্বারা প্রত্যেক ঘণ্টান্তর পিচকারি ব্যবহার করিতে আদেশ করেন।

গণরিয়েল্ অপ্‌থ্যাল্‌মিয়া রোগে ১ গ্রেণে ১ আং জল দ্বারা ধৌত করিলে

বিস্তর উপকার হইবে। অপর পিরুলেন্ট্ অপ্ থাল্মিয়া, ডিপ্ থিরিক অপ্ আল্মিয়া, পস্চুলার অপ্ আল্মিয়া, ইত্যাদি নানাবিধ অবস্থায়ও ব্যবহার করাযায়।

Argenti nitras. Nitrate of Silver

আর্জেন্টাই নাইট্রাস্। নাইট্রেট্ অব্ সিল্ভার্।

লুনার কষ্টিক্।

মাত্রা ⅙—½ গ্রেণ্।

ক্রিয়া। টনিক্, এন্টিস্প্যাজ্ মডিক্, সিডেটিব, স্থানিক্ প্রয়োগে কষ্টিক্। অধিক মাত্রায় প্রবল দাহক বিষক্রিয়া করে। ½ ১অথবা ২ গ্রেণ্ মাত্রায় বলকারক, আক্ষেপ নিবারক ও অবসাদক। সল্প মাত্রায় যদ্যপি ২। ৩ মাস পর্য্যন্ত ব্যবহার করাযায়, তাহা হইলে সময় সময় শরীরস্থ চর্ম্মে এক প্রকার নীলাক্ত বর্ণ উদ্ভব হয়।

শরীরের কোন মিউকাস প্রদেশে স্থানিক প্রয়োগ করিলে সেই স্থান সাদা হইয়া উঠে কারণ শরীরস্থ ক্লোরাইড্ সহ এবং এলবিমিনাস্ পদার্থ সহ মিলিয়া সাদা সরের মত হইয়া পড়ে এবং উক্ত সাদাংশ গুলি ক্রমে নীলাক্ত অবস্থায় পরিনত হয়, অবশেষে সিল্ভারের ভাগ অভাব হইলে কালোবর্ণ ধারণ করে। এতদ্ব্যতীয় ইহা নার্ভাস্ সিষ্টেমের একপ্রকার বিশেষ বলকারক ঔষধ। ইহা যে শরীরে আচোষিত হইয়া শারীর বিধানে ক্রিয়া নিষ্পন্ন করে তদ্বিষয়ে অনেকাংশে পরীক্ষিত হইয়াছে। বাহ্য প্রয়োগে ষ্টিমুলেণ্ট্, ভেসিকেণ্ট্, এবং এক্স্ কেরোটিক্। কোন আর্দ্র চর্ম্ম প্রদেশে ৩। ৪ বার সংলগ্ন করিলে অতি দ্রুত ফোস্কা উৎপাদন করে।

ব্যবহার কালে নিম্নলিখিত কয়েকটী বিষয়ের প্রতি দৃষ্টি রাখা কর্ত্তব্য।

১। আভ্যন্তরিক প্রয়োগ সময় নাইট্রেট্ অব্ সিল্ভারের সলুশন্ বা পীল্ আকারে রুটির শাঁসের সহিত ব্যবহার করা কর্ত্তব্য। কারণ ইহা পাকাশয়ে প্রবেশ করিলে গ্যাষ্ট্রিক জুসের সহিত মিলিত হইয়া ক্লোরাইড্ সহ অদ্রবরূপ ধারণ করে।

২। কোন রোগীকে ঔষধ ব্যবহার করার পূর্ব্বে, ইহা দ্বারা চর্ম্ম কৃষ্ণবর্ণ হওয়ার বিবরণ প্রথমেই তাহাকে জ্ঞাত করাইয়া দিবে।

৩। ইহার সংকোচন শক্তি আছে বলিয়া ব্যবহারে কোষ্ঠ কাঠিন্য জন্মিতে পারে।

৪। বর্ণের পরিবর্ত্তন আরম্ভ হইলে প্রথমতঃ মিউকাস প্রদেশেই প্রকাশিত হয়।

৫। ব্যবহারের সময় লবন যুক্ত আহার সম্বন্ধে বিশেষ বিবেচনা করিবে।

৬। ঔষধ ব্যবহার সময় রৌদ্র লাগান কর্ত্তব্য নয়। উত্তাপ সংযোগে অতি দ্রুত চর্ম্মের বর্ণ, কৃষ্ণবর্ণ হইয়া উঠে। বর্ণ সংশোধন জন্য আভ্যন্তরিক রূপে আইওডাইড্ অব্ পটাশিয়ম্ ব্যবহার করিবে।

৭। হাইপো সালফাইট্ অব্ সোডা দ্রব (১০ গ্রেণে জল ১ আং) দ্বারা চক্ষু ধৌত করিলে, কাষ্টিক দ্বারা বিবর্ণ চক্ষু পরিষ্কার হয়।

৮। ঔষধ ব্যবহারের পূর্ব্বে এবং মধ্যে মধ্যে বিরেচক দ্বারা কোষ্ঠ পরিষ্কার রাখা কর্ত্তব্য।

৯। অধিকর্দ্দিন কষ্টিক্ ব্যবহার করিতে মধ্যে মধ্যে ঔষধ ক্ষান্ত রাখিবে।

আময়িক প্রয়োগ। ক্রনিক্ গ্যাষ্ট্রিক্ আল্‌সারে নাইট্রেট্ অব্ সিলভার আর্সেনিকের ন্যায় উপকারী। এবং ইহার অন্যান্য উপদ্রবও সময় সময় বেশ উপশম বোধ হয়

ক্রণিক্ গ্যাষ্ট্রাইটীস্ জনিত পাইরোসিস উৎপন্ন হইলে প্রোফেসার উড্ ইহার প্রশংসা করেন্।

ক্রণিক্ ডাইরিয়া, ও ছেলেদের কঠিন পুরাতন ডায়েরিয়া অবস্থায় মলের বর্ণ জলবৎ বা শ্লেষ্মা মিশ্রিত হইলে নাইট্রেট্ দ্বারা উপকার হয়। অন্যান্য সংকোচক ও বলকারক ব্যর্থ হইলে নাইট্রেট্ ১ গ্রে। এসিড্ নাইট্রিক্ ডিল মিনিম, মিউসিলেজ্ গাম্ একেশিয়া, সিম্পল্ সিরাপ্ প্রত্যেক ৩ ড্রাম একত্র করিয়া ১ ড্রাম মাত্রায় ব্যবহার করিলে যথেষ্ট উপকার হয়।

একিউট্, সাব্ একিউট্, এবং ক্রণিক ডিসেণ্ট্রি রোগে নাইট্রেট্ অব্ সিলভারের তুল্য ঔষধ আর নাই। এপর্য্যন্ত যত প্রকার ঔষধ ব্যবহৃত

করা গিয়াছে তন্মধ্যে নাইট্রেট্ অব্ সিলভার দ্বারা যতদূর উপকার সংসাধিত হওয়া গিয়াছে, কোন ঔষধই তদনুরূপ হয় নাই কিন্তু ব্যবহার বিষয়ে বিশেষ বিবেচনার দরকার। ইহা এক প্রকার উগ্রবিষ সুতরাং ব্যবহার সময়ে ইহাকে অত্যন্ত মর্দ্দনরূপে পাউডার করিয়া পালভ ইপিকাক কম্পাউণ্ডের সহ পীল্ আকারে ব্যবহার করিলে সুন্দর উপকার হয়। অথবা মিউসিলেজের সহিত সামান্য পরিমাণে ওপিয়ামের সহিত এনিমা আকারে মল দ্বারে প্রয়োগ করিলেও যথেষ্ট উপকার হয়।

কলেরা রোগে ব্যবহার করিয়া বিশেষ কোন ফল লাভ হয় নাই। যে সমস্ত রোগে ইন্টেষ্টাইনে আলসার বা ক্ষত উৎপন্ন হয়, তাহাতে নাইট্রেট্ অত্যন্ত উপকারী।

এমিনোরিয়া, ইউট্রাইন লিউকোরিয়া ও গণরিয়া রোগে ৩ গ্রেণ ডিষ্টিল ওয়াটার ১ আং দ্বারা ইনজেকশন্ দিবে। গণরিয়া রোগের প্রাথমিক অবস্থায় ১৫—২০ গ্রেণে ১ আং জল দ্বারা লোশন প্রস্তুত করিয়া একটী কাচের পিচকারী দ্বারা ইনজেকশন ব্যবহার করিবে। এতদ্ব্যতীত এরোগে অন্যান্য আভ্যন্তরিক চিকিৎসাও করা বিধেয়, কিন্তু পীড়ার একিউট অবস্থায় কোপেবা কি কিউবেব্ দ্বারা চিকিৎসা করা বিধেয় নহে।

ক্রণিক্ ইউরিথ্রাইটীস্, ও আলসারেশন্ অব্ ইউট্রাই, ও ভেজেনাইটীস্ রোগে ইহার সলুশন্ ব্যবহার করিলে উপকার হয়। ২০—৩০ গ্রেণ ডিষ্টিল্ ওয়াটার ১ আং দ্বারা লোশন প্রস্তুত করিয়া ব্যবহার করিবে। ভেজেনাইটিস্ রোগে একটী স্পেকিউলাম্ প্রবেশ করাইয়া তৎপর কষ্টিক লোশন ব্যবহার করিবে।

প্ররাইটিস্ পিউডেণ্ডাই, প্ররাইটীস্ এনাই রোগে ২০ গ্রেণ বারা ১ আং জলে শলুশন প্রস্তুত করিয়া ব্যবহার করিবে।

ছেলেদের ইনকণ্টিনেন্স্ অব্ ইউরিন্ রোগে অন্যান্য চিকিৎসা নিষ্ফল হইলে সার্ এইচ্ টম্‌শন্ ১০ গ্রেণে ১ আং জল দ্বারা লোশন প্রস্তুত করিয়া একটী পিচকারী দ্বারা ইউরিথ্রার প্রষ্টেটিক্ পোর্শনে প্রবেশ করাইতে অনুমতি দেন এবং উপকার না হইলে এতদপেক্ষা উগ্র সলুশনও ব্যবহার করা যায়।

ইণ্ডোলেন্ট্ বিওবো ও একিউট্ অর্কাইটিস্ রোগে ইহার উগ্র সলুশন্ প্রস্তুত করিয়া স্থানিক ব্যবহার করিলে বিস্তর উপকার হয়।

ব্লাডারের ভিতরে কোন টিউমার নিবন্ধন হিমেটিউরিয়া উৎপন্ন হইলে ইহার মৃদু সলুশন্ দ্বারা পিচকারী প্রয়োগ করিবে। ক্রনিক সিষ্টাইটিস্ রোগে আর্জেনটাই নাইট্রাস ১ গ্রেণ্ গরম জল ৪ আং দ্বারা ব্লাডারে ইনজেক্শন্ করিলে উপকার হইবে। অপর প্রষ্টেট্ গ্লোণ্ডের পুরাতন ইনফ্লামেশনে ১০ গ্রেণে ১আং জল দ্বারা ইনজেকশন্ করিবে।

কোরিয়া, এপিলেপ্সি, স্পেজ মডিক্ এজমা, এবং হুপিং কফ রোগে কেহ কেহ ইহার আভ্যন্তরিক প্রয়োগ দ্বারা উপকার প্রাপ্ত হইয়াছেন কিন্তু কো-রিয়া রোগে বহুদিন ব্যবহার না করিলে বিশেষ উপকার হয় না অথচ অ-ধিক দিন ব্যবহারে চর্ম্মের বর্ণ নীলাক্ত হওয়ার নিতান্ত সম্ভাব না। হুপিংকফ রোগে নাইটেট্ $\frac{1}{2}$ গ্রেণ্, সিরাপ ৪ ড্রাম্, ডিষ্টিল্ ওয়াটার ১ আং। ½ ড্রাম মাত্রায় ব্যবহার্য্য।

ডিপ্থিরিয়া রোগে ১ ভাগে ৩ ভাগ জল দ্বারা লোশন প্রস্তুত করিয়া ব্যব হার কর্ত্তব্য। ক্রফ্ রোগে ২০ গ্রেণ জল ১ আং দ্বারা ফাসসে স্থানিক ব্যব-হার করিলে উপকারের সম্ভাবনা। স্কার্লেট ফিবারে মুখে গত উৎপন্ন হইলে ডাং কোপ্লণ্ডে্ ৪—৮ গ্রেণ ১ আং জলে মিশ্রিত করিয়া স্থানিক প্রয়োগ করিতে আদেশ করেন। মুখ গহ্বরীয় শিথিল ক্ষতে, এবং ক্রনিক্ লেরিঞ্জাইটিস্ রোগে উপরোক্ত নিয়মানুসারে লোশন প্রয়োগ করিবে। ক্রনিক্ ব্রংকাইটিস্ রোগে মিউকোপিকুলেণ্ট্ ডিস্চার্জ্ হইলে ডাং, ফিলিপস্ (১—৪ গ্রেণে ১ আং জলে সলুশন্ প্রস্তুত করিয়া ইহার স্প্রে ব্যবহার ক-রিতে আদেশ করেন)। ১০—৩০ গ্রেণে ১ আং জলে, লেরিঞ্জিয়েল্ থাইসিস্ রোগে ব্যবহার্য্য। ভোকেল্ কর্ডের প্যারালিসিস বশতঃ ফাংশনেল্ এফোনিয়া উৎপন্ন হইলে ইহার সলুশন্ একটী প্রোবেঙ্গ্ দ্বারা ব্যবহার করিলে বা স্প্রে আকারে বিশেষ উপকারী। এপ্থাস্ উৎপন্ন হইলে ১০ গ্রেণে ১ আং জল দ্বারা সলুশন্ প্রস্তুত করিয়া তুলি দ্বারা লাগাইবে।

গ্রানিউলার অপ্থালমিয়া বা কঠিন আকারের পিউরুলেণ্ট্ অপথাল-মিয়া রোগেঃ (১০ - ৩০ গ্রেণ জল ১ আং) রোগের অবস্থানুসারে, আই-

লিডের বাহ্য দিগ উল্টাইয়া একটী তুলিদ্বারা কন্জন্‌টাইভেল্ প্রদেশে সল্যুশন্ প্রয়োগ করিয়া কয়েক সেকেণ্ড্ অপেক্ষা করতঃ পরিষ্কার শীতল জল বা ১০ গ্রেণে ১ আং সাধারণ লবণ জল দ্বারা চক্ষু ধৌত করিলে আর কোন বিপদের সম্ভাবনা থাকে না,যদ্যপি চক্ষের চারিধারে অত্যন্ত স্ফীততা বর্ত্তমান থাকে তাহা হইলে (২—২০ গ্রেণে ১ আং) মৃদু সল্যুশন্ দ্বারা চক্ষে ড্রপ্ প্রয়োগ করিবে। রোগীর অবস্থানুসারে সার্ব্বাঙ্গিক চিকিৎসা, আহারের সুনিয়ম এবং অন্ত্র পরিষ্কার রাখা সর্ব্বতো ভাবে কর্ত্তব্য। অপর পিরুলেণ্ট্ অপ্থাল্মিয়া জনিত গ্রেনুলার আইলিডে মিউকোপিরুলেণ্ট্ ডিস্চার্জ্ নিবারণার্থ ৫—১০ গ্রেণে ১ আং জলে সল্যুশন্ প্রস্তুত করিয়া ফোঁটা ফোঁটায় চক্ষে প্রয়োগ করিলে বিশেষ উপকার হইবে। ছেলেদের পিরুলেণ্ট্ অপ্থাল্মিয়া রোগেও ব্যবহার্য্য কিন্তু ১আং জলে ৪গ্রেণের অতিরিক্ত যেন না হয়। আইলিডের ক্রণিক্ ইন্‌ফ্লামেশনে, গ্রেনুলার কন্‌জান্‌টিভাইটিস্, স্ক্রফিউলাস্ অপ্থাল্মিয়া ও অপ্থাল মিয়া টার্সাই রোগে (১০ গ্রেণে ১ আং জল) নাইট্রেট্ অব্ সিল্ভারের সল্যুশন্ দ্বারা বিস্তর উপকার হয়। Epiphora ইপিফোরা বা চক্ষু হইতে জল পড়া নিবারণার্থ (৩ গ্রেণে জল ১ আং) ইহার ব্যবহারে সময় সময় অত্যন্ত উপকার হয়। দিবসে ১ বা ২ বার বিধান করিবে। টেরিজিয়ম্ বা কেটারেল্ কন্‌জান্‌টিভাইটিস্ সহ বর্ত্তমানে নাইট্রেট্ বিধেয়। অপর ইণ্ডোলেণ্ট্ আল্সার এবং কর্ণিয়ার ওপাসিটি উৎপন্ন হইলে (১—৪ গ্রেণে ১ আং জল) কখন কখন কষ্টিক্ সল্যুশন্ দ্বারা যথেষ্ট উপকার হয়।

স্মল্‌পক্স্ বা বসন্ত রোগ উৎপন্ন হইলে, গুটি বাহির হওয়ার ৩য় বা ৪র্থ দিবসে কষ্টিক্‌পেন্‌সিল্ লাগাইলে অতি দ্রুত গুটিগুলি বসিয়া যায় এবং ৪র্থ বা ৫ম দিবসে ২০ গ্রেণে ১ ড্রাম জলদ্বারা মুখে লাগাইলে বিস্তর উপকার হয়। কিন্তু অত্যন্ত উগ্র ক্রিয়ায় ফোস্কা পড়িবার সম্ভাবনা। উইল্‌শন্, আর্পিজ্ জোষ্টার রোগেও ইহার প্রশংসা করেন।

এরিসিপেলাস্ রোগে অনেকানেক চিকিৎসক ইহার গুণ ব্যাখ্যা করিয়া থাকেন। বিশ্বাস যে, যে স্থানে ইন্‌ফ্লামেশন্‌টী উৎপন্ন হয়,তাহার চারিদিকে সুস্থ বিধান পর্য্যন্ত কষ্টিক্ সল্যুশন্ প্রয়োগ করিলে আর ইন্‌ফ্লামেশন্ বিস্তৃত

হইতে পারে না। আভ্যান্তরিক টিং ষ্টিল্ বিধান করিবে। কেহ কেহ কলোডিওন্ অথবা ষ্টার্ট্ ও বাহ্যিক ব্যবহার করেন।

পেম্ফিগাস্ রোগে ২ গ্রেণে ১ আং সলুশন্ ব্যবহার করিবে। এরিথিমা ইন্‌ফেন্টাস্ রোগে ও উপরোক্ত নিয়মে মৃদু সলুশন প্রযোজ্য। লুপাস্ নামক ধ্বংশ কারী ক্ষতে ১০ গ্রেণে ১ আং তৎপর ক্রমে ষ্ট্রং সলুশন্ এবং অবশেষে কষ্টিক্ পেন্সিল্ ব্যবহার্য্য। টিনিয়া ক্যাপিটাস্, সোরায়েসিস্ প্রুরাইগো, ইম্পিটাইগো, ইত্যাদি নানাবিধ চর্ম্মরোগে স্থানিক্ ব্যবহার করাযায়। সৌব্ নিপল্, কর্ণ, ওয়ার্টস্, ওনাইকিয়া, না কুনি, কার্ব্বাঙ্কোল্ ও বয়েলস্, অথবা দন্তোৎপাটনের পর রক্তস্রাব বা জলৌকা দংশিত ক্ষত হইতে রক্তপাত হইলে কষ্টিক্ ব্যবহার্য্য।

নানাবিধ আলসারস্, বিশেষতঃ উইক্, ইণ্ডোলেণ্ট্, ইত্যাদি নানাবিধ অবস্থায় (১—৬ গ্রেণে ডিষ্টিল্ ওয়াটার ১ আং) বিধেয়।

মিঃ টয়েন্‌বি মেম্ব্রেনা টিম্পেনির থিক্‌নেস্ অবস্থায় বধিরতা হইলে (৩০—৬০ গ্রেণে জল ১ আং) ইহা ব্যবহার করিতে বলেন।

হিষ্টিরিকেল্ হেডেক, ষ্টমাক্ হেডেক্, ফেশিয়েল্ নিউরাল্জিয়াতে কেহ কেহ ইহার আভ্যান্তরিক প্রয়োগ উপকারী মনে করেন।

সিফিলিস্ জনিত জিহ্বা ফাঁটিয়া গেলে, নানাবিধ বিষালুকীট্ বা জন্তু দংশন করিলে উক্তস্থান পোড়াইতে কষ্টিক্ ব্যবহৃত হয়। কেহ কেহ বলেন পাগ্‌লা কুকুরে কামড়াইলে উক্তস্থান নাইট্রেট্ দ্বারা জ্বালাইয়া দিলে আর হাইড্রো ফোবিয়া হইতে আশঙ্কা থাকে না, কিন্তু তাহা ভ্রম মাত্র।

শরীরের কোন্ স্থান জ্বলিয়া গেলে মৃদু কষ্টিক সলুশন্ দ্বারা উক্তস্থান ধৌত করিলে উপকার হইতে পারে।

বহুবিধ চিকিৎসক লোকমোটার এটাক্সি রোগে $\frac{1}{10}$—$\frac{1}{4}$ গ্রেণ্ মাত্রায় নাইট্রেট্ অব্ সিল্‌ভার আভ্যান্তরিক প্রয়োগ করিয়া অত্যন্ত উপকার প্রাপ্ত হইয়াছেন। ইহার সহিত একষ্ট্রাক্ট জেন্সিয়েন্ দ্বারা পীল্ প্রস্তুত করিয়া দিবে।

—•—

Argenti Oxidum. — **Oxide of Silver.**

আর্জেন্টাই অক্সাইডম্। — অক্সাইড্ অব্ সিল্‌ভার্।

মাত্রা $\frac{1}{2}$—২ গ্রেণ্।

ক্রিয়া। টনিক্, সিডেটিব, এন্টিস্প্যাজ্মডিক্ ইহার ক্রিয়া অধিকাংশই নাইট্রেট অব্ সিল্ভারের ন্যায় কিন্তু তদপেক্ষা মৃদু অধিকন্তু ব্যবহারে চর্ম্মের বর্ণ তত কালো হয় না। কখন কখন ইহার ব্যবহারে সেলিভেশন্ ও মাড়ির বর্ণ কাল হইয়া থাকে। ডাঃ ফিলিপ্‌স্ উক্ত অবস্থা গুলি কখনও দৃষ্টি করেন নাই। বাহ্যিক ব্যবহারে সংকোচক্ ও মৃদু দাহক। মলম আকারে। (১ ড্রাম মলম ১ আং) ব্যবহার করা যায়।

আময়িক প্রয়োগ। নাইট্রেট্ অব্ সিল্ভারের ন্যায়।

ANTACIDS.

এণ্টাসিড্‌স্

বা

অম্লনাশক বা ক্ষার।

এই শ্রেণীস্থ ঔষধ সকল অম্লের সহিত মিলিত হইয়া অম্লের গুণ বিনষ্ট করে, এবং নিজেদের ক্ষমতা ও ধ্বংশ হয়। ইহারা অম্লের সহিত মিলিত হইয়া লবণ উৎপন্ন করে সুতরাং ক্ষারের আধিক্যানুসারে লবণ সকল ৩ শ্রেণীতে বিভক্ত।

১। এল্কেলাইন্ সাল্ট্ বা ক্ষারাধিক লবন।

২। এসিড্ সাল্ট্ বা অম্লাধিক লবন।

৩। নিউট্রেল্ সাল্ট্ বা সমক্ষারাম্ল লবন।

পটাস্, সোডা, লাইম্, ম্যাগ্নেশিয়া, এমোনিয়া, লিথিয়া, ইত্যাদি ঔষধ সকল সর্ব্বদা ব্যবহৃত হইয়া থাকে।

নিম্নলিখিত ঔষধ সকল অম্ল নাশার্থ ব্যবহৃত হয়।

১। লাইকর্ ক্যাল্সিস্।

২। ক্রিটা প্রিপারিটা।

৩। কার্ব্বনেট্ অব্ লিথিয়া।

৪। সাইট্রেট্ অব্ লিথিয়া।

৫। বাইকার্ব্বনেট্ অব্ সোডা।

৬। ক্লোরাইড্ অব্ ক্যাল্সিয়ম্।

৭। সাল্ফেট্ অব্ ক্যাল্সিয়ম্।

৮। লাইকর্ পটাস্। কার্ব্বনেট্ অব্ পটাস্। কার্ব্বনেট্ অব্ সোডা।

Calcis Liquor, Solution of Lime,
ক্যাল্‌সিস্‌ লাইকর্‌। সলুসন্‌ অব লাইম্‌।

আর্দ্রচূর্ণ ২ আং, ১ গ্যালন পরিষ্কার জলের সহিত আলোড়ণ করিয়া বোতল মধ্যে রাখিয়া দিলে ১২ ঘণ্টাপরে উপরের স্বচ্ছ জলগুলি ছাঁকিয়া নিলেই ইহা প্রস্তুত হইবে।

মাত্রা ১—৪ আং।

ক্রিয়া। এণ্টাসিড, লিথন্‌ট্রিপ্‌টিক, এবং এষ্ট্রিন্‌জেণ্ট্‌। ইহা দুগ্ধের সহিত প্রতি নিয়ত ব্যবহৃত হইতে পারে। অধিক মাত্রায় বা অল্পমাত্রায় অধিক দিন ব্যবহার করিলে পিপাসা কোষ্ঠ বদ্ধ, এবং পরিপাক প্রণালী সম্বন্ধে বিবিধ গণ্ডগোল লক্ষিত হয়। ইহা রক্তে মিলিত হইয়া প্রস্রাব ক্ষারাক্ত করে। বিবিধ স্রাবণ গ্রন্থি সকলের ক্রিয়া মৃদু করে, সুতরাং সংকোচক। বাহ্যপ্রয়োগার্থ ক্ষত প্রদেশে ও চর্ম্মে ব্যবহৃত হইতে পারে।

আময়িক প্রয়োগ। অম্লাধিক্য, কার্ডিয়েল্‌জিয়া, এবং প্রাকাশয়ে অধিক পারমানে অম্লের জন্য ডিস্‌পেপ্‌শিয়া উৎপন্ন হইলে দুগ্ধের সহিত মিশ্রিত করিয়া ব্যবহার করিলে অত্যন্ত উপকার হয়। এবং ডিস্‌পেপ্‌শিয়া গ্রস্থ রোগীর প্রস্রাব অম্ল থাকলে ও বিধান করা কর্ত্তব্য। ষ্টমাকের আল্‌সারে ইহা সুন্দর উপকারী।

অম্লাধিক্য নিবন্ধন ডায়েরিয়া উৎপন্ন হইলে লাইম্‌ ওয়াটার সহিত কিছু মিউসিলেজ্‌ ও দুগ্ধ মিশাইয়া ছেলের পক্ষে বিশেষ আদরনীয়। ক্রণিক্‌ ডিসেণ্ট্রিতে এনিমা আকারে ব্যবহার্য্য।

ষ্টমাকের নানাবিধ পরিবর্ত্তন বশতঃ বমন উৎপন্ন হইলে বিশেষতঃ এসিডিটি বর্ত্তমান থাকলে ইহা সর্ব্বদা প্রয়োজ্য।

ব্রাইটিস্‌ পিটিরিয়াসিস্‌ রোগে উক্ত লাইম ওয়াটার্‌ প্রযোজ্য এক্‌জিমা রোগে নিম্নলিখিত রূপে ব্যবহৃত।

Re.

Lin calcis ℥ iv

Ext. Belladonna—gr xii

Zinci Oxid—ʒ ii

Glycerine—dm. i

Aq. Calcis—℥ iv

To be applied at night after bathing the part in very hot water.

ক্রুপ, ডিপথিরিয়া, ক্যান্সার অব ইউট্রাস, স্কার্লেট ফিবার, লিউকোরিয়া, গ্রিট, স্ক্রফিউলাস আলসার এবং থাইসিস রোগে অন্যান্য ঔষধ বা সির্কা সহ ব্যবহার্য্য।

বার্ণস ও স্কেল্ড অবস্থায় লিনিমেণ্ট ক্যাল্সিস বা কেবল আয়েলের ন্যায় উপকারী আর নাই।

মিনারেল এসিড ও অক্জ্যালিক এসিড দ্বারা বিষাক্ত হইলে বিষ নাসার্থ ব্যবহার্য্য।

টিনিয়া ক্যাপিটাস রোগে বাহ্য প্রয়োগার্থ ব্যবস্থেয়। এস্কেরিডাস নামক কৃমিরোগে এনিমা ব্যবহার করা যায়।

Creta Preparata. Prepared chalk.

ক্রিটা প্রিপারিটা। প্রিপেয়ার্ড চক।

মাত্রা। ১০—৬০ গ্রেণ।

প্রয়োগরূপ।

১। মিশ্চুরাক্রিটি। মাত্রা ১=২ আং।

২। পাল্‌বিস্ ক্রিটি এরোমেটীক্স। মাত্রা ১০=৬০ গ্রেণ্। নামান্তর—কন্‌ফেক্‌শিও এরোমেটীকা।

ক্রিয়া। এণ্টাসিড, এব্সারবেণ্ট, এবং এষ্ট্রিন্জেণ্ট। অধিক দিন ব্যবহার করিতে হইলে মধ্যে মধ্যে বিরেচক দ্বারা কোষ্ঠ পরিষ্কার না করিলে অন্ত্রে সঞ্চিত হইয়া অনিষ্ট উৎপন্ন করিতে পারে। ইহাও লাইকর ক্যালসিসের ন্যায় অন্ত্রস্থ মিউকাস মেম্ব্রেনের সিক্রিশন হ্রাস করে সুতরাং সঙ্কোচক। বাহ্য প্রয়োগার্থ ইহা ক্ষত প্রদেশে প্রয়োজ্য।

আময়িক প্রয়োগ। অম্লাধিক্য বশতঃ ডায়েরিয়া উৎপন্ন হইলে অথবা যে কোন প্রকারের ডায়েরিয়া রোগে ক্রিটা অতিশয় উপকারী। ইহার এরোমেটীক পাউডার সহ অন্যান্য ঔষধ মিশ্রিত করা যায়। স্বল্প পক্ক রোগ সহ ডায়েরিয়া হইলে লণ্ডন হস্পিটেলে ইহার বিস্তর ব্যবহার। পালব্

ক্যাইনো কম্পৌণ্ড, পাল্ ব ক্রিটী এরোমেটিক্ ক্রম্ ওপিয়াই, বিস্মাথ্ ইত্যাদি নানাবিধ ঔষধ সহ যথেষ্ট ব্যবহৃত হয়।

বাহ্য প্রয়োগার্থ কোন কোন চর্ম্মরোগে, ক্ষত প্রদেশে, দগ্ধ ক্ষতে, কি অন্য কোন ক্ষত হইতে অত্যন্ত পুয় নির্গত হইলে তাহা নিবারণার্থ ব্যবহার্য্য। ইচ্ছা হইলে ইহার সহিত লার্ড্ মিশ্রিত করিয়া নিবে।

Lithii Crbonas. Ci bonate of Lithi'

লিথি কার্ব্বনাস্। কার্ব্বনেট্ অব্ লিথিয়া।

মাত্রা ৩—৬ গ্রেণ।

প্রয়োগ রূপ।

১। এফার্ভেসিং কার্ব্বনেট্ অব্ লিথিয়া। মাত্রা ৫—১০ আং।

ক্রিয়া। এল্কেলাইন ডাইউবেটিক্ এবং এন্টিলিথিক্। ইহার ক্রিয়া ইউরিক এসিডের জন্য প্রকাশিত হয়, এবং ইউরিক এসিড্কে শীঘ্র দ্রব করিয়া ইউরেট অব্লিথিয়া প্রস্তুত করে। ডাং গেরড্ বলেন সোডা বা পটাশ হইতে ইহাদ্বারা ইউরিক এসিড অত্যন্ত দ্রব হয়। ডাং গেরেড্ বলেন ইহা কিছু অধিক দিন ব্যবহার করিলেও কোন প্রকার খারাপ লক্ষণ উৎপন্ন করে না। ইহার প্রযোগ রূপটী ব্যবহার্য্য।

আময়িক প্রয়োগ। ইউরিক এসিড্ ডায়েথিসিস্ এবং গাউট্ ও ইউরিক এসিড্ অশ্মরী রোগে, দ্রব করণার্থ ডাং গেরড্ ইহার অত্যন্ত প্রশংসা করেন।

Lethii Citras. Citrate of Lithium

লিথিয়াই সাইট্রাস্। সাইট্রেট্ অব্ লিথিয়ম্।

মাত্রা ৫—১০ গ্রেণ।

ক্রিয়া। ক্রিয়া ও ব্যবহার কার্ব্বনেট্ অব্ লিথিয়ার ন্যায়।

Calcii chloridum. Chloride of Lime.

ক্যাল্সিয়াই ক্লোরাইডম্। ক্লোরাইড্ অব্ লাইম্।

অন্যনাম—মিউরেইট্ বা হাইড্রেট্ অব্ লাইম।

মাত্রা ৩—১০ গ্রেণ্।

প্রয়োগরূপ।

১। সলুশন্ অব্ ক্লোরাইড্ অব্ ক্যাল্সিয়ম্। মাত্রা ১৫—৫০ মিনিম্।

ক্রিয়া। ক্লোরাইড্ অব্ ক্যাল্সিয়ম্ অল্প মাত্রায় ষ্টিমুলেন্ট্ ও স্রাবণ গ্রন্থি সকলের ক্রিয়া বৃদ্ধি করে। অধিক দিন ব্যবহার করিলে লিম্ফেটিক্ সিষ্টেমের উপর কার্য্য প্রকাশ করে এবং গ্লেণ্ডিউলার ও অপরাপর টিউমার সকলের বিনাশ সাধন করে। ৩½ ড্রাম মাত্রায় এক্রোনার্কটিক বিষের ন্যায় কার্য্যোৎপন্ন করিয়া একটী কুকুরের ৬ ঘণ্টায় প্রাণ বিনষ্ট করিতে পারে। ব্যবহার কালে অতি অল্প মাত্রায় আরম্ভ করিবে এবং ক্রমশঃ মাত্রা বৃদ্ধি করিবে। দুগ্ধের সহিত অথবা সিরাপ সহিত ব্যবহার্য্য।

আময়িক প্রয়োগ। স্ক্রফিউলাস্ ডায়েথিসিস্, ক্রণিক্ গ্লেণ্ডিউলার এন্লার্জমেন্টস্, টেবিস্মেসেণ্টারিকা, কলিকিউয়েটিব্ ডায়েরিয়া ইত্যাদি নানাবিধ রোগে বহুবিধ চিকিৎসক একবাক্যে ইহার গুণানুবাদ করিয়াছেন।

থাইসিস্ রোগে ১০ গ্রেণ মাত্রায় আহারের অব্যবহিত পরেই দুগ্ধ, গ্লিসরীন্ এবং জলের সহিত ব্যবহার করিলে সুন্দর উপকার হয়।

এণ্টিরিক্ ফিবারে ডায়েরিয়া উৎপন্ন হইলে ডাং কগ্হিল্ ইহার সমাদর করেন।

লুপাস্, এক্জিমা, ইম্পিটাইগো রোগে ১০—৩০ গ্রেণ্ মাত্রায় উদ্ভিজ্জ্য ক্ষারের সহিত প্রয়োজ্য।

ইউট্রাসের কোন প্রকার ফাইব্রাস টিউমারে বা আর্কাস্ সিনাইলিসে, অপর নন্ মেলিগ্নেন্ট্ টিউমারে মিউরেট্ অব্ লাইম্ বিস্তর উপকারি।

Calcii Sulphidum. — **Sulphide of Calcium**

ক্যালসিয়াই সাল্ফাইডম্ — সাল্ফাইড্ অব্ ক্যাল্সিয়ম্।

অন্যনাম—সাল্ফিউরেটেড্ লাইম্।

মাত্রা ⅛—২ গ্রেণ

ক্রিয়া ও ব্যবহার। প্রফেসার রিংগার সাল্ফাইড্ অব্ পটাশিয়ম সাল্ফাইড অব্ সোডিয়ম্ এবং সাল্ফাইড্ অব্ লাইম্কে পুয়োৎপত্তি নিবারণার্থ শ্রেষ্ঠ মনে করেন। তিনি বলেন সাপ্যুরেশন্ হওয়ার পূর্ব্বে ১ গ্রেণ মাত্রায় প্রত্যেক ২।৩ ঘণ্টান্তর বিধান করিলে প্রায় পুয় উৎপন্ন হইতে পারে না।

ডাং রিংগার, ডাং ফিলিপ্স্ আদি বহুদর্শী চিকিৎসকগণ বয়েল্, কার্ব্বঙ্কোল্, এবং অপরাপর অসুস্থ ক্ষত, সাধারণ ফোড়া, মেমারি এব্সেস্, কুইন্সি, স্ক্রফিউলাস্ অপ্থাল্মিয়া, স্ক্রফিউলাস ওটরিয়া ইত্যাদি নানাবিধ অবস্থায় ইহার অসীম প্রশংসা করেন। এতদ্ব্যতিত শিশু বয়সের পিগ্মেণ্ট্ ডিস্‌চার্জে ও ব্যবস্থেয়।

কিরেটাইটিস্ ও নানাবিধ কনজান্‌টিবাইটিস রোগে ডাং মো ১/১০— গ্রেণ মাত্রায় সুগার অব্ মিল্কের সহিত ব্যবহার করিতে অনুমতি দেন।

একনি, সাইকোসিস্ হর্ডিউলাম, সাপিউরেটিব্ বিউবো, এবং কার্ব্বঙ্কোলস্ রোগে ১/২ গ্রেণ মাত্রায় ব্যবহার্য্য।

Potassæ Liquor.	Solution of Potash.
পটাসি লাইকর্।	সলুশন্ অব্ পটাস্।

মাত্রা। ১৫—৬০ মিনিম।

ক্রিয়া। এণ্টাসিড্, ব্লাড্ অল্টারেটিব, ডাইউরেটিক্। আহারের পর ব্যবহার করিলে অম্ল নাশ করে। অপর ইহার সামান্ত রূপ ব্যবহার দ্বারাই রক্তস্থ এল্বিউমেন্ ও ফাইব্রিন্ ধ্বংশ হয়। অধিক দিন প্রয়োগ করিলে শরীর কেকেক্টিক্ বা নিস্তেজ ও জীর্ণ শীর্ণ হইয়া পড়ে। কেহ কেহ অনুমান করেন ইহা দ্বারা হেন্বেন্ বেলাডোনা, ও ষ্ট্রেমোনিয়মের ক্রিয়া নষ্ট করে সুতরাং একত্রে বিধান কর্ত্তব্য নয়। জল সংযোগ ব্যতীত ব্যবহার করিলে দাহক বিষক্রিয়া করে।

আময়িক প্রয়োগ। স্ক্রফিউলা রোগে পূর্ব্বে ইহার সুন্দর প্রশংসা ছিল কিন্তু কড্লিভার অয়েলের তুল কথনই নয়।

ক্রণিক্ ব্রঙ্কাইটীস্, ব্রঙ্কিয়েল্ কন্জেস্শন, অথবা নিউমোনিয়া রোগে

নিশউটা বা শ্লেষ্মা নিঃস্রবণ থর্ব্ব হইলে এবং শ্লেষ্মা ঘন হইয়া উঠিলে সাধারণ কফ নিঃসারক ঔষধ সহ ব্যবহার করিলে উপকার হয়। ১০—১৫ মিনিম্ মাত্রায় বিধেয়।

প্রস্রাবে অম্লাধিক্য হইলে অথবা মূত্রযন্ত্রে বিশেষ উত্তেজনা বর্ত্তমান থাকিলে, বা ক্রণিক সিষ্টাইটিস্ সহ মূত্রে অম্ল থাকিলে ৪০ মিনিম পরিমাণে লাইকর পটাস্ টিং ওপিয়ম্ এবং মিউসিলেজের সহিত ব্যবহার করা যায়।

ষ্টমাকের এসিডিটি, ও কার্ডিয়েলজিয়া নিবারণ জন্য সময় সময় দুগ্ধ বা বিটার ইন্‌ফিউশন্ সহ ব্যবহার করা যায়।

ক্রণিক রিউমেটিজম্, ও গাউট রোগে আভ্যন্তরিক ব্যবহার করিবে এবং বাহ্যিক ফোমেন্টেশন্ বিধান করা কর্ত্তব্য।

শরীরে অত্যন্ত ফ্যাট্ বা বশা উৎপন্ন হইলে তাহা বিনাশ জন্য লাইকর পটাসি বিখ্যাত। ডাং নেলিগেন্, ডাং বিগার ও অপরাপর চিকিৎসকগণ ৩০ মিনিম্ মাত্রায় আরম্ভ করিয়া ক্রমে বৃদ্ধি করিতে বলেন। ইহার সহিত দুর্ব্বলকারী আহারও বিধান কর্ত্তব্য।

মেমারি টিউমার এবং ওভেরিয়ান টিউমার উৎপন্ন হইলে পটাসি আইওডাইড সহ লাইকর পটাস্ বিধান করা যায়। বাহ্য প্রয়োগ জন্য বেলাডোনা প্লাষ্টার উপকারী।

নানাবিধ স্কিন্‌ডিজিজে বিশেষতঃ লেপ্রা, সোরায়েসিস্ সহ ষ্টমাকে এসিডিটি থাকিলে কিম্বা রোগী বাতজ ধাতু প্রকৃতি হইলে লাইকর পটাশ উপকারী। একনি বা ব্রণ হইলে আভ্যন্তরিক ব্যবহার দ্বারা উপকার হয়। এক্জিমা রোগেও ইহার ব্যবহার প্রচলিত। অথবা বাহ্য প্রয়োগ জন্য লাইকর পটাস ১ ড্রাম্ জল ১ পাইণ্ট্ ব্যবহার্য্য।

Potassii Carbonas. Carbonate of Potassium.

পটাসি কার্ব্বনাস্। কার্ব্বনেট অব পটাসিয়ম।

মাত্রা। ১০—৩০ গ্রেণ্।

ক্রিয়া। এণ্টাসিড্; ডাইউরেটীক্। ইহার ক্রিয়া অধিকাংশই লাইকর পটাসির অনুরূপ কিন্তু তদপেক্ষা কম দাহক বলিয়া অধিক মাত্রায় ব্যবহার

করা যায়। দুগ্ধের সহিত ব্যবহার করাই প্রশস্ত। অধিক জলের সহিত মূত্রকারক ক্রিয়া বৃদ্ধি পায়। একার ভেসিং ড্রাফ্ট্ জন্য ২০ গ্রেণে, ১৭ গ্রেণ সাইট্রিক্ ও টার্টারিক এসিডের দরকার।

আময়িক প্রয়োগ। অপরাপর ঔষধ অপেক্ষা ইউরিক্ এসিড্ দ্রবকরণার্থ ইহার ক্ষমতা অত্যন্ত বিখ্যাত। ইহা টিংচার হায়োসায়েমাস্ সহ ১০—৩০ গ্রেণ্ মাত্রায় মিউসিলেজ সহিত ব্যবহার করা যায়।

ক্রণিক্ এক্জিমা, হার্পিজ ও পিটিরায়েসিস নামক চর্ম্মরোগে ২০ গ্রেণে ১ আং লার্ডের সহিত ডাং নেলিগেন্ ব্যবহার করেন।

কর্ণের ভিতর ময়লা জন্মিয়া নানাবিধ উপদ্রব উৎপন্ন করিলে, ৩—২০ গ্রেণে ১ আং জলে দ্রব করিয়া সিরিঞ্জ্ করিলে উপকার হইবে।

Potassii Bicarbonas. — Bicarbonate of Potash.

পটাসি বাই কার্ব্বনাস্। — বাই কার্ব্বনেট্ অব্ পটাশ্।

মাত্রা। ১০—৪০ গ্রেণ্।

প্রয়োগরূপ।

১। একার ভেসিং শলুশন্ অব্ পটাশ।

ক্রিয়া। এণ্টাসিড্, ডাইউরেটিক। ইহা কার্ব্বনেট্ অব্ পটাস হইতে কিছু মৃদু অথচ সর্ব্বদা ব্যবহার্য্য। ইহাদের বিশেষত্ব এই যে শূন্যোদরে ব্যবহার করিলে, অম্বল বৃদ্ধি হয় অথচ আহারের পর প্রয়োগ করিলে অম্ল বিনাশ করে।

আময়িক প্রয়োগ। একিউট্ রিউমেটিজম্ রোগে অত্যন্ত বেদনা ও জ্বরীয় ভাব তিরোহিত হইলে ২০—৩০ গ্রেণ মাত্রায় আভ্যন্তরিক ব্যবহার করা যায়। অথবা স্নান্ জন্য ১ পাউণ্ড কার্ব্বনেট অব্ সোডা বা পটাস প্রত্যেক স্নানের জন্য প্রযোজ্য। ক্রণিক রিউমেটিজম্ রোগেও ইহা ব্যবহৃত।

ষ্টমাকের এসিডিটি ও কার্ডিয়েল্জিয়া রোগে আহারের পর বিধান করা কর্ত্তব্য। যদ্যপি ভক্ষ্যবস্তু নিয়মিত পরিপাক না হওয়া বশতঃ অম্ল উৎপন্ন হয়, তাহা হইলে আহারের পূর্ব্বে ব্যবহার করিবে।

অন্যান্য ব্যবহার কার্ব্বনেটের ন্যায়।

Sodii Carbonas. Carbonate of Soda,

সোডি কার্ব্বনাস্। কার্ব্বনেট্ অব্ সোডা।

মাত্রা। ৫—৩০ গ্রেণ্।

প্রয়োগরূপ।

১। শোডি কার্ব্বনাস্ এক্সিকেটা। মাত্রা ৩—১০ গ্রেণ্।

ক্রিযা। এণ্টাসিড্, অধিক মাত্রায় ইরিটেণ্ট্ পয়জেন্। বাইকার্ব্বনেট অব্ সোড়া হইতে অত্যন্ত উগ্র এবং ক্রিযা কার্ব্বনেট অব্ পটাসের ন্যায়।

আময়িক প্রয়োগ। কর্বনেট অব্ পটাসের অনুরূপ।

Sodii Bicarbonas, Biarbonate of Soda,

সোডি বাই কার্ব্বনাস্। বাই কার্ব্বনেট্ অব্ সোডা।

মাত্রা। ১০—৬০ গ্রেণ্।

প্রয়োগ রূপ।

১। লাইকর্ সোডি এফার ভেসেন্স্।

সামান্যতঃ ইহাকে শোডাওয়াটার্ কহে।

২। সোডি সিট্রোটাট্রাস্ এফার্ ভেসেন্স্। মাত্রা।

৩। ট্রোচিসাই সোডি বাই কার্ব্বনেটিস্। মাত্রা। ১—৬ লোজেঞ্জ।

ক্রিয়া। এণ্টাসিড্, অল্টারেটিব্, লিথণ্ট্রিপ্টিক্। অধিক মাত্রায় দীর্ঘ দিন ব্যবহার করিলে পরিপাক যন্ত্র সম্বন্ধে গণ্ডগোল উপস্থিত হয় এবং তৎসহ স্কার্ভিরোগ উৎপন্ন হয়। এফার্ভেসিং ড্রাফ্ট্ রূপে প্রায় সর্ব্বদাই ব্যবহৃত হয়। ২০ গ্রেণে ১৮ গ্রেণ্ টার্টারিক এসিড্ ও সাইট্রিক্ এসিডের প্রয়োজন। এবং ৪ ড্রাম লেমন্ জুসে ২০ গ্রেন্ সোডার আবশ্যক।

আময়িক প্রয়োগ। ষ্টমাকের এসিডিটি বর্ত্তমান থাকিলে আহারের ৩। ৫ ঘণ্টা পুর ১০-২০ গ্রেণ্ পরিমান বাই কার্ব্বনেট্ অব্ সোডা, কিঞ্চিৎ সুগন্ধি জলের সহিত ব্যবহার করিলে অতি আশ্চর্য্য উপকার করে। পূর্ব্বোক্ত এসিডিটি জনিত কার্ডিয়েল জিয়া, ফ্লেটুলেন্স্ এবং বমন নিবারনার্থ ইহার

ক্ষমতা অতি উপাদেব। ছেলেদের এপ্থাস্ উৎপন্ন হইলে ইহার সহিত সামান্য পরিমান রুবার্ব্ব বা গ্রেপাউডার মিলাইলে বিস্তর উপকার করে। অত্যন্ত অম্লোদগারের সহিত ডিস্পেপ্সিয়া বর্ত্তমান থাকিলে আহারের পূর্ব্বে কখনই ব্যবহার করিবেনা।

লিথিক্ এসিড্ ও ইউরিক্ এসিড্ ডায়েথিসিসে বাই কার্ব্বনেট্ অব্ সোডা অত্যন্ত উপকারী,। ইহার সহিত ভিসিওয়াটার্ ব্যবস্থা করিবে।

কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ বা ক্লোরাইড্ অব্ সোডিয়ম্ দ্বারা কোন কোন সময় কলরাব চিকিৎসায় উপকার হয়।

ডায়েরিয়া সহ ডিস্পেপ্সিয়া বা তৎসহ কলিক্ এবং গ্যাষ্ট্রিক্ ইরিটিবিলিটি বর্ত্তমান থাকিলে টিং জিঞ্জাব্ ও স্প্রিট্ এমোনিয়া এরোমেটিক্ সহ ব্যবহার করিলে বিস্তর উপকাব হয়। ছেলেদের ও শিশুদের উদরাময়ে বাই কার্ব্বনেট্ ও পালব্ সিনেমন্ কম্পঃ সহ (২—৫ গ্রেণ্ মাত্রায়) উপকারী।

গর্ভাবস্থায় বমন নিবারনার্থ টিং কার্ডেমম্ কম্পঃ সহ সুন্দর উপকার সম্ভাবনা।

যে সমস্ত চর্ম্ম রোগ হইতে মাছের আঁইশবৎ মৃতচর্ম্ম বহির্গত হয়, অথবা অপরাপর চর্ম্মরোগে ইহার বাহ্য ও আভ্যন্তরিক প্রয়োগ উপকার জনক। আভ্যন্তরিক প্রয়োগজন্য ১৫ গ্রেণ মাত্রায় ইনফিঃ চিরতার সহিত ব্যবহার্য্য। এক্‌জিমা, ইম্পিটাইগো রোগে ২—৩ ড্রামে ১ প্যাইন্ট্ জলে লোশন্ প্রস্তুত করিয়া ধৌত করিবে। অপর টিনিয়া, সাইকোসিস্, লাইকেন্, লেপ্রা, সোরায়েসিস্, ইক্‌থিওসিস্, প্রুরাইগো ফেবোসা, ইত্যাদি নানাবিধ অবস্থায় ব্যবহার্য্য।

এল্‌বিমিন্যোরিয়া রোগে ও কেহ কেহ ব্যবহার করেন।

ASTRINGENTS CLASS.

এষ্ট্রিন্ জেণ্টস্ ক্লাশ

বা

সংকোচক্ ঔষধ শ্রেণী।

যে সমস্ত ঔষধ দ্বারা ক্যাপিলারিগণের সংকোচন বৃদ্ধি হয়, মাসকুলার্ ফাইবারের দৃঢ়তা জন্মায়, আণ্ডলালিক পদার্থের সংযমন উৎপন্ন করে এবং যে স্থানে প্রয়োগ করা যায় তথাকার বিধান সকলের কাঠিন্য সংসাধিত করে, তাহারাই সংকোচক শ্রেণীভুক্ত। সাধারণ রক্তস্রাবে বাহ্যিক ব্যবহার করিলে রক্ত রোধ করে। ডাং পেরেরা নিম্নলিখিতমতে ব্যবহারের উদ্দেশ্য ব্যক্ত করেন যথা—১। মিউকাস্ প্রদেশস্থ অস্বাভাবিক অতিরিক্ত সিক্রিশন্ রোধ করা, যেমন লিউকোরিয়া ও গনরিয়া রোগে। ২। ক্ষতপ্রদেশস্থ অতিরিক্ত সিক্রিশন্ দমন করা। ৩। প্রলাপ্সেস্ রেক্টাই বা প্রলাপসেস্ ইউট্রাই যথা স্থানে স্থাপন করিয়া উহাদের শক্তি ও দৃঢ়তা উৎপাদন জন্য। ৪। ইউট্রাস্ ও পাইলস্ হইতে রক্তস্রাব রোধ করণ অভিপ্রায়ে। ৫। কিউটেনিয়াস্ বা চর্ম্ম প্রদেশস্থ ইন্ফ্লামেশন্ দূরকরণ, যেমন এরিসিপেলাস্ রোগে কষ্টিক্ প্রয়োগ। প্রায় অধিকাংশ সংকোচক রাসায়নিক ক্রিয়া দ্বারা রক্তের এল্বিউমেন্কে জমাট্ করিয়া কার্য্য সম্পাদন করে।

ব্যবহার। ১। এটনিক্ ও পেসিব্ হেমোরেজ। ২। নন্ ইন্ফ্লামেটরি ডায়েরিয়া। ৩। ডায়েবিটিস্। ৪। লিউকোরিয়া, গনরিয়া, ও গ্লিট্ হইতে পুরাতন ডিস্চার্জে ৫। স্থানীয় শিথিলতা সহ লাংস্, ষ্টমাক, ব্লাডারের মিউকাস্ প্রদেশ হইতে ডিস্চার্জে। ৬। ক্ষতপ্রদেশের অত্যধিক নিস্রবণে। ৭। থাইসিস্ রোগের অতি ঘর্ম্ম নিবারণ জন্য।

নিষেধ। ১ ইন্ফ্লামেশন্। ২। একটিব্ হেমোরেজ্, ইন্ফ্লামেটরি ডায়েরিয়া এবং ইন্ফ্লামেশন্ সহ অত্যধিক মিউকাস নিঃসরণে। ৩। স্থানিয় দৃঢ়তায়। ৪। বিস্তৃত বাহ্যিক আঘাতে। উপরোক্ত অবস্থায় এসট্রিনজেন্ট্ দ্বারা ইন্ফ্লামেশন্ বিস্তৃত হইবার সম্ভাবনা।

নিম্নলিখিত ঔষধ সকল সঙ্কোচক শ্রেণী ভুক্ত।

এলম্।	বেয়ার বেরি লিব্‌স্।
কার্ব্বনেট অব্ জিঙ্ক্।	মেটিকো কোলিয়া।
এসিটেট্ অব্ জিঙ্ক্।	গল্।
লেড্।	ট্যানিক্ এসিড্।
অক্সাইড্ অব লেড্।	গ্যালিক্ এসিড্।
আইওডাইড্ অব্ লেড্।	ওক্‌বার্ক্।
নাইট্রেট্ অব্ লেড্।	ক্যাটিকিউ।
এসিটেট্ অব্ লেড্	কাইনো।
কার্ব্বনেট্ অব্ লেড্।	র‍্যাটানি।
সলিউশন্ অব্ এসিটেট্ অব্ লেড্	লগ্‌উড্।
সাল্‌ফেট্ অব্ কপার।	বেল্।
নাইট্রেট্ অব্ কপার।	

Alumen. Alum.

এলুমেন্। এলাম্।

মাত্রা। ১০—২০ গ্রেণ্।

প্রয়োগ রূপ।

১। গ্লাইসরীন্ অব্ এলম্।

২। ড্রায়েড্ এলম্।

ক্রিয়া। এষ্ট্রিন্‌জেণ্ট্ ও ষ্টিপ্‌টিক। ইহা বিধানস্থ এল্‌বিউমিনাস্ ও জিলেটিনাস্ পদার্থের উপর রাসায়ণিক ক্রিয়া দ্বারা স্থানিক রক্ত রোধক শক্তি উৎপন্ন করে। আভ্যন্তরিক ব্যবহার করিলে ইহা লিভার স্প্লিন ও ইউরিণে প্রকাশিত হয়। ডাং পেরেরা বলেন শরীরে আচোষিত হইয়া সঙ্কোচন উৎপন্ন করে এবং শরীরস্থ সমস্ত সিক্রিশনের খর্ব্বতা জন্মায়। ইহার সঙ্কোচন শক্তি অধিকাংশই মিউকাস প্রদেশে প্রকাশিত হয় এবং কোন শিথিল স্থানে ও রক্তস্রাবে প্রয়োগ করিলে তথাকার কেশিকায়িগণের কনট্রাক্‌শন্ বৃদ্ধি করিয়া উক্ত স্থানের কঠোরতা সম্পাদন করতঃ রক্ত

বোধ করে। ১ ড্রাম বা অধিক মাত্রায় ইহা দ্বারা বমন উৎপন্ন করে কিন্তু বমনকারক বলিয়া তত ব্যবহৃত হয় না। আভ্যন্তরিক প্রয়োগার্থ ইহার সূক্ষ্ম পাউডার মধু বা ট্রিকেল্ সহ ইলেক্চুয়েরি আকারেও ব্যবহার করা যায়। ক্রিম্ অব্ টার্টার সহ কোষ্ঠকাঠিন্য নিবারণ করে। ইংলণ্ডের অনেক স্থানে ১২০ গ্রেণ্ এলমকে ১ পাইণ্ট দুগ্ধের সহিত ফুটাইয়া সংকোচক ও বলকারক জন্য ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ। কলিকা পেক্টোনাম্ রোগে ইংলণ্ড নিবাসী ডাং পার্সিভেল্ ইহার বিস্তর প্রশংসা করেন।

ক্রণিক্ ডিসেণ্ট্রি রোগে ৩০ গ্রেণ পরিমাণ দিবসে ডোভার্স পাউডারের সহিত বিধানে অত্যন্ত উপকারী বলিয়া ডাং চয়ারিং বর্ণনা করেন।

ইণ্টেষ্টাইনের মিউকাস মেম্ব্রেণের শিথিলতা নিবন্ধন ডায়েরিয়া উৎপন্ন হইলে এলম্ ৫ গ্রেণ, পালব্ কাইনো কম্পঃ ৫ গ্রেণ, কন্ফেকশন্ রোজ্ যথা প্রয়োজন দ্বারা পীল প্রস্তুত করিয়া প্রয়োগ করিলে অত্যন্ত উপকার হয়। টাইফয়েড্ ফিবারের ডায়েরিয়া নিবারণ জন্যও ইহার অত্যন্ত ক্ষমতা। ষ্টমাকের কেটার ও পাইরোসিস্ রোগে এলম্ ব্যবহৃত হয়।

প্রলাপ সেস্ রেক্টাই রোগে ১—২ ড্রাম্ ৮ আং জলে মিশ্রিত করিয়া পিচকারী দিলে বিস্তর উপকার হয়। ব্লিডিং ও বেদনা যুক্ত অর্শ রোগে বিশেষতঃ তৎসহ ইনফ্লামেশন্ না থাকিলে এলম উপকারী।

মুখগহ্বর, গলদেশ, এবং ফসেসের পীড়ায় ১০ গ্রেণে ১ আং জলে ইহার লোশন্ প্রস্তুত করিয়া গার্গলস্ প্রয়োগ করিলে সুন্দর উপকার হয়। বিশেষতঃ আলসারেটিব ষ্টোমেটাইটিস, এনলার্জমেণ্ট্ অব্ টন্সিল, অল্সারেশন্ এণ্ড বিলেক্সেশন্ অব্ দি পেলেট্, ক্রনিক্ লেরিঞ্জাইটিস্, টায়েলিজম্, অল্সারেশন্ এবং স্পঞ্জিনেস্ অব্ দি গাম্ (পারদ সেবন বা স্কর্বিবশতঃ) ইত্যাদি নানাবিধ অবস্থায় এলম্ সর্ব্বদা প্রয়োজ্য।

গণরিয়া বা গ্লিট্ রোগে ২—৪ গ্রেণে ১ আং জলের সহিত ইহার পিচকারী বিস্তর উপকারী। অথবা সম পরিমাণে সাল্ ফেট্ অব্ জিঙ্ক মিলাইয়া ও ব্যবহার করা যায়। গণরিয়া প্রিপুশিয়েলিস্ অবস্থায় এলম্ ১ ড্রাম জল ১ আং দ্বারা প্রিপুসের অভ্যন্তরে বা গ্লেন্স্ পিনিসে পিচকারি ব্যবহার করিবে।

লিউকোরিয়া বা শ্বেত প্রদর রোগে ইহার সল্যুশন্ সহ জিঙ্ক্ সালফ্ মিলাইয়া অতি চমৎকার ভেজাইনেল্ ইন্জেক্শন্ প্রস্তুত হয়। অথবা এলম্ ৩ ড্রাম্ জিক: ওক্বার্ক্ ১ পাইণ্ট্ মিলাইয়া পিচকারি ব্যবহার করিবে। ডাং ডিউউইশ্ বলেন অনেক কঠিন অবস্থা হইতে ৩৫ গ্রেণ্, ক্রমে ১০ গ্রেণ্ নাইটার দিবসে ৩ বার বিধান করতঃ অনেকানেক রোগীকে আরোগ্য করিয়াছেন। ডাং টেইলার্ স্মিথ্ বলেন এলম্ সাল্ফ্ ৪ ড্রাম ট্যানিন্ ১-২ ড্রাম্ একোয়া ২ পাইণ্ট্ দ্বারা পিচকারি দিবে। অল্প বয়সের ভাল্ বাইটিস্ অবস্থায় ২ ড্রামে ১ পাইণ্ট্ জল দ্বারা ভিজাইবে ও পিচকারি দিবে।

মেনোরেজিয়া ও ইউট্রাইন্ হেমোরেজ নিবারণ জন্য ইহার পিচকারি অত্যন্ত উপকারী এবং অভ্যন্তরিক রূপে এলম্ ব্যবহার করিলে অতি শিঘ্র নিস্রবণ বোধকরে। ইউট্রাইন আল্সারেশন্ বা জরায়ু গহ্বরে ক্ষত উৎপন্ন হইলে ইহার ইন্জেক্শন্ ব্যবহৃত হয়

হিমেটিউরিয়া রোগে ১০।১৫ গ্রেণ্ মাত্রায় ৪।৬ ঘণ্টান্তর আভ্যন্তরিক বা বাহ্যিক ব্যবহার করিবে। অপর কেটার অব্দি ব্লাডার, এবং এল্বিমিনোরিয়া রোগে ডাং বনার্টস্ ইহার প্রশংসা করেণ।

এটনিক্ হিমপ্টিসিস্; এটনিক হিমেটেমেসিস্, হেমোরেজ্ ফ্রম্ লিচ্ বাইট্, এটনিক ইপিষ্ট্যাক্সিস্; দন্তোৎপাটনের পর রক্তস্রাবে বা অপরাপর রক্তস্রাবে ইহার ডেচুরেটেড্ সল্যুশন্ বা শুষ্ক এলম্ স্থানিক্ ব্যবহারকরিলেও অত্যন্ত উপকার হয় এবং আভ্যন্তরিক প্রয়োগ করিবে।

ক্রনিক্ হুপিংকফ রোগে ৩।৪ গ্রেণ্ মাত্রায় প্রত্যেক ৩।৬ ঘণ্টান্তর ব্যবহার করিলে আশ্চর্য্য উপকার হয়। ক্রমে বিবেচনা করিয়া মাত্রা নির্ণয় করিবে।

নানা বিধ পুরাতন চর্ম্মরোগ হইতে অত্যন্ত নিঃস্রবণ বোধ হইলে ইহার সল্যুশন্ (১ ড্রামে জল ৬ আং) স্থানিক প্রয়োগ করিলে অত্যন্ত উপকার দর্শে। প্রয়োজনানুসারে ইহার সহিত ওপিয়ম্ মিশ্রিত করা যায়। অপর ইন্ডোলেণ্ট্ আল্সার্, স্কার্বিউটিক আল্সার্, ক্যাংগ্রাস্ গ্রানিউলেশন্, এবং স্কিন্ ক্লেফ্ট্স্ অবস্থায় বিধেয়।

Zinci carbonas. carbonate of Zinc.

জিঙ্কাই কার্ব্বনাস্। কার্ব্বনেট্ অব্ জিঙ্ক।

ক্যালামাইন্।

প্রয়োগ রূপ।

১। অয়েণ্ট্‌মেণ্ট্ অব্ ক্যালামাইন।

ক্রিয়া। অন্যান্য অক্‌সাইডের ন্যায় কিন্তু আভ্যন্তরিক প্রায় ব্যবহার হয় না। সাধারণতঃ বাহ্য প্রয়োগার্থ পাউডার, বা অয়েণ্ট্‌মেণ্ট্ রূপে ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ। ব্রুজ্, ক্লেল্‌ড্‌স্, একস কোরিয়েশন, ক্রেকড্ হেণ্ড ও লিপস্, চিল্ ব্লেইন্‌স্, এবং বেড্ সোর্ ইত্যাদি নানাবিধ অবস্থায় বাহ্যিক ব্যবহার্য্য। অপর উইক্ ও ইণ্ডোলেণ্ট্ আলসার্ এবং স্বল্ পক্সে ব্যবহৃত হয়।

একজিমা প্রভৃতি চর্ম্ম রোগে অক্সাইড্ অব্‌জিঙ্কের সহিত একত্রিত করিয়া অতি চমৎকার উপকার প্রাপ্ত হওয়া যায়।

Zinci Acitus. Acetate of Zince.

জিঙ্কাই এসিটাস্। এসিটেট্ অব্ জিঙ্ক্।

ক্রিয়া। এষ্ট্রিন্‌জেণ্ট্। বাহ্য প্রয়োগ জন্য সময় সময় ব্যবহৃত হয় কিন্তু প্রায় আভ্যন্তরিক ব্যবহার হয় না। ১-২ গ্রেণ বলকারক ও সংকোচক, ১০-২০ গ্রেণ্ বমন কারক।

আময়িক প্রয়োগ। গণরিয়া, গ্লিট্, লিউকোরিয়া, ইত্যাদি নানা প্রকার অবস্থায় ২—৪ গ্রেণে ১ আং জলে মেশাইয়া ইনজেক্‌শন প্রয়োগ করা যায়। ডাং কুপার, সাল্‌ফেট্ অব্ জিঙ্ক ৬ গ্রেণে, লাইকর্ প্লাম্বাই ডাই এসিটেট্ ৩০ মিনিম্ একোয়া ৪ আং দ্বারা পিচকারী প্রয়োগ করিতে আদেশ করেণ।

ছেলেদের ও শিশুদের অপথাল্‌মিয়া রোগে উপরোক্তরূপে ব্যবহার করা যায়।

Plumbum. **Lead.**

প্লাম্বম্। লেড্।

সীসঘটিত ঔষধ সকলের সাধারণ ফিজিয়লজিকেল্ এক্শন্ বিষয়েডাং পেয়েরা বলেন"অল্পমাত্রায় ইহারা পরিপাক প্রনালীর ভিতর সংকোচন উৎপন্ন করে, নিস্রবণ রোধ করে, এবং অবশেষ কোষ্ঠ কাঠিন্য প্রকাশ করিয়া থাকে। শরীরে আচোষিত হইলে ধমনি গণের আয়তন চাপা বোধহয় এবং কার্য্য সম্বন্ধেও শিথিলতা উৎপন্ন করে। নাড়ীর গতি ক্ষুদ্র; এবং দ্রুত ও মৃদু হয়; শরীরের স্বাভাবিক উত্তাপ খর্ব্বহয়, রক্ত মিশ্রিত নিস্রাব, মিউকাস্ মেম্ব্রেনের সিক্রিশন, চর্ম্মের সিক্রিশন্, এবং প্রস্রাব পরিমাণে ন্যূনহয়। সুতরাং মুখগহ্বরের শুষ্কতা, ব্রংকিয়েল্ সিক্রিশনের ও চর্ম্মের ক্রিয়া খর্ব্বহয়। সীস ধাতু শরীরে উপযুক্ত রূপ আচোষিত হইলে দন্ত মাঢ়িতে এক প্রকার বিকৃত বর্ণ প্রতি ভাত হয়, এবং দন্ত ও মুখ গহ্বরের মিউকাস্ মেম্ব্রেনে উক্ত বর্ণ পরিব্যাপ্ত হয়। কোন কোন সময় সেলিভেশন্ বা সেলাইভা নীলাভ দৃষ্টহয়"। এসিটেট্ অব্ লেড্ও অপর কোন কোন ঔষধ অধিক মাত্রায় বিষাক্ত ক্রিয়া প্রকাশ করতঃ গ্যাষ্ট্রো ইন্টেষ্টাইনেল্ ইরিটেসন্ উৎপন্ন করে।

ইহা দ্বারা বিষাক্ত হইলে ফোর্আর্ম্মের এক্স্টেন্সার, মাসলস্ সকলের পেরালিসিস্ (রিষ্ট্ড্রাপ্ট্) হয়, ইন্টেষ্টাইনে গ্রাইপিং পেইন্ (কলিকা পেক্টোনাম) উদ্ভব হয়, লেড্ লাইন্ নামক দন্ত মাঢ়িতে এক প্রকার নীলাক্ত দাগ নির্গত হয়।

মুদ্রাশঙ্খ।

Plumbi oxidum. Oxide of Lead.

প্লাম্বাই অক্সাইডম্। অক্সাইড্ অব্ লেড্।

লিথার্জাইরাম্।

প্রয়োগ রূপ।

এম্প্লাষ্ট্রম্ প্লাম্বাই।

ক্রিয়া। ইহার আভ্যন্তরিক প্রয়োগ নাই। প্লাষ্টার প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

ব্যবহার্য্য। কার্ব্বোল যোগে বাহ্য প্রয়োগের জন্য ইহার প্লাষ্টার ব্যবহৃত হয়।

Plumbi Iodidum. Iodide of Lead.

প্লাম্বাই আইও ডাইডম্। আইও ডাইড্ অব্ লেড্।

প্রয়োগ রূপ।

১। অঙ্গুয়েণ্টম্ প্লাম্বাই আইও ডিডাই।

২। এম্প্লাষ্ট্রম্ প্লাম্বাই আইওডিডাই।

ক্রিয়া। $\frac{1}{2}$—$\frac{1}{2}$ গ্রেণ্ মাত্রায় ইহা অল্টারেটিব্, টনিক কিন্তু আভ্যন্তরিক্ প্রয়োগ কদাচিৎ হয়। সাধারণতঃ মলম ও প্লাষ্টার রূপে বাহ্যিক ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ। গণ্ডমালা জনিত গ্লেণ্ড্ বিবর্দ্ধিত হইলে ইহার বাহ্য প্রয়োগ বা কখনও আভ্যন্তরিক ব্যবহৃত হইতে পারে।

সার্ আর্ মার্টিন্ বাঙ্গালার সাধারণ পুরাতন প্লীহা বিবর্দ্ধনে ইহার আভ্যন্তরিক প্রয়োগ করিয়া অত্যন্ত অনুরাগ প্রকাস করেন। তিনি বলেন আইও ডাইড্ অব্ লেড্ ৩০ গ্রেণ্ কন্ফেক্শন্ অব্ রোজ্ যথা প্রয়োজন দ্বারা ১৪৭টী বটীকা প্রস্তুত করিয়া প্রাতে এবং রাত্রিতে সয়নের পূর্ব্বে ব্যবহার করিবে। ক্রমে বটীকাটী দিবসে ৩। ৪ বার ব্যবহার করা কর্ত্তব্য।

প্রুরাইগো, ক্রনিক্ একজিমা, এরিথিমা, সোরায়েসিস্ রোগে গ্লিসরীনের সহিত ব্যবহার করা যায় বা ইহার মলম সর্ব্বদা প্রযোজ্য।

Plumbi Nitras. Nitrate of Lead.

প্লাম্বাই নাইট্রাস্। নাইট্রেট্ অব্ লেড্।

ক্রিয়া। এষ্ট্রিন্জেণ্ট্। (১০—৬০ গ্রেণ জল ১ আং) বাহ্য প্রয়োগার্থ এবম্বিধ নিয়মানুসারে লোশন্ আকারে প্রয়োগ করা যায়। দুর্গন্ধ নিবারণার্থ ইহা সুন্দর ব্যবহার্য্য এইজন্য ইহার নাম Ledoyen's Disinfecting Fluid লিডইয়েন্স্ ডিসইন্ফেক্টেণ্ট্ ফ্লুইড্ কহে। ইহার এণ্টি সেপ্টিক্ বা পচন নিবারণ ক্ষমতা ও আছে।

আময়িক প্রয়োগ। হিমপ্ টিসিস্, সোর নিপল্, ফিশারড্ নিপল্, ক্রেপট্ড্ নিপল্ এণ্ড্ হেণ্ড্, ওনাইকিয়া প্রভৃতি অবস্থায় বাহ্য প্রয়োগ জন্ম ব্যবহার্য্য। ১ ড্রামে ১ আং জল দ্বারা লোশন্ প্রস্তুত করিয়া নানাবিধ দূষিত ক্ষত প্রদেশ জ্বালাইতে ব্যবহৃত হয়।

সীসশর্করা।

Plumbs Acetas. Acetate of Lead.

প্লম্বাই এসিটাস্। এসিটেট্ অব্ লেড্।

Sugar of Lead.

মাত্রা। ১—৪ গ্রেণ্।

প্রয়োগ রূপ।

১। সীসগ্রীণ্ অব্ এসিটেট্ অব্ লেড্।

২। লেড্ এণ্ড্ ওপিয়ম্ পীল্। মাত্রা ৩—৫ গ্রেণ্।

৩। কম্পৌণ্ড্ লেড্ সপোজিটরি।

৪। অয়েণ্ট্ মেণ্ট্ অব্ লেড্।

ক্রিয়া। এষ্ট্রিনজেণ্ট ও সিডেটিব্। আভ্যন্তরিক নিস্রাব সকলের আধিক্য দমন করে। লোশন্ রূপে (৩০—৬০ গ্রেণে জল ৬ আং) বাহ্যিক ব্যবহার্য্য।

ব্যবহার সম্বন্ধে মন্তব্য।

১। ইহা সেবনান্তর কার্ব্বনেট্ রূপ ধারণ করে বলিয়া ব্যবহার বিষয়ে একটুকু বিবেচনার দরকার। ডাইলিউট এসিটিক্ এসিড্ সহ মিলিত করিয়া ব্যবহার কর্ত্তব্য।

২। ইহা পীল আকারে ওপিয়মের সহিত মিশ্রিত করিয়া ব্যবহার করাই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। সাধারণ জলের সহিত কখনই প্রয়োগ বিধেয় নহে। ... ইনফ্লামেশন্ বর্ত্তমানে এইও একটী বৈ এষ্ট্রিনজেণ্ট্ আর ব্যবহার্য্য নাই। ফিস্রিশনের পর ওপিয়মের সহিত ব্যবহার করা যায়।

৩। ... অব্ লেড্ ব্যবহার কালে, এসিড্ ইন্ফিউশন্ অব্ রোজ, সালফিউরিক এসিড্, অন্যান্য সালফেইটস্, মেগ্নেশিয়া, এলম্, কষ্টিক...

ও কার্ব্বনেটস্ প্রয়োগ করিবে না। উহাদের সংস্রবে সুগার অব্ লেডের ক্রিয়া হানি করে।

৫। ব্যবহার করিতে করিতে কোন বিষ লক্ষণ প্রকাশ পাইলে প্রয়োগ রহিত করিবে। আল্সারেশন্ অব্ কার্ণিয়া বর্ত্তমান থাকিলে চক্ষে প্রয়োগ নিষিদ্ধ।

আময়িক প্রয়োগ। একিউট্ ও ক্রণিক ডিসেণ্টিরির প্রাধান্য সময় যখন মিউকাস্ ও ব্লাড্ নিঃসৃত হইতে থাকে তদবস্থায় ডোভার্স্ পাউডারের সহিত এসিটেট অব্ লেড্ মিশাইয়া ব্যবহার করিলে যথেষ্ট উপকার করে। অথবা এনিমা আকারে (এসিটেট ১০ গ্রেণ ডিল এসিটিক্ এসিড্ ১০ মিনিম, মর্ফিয়া এসিটেট্ ½ গ্রেণ একোয়া ৪ আং) ব্যবহার করিবে।

নানাবিধ ডায়েরিয়া রোগে এসিটিক্ এসিড্, টিং ওপিয়ম্, মিউসিলেজ্, ইপিকাক্ ইত্যাদি নানাবিধ ঔষধের সহিত একত্রিত করিয়া ব্যবহার করা যায়।

কলেরার পূর্ব্ব সময়ে যখন ডায়েরিয়া বর্ত্তমান থাকে তদবস্থায় এসিটেট্ অব্ লেড অত্যন্ত উপকারী।

ষ্টমাকের আল্সার, হেমোরেজ ফ্রম্ দি ষ্টমাক্ ও পাইরোসিস্ রোগে অন্যান্য ঔষধ সহ অত্যন্ত উপকারী। ২—৩ গ্রেণে, মর্ফিয়া ⅙-⅛ গ্রেণ মিশাইয়া ব্যবহার করা যায়।

ক্রণিক্ ব্রংকাইটিস্ ব্রংকোরিয়া, এবং থাইসিস্ রোগে অত্যধিক সিক্রিশন্ কমাইয়া উপকার করে।

এক্টিভ্ নিউমোনিয়া, ছেলেদের নিউমোনিয়া, রোগেও কেহ কেহ ব্যবহারে অনুমোদন করেন।

এক্টিব্ অথবা প্যেসিব্ হেমারেজ বিশেষতঃ হিমপ্টিসিস্, হিমেটিউরিয়া, এপিষ্ট্যাক্সিস্, মেলিনা, ওটরেজিয়া ইত্যাদি নানাবিধ অবস্থায় ২—৫ গ্রেণ, ½—১০ গ্রেণ্ ওপিয়মের সহিত বিস্তর উপকারী।

গণরিয়া, গ্লীট্ ও লিউকোরিয়া রোগে ৬ গ্রেণে একোয়া ১ আং অথবা লাইকর প্লাম্বাই স্যুব্ এসিটেট্ ২ ড্রাম একোয়া ১ পাইণ্ট দ্বারা পিচকারী দিবে।

ক্রনিক্ সিষ্টাইটিস্ রোগে ইউরিণ এল্কেলাইন্, ও ফস্ফেট্ ডিপজিট হইলে এসিটেট্ অব্ লেড্ দ্বারা ইঞ্জেক্শন্ দিলে উপকার দর্শে।

মেনোরেজিয়া ও প্লেটেনড্ এবার্ষণের সহিত হেমোরেজ হইলে টিং ওপিয়ম্ এবং মিউসিলেজ আদি সহ ব্যবহের।

গ্রেণিউলার আইরাইটিস্, একিউট্ এবং ক্রনিক্ ক্যাটারেল্ অপ্ থাল্মিয়া স্ক্রুফিউলাস্ অপ্ থাল্মিয়া, অথবা ভাস্কুলার্ কর্ণিয়া রোগে ইহার স্থানিক ব্যবহার উপকারী। ২ গ্রেণ জল ১ আং বা লাইকর প্লাম্বাই সাব্ এসিটেট্ ১০—১৫ মিনিম্ জল ১ আং দ্বারা উইক লোশন ব্যবস্থা করিবে।

এরিসিপেলাস, আর্টিকেরিয়া, লাইকেন্, এবং অন্যান্য চর্ম্মরোগে ইহার লোশন্ বিস্তর উপকারী। প্রয়োজনানুসারে এমোনিয়া কার্ব্ব, এসিটেট্ ১ড্রাম্ রোজ্ ওয়াটার ৮ আং লোশন্ আকারে প্রয়োজ্য।

সফেদা।

Plumbi carbonas. — Carbonate of Lead.

প্লাম্বাই কার্বনাস্। — কার্বনেট্ অব্ লেড্।

প্রয়োগরূপ।

১। অয়েন্ট্মেন্ট্ অব্ কার্বনেট্ অব্ লেড্।

ক্রিয়া ও ব্যবহার। ইহার আভ্যন্তরিক ব্যবহার নাই। অনেকানেক সনগ ক্ষত প্রদেশ শুষ্ক করণ জন্য বিশেষতঃ শরীরের কোন স্থান দগ্ধ হইয়া ক্ষত হইলে ব্যবহার্য্য।

Plumbi Subacetatis Liquor. — Solution of Sub acetate of Lead

প্লাম্বাই সাব্ এসিটেটিস্ লাইকর্। — সল্যুশন্ অব সাব্ এসিটেট্ অব্ লেড্ গোলার্ডস্ এক্স্ট্রাক্ট।

প্রয়োগরূপ।

১। ডাইলিউটেড্ সল্যুশন্ অব্ সাব্ এসিটেট্ অব্ লেড্। ইহাকে গোলার্ডস্ লোশন্ কহে।

২। কম্পোণ্ড অয়েন্ট্‌মেণ্ট্‌ অব্‌ সাব্‌ এসিটেট্‌ অব্‌ লেড্‌। ইহাকে গোলার্ডস্‌ সিরেট্‌ কহে।

ক্রিয়া। মৃদু সংকোচক এবং অবসাদক। লোশন্‌ আকারে বাহ্য প্রয়োগ জন্য সর্ব্বদা ব্যবহৃত হয়। মলম আকারেও ব্যবহার্য্য।

আময়িক প্রয়োগ। ব্লাডারের ষ্টোন্‌ বা পাথরি বশতঃ অত্যন্ত যন্ত্রণা উৎপন্ন হইলে গোলার্ডস্‌ লোশন্‌ ও টিং ওপিয়ম্‌ সম পরিমাণে মিলাইয়া উত্তপ্ত অবস্থায় ইহার ইন্‌জেক্‌শন্‌ ব্যবহার করিতে ডাং প্রাউট্‌ ব্যবস্থা দেন। প্রষ্টেটোরিয়া রোগে ডাং গ্রেবস্‌ ইহার প্রশংসা করেন।

সিফিলটিক্‌ ওয়ার্টস্‌ ও ভেজিটেশন্‌ উৎপন্ন হইলে একটী ক্যামেল্‌ হেয়ার্‌ ব্রাস্‌ দ্বারা ইহা স্থানিক ব্যবহার করিলে উপকার দর্শে।

প্রুরাইটিস্‌ পিউডেণ্ডাম্‌ রোগে লাইকর্‌ প্লাম্বাই সাব্‌ এসিটেটিস্‌ ১০ ড্রাম, টিং হ্যাযেলায়েসাস্‌ ২ ড্রাম, ক্যাম্ফার মিঃ ৮ আং উত্তপ্ত অবস্থায় স্থানিক ব্যবহার করিবে। প্রুরাইটিস্‌ স্ক্রোটাই, প্রুরাইটিস্‌ এনাই রোগেও অত্যন্ত উপকারী। ডাং ক্যামিরণ্‌ বলেন ইহার সহিত দুগ্ধ মিশ্রিত করিলে ইহার উপকার বৃদ্ধি হয়।

ভাল্‌বাইটিস্‌ রোগে ইহার লোশন্‌ উষ্ণ অবস্থায় কাপড়ে ভিজাইয়া স্থানিক ব্যবহার করিলে অত্যন্ত উপকার হয়। অপর পেইন্‌ফুল পাইলস্‌ রোগেও টিং ওপিয়মের সহিত বাহ্যিক ব্যবহার্য্য।

একজিমা, ইম্পিটাইগো এবং ক্রনিক্‌ একজিমা রোগে মলম আকারে ইহার বাহ্য প্রয়োগ মন্দনয়।

কোন স্থানের ইন্‌ফ্লামেশনে, এরিসিপেলাস্‌, এক্‌জাইমা, ওনাইকিয়া, চিল্‌ব্লেইনস্‌, প্রদাহিক গ্লেণ্ডস্‌, বেদনাযুক্ত বাহ্যিক আঘাত, বা কোন স্থান মোচড়াইয়া গেলে, কিংবা ইণ্ডোলেণ্ট্‌ অল্‌সার, এবং অন্যকোন খারাপ ক্ষতে বাহ্য প্রয়োগ জন্য গোলার্ডস্‌ লোশন্‌ স্থানিক প্রয়োগ করিয়া অত্যন্ত উপকার প্রাপ্ত হওয়া যায় নিয়ত ভিজাইয়া রাখিবে।

Cupri Nitras. — কুপ্রাই নাইট্রাস্‌।

Nitrate of copper. — নাইট্রেট্‌ অব্‌ কপার্‌।

ক্রিয়া। আভ্যন্তরিক ব্যবহার হয় না। দাহক্ অন্ত সিফিলিটিক্ আল্‌সারে, লুপাস্ আল্‌সারে কিম্বা অপরাপর মরণ' যুক্ত ক্ষতে স্থানিক প্রয়োগ করা যায়।

Uveæ ursi Folia — Bearrybio Leaves.

ইউভি আর্সাই ফোলিয়া। — বিয়ার্ বেরি লিব্‌স্।

পত্র চূর্ণের মাত্রা ১০—৩০ গ্রেণ্।

প্রয়োগরূপ।

১। ইন্‌ফিউশন্ অব্ বিয়ার বেরি। মাত্রা ১—২ আং।

ক্রিয়া। এষ্ট্রিন্ জেণ্ট্, এবং ডাইউরেটিক্ ও টনিক। ইহার মধ্যে ট্যানিক্ এসিড ও গ্যালিক্ এসিড্ থাকা নিবন্ধন সংকোচন গুণ উৎপন্ন হয়।

আময়িক প্রয়োগ। লিউকোরিয়া বা শ্বেত প্রদর রোগে কোন কোন সময় ইহার ইঞ্জেক্‌শন্ দ্বারা অত্যন্ত উপকার হয়। অপর গণরিয়া ও গ্লিট্ রোগে ও ব্যবহার্য্য।

ডাং পৌট্ ব্লাডারের বা মূত্রাশয়ের উত্তেজনা সত্বে বিশেষতঃ কিড্‌নির কোন কারণ জনিত উক্ত উত্তেজনা উদ্ভব হইলে ইহাকে অতি উত্তম মনে করেন।

ক্রনিক সিষ্টাইটিস্ বা মূত্রাশয়ের প্রদাহিক অবস্থায় ১০ আং পরিমাণে ইহার ইন্‌ফিউশন্ প্রত্যেক রোজ সেবন করা কর্ত্তব্য।

ক্রনিক্ ব্রংকাইটিস্ রোগে অত্যন্ত শ্লেষ্মা স্রবণ হইলে ইহাকে ব্যবহার করা প্রশস্ত।

Maticœ Folia. — Matico Leaves.

মেটিসি ফোলিয়া। — মেটিকো লিব্‌স্।

পাউডারের মাত্রা ২—২ ড্রাম।

প্রয়োগরূপ।

১। ইন্‌ফিউজন্ অব্ মেটিকো। মাত্রা ১—৪ আং

ক্রিয়া। এষ্ট্রিন্‌জেণ্ট এবং বাহ্য প্রয়োগে অতি প্রবল রক্ত রোধক।

রক্ত রোধার্থে ইহার পত্র বাহ্যিক ব্যবহৃত হয় ইহার পত্রের গুঁড়া আভ্যন্তরিক মিউকাস্ প্রদেশের উত্তেজনা উৎপন্ন করে।

আময়িক প্রয়োগ। মেনোরেজিয়া হিমপটিসিস্, ইউট্রাইন্ ক্যান্সার হইতে রক্তস্রাব্। কিম্বা ডিসেন্টেরিয়া রোগে ইহার ইন্‌ফিউশন্ সং লেড বা গ্যালিক এসিড্ মিশ্রিত করিয়া ব্যবহার করিতে দ্বিগুণ উপকার হয়।

বদর্শোকা দংশিত স্থান হইতে রক্তস্রাব, দন্তউৎপাটনের পর রক্তস্রাব কিম্বা অন্য সাধারণ আঘাতের পর রক্তস্রাব হইলে ইহার পাউডার প্রদেশ স্থানিক প্রয়োগ করিলে রক্ত পতন নিবারিত হয়।

Gallæ. | Galls.
গ্যালা। | গল্‌স্।

প্রয়োগরূপ।

১। টিংচার্ অব্ গল্‌স্। মাত্রা ½—২ ড্রাম্।

২। অয়েণ্ট্ মেণ্ট্ অব্ গল্‌স্।

৩। অয়েণ্ট্ মেণ্ট্ অব্ গল্‌স্ এণ্ড্ ওপিয়ম্।

ক্রিয়া। এষ্ট্রিন্ জেণ্ট্। ইহার সংকোচনশক্তি ট্যানিক্ এসিড্ ও গ্যালিক্ এসিডের উপর নির্ভর করে। ইহাতে ৩৫ অংশ ট্যানিক ও ৫ অংশ গ্যালিক্ এসিড্ আছে। সাধারতঃ ইহা ইপিকাকুয়ানা, এবং উদ্ভিদ্ বীর্য্য দ্বারা বিষাক্ত হইলে প্রয়োজ্য। কিন্তু টার্টার্ এমিটিক দ্বারা বিষাক্ত হইলেও সম্ভবতঃ ইহা দ্বারা যথেষ্ট উপকার হয়। বাহ্য প্রয়োগে সামান্যতঃ মলম আকারে ব্যবহার্য্য।

আময়িক্ প্রয়োগ। ক্রনিক্ ডায়েরিয়া, ডিসেণ্টি, ক্রনিক্ গণরিয়া, গ্লিট্ এবং লিউকোরিয়া, ইণ্টারমিটেণ্ট্ ফিবার ইত্যাদি নানাবিধ অবস্থায় গল্‌স্ ব্যবহৃত হয়।

সরলান্ত্র নির্গমন্ ও জরায়ু নির্গমন্ রোগে ইহার ইন্‌ফিউশন্ দ্বারা ইন্‌জেকশন্ প্রয়োগ করিলে বিস্তর উপকার লাভকরা যায়।

আলজিহ্বায় শিথিলতা ও টন্‌সিলের বিবর্দ্ধিত অবস্থায় এলম্ সহ ইহার ইন্‌ফিউশন্ দ্বারা গার্গল করিবে।

Acidum Tannicum. | **Tannic Acid.**

এসিডম্ ট্যানিকম্। | টেনিক এসিড্।

সাধারণতঃ ট্যানিন্ কহে।

মাত্রা ২—১০ গ্রেণ।

প্রয়োগ রূপ।

১। ট্যানিক্ এসিড্ সাপা জিটরি।

২। ট্যানিক্ এসিড্ সপোজিটরি উইথ্ সোপ্।

৩। ট্যানিক্ এসিড্ লোজেঞ্জেস্। মাত্রা ১—৬ লোজেঞ্জস।

৪। গ্লীসরীন্ অব্ ট্যানিক্ এসিড্।

ক্রিয়া। ২–৩ গ্রেণ মাত্রায় দিবসে ২। ৩ বার ব্যবহার করিলে প্রবল সংকোচক শক্তি প্রকাশ করে। একিউট্ হেমোরেজে কোন কোন সময় ৫-২০ গ্রেণ্ পর্য্যন্ত ব্যবহার করা যায়। ট্যানিক্ এসিড্ সারকুলেশনে প্রবিষ্ট হইয়া গ্যালিক্ এসিডে পরিণত হয় কিন্তু কেহ কেহ তাহা অস্বীকার করে। ইহা এল্‌বিউমেনস্ ও জিলেটিনের সংযমন উৎপন্ন করে। অধিক মাত্রায় বারম্বার প্রয়োগ করিলে মলদ্বারে শূল বেদনা, জিহ্বায় শুষ্কতা, পিপাসা এবং ডিস্‌পেপ্‌সিয়ার ন্যায় লক্ষণ উৎপন্ন হয়।

আময়িক প্রয়োগ। ফুসফুস্, পাকাশয়, এবং জরায়ু হইতে পেসিব্ হেমোরেজ বা দুর্ব্বলকর রক্তস্রাব উৎপন্ন হইলে ট্যানিন্ ৩—৬ গ্রেণ মাত্রায় আভ্যন্তরিক রূপে ব্যবহার করিলে বলকারক ও সঙ্কোচক হইয়া যথেষ্ট উপকার করে কিন্তু ইন্‌ফ্লামেশনের লক্ষণ দৃষ্ট হইলে প্রয়োগ বিধেয় নহে। দন্তমাড়ি হইতে রক্তস্রাব ও অর্শ হইতে রক্তস্রাব হইলে ইহার স্থানিক ব্যবহার দ্বারা তৎক্ষণাৎ রক্তরোধ হয়। হিম্পটিসিস্, অথবা ডিসেন্টরী রোগ হইতে বিপাক হইলে ট্যানিন্ সহ ওপিয়ম মিশ্রিত করিয়া নিয়াম কর্ত্তব্য। এপিস্‌ট্যাক্সিস্ রোগে ট্যানিনের গুড়া একটী পেন কলম দ্বারা ফুৎকার দ্বারা নাসিকায় প্রবেশ করা হইলে রক্ত রোধ হয়।

ক্রণিক ব্রংকিয়েল্ ক্যাটার রোগে যদ্যপি তৎসহ হৃৎপিণ্ডের কোন প্রকার পীড়া বা ধমনীর পীড়া না থাকে তাহা হইলে ১—২১/২—৩ গ্রেণ মাত্রায় ট্যানিন আভ্যন্তরিক ব্যবহার করিলে অত্যধিক নিষ্ঠীবন অতি সত্বরই

নিবারিত হয়। থাইসিস্ ক্রনিক হুপিংকফ রোগে ট্যানিন্ ব্যবহৃত হয়।

একিউট ইন্ফ্লামেশন তিরোহিত হইলে বিশেষতঃ মিউকাস প্রদেশের ইন্ফ্লামেশনে গ্লিসরীন অব ট্যানিক এসিড্ অতি চমৎকার স্থানিক প্রলেপ। ক্রণিক ইন্ফ্লামেশন অব্ দি থ্রোট্, ডেফনেস্, স্কার্লেট ফিবারের পর ট্যানিন অব গ্লীসরীণ ব্যবহার করিবে।

ক্রুপ এবং ডিপ্থিরিয়া রোগে ২—৬০ গ্রেণে ১ আং জল দ্বারা ইহার ইন্‌হেলেশন ব্যবহার করিবে।

ক্রণিক ডায়েরিয়া রোগে অন্যান্য ঔষধ ব্যর্থ হইলে ট্যানিন দ্বারা উপকার হয়। ওপিয়ম্ সহ পীল প্রস্তুত করিয়া আভ্যন্তরিক প্রয়োগ করিলে বিস্তর উপকার করে।

এটনিক ডায়েরিয়া রোগে ডাং এলিশনের মতে ইহার সহিত অল্প মাত্রায় নাইট্রিক এসিড মিশাইয়া প্রয়োগ বিধেয়।

প্রলাপসেস এনাই, হেমোরয়ডেল টিউমার ফিসার অব্ দি এনাস্ ইত্যাদি নানাবিধ অবস্থায় ট্যানিন ব্যবহার্য্য। ট্যানিন ১ ড্রাম্ গ্লীসরীণ ১৬ ড্রাম মিশাইয়া ফিসার অব্ দি এনাস রোগে দিবসে ২ বার প্রয়োজ্য।

গণরিয়া ও গ্লীট অবস্থায় ইহার ইঞ্জেকশন্ ফলপ্রদ। গ্লীসরীণ অব্ ট্যানিন ৩ আং ওলিব অয়েল্ ১ আং নিউসিলেজ ১ আং মিশাইয়া ইহার পিচকারি প্রয়োগ করিবে।

স্ত্রীলোকদিগের ইউরিথ্রাইটিস্ এবং যুবতী অথবা বালিকাদের ক্রণিক ভেজিনাইটিস্ রোগে গ্লীসরীণ অব্ ট্যানিন অথবা শুধু ট্যানিন দ্বারা বিস্তর উপকার হয়।

ন্যাজাল পলিপাস্ Polypus কিম্বা ন্যাজাল্ মিউকাস্ মেম্ব্রেন্ বা পেলেটাল্ মিউকাস মেম্ব্রেনের পুরাতন স্ফীত বা দৃঢ়তায় ট্যানিন স্থানিক ব্যবহার অথবা গ্লীসরীণ অব্ ট্যানিন তুলি দ্বারা প্রয়োগ করিবে। অপর শিশুদিগের ওফ্রিনা এবং ওটরিয়া বর্ত্তমানে ট্যানিক্ এসিড্ গ্লীসরীণ অত্যন্ত উপকারী

ডিস্পেপসিয়া রোগে ডাইলিউট্ নাইট্রিক্ এসিডের সহিত মিশাইয়া বিস্তর ফলপ্রদ। নাকুঁরিয়েল্ সেলিভেশন্ অথবা দন্তমাঢ়ি হইতে রক্তস্রাব

হইলে ইহার স্থানিক প্রয়োগ অতিশয় উপকারী। জেনেরেল এনাসার্কা রোগেও ব্যবহৃত হইতে পারে।

স্ত্রীলোকদের স্তনের অগ্রভাগে ক্ষত হইলে (৫ গ্রেণে একোয়া ১ আং) ইহার লোশন প্রয়োজ্য। ট্যানিনের সেচুারেটেড্ সলুশন্ দ্বারা ধৌত করিলে বেড্ সোর বৃদ্ধি পাইতে পারে না কি উৎপন্ন হইতে পারে না।

আং ট্যানিন এবং ৩ অংশ জল দ্বারা ধৌত করিলে অনেকানেক চক্ষু রোগের উপকার হয়। বিশেষতঃ একিউট ও ক্রণিক কন্‌জাংটিভাইটিস্, আল্‌সারেশন অব্ কর্ণিয়া, কর্ণিয়াইটিস্ ভাস্কুলার ওপাসিটি অব্ কর্ণিয়া হইলে ব্যবহার্য্য। একিউট্ অথবা ক্রণিক গ্রেনুলার কন্‌জাংটিভাইটিস্ রোগেও অতি সূক্ষ্ম গুড়া করিয়া কিম্বা স্প্রে রূপে প্রয়োজ্য।

কোন ক্ষত স্থান হইতে অধিক ডিসচার্য্য হইলে ইহার ৭।৫ গ্রেণে লার্ড বা জল ১ আং মিলাইয়া ব্যবহার করিলে শীঘ্র পুয ক্ষরণ খর্ব্ব হইবে। অর্বিটের ভিতর কোন প্রকারের ভাস্কুলার টিউমার উৎপন্ন হইলে ট্যানিন ১ ড্রাম জল ১ আং দ্বারা ইন্‌জেকশন্ প্রয়োগ করিবে। অপর নিভাস্, অস্‌মিড্রসিস্, একজিমা ইম্পিটাইগো, ইত্যাদি নানাবিধ রোগে ট্যানিন্ ব্যবহার্য্য।

Acidum Gallicum. — Gallic Acid.

এসিডম্ গ্যালিকম্। — গ্যালিক এসিড্।

মাত্রা ২—১০ গ্রেণ।

প্রয়োগরূপ।

১। গ্লীসরীন্ অব্ গ্যালিক্ এসিড্।

ক্রিয়া। এষ্ট্রিন্‌জেণ্ট্। ইহার সংকোচন শক্তি মুত্র যন্ত্রে প্রকাশ পায়। দূরবর্ত্তী কার্য্য প্রকাশার্থ গ্যালিক্ এসিড্ শ্রেষ্ঠ বলিয়া ডাং গ্যারড্ নির্দ্দেশ করেন। ট্যানিক্ এসিড্ প্রয়োগ করিলে শোষিত হওয়াতঃ কতকাংশ গ্যালিক্ এসিড্ এবং কতকাংশ গ্রেপ্‌সুগরে পরিণত হয় সুতরাং সম্পূর্ণ রূপে কার্য্য হয় না। বাহ্যিক প্রয়োগ করিলে চর্ম্ম প্রদেশে স্যামান্য পরিমাণে আরক্ত হয়।

আময়িক প্রয়োগ। হিমপ্টিসিস্, টিউবার্কিউলার হিমপ্টিসিস্ মেলিনা, হিমেটেমেসিস্, হিমেটিউবিয়া, এটণিক্ মেনোরেজিয়া এবং জরায়ু হইতে অপর কোন প্রকার রক্তস্রাবে গ্যালিক এসিড্ প্রায় অমোঘ।

প্রয়োজনানুসারে গ্যালিক্ এসিডের মাত্রা বাড়াইয়া দিবে। কিন্তু বাহ্যিক হেমোরেজ্ নিবারণ জন্য ট্যানিক এসিড্ উৎকৃষ্ট।

থাইসিস্ রোগের অতি ঘর্ম্ম নিবারণ জন্য সময় সময় গ্যালিক্ এসিড্ সহ সাল্ফিউরিক এসিড্ মিলাইয়া ব্যবহার্য্য। এতদ্ব্যতীত এরোগে উদরাময় থাকিলে তাহাও দমনকরে।

এল্ বিউমিনোরিয়া রোগে গ্যালিক এসিড্ দ্বারা বিশেষ কোন উপকার প্রাপ্ত হওয়া যায় না কিন্তু স্কার্লেটিনা বশতঃ এল্বি মিনোরিয়া উৎপন্ন হইলে কোন কোন সময় উপকার হয়।

ষ্টমাকের অথবা লিভারের কোন প্রকার পীড়া ব্যতীত যদ্যপি পাইরোসিস্ উৎপন্ন হয় তাহা হইলে গ্যালিক এসিড্ দ্বারা উপকার সম্ভবে। অপর ছেলেদের ক্রনিক্ ডায়েরিয়া অথবা গ্যাষ্ট্রিক ইরিটেশন্ বর্ত্তমানে ইহা বিশেষ উপকারী।

Quercus cortex. Oak Bark.

কোয়ার্কস্ কর্টেক্স্। ওক্বার্ক্।

প্রয়োগ রূপ।

১। ডিকক্শন্ অব্ ওক্বার্ক্।

ক্রিয়া। এষ্ট্রিন্জেণ্ট্, এবং এণ্টিপিরিওডিক। ইহার সংকোচন শক্তি ট্যানিক ও গ্যালিক্ এসিডের উপর নির্ভর করে। সাধারণত ইহা ইঞ্জেক্শন্ অথবা অন্যান্য রূপে বাহ্যিক ব্যবহৃত হয়।

আময়িক প্রয়োগ। ক্রনিক ডায়েরিয়া এবং ডিসেণ্ট্রি রোগে কোন কোন সময় ইহা দ্বারা বিস্তর উপকার হয়।

এটনিক মেনোরেজিয়া এবং লিউকরিয়া রোগে ইহার ডিকক্শন্ দ্বারা পিচকারি প্রয়োগ করিলে সুন্দর উপকার হয়। অথবা প্রয়োজনানুসারে এলমের সহিত মিশ্রিত করিয়া দিবে।

প্রলাপ্সেস্ রেক্টাই, প্রলাপ্সেস্ ইউট্রাই, এবং পাইলস্ অবস্থায় ইহার স্থানিক প্রয়োগ উপকারী।

কার্নিজিহ্বা ও টন্সিলের শিথিলাবস্থায় ইহার গার্গল উপকারী।

গ্যাংগ্রিণ ও অপরাপর খারাপ অবস্থার ক্ষতে ইহার পাউডার দ্বারা পুলটিস্ প্রয়োগ করিলে মন্দনয়।

Catechu. Gum Catechu.

কেটিকিউ। গাম্ কেটিকিউ।

মাত্রা। ১০—৩০ গ্রেণ্।

প্রয়োগ রূপ।

১। ইন্‌ফিউশন্ অব্ কেটিকিউ। মাত্রা ১—২ আং।

২। কম্পৌণ্ড্ কেটিকিউ পাউডার্। মাত্রা ২০—৪০ গ্রেণ্।

৩। টিংচার্ অব্ কেটিকিউ। মাত্রা ½—২ ড্রাম।

৪। কেটিকিউ লোজেঞ্জস্। মাত্রা ১—৩ লোজেঞ্জ্।

ক্রিয়া। পাওয়ার ফুল্ এষ্ট্রিন্‌জেণ্ট্। মাইমোট্যানিক্ এসিড্ ও কেটিকিন্ নামক ২টী পদার্থের উপর ইহার শক্তি নিহীত। অন্যান্য সুগন্ধ দ্রব্য কিম্বা চকের সহিত বিশেষ আদরের সহিত ব্যবহার্য্য। এল্‌কেলাইন্ সাল্টের সহিত ইহার ক্রিয়া বিনষ্ট হয়।

আময়িক প্রয়োগ। ইন্টেষ্টাইনের মিউকাস্ মেম্ব্রেনের শিথিলতা বশত ডায়েরিয়া বর্ত্তমান থাকিলে কেটিকিউ বিশেষ প্রয়োজনীয়। ইহার কম্পৌণ্ড্ পাউডার ১০—১৫ গ্রেণ্ মাত্রায় ব্যবহার করা যায়। অপর ছেলেদের ডায়েরিয়া রোগে ও আদরের সহিত ব্যবহার করা যায়। সোর্ নিপল বা চেপট্ নিপল্ অবস্থায় ইহার টিংচার স্থানিক উপকারী।

টায়েলিজিম্, আল্‌সারেশন্ অব্‌গাম্, স্পঞ্জিনেস্ অব্ গাম্, রিলাক্‌ছেশন্ অব্ ইউভিউলা, অথবা অন্যান্য পীড়ায় একটুকু খয়ের মুখে কিছুকাল রাখিলেই উপকার হইবে।

টন্সিলের বর্দ্ধিতাবস্থা, লিউকোরিয়া রোগে ইহার ব্যবহার মন্দনয়।

Kino. Kino.

কাইনো। কাইনো।

মাত্রা ১০—৩০ গ্রেণ্।

প্রয়োগ রূপ।

১। কম্পৌণ্ড্ পাউডার্ অব্ কাইনো। মাত্রা ৫—২০ গ্রেণ।

২। টিংচার্ অব্ কাইনো। মাত্রা ১/২—২ ড্রাম।

ক্রিয়া। ১০—৩০ গ্রেণ মাত্রায় সংকোচক। ইহার পাউডার ও টিংচার সুন্দর আভ্যন্তরিক ব্যবহৃত হইতে পারে। কখন কখন সংকোচন জন্য ইহা বাহ্যিক ও ব্যবস্থেয়।

আময়িক প্রয়োগ। কলিকিউলার ডায়েরিয়া, ও ডিস্পেপ্শিয়া, এবং পাইরোসিস্ রোগে কাইনো অথবা পাল ব্কাইনো কম্পৌণ্ড্ দ্বারা অত্যন্ত উপকার হয়।

থাইসিস্ রোগের অতি ঘর্ম্ম নিবারণ জন্য ইহার কম্পৌণ্ড্ পাউডারটী অত্যন্ত প্রশংসনীয়।

ইউভিউলার শিথিল অবস্থায় ইহাদ্বারা গার্গল্ করিবে।

Beal. Beal.

বেল্। বেল্।

প্রয়োগরূপ।

১। লিকুইড্ একষ্ট্রাক্ট্ অব্ বেল্। মাত্রা ১—২ ড্রাম।

ক্রিয়া। ইহার ক্রিয়া দুইপ্রকার যথা পক্ব বেলের শাঁশ মৃদু বিরেচক এবং পোষক অথচ কাঁচা বেল অগ্নিতে পোড়াইয়া ব্যবহার করিলে সংকোচক হইয়া উপকার করে। ইহার সংকোচন শক্তি ট্যানিক্ এসিডের উপর নির্ভর করে। বেলশুঠ—সংকোচক, পাচন, কটু, উষ্ণ, তিক্ত, ও বাতকফঘ্ন। বল্কল—গ্রাহী, কফ, বাত, আম, ও শূলঘ্ন।

আময়িক প্রয়োগ। অন্ত্রের দুর্ব্বলতা বশতঃ উদরাময় ও আমাশয় রোগে বেল অত্যন্ত উপকারী। বালিকদিগের পক্ষেও ইহা প্রশস্ত। দুর্দম্য আমাশয়েও ইহার উপকার লব্ধ হইয়াছে। যে প্রকার পেটের পীড়ার পর্য্যায়ক্রমে

তরল ভেদ ও কোষ্টবদ্ধ বর্ত্তমান থাকে, তাহাতে ইহা বিশেষ উপকারী। বিল্বপত্রের সদ্যরস পিত্তনাশক ও জ্বরঘ্ন। অপক্ক বা অর্দ্ধপক্ক ফল পোড়াইয়া ইক্ষুগুড় মৃত সেবনে পুরাতন আমাশয় ও গ্রহনী উপশমিত হয়। অপক্ক ছোট ছোট বেলখণ্ড খণ্ড করিয়া কাটিয়া রাখিয়া রৌদ্রে শুষ্ক করিলে বেলশুঠ প্রস্তুত হয়। ডাং ভোলানাথ বসু বলেন, ওলাউঠার প্রাদুর্ভাব সময়ে প্রত্যহ বেলের সরবৎ সেবন করিলে রোগাক্রমণের আশঙ্কা থাকে না বা প্রতিষেধক হয়। ডিঃ কুরুচির সহিত ইহার শুঠ বিশেষ উপকারী।

Krameriæ Radix. Rhatany Root.

ক্রামেরি রেডিক্স্। রেটানি রূট।

প্রয়োগরূপ।

১। একষ্ট্রাক্ট্ অব্ রেটানি। মাত্রা ৫—২০ গ্রেণ।

২। ইন্ফিউজন্ অব্ রেটানি। মাত্রা ১—২ আং।

৩। টিংচার অব্ রেটানি। মাত্রা ½—২ ড্রাম।

ক্রিয়া। প্রবল সংকোচক। ইহার ভিতর শতকরা ৪০ অংশ ট্যানিন্ থাকায় ইহার ক্রিয়া এত প্রবল। এতদ্ব্যতীত ইহাতে ক্রেমেরিক এসিড্ ও আছে।

আময়িক প্রয়োগ। এটনিক ও পেসিব্ হেমারেজ হিমেটিউরিয়া, পেসিব্ হেমারেজ ফ্রম্ দি ইন্টেষ্টাইন, মেলিনা ইত্যাদি নানাবিধ রক্তস্রাবে প্রযোজ্য।

লিউকোরিয়া রোগে অত্যন্ত নিস্রাব থাকিলে এবং রোগী নিতান্ত দুর্ব্বল হইলে ২০ গ্রেণ মাত্রায় ব্যবহার করিলে বিস্তর উপকার হয়।

ক্রনিক ডায়েরিয়া রোগে স্পেন্ দেশীয় চিকিৎসকগণ ইহার প্রশংসা করেন। কিন্তু ইন্ফ্লামেশন্ দূর হইলে বিধেয়।

ফিশার অব্ দি এনাস্, ফিশার্ অব্ দি নিপল্, ব্লিডিং গাম্, সুপার ফিশিয়েল্ টন্সিলাইটিস্ রোগে ইহার টিংচার স্থানিক ব্যবহার করিলে সুন্দর উপকার হয়।

Hæmatoxyli Lignum. | **Loog wood.**

হিমেটক্সিলাই লিগ্‌নম্‌। লগ্‌উড্‌।

প্রয়োগরূপ।

১। ডিকক্‌শন্‌ অব্‌ লগ্‌উড্‌। মাত্রা ১—২ আং।

২। এক্‌ষ্ট্রাক্ট্‌ অব্‌ লগ্‌উড্‌। মাত্রা ১০—৩০ গ্রেণ।

ক্রিয়া। সংকোচক ও বলকারক। ইহার ভিতর ট্যানিন বর্ত্তমান আছে। আভ্যন্তরিক ব্যবহার করিলে ইহা শরীরে আশোষিত হয়। সেবনের প্রায় ২০। ২৫ মিনিট পর ইহা প্রশ্রাবে বহির্গত হয়।

আময়িক প্রয়োগ। ক্রনিক ডায়েরিয়া ও ডিসেণ্ট্রি রোগে ইহার একষ্ট্রাক্ট ও ডিকক্‌শন্‌ ব্যবহৃত হয়। ইহা দ্বারা সুধু সংকোচন বিধান করে না, পরিপাক যন্ত্রের ও বল বিধান হয়। এতদ্ব্যতীত থাইসিস্‌ সহ ডায়েরিয়া থাকিলেও ব্যবহার্য্য।

লিউকোরিয়া রোগে ইহার ডিকক্‌শন্‌ আভ্যন্তরিক ব্যবহার করাযায় এবং বাহ্যিক ইঞ্জেক্‌শন্‌ ও প্রয়োগ করাযায়।

DEMULCENTS AND EMOLLIENTS CLASS.

ডিমল্‌ সেণ্ট্‌স্‌ এবং এমোলিয়েণ্ট্‌স্‌ ক্লাস্‌।

বা

স্থানিক শিথিলতা সম্পাদক এবং স্নিগ্ধ কারক শ্রেণী।

১। গাম একেশিয়া।

২। ট্রোগেকান্থা।

৩। লিকরিস্‌।

৪। গ্লীসরীন্‌।

৫। লিন সিড্‌।

৬। সোপ্‌।

Acaceæ Gummi. Gum Acatia.

একেশিয়া গমাই। গাম্‌ একেশিয়া।

গাম্‌ এরেবিকা।

প্রয়োগরূপ।

১। মিউমিলেজ অব্‌ গাম্‌ একেশিয়া।

ক্রিয়া। ডিমল্‌ সেণ্ট্‌ ও এমোলিয়েণ্ট। কেহ কেহ বিবেচনা করেন ইহা দ্বারা শরীর পোষ্টিক হয় এবং তজ্জন্য বহুমুত্র গ্রস্ত লোক দিগকে আহার স্বরূপে দেওয়া যাইতে পারে। মূত্র যন্ত্রের এবং ফুস্‌ ফুসের বিবিধ পীড়ায় অন্যান্য ঔষধ সহ সর্ব্বদা ব্যবহার করা যায়।

আময়িক প্রয়োগ। বিবিধ কফ রোগে অন্যান্য ঔষধ সহিত কফ মিকচার প্রস্তুত করিতে ইহার মিউসিলেজ অত্যন্ত আদরের॥

গাষ্ট্রইণ্টেষ্টাইনেল্‌ ইরিটেশন্‌, ডায়েরিয়া, এবং ক্যাল্‌কিউলাস্‌ এফেক্‌শনে অন্যান্য স্নিগ্ধকারক সহ মিউসিলেজ প্রয়োজ্য।

ইন্‌ফেণ্টাইল্‌ ডায়েরিয়া রোগে মিউসিলেজ ১ ভাগ জল ৩ ভাগ দ্বারা অত্যন্ত উপকার হয়। যখন ইহার সহিত বাহির বর্ণ সবুজ, এবং কখন

প্রচুর পরিমানে উদরাময় বর্তমান থাকে তদবস্থায় সামান্ত পরিমানে গ্রে-পাউডার মিলাইয়া প্রয়োগ করিলে আশ্চর্য্য উপকার হয়।

স্তনে ক্ষতহইলে সম পরিমানে বোরাক্স্ ও মিউসিলেজ একত্র করিয়া প্রয়োগ করিলে উপকার হয়।

Tragacantha. — Tragacanth.

ট্রেগে কান্থা। — ট্রেগে কান্থ্।

প্রয়োগ রূপ।

১। মিউসিলেজ অব্ ট্রেগেকান্থ্। মাত্রা ১ আং।

২। পাল্ বিস্ ট্রেগেকান্থ কম্পোঃ মাত্রা ২০—৩০ গ্রেণ।

ক্রিয়া। এমোলিয়েণ্ট্ ও ডিমল্ সেণ্ট্। এরেবিন ও বেমোনিন্ নামক ২টী পদার্থের উপর ইহার শক্তি নির্ভর করে, ইহাকে ট্রেগেকান্থিন্ ও বলে।

আময়িক প্রয়োগ। সাধারণ শর্দ্দি রোগে কফ থাকিলে ও থাইসিস্ রোগে সিরাপ অব্ পপিস্ সহিত ঈমল্সন্ রূপে ব্যবহার করা যায়। গণরিয়া রোগে, ডিসেণ্ট্রীতে আভ্যন্তরিক এবং ক্ষত প্রদেশ আবরণ জন্য বাহ্যিক ব্যবহৃত হয়।

Glycyrrhizæ Radix. — Liquorice Root.

গ্লাইসরিজি রেডিক্স্। — লিকরিস্ রুট্।

প্রয়োগ রূপ।

১। এক্সট্রাক্ট্ অব্ লিকরীস্। মাত্রা ৫—৬০ গ্রেণ।

২। লিকুইড্ এক্সট্রাক্ট্ অব্ লিকরীস্। মাত্রা ১ ড্রাম।

৩। কম্পৌণ্ড্ পাউডার্ অব্ লিকরীস্। মাত্রা ৩০—৬০ গ্রেণ।

ক্রিয়া ও ব্যবহার। ডিমল্সেণ্ট্ ও এমোলিয়েণ্ট। নানা বিধ কাশ রোগের উত্তেজনা দমন জন্য অন্যান্য ঔষধ সহ ব্যবহার করা যায়। এতৎ ব্যতীৎ মূত্র যন্ত্রের রোগাদিতে ও প্রযোজ্য।

Glycerinum. Glycerine.

গ্লাইসরাইনাম্। গ্লিসরীন্।

মাত্রা ১—২ ড্রাম।

ক্রিয়া। বিশুদ্ধ স্থানিক শিথিলতা সম্পাদক। অল্পমাত্রায় বহুদিন সেবন করিলে শরীর পোষিত হয়, পরিপাক শক্তির উত্তেজনা সম্পাদন করে এবং অর্থোগী বস্তু অবলীলাক্রমে শরীরে যুক্ত হয় অথচ অধিক পরিমান ইউরিয়া উৎপন্ন দমন করে। ইহার হাইড্রেগগ্ শক্তি অত্যন্ত চমৎকার। একটী পিচকারী দ্বারা ২—৪—৬ ড্রাম পরিমান গ্লিসরীন রেক্টমে প্রবেশ করাইলে ৫ মিনিটের মধ্যেই প্রচুর পরিমাণে মল বিনির্গত হইবে। কেহ কেহ বলেন ইহার এণ্টিসেপ্‌টিক ক্ষমতা মন্দ নয় এবং মিট্‌কারক মাস ও ঔদ্ভিজ্জ ৬—৮ সপ্তাহ পর্য্যন্ত ইহাতে ভিজাইয়া রাখিলে নষ্ট হয় না।

আময়িক প্রয়োগ। নানাবিধ চর্ম্ম রোগে ইহা দ্বারা উপকার হয় কিন্তু শুধু স্থানিকব্যবহার করিলে চর্ম্মের উত্তেজনা বৃদ্ধি করে সুতরাং অপরাপর ঔষধ সহ প্রয়োজ্য।

সুপার ফিশেয়েল বার্ণ্‌স্, স্কেল্‌ড্‌, এব্‌স্ কোরিয়েশন্, ইণ্টারট্রাইগো, চেপ্‌ট্‌ বা চোর নিপ্‌ল্ ওষ্ঠফাটা, পটিরায়েসিস্, ইত্যাদি অবস্থায় এবং প্রুরাইগো, লাইকেন্, স্ক্রুফিউলাস্, লেপ্রা, সোরায়েসিস্ আদিতে এসিড নাইট্রিক্ ডিল্ ঃ—১ ড্রাম, বিসমাথ্ সাব্ নাইট্রাস্ ঃ ড্রাম, টিং ডিজিটেলিস্ ১ ড্রাম, গ্লাইসরীন ঃ আং এবং রোজ ওয়াটার ৭ আং মিলাইয়া পীড়িত স্থানে ব্যবহার করিবে। এতদ্ব্যতীত দুর্ব্বলতার পর মস্তকের কেশ উঠিয়া গেলে কিম্বা মস্তকের শুষ্কতা বস্থায়—

R.

Spt. Ammon co. ʒ i

Glycerine—ʒ i v

T. Cantharidis ʒ i - ℥ ii

Aq. Rosmar. ℥ v iii.

অগ্নিদগ্ধ, পীড়ার দাগ দূরীকৃত জন্য ইহার স্থানিক প্রয়োগ মন্দ নয়। অপর হাইপার্ট্রফি অব্‌দি ইউট্রাস্, এণ্ডোমিটাইটিস্, ভেজিনাইটিস্, ইউট্রাইন্

কঞ্জেস্শন্ এবং প্রদাহ জনিত সার্ভিক্স্ ইউট্রাইর ঘনত্ব অবস্থায় কেহ কেহ গ্লিসরীন ব্যবহার করেন।

ডাং কটন্ আদি চিকিৎসক গ্লিসরীন্‌কে কড্‌লিভার অয়েলের পরিবর্ত্তে ব্যবহার করিয়া বিশেষ উপকার স্বীকার করিয়াছেন। কফ রোগেও ইহা মন্দ নয়।

ক্রুপ্ ও একোনিয়া পীড়ার প্রারম্ভে ইহার ইন্‌হেলেশন্ গ্রহণ করিলে উপকার হয়।

ইণ্টারনেল্ পাইল্‌স্ অবস্থায় ১—৩ ড্রাম্ মাত্রায় ২ কাচ্চা জলের সহিত প্রাতে ও সন্ধ্যার পূর্ব্বে প্রয়োজ্য। কখন কখন, চা, কফি, কিম্বা লিমন্ জুসের সহিত আহারের অব্যবহিত পরই প্রয়োগ করা যায়।

কর্ণের শুষ্কতা বশতঃ বধিরতা উৎপন্ন হইলে গ্লিসরীন্ স্থানিক প্রয়োগ করিলে বিস্তর উপকার হয়।

Linmum usitatissimum Common Flox.

LINSEED.

লিন্‌সিড্।

প্রয়োগরূপ।

১। ইন্‌ফিউজন্ অব্ লিনাই।

২। অয়েল অব্ লিনাই।

৩। লিন্‌সিড্ পুল্‌টিস্।

ক্রিয়া। ডিমলেসেণ্ট্, এবং এমোলিয়েণ্ট্। ইহার ইন্ ফিউজনটাই সর্ব্বদা ব্যবহৃত হইয়া থাকে। লিন্‌সিড্ ২ ড্রাম্ ৪০ গ্রেণ, লিকরিস্ রুট্ ১ ড্রাম্, একোয়া ১০আং। সময় সময় ইহার সহিত চিনি মিশ্রিত করা যায়। ইন্‌ফিউশনটী ২ আং মাত্রায় দিবসের প্রত্যেক সময় নিয়ত প্রয়োগ করা যায়। অধিক মাত্রায় ব্যবহার করিলে প্রস্রাব বৃদ্ধি হইয়া অন্যান্য মূত্রকারকের সাহায্য করে। ইহার তৈল ১—১ আং মাত্রায় স্নিগ্ধ কারক ও মৃদু বিরেচক কিন্তু প্রায় আভ্যন্তরিক ব্যবহৃত হয় না, এনিমা আকারে বাহ্যিক প্রয়োজ্য। মসিনার

কলি দ্বারা পুল্‌টিস প্রয়োগ করিলে অত্যন্ত উপকার করে অথচ সর্ব্বদা ব্যবহার্য্য।

আময়িক প্রযোগ। কেটার্‌ ডায়েরিয়া, ডিসেণ্ট্রি, ভিসিরেল্‌ ইন্‌ফ্লামেশন কেল্‌ কিউলাস্‌, গনরিয়া, এবং মূত্রযন্ত্র ও জননযন্ত্র সম্বন্ধে নানাবিধ উপদ্রবে ইন্‌ফিউশন্‌ অব্‌লিন্‌সিড্‌ ব্যবহারে যথেষ্ট উপকার হয়।

নিওমোনিয়া, ব্রংকাইটিস্‌, প্লুরাইটিস্‌, পেরিকার্ডাইটিস্‌, হিপেটাইটিস্‌, পেরিটোনাইটিস্‌, এণ্টিরাইটিস্‌ এবং নিফ্রাটিস্‌ ও এতদ্ব্যতীত জরায়ু ও স্ত্রী-লোকদের ওভেরির প্রদাহে লিন্‌সিড মিল্‌ দ্বারা পুল্‌টিস্‌ প্রস্তুত করিয়া বেশ উষ্ণাবস্থায় প্রদাহিত স্থানে বিস্তৃত রূপে লাগাইলে প্রায় ব্যর্থ হয় না। ইহা প্রদাহের তারতম্যানুসারে ৩ ঘণ্টান্তর কি ৪ ঘণ্টান্তর কিম্বা দিবসে ২। ৩ বার পরিবর্ত্তন করত প্রয়োগ করিবে। পিউয়ার পারেল ফিবারে বা সূতীকা জ্বরে ইহার পুল্‌টিস্‌ তলপেটে ব্যবহার করিলে বিস্তর উপকার হয়। শরীরের চর্ম্ম শুষ্ক ও উত্তপ্ত থাকিলে ইহা ঘর্ম্মকারকের কাজ করে। যখন চর্ম্ম প্রদেশ উত্তেজিত করিতে ইচ্ছা হয়, তদবস্থায় ইহার সহিত সামান্য পরিমাণ মাষ্টার্ড্‌ মিশ্রিত করিবে। যখন পীড়িত স্থান হইতে বেদনা তিরোহিত করা নিতান্ত প্রয়োজনীয় হইয়া পড়ে, তথায় জলের পরিবর্ত্তে ডিককৃশন্‌ অব্‌ পপি দ্বারা পুল্‌টিস্‌ প্রস্তুত করিবে কিম্বা সামান্য পরিমাণ টিং, ওপিয়ম্‌ বা টিং বেলাডোনা উক্ত বেদনাযুক্ত স্থানে প্রয়োগ করিয়া তৎপর পুল্‌টিস্‌ দিবে। প্রদাহের প্রার-ম্ভাবস্থাতেই ইহা প্রয়োগ করা বিধেয়, প্রদাহ নিতান্ত বৃদ্ধিপাইলে, নিফ্রাই-টিস্‌ ব্যতীত অপরাপর প্রদাহে ব্লিষ্টার ব্যবহার করা যথেষ্ট উপকারী। ফোড়ার উৎপত্তি সময়ে পুল্‌টিস্‌ প্রয়োগ করিলে পূযোৎপাদিত হয় কিম্বা কোন কোন সময় বসিয়া যায়।

সাবান।

Sapo Durus. — Hard soap.

সেপো ডিউরস্‌। — হাড্‌ সোপ্‌।

Sapo Mollis. — Soft soap.

সোপমলিস্‌। — সপ্‌ট্‌ সোপ্‌।

মাত্রা—৫—১০ গ্রেণ।

প্রয়োগরূপ।

১। সোপ্ লিনিমেণ্ট্।

২। প্যাইলিউলা সেপোনিস্ কম্পজিটা। মাত্রা ৩—৫ গ্রেণ।

ক্রিয়া। ইহার ক্রিয়া প্রায় ক্ষারের ন্যায় কিন্তু তদপেক্ষা মৃদু। আভ্যন্তরিক প্রয়োগে বিরেচক সহ ব্যবহার্য্য। সেবনে প্রস্রাবের অম্লত্ব সংহার করে।

আময়িক প্রয়োগ। উগ্রমিনারেল্ এসিড্ দ্বারা বিষাক্ত হইলে বিষ নাশার্থ সোপ বিধেয়। উগ্র এসিড্ দ্বারা কিম্বা ফস্ফরাস্ দ্বারা কোন স্থান দগ্ধ হইলে সোপ দ্বারা বাথ্ প্রয়োগ করিবে।

ডিস্পেপ্শিয়া সহ ষ্টমাকের এসিডিটি বর্ত্তমান থাকিলে পাল্ব্ রিয়াইস্ সহিত কোন সুগন্ধি তৈল মিশ্রিত করিয়া সোপ আভ্যন্তরিক প্রয়োগ করা হয়। প্যাইরোসিস্ পীড়ায় কেহ কেহ একক্ কিম্বা ওপিয়মের সহিত সোপ ব্যবহার করেন।

হেবিটিউয়েল্ কনষ্টিপেশনে যখন মল অত্যন্ত শক্ত ও অন্ত্রের সহিত দৃঢ় রূপে সংযুক্ত থাকে তথায় গরম জলের সহিত ষ্ট্রং সোপ ওয়াটার দ্বারা এনিমা প্রয়োগে সুন্দর উপকার হয়।

স্ফোটকের পূয়োৎপাদন জন্য সমুদ্র বিহারি নাবিক গণ সম পরিমাণে সোপের সহিত ময়লা চিনি মিশ্রিত করিয়া একযোগে বাটিয়া একটী লিণ্টে স্থাপন করতঃ স্ফোটকের উপর বান্ধিয়া রাখে, তাহাতেই অতি সত্বর ফোড়া পাঁকিয়া উঠে। ডাঃওয়ারিং স্বয়ং অনেক রোগীতে ইহার যথেষ্ট পরীক্ষা করিয়া প্রশংসা করিয়াছেন।

কোনস্থান মোচড়াইয়া বেদনা হইলে কিংবা ব্রুজে, বা পুরাতন বাতরোগে টিংচার্ ওপিয়ম্ ১ ড্রাম্ সোপ্ লিনিমেণ্ট্ ১ আং দ্বারা বেদনা স্থানে দিবসে ২।৩ বার ১০।১৫ মিনিট কাল মর্দ্দন করিলে নিশ্চয় উপকার হইবে।

DISINFECTANTS CLASS.

ডিস্ইন্ ফেক্টেণ্ট্ ক্লাশ

বা

সংক্রমাপহ ঔষধ শ্রেণী।

রোগীর গৃহ, চিকিৎসালয়, এবং কারাগারাদির দূষিত বায়ু (যে বায়ু—সংস্পার্শ সংক্রামক রোগ উপস্থিত হয়,) সংশোধনার্থ এই শ্রেণীস্থ ঔষধ প্রয়োগ করা যায়। পচন নিবারণার্থ ও এই শ্রেণীস্থ ঔষধ সুন্দর ব্যবহৃত হইতে পারে (এণ্টিসেপ্টিক্)। দুর্গন্ধ নিবারণ জন্য প্রয়োগ করা গেলে তখন ইহা দিগকে দুর্গন্ধ নাশক বা ডিওডোরেণ্ট্স কহে।

নিম্নলিখিত ঔষধ এইশ্রেণীভুক্ত।

১। সলুশন্ অব্ ক্লোরিণ্।

২। ক্লোরিনেটেড্ লাইম্।

৩। সলুশন্ অব্ ক্লোরিনেটেড্ সোডা।

৪। পারম্যেঙ্গেনেইট্ অব্ পটাশিয়ম্।

৫। সাল্ফোকার্ব্বলেইট্ অব্ সোডা।

৬। জিঙ্কাই সাল্ফোকার্ব্বোলাস্।

৭। কার্ব্বলিক এসিড।

৮। কাষ্ঠাঙ্গার।

৯। অয়েল্ অব্ ইউক্যেলিপ্টাই।

১০। থাইমল্।

Chlori Liquor. Soldtion of Chlorine.

ক্লোরাই লাইকর্। সলুশন্ অব্ ক্লোরিণ্।

মাত্রা ১০—২০ মিনিম্।

ক্রিয়া। নির্জলবস্থায় ইহা উগ্র ও দাহক বিষ। অল্পমাত্রায় জল মিশ্রিত করিয়া প্রত্যুগ্রতা সাধন জন্য ব্যবহৃত হয়; যথেষ্ট জলের সহিত ব্যবহার

করিলে বলকারক ও উত্তেজক ক্রিয়া দর্শায়। গার্গল কিম্বা লোশন্ জন্য ১ ভাগে ৮ ভাগ জল মিশ্রিত করা কর্ত্তব্য। ইহার দুর্গন্ধ হরণ শক্তি যথেষ্ট আছে। অধিক দিন ব্যবহার করিলে মুখ আসে।

আময়িক প্রয়োগ। স্কার্লেটীনা রোগে পূর্ব্বে ইহার আভ্যন্তরিক ব্যবহার ছিল কিন্তু সম্প্রতিক উক্ত রোগে গার্গল জন্য সময় সময় ব্যবহৃত হয়।

ভায়েনা নগরের পিউয়ার পারেল ফিবারের আউট ব্রেকে সলুশন্ অব্ ক্লোরিণ্ ব্যবহার করিয়া প্রতিশেধক চিকিৎসা করা হইয়াছিল।

এপ্‌থাস্; ষ্টোমেটাইটিস্, ক্যান্‌ক্রম্ ওরিস্, রোগে সলুশন্ অব্ ক্লোরিনের সহিত সম পরিমাণে মধু মিশাইয়া বা ধৃক ব্যবহার্য্য। টায়েলিজম্ রোগে সলুশন্ অব্ ক্লোরিণ্ ১ অংশ জল ৮ অংশ দ্বারা উইক সলুশন্ ব্যবহার করিবে। সাইনেন্ কিংবা মেলিগ্‌ণা রোগে ইহার আভ্যন্তরিক প্রয়োগ মন্দ নয়। সাইনেন্ কি টন্‌সিলাবিস্ রোগে ১ অংশে ৫ অংশ দ্বারা গার্গল করিবে।

ক্যান্সারাস্ ক্ষত ও অপরাপর দুর্গন্ধ যুক্ত ক্ষতে ইহার সলুশন্ উপকারী।

Calx Chlorata. — Chlorinated Lime.

ক্যাল্‌কস্ ক্লোরেটা। — ক্লোরিনেটেড্ লাইম্।

প্রয়োগরূপ। অন্যনাম ব্লিচিং পাউডার্।

১। সলুসন্ অব্ ক্লোরিণেটেড্ লাইম্।

২। ইন্‌হেলেশন্ অব্ ক্লোরিণ্।

ক্রিয়া। ১—৫—৬ গ্রেণ্ মাত্রায় সলুশন আকারে ষ্টিমুলেণ্ট্ জন্য ব্যবহার্য্য। লোশন জন্য ইহা ১ ড্রাম হইতে ১ আং ১ পাইণ্ট্ জলে। মলম জন্য ২০ গ্রেণ হইতে ৬০ গ্রেণে ১ আং মলম। গার্গল জন্য ২ ড্রাম ১ পাইণ্ট্ জল প্রযোজ্য। অপর সাল্‌ফিউরিক্ এসিড্, সাল্‌ফাইড্ অব্ এমোনিয়া, সাল্‌ফাইড্ অব্ পটাশিয়ম্, এবং হাইড্রসিয়ানিক্ এসিড্ দ্বারা বিষাক্ত হইলে বিষ নাশার্থ ইহা ব্যবহৃত। পচন নিবারণ এবং দুর্গন্ধ নিবারণ জন্য ইহার ক্রিয়া প্রসিদ্ধ। ইহার পাউডার দ্বারা হস্‌পিটাল্, ড্রেইন্, এবং ডিসেক্টিং ঘরের দুর্গন্ধ নিবারণ করা হয়। কিন্তু কার্ব্বলিক এসিড্ এতদপেক্ষা উৎকৃষ্ট।

আময়িক প্রয়োগ। ফ্যাংক্রেমওরিস্, স্কর্বিউটিক্ বা অপরাপর দুর্গন্ধযুক্ত মুখগহ্বরীয় ক্ষতে স্থানিক বা গার্গল আকারে প্রয়োজ্য।

ইউট্রাস্, ভেজাইনা, রেক্টাম্, ছেলেদের পিরুলেণ্ট্ অপ্থাল্মিয়া, কর্ণ কিম্বা নাসিকা হইতে দুর্গন্ধ যুক্ত ক্লেদ নিসৃত হইলে অথবা যুবকদের পিরুলেণ্ট্ অপ্থাল্মিয়া রোগে লোশন আকারে বাহ্যিক প্রয়োগ করা যায়।

এরিসিপেলাস্, একজিমা, ও ওস্মিড্রসিস্ রোগে লোশন ব্যবস্থেয়।

Liquor Sodæ Chlorinatæ. Solution of Chlorinated Soda.

লাইকর সোডি ক্লোরিনেটি। সল্যুশন্ অব্ক্লোরিনেটেড সোডা।

মাত্রা ১০—২০ মিনিম্।

প্রয়োগরূপ।

১। ক্লোরিণ্ পুলটিস্।

ক্রিয়া। ষ্টিমুলেণ্ট্, টনিক্, এণ্টিসেপ্টিক্। বাহ্য প্রয়োগে সংকোচক্ ও উত্তেজক এবং দুর্গন্ধ হারক। সাল্ফিউরিক এসিড্, সাল্ফাইড্ অব্ এ-মোনিয়া, সাল্ফাইড্ অব্ পটাশিয়ম্ এবং হাইড্রসিয়ানিক্ এসিড দ্বারা বিষাক্ত হইলে ইহা বিষঘ্ন হইয়া উপকার করে। পুল্টিসের সহিত বাহ্যিক ব্যবহার্য্য।

আময়িক প্রয়োগ। ছেলেদের মুখের এপ্থাস্ আল্সারেশন্, মার্কু-রিয়েল সেলিভেশন্, স্কার্ভিজনিত দন্তমাড়ির ক্ষত, কেরিস্ দন্ত হইতে দুর্গন্ধ-যুক্ত ক্লেদ নিসৃত হইলে, স্কার্লেটিনা জনিত মুখ ক্ষত, এবং মুখের নানাবিধ দুর্গন্ধযুক্ত অবস্থায় ইহার সল্যুশন্ ব্যবহার করিলে উপকার হয়। লাইকর সোডি ক্লোরিনিস্, টিংচার প্রত্যেক ½ আং রোজ ওয়াটার ১ আং একোয়া ৬ আং; কিম্বা ৬ ড্রামে ১২আং জল মিশাইয়া প্রয়োজ্য।

অজিনা কোয়াইজা এবং ওটরেজিয়া রোগে দুর্গন্ধ থাকিলে ১৫—৩০ মিনিমে ১ আং জলে ব্যবহার্য্য।

ভেজাইনেল্ ক্যানল্ দ্বারা কোন প্রকার দুর্গন্ধযুক্ত ক্লেদ নিঃসরণে অথবা রেক্টাম হইতে নিসৃত হইলে ১ আং মধ্যে জল ১৬ আং মিশাইয়া পিচকারী

দিবে। অপর গ্লাকিং অ্যাল্সার কিম্বা ফেজেডেণিক আল্সারে ১ আং সল্প ৮ আং জল দ্বারা উপকার হয়।

স্কার্লেট্ ফিবারে ইহার গার্গল্ উপকারী। মেসেণ্টরির কোন কারণে ডায়েরিয়া বর্ত্তমান থাকিলে বিস্মাথ কিম্বা কেটিকিউ সহ ইহা ৫—১০ মিনিম মাত্রায় ব্যবহার করিলে উপকার হয়।

সিফিলিটিক্ ইরাপশন্, লেপ্রা, সোরায়েসিস্, লাইকেন্, একজিমা, ইম্পিটাইগো ইত্যাদি রোগে ইহার দুর্ব্বল সলুশন্ দ্বারা ধৌত করিয়া তৎপর কেলোমেল ছিটাইয়া দিলে উপকার হয়। টিনিয়া ক্যাপিটাস রোগে ও ইহার ব্যবহার মন্দ নয়।

Potassii Pirmanganas. **Permanganate of Potassium.**

পটাসি পারমেন্গেনাস্। পারমেন্গেনেট্ অব্ পটাশিয়ম্।

মাত্রা। ১—৫ গ্রেণ্।

প্রয়োগরূপ।

১০. সলুশন্ অব্ পারমেন্গেনেট অব্ পটাশ। মাত্রা ২—৪ ড্রাম্।

অপর নাম—কণ্ডিস্ ফ্লুইড্।

ক্রিয়া। সাধারণতঃ ধারণা এই যে, ইহার ব্যবহারে সিষ্টেমে অক্সিজেন প্রদান করে। ষ্ট্রং সলুশন্ স্থানিক ব্যবহার করিলে সামান্য পরিমাণে উত্তেজনা উৎপন্ন করে, অথচ মৃদু দাহক। ইহার দুর্গন্ধ নিবারণ ক্ষমতা প্রচুর আছে।

আময়িক প্রয়োগ। একুইট্ রিউমেটিজমে ১ অংশ কণ্ডিস ফ্লুইড্, অংশ জল মিশ্রিত করিয়া তাহার ২ আং মাত্রায় প্রত্যেক ২।৩ ঘণ্টান্তর ব্যবহারে উপকার হয়।

এমিনোরিয়া রোগে ডাং রিঙ্গার ইহার বিস্তর প্রশংসা করেন এবং ১ গ্রেণ মাত্রায় দিবসে ৩ বার করিয়া ৩।৪ দিবস ব্যবহার করিতে বলেন।

ডিপ্থিরিয়া রোগে শ্বাস প্রশ্বাসে দুর্গন্ধ থাকিলে ইহার গার্গল উপকারী অ্যাভায়ান অল্সার, গ্যাংগ্রিনাস আল্সার, গ্লাকিং আলসর, ফেজেডেনিক্ আলসার, এরিসিপেলাস, হস্পিটাল্ গ্যাংগ্রিন, কার্ব্বংকোল, নাসিকা

হইতে দুর্গন্ধযুক্ত ক্লেদ নিঃসরণ কিম্বা ভেজাইনা বা রেকটাম্ হইতে উক্ত প্রকার অবস্থা হইলে কণ্ডিস্ সলুশন দ্বারা শীঘ্র দুর্গন্ধ নিবারিত হয়। এতদ্ব্যতীত সিফিলিস কি অপরাপর কারণে মুখ গহ্বরের নানাবিধ ক্ষতে ও গার্গল ব্যবহার্য্য। মত্ত কুকুর কিম্বা সর্প দংশনেও স্থানিক ব্যবহার্য্য।

Sodii Sulphocarbolas. Sulphocarbolate of Soda.

সোডি সাল্ফোকার্ব্বলাস্। সাল্ফোকার্ব্বলেট্ অব্ সোডা।

মাত্রা। ১০—১৫ গ্রেণ্।

আময়িক প্রয়োগ। থাইসিস্, আল্সারেশন্ অব্ টনসিল্, স্কার্লেট-ফিবার এরিসিফেলাস্, রোগে ইহার আভ্যন্তরিক প্রয়োগ বিস্তর উপকারী।

মিউকাস্ মেম্ব্রেনের প্রদাহিত অবস্থায়, টন্সিলাইটিস্, নেজেল্ক্যেটার ওটরিয়া, গণরিয়া অপ্থাস্ আল্সারেশন্ ইত্যাদি অবস্থায় উপকারী।

ডিস্পেপ্সিয়া রোগে ১০—১৫ গ্রেণ মাত্রায় আহারের পূর্ব্বে ব্যবস্থা করিবে। ইহা দ্বারা উদর কঁপা ও বেদনা তিরোহিত হয়।

Zinci Sulphocarbolas. Sulphocarbolate of zinc.

জিঙ্কাই সাল্ফো কার্ব্বলাস্। সাল্ফো কার্ব্বলেট্ অব্ জিঙ্ক্।

মাত্রা। ১—৩ গ্রেণ।

ক্রিয়া। এষ্ট্রিন্জেণ্ট, এণ্টিসেপ্টিক্, ডিস্ইন্ফেক্টেণ্ট্।

আময়িক প্রয়োগ। ইউরিথ্রাইটিস্ ও লিওকোরিয়া রোগে সাল্ফো-কার্ব্বোলেট্ অব্ জিঙ্ক্ উপকারী। ২—৩ গ্রেণ্ মাত্রায় ১ আং জলে ইউ-রিথ্রা কিম্বা ভেজাইনা মধ্যে পিচকারী দিবে।

Acidum Carbolicum. Carbolic Acid.

এসিডম্ কার্ব্বলিকম্। কার্ব্বলিক্ এসিড্।

Phenic Acid.

মাত্রা ১—৩ গ্রেণ।

প্রয়োগরূপ ঃ—

১। এসিডম্ কার্ব্বলিকম্ লিকুইফেক্টম্। মাত্রা ১—৩ মিনিম।

২। গ্লাইসিরাইনম্ এসিডাই কার্ব্বলিসাই।

৩। সাপোজিটরিয়া এসিডাই কার্ব্বলিসাই কম্ সেপোনি।

৪। অঙ্গুয়েণ্টম্ এসিডাই কার্ব্বলিসাই।

ক্রিয়া। নির্জলাবস্থায় কষ্টিক; জলমিশ্রিত করিলে ডিসিইন্‌ফেক্‌টেণ্ট, এনাস্থেটিক, এণ্টিসেপ্টিক; আভ্যন্তরিক প্রয়োগে কার্মিনেটিব, এবং সিডেটিব্। বমন নিবারণ এবং পাকাশয়ের উত্তেজনা নিবারনার্থ ইহার ক্ষমতা প্রায় ক্রিয়েজোটের ন্যায়। অনেকানেক রোগীর প্রতি বিশেষ পরীক্ষা দ্বারা নিম্নলিখিত কয়েকটী ক্রিয়া নিশ্চিত হইয়াছে। (ক) অধিক পরিমাণে ঘর্ম্মনিঃসৃত হওয়া; (খ) হৃদপিণ্ডের কার্য্য মৃদুকরে, এবং সময়াস্তে কয়েক মিনিটমধ্যেই নাড়ীর গতি ১২০ বার হইতে ৬০ পর্য্যন্ত হইয়া পড়ে।

(গ) কোন কোন রোগীতে প্রস্রাবের বর্ণ ধূঁয়াটিয়া হইয়া থাকে। ডাং-বিল্ বলেন ইহা দ্বারা মুখ গহ্বরের স্পর্শ লোপ্ এবং অসার বোধহওয়া প্রায় একোনাইটের ন্যায়। কোথাও বমনোদ্রেক শির ঘূর্ণন, কর্ণে শব্দ ও আংশিক বধিরতা অথচ কোন কোন সময় উদরাময়ের ন্যায় লক্ষণ উপস্থিত হয়। অধিক দিন ব্যবহার করিলে হৃদপিণ্ডের কার্য্য মৃদুহয়, দৈহিক দুর্ব্বলতা এবং দৈহিক নিকৃষ্টতা উৎপন্ন হয়। উত্তাপ সম্বন্ধে কোন পরিবর্ত্তন লক্ষিত হয় না। সেবনান্তর অল্প সময় মধ্যেই প্রস্রাবে বহির্গত হয় এবং স্বকীয় গন্ধ বাহির হইয়া পড়ে; ইহার পচন নিবারণ এবং দুর্গন্ধ নিবারণ ক্ষমতা এত প্রবল যে পচা প্রস্রাবে সামান্য মাত্রায় সংযোগ করিলে তাহার দুর্গন্ধ সম্পূর্ণ দূরীভূত হয় অথচ প্রস্রাবে এৎকিঞ্চিৎ মিশ্রিত করিয়া রাখিলে ২। ৪ মাসে ও পচেনা। অধিক মাত্রায় উগ্র দাহিক বিষক্রিয়া করে।

বিষক্রিয়ার চিকিৎসা। প্রথমতঃ পাকাশয় পরিষ্কার জন্য উষ্ণ জল পান করাইবে অথবা মাষ্টার্ড এবং জল কিংবা স্থাল্‌ফেট্ অব্ জিঙ্ক ও উষ্ণ জল পান করাইবে। ষ্টমাক পাম্প্ ব্যবহার করিতে হইলে বিশেষ সতর্কতার দরকার। ইহার বিষঘ্ন এমত কোন ঔষধ দেখা যায় না; অণ্ডের কুসুম অধিক জল মিশ্রিত করিয়া প্রয়োগ করিবে এবং দুগ্ধ, মিট্ ইত্যাদি ও ব্যবস্থেয়। অন্যান্য চিকিৎসা নিয়মিত রূপ করিবে।

আময়িক প্রয়োগ। কোন এব্‌সেস্ অথবা বাঘি কর্ত্তন ব্যতীত ইহার ব্যবহার দ্বারা মুক্ত করিয়া আরোগ্য করা যায়। অথবা গণরিয়েল্ ওয়ার্ট্‌স্ ধুংস্ব জল ও প্রয়োজ্য।

পাইমিয়া, সেপ্টি সিমিয়া এবং না না বিধ দুর্গন্ধ যুক্ত ও সংক্রামক পীড়ায় কার্ব্বলিক এসিড্ বিশেষ আদরের।

স্কার্লেটিনা, মিজলস্, স্মল্‌পক্স্ ইত্যাদি পীড়ায় ইহার আভ্যন্তরিক প্রয়োগ মঙ্গলময়। ইহার সহিত এসিটিক্ এসিড্ টিং, ওপিয়ম্ ইত্যাদি মিশ্রিত করা মঙ্গলময়। কেহ কেহ বলেন স্কার্লেট্ ফিবারে ইহা প্রফিলেকটিক্ হইয়া উপকার করে।

ডিপ্‌থিরিয়া, ক্ষতযুক্ত টন্সিলাইটিস্, ক্রনিক্ লেরিঞ্জাইটিস্, রোগে কার্ব্বলিক এসিড্ উপকারী।

থাইসিস্, ক্রণিক্ ব্রংকাইটিস, ক্যাটার্, গ্যাংগ্রিণ্ অব্ লিলাংস ইত্যাদি বিবিধ অবস্থায় কার্ব্বলিক এসিড্ ইন্‌হেলেশন্ দ্বারা বিস্তর উপকার হয়। এম্পিসিমা রোগে, অপারেশনের পর কার্ব্বলিক্ "এসিড্ বাহ্যিক ব্যবহার করা মঙ্গলময়।

পরীক্ষা দ্বারা ডায়েবিটিস্ রোগে ইহা দ্বারা উপকার প্রাপ্ত হওয়া যায় নাই।

স্মল্‌পক্স্ রোগে ১ অংশ কার্ব্বলিক্ এসিডে ১১ বা ১৫ অংশ গ্লীসরীণ্ মিশ্রিত করিয়া পীড়ার প্রথমাবস্থা হইতে শেষ পর্য্যন্ত প্রত্যেক গুটিকা উপরে প্রয়োগ করিলে নিতান্ত উপকার হয়।

ক্রণিক ইউট্রাইন্ কেটার, এবং হাইপাট্রফি ও সার্ভিকস্ ইউট্রাইর কঞ্জেশ্চনে সমপরিমান কার্ব্বলিক্ এসিড্ ও গ্লীসরিন মিশ্রিত করিয়া ব্যবহার করিবে।

টাইফয়েড্ ফিবারে কোন কোন চিকিৎসক ইহার প্রশংসা করেন এবং ৩১—২ অংশ কার্ব্বলিক্ এসিড্, ১ অংশ জল টিংচার অব্ আইওডাইন্, ১২০ অংশ জল দ্বারা প্রস্তুত করতঃ ইহার এক টেবল্ স্পূন্‌ফুল্ মাত্রায় প্রত্যেক ঘণ্টান্তর ব্যবহার করিতে অনুমতি দেন।

ইণ্টার মিটেণ্ট্ ফিবারে ইহার উপকার প্রসিদ্ধ। ইহা কুইনাইনের প্রতিকূলে ৪ গ্রেণ মাত্রায় ইনঃ অব্ জিঞ্জারের সহিত অত্যন্ত উপকারী।

পাইরোসিস্ রোগে ১ গ্রেণে, ১ ড্রাম্ রেক্টিফায়েড্ স্পিরিট্ মিশ্রিত করিয়া

ইহার ৩৫ বিন্দু মাত্রায় ২ কাচ্চা জলের সহিত আহারের পূর্ব্বে ব্যবহেয়। অপরন্তু ভম্ পেপ্সিয়া সহ পেটে বাঁপা বর্ত্তমানে, পাকাশয়ের অবসাদে, ক্রনিক্ গ্যাষ্ট্রিক্ ক্যাটার রোগে এবং মিউকাস্ ডায়েরিয়া অথচ গ্যাষ্ট্রিক্ ইরিটাবিলিটি ও কলরা রোগেও ইহার ব্যবহার প্রচলিত।

ক্রনিক সিষ্টাইটিস্ রোগে মূত্রের দূষিত অবস্থায় ১—২ বিন্দু কার্ব্বলিক এসিডের সহিত ৪ ড্রাম্ গরম জল মিশ্রিত করিয়া পিচকারী প্রয়োগ করিবে। গণরিয়া রোগে ও ইহার ইঞ্জেক্শন্ প্রয়োজ্য।

পিউয়ার পারেন্ ফিবারে ১ অংশে ৪০ বা ৩০ অংশ জল মিশ্রিত করিয়া পিচকারী ব্যবহার করিলে নিবারক হইয়া উপকার করে।

সার্ভিক্স্ ইউট্রাইয়ের ক্রনিক্ ইনফ্লামেশনে ইহার স্থানিক প্রয়োগ উপকারী। অপর ইউট্রাসের ক্যান্সার রোগেও বাহ্যিক ব্যবহেয়।

ইন্‌গ্রোইং নেল্, পাইলস্, ও বিষাক্ত জন্তু দংশন জনিত ক্ষত উৎপন্ন হইলে ইহার স্থানিক প্রয়োগ উপকারী।

কোন প্রকার ময়লা যুক্ত ক্ষতে কার্ব্বলিক এসিডের ন্যায় স্থানিক প্রয়োগ প্রায় নাই। ১ অংশ কার্ব্বলিক এসিডে ১০ অংশ বাদাম তৈল মিশ্রিত করিয়া ড্রেস্ করিবে।

প্রাইমারি সিফিলিস্ বা উপদংশ জনিত আদ্যক্ষতে কার্ব্বলিক এসিড্ দ্বারা বিষ ধ্বংশ করা বিস্তর উপকারী অথবা সম পরিমান জল মিশ্রিত করিয়াও প্রয়োগ করা যায়। কেঙ্ক্রিডোনক্ সেঙ্কারে ১ অংশে ২০ অংশ জল দ্বারা লোশন প্রস্তুত করিয়া ড্রেস করিবে এবং বিওবো বা বাঘি কর্ত্তন করতঃ ইহার দ্বারা ড্রেস করিলে নিতান্ত উপকার হয় কিন্তু ইদানীন্তন চিকিৎসকগণ কার্ব্বলিক এসিড অপেক্ষা আইওডোফরম্‌কে অধিক সমাদর করেন। ইহার লোশন দ্বারা ড্রেস করিতে ১ অংশ কার্বলিক এসিডে ৪০ অংশ জল কিম্বা ১ অংশে ১০০ অংশ জলও ব্যবহার করা যায়।

ক্যান্সারাস্ আল্সার্, গ্যাংগ্রীনাস্ আল্সার, বয়েল্ কার্ব্বঙ্কোল্ অথবা কোন প্রকার বিষাক্ত ক্ষতে কার্ব্বলিক এসিডের ব্যবহার নিশ্চয় উপকারী। কোন স্থান দগ্ধ হইয়া গেলে ১ অংশ কার্ব্বলিক এসিডে ৩০ অংশ অলিভ অয়েল মিশ্রিত করিয়া ড্রেস্ করিলে আরও উপকার হয়।

মুখ গহ্বরীয় বিবিধ দুর্গন্ধ যুক্ত ক্ষতে, কিম্বা শ্বাস প্রশ্বাস বায়ু নিঃসৃত দুর্গন্ধ নির্গত হইলে কার্বলিক এসিড উক্ত দুর্গন্ধ বিনষ্ট করিয়া উপকার করে। একষ্ট্যার্নেল মাংসাবরণ হইতে, কিম্বা কর্ণ হইতে দুর্গন্ধ যুক্ত ক্লেদ নিঃসৃত হইলে গ্লিসরীণের সহিত কার্বলিক এসিড্ মিশ্রিত করিয়া প্রয়োগ করিবে।

টিনিয়া, পিটিরায়েসিস্, রিংওয়ার্ম ও অপরাপর চর্ম্মরোগে কার্বলিক এসিড্ উপকারী। প্রিসিপিটেড্ সাল্ফার, অক্সাইড্ অব্ জিঙ্ক্ প্রত্যেকে ১ ড্রাম্, অলিভ্ অয়েল্ ১ আং, কার্বলিক্ এসিড্ ১৬ মিনিম্ মিশ্রিত করিয়া উপরোক্ত চর্ম্মরোগে ব্যবহার করিবে। পুরাতন একজিমা রোগে কার্বলিক্ এসিড্, সিট্রিন্ অয়েন্ট্মেন্ট্ ডাইলিউট্, গ্লিসরীণ্, অক্সাইড্ অব্ জিঙ্ক্ একত্রিত করিয়া প্রয়োগ করিলে অতি আশ্চর্য্য উপকার করে। অপর প্রুরাগো, লাইকেন্, সোরায়েসিস্, এরিসিপেলাস্, নিভাস্, প্রুরাইটস্ রোগেও ইহার ব্যবহার উপকার জনক।

লেপ্রসি বা কুষ্ঠরোগে মান্দ্রাজ আর্মির সার্জন্ জেনেরেল্ ডাং ডাবলিউ অর্ণর্ কার্বলিক্ এসিড্ দ্বারা ভেপার বার্থ্স্ প্রয়োগ করিতে বিস্তর অনুরাগ প্রকাশ করেন।

স্ক্রুফিউলাস্ অপ্থাল্মিয়া রোগে কার্বলিক এসিড গ্লিসরীণ ও রোজ ওয়াটার একত্র করিয়া কলিরিয়ম প্রয়োগ করিবে। অপর গিনি ওয়ার্ম রোগেও ইহার ব্যবহার মঙ্গলময়।

কেশকীট বিনষ্ট করিতে ইহার লোশন দ্বারা মস্তক ধৌত করিয়া তৎপর সোপ দ্বারা মস্তক পরিষ্কার করিলেই কীট্ সকল বিনষ্ট হইবে।

Carboligni. Wood charcoal.

কার্ব্বলিগ নাই। উড চার্কল্।

মাত্রা। ২০—৬০ গ্রেণ।

ক্রিয়া। এন্টিসেপ্টিক, ডিস্ইনফেক্টেন্ট, এবং ডিওডোরেন্ট। সামান্য মাত্রায় টনিক্ ও ফেব্রিফিউজ্। পরীক্ষা দ্বারা নিশ্চিত হইয়াছে যে ইহা পেরাক্ষত্র শরীরস্থ শৈরিক রক্তে বিশেষতঃ মেসেন্টিক ও পোর্টেল ভেইনে এবং যকৃত ও ফুসফুসে প্রকাশিত হয়। বাহ্য প্রয়োগার্থ ইহার গুঁড়া লিকাড্

পুল্‌টিসে ছড়াইয়া কি মিশাইয়া পচন নিবারণ এবং দুর্গন্ধ নিবারণ জন্য ব্যবহৃত হয়।

আভ্যন্তরিক প্রয়োগ। ডিস্‌পেপসিয়া সহ উদরফাঁপা কিম্বা গ্যাষ্ট্রাইটিস্‌ রোগে পূর্ব্বে ইহার সুন্দর ব্যবহার ছিল কিন্তু পুনরায় ১৮৬৯ খৃঃ অব্দে একটী বহুদর্শী-চিকিৎসক কর্ত্তৃক অতি সমাদরে ব্যবহৃত হইয়াছে। তিনি বলেন অনেকানেক সময় বিস মথ, আয়রণ কিম্বা লেড ব্যর্থ হইয়া ও চারকোল দ্বারা উপকার পাইয়াছেন। এক ডেজার্ট স্পুন ফুল মাত্রায় প্রত্যেক আহারের পর দেয়।

পিটার পারেল ফিবার সহ ফ্লেটুলেন্স বর্ত্তমানে ১ ড্রাম মাত্রায় জলের সহিত দিবসে ২। ৩ বার ব্যবহার্য্য।

গ্যাংগ্রীনাস্‌ আলসারেশন্‌ কিম্বা পচনাযুক্ত অপরাপর ক্ষতে ইহার পুলটিস অত্যন্ত উপকারী।

Eucalyptus. Globulus.

ইউকেলিপ্‌টাস্‌ গ্লবিউলাস্‌।

Blew Gum Free.

প্রয়োগরূপ।

১। অয়েল্‌ অব্‌ ইউকেলিপটাই। মাত্রা ১—৪ মিনিম।

২। অয়েন্টমেণ্ট্‌ অব্‌ ইউকেলিপটাই।

ক্রিয়া। ষ্টিমুলেণ্ট্‌, এণ্টিস্প্যাজ্‌মডিক্‌, এণ্টিপিরিওডিক্‌ এবং এণ্টিসেপ্টিক্‌।

আময়িক প্রয়োগ। বাহ্য প্রয়োগ জন্য মাত্র চিকিৎসায় ইহার অয়েল কিম্বা স্প্রে ব্যবহৃত হইতে পারে। আইওডোফরমের সহিত একত্রিত করিয়া বিস্তর ব্যবহৃত হয়।

R.

Jodoform-ʒ i.

Ol. Eucalyp.

Vaseline.—

Paraff. aa ʒ i f s s.

For antiseptic application.

ইন্টার্ন্যাল রিমেডি হিসাবে ইহার টিংচার ১—২ ড্রাম্ মাত্রায় অনেকানেক চিকিৎসক নিতান্ত উপকারী বলিয়া মনেকরেন।

ব্রঙ্কাইটিস্, ব্রংকোরিয়া, এবং পরিপাক সম্বন্ধে নানাবিধ পরিবর্ত্তনে ইহার টিংচার উপকারী;

নাসিকা এবং জরায়ু হইতে দুর্গন্ধ যুক্ত ক্লেদ নিঃসরণে ইহার দাহক প্রলেপ মন্দ নয়।

ডিপথিরিয়া, পাল্‌মোনেরি গ্যাংগ্রীন্, টন্সিলাইটিস, ও মুখগহ্বরীয় অন্যান্য ক্ষতে ইহার তৈল দ্বারা ভেপার গ্রহণ করিলে উপকার হইবে। অপর থাইসিস্ রোগেও ব্যবস্থেয়।

গণরিয়া ও ইউরিথ্রাইটিস্ রোগে আইওডোফরমের সহিত একত্রিত করিয়া বুজিদ্বারা তৈল ব্যবহার করা যায়।

Thymol. Thymol.

থাইমল্। থাইমল্।

মাত্রা। ½—২ গ্রেণ।

ক্রিয়া। এণ্টিসেপ্টিক্ ও ডিস্ইন্‌ফেক্‌টেণ্ট্। ইহার ক্রিয়া কার্ব্বলিক এসিড্ ও টার্পেন্‌টাইনের মধ্যবর্ত্তী। স্থানিক প্রয়োগে স্পর্শ হারক। থাইমল্ সেন্‌সেরি নার্ভের পেরালিসিস্ উৎপন্ন করে, শরীরের উত্তাপ হ্রাস্‌করে, শ্বাস প্রশ্বাস মন্দ করে। অধিক মাত্রায় শারীরিক দৌর্ব্বল্য, কোমা, অবশেষে মৃত্যুর উপস্থিত হয়।

আময়িক প্রয়োগ। অস্ত্র চিকিৎসার্থে এণ্টিসেপ্টিক্ নিয়মানুসারে ইহার ব্যবহার মন্দনয়। অনেকানেক চিকিৎসক বলেন ইহা দ্বারা ক্ষেক্‌টি ঘা বিনষ্ট হয়।

বার্ণস্ ও স্কেল্‌ড্‌স্ অবস্থায় ১ অংশে ১০০ অংশ জল মিশ্রিত করিয়া লোশনে প্রয়োগ করা যায়। থাইসিস্ রোগে উক্ত সল্যুশন্ দ্বারা ভেপার গ্রহণ করিবে।

ডায়েবিটিস্ মেলিটাস্, কেটার, অব্‌দি ব্লাডার, ডায়েরিয়া, সোরায়েসিস্, একজিমা, লাইকেন্, টিনিয়া টন্সিও রেন্স, টিনিয়া ভার্সিকোলার, টিনিয়া

স্যার্সিনেটা, এবং রিংওয়ার্ম রোগে ইহা দ্বারা লৌশন প্রস্তুত করিয়া ব্যবহার্য্য।

অপর বেদনা যুক্ত দন্তশূল ও আর্ক্টেলিক কফ রোগে কেহ কেহ ইহাকে যোগ্য মনে করেন।

যে সমস্ত নূতন ঔষধ ১৮৮৫ খৃঃ অব্দের বৃটিশ ফার্ম্মাকোপিয়ায় গৃহিত হয়, তন্মধ্যে তাহা দিগের কয়েকটী বিশেষ আবশ্যকীয় বলিয়া নিম্নে প্রদর্শিত করা হইল।

TONGA.

টঙ্গা।

লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ টঙ্গা। মাত্রা ১—২ ড্রাম্।

নিউর‍্যাল্জিক্ পেইন বা স্নায়ু শূলের জন্য অনেকেই ইহার আদর করিয়া থাকেন। স্নায়ুবীয় কারণে শিরঃপীড়া কিম্বা সায়েটিকা, লম্বেগো, প্লুরোডিনিয়া ইত্যাদি নানাবিধ উপদ্রবে ১—২ ড্রাম মাত্রায় দিবসে ২। ৩ বার ব্যবহার করিয়া বিস্তর উপকার লাভ করা যায়।

ANTIPYRINE.

এন্টিপাইরিণ্।

মাত্রা। ৩০ গ্রেণ্ পর্য্যন্ত ব্যবহৃত হইতে পারে।

বালকদিগের জন্য প্রত্যেক বৎসরে ১ গ্রেণ করিয়া প্রয়োগ করা যুক্তি।

ক্রিয়া।—জ্বরীয় অবস্থায় বা স্বাভাবিক অবস্থায় ইহার ব্যবহার শরীরের উত্তাপ খর্ব্ব হয়। অধিক মাত্রায় ক্রমে শ্বাস গতি মন্দ হয়, মস্তকে উষ্ণবোধ হয়, এবং কনীণিকা প্রসারিত হইয়া পড়ে। কখন কখন ইহা দ্বারা বমনোদ্রেক, বমন, শরীরের উত্তাপ হঠাৎ স্বাভাবিক অবস্থা হইতে ও খর্ব্ব হইয়া জীবন নাশ হইতে পারে।

(ক) ইহার ক্রিয়া সেবনের ১৫ মিনিট মধ্যেই প্রকাশিত হয় অথচ ৩৪ ঘণ্টা পর্য্যন্ত স্থায়ী।

(খ) ইহা দ্বারা শরীরের উত্তাপ হ্রাস হইবার সঙ্গে সঙ্গে প্রচুর ঘর্ম্ম নির্গত হয়।

(গ) ছেলেরা ইহা অধিক সহ্য করিতে পারে।

(ঘ) এক কালীন অধিক মাত্রায় ব্যবহার করা কর্ত্তব্য নয় অথবা অল্প-মাত্রায় বারম্বার প্রয়োগ করিলেও কোলেপ্স্ হইতে পারে।

আময়িক প্রয়োগ। নানাবিধ জ্বর রোগে উত্তাপ খর্ব্ব করণ অভিপ্রায়ে এণ্টিপাইরিণ সর্ব্বদা ব্যবহার্য্য। যুবক দিগের জন্য রেমিটেণ্ট্ ফিবারে ১০ গ্রেণ মাত্রায় ব্যবহার করা কর্ত্তব্য। অপর নানাবিধ প্রদাহিক জ্বর কিম্বা বাত ঘটিত জ্বরীয় অবস্থায় ও বিশেষ আদরের সহিত প্রয়োজ্য। বালকদিগের নিউমোনিয়া, ব্রংকোনিউমোনিয়া, প্লুরিসী আদি পীড়ায় ও মন্দ নয়।

স্নায়ুবীয় কারণে মাথা বেদনা রোগে এণ্টিপাইরিণ প্রায় অব্যর্থ রূপে উপকার করে। এতদ্ব্যতীত সায়েটিকা, টিকডলরু, লাম্বেগো, প্লুরোডিনিয়া ও অপরাপর স্নায়ু শূলেও মন্দ নয়। ১০। ১৫ গ্রেণ্ মাত্রায় ব্যবহেয়

ANTIFEBRINE,

এণ্টিফেব্রিণ্।

মাত্রা। ৫ গ্রেণ্ এবং বালকদের জন্য ১—২ গ্রেণ্।

নানাবিধ জ্বর রোগে এণ্টিফেব্রিন্ প্রয়োজ্য। ইহার মারাত্মক ক্রিয়া এণ্টি পাইরিন অপেক্ষা অনেকাংশে মৃদু। রেমিটেণ্ট্ ফিবারে টেম্পারেচার অধিক থাকিলে ৫ গ্রেণ্ মাত্রায় প্রয়োজ্য। ব্যবহার করিলে শীঘ্রই ক্রিয়া প্রকাশ পায় এবং সমস্ত শরীরে ঘর্ম্ম বিনির্গত হয় অথচ অবিলম্বে জ্বরের বিরাম হইয়া যায়।

KAIRINE.

কেইরিণ্।

মাত্রা। ৫—১৫ গ্রেণ।

চিনোলিন্ হইতে প্রাপ্তব্য। দানাময় পদার্থ, গন্ধ অথচ জলে বেশ দ্রব হয়।
ক্রিয়া। প্রবল এণ্টিপাইরেটিক। ব্যবহারে অতি সত্বর শরীরের উত্তাপ

নাশক হয় অথচ দুর্ব্বলতা আনয়ন পক্ষে তত সাহায্যকারী নয়। ইহা সেবনান্তর প্রস্রাবের বর্ণ কালো মিশ্রিত ভুরিৎ বর্ণ ধারণ করে।

আময়িক প্রয়োগ। প্রাদাহিক জ্বর, বিকার জ্বর, স্কারলেটিনা, হাম, প্রবল বাতরোগ, যক্ষারোগ, নিওমোনিয়া, প্লুরিসি, এরিসিপেলাস এবং সেপ্টিসিমিয়া ইত্যাদি পীড়ায় জ্বর দমনার্থে কেইরিন বিশেষ যোগ্য ঔষধ। ৫—১০ গ্রেণ মাত্রায় প্রথমতঃ আরম্ভ করা কর্ত্তব্য এবং ৩।৪ বার ব্যবহারের পর দেহের টেম্পারেচার নেওয়া বিহিত।

সেলোল।

ইহা কার্ব্বলিক্ এসিড্ ও সেলিসিলিক্ এসিড্ দ্বারা নির্ম্মিত। এই সংস্থ বেসিলাস্ দ্বারা কলেরা উৎপন্ন হয় সেলোল্ দ্বারা সে গুলি বিনষ্ট হয়। ইহা ১০ গ্রেণ মাত্রায় মিউসিলেজ এবং সাল্ফিউরিক ইথার কিম্বা ক্লোরিক ইথারের সহিত উক্ত পীড়ায় প্রত্যেক ২।২ কি ৩।৩ ঘণ্টান্তর প্রয়োগ করিলে অতি আশ্চর্য্য উপকার হয়। শুধু ইহার ব্যবহারেই অনেকে রক্ষা পাইতেছে।

নিম্নলিখিত কতগুলি দেশীয় ঔষধ সর্ব্বদা চিকিৎসক ও রোগীর পক্ষে আবশ্যকীয় বিবেচনায় উদ্ধৃত হইল।

১। আনারস।	৫। লালচিত্রা।	৯। তর্ককল্পী।
২। ওলটকম্বল।	৬। দূর্ব্বা।	১০। চিনচা।
৩। কদলী।	৭। মূত্র।	
৪। কুটজ।	৮। দুগ্ধ।	

আনারস।

সকলদেশের সর্ব্বত্র জন্মে। ইহার ইংরেজী নাম পাইন্‌য়্যাপল্।

ক্রিয়া। আগ্নেয়, স্নিগ্ধকারক ও ক্রিমিনাশক। ইহার তরুণ শাখার মূলভাগ মর্দ্দন করিয়া উহার রস ভক্ষণ করিলে ক্রিমিনাশ করে। কলিকাতার প্রসিদ্ধ ডাঃ বোস ইণ্ডিয়ান মেডিকেল গেজেটে, পক্ব আনারসের রস পাণ্ডু বা কামল রোগে আরোগ্যকারী বলিয়া নির্দ্ধারণ করিয়াছেন। জ্বর রোগে অত্যন্ত বমন

সোরেক বা বমন থাকিলে পক্ক আনারস উপকারী। আনারসের শাঁসের রস এক ছটাক, মিশ্রি ১ তোলা একত্রে মিশ্রিত করিয়া প্রয়োগে আশু হিক্কা নিবারিত হয়।

ওলট কম্বল

ষ্টার্কিউলেসী জাতীয় য়্যারোমা অগষ্টা নামক বৃক্ষ। বঙ্গদেশের অনেক স্থানে এই বৃক্ষ রোপিত হইয়াছে। ইহার পত্রের সহিত স্থলপদ্ম বৃক্ষের পত্রের এবং ফলের সহিত কামরাঙ্গা ফলের অনেক সৌসাদৃশ্য আছে। ইহার ফুলগুলি দেখিতে লালবর্ণ এবং ৫। ৭ টী পাপড়ীযুক্ত। ইহার ফলে ক্ষুদ্র ক্ষুদ্র বীজ থাকে ঐ বীজ বৈশাখ জ্যৈষ্ঠ মাসে রোপণ করিলে চারা হয়।

ক্রিয়া এবং আময়িক প্রয়োগ। জরায়ুর ক্রিয়া সংশোধক এবং বেদনা নিবারক। বাধক বেদনা ও কষ্টরজঃ রোগে ইহার সূক্ষ্ম মূল বা বৃহৎ মূলের বল্কল স্ত্রীলোকদের ঋতুর ৩ দিবস ৭টী গোলমরিচের সঙ্গে জল দিয়া বাটিয়া সেবন করাইলে বেদনা শান্তি ও সন্তান উৎপত্তির ব্যাঘাত দূরীকৃত হয়। ব্যাঙ্গল ব্রেঞ্চ অব্ দি ব্রিটিস মেডিকেল্ এসোসিয়েসনের ১৮৯৭ খৃঃ অব্দের ১২ই মে তারিখের অধিবেশনে ডিস্মেনোরিয়া (কষ্টরজঃ) বিষয়ে ডাঃ স্বর্ণকুমার সর্ব্বাধিকারী একটী প্রবন্ধ পাঠ করেন এবং তাহাতে সকলেই ওলট কম্বলের উপকারিতা স্বীকার করেন। তিনি বলেন যে ১০ রতি মাত্রায় অল্প পরিমাণ গোলমরিচের সঙ্গে মিশ্রিত করিয়া ব্যবহার করিলে বিলক্ষণ উপকার হয়। বিশেষতঃ ইহার উপকারীতা বিষয়ে প্রসিদ্ধ ডাক্তার গণ দ্বারা পরীক্ষিত হইয়াছে।

কদলী, রম্ভা বা কলা।

মিউজাসি জাতীয় মিউজা পারাডাইসিয়েকা নামক বৃক্ষ। ইংরেজীতে ইহাকে প্লান্টেন্ ট্রি বলে।

ইহার ফল আহার্য্য দ্রব্যের মধ্যে উপাদেয় বলিয়া গণ্য। ইহাতে শত করা ৬০ হইতে ৬৮ অংশ শ্বেতসার (ষ্টার্চ্) আছে। ঈষৎ সঙ্কোচক এবং পুষ্টি কারক।

ইহার পাতা পটাশার্চ্চো ও স্পর্ম্মাসিটীর মলমের পরিবর্ত্তে, ব্লিষ্টারের ক্ষত আবরণ করিতে ব্যবহার্য্য; অল্প ক্ষত স্থান অতি সত্বর আরোগ্য হয়। বাহ্য-কার্য্যে ইহার কাঁচ পত্র ব্যবহার্য্য। চক্ষু রোগে কদলী পত্র দ্বারা চক্ষু বন্ধ করিয়া রাখা মন্দ নয়। ইহার মোচা স্বাদু ও কফ নাশক এবং তৃষ্ণা ও দাহ নিবারণ করে। পক্ক ফল—স্বাদু, ক্ষুধা, তৃষ্ণা, মেহ রোগে ও নেত্ররোগ নিবারণ করে।

কাঁটাল পরিপাকার্থ কদলী ফল সেব্য এবং কদলী পরিপাক জন্য লবণ বিধেয়।

পক্ক কদলীর রস, মধু ও চিনি একত্র সেবন করিলে মূত্রাধিক্য নিবারণ হয়।

কুটজ—কুর্চ্চি।

অ্যাপোসিনী জাতীয় হোলারিণা এণ্টিডিসেণ্টেরিকা নামক বৃক্ষের ত্বক। ইহা ভারতবর্ষের প্রায় সর্ব্বস্থানেই জন্মে। ইহার ত্বক অত্যন্ত তিক্ত।

ক্রিয়া ও আময়িক প্রয়োগ। সংকোচক ও রক্তরোধক। রক্ত… অন্ত্রের পীড়ায় ইহা অমোঘ বলিয়া বিখ্যাত। অনেকানেক ব… সক ইহাকে একটী মূল্যবান ঔষধ বলিয়া স্থির করিয়াছেন। … দিগের জন্য ইহার বল্কল ১ তোলা, জল /১।০ পোয়া, শেষ দশ ছটাক থা… পাক করিয়া নামাইবে। মাত্রা ১ কাঁচ্চা দিনে ৩। ৪ বার বিধেয়। সময় সময় ইহার সহিত ক্লোরাডিন্, ইপিকাক্, বিস্মথ্ ও ব্যবহার্য্য।

কুটজ ত্বক, কাঁচা দাড়িম ফলের ত্বক প্রত্যেক ৪। তোলা, একসের জলে সিদ্ধ করিয়া অষ্টম ভাগ থাকিতে নামাইবে। ইহা মধুর সহিত সেবন করিলে রক্তাতিসার বিনষ্ট হয়।

চিতা ও লালচিতা।

মাত্রা। ১ ২ ড্রাম (গর্ভস্রাব জন্য)।

প্লম্বে জিনী জাতীয় প্লম্বেগো রোজিয়া ও জিলানিকা নামক বৃক্ষের মূল। বঙ্গদেশে ও ভারতের অন্যান্য প্রদেশে জন্মে।

রক্তচিত্রক বা লালচিত্রা। ইহার মূল ধৌত করিয়া স্থানিক প্রয়োগ করিলে উত্তেজক ও প্রত্যুগ্রতা সাধক। মুখে বহুকলস্থানিক প্রয়োগ করিলে ফোস্কা উৎপন্ন হয়।

দুর্ভিসন্ধিতে গর্ভপাতকরণার্থ এদেশে ইহা বাহ্যিক ব্যবহার হয়। ব্যভিচারিণী স্ত্রীলোক মাত্রেই প্রায় ইহার গুণ অবগত আছে। জরায়ুর উপর ইহার ক্রিয়া সম্পূর্ণ নিশ্চিত।

অনতিপরকালেই শরীরে কম্প উপস্থিত হইয়া ২।৩ ঘণ্টা, কখন বা তদপেক্ষা বিলম্বে ৫।৭ ঘণ্টার মধ্যেই গর্ভপাত হয়, ভ্রূণ মৃত হইয়া ভূমিষ্ট হয় এবং প্রসূতি ও অত্যন্ত কষ্ট পায়। ইহার ব্যবহারে অত্যধিক রক্তস্রাব, জরায়ুতে ক্ষত ও প্রদাহাদি বিবিধ যন্ত্রণা ভোগ করে।

দূর্বা।

নীল ও শ্বেত ভেদে দ্বিবিধ। শ্বেতদূর্বা মূলের রস মধু ও চিনি সহ পান করিলে মূত্র সংরোধ নিবারণ হয়। দূর্বা, কেশুর, শুঠ, পুন্নাগ, কৈবর্ত্ত ... নাল, ইহাদের কাথ পানে শুক্রমেহ নিবারিত হয়। না[illegible] রক্তস্রাবে ... রস নস্য টানিলে রক্ত পড়া বোধ হয়। পেষিত দূর্বা মধ্য আণ... প্রয়োজ্য।

দুগ্ধ।

ল্যাটিন ভাষায় ইহাকে ল্যাক্ এবং ইংরেজীতে মিল্ক্ কহে। গো, মহিষ, ছাগ, মেষ, ও গর্দ্দভাদির দুগ্ধই সাধারণতঃ ব্যবহৃত হইয়া থাকে।

ক্রিয়া। স্নিগ্ধকারক, পোষক, ও ঈষৎ রেচক। কাঁচা দুগ্ধ গুরুপাক কিন্তু জ্বাল দিলে লঘুপাক হয়। শরীর পোষণ ও পরিবর্দ্ধন জন্য যে যে পদার্থের আবশ্যক দুগ্ধে তৎসমস্তই আছে।

মাহিষদুগ্ধ—মিষ্ট, গুরু, শীতল, নিদ্রাকারক ও অগ্নেয়। ছাগদুগ্ধ—শীতল, গ্রাহী, মিষ্ট ও আগ্নেয়। আমাশয় ও যক্ষ্মা রোগে অথবা কাশ রোগে ছাগদুগ্ধ উপকারী। মেষদুগ্ধ—লবণাক্ত, অতৃপ্তিকর ও দুষ্পাচ্য। গর্দ্দভদুগ্ধ—... শ্বাস, খোস্কা ও মূত্র পীড়ায় গর্দ্দভদুগ্ধ ব্যবহার্য। নারীদুগ্ধ—লঘু, শীতল

দীপক, বলকর ও চাক্ষুষ্য। গোদুগ্ধ—স্নিগ্ধ ও অল্প রেচক সুতরাং উদরাময়ে অপকারী দধি—অগ্নেয়, শীতল, আমাশয়ে ও গ্রহণীতে দধি বিশেষ উপকারী। ছানা—দুষ্পাচ্য, বলকর ও পুষ্টিকারক। সর—স্নিগ্ধ, পুষ্টিকর ও সুস্বাদু। নবনীত—বলকর, গ্রাহী ও আগ্নেয়। কাশি, অর্শ রোগে ও বাতরোগে নবনীত ব্যবহার্য্য। তক্র—দধির সহিত কিঞ্চিৎ জল মিশাইয়া মন্থন করিলে তক্র বা ঘোল হয়। আমাশয়, গ্রহণী, মেহরোগে এবং বিষক্রিয়ায় প্রয়োজ্য কিন্তু জ্বর রোগে কিম্বা বাতরোগে নিষিদ্ধ।

মূত্র।

সাধারণতঃ গোমূত্রই ঔষধার্থে ব্যবহৃত হইয়া থাকে। মেষ, মহিষ, ছাগ, অশ্ব, হস্তী, গর্দ্দভ এবং উষ্ট্রের মূত্র ও কখন কখন ব্যবহৃত হইতে পারে।

ক্রিয়া ঈষৎ রেচক ও মূত্রকারক। ইহা প্লীহা সংযুক্ত জ্বর, প্লীহা, কোষ্ঠবদ্ধ, মূত্রাঘাত, শূল, উদরী, ও চর্ম্ম পীড়ার উপকারী। অনেকানেক প্লীহাগ্রস্থ রোগী শুধু গো মূত্র প্রত্যহ পান করিয়া আরোগ্য লাভ করিয়াছে।

হরীতকী, অভয়া, পথ্যা।

কম্ব্রিটেসি জাতীয় টর্মিনেলিয়া চিবিউলা নামক বৃক্ষের ফল। অভ্যন্তরস্থ বীজ ব্যবহার্য্য নয়।

কাঁচা হরীতকী শুষ্ক করিয়া রাখিলে তাহাকে জাঙ্গী হরীতকী কহে। অন্য প্রকার হরীতকী, সুপুষ্ট ফল শুষ্ক করিয়া বাজারে বিক্রীত হয়।

হরীতকী, আমলকী, ও বহেড়া এই তিনটী মিলিত করিয়া ত্রিফলা নামে বিখ্যাত।

ক্রিয়া ও ব্যবহার। জাঙ্গী হরীতকী তীব্ররেচক। ইহা দ্বারা পেটে বেদনা বা বমন হয় না। ডা ওয়ারিং হরীতকী ৬টা, দারচিনি বা লবঙ্গ ৩০ রতি, জল বা দুগ্ধ ২ ছটা। দশ মিনিট সিদ্ধ করিয়া শীতল হইলে ছাঁকিয়া লইতে বলেন। পূর্ণ বয়স্কের পক্ষে ইহা একমাত্রায় সেব্য। ১২—১৪ বৎসরের বালকের অর্দ্ধমাত্রায় বা তদপেক্ষায় নূ্যন মাত্রায় ব্যবহার্য্য। ইহা প্রত্যহ ৩। ৪ বার আহারে

পরিমাণে মল নিঃসৃত হয় কিম্বা ২টা ৩টা হরীতকী বাটিয়া সৈন্ধবসহ সেবন করিলে কোষ্ঠ পরিষ্কার হয়।

বর্ষাকালে সৈন্ধব, শরৎ কালে চিনি, হেমন্তে শুণ্ঠি, শীতে পিপুল, বসন্তে মধু ও গ্রীষ্মে গুড়সহ হরীতকী সংবৎসর সেবন করিলে রসায়নের ফল হয়।

—০—

হিন্‌চা।

কম্পজিটী জাতীয় এনৃহিড্রা হিল্‌নচা নামক জলজ লতার পত্র। পত্র, ও ডগা সিদ্ধ করিয়া সেবনে পিত্ত শান্তি হয়। ইহা অম্ল তিক্ত, বলকারক ও ঈষৎ রেচক। প্রমেহ রোগে ইহার রস ১ ছটাক ও কাঁচা দুগ্ধ ১ পোয়া একত্র পান করিলে প্রস্রাবের জ্বালা যন্ত্রণা উপশমিত হয়।

সমাপ্ত।